GOV-GAZZ

JAN-JUNE

1866

Librarian
Uttarpara Joykrishna Public Library
Govt. of West Bengal

Numb. 1383. ১৩৮৩)

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 30, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৩০ জানুআরি।

HOME DEPARTMENT.

Legislative.

The following Report of a Select Committee, together with the Bill as settled by them, was presented to the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 19th January 1866.

We the undersigned, the Members of the Select Committee of the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations, to whom the Bill to legalize, under certain circumstances, the re-marriage of Native converts to Christianity was referred, have the honour to report as follows:—

1. The Bill and the legislative proceedings relating to it having been extensively circulated with the express object of eliciting opinion from the various persons and religious communities interested in the measure, a very great number of papers having reference to it have been received in the Legislative Department. A list of them will be found in the Appendix to our report. Most of these communications discuss the principle of the proposed Bill, and on these we will only remark that the weight of opinion, so far as it can be collected from them, appears to be in favour of the measure. The details of the bill are, however

দেশীয় ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

মনোনীত কমিটীর এই রিপোর্ট ও তাঁহারা আইনের পশ্চাৎ লিখিত যে পাণ্ডুলিপি অবধারণ করিয়াছেন তাহা ১৮৬৬ সালের ১৯ জানুআরি তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় অর্পিত হইয়াছিল।

খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বি এদেশীয় লোকেরদের কোনং গতিকে পুনশ্চ বিবাহ আইনসিদ্ধ করণার্থ আইনের পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভা মনোনীত কমিটীর অন্তর্গত আমারদের প্রতি অর্পিত হওয়াতে আমরা সম্মানপুরঃসর পশ্চাৎ লিখিত রিপোর্ট করিতেছি।

১। উক্ত ব্যাপারে যে ব্যক্তিরদের ও ধর্ম্মসম্পর্কীয় যে মণ্ডলীগণের স্বার্থ থাকে, তাঁহারদের অভিমত জ্ঞাত হইবার স্পষ্টাভিপ্রায়ে আইনের ঐ পাণ্ডুলিপি ও তৎসম্পর্কীয় ব্যবস্থাপকগণের কার্য্যবৃত্তান্ত বহুতর স্থানে প্রেরিত হইয়াছিল, ও তৎসম্পর্কীয় অনেক পত্রাদি ব্যবস্থাপন কর্ম্মবিভাগে প্রাপ্ত হওয়া গিয়াছে, সেই সমস্ত পত্রাবলি আমারদের রিপোর্টের ক্রোড়পত্রে প্রকাশ হইবে। উক্ত পত্রাদির অধিকাংশেই প্রস্তাবিত পাণ্ডুলিপির মূলনিয়মের বিতর্ক হইয়াছে ও তদ্দ্বারা ভিন্নং ব্যক্তিরদের মত যেপর্য্যন্ত জ্ঞাত হওয়া গেল সেই পর্য্যন্ত অধিকাংশের মত ঐ আইনের সপক্ষে দৃষ্ট হইল, এইক্ষণে এই মাত্র বক্তব্য। কিন্তু কোনং পত্রে ঐ পাণ্ডুলিপির বিস্তারিত কথার গুণাগুণ নিরূপক বাক্য

criticized in a certain number of the documents which have been sent in. To such criticisms we have given our careful attention, and we have derived from them much valuable assistance.

2. In compliance with the nearly unanimous wish of the persons and bodies which have addressed the Legislature on the subject, we have provided in the Bill, as amended by us, for the dissolution of the former marriage in all cases where the Petitioner obtains a decree permitting re-marriage. The change necessitates an alteration in the title of the Bill, and enables us to omit several Sections which were contained in the original draft.

3. We propose that the procedure to be followed when the Petitioner is a female shall differ in some respects from the procedure prescribed by the Bill in the case of male Petitioners. We are of opinion, after careful consideration, that the difficulties attending compulsory private interviews in cases where the convert is a female, and the husband retains his native religion, are insuperable. We have, therefore, provided that in such cases the male respondent shall be merely interrogated by the Judge, and that upon his reiterated refusal to cohabit with the Petitioner, a decree shall be made dissolving the marriage. But we have introduced a proviso that, if the Petitioner so desire, the procedure shall be in all respects identical with that which male Petitioners are bound to follow.

4. The degree of respect due to infant marriages is a subject a good deal discussed in the papers before us. We have not thought fit to assume the absolute nullity of such marriages, but we propose that when the parties have reached the age which admits of a suit being instituted under the Bill, the unconverted partner shall be once interrogated, and that, in case of a refusal to cohabit, a decree shall issue.

5. We provide that there shall be no appeal from any of the orders passed in a suit under the Bill. While the power of appeal however limited, might be employed to protract the proceedings to an inordinate length, we think it would be of little service to the ends of justice, the questions to be tried being necessarily for the most part questions of fact of the simplest kind, and the Court empowerd to try them being a tribunal of dignity and authority, the District Court in the Mofussil, and the High Court on its original side in the Presidency Towns.

6. As apprehension is expressed in many of the papers before us that the expence of the proceedings will be beyond the means of the classes to which the converts in general belong, we have

ব্যক্ত হইয়াছে তাহাতেও আমরা সাবধানে মনোযোগ করিয়া তদ্দ্বারা বহুতর সাহায্য প্রাপ্ত হইয়াছি।

২। যে ব্যক্তিরা ও মণ্ডলিগণ উক্ত বিষয়ে ব্যবস্থা কর্ত্তাদের নিকটে পত্র লিখিয়াছেন তাঁহাদের প্রায় সকলের সম্মত ভাবানুসারে আমরা স্বসংশোধিত এই পাণ্ডুলিপিতে এই বিধান, অর্থাৎ প্রার্থক পুনশ্চ বিবাহ করিবার অনুমতিসূচক ডিক্রী প্রাপ্ত হইলে তদ্রূপ সকল স্থলে পূর্ব্ববিবাহ বন্ধন বিলুপ্ত হয় এই বিধান করিয়াছি। তদ্ধেতুক এই পাণ্ডুলিপির খ্যাতি পরিবর্ত্তনের প্রয়োজন হইল এবং আদ্য পাণ্ডুলিপির লিখিত অনেক অংশ ত্যাগ করিতে পারিলাম।

৩। পুরুষ প্রার্থক হইলে পাণ্ডুলিপিতে যে ইতিকর্ত্তব্যতা নির্দ্ধারিত হইয়াছে অর্থিনীর কোন২ অংশে সেই ইতিকর্ত্তব্যতার কিছু বিশেষ অবধারণের প্রস্তাব করিয়াছি। সাবধানে বিবেচনা করণানন্তর বোধ করিলাম যে পত্নী বিধর্ম্মাবলম্বিনী হইলে ও পতি স্বজাতীয় ধর্ম্মে থাকিলে, বলপূর্ব্বক তাঁহাদের গোপনে সন্দর্শন করাণ অতি দুঃসাধ্য। অতএব তদ্রূপ স্থলে আমাদের এই বিধান হইয়াছে, বিচারকর্ত্তা প্রত্যর্থিকে জিজ্ঞাসা মাত্র করিবেন, তাহাতে তিনি অর্থিনীর সহিত সহবাস করিতে পুনঃ২ সম্মত না হইলে বিবাহ বন্ধন বিলুপ্ত হইবার ডিক্রী হইবে। কিন্তু তন্মধ্যে এই উপবিধানও করিয়াছি যথা, যদি অর্থিনী প্রার্থনা করেন, তবে অর্থিদের পক্ষে কার্য্যের যদ্রূপ বিধি, অর্থিনীদের পক্ষেও সেই বিধি সর্ব্বতোভাবে প্রবল হইবে।

৪। বাল্য বিবাহ প্রবল রাখা যে পর্য্যন্ত কর্ত্তব্য এতদ্বিষয়ের বহুতর কথা আমাদের সম্মুখবর্ত্তি পত্রে লিখিত হইয়াছে। তদ্রূপ বিবাহ আমরা একেবারে ব্যর্থ করা উচিত জ্ঞান করিলাম না, কিন্তু আমাদের এই প্রস্তাব, যে২ বয়স প্রাপ্ত হইলে এই পাণ্ডুলিপি অনুসারে মোকদ্দমা হইতে পারে উভয় পক্ষের সেই বয়স হইলে স্বজাতীয় ধর্ম্মা স্ত্রী কি পুরুষকে এক বার জিজ্ঞাসা করা যাইবে। যদি অন্য পক্ষের সঙ্গে সহবাস করিতে অসম্মত হন, তবে পুনশ্চবিবাহের ডিক্রী হইবে।

৫। এই আইনঅনুযায়ি মোকদ্দমাতে যে কোন আজ্ঞা হয় তাহার উপর আপীল না হইবার বিধান করিয়াছি। ফলতঃ আপীল করিবার ক্ষমতা থাকিলে তাহা অতিসংকুচিত হইলেও তদ্দ্বারা মোকদ্দমাঘটিত কার্য্যের অত্যন্ত দৈর্ঘ হইবার সম্ভাবনা, অথচ ন্যায় বিচারের তাদৃশ নিশ্চিততা হয় না, যেহেতুক তদ্রূপ স্থলের বিচার্য্য বিষয় অতি সরল বৃত্তান্তঘটিত বিষয় হইবার সম্ভাবনা, এবং যে আদালত তদ্রূপ মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন হন তাহা, অর্থাৎ মফঃসলে জিলার আদালত এবং রাজধানীতে মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন হাই কোর্ট, অতি সম্ভ্রান্ত ও সুক্ষমতাপন্ন।

৬। খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বি অধিকাংশ ব্যক্তি যে শ্রেণীর লোক হন, তদ্বিবেচনায় মোকদ্দমা করা তাঁহাদের সাধ্যাতিরিক্ত হইবে, আমাদের সম্মুখস্থ বহুপত্রেতে এতদ্রূপ আশঙ্কা প্রকাশ হওয়াতে দশ

reduced the stamp on the petition from ten rupees to two.

7. A point which we have anxiously considered is the claim of the Roman Catholics to be exempted from the Bill. The Roman Catholic Clergy have addressed to us several urgent representations which will be found among the papers circulated through the Council, and they deputed Dr. Hartmann, the Vicar-Apostolic of Patna, to confer with the Legislative Department on the subject of the proposed legislation. While they express their approval of the principle of the measure, and affirm that it has always had the sanction of their Church, they assert that they have a procedure of their own, founded on the Cannon-law and of much antiquity, which, though it does not widely differ from the procedure prescribed by the Bill, is nevertheles, not exactly identical with it. They aver that it would be against their conscience and their duty to substitute any secular procedure for that which their own ecclesiastical authorities direct to be observed. As we are satisfied of the existence of such a procedure, and as we feel ourselves compelled to attach weight to the fact that the British Government in Ireland and in its Colonial dependencies has never attempted to interfere with Roman Catholic discipline on the subjects of marriage and divorce, we have thought fit to introduce a Section which will have the effect of placing the Roman Catholic Clergy and their converts on the same footing in which they would have been if Act XXV. of 1864, and Act V. of 1865, had not passed.

8. The communications which we have hitherto noticed, have proceeded from persons or bodies professing the Christian religion. Other documents have been received by us which discuss the provisions of the measure from the point of view of the unconverted partner whose marriage is sought to be dissolved.

9. The Mahometans claim to be totally exempted from the Bill. The Mahometan community of Bengal, in a temperately worded petition, have represented that, by the law of their religion, which is also the secular law applicable to marriage and divorce, the conversion of either husband or wife from Mahometanism entails a cancelment of the marriage so complete that the partners cannot re-marry without certain special formalities. They cite many passages from their religious writers in favour of their proposition, and the greatest part of their petition is occupied with a representation of the consequences which would follow if persons who, on the assumption that the view taken by the petition is correct, are no longer husband and wife, were confronted in

টাকার ষ্টাম্প কাগজে প্রার্থনা না হইয়া দুই টাকার ইষ্টাম্প কাগজে হইবার বিধান করিয়াছি।

৭। রোমান কাথলিক লোকেরা এই আইনের কার্য্যহইতে মুক্ত হইবার দাওয়া করেন। তাঁহাদের সেই দাওয়া আমরা অত্যন্ত চিন্তাপূর্ব্বক বিবেচনা করিয়াছি। রোমান কাথলিক পাদরিরা আমাদের নিকটে অত্যন্ত ব্যগ্রতাপূর্ব্বক তদ্বিষয়ে পত্র লিখিয়াছেন। তাহা মন্ত্রি সভাসদ মহাশয়দের নিকটে প্রেরিত অন্যান্য পত্রাদির মধ্যে আছে। তদ্ভিন্ন তাঁহারা সেই প্রস্তাবিত আইন বিষয়ে ব্যবস্থা প্রণেতাদের সঙ্গে পরামর্শ করণার্থে পাটনার বিক্কর আপস্টলিক শ্রীযুত ডাক্তর হার্টমান সাহেবকে প্রেরণ করেন। তাঁহারা এই পাণ্ডুলিপির নির্দ্ধারিত মূল বিধানে সম্মতি প্রকাশ করিয়া কহেন তদ্বিষয়ে তাঁহাদের মণ্ডলীর সর্ব্বদাই অনুমতি আছে, কিন্তু তাঁহাদের মণ্ডলীর ব্যবস্থা মূলক অতি প্রাচীন এক কার্য্য বিধান আছে, তাহা এই পাণ্ডুলিপির নির্দ্ধারিত কার্য্যবিধানের সঙ্গে বহুতর অংশে মিলিলেও সর্ব্বাংশে তত্তুল্য নয়, এবং তাঁহাদের মণ্ডলী সম্পর্কীয় উপরিস্থ কার্য্যকারকেরা যে কার্য্যের আদেশ করিয়াছেন তাহা পরিত্যাগ করিয়া সাংসারিক কার্য্যকারকদের ব্যবস্থা পালন করা তাঁহাদের বিবেক ও কর্ত্তব্য কার্য্যের বিপক্ষ হয়। তাঁহাদের তদ্রূপ কার্য্যবিধান থাকা আমরা সন্তোষমতে জানিয়াছি, এবং আয়র্লণ্ডে ও অন্যান্য উপনিবেশে বিবাহ ও প্রত্যাখ্যান বিষয়ে রোমান কাথলিকেরদের যে বিধি প্রচলিত আছে তাহাতে ব্রিটনীয় গবর্ণমেণ্ট কখন হস্তক্ষেপ করেন নাই এই বিষয়ের গুরুত্ব বিবেচনায় আমরা নূতন ধারা প্রণয়ন করিয়াছি। তাহার এই ফল, ১৮৬৪ সালের ২৫ আইন ও ১৮৬৫ সালের ৫ আইন প্রচলিত না হইলে রোমানকাথলিক পাদরিদের ও তদীয় ধর্ম্মাবলম্বিদের যে অবস্থা হইত উক্ত ধারাক্রমে তাঁহাদের সেই অবস্থা হইবে।

৮। আমরা এই পর্য্যন্ত যে সকল পত্রাদির উল্লেখ করিয়াছি তাহা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বি ব্যক্তিদের স্থানে কি মণ্ডলীগণ হইতে প্রাপ্ত পত্র। কিন্তু স্বজাতীয় ধর্ম্মি যে ব্যক্তিদের বিবাহবন্ধন বিলুপ্ত করণের প্রস্তাব হইয়াছে, তাঁহাদের পক্ষীয় ব্যক্তিরা সেই বিষয়ের যাহা বিবেচনা করেন, তৎসম্পর্কীয় তর্কমূলক অনেক পত্রও প্রাপ্ত হইয়াছি।

৯। মহম্মদীয়েরা সেই আইনহইতে সম্পূর্ণরূপে মুক্ত হইবার দাওয়া করেন। বঙ্গদেশীয় মহম্মদীয়েরা অত্যন্ত ধৈর্য্যভাবে এই মর্ম্মের পত্র লিখিয়াছেন, বিবাহ ও প্রত্যাখ্যানসম্পর্কীয় আমাদের সাংসারিক ব্যবস্থা ধর্ম্ম ব্যবস্থার তুল্য। অর্থাৎ পতি কি পত্নী মহম্মদীয় ধর্ম্ম ত্যাগ করিলে তাহাদের বিবাহ সম্পূর্ণরূপে ব্যর্থ, এমন কি যে বিশেষ ক্রিয়া না করিলে সেই দুই ব্যক্তির পুনশ্চ বিবাহও হইতে পারে না। ঐ প্রস্তাবের সপক্ষে তাহারা ধর্ম্মসম্পর্কীয় অনেক গ্রন্থের কথা উল্লেখ করিয়াছেন, এবং প্রার্থনাপত্রে যে অভিপ্রায় প্রকাশ হইয়াছে তাহা যদি যথার্থ হয়, তবে সেই পুরুষ ও স্ত্রী পতিপত্নী নহেন। না হওয়াতে এই পাণ্ডুলিপির প্রস্তাবানুসারে তাঁহাদের গোপনে সন্দর্শন হইলে যে কুফল সম্ভাবনা তাহা ঐ প্রার্থনাপত্রের অধিকাংশে লিখিত হইয়াছে। তাঁহারা ব্যবস্থাসম্পর্কীয় যে যুক্তি ধরিয়াছেন তাহা যদি সত্য হয়, তবে তা-

the manner directed by the Bill. As the force of the argument depends wholly on the soundness of the legal position taken up, we have attentively considered the authorities cited, and have had them critically examined by our Hon'ble colleague, Mr. Muir, whose competency to deal with a question of the kind will not be disputed. We have convinced ourselves accordingly that the view taken by the Mahometan petitioners is correct, and we find that the law is similarly laid down in English text-books of Mahometan jurisprudence written before the Bill was contemplated. Inasmuch, however, as the authorities cited are from writers held in respect, more particularly by the Sunni section of Mahometans, we thought proper to communicate on the subject, through the Chief Commissioner of Oudh, with the Mujtahid, the religious head of the Shiah Mahometan community. The law laid down by him corresponds exactly with the allegations of the Petitioners. Under these circumstances, it is not only undesirable, but impossible, to include Mahometans in the Bill. The re-marriage of a convert to Christianity from Mahometanism is not forbidden by any existing law. Nor is the celebration of such marriage an illegal act.

X. Some attempt has been made to show that the conversion of a married person from Hinduism to another religion entails a divorce by force of law. We are not, however, satisfied with the arguments by which this view is supported, and, moreover, it is only maintained in the case, comparatively rare in practice, where the wife is a convert, while the husband remains a Hindu. We have, therefore, retained the procedure of the Bill in its application to Hinduism and other Native religions of India. At the same time, we believe that most, if not all, of the objections advanced by Hindus to the measure may be met by provisions which are not at variance with its spirit. In our endeavours so to neutralize these objections, we have been much aided by papers circulated by our Hon'ble colleagues, the Maharaja of Vizianagram and the Maharaja of Burdwan, and also by a petition from the British Indian Association of Bengal.

11. We have provided, in the amended Bill that wherever the respondent is a female who, under the Code of Civil Procedure, would be excused from personal appearance in Court, she shall be exclusively interrogated by Commissioners. We have given a similar privilege to all female respondents whom, whether they be entitled to exemption from appearance under the Code or not, the Judge in his discretion may think fit to relieve from the necessity of personal attendance. We have further adopted a suggestion made both by

হাদের তর্ক বলিষ্ঠ, এই বিবেচনায় আমরা তাহাদের উল্লিখিত গ্রন্থকারের কথা মনোযোগপূর্ব্বক বিবেচনা করিয়াছি, ও মান্যবর সহযোগি মূর সাহেবের দ্বারা ঐ কথার দোষগুণ পরীক্ষা করাইয়াছি। তদ্রূপ কথার বিবেচনা করিতে মূর সাহেব সক্ষম কাহার মনে ইহার সন্দেহ হইতে পারে না। অতএব মহম্মদীয় প্রার্থকেরা যাহা লিখিয়াছেন তাহা যথার্থ জানিতে পাইয়াছি। এবং এই পাণ্ডুলিপি প্রকাশ করণের কল্পনামাত্র না থাকিতেই, ইঙ্গলণ্ডীয় গ্রন্থকারেরদের সংগৃহীত মহম্মদীয় ব্যবস্থাসম্পর্কীয় নিদর্শন পুস্তকে তত্তুল্য বিধি লিখিত হইয়াছে দেখিলাম। পরন্তু যে গ্রন্থকারেরদের বাক্য উল্লেখ হইয়াছে তাঁহারা প্রায় সুন্নি জাতীয়। এই হেতুক আমরা অযোধ্যার প্রধান কমিস্যনর সাহেবের দ্বারা শিয়ারদের মুজতাহিদের অর্থাৎ প্রধান আ[illegible]য্যের নিকটে তদ্বিষয়ের পত্র প্রেরণ করাইলাম। তিনিও যে ব্যবস্থা লিখিয়াছেন, তাহা সম্যক্‌প্রকারে প্রার্থকেরদের কথানুযায়ি। এই অবস্থায় এই পাণ্ডুলিপির কথা মহম্মদীয়েরদের প্রতি বর্ত্তান ইষ্ট নয়, বরং অসাধ্য। কোন ব্যক্তি মহম্মদীয় ধর্ম্ম ত্যাগ করিয়া খ্রীষ্টীয় ধর্ম্ম গ্রহণ করিলে তাঁহার সেই ধর্ম্মে পুনশ্চ বিবাহ করা বর্ত্তমান কোন আইনেতে নিষিদ্ধ নাই। ও তদ্রূপ বিবাহ সাধন অব্যবস্থা নয়।

১০। বিবাহিত ব্যক্তি হিন্দু ধর্ম্মের পরিবর্ত্তে অন্য ধর্ম্ম গ্রহণ করিলে, ব্যবস্থাবলে অবশ্য তাঁহারদের বিবাহের নিরাকরণ হয় এই কথা প্রকাশ করিবার উদ্যোগ হইয়াছে। কিন্তু সেই কথা যে তর্কক্রমে প্রতিপোষিত হয় তাহা আমরা তৃপ্তিকর জ্ঞান করি না। এবং যেস্থলে পতি হিন্দু ধর্ম্মি ও পত্নী অন্য ধর্ম্মাবলম্বনী কেবল সেই স্থলে উক্ত কথা বর্ত্তিবার উক্তি হইয়াছে, ফলতঃ পতি হিন্দুধর্ম্মী হইয়া পত্নী সেই ধর্ম্ম ত্যাগিনী হন এমত ব্যাপার প্রায়ই হয় না। অতএব হিন্দু ও ভারতবর্ষীয় অন্য২ ধর্ম্মের প্রতি এই পাণ্ডুলিপির বিধান বর্ত্তায়মান রাখিয়াছি। অপিচ হিন্দুরা এই আইনের বিধানে যে সকল আপত্তি করেন হিন্দু ধর্ম্মের অপ্রতিপন্ন বিধানদ্বারা সেই সমস্ত কি প্রায় সমস্ত আপত্তি খণ্ডন হইতে পারে। ঐ আপত্তি ভঞ্জন করিবার উদ্যোগেতে আমাদের মান্যবর সহযোগি বিজয়নিগ্রামের মহারাজার ও বর্দ্ধমানের মহারাজার প্রচারিত পত্র এবং বঙ্গদেশের ব্রিটিশ ইণ্ডিয়ান আসোসিয়েশনের প্রার্থনাপত্রদ্বারা অনেক সাহায্য পাইয়াছি।

১১। সংশোধিত পাণ্ডুলিপিতে এই বিধান হইয়াছে। যদি স্ত্রী প্রত্যর্থিনী হন, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনদ্বারা আদালতে তাঁহার স্বয়ং প্রবেশনহইতে মুক্তি হয়, তবে তাঁহার নিকটে কেবল দূতদিগের দ্বারা জিজ্ঞাসা হইবে। অন্য প্রত্যর্থিনীরা আইনমতে আদালতে প্রবেশনহইতে মুক্তা হউন কি না হউন, যদি বিচারকর্ত্তা স্বয়ং উপস্থিত হওয়ার আবশ্যকতা হইতে তাঁহাকে মুক্ত করা উচিত বোধ করেন, তবে সেই প্রত্যর্থিনীরদের পক্ষে সেই অনুগ্রহ প্রকাশ করণের বিধান হইয়াছে। আরো আমরা বিজয়নিগ্রামের মহারাজার ও বর্দ্ধমানের মহারা-

the Maharaja of Vizianagram and by the Maharaja of Burdwan, and have permitted the Judge to compose the Commission either wholly of females or of males and females together. The Judge is also empowered to depute to delegates, who may be females, the discretion which is vested in him with respect to interviews between the convert and the unconverted partner.

12. The only Section of the Bill as originally drafted, which related to the custody of children, was one which provided, that children in the sole custody of the father should be give up to the mother until they attained the age of three. We find that objections have been made to this Section from opposite points of view. After weighing these objections we are disposed to accede to the opinion expressed by our late colleague, Mr. Harington, and to admit that the Legislature would do wisely to abstain from regulating the guardianship or custody of children born before the conversion of the father or mother. We propose, therefore, to omit the Section. The effect will be to leave the general law of India to decide all questions of guardianship, and of the right to custody of the persons of the children.

13. We recommend, that the Bill as amended by us be passed; but that it be published for at least three weeks previously in the *Gazette of India*, together with our present Report.

JOHN LAWRENCE.
C. BEADON.
H. S. MAINE.
G. N. TAYLOR.
W. MUIR.
S. ST. J. GORDON.

The 15th January 1866.

APPENDIX.

From Secretary to Government of Bombay, ated 23rd December 1852.

From Reverend John Wilson, D. D., dated 17th anuary 1852.

From Secretary to Government of Bengal, dated 3rd August 1853.

From Reverend J. Parry, Marriage Registrar, Jessore, dated 17th November 1852.

From Under-Secretary to Government of Ben-[illegible], dated 25th November 1852.

From Solicitor to the East India Company, dated 10th December 1852.

From Under-Secretary to Government of Bengal, dated 16th December 1852.

From Marriage Registrar, Jessore, dated 14th July 1853.

[*Government Gazette, 30th January* 1866.]

জার প্রস্তাবে সম্মত হইয়া বিচারকর্ত্তাকে এই অনুমতি দিয়াছি যে তিনি কেবল স্ত্রীদিগকে কিম্বা স্ত্রী ও পুরুষ উভয়কে দূতস্বরূপে প্রেরণ করেন। এবং বিধর্ম্মাবলম্বি ও স্বধর্ম্মিণীর গোপনে সম্মিলন করিবার অনুমতি দিতে বিচারকর্ত্তার বিবেচনাধীন যে ক্ষমতা আছে দূতদের প্রতি তাঁহার সেই ক্ষমতা অর্পণ করণের শক্তি প্রদান হইয়াছে। স্ত্রীরাও দূত হইতে পারে।

১২। আদৌ এই আইনের যে পাণ্ডুলিপি হয় তাহাতে সন্তান রক্ষণের বিষয়ি একি ধারায় এই বিধান হইয়াছিল, যথা সন্তান কেবল পিতার সংরক্ষণে থাকিলে, যাবৎ তিন বৎসর বয়স প্রাপ্ত না হয় তাবৎ মাতার রক্ষণে অর্পিত হইবে। এই ধারার বিরুদ্ধে ভিন্ন২ মূলজন্য আপত্তি হইয়াছে। ঐ আপত্তি সকল বিবেচনা করিয়া আমরা ভূতপূর্ব্ব সহযোগি হারিংটন সাহেবের প্রকাশিত মতে সম্মত হওনেচ্ছু হইয়া বোধ করি যে, পিতার কি মাতার স্বধর্ম্মত্যাগ করণের পূর্ব্বে যে শিশুদিগের জন্ম হয় তাহাদের রক্ষণাবেক্ষণের কোন বিধান না করা শ্রেয়। অতএব উক্ত ধারা ত্যাগ করতে চাহি। তাহাতে ফল এই হইবে, শিশুর রক্ষণাবেক্ষণের কথা ও তাহাদের রক্ষা করণের স্বত্ব কাহার প্রতি বর্ত্তে এই কথা ভারতবর্ষের সাধারণ আইনমতে অবধারিত হইবে।

১৩। আমাদের সংশোধিত এই পাণ্ডুলিপি আইনবদ্ধ হইয়া প্রচলিত হউক। কিন্তু তৎপূর্ব্বে অন্যূন তিন সপ্তাহ পর্য্যন্ত ইণ্ডিয়া গেজেটে এই রিপোর্ট সহিত প্রকাশ হউক আমাদের এই পরামর্শ।

জান লারেন্স।
সি বীডন।
এচ এস মেন।
জি এন টেলর।
ডবলিউ মূয়র।
এস সেণ্টজে গর্ডন।

১৮৬৬ সাল ১৫ জানুআরি।

ক্রোড়পত্র।

বোম্বাই গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৫২ সালের ২৩ ডিসেম্বর তারিখের পত্র।

পাদরী শ্রীযুত জান উইলসন ডি ডি সাহেবের ১৮৫২ সালের ১৭ জানুআরি তারিখের পত্র।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৫৩ সালের ৩ আগষ্ট তারিখের পত্র।

যশোহরের বিবাহের রেজিষ্ট্রার পাদরী শ্রীযুত জে পারি সাহেবের ১৮৫২ সালের ১৭ নবেম্বর তারিখের পত্র।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের ১৮৫২ সালের ২৫ নবেম্বর তারিখের পত্র।

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি বাহাদুরের উকীলের ১৮৫২ সালের ১০ ডিসেম্বর তারিখের পত্র।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৫২ সালের ১৬ ডিসেম্বর তারিখের পত্র।

যশোহরের বিবাহের রেজিষ্ট্রার সাহেবের ১৮৫৩ সালের ১৪ জুলাই তারিখের পত্র।

Minute by the Most Noble the Governor-General, dated 12th August 1853.	মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ১৮৫৩ সালের ১২ আগষ্ট তারিখের সংক্ষেপ লিপি।
Minute by the Honourable Mr. Lowis, dated 16th August 1853.	মান্যবর শ্রীযুত লৌইস সাহেবের ১৮৫৩ সালের ১৬ আগষ্ট তারিখের সংক্ষেপ লিপি।
Minute by the Honourable Mr. Dorin, dated 17th August 1853.	মান্যবর শ্রীযুত ডরিন্ সাহেবের ১৮৫৩ সালের ১৭ আগষ্ট তারিখের সংক্ষেপ লিপি।
Minute by the Honourable Mr. Peacock, dated 18th August 1853.	মান্যবর শ্রীযুত পীকক্ সাহেবের ১৮৫৩ সালের ১৮ আগষ্ট তারিখের সংক্ষেপ লিপি।
Minute by the Most Noble the Governor-General, dated 26th August 1853.	মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ১৮৫৩ সালের ২৬ আগষ্ট তারিখের সংক্ষেপ লিপি।
Minute by the Honourable Mr. Lowis, dated 27th August 1853.	মান্যবর শ্রীযুত লৌইস সাহেবের ১৮৫৩ সালের ২৭ আগষ্ট তারিখের সংক্ষেপ লিপি।
Minute by the Honourable Mr. Dorin, dated 29th August 1853.	মান্যবর শ্রীযুত ডরিন্ সাহেবের ১৮৫৩ সালের ২৯ আগষ্ট তারিখের সংক্ষেপ লিপি।
Minute by the Hon'ble Mr. Peacock.	মান্যবর শ্রীযুত পীকক্ সাহেবের সংক্ষেপ লিপি।
From Officiating Secretary to Government of India, Home Department, dated 30th September 1853.	দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের ১৮৫৩ সালের ৩০ সেপ্টেম্বর তারিখের পত্র।
From ditto ditto, dated 30th September 1853.	ঐ ঐ ১৮৫৩ সালের ৩০ সেপ্টেম্বর তারিখের পত্র।
From the Government of India, to the Hon'ble the Court of Directors, dated 30th September 1853.	মান্যবর কোর্ট ডাইরেক্টর্স সাহেবদের নিকটে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৫৩ সালের ৩০ সেপ্টেম্বর তারিখের পত্র।
From Under-Secretary to Government of Bengal, dated 3rd November 1853.	বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৫৩ সালের ৩ নবেম্বর তারিখের পত্র।
From Secretary to Government of India, Home Department, dated 18th November 1853.	দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৫৩ সালের ১৮ নবেম্বর তারিখের পত্র।
From the Honourable the Court of Directors, dated 7th December 1853.	মানীবর কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবদের ১৮৫৩ সালের ৭ ডিসেম্বর তারিখের পত্র।
Draft Bill by the Honourable Mr. Peacock.	মান্যবর শ্রীযুত পীকক্ সাহেবের প্রণীত আইনের পাণ্ডুলিপি।
From Reverends W. Knight and H. Straith, dated 26th July 1860.	পাদরী শ্রীযুত ডবলিউ নাইট ও এচ স্ট্রেথ সাহেবের ১৮৬০ সালের ২৬ জুলাই তারিখের পত্র।
From Secretary to Calcutta Missionary Conference, dated 10th October 1863.	কলিকাতার মিশনরী সভায় শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৬৩ সালের ১০ অক্টোবর তারিখের পত্র।
From Secretary to Government of Bengal, dated 9th August 1864.	বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৪ সালের ৯ আগষ্ট তারিখের পত্র।
From Secretary to Calcutta Missionary Conference, dated 29th July 1864.	কলিকাতার মিশনরী সভার সেক্রেটারী সাহেবের ১৮৬৪ সালের ২৯ জুলাই তারিখের পত্র।
From Secretary to Government of India, Home Department, dated 29th August 1864.	দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৪ সালের ২৯ আগষ্ট তারিখের পত্র।
From Reverend J. Mullens, D. D., to the Hon'ble H. S. Maine, dated 9th November 1864.	মান্যবর শ্রীযুত এচ এস মেন সাহেবের নিকটে পাদরী শ্রীযুত ডাক্তর জে মলেন্স সাহেবের ১৮৬৪ সালের ৯ নবেম্বর তারিখের পত্র।
From Orissa Missionary Conference, to the Hon'ble H. S. Maine, dated 14th December 1864.	মান্যবর শ্রীযুত এচ এস্ মেন সাহেবের নিকটে উড়িষ্যার মিশনরী সভার ১৮৬৪ সালের ১৪ ডিসেম্বর তারিখের পত্র।
Petition of the Clergyman of the Church of England, resident in Calcutta and its neighbourhood.	কলিকাতার ও তন্নিকটবাসি ইংলণ্ডীয় ধর্ম্মাল[illegible] পুরোহিতের আবেদন পত্র।
Remarks and suggestions by the Hon'ble the Maharaja of Burdwan, dated 18th January 1865.	মান্যবর শ্রীযুত বর্দ্ধমানের মহারাজার ১৮৬৫ সালের ১৮ জানুআরি তারিখের মন্তব্য ও পরামর্শ।
Memorial of the Bombay Association.	বোম্বাই সভার আবেদন পত্র।
Remarks and suggestions by the Hon'ble the Maharaja of Vizianagram, dated 23rd March 1865.	মান্যবর শ্রীযুত বিজয়িনিগ্রামের মহারাজার ১৮৬৫ সালের ২৩ মার্চ তারিখের মন্তব্য ও পরামর্শ।

Petition of Certain Protestant Missionaries and Ministers, residents in and near Calcutta, dated 7th March 1865.	কলিকাতা ও তন্নিকটবাসি কএক জন প্রটেষ্টাণ্ট মিশনরী ও ধর্ম্মোপদেশকের ১৮৬৫ সালের ৭ মার্চ তারিখের আবেদন পত্র।
Petition of the Reverend Angus McKenna, Missionary of the Baptist Society, dated 18th January 1865.	বাপ্টিস্ট মিশনরী সোসাইটীর পাদরী শ্রীযুত আঙ্গস্ মাকেন্না সাহেবের ১৮৬৫ সালের ১৮ জানুআরি তারিখের আবেদনপত্র।
From Reverend E. Edwards, Monghyr, dated 8th May 1865.	মুঙ্গেরের পাদরী শ্রীযুত ই এডওয়ার্ড সাহেবের ১৮৬৫ সালের ৮ মে তারিখের পত্র।
Petition of the Members of the Benares District Committee of the London Missionary Society.	লণ্ডন মিশনরী সোসাইটীর বানারস প্রদেশের সভার সভ্যগণের আবেদনপত্র।
From Dr. Mullens, Secretary, Missionary Conference, Calcutta, dated 12th July 1865.	কলিকাতার মিশনরী সভার সেক্রেটারী ডাক্তর শ্রীযুত মলেন্স সাহেবের ১৮৬৫ সালের ১২ জুলাই তারিখের পত্র।
From Reverend H. Heinig, Benares, dated 13th March 1864.	বানারসের পাদরী শ্রীযুত এচ হাইনিগ্ সাহেবের ১৮৬৪ সালের ১৩ মার্চ তারিখের পত্র।
From Reverend J. Buckley, Orissa Mission, Cuttack, dated 21st April 1865.	কটকের উড়িষ্যা মিশনের পাদরী শ্রীযুত জে বক্লি সাহেবের ১৮৬৫ সালের ২১ আপ্রিল তারিখের পত্র।
From Reverend E. Parker, Moradabad, dated 5th May 1865.	মোরাদাবাদের পাদরী শ্রীযুত ই পার্কর সাহেবের ১৮৬৫ সালের ৫ মে তারিখে পত্র।
From Reverend A. Rudolph, Loodianah, dated 17th April 1865.	লুধিয়ানার পাদরী শ্রীযুত এ রুডল্ফ সাহেবের ১৮৬৫ সালের ১৭ আপ্রিল তারিখের পত্র।
From Reverend A. Miller, Balasore, dated 13th March 1865.	বালেশ্বরের পাদরী শ্রীযুত এ মিলর সাহেবের ১৮৬৫ সালের ১৩ মার্চ তারিখের পত্র।
From Reverend W. Tracy, and the American Mission, Madura, dated 29th May 1865.	মাধুরার পাদরী শ্রীযুত ডবলিউ ট্রাসি সাহেবের ও আমেরিকান মিশনের ১৮৬৫ সালের ২৯ মে তারিখের পত্র।
From Reverend J. W. Gordon, Vizagapatam, dated 10th May 1865.	বিজগাপাটামের পাদরী শ্রীযুত জে ডবলিউ গর্ডন সাহেবের ১৮৬৫ সালের ১০ মে তারিখের পত্র।
From Reverend S. C. Dean, Sattara, dated 11th April 1865.	সাতরার পাদরী শ্রীযুত এস সি ডিন্ সাহেবের ১৮৬৫ সালের ১১ আপ্রিল তারিখের পত্র।
From Reverend F. Kremmer and the Leipsig Mission, Madras, dated 11th May 1865.	মান্দ্রাজের পাদরী শ্রীযুত এফ ক্রেম্মর সাহেবের এবং লিপসিগ মিশনের ১৮৬৫ সালের ১১ মে তারিখের পত্র।
From Reverend J. M. Haswell, Moulmein, dated 24th May 1865.	মৌলমেনের পাদরী শ্রীযুত জে এম হাসওএল সাহেবের ১৮৬৫ সালের ২৪ মে তারিখের পত্র।
From Reverend E. A. Stevens, and the American Mission, Rangoon, dated 10th May 1865.	রাঙ্গুণের পাদরী শ্রীযুত ই এ ষ্টিবন্স সাহেবের ও আমেরিকান্ মিশনের ১৮৬৫ সালের ১০ মে তারিখের পত্র।
Returns of cases illustrating the "Re-marriage of Converts' Act."	খ্রীষ্টীয়ধর্ম্মাবলম্বিদের পুনশ্চ বিবাহ বিধায়ক আইনের উদাহরণাবলির পত্র।
Remarks by Dr. Mullens.	ডাক্তর শ্রীযুত মলেন্স সাহেবের মন্তব্য।
From Bishop and Vicar-Apostolic, Madras, No. 95, dated 6th July 1865.	মান্দ্রাজের শ্রীযুত বিশপ সাহেবের ও বিকর আপস্টলিকের ১৮৬৫ সালের ৬ জুলাই তারিখের ৯৫ নম্বরের পত্র।
Petition of Protestant Missionaries and Ministers, residents in and near Madras.	মান্দ্রাজ ও তন্নিকটবাসি প্রটেষ্টেণ্ট মিশনরী সাহেবদের ও ধর্ম্মোপদেশকদের আবেদন পত্র।
From Right Reverend the Lord Bishop of Calcutta, dated 15th August 1865.	মান্যবর পাদরী কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেবের ১৮৬৫ সালের ১৫ আগস্ট তারিখের পত্র।
Reverend K. M. Banerjea's reasons for signing the clerical petition against the Re-marriage of Converts' Bill.	পুরোহিতেরা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বিদের পুনশ্চ বিবাহ বিধায়ক আইনের বিরুদ্ধে যে আবেদনপত্র লিখিয়াছিলেন তাহাতে পাদরী শ্রীযুত কৃষ্ণমোহন বান্দ্যোপাধ্যায়ের স্বাক্ষর করণের হেতু জ্ঞাপক পত্র।
Statistics of the Bhowanipore Church, London Missionary Society.	লণ্ডন মিশনরি সোসাইটি সম্পর্কীয় ভবানীপুরস্থ মণ্ডলার স্থিতি রীতি প্রকরণ।
Statistics of the Free Church Mission in Bengal.	বঙ্গদেশস্থ ফ্রি চর্চ মিশনের স্থিতি রীতি প্রকরণ।

[*Government Gazette*, 30*th January* 1866.]

Statistics of the S. P. G. and other Missions in Tallygunge, Howrah, and Calcutta.	টালিগঞ্জে ও হাবড়াতে ও কলিকাতায় এস পি জি ও অন্যান্য মিশনের স্থিতি রীতি প্রকরণ।
From Reverend R. R. Winter, M. A., S. P. G. Missionary, Delhi, dated 11th April 1865.	দিল্লীতে এস পি জি মিশনরি পাদরী শ্রীযুত আর আর উইন্টর এম, এ, সাহেবের ১৮৬৫ সালের ১১ আপ্রিল তারিখের পত্র।
From Reverend Tarachand, Missionary, Delhi, dated 5th May 1865.	দিল্লীতে ধর্ম্ম প্রচারক শ্রীযুত তারাচাঁদ পাদরীর ১৮৬৫ সালের ৫ মে তারিখের পত্র।
From Reverend H. Stern, Missionary, Gorruckpore, dated 28th February 1865.	গোরক্ষপুরস্থ ধর্ম্ম প্রচারক পাদরী শ্রীযুত এচ ষ্টরণ সাহেবের ১৮৬৫ সালের ২৮ ফেব্রুআরি তারিখের পত্র।
From some of the Church Missionaries at Benares, dated 22nd June 1865.	বানারসের চর্চ মিশনরিদের কএক জনের ১৮৬৫ সালের ২২ জুন তারিখের পত্র।
From Reverend A. R. Symonds, Madras, dated 9th March 1865.	মান্দ্রাজের পাদরী শ্রীযুত এ আর সাইমণ্ডস্ সাহেবের ১৮৬৫ সালের ৯ মার্চ তারিখের পত্র।
Extract from Minutes of the Tinnevelly Missionary Conference held at Elanjunie, dated 5th April 1865.	ইলাঞ্জুনিতে ১৮৬৫ সালের ৫ আপ্রিল তারিখের টিন্নেবেলীর ধর্ম্ম প্রচারকদের সভার সংক্ষেপ লিপির উদ্ধৃত কথা।
From Reverend W. T. Sattbianadhan, Madras, dated 25th March 1865.	মান্দ্রাজের পাদরী শ্রীযুত ডবলিউ টি সত্তবা নিধানের ১৮৬৫ সালের ২৫ মার্চ তারিখের পত্র।
From Reverend S. Slater, Simla, dated 1st March 1865.	সিমলার পাদরী শ্রীযুত এস স্লেটর সাহেবের ১৮৬৫ সালের ১ মার্চ তারিখের পত্র।
The Lord Bishop's pastoral letter to the Clergy of the Diocese of Calcutta, dated 25th February 1865.	কলিকাতা ডাইওসীসের ধর্ম্মোপদেশকের নিকটে শ্রীযু লর্ড বিশপ সাহেবের পৌরহিত্য কর্ম্ম ঘটিত ১৮৬৫ সালের ২৫ ফেব্রুআরি তারিখের পত্র।
From the Ven'ble the Archdeacon, Calcutta, dated 23rd September 1865.	কলিকাতার মান্যবর শ্রীযুত আর্চ ডিকনের ১৮৬৫ সালের ২৩ সেপ্টেম্বর তারিখের পত্র।
Memorial of the Clergy of the Diocese of Calcutta.	কলিকাতা ডাইওসীসের ধর্ম্মোপদেশকের আবেদন পত্র।
Appendix to Memorial (Statement of separation, reconciliation, &c.)	(বিচ্ছেদ মিলনইত্যাদির কৈফিয়তের) স্মারক লিপির ক্রোড়পত্র।
Notes on the above Statement.	উপরোক্ত কৈফিয়তের টিপ্পনী।
Petition of American Missionaries residing in the Bombay Presidency, dated 26th August 1865.	বোম্বাই প্রেসিডেন্সীর অধিবাসি আমেরিকান মিশনরীর ১৮৬৫ সালের ২৬ আগষ্ট তারিখের আবেদন পত্র।
Petition of the Protestant Missionaries of the United Presbyterian Church of Scotland, Rajpootana.	রাজপুতানায় স্কটলণ্ডীয় ইউনাইটেড প্রেসবিটিরিয়ান্ চর্চের মিশনরিদের আবেদন পত্র।
Extract from the *Calcutta Christian Intelligencer* for September 1865.	১৮৬৫ সালের সেপ্টেম্বর মাসের কলিকাতার খ্রীষ্টীয়ান ইন্টেলিজেন্সর হইতে উদ্ধৃত কথা।
Memorandum of the Tinnevelly Local Committee of the Society for the Propagation of the Gospel, dated 21st August 1865.	সুসমাচার প্রচারার্থ সভার টিন্নেবেলি কমিটীর ১৮৬৫ সালের ২১ আগষ্ট তারিখের স্মারক লিপি।
From the Right Reverend the Lord Bishop of Bombay, dated 6th November 1865.	বোম্বাইয়ের মহিমবর শ্রীযুত লার্ড বিশপ সাহেবের ১৮৬৫ সালের ৬ নবেম্বর তারিখের পত্র।
Memorial from the Clergy of the Church of England, resident in Bombay.	বোম্বাই বাসি ইঙ্গলণ্ডীয় চর্চের পুরোহিতের আবেদন পত্র।
Memorial from the Right Reverend Dr. A. Hartmann, Bishop, Vicar-Apostolic of Patna, dated 23rd November 1865.	পাটনার বিশপ বিকার আপষ্টলিক মান্যবর পাদরী ডাক্তর শ্রীযুত এ হার্টমান সাহেবের ১৮৬৫ সালের ২৩ নবেম্বর তারিখের আবেদন পত্র।
Petition from Joseph Owen, Moderator, on behalf of the Synod of Northern India, Umballa, dated 20th November 1865.	উত্তর ভারতবর্ষীয় ধর্ম্মসভার সভার পক্ষে অম্বালাস্থ সভাপতি শ্রীযুত যুশফ ওয়েন সাহেবের ১৮৬৫ সালের ২০ নবেম্বর তারিখের প্রার্থনাপত্র।
From the Right Reverend the Lord Bishop of Madras, dated 18th November 1865.	মান্দ্রাজের মহিমবর শ্রীযুত লার্ড বিশপ সাহেবের ১৮৬৫ সালের ১৮ নবেম্বর তারিখের পত্র।
Resolution of a Meeting of the S. P. G. Missionaries in Tanjore Division.	তাঞ্জোর খণ্ডের এস পি জি, মিশনরীদের সভার নির্দ্ধারণ।
Extract from Minutes of Conference of the C. M. S. Missionaries, Tinnevelly, dated 5th April 1865.	টিন্নেবেলির সি, এম, এস, মিশনরী সভার ১৮৬৫ সালের ৫ আপ্রিল তারিখের সংক্ষেপ লিপির উদ্ধৃত কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৩০ জানুআরি।]

Extract from Minutes of the Quarterly Meeting of the Masulipatam Church Missionary Conference, dated——August 1865.	মছলিপাটাম চর্চ্চ মিশনরী সভার ১৮৬৫ সালের — আগষ্ট তারিখের ত্রৈমাসিক সভার সংক্ষেপ লিপির উদ্ধৃত কথা।
From Reverend Dr. Murphy, Chaplain, Registrar of the Diocese of Madras, dated 10th May 1865.	মান্দ্রাজ ডাইওসীসের পুরোহিত, ও রেজিষ্ট্রার পাদরী ডাক্তর শ্রীযুত মর্ফি সাহেবের ১৮৬৫ সালের ১০ মে তারিখের পত্র।
From Reverend R. Collins, Principal of the C. M. S. College at Cottayam, Travancore.	ত্রিবানকরের অন্তর্গত কটায়ামের সি, এম, এস, কালেজের অধ্যক্ষ পাদরী শ্রীযুত আর কলিন্স সাহেবের পত্র।
From Reverend C. E. Kennet, S. P. G. Missionary, Tinnevelly, dated 24th March 1865.	তিন্নেবেলির এস পি জি মিশনরী শ্রীযুত সি ই কেন্নেট সাহেবের ১৮৬৫ সালের ২৪ মার্চ তারিখের পত্র।
From Reverend C. S. Kohlhoff, S. P. G. Missionary, Tanjore Division, dated 25th September 1865.	তানজোর খণ্ডের এস, পি, জি, মিশনরী শ্রীযুত সি, এস, কোলহফ সাহেবের ১৮৬৫ সালের ২৫ সেপ্টেম্বর তারিখের পত্র।
From Reverend H. Baker, C. M. S. Missionary, Travancore, dated 30th September 1865.	ত্রিবাঙ্কোরের সি এম এস মিশনরী শ্রীযুত এচ বেকর সাহেবের ১৮৬৫ সালের ৩০ সেপ্টেম্বর তারিখের পত্র।
From Missionaries of the Basel German Mission.	বাসেল জার্ম্মন মিশনের ধর্ম্ম প্রচারকদের পত্র।
One groaning under the Marriage Act of 1864, dated 23rd November 1865.	১৮৬৪ সালের বিবাহের আইন বিষয়ে আক্ষেপকারি কোন ব্যক্তির ১৮৬৫ সালের ২৩ নবেম্বর তারিখের পত্র।
Memorial of the Catholic Bishops of Southern India.	দক্ষিণ ভারতবর্ষের কাথলিক বিশপ সাহেবদের আবেদনপত্র।
From Reverend F. Schurr, dated 9th November 1865.	পাদরী শ্রীযুত এফ শূর সাহেবের ১৮৬৫ সালের ৯ নবেম্বর তারিখের পত্র।
Petition of certain Native Christian subjects in Bengal.	বঙ্গদেশীয় কএক জন খ্রীষ্টীয়ান প্রজার আবেদনপত্র।
Remarks on the pamphlet containing the memorial of the Clergy of the diocese of Calcutta, and the Reverend K. M. Banerjea's introductory remarks.	কলিকাতার ডাইওসীসের ধর্ম্মোপদেশকের আবেদন লিখিত ক্ষুদ্র পুস্তকের উপর মন্তব্য এবং পাদরী শ্রীযুত কে এম বন্দ্যোপাধ্যায়ের প্রথম স্থলীয় মন্তব্য।
Memorial of the Native Hindu community of the North-Western Provinces and Punjab, dated 29th November 1865.	উত্তর পশ্চিমদেশের ও পঞ্জাবের দেশীয় হিন্দু সমাজের ১৮৬৫ সালের ২৯ নবেম্বর তারিখের আবেদনপত্র।
Memorial of the British Indian Association, dated 7th December 1865.	ব্রিটনীয় ভারতবর্ষীয় সভার ১৮৬৫ সালের ৭ ডিসেম্বর তারিখের পত্র।
From Maharaja of Benares, dated 31st January 1865.	বারাণসের শ্রীযুত মহারাজার ১৮৬৫ সালের ৩১ জানুআরি তারিখের পত্র।
Petition of Free Presbytery of Bombay, dated ——December 1865.	বোম্বাইয়ের ফ্রি প্রেসবিটেরির ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের আবেদনপত্র।
Petition of the Mahomedan inhabitants of the town and suburbs of Calcutta.	কলিকাতা নগর ও শাখানগর নিবাসি মহম্মদীয় লোকদের আবেদনপত্র।
Petition of the Presbyterial Body of the Church of Scotland in Bombay.	বোম্বাইস্থ স্কটলণ্ডীয় ধর্ম্মালয়ের প্রেসবিটেরির আবেদনপত্র।
From Moonshee Ameer Ali, dated 20th December 1865.	শ্রীযুত মুনশী আমীর আলীর ১৮৬৫ সালের ২০ ডিসেম্বর তারিখের পত্র।
Petition of Native Christians residing in Ahmednuggur, Bombay, dated 13th December 1865.	বোম্বাইয়ের অন্তর্গত আহম্মদনগর নিবাসি দেশীয় খ্রীষ্টীয়ানদের ১৮৬৫ সালের ১৩ ডিসেম্বর তারিখের পত্র।
Opinion of Mujtahid or Chief Authority of the Shiahs, Lucknow.	লক্ষ্মণৌর মজতাহিদের অর্থাৎ শিয়াদের প্রধান আচার্য্যের মত।
Petition of certain Hindus.	হিন্দুবিশেষের আবেদনপত্র।
Memorial of certain Native Christians.	দেশীয় কোন খ্রীষ্টীয়ানের আবেদনপত্র।

AMENDED BILL.

A Bill to legalize under certain circumstances, the dissolution of Marriages of Native Converts to Christianity.

[Preamble.]

Whereas it is expedient to legalize, under certain circumstances, the dissolution of marriages of Native Converts to Christianity deserted or repudiated, on religious grounds, by their wives or husbands : It is enacted as follows :—

[Short title.]

I. This Act may be cited as " The Native Converts' Divorce Act, 1866."

[Commencement of Act.]

II. This Act shall commence and take effect on and from the first day of May 1866.

III. In this Act—

[Interpretation of terms " Native Husband."]

" Native Husband" shall mean a married man, domiciled in British India, who shall have completed the age of sixteen years, and shall neither be a Christian, a Mahomedan, nor a Jew :

[" Native Wife."]

" Native Wife" shall mean a married woman, domiciled in British India, who shall have completed the age of thirteen years, and shall neither be a Christian, a Mahomedan, nor a Jewess :

[" Native Law."]

" Native Law" shall mean any law, or custom having the force of law, of any persons domiciled in British India other than Christians, Mahomedans and Jews :

[" Month" and " year."]

" Month" and " year" shall respectively mean month and year according to the British calendar :

[" Number."]

And, unless there be something repugnant in the subject or context, words importing the singular number shall include the plural, and words importing the plural number shall include the singular.

[Convert deserted by his wife on religious grounds may sue for conjugal society.]

IV. If a Native husband change his religion for Christianity, and if in consequence of such change his Native wife, for the space of six continuous months, desert or repudiate him, he may sue her for conjugal society.

[Convert deserted by her husband on religious grounds may sue for conjugal society.]

V. If a Native wife change her religion for Christianity, and if in consequence of such

সংশোধিত পাণ্ডুলিপি।

এদেশীয় যে লোকেরা খ্রীষ্টধর্ম্মাবলম্বী হন বিশেষ২ গতিকে তাঁহাদের বিবাহ বন্ধনের বিলোপ ব্যবস্থাসিদ্ধ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

খ্রীষ্টধর্ম্মাবলম্বি এদেশীয় যে লোকেরা ধর্ম্মঘটিত কারণে নিজ পত্নী কি পতিকর্ত্তৃক ত্যক্ত কি প্রত্যাখ্যাত হন, বিশেষ২ গতিকে তাঁহাদের বিবাহবন্ধনের বিলোপ ব্যবস্থাসিদ্ধ করা বিহিত. অতএব পশ্চাৎ লিখিত বিধান প্রচার করা যাইতেছে।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন " খ্রীষ্টধর্ম্মাবলম্বি এদেশীয় লোকদিগের বিবাহ বন্ধন বিলোপ করণের ১৮৬৬ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[আইনের আরম্ভকালের কথা।]

২ ধারা। এই আইন ১৮৬৬ সালের মে মাসের ১ দিবসাবধি আরম্ভ হইয়া চলিবে ইতি।

[অর্থ করিবার ধারা।]

৩ ধারা। এই আইনে—

[" দেশীয় পতি" ।]

ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্ববিশিষ্ট খ্রীষ্টীয় কি মহম্মদীয় কি য়িহুদী লোক ভিন্ন অন্য যে বিবাহিত পুরুষ ষোলবৎসর বয়স উত্তীর্ণ হইয়াছেন " দেশীয় পতি" শব্দে এমত পুরুষকে বুঝাইবে।

[" দেশীয়া পত্নী" ।]

ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্ববিশিষ্টা খ্রীষ্টীয় কি মহম্মদীয় কি য়িহুদী স্ত্রী ভিন্ন অন্য যে বিবাহিতা স্ত্রী ত্রয়োদশ বৎসর বয়স উত্তীর্ণা হইয়াছেন, " দেশীয় পত্নী" শব্দে এমত স্ত্রীকে বুঝাইবে।

[" দেশীয় ব্যবস্থা" ।]

" দেশীয় ব্যবস্থা" এই শব্দে ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্ব প্রাপ্ত খ্রীষ্টীয় কি মহম্মদীয় কি য়িহুদী লোক ভিন্ন অন্য লোকদের কোন ব্যবস্থা কিম্বা ব্যবস্থাবৎ বলবিশিষ্ট কোন দেশাচারকে বুঝাইবে।

[" মাস" ও " সাল" ও " বৎসর" ।]

" মাস" ও " সাল" ও " বৎসর" এই২ শব্দে ব্রিটনীয় পঞ্জিকামতের মাস কি সাল কি বৎসর বুঝাইবে।

[বচন।]

বিষয় কি পূর্ব্বাপর কথা বুঝিয়া অসঙ্গত বোধ না হইলে একবচনান্ত শব্দে সেই অর্থের বহুবচনান্ত শব্দ ও বহুবচনান্ত শব্দে সেই অর্থের একবচনান্ত শব্দও বুঝাইবে ইতি।

[খ্রীষ্টধর্ম্মাবলম্বি পতি ধর্ম্মমূলক কারণে পত্নীদ্বারা ত্যক্ত হইলে বিবাহঘটিত সঙ্গের জন্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইহার কথা।]

৪ ধারা। দেশীয় কোন পতি খ্রীষ্টধর্ম্ম অবলম্বন করিলে যদি সেই ধর্ম্মান্তর গ্রহণ প্রযুক্ত তাঁহার দেশীয় পত্নী অনবচ্ছিন্ন ছয় মাস পর্য্যন্ত তাঁহাকে ত্যাগ কি প্রত্যাখ্যান করেন, তবে তিনি তাঁহার নামে বিবাহঘটিত সঙ্গের নিমিত্তে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

[খ্রীষ্টধর্ম্মাবলম্বিনী পত্নী ধর্ম্মমূলক কারণে পতিদ্বারা ত্যক্তা হইলে বিবাহঘটিত সঙ্গের জন্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইহার কথা।]

৫ ধারা। দেশীয়া কোন পত্নী খ্রীষ্টধর্ম্ম অবলম্বন করিলে যদি সেই ধর্ম্মান্তর গ্রহণ প্রযুক্ত তাঁহার

change her Native husband, for the space of six continuous months, desert or repudiate her, she may sue him for conjugal society.

[Court in which suit shall be brought.]

VI. If the respondent, at the time of commencement of such suit, reside within the local limits of the ordinary original civil jurisdiction of any of the High Courts of Judicature, the suit shall be commenced in such Court: otherwise it shall be commenced in the principal Civil Court of original jurisdiction of the District in which the defendant shall reside at the commencement of the suit.

[Suit to be commenced by verified petition.]

VII. The suit shall be commenced by a petition in the form in the first schedule to this Act, or as near thereto as the circumstances of the case will allow. The statements made in the petition shall be verified by the Petitioner in the manner required by law for the verification of plaints; and the petition shall bear a stamp of two rupees, and may be amended by permission of the Court.

[On service of petition, citation issued to respondent.]

VIII. A copy of the petition shall be served upon the respondent, and the Court shall thereupon issue a citation under the seal of the Court and signed by the Judge.

[Form of citation.]

IX. In ordinary cases the citation shall be in the form in the second schedule to this Act, or as near thereto as the circumstances of the case will allow. But where the respondent is exempt by law from personal appearance in Court, or where the Judge shall so direct, the citation shall be in the form in the third schedule to this Act, or as near thereto as the circumstances of the case will allow.

[Service of citation.]

X. A copy of the citation sealed with the seal of the Court shall be served on the respondent; and the provisions of the Code of Civil Procedure as to the service and endorsement of summonses shall apply, *mutatis mutandis*, to citations under this Act.

[Procedure where respondent does not obey citation.]

XI. If the respondent shall not obey such citation, and comply with every other requirement made upon her or him under the provisions of this Act, she or he shall be liable to punishment under Section 174 of the Indian Penal Code.

[*Government Gazette, 30th January* 1866.]

দেশীয় পতি অনবচ্ছিন্ন ছয় মাস পর্য্যন্ত তাঁহাকে ত্যাগ কি প্রত্যাখ্যান করেন, তবে তিনি তাঁহার নামে বিবাহঘটিত সঙ্গের নিমিত্তে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

[যে আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে তাহার কথা।]

৬ ধারা। সেই মোকদ্দমার আরম্ভকালে যদি প্রত্যর্থী ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক কোন হাই কোর্টের সাধারণ প্রথম স্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে প্রতিবাদী বাস করেন, তবে সেই হাই কোর্টে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে, নতুবা প্রত্যর্থী মোকদ্দমার আরম্ভ কালে যে জিলাতে বাস করেন তথাকার প্রথমস্থলীয় বিচারাধিপত্য বিশিষ্ট প্রধান দেওয়ানী আদালতে তাহা উপস্থিত করিতে হইবে ইতি।

[সত্যীকৃত প্রার্থনাপত্রদ্বারা মোকদ্দমা আরম্ভ করিতে হইবার কথা।]

৭ ধারা। এই আইনের প্রথম তফসীলে যে পাঠ আছে সেই পাঠে কিম্বা গতিকক্রমে সাধ্যমতে তাহার সদৃশ পাঠে প্রার্থনাপত্র দিয়া মোকদ্দমা আরম্ভ করিতে হইবে। আইনের আদেশমতে যেমন অভিযোগপত্র সত্য করিতে হয়, তেমনি অর্থির প্রার্থনাপত্রের বৃত্তান্ত সত্য করিতে হইবে, ও সেই প্রার্থনাপত্রে দুই টাকা মূল্যের ইষ্টাম্প লাগিবে, ও আদালতের অনুমতিক্রমে প্রার্থনার সংশোধন হইতে পারিবে ইতি।

[প্রার্থনা হইলে প্রত্যর্থির নামে আহ্বানপত্র হইবার কথা।]

৮ ধারা। সেই প্রার্থনাপত্রের প্রতিলিপি প্রত্যর্থির প্রতি পর্য্যর্পিত হইবে। তৎপরেই আদালত আপনার মোহরে মোহরাঙ্কিত ও জজ সাহেবের স্বাক্ষরীকৃত আহ্বানপত্র প্রচার করাইবেন ইতি।

[আহ্বানপত্রের পাঠ।]

৯ ধারা। আহ্বানপত্র সামান্যতঃ এই আইনের দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠে কিম্বা গতিকক্রমে তাহার সদৃশ পাঠে সাধ্যমতে প্রস্তুত করিতে হইবে। কিন্তু যে স্থলে স্বয়ং আদালতে প্রবেশনহইতে প্রত্যর্থিনীর মুক্তি হয়, কিম্বা যে স্থলে বিচারকর্ত্তা আজ্ঞা করেন, সেই স্থলে আহ্বানপত্র এই আইনের তৃতীয় তফসীলের লিখিত পাঠে কিম্বা গতিক বিশেষ বিবেচনায় সাধ্যমতে তদনুযায়ি পাঠে লেখা যাইবে ইতি।

[আহ্বানপত্র পর্য্যর্পণ করিবার কথা।]

১০ ধারা। সেই আহ্বানপত্রের প্রতিলিপি আদালতের মোহরে মোহরাঙ্কিত হইয়া প্রত্যর্থির প্রতি পর্য্যর্পিত হইবে, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনেতে ঐ পত্র সমর্পণ করিবার ও তাহাতে পৃষ্ঠলিপি দিবার যে সকল বিধান আছে তাহা প্রয়োজনমতে পরিবর্ত্তন হইলে এই আইনমতের আহ্বানপত্রের প্রতি বর্ত্তিবে ইতি।

[প্রত্যর্থী না আইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১১ ধারা। যদি প্রত্যর্থী সেই আহ্বানপত্র না মানেন, এবং এই আইন অনুসারে তাঁহার প্রতি যে সকল আদেশ হয় তদনুসারে যদি কর্ম্ম না করেন, তবে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭৪ ধারামতে তাঁহার দণ্ড হইতে পারিবে ইতি।

[Points to be proved on appearance of parties.]

XII. On the day fixed in the citation the Petitioner shall appear in Court, and the following points shall be proved :—

(1.) The identity of the parties :

(2.) The marriage between the Petitioner and the respondent :

(3.) That the male party to the suit has completed the age of sixteen years, and that the female party to the suit has completed the age of thirteen years :

(4.) The desertion or repudiation of the Petitioner by the respondent :

(5.) That such desertion or repudiation was in consequence of the Petitioner's change of religion :

(6.) And that such desertion or repudiation had continued for the six months immediately before the commencement of the suit.

[First interrogation of respondent.]

XIII. The respondent, if such points be proved to the satisfaction of the Judge, shall thereupon be asked whether she or he refuses to cohabit with the Petitioner, and if so, what is the ground of such refusal. In ordinary cases such interrogation and every other interrogation prescribed by this Act shall be made by the Judge, but when the respondent is exempt by law from personal appearance in Court, or when the Judge shall, in his discretion, excuse the respondent from such appearance, the interrogations shall be made by Commissioners acting under such Commission as hereinafter mentioned.

[Interrogations by Judge may be public or private.]

XIV. Every interrogation mentioned in this Act and made by the Judge may, at the discretion of the Judge, take place in open Court or in his private room. If any such interrogation take place in open Court, the Judge may, so long as it shall continue, exclude from the Court all such persons as he shall think fit to exclude.

[Adjournment for a month if female respondent refuses to cohabit on account of Petitioner's conversion. Parties in the interim to have a private interview.]

XV. If the respondent be a female and in answer to the interrogatories of the Judge or Commissioners, as the case may be, shall refuse to cohabit with the Petitioner, and allege, as the ground for such refusal, that the Petitioner has changed this religion, the Judge shall make an order adjourning the case for one month, and directing that in the interim the paties shall, at

[উভয় পক্ষ ব্যক্তিরা উপস্থিত হইলে যেং বিষয়ের প্রমাণ করিতে হয় তাহার কথা।]

১২ ধারা। আহ্বানপত্রে যে তারিখ নির্দ্দিষ্ট হইয়াছে সেই তারিখে অর্থী আদালতে উপস্থিত হইবেন ও পশ্চাৎলিখিত কএক বিষয়ের প্রমাণ করিতে হইবে, অর্থাৎ—

(১) উভয় পক্ষের অনন্যতা।

(২) অর্থী প্রত্যর্থিনীর বিবাহ।

(৩) মোকদ্দমার পক্ষ পুরুষ ষোল বৎসর বয়স উত্তীর্ণ ও মোকদ্দমার পক্ষ স্ত্রী ত্রয়োদশ বৎসর বয়স উত্তীর্ণা হওন।

(৪) প্রত্যর্থির দ্বারা অর্থির ত্যাগ কি প্রত্যাখ্যান।

(৫) অর্থির ধর্ম্মান্তর গ্রহণ সেই ত্যাগের কি প্রত্যাখ্যানের কারণ।

(৬) এবং সেই ত্যাগ কি প্রত্যাখ্যান মোকদ্দমার আরম্ভকালের অব্যবহিত পূর্ব্বে ছয় মাস ব্যাপিয়া হওন ইতি।

[প্রত্যর্থিকে প্রথমবার জিজ্ঞাসা করিবার কথা।]

১৩ ধারা। যদি উক্ত সকল বিষয় জজ সাহেবের সন্তোষজনক মতে প্রমাণ হয়, তবে প্রত্যর্থিনীকে এই প্রশ্ন হইবে, তুমি কি এই অর্থির সহিত সহবাস করিতে অসম্মত? তাহাতে তিনি অসম্মত বলিলে সেই অসম্মতির কারণ জিজ্ঞাসা করিবেন। জজ সাহেব সেই প্রশ্ন ও এই আইনের অবধারিত অন্য সকল প্রশ্ন সামান্যতঃ স্বয়ং করিবেন। কিন্তু যদি প্রত্যর্থিনী আইনমতে আদালতে প্রবেশন হইতে মুক্তা হন, কিম্বা যদি জজ সাহেব স্বীয় বিবেচনামতে তাঁহার অনুপস্থিতির অনুমতি দেন, তবে দূত কর্ত্তৃক সেইং প্রশ্ন হইবে। সেই দূতেরা পশ্চাৎলিখিত ক্ষমতাপত্রক্রমে কার্য্য করিবেন ইতি।

[জিজ্ঞাসাবাদ প্রকাশ্য কি অপ্রকাশ্যরূপে হইতে পারিবার কথা।]

১৪ ধারা। জজ সাহেব এই আইনের উল্লিখিত যে সকল প্রশ্ন করেন তাহা তাঁহার বিবেচনামতে মুক্তদ্বার আদালতে অথবা তাঁহার নিজ কামরাতে হইতে পারিবে। মুক্তদ্বার আদালতে হইলে যাবৎ সেই প্রশ্ন করণ কার্য্য চলে, তাবৎ জজ সাহেব যে সকল লোককে উপস্থিত হইবার অযোগ্য জ্ঞান করেন, তাহাদিগকে আদালতে আসিতে না দিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

[অর্থির ধর্ম্মান্তর গ্রহণ প্রযুক্ত প্রত্যর্থিনী সহবাসে অসম্মত হইলে এক মাস পর্য্যন্ত বিলম্ব করিবার ও তন্মধ্যে পক্ষ ব্যক্তিরদের গোপনে সন্দর্শন করিবার কথা।]

১৫ ধারা। যদি প্রত্যর্থী স্ত্রী হইয়া জজ সাহেবের কিম্বা বিষয়বিশেষে দূতগণের প্রশ্নের উত্তরে অর্থির সহিত সহবাস করিতে অসম্মতি প্রকাশ করেন, ও সেই অর্থির ধর্ম্মান্তর গ্রহণ অসম্মতির কারণ উল্লেখ করেন, তবে জজ সাহেব এক মাস পর্য্যন্ত সেই মোকদ্দমা স্থগিত রাখিবার আজ্ঞা করিয়া এই আদেশও করিবেন যে, ইতিমধ্যে প্রত্যর্থিনী পরতন্ত্র না হইয়া স্বেচ্ছামতে উক্ত প্রকারে স্থিরমনা হইয়া অসম্মতা আ-

such place and time as he shall deem convenient, have a private interview of such length as the Judge shall direct with the view of ascertaining whether or not the respondent freely and voluntarily persists in such refusal. Such interview shall be subject to any conditions as to privacy which the Judge shall think fit: Provided that no condition which might interfere with the ascertainment of the respondent's wishes respecting such refusal shall be imposed upon such interview.

[Second interrogation of female respondent. Adjournment for a year.]

XVI. At the expiration of such adjournment, the Petitioner shall again appear in Court, and if the respondent, on being interrogated by the Judge or Commissioners, as the case may be, again refuse to cohabit with the Petitioner, and allege, as the sole ground for such refusal, the Petitioner's change of religion, the suit shall be adjourned one year.

[Point to be proved on expiration of adjournment.]

XVII. At the expiration of such adjournment, the Petitioner shall again appear in Court, and shall prove that the said desertion or repudiation had continued up to the time last hereinbefore referred to.

[On proof of the requisite points, suit to be adjourned for a month, and parties to have another interview.]

XVIII. If the points mentioned in the twelfth and seventeenth Sections of this Act shall be proved to the satisfaction of the Judge, he shall adjourn the suit for one month, and direct that in the interim the parties shall have another interview of such length and subject to such conditions as mentioned in the fifteenth Section of this Act.

[At expiration of adjournment, if female respondent refuse to cohabit, decree to pass dissolving marriage.]

XIX. At the expiration of such adjournment, the Petitioner shall again appear in Court; and if the respondent on being interrogated by the Judge or Commissioners, as the case may be, again refuse to cohabit with the Petitioner, and allege the Petitioner's conversion as the sole ground for such refusal, the respondent shall be taken to have finally deserted or repudiated the Petitioner, and the Judge shall, by a decree under his hand and sealed with the seal of his Court, declare that the marriage between the parties is dissolved.

[Decree in case of male respondent refusing to cohabit on the sole ground of Petitioner's change of religion. Proviso.]

XX. If the respondent be a male, and in answer to the interrogatories of the Judge or Com-

ছেন কি না, ইহা নিশ্চয়মতে জানিবার অভিপ্রায়ে, জজ সাহেব যে সময় ও স্থান উপযুক্ত বোধ করেন সেই সময়ে ও স্থানে এবং তিনি যত কাল আজ্ঞা করেন তত কালপর্য্যন্ত উভয় পক্ষের গোপনে সন্দর্শন হয়। ও তাঁহাদের গোপনে থাকার যে কোন নিয়ম জজ সাহেব বিহিত বোধ করেন, সেই নিয়মানুসারে তাঁহাদের সেই সন্দর্শন হইবে। পরন্তু সেই অসম্মতির বিষয়ে প্রত্যর্থিনীর স্বইচ্ছা নিশ্চয়মতে জানিবার বাধা যাহাতে হইতে পারে, তাঁহাদের পরস্পর সন্দর্শনের এমত কোন নিয়ম হইবে না ইতি।

[প্রত্যর্থিনীকে দ্বিতীয় বার জিজ্ঞাসা করিবার কথা ও এক বৎসর পর্য্যন্ত বিলম্ব করিবার কথা।]

১৬ ধারা। বিচারের সেই বিলম্বকাল অতীত হইলে অর্থী পুনরায় আদালতে উপস্থিত হইবেন। তৎকালে জজ সাহেবের কিম্বা বিষয়বিশেষে দূতদের দ্বারা জিজ্ঞাসিত হইলে যদি প্রত্যর্থিনী সেই অর্থির সহিত সহবাস করিতে পুনরায় অসম্মতি প্রকাশ করেন ও সেই অসম্মতির কারণ অর্থির ধর্ম্মান্তর গ্রহণ ব্যক্ত করেন, তবে এক বৎসর মোকদ্দমা স্থগিত থাকিবে ইতি।

[বিচারের বিলম্ব কাল অতীত হইলে যে বিষয়ের প্রমাণ করিতে হইবে তাহার কথা।]

১৭ ধারা। বিচারের ঐ বিলম্ব কাল অতীত হইলে অর্থী পুনরায় আদালতে উপস্থিত হইবেন, এবং উক্ত ত্যাগ করণ কি প্রত্যাখ্যান সেই বিলম্বকাল অতীত হওনের সময় পর্য্যন্ত হইয়া আসিতেছে, এই কথার প্রমাণ করিবেন ইতি।

[নির্দ্দিষ্ট কএক বিষয় প্রমাণ হইলে এক মাস পর্য্যন্ত বিচারের বিলম্ব হইবার ও উভয় পক্ষের পুনরায় পরস্পর সন্দর্শন করিবার কথা।]

১৮ ধারা। এই আইনের দ্বাদশ ও সপ্তদশ ধারাতে যে কএক বিষয়ের উল্লেখ হইল, তাহা জজ সাহেবের হৃদ্বোধমতে সপ্রমাণ হইলে, তিনি এক মাস পর্য্যন্ত মোকদ্দমা স্থগিত রাখিবেন, ও তন্মধ্যে এই আইনের পঞ্চদশ ধারার লিখিত কাল পর্য্যন্ত ও সেই ধারার নির্দ্দিষ্ট নিয়মানুসারে উভয় পক্ষের পুনরায় পরস্পর সন্দর্শন হইবার আজ্ঞা করিবেন ইতি।

[বিচারের বিলম্বকাল অতীত হইলে যদি প্রত্যর্থিনী সহবাসে অসম্মতা থাকেন, তবে বিবাহবন্ধন বিলুপ্ত হওনের ডিক্রী হইবার কথা।]

১৯ ধারা। বিচারের উক্ত বিলম্বকাল অতীত হইলে অর্থী পুনরায় আদালতে উপস্থিত হইবেন। তৎকালে যদি প্রত্যর্থিনী জজ সাহেবকর্ত্তৃক কিম্বা বিষয়বিশেষে দূতগণকর্ত্তৃক জিজ্ঞাসিতা হইলে পর অর্থির সহিত সহবাস করিতে পুনরায় অস্বীকার করেন ও অর্থির ধর্ম্মান্তর গ্রহণ সেই অসম্মতির একমাত্র কারণ ব্যক্ত করেন, তবে প্রত্যর্থিনী সেই অর্থিকে চূড়ান্তমতে ত্যাগ কি প্রত্যাখ্যান করিলেন জ্ঞান হইবে, এবং জজ সাহেব আপনার স্বাক্ষরীকৃত ও আদালতের মোহরে মোহরাঙ্কিত ডিক্রী করিয়া উভয় পক্ষের বিবাহবন্ধন বিলুপ্ত প্রকাশ করিবেন ইতি।

[অর্থিনার ধর্ম্মান্তর গ্রহণ হেতুক প্রত্যর্থী তাঁহার সঙ্গে সহবাস করিতে সম্মত না হইলে ডিক্রীর কথা ও উপবিধি।]

২০ ধারা। যদি প্রত্যর্থী পুরুষ হন, এবং জজ সাহেবের কিম্বা বিষয়বিশেষে দূতগণের প্রশ্নের উত্তরে

missioners, as the case may be, shall refuse to cohabit with the Petitioner, and allege as the ground for such refusal that the Petitioner has changed her religion, the Judge shall adjourn the case for a year. At the expiration of such adjournment, the Petitioner shall again appear in Court; and if the respondent on being interrogated by the Judge or Commissioners, as the case may be, again refuse to cohabit with the Petitioner, the Judge shall thereupon pass such a decree as last aforesaid: Provided that if the Petitioner shall so desire (but not otherwise), the proceedings in the suit shall, *mutatis mutandis*, be the same as in the case of a female respondent.

[Decree if respondent so refuse in the case of an unconsummated marriage, either party being *impubes* at time of marriage.]

XXI. Notwithstanding anything hereinbefore contained, if it shall appear at any stage of the suit that both or either of the parties had not attained puberty at the date of their marriage and that such marriage has not been consummated; and if, in answer to the interrogatories made pursuant to the thirteenth Section of this Act, the respondent shall refuse to cohabit with the Petitioner and allege, as the ground for such refusal, that the Petitioner has changed his or her religion, the Judge shall thereupon pass such a decree as last aforesaid.

[Liberty to parties to marry again.]

XXII. When any decree dissolving a marriage shall have been passed under the provisions of this Act, it shall be as lawful for the respective parties thereto to marry again as if the prior marriage had been dissolved by death, and the issue of any such re-marriage shall be legitimate, any Native law to the contrary notwithstanding. Provided always that no Minister of religion shall be compelled to solemnize the marriage of any person whose former marriage may have been dissolved under this Act, or shall be liable to any suit or penalty for refusing to solemnize the marriage of any such person.

[Judge may order Commission to issue for examination of exempted persons.]

XXIII. In suits instituted under this Act, the Judge may order a Commission to issue to such persons, whether males or females or both, as he shall think fit, for the examination on interrogatories or otherwise of any persons so exempt as aforesaid. The provisions of the Code of Civil Procedure shall so far as practicable, apply to Commissions issued under this Section.

যদি অর্থিনীর সঙ্গে সহবাস করিতে অসম্মতি প্রকাশ করেন এবং অর্থিনী ধর্ম্মান্তর গ্রহণ করিয়াছেন আপন অসম্মতির এই কারণ প্রকাশ করেন, তবে জজ সাহেব এক বৎসর পর্য্যন্ত মোকদ্দমা স্থগিত রাখিবেন। সেই কাল অতীত হইলে অর্থিনী পুনরায় আদালতে উপস্থিত হইবেন এবং জজ সাহেবের কিম্বা বিষয়বিশেষে দূতগণের দ্বারা জিজ্ঞাসিত হইলে, যদি প্রত্যর্থী অর্থিনীর সঙ্গে সহবাস করিতে পুনরায় অসম্মতি প্রকাশ করেন, তবে জজ সাহেব তৎকালে পূর্ব্বোক্ত প্রকারে ডিক্রী করিবেন। পরন্তু যদি অর্থিনী প্রার্থনা করেন, তবে কথার প্রয়োজনমতে পরিবর্ত্তন করিয়া স্ত্রী প্রত্যর্থিনী হইলে যদ্রূপে কার্য্য হয় মোকদ্দমার তদ্রূপই কার্য্য হইবে, কিন্তু অর্থিনীর তদ্রূপ প্রার্থনা ব্যতিরেকে হইবে না ইতি।

[বিবাহকালে কোন পক্ষের অপ্রাপ্ত যৌবনপ্রযুক্ত সংসর্গ না হইলে প্রত্যর্থির অসম্মতিক্রমে ডিক্রী হইবার কথা।]

২১ ধারা। মোকদ্দদমা সম্পাদনের কোন কালে যদি দৃষ্ট হয়, যে বিবাহ কালে পুরুষের কি স্ত্রীর কি উভয়ের অপ্রাপ্ত যৌবনপ্রযুক্ত সংসর্গ হয় নাই এবং এই আইনের ত্রয়োদশ ধারানুযায়ি প্রশ্ন হইলে যদি অর্থিপ্রত্যর্থির সহবাস করিবার অসম্মতি হয় এবং অর্থী কি অর্থিনী ধর্ম্মান্তর গ্রহণ করিয়াছেন অসম্মতির এই হেতু প্রকাশ করা যায়, তবে জজ সাহেব তৎকালে পূর্ব্বোক্ত প্রকারের ডিক্রী করিবেন, ইহার পূর্ব্ব ধারার মধ্যে ভাবান্তরের আজ্ঞা থাকিলেও করিবেন ইতি।

[উভয় পক্ষের পুনশ্চ বিবাহ করিবার অনুমতির কথা।]

২২ ধারা। যদি এই আইনের বিধানমতে বিবাহ বন্ধন বিলুপ্ত করণের কোন ডিক্রী হয়, তবে সেই পূর্ব্ব বিবাহবন্ধন মৃত্যুপ্রযুক্ত বিলুপ্ত হওনের ন্যায় ঐ পুরুষের কি স্ত্রীর পুনশ্চ বিবাহ করা আইনসিদ্ধ হইবে। এবং সেই দ্বিতীয় বিবাহজাত সন্তান ঔরস হইবে, এই দেশীয় কোন ব্যবস্থা বিপক্ষ হইলেও হইবে। পরন্তু সর্ব্বদাই জানা কর্ত্তব্য যে এই আইনঅনুসারে যে ব্যক্তির পূর্ব্ব বিবাহ বিলুপ্ত হইয়াছে, তাঁহার পুনশ্চ বিবাহ দেওয়া কোন ধর্ম্মোপদেশকের অবশ্য কর্ত্তব্য হইবে না, ও তিনি তদ্রূপ কোন ব্যক্তির পুনশ্চ বিবাহ দিতে সম্মত না হইলেও তাঁহার নামে কোন অভিযোগের কি তাঁহার কোন দণ্ডের দায় বর্ত্তিবে না ইতি।

[মুক্ত ব্যক্তিদের পরীক্ষার্থে ক্ষমতাপত্র দান করিতে জজ সাহেবের আজ্ঞা দিবার কথা।]

২৩ ধারা। এই আইনমতে যে২ মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহাতে জজ সাহেব পূর্ব্বোক্তমতে মুক্তকরা কোন ব্যক্তির প্রশ্নক্রমে কি প্রকারান্তরে পরীক্ষা করণার্থে পুরুষদিগকে কি স্ত্রীদিগকে, কিম্বা উপযুক্ত বোধ করিলে পুরুষ ও স্ত্রীদিগকে ক্ষমতাপত্র দানের আজ্ঞা করিতে পারিবেন। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধি এই ধারাক্রমে প্রদত্ত ক্ষমতাপত্রের প্রতি যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে সেই পর্য্যন্ত বর্ত্তিবে ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৩০ জানুআরি।]

[Proof of the marriage, and the desertion or repudiation of Petitioner in consequence of conversion.]

XXIV. At any stage of a suit instituted under this Act, cohabitation as man and wife shall be sufficient presumptive evidence of the marriage of the parties, and proof of the respondent's refusal or voluntary neglect to cohabit with the Petitioner, after his or her change of religion, and after knowledge thereof by the respondent, shall be sufficient evidence of the respondent's desertion or repudiation of the Petitoner, and shall also be sufficient evidence that such desertion or repudiation was solely in consequence of the Petitioner's change of religion, unless some other sufficient cause for such desertion or repudiation be proved by the respondent.

[Provisions of Civil Procedure Code as to witnesses to apply in suits under this Act.]

XXV. The provisions of the Code of Civil Procedure, as to the summoning and examination of witnesses, shall apply in suits instituted under this Act.

[Delegation by Judge of powers vested in him in reference to interviews.]

XXVI. In suits instituted under this Act, the Judge may, in his discretion, delegate to two or more persons, who may be males or females or both, all or any of the authority and discretion hereby vested in him in reference to all or any of the interviews hereinbefore mentioned.

[Dismissal of suit if either party is under the age required by the Act, or if the parties are cohabiting, or the respondent is willing to cohabit.]

XXVII. If at any stage of the suit it be proved that the male party to the suit is or was at the institution thereof under the age of sixteen years, or that the female party to the suit is or was at the same time under the age of thirteen years, or that the Petitioner and the respondent are cohabiting as man and wife, or if the Court is satisfied by the evidence adduced that the respondent is ready and willing so to cohabit with the Petitioner, the Court shall pass a decree dismissing the suit, and stating the ground of such dismissal.

[Revival of suit after such dismissal.]

XXVIII. If at any time after a decree dismissing the suit upon any of the grounds mentioned in the last preceding Section, the respondent again desert or repudiate the Petitioner upon the ground of his or her change of religion, the suit may be

[*Government Gazette*, 30*th January* 1866.]

[বিবাহের এবং ধর্ম্মান্তর গ্রহণ প্রযুক্ত অর্থির ত্যাজ্য কি প্রত্যাখ্যাত হওনের প্রমাণের কথা।]

২৪ ধারা। এই আইনমতে উপস্থিত কোন মোকদ্দমা সম্পাদন কালে পতিপত্নীস্বরূপে সহবাস করা উভয় পক্ষের বিবাহের প্রচুর আনুমানিক প্রমাণ জ্ঞান হইবে। এবং অর্থির কি অর্থিনীর ধর্ম্মান্তর গ্রহণের ও প্রত্যার্থির কি প্রত্যর্থিনীর তাহা জ্ঞাত হওনের পরে অর্থির কি অর্থিনীর সঙ্গে সহবাস করিবার অসম্মতির কি স্বেচ্ছাপূর্ব্বক পরিত্যাগ হওয়ার প্রমাণ অর্থিকে কি অর্থিনীকে প্রত্যার্থির কি প্রত্যার্থিনীর পরিত্যাগ কি প্রত্যাখ্যান করণের প্রচুর প্রমাণ হইবে, এবং প্রত্যর্থী কি প্রত্যার্থিনীকর্ত্তৃক সেই পরিত্যাগের কি প্রত্যাখ্যানের অন্য কারণের প্রমাণ না হইলে অর্থির কি অর্থিনীর কেবল ধর্ম্মান্তর গ্রহণ হেতুক ঐ পরিত্যাগ কি প্রত্যাখ্যান হইল ইহারও প্রচুর প্রমাণ হইবে ইতি।

[দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনেতে সাক্ষিদের যে২ বিধান তাহা এই আইনঅনুযায়ি কার্য্যের প্রতি বর্ত্তিবার কথা।]

২৫ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনেতে সাক্ষিদিগের আহ্বান ও পরীক্ষা করণের যে২ বিধি আছে তাহা এই আইনঅনুযায়ি উপস্থিত মোকদ্দমার প্রতি বর্ত্তিবে ইতি।

[জজ সাহেবের প্রতি সন্দর্শন সম্পর্কীয় যে ক্ষমতা অর্পিত হইয়াছে, তাহা অন্যের প্রতি তাঁহার প্রত্যর্পণের কথা।

২৬ ধারা। এই আইনমতে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহাতে এই আইনের পূর্ব্ব লিখিত ধারানুযায়ি সকল কি কোন সন্দর্শন সম্পর্কে জজ সাহেবের প্রতি যে ক্ষমতা ও স্বেচ্ছাধীনমতে কর্ম্ম করণের যে শক্তি অর্পিত হইয়াছে, তাহা তিনি স্বীয় বিবেচনামতে পুরুষ কি স্ত্রী কিম্বা পুরুষ ও স্ত্রী দুই কি ততোধিক ব্যক্তির প্রতি অর্পণ করিতে পারিবেন ইতি।

[আইনে নির্দ্দিষ্ট বয়ঃক্রম অন্যতর পক্ষের না হইলে কিম্বা পক্ষদ্বয়ে সহবাস করিলে কিম্বা প্রত্যর্থী সহবাস করিতে সম্মত হইলে মোকদ্দমা ডিস্মিস্ হইবার কথা।]

২৭ ধারা। মোকদ্দমা চলিবার কোন সময়ে যদি এমত প্রমাণ হয় যে মোকদ্দমার পক্ষ পুরুষ ষোল বৎসর বয়স উত্তীর্ণ হন নাই কি মোকদ্দমার আরম্ভকালে উত্তীর্ণ ছিলেন না, কিম্বা মোকদ্দমার পক্ষ স্ত্রী ত্রয়োদশ বৎসর বয়স উত্তীর্ণা হন নাই কি তৎকালে উত্তীর্ণা ছিলেন না, কিম্বা অর্থী ও প্রত্যর্থী পতিপত্নীরূপে সহবাস করিতেছেন, কিম্বা যে প্রমাণ পাওয়া গিয়াছে তাহাতে যদি আদালত সন্তোষমতে জানিতে পান যে অর্থি প্রত্যর্থী তদ্রূপে সহবাস করিতে প্রস্তুত ও ইচ্ছুক আছেন, তাহা হইলে আদালত মোকদ্দমা ডিস্মিস্ করিবার ডিক্রী প্রচার করিবেন, ও তাহাতে সেই ডিস্মিস্ করিবার হেতু উল্লেখ করিবেন ইতি।

[তদ্রূপে ডিস্মিস্ হইলে পর মোকদ্দমা পুনরায় উপস্থিত করিবার কথা।]

২৮ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারার উল্লিখিত কোন কারণে সেই মোকদ্দমা ডিস্মিস্ হইবার ডিক্রী হইলে পর যদি কোন সময়ে প্রত্যর্থিনী অর্থির ধর্ম্মান্তর অবলম্বন হেতু পুনরায় তাঁহাকে ত্যাগ কি প্রত্যাখ্যান করেন, তবে প্রত্যর্থিনীকে আহ্বান করণদ্বারা

revived by summoning the respondent; and upon proof of the former decree and of such renewed repudiation or desertion, the suit shall recommence at the stage at which it had arrived immediately before the passing of such decree; and, after the proofs, interrogations, interviews and adjournments which may then be requisite under the provisions hereinbefore contained, the Judge shall pass a decree of the nature mentioned in the nineteenth Section of this Act.

[Petitioner's cruelty or adultery to bar the suit.]

XXIX. If at any stage of the suit it be proved that the respondent has deserted or repudiated the Petitioner solely or partly in consequence of the Petitioner's cruelty or adultery, the Court shall pass a decree dismissing the suit and stating the ground of such dismissal. A suit dismissed under this Section shall not be revived.

[Male Petitioner's cohabitation with one of several wives to bar the suit.]

XXX. If the Petitioner, being a male, has at the time of the institution of the suit two or more wives, he shall make them all respondents; and if at any stage of the suit it be proved that he is cohabiting with one of such wives as man and wife, or that any one of such wives is ready and willing so to cohabit with him, the Court shall pass a decree dismissing the suit and stating the ground of such dismissal. The provisions as to revival contained in the twenty-eighth Section of this Act shall apply, *mutatis mutandis*, to a suit dismissed under this Section.

[Dissolution of marriage not to affect status or rights of children.]

XXXI. A dissolution of marriage under the provisions of this Act, shall not operate to deprive the respondent's children (if any) by the Petitioner of their status as legitimate children, or of any right or interest which they would have had, according to the Native law applicable to them by way of maintenance, inheritance or otherwise, in case the marriage had not been so dissolved as aforesaid.

[Power to Court to award alimony.]

XXXII. If a suit be commenced under the provisions of this Act, and it appear to the Court that the wife has not sufficient separate property to enable her to maintain herself suitably to her station in life, and to prosecute or defend the suit, the Court may pending the suit, order the husband to furnish the wife with sufficient funds

মোকদ্দমা পুনরায় উত্থাপিত হইতে পারিবে, তাহাতে পূর্ব্বকার ডিক্রী ও তৎপরে পুনরায় ত্যাগ কি প্রত্যাখ্যান প্রমাণ হইলে উক্ত ডিক্রী প্রচারিত হইবার অব্যবহিত পূর্ব্বে সেই মোকদ্দমা যে গতি প্রাপ্ত হইয়াছিল তাহাই তাহার পুনরারম্ভের স্থল হইবে, এবং তৎকালে ইহার পূর্ব্ব নির্দ্দিষ্ট সকল বিধানমতে যে সকল প্রমাণ গ্রহণের ও জিজ্ঞাসা করিবার ও সন্দর্শন করিবার ও বিচার স্থগিত রাখিবার প্রয়োজন হইতে পারে, সে সকল হইলে পর জজ সাহেব এই আইনের ১৯ ধারার নির্দ্দিষ্ট প্রকারের ডিক্রী প্রচার করিবেন ইতি।

[অর্থির নিষ্ঠুরতা কি ব্যভিচার ক্রিয়াতে মোকদ্দমার বাধা জন্মিবার কথা।]

২৯ ধারা। মোকদ্দমা চলিবার কোন সময়ে যদি প্রত্যর্থি কর্ত্তৃক অর্থির ত্যাক্ত কি প্রত্যাখ্যাত হইবার কি অর্থির নিষ্ঠুরতা কি ব্যভিচারক্রিয়া এক মাত্র কি অন্যতর কারণ প্রমাণ হয়, তবে আদালত মোকদ্দমা ডিস্‌মিস্ করিবার ডিক্রী করিয়া সেই ডিস্‌মিস্ করিবার হেতুও তাহাতে লিখিবেন। এই ধারামতে যে মোকদ্দমা ডিস্‌মিস্ হয় তাহা পুনরায় উত্থাপিত হইবে না ইতি।

[অর্থী পুরুষ হইলে কএক পত্নীর মধ্যে এক পত্নীর সহিত তাঁহার সহবাস দ্বারা মোকদ্দমার বাধা হইবার কথা।]

৩০ ধারা। যদি পুরুষ অর্থী হন ও মোকদ্দমা উপস্থিত করণ কালে তাঁহার দুই কি অধিক পত্নী থাকে, তবে সেই সকলকে প্রত্যর্থিনী করিবেন, তাহাতে যদি মোকদ্দমা চলিবার কোন সময়ে এমন প্রমাণ হয় যে তাঁহাদের মধ্যে এক পত্নীর সঙ্গে পতিপত্নীরূপে তাঁহার সহবাস হইতেছে, কি তাঁহাদের মধ্যে এক পত্নী তাঁহার সহিত সহবাস করিতে প্রস্তুত ও ইচ্ছুক আছেন, তবে আদালত মোকদ্দমা ডিস্‌মিস্ করিবার ডিক্রী করিয়া ডিস্‌মিস্ করিবার হেতু তাহাতে লিখিবেন। মোকদ্দমা পুনর্ব্বার উত্থাপন করিবার যে২ বিধান এই আইনের ২৮ ধারাতে আছে তাহা প্রয়োজনমতে পরিবর্ত্তন হইলে এই ধারামতে ডিস্‌মিস্ হওয়া মোকদ্দমাতেও বর্ত্তিবে ইতি।

[বিবাহবন্ধন বিলোপদ্বারা সন্তানদের অবস্থার কি স্বত্বের হানি না হইবার কথা।]

৩১ ধারা। এই আইনের বিধানমতে বিবাহবন্ধন বিলুপ্ত হইলেও তদ্ধেতুক অর্থির ঔরসে প্রত্যর্থিনীর যে সকল সন্তান হইয়াছে তাঁহারদের ঔরস সন্তানস্বরূপ অবস্থার ব্যতিক্রম হইবে না এবং বিবাহবন্ধন বিলুপ্ত না হইলে তাহারদের প্রতি বর্ত্তায়মান দেশীয় ব্যবস্থানুসারে তাহারদের ভরণ পোষণ কি উত্তরাধিকারিত্ব প্রভৃতি সম্পর্কে যে কোন স্বত্ব কি স্বার্থ হইত তাহার ব্যতিক্রম হইবে না ইতি।

[গ্রাসাচ্ছাদনের টাকা দিবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।]

৩২ ধারা। এই আইনের বিধানমতে কোন মোকদ্দমা আরম্ভ হইলে পর যদি আদালত জানিতে পান যে পত্নীর স্বতন্ত্র প্রচুর সম্পত্তি না থাকাতে নিজ অবস্থার যোগ্যমতে আপনার প্রতিপালন করা এবং অর্থিনী কি প্রত্যর্থিনীরূপে মোকদ্দমা চালান তাহার অসাধ্য, তবে আদালত মোকদ্দমা চলিবার সময়ে পতিকে এমত আজ্ঞা দিতে পারিবেন যে অর্থিনী কি

to enable her to prosecute or defend the suit, and also for her maintenance pending the suit. If the suit be brought by a husband against a wife, the Court may by the decree order the husband to make such allowance to his wife for her maintenance during the remainder of her life as the Court shall think just, and having regard to the condition and station in life of the parties. Any allowance so ordered shall cease from the time of any subsequent marriage of the wife.

[No appeal against orders and decrees under this Act.]

XXXIII. No appeal shall lie against any order or decree made or passed by any Court under the provisions of this Act.

[Saving of Roman Catholic marriages.]

XXXIV. Nothing contained in this Act or in Acts Nos. XXV of 1864 and V of 1865 shall be taken to render invalid any marriage of a Native convert to Roman Catholicism if celebrated in accordance with the rules, rites, ceremonies and customs of the Roman Catholic Church; and no Clergyman of such Church shall be liable to any suit or penalty under the provisions of either of the two Acts last hereinbefore mentioned, for solemnizing any such marriage.

[Extent of Act.]

XXXV. This Act shall extend to all the territories that are or shall become vested in Her Majesty or Her successors by the statute 21 and 22 Vic., cap. 106, entitled "An Act for the better Government of India," except the Settlement of Prince of Wales' Island, Singapore and Malacca. But it may be extended, with the consent of the Governor-General of India in Council, by order of the Governor of such Settlement to all or any part of the territory subject to his Government; and he may, with such consent as aforesaid, determine the Court in which suits against residents in such territory shall be commenced under the provisions of the Act. In case of such extension, if the Indian Penal Code shall not then apply to the said Settlement, the respondent's personal appearance pursuant to this Act may be enforced by such procedure as the said Governor, with such consent as aforesaid, shall provide in that behalf.

প্রত্যর্থিনীরূপে মোকদ্দমা চালাইবার জন্যে এবং যত কাল চলে তত কাল পর্য্যন্ত তাঁহার গ্রাসাচ্ছাদনের জন্যে পত্নীকে তাঁহার উপযুক্ত টাকা দিতে হইবে। যদি পতি পত্নীর নামে মোকদ্দমা উপস্থিত করেন, তবে আদালত ডিক্রীদ্বারা পতিকে এমত আজ্ঞা করিতে পারিবেন যে আদালত উভয় পক্ষের অবস্থা ও পদ বুঝিয়া পত্নীর অবশিষ্ট জীবনকাল পর্য্যন্ত ভরণপোষণের যত টাকা ন্যায্য জ্ঞান করেন, পতির তত টাকা দিতে হইবে। সেই পত্নী যদি পশ্চাৎ বিবাহ করেন, তবে তদ্রূপ ভরণপোষণার্থ যে টাকা দিবার আজ্ঞা হইল সেই টাকা ঐ বিবাহকালাবধি বন্ধ হইবে ইতি।

[এই আইনগত আজ্ঞার ও ডিক্রীর উপর আপীল না হইবার কথা।]

৩৩ ধারা। যে কোন আদালত এই আইনের বিধানমতে কোন আজ্ঞা কি ডিক্রী করেন তাহার উপর আপীল হইতে পারিবে না ইতি।

[রোমান কাথলিক ধর্ম্মাবলম্বিদের বিবাহের কথা।]

৩৪ ধারা। দেশীয় কোন ব্যক্তি রোমান কাথলিক ধর্ম্ম গ্রহণ করিলে, যদি রোমান কাথলিক মণ্ডলীর নিয়ম ও রীতি ও বিধি ও আচারমতে তাঁহার বিবাহ সাধন হয়, তবে এই আইনের কিম্বা ১৮৬৪ সালের ২৫ আইনের ও ১৮৬৫ সালের ৫ আইনের কোন কথাক্রমে তাঁহার সেই বিবাহ অসিদ্ধ হইবে না এবং তদ্রূপ কোন বিবাহ সাধনপ্রযুক্ত ঐ মণ্ডলীর কোন ধর্ম্মোপদেশক পূর্ব্ব লিখিত দুই আইনের কোন আইন অনুযায়ি বিধানমতে অভিযোগের কি দণ্ডের যোগ্য হইবেন না ইতি।

[এই আইন যে২ স্থানে প্রবল হইবে তাহার কথা।]

৩৫ ধারা। শ্রীশ্রীমতী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের ব্যবস্থার ১০৬ অধ্যায়ের (অর্থাৎ ভারতবর্ষ আরও উত্তমরূপে শাসন করিবার আইনের) বলে প্রিন্স অফ ওয়েল্স উপদ্বীপ ও সিংহপুর ও মালাকা এই নামে খ্যাত উপনিবেশ ভিন্ন যত প্রদেশ শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর কি তাঁহার উত্তরাধিকারিদের প্রতি অর্শে কি অর্শিবে সেই সকল প্রদেশে এই আইন প্রবল হইবে। পরন্তু উক্ত উপনিবেশের গবর্ণর সাহেব মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লইয়া আজ্ঞা প্রকাশ করণদ্বারা আপন শাসিত প্রদেশের সর্ব্বত্র কি তাহার কোন অংশে তাহা প্রবল করিতে পারিবেন। এবং এই আইনের বিধানমতে উক্ত প্রদেশ নিবাসি লোকদের নামে মোকদ্দমা উপস্থিত করিতে হইলে তাহা যে আদালতে উপস্থিত করিতে হইবে তাহাও তিনি উক্ত মন্ত্রিবরের সম্মতি লইয়া নির্দ্দিষ্ট করিতে পারিবেন। এই আইন উক্ত উপনিবেশে প্রবর্ত্তিত হইলে যদি ভারতবর্ষের দণ্ডবিধির আইন তথায় তখন প্রবল না হইয়া থাকে, তবে সেই গবর্ণর সাহেব পূর্ব্বোক্ত মন্ত্রিবরের সম্মতি লইয়া যে কার্য্য প্রণালী স্থির করিবেন, তদনুসারে প্রত্যর্থির এই আইনমতে স্বয়ং উপস্থিত হওয়া প্রবল করা যাইতে পারিবে ইতি

THE FIRST SCHEDULE.

Form of Petition.

Stamp
Rs. two.

To the Judge of the Civil Court of

The day of 18 .

The petition of A. B. of

Sheweth—

1. That your Petitioner was born on or about the day of 18 .

2. That your Petitioner was on the day of in the year 18 lawfully married to C. D. at

3. That the said C. D. is now of the age of years or thereabouts.

4. That after his said marriage, your Petitioner lived and cohabited with his said wife at aforesaid until the day of 18 , and that there are now living children, and no more, of such marriage, aged respectively and years.

5. That previous to the day of 18 your Petitioner changed his religion for Christianity, and that on such day he was baptised and became a member of the Church of

6. That on the day of 18 [*at least six months prior to the date of the petition*] the said C. D. deserted your Petitioner, and has not since resumed cohabitation with him.

7. That such desertion was solely in consequence of your Petitioner's said change of religion.

8. That there is no collusion nor connivance between your Petitioner and the said C. D.

Your Petitioner therefore prays that your Honor will order the said C. D. to live and cohabit with your Petitioner, or declare that your Petitioner's marriage is dissolved.

A. B.

Form of Verification.

I, A. B., the Petitioner named in the above petition, do declare that what is stated therein is true to the best of my information and belief.

প্রথম তফসীল।

প্রার্থনাপত্রের পাঠ

২ টাকার
ইষ্টাম্প।

অমুক স্থানের দেওয়ানী আদালতের শ্রীযুত জজ সাহেব সমীপেষু।

১৮ সালের অমুক মাসের অমুক তারিখ।

অমুক স্থান নিবাসি শ্রী অমুকের এই প্রার্থনাপত্রদ্বারা এই নিবেদন করা যাইতেছে।

১। ১৮ সালের অমুক মাসের অমুক তারিখে কিম্বা প্রায় সেই সময়ে এই প্রার্থনাকারি আমার জন্ম হয়।

২। ১৮ সালের অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানে শ্রীমতী অমুকীর সহিত প্রার্থনাকারি আমার ব্যবস্থাসিদ্ধ বিবাহ হয়।

৩। এই বর্ত্তমান কালে উক্ত শ্রীমতী অমুকীর ন্যূনাধিক এত বৎসর বয়ঃক্রম হইয়াছে।

৪। পূর্ব্বোক্ত বিবাহ অবধি এই প্রার্থনাকারি আমি উক্ত পত্নীর সহিত থাকিয়া ১৮ সালের অমুক মাসের অমুক তারিখ পর্য্যন্ত পূর্ব্বোক্ত অমুক স্থানে সহবাস করিতাম। সেই বিবাহজাত কেবল এত সন্তান এখন জীবৎ আছে, তাহাদের প্রত্যেকের বয়ঃক্রম এই২, অর্থাৎ—

৫। ১৮ সালের অমুক মাসের অমুক তারিখের পূর্ব্বে এই প্রার্থনাকারি আমি ধর্ম্মান্তর গ্রহণ করিয়া খ্রীষ্টধর্ম্মাবলম্বী হইলাম, ও অমুক তারিখে বাপ্টাইজিত হইয়া অমুক স্থানের মণ্ডলীর অংশী হইলাম।

৬। ১৮ সালের অমুক মাসের অমুক তারিখে (অর্থাৎ প্রার্থনাপত্রের তারিখের অন্ততঃ ছয় মাস পূর্ব্বে) উক্ত শ্রীমতী অমুকী এই প্রার্থনাকারি আমাকে পরিত্যাগ করিয়া তদবধি আমার সঙ্গে আর সহবাস করেন নাই।

৭। এই প্রার্থনাকারি আমার ধর্ম্মান্তর গ্রহণ সেই পরিত্যাগের কারণ।

৮। এই বিষয়ে প্রার্থনাকারি আমার ও উক্ত শ্রীমতী অমুকীর মধ্যে কূটগণতা কি দোষের উপেক্ষা নাই।

অতএব প্রার্থনাকারি আমার নিবেদন এই যে আপনি অনুগ্রহ করিয়া উক্ত শ্রীমতী অমুকীকে আমার সহিত থাকিতে ও সংসর্গ করিতে আজ্ঞা করেন, অথবা আমার বিবাহ বন্ধন বিলুপ্ত হইবার অনুমতি দেন।

শ্রীঅমুক।

সত্যীকরণের পাঠ।

উপরি লিখিত প্রার্থনাপত্রের শ্রীঅমুক নামধেয় প্রার্থনাকারী আমি ইহাতে প্রতিজ্ঞা করিতেছি যে আমার জ্ঞান ও বিশ্বাসমতে এই প্রার্থনাপত্রের সকল কথা সত্য।

THE SECOND SCHEDULE.

Form of Citation in ordinary Cases.

To C. D. of

Whereas A. B. of claming to have been lawfully married to you the said C. D. has filed his [*or* her] petition against you in the Civil Court of alleging that you, the said C. D. have deserted him [*or* her] for six months solely in consequence of his [*or* her] having changed his [*or* her] religion for Christianity, and praying that unless you consent to live and cohabit with him [*or* her] it may be declared that his [*or* her] marriage is dissolved. Now this is to command you that, at the expiration of days [*at least one month*] from the date of the service of this on you, you do appear in the said Court then and there to make answer to the said petition, a copy whereof, sealed with the seal of the said Court, is herewith served upon you.

And take notice that, in default of your so appearing, you will be liable to punishment under Section 174 of the Indian Penal Code.

Dated the day of 18 .

(Signed) E. F.,

Judge of the Civil Court of

Indorsement to be made after service.

This citation was duly served by G. H. on the within named C. D. of at on the day of 18 .

(Signed) G. H.

THE THIRD SCHEDULE.

Form of Citation in case of Respondent exempt from appearance in Court.

To C. D. of

Whereas A. B. of claiming to have been lawfully married to you, the said C. D. has filed his [*or* her] petition against you in the Civil Court of alleging that you the said

[*Government Gazette,* 30*th January* 1866.]

দ্বিতীয় তফসীল।

সাধারণ স্থলে আহ্বানপত্রের পাঠ।

অমুক স্থান নিবাসি কি নিবাসিনী শ্রী অমুক প্রতি আগে।

অমুক স্থান নিবাসী কি নিবাসিনী শ্রী অমুক উপর লিখিত শ্রী অমুক অর্থাৎ তোমার সহিত ব্যবস্থাসিদ্ধ বিবাহ হইয়াছে বলিয়া অমুক স্থানের দেওয়ানী আদালতে তোমার নামে এই মর্ম্মের আবেদন পত্র অর্পণ করিয়াছেন, যে কেবল তাহার ধর্ম্মান্তর গ্রহণ অর্থাৎ খ্রীষ্টধর্ম্ম অবলম্বন প্রযুক্ত তুমি ছয় মাস অবধি তাহাকে ত্যাগ করিয়াছ, তাহাতে তাঁহার এই প্রার্থনা যে তুমি তাহার সঙ্গে বাস ও সংসর্গ করিতে সম্মত না হইলে, তাঁহার বিবাহ-বন্ধন বিলুপ্ত প্রকাশ হয়। অতএব ইহাদ্বারা তোমাকে এই আজ্ঞা করা যাইতেছে, যে তোমার প্রতি এই পত্র সমর্পিত হওন অবধি এত দিবস (অর্থাৎ অন্ততঃ এক মাস) অতীত হইলে তুমি উক্ত আদালতে উপস্থিত হইয়া উক্ত প্রার্থনাপত্রের উত্তর দেও। উক্ত আদালতের মোহরে মোহরাঙ্কিত ঐ পত্রের প্রতিলিপি ইহার সহিত তোমার প্রতি অর্পিত হইল।

আরো জানিবা যে ক্রমতে উপস্থিত না হইলে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭৪ ধারার নির্দ্দিষ্ট দণ্ড তোমার প্রতি বর্ত্তিবে।

১৮ সালের অমুক মাসের অমুক তারিখ।

শ্রী অমুক,

অমুক স্থানের দেওয়ানী আদালতের জজ।

পর্য্যর্পণের পরে লিখিতব্য পৃষ্ঠলিপি।

এই আহ্বানপত্র তন্মধ্যে উল্লিখিত অমুক স্থানের শ্রী অমুকের প্রতি ১৮ সালের অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানে শ্রীযুত অমুক অর্থাৎ আমাদ্বারা উচিতমতে পর্য্যর্পিত হইল।

শ্রী অমুক।

তৃতীয় তফসীল

প্রত্যর্থির আদালতে প্রবেশনহইতে মুক্ত হইলে আহ্বানপত্রের এই পাঠ।

শ্রী অমুক প্রতি আগে,

অমুক স্থানবাসি শ্রী অমুক তোমার সঙ্গে ব্যবস্থামতে বিবাহ হইয়াছে বলিয়া অমুক স্থানের আদালতে তোমার নামে এই আবেদন পত্র অর্পণ করিয়াছেন। বিশেষতঃ তাঁহার কেবল খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বন করণ প্রযুক্ত

C. D. have deserted him [*or* her] for six months solely in consequence of his [*or* her] having changed his [*or* her] religion for Christianity, and praying that, unless you consent to cohabit with him [*or* her,] it may be declared that his [*or* her] marriage is dissolved. Now this is to command you that, at the expiration of days [at least one month] from the service of this on you, you do hold yourself in readiness to answer and do answer such interrogatories as may be put to you by Commissioners duly authorized in that behalf under a Commission issued by this Court, in reference to the said petition, a copy whereof, sealed with the seal of the said Court, is herewith served upon you.

And take notice that, in default of your so holding yourself in readiness and answering such interrogatories, you will be liable to punishment under Section 174 of the Indian Penal Code.

Dated the day of 18 .

(Signed) E. F.
Judge of the Civil Court of

Indorsement to be made after service.

This citation was duly served by G. H. on the within named C. D. of at on the day of 186

(Signed) G. H.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative).

তুমি তাঁহাকে ছয় মাস পর্য্যন্ত ত্যাগ করিয়াছ, তাহাতে তাহার এই প্রার্থনা যে তুমি তাহার সঙ্গে সহবাস করিতে সম্মত না হইলে তাঁহার বিবাহ বন্ধন বিলুপ্ত প্রকাশ হয়। এইক্ষণে তোমাকে এতদ্দ্বারা আজ্ঞা করা যাইতেছে, যে এই পত্র তোমার প্রতি পর্য্যর্পিত হইলে পর এত দিন. (অন্ততঃ এক মাস) অতীত হইলে তোমার নিকটে প্রশ্ন করিবার জন্যে যে দূতেরা এই আদালতের প্রচারিত ক্ষমতাক্রমে উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত হইবেন, তাঁহারা উক্ত প্রার্থনাপত্র সম্পর্কে তোমাকে যে সকল কথা জিজ্ঞাসা করেন তাহার উত্তর করিতে প্রস্তুত হইয়া উত্তর দিবা। ঐ প্রার্থনাপত্রের প্রতিলিপি উক্ত আদালতের মোহরে মোহরাঙ্কিত হইয়া এই পত্র সহিত তোমাকে দেওয়া যাইবে।

আরো জানিবা যদি তদ্রূপে প্রস্তুত না হও ও সেই প্রশ্নের উত্তর না কর তবে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৪ ধারামতে তোমার দণ্ড হইতে পারিবে।

সাল তাং

(স্বাক্ষর) শ্রী অমুক
অমুক আদালতের জজ।

পর্য্যর্পণ হইলে পর পত্রের পৃষ্ঠলিপি এই।

শ্রী অমুক এই পত্র লিখিত শ্রী অমুকের প্রতি অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানে এই পত্র পর্য্যর্পণ করিলেন।

(স্বাক্ষর) শ্রী অমুক।

উইটলি ষ্টোকস।
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(Civil Side.)

No. 1.

From the Offg. Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to the Civil Judges in the Lower Provinces,—(dated Calcutta, the 11th January 1866.)

IT is hereby notified for general information that the High Court and its subordinate Civil Courts will be closed in the year 1866 on the dates indicated in the annexed Memorandum.

By order of the High Court,

(Signed) G. G. MORRIS,
Offg. Registrar.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলর অর্ডর।

দেওয়ানিপক্ষ।

১ নম্বর।

বঙ্গপ্রভৃতিদেশের শ্রীযুত সিবিল জজ সাহেবদের নিকটে ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের একটিং রেজিষ্ট্রার সাহেবের পত্র। কলিকাতা ১৮৬৬ সাল ১১ জানুআরি।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণ লোকের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে যে ১৮৬৬ সালের পশ্চাৎ লিখিত সকল দিবসে হাই কোর্ট ও তাহার অধীন সকল দেওয়ানী আদালত বন্দ হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

জি জি মরিস,
একটিং রেজিষ্ট্রার।

List of the Holidays for the Year 1866.

Names of Holidays.	English Month.	Bengalee Month.	Days of the week.	Number of days.	REMARKS.
New Year's Day and the two days following ...	1st to 3rd January ...	18th to 20th Pous 1272 ...	Monday to Wednesday	3 days.	
Shubi-burrat ...	3rd January ...	20th Pous 1272 ...	Wednesday ...	1 day.	
Bussunt Punchoomee ...	21st and 22nd January ...	9th and 10th Maugh 1272 ...	Sunday and Monday	2 days.	
Shibo Rattree ...	13th and 14th February ...	3rd and 4th Falgoon 1272 ...	Tuesday and Wednesday ..	2 days.	
Eedool-fetter ...	18th and 19th February ...	8th and 9th Falgoon 1272 ...	Sunday and Monday	2 days	But if the Moon be not visible on the 17th of February, then on the 19th and 20th of February.
Dole Jattra ...	1st and 2nd March ...	19th and 20th Falgoon 1272 ..	Thursday and Friday	2 days.	
Baroonee Asnan ...	15th March ...	3rd Chyte 1272 ...	Thursday ...	1 day.	
Ram Nubomee ...	25th March ...	13th Chyte 1272 ...	Sunday ...	1 day.	
Good Friday and the day following.	30th and 31st March ...	18th and 19th Chyte 1272 ...	Friday and Saturday	2 days.	
Mohabishum Saunkrantee ...	12th April ...	31st Chyte 1272 ...	Thursday ...	1 day.	
Edooz Zooha	26th and 27th April ...	14th and 15th Bysakh 1273 ...	Thursday and Friday	2 days.	But if the Moon be not visible on the 16th of April, then on the 27th and 28th of April.
Mohurum, including Queen's Birth-day and the day before, *viz.*, 23rd and 24th May ...	21st to 25th May ...	8th to 12th Justee 1273 ...	Tuesday to Sunday	5 days.	But if the Moon be not visible on the 16th of May, then from the 22nd to the 26th of May.
Dussehra Gunga Asnan ...	22nd June ...	9th Assar 1273 ...	Friday ...	1 day.	
Akhiree Chahaar Shumbah ...	11th July ...	22nd Assar 1273 ...	Wednesday ...	1 day.	

[*Government Gazette*, 30*th January* 1866.]

Name of Holiday.	English Month.	Bengalee Month.	Date of the week.	Number of days.	REMARKS.
Ruth Jattra ...	14th July ..	31st Assar 1273 ...	Saturday ...	1 day.	
Oolta Ruth ..	22nd July ...	7th Srabun 1273 ...	Sunday ...	1 day.	
Futiha Doazduhom ...	25th July ..	10th Srabun 1273 ...	Tuesday ...	1 day.	
Jummo Ustoomee ...	1st and 2nd September ...	17th and 18th Bhadro 1273 ...	Saturday & Sunday	2 days.	
Dusserah vacation, including Mohaloyah, Lukhi Poojah, Dewalli, Bhratriditia, Kartik Poojah, and Juggudhatree ...	8th Oct. to 17th Nov. ...	23rd Assin to 3rd Aghran 1273	Monday to Saturday	10 days.	
Christmas Day and the two days following ...	25th to 27th December ...	11th to 13th Pous 1273 ...	Tuesday to Thursday	3 days.	

১৮৬৭ সালের ছুটীর ফর্দ্দ

পর্ব্বের নাম	ইংরেজী মাস	বাঙ্গলা মাস	সপ্তাহের দিন	যত দিন	মন্তব্য
বৎসরারম্ভ ও তৎপরের দুই দিন ...	১, ২ ৩, জানুআরি ...	১২৭২ সাল ১৮ অবধি ২০ পৌষ পর্য্যন্ত ...	সোমবার অবধি বুধবার পর্য্যন্ত ...	৩ দিন	
শুবিবরাত	৩ জানুআরি ...	ঐ ২০ পৌষ ...	বুধবার ...	১ দিন	
বসন্ত পঞ্চমী ...	২১ ও ২২ জানুআরি ...	ঐ ৯ ও ১০ মাঘ ...	রবি ও সোমবার ...	২ দিন	
শিবরাত্রি ...	১৩ ও ১৪ ফেব্রুআরি ...	ঐ ৩ ও ৪ ফাল্গুন ...	মঙ্গল ও বুধবার ...	২ দিন	
ইদুলফিত্র ...	১৮ ও ১৯ ফেব্রুআরি ...	ঐ ৮ ও ৯ ফাল্গুন ...	রবি ও সোমবার ...	২ দিন ...	কিন্তু যদি চন্দ্র ১৭ ফেব্রুআরি তারিখে দৃষ্ট না হয় তবে ১৯ ও ২০ ফেব্রুআরি।

দোলযাত্রা ...	১ ও ২ মার্চ ...	ঐ ১৯ ও ২০ ফাল্গুন ...	বৃহস্পতি ও শুক্রবার ...	২ দিন	
বাৰুণী স্নান ...	১৫ মার্চ ...	ঐ ৩ চৈত্র ...	বৃহস্পতিবার ...	১ দিন	
শ্রীরামনবমী ...	২৫ মার্চ ...	ঐ ১৩ চৈত্র ...	রবিবার ...	১ দিন	
গুডফ্রাইডে ও তৎপর দিন ...	৩০ ও ৩১ মার্চ ...	ঐ ১৮ ও ১৯ চৈত্র ...	শুক্র ও শনিবার ...	২ দিন	
মহাবিষুব সংক্রান্তি ...	১২ আপ্রিল ...	ঐ ৩১ চৈত্র ...	বৃহস্পতিবার ...	১ দিন	
ইদুজ্জহা ...	২৬ ২৭আপ্রি ল ...	১২৭৩ সাল ১৪ ও ১৫ বৈশাখ ...	বৃহস্পতি ও শুক্রবার ...	২ দিন ...	কিন্তু যদি চন্দ্র ১৬ আপ্রিল তারিখে দৃষ্ট না হয় তবে ২৭ ও ২৮ আপ্রিল।
মহরম ও তৎসহ মহারাণীর জন্মদিন ও তৎপূর্ব্ব দিন অর্থাৎ ২৩ ও ২৪ মে	২১ অবধি ২৫ মে পর্য্যন্ত ...	ঐ ৮ অবধি ১২ জ্যৈষ্ঠ পর্য্যন্ত	মঙ্গল অবধি রবিবার পর্য্যন্ত ...	৫ দিন ...	কিন্তু যদি চন্দ্র ১৬ মে তারিখে দৃষ্ট না হয়, তবে ২২ অবধি ২৬ মে পর্য্যন্ত।
দশহরা গঙ্গাস্নান ...	২২ জুন ...	ঐ ৯ আষাঢ় ...	শুক্রবার ...	১ দিন	
আখেরি চাহার সম্বা ...	১১ জুলাই ...	ঐ ২২ আষাঢ় ...	বুধবার ...	১ দিন	
রথ যাত্রা ...	১৪ জুলাই ...	ঐ ৩১ আষাঢ় ...	শনিবার ...	১ দিন	
উল্টারথ ...	২২ জুলাই ...	ঐ ৮ শ্রাবণ ...	রবিবার ...	১ দিন	
ফতেহাজদহম ...	২৫ জুলাই ...	ঐ ১০ শ্রাবণ ...	মঙ্গলবার ...	১ দিন	
জন্মাষ্টমী ...	১ ও ২ সেপ্টেম্বর ...	ঐ ১৭ ও ১৮ ভাদ্র ...	শনি ও রবিবার ...	২ দিন	
দুর্গোৎসবের বন্দ, তন্মধ্যে মহালয়া লক্ষ্মীপূজা, দেওয়ালী ও ভ্রাতৃদ্বিতীয়া ও কার্ত্তিক পূজা ও জগদ্ধাত্রী পূজা ...	৮ অকুটোর অবধি ১৭ নবেম্বর পর্য্যন্ত ...	ঐ ২৩ আশ্বিন অবধি ৩ অগ্রাহণ পর্য্যন্ত ...	সোমবার অবধি শনিবার পর্য্যন্ত ...	৪০ দিন	
কৃস্মিস্ ডে ও তৎপরের দুই দিন..	২৫ অবধি ২৭ ডিসেম্বর পর্য্যন্ত ...	ঐ ১১ অবধি ১৩ পৌষ পর্য্যন্ত ...	মঙ্গল অবধি বৃহস্পতি পর্য্যন্ত ...	৩ দিন	

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[*Government Gazette, 30th January* 1866.]

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 504.

APPOINTMENTS.

The 13th January 1866.

Mr. C. B. Clarke, M. A., Fellow of Queen's College, Cambridge, is appointed to be a Professor in the Presidency College, and is placed in the Third Grade of the Bengal Educational Service.

The 15th January 1866.

Mr. J. R. Hallett to be an Assistant to the Magistrate and Collector of Bancoorah, with effect from the date on which he may have joined that Station, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

This cancels Mr. Hallett's appointment to Hooghly, and Mr. T. M. Kirkwood's transfer to Bancoorah, notified in the *Calcutta Gazette* of the 20th ultimo.

The following gentlemen to form a Local Committee of Public Instruction at Hazareebaugh, *viz.*:—

Maharaja Ramnath Sing.
Baboo Kalidass Paulit.
Tikait Chooramun Sing, of Domchanch.

The 16th January 1866.

The following gentlemen to be Municipal Commissioners of the Towns mentioned, *viz.*:—

Mr. J. C. Price … „ R. Pereira … Baboo Ishwar Chunder Bose	In the Town of Chittagong.
Mr. R. F. Graham … „ T. H. Evans …	In the Town of Darjeeling.

Mr. G. W. Vivian to be a Member of the Local Committee of Public Instruction at Berhampore.

The 17th January 1866.

Mr. F. Tucker, Judge of Dinagepore, is vested with the powers of a Special Commissioner under Regulation III. of 1828.

Mr. C. E. C. Merington, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Aurungabad, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, and those of a Deputy Collector, in Gya. Mr. Merington is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or by the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৩০ জানুআরি।]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

---

৫০৪ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ১৩ জানুআরি।

কেম্ব্রিজের কুইন্স কালেজের সহযোগী শ্রীযুত সি বি ক্লার্ক সাহেব এম, এ, প্রেসিডেন্সী কালেজে অধ্যাপকের পদে নিযুক্ত হইয়া বঙ্গদেশের শিক্ষকতা কার্য্যের তৃতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৬৬ সাল ১৫ জানুআরি।

শ্রীযুত জে আর হালেট সাহেব বাঁকুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন, তিনি যে তারিখে তথায় পঁহুছিবেন সেই তারিখ অবধি নিয়োগ প্রবল হইবে, এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

গত মাসের ২৬ তারিখের বাঙ্গলা গেজেটে শ্রীযুত হালেট সাহেবের হুগলীতে নিযুক্ত, ও শ্রীযুত টি এম কার্কউড সাহেবের বাঁকুড়ায় স্থানান্তরিত হইবার যে কথা প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা হাজারীবাগে সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত মহারাজা রামনাথ সিংহ।
„ বাবু কালিদাস পালিত।
ডোমচাঁচের শ্রীযুত টিকায় চূড়ামন্ সিংহ।

১৮৬৬ সাল ১৬ জানুআরি।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা পশ্চাৎ লিখিত শহরে মুনিসিপল কমিস্যনর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত জে সি প্রাইস সাহেব। „ আর পেরিরা সাহেব। „ বাবু ঈশ্বরচন্দ্র বসু।	চট্টগ্রাম শহরে।
শ্রীযুত আর এফ গ্রাহাম সাহেব। „ টি এচ ইবান্স সাহেব।	দার্জ্জিলিঙ্গ শহরে।

শ্রীযুত জি ডবলিউ বিবিয়ান সাহেব বহরমপুরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটির মেম্বর হইবেন।

১৮৬৬ সাল ১৭ জানুআরি।

দিনাজপুরের জজ শ্রীযুত এফ টকর সাহেব ১৮২৮ সালের ৩ আইন[illegible]তে খাস কমিস্যনরের ক্ষমতা পাইয়াছেন।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি ই সি মেরিংটন সাহেব আর[illegible]বাদ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও গয়াতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম [illegible] অনুসন্ধান করিতে এবং উক্ত সেশন আদা[illegible] কিম্বা হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কি তাহাদের হাজির উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

Mr. J. R. Hallett to be a Member of the Local Committee of Public Instruction at Bancoorah.

Mr. J. Boxwell, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Jumalpore, and to exercise the powers of a Magistrate and Deputy Collector in Mymensing.

Baboo Kali Chunder Banerjee, Deputy Magistrate and Deputy Collector of Jumalpore, is transferred to the Sudder Station of Mymensing.

The 18th January 1866.

Mr. J. A. Hopkins, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Raneegunge, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, and those of a Deputy Collector, in Bancoorah. Mr. Hopkins is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or by the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

This cancels the appointment of Mr. W. M. Souttar, notified in the *Calcutta Gazette* of the 17th instant.

Mr. H. W. Mackenzie, Extra Assistant Commissioner of Burpettah, is temporarily deputed to Gowhatty.

Moonshee Kefaitoollah, Principal Sudder Ameen of Kamroop, is placed in temporary charge of the Sub-Division of Burpettah.

Mr. H. J. Reynolds to officiate as Magistrate and Collector of Mymensing.

Mr. W. V. G. Tayler to be a Municipal Commissioner for the Town of Burdwan and to be Vice-Chairman of the Commissioners.

Mr. J. Ross to be a Municipal Commissioner for the Town of Howrah.

The 20th January 1866.

Moulvy Moazzim Hossein to be Sudder Ameen of Rajshahye, and Moonsiff of the Sudder Station of that District, but to continue to officiate, until further orders, as Sudder Ameen and Sudder Moonsiff of Chittagong.

Baboo Brojomohun Dutt to officiate as Sudder Ameen of Rajshahye, and Moonsiff of the Sudder Station of that District.

LEAVE OF ABSENCE.

The 22nd December 1865.

Mr. W. H. Henderson, Magistrate and Collector of Mymensing, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

শ্রীযুত জে আর হালেট সাহেব বাঁকুড়ার সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে বক্সওয়েল সাহেব জামালপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও ময়মুনসিংহে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

জামালপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীচন্দ্র বন্দ্যোপাধ্যায় ময়মুনসিংহের সদর মোকামে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৫ সাল ১৮ জানুআরি।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে এ হপকিন্স সাহেব রাণীগঞ্জ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, এবং বাঁকুড়াতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলীয় অনুসন্ধান করিতে ও উক্ত সেশন আদালতের কিম্বা হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কি তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে কিম্বা তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

এই মাসের ২৩ তারিখের বাঙ্গলা গেজেটে শ্রীযুত ডবলিউ এম স্থটর সাহেবের নিযুক্ত হওনের যে কথা প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

বড়পেটার অতিরিক্ত আসিস্টাণ্ট কমিস্যনর শ্রীযুত এচ ডবলিউ মাকেঞ্জি সাহেব কিয়ৎকালের নিমিত্তে রাজকীয় কার্য্যার্থে গৌহাটী গমন করিয়াছেন।

কামরূপের প্রধান সদর আমীন শ্রীযুত মুনশী কিফায়ৎউল্লা কিয়ৎকালের নিমিত্তে বড়পেটা শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন।

শ্রীযুত এচ জে রেনলডস্ সাহেব ময়মুনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব, বর্দ্ধমান শহরের মুনিসিপল কমিস্যনর এবং কমিস্যনরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

শ্রীযুত জে রাস সাহেব হাবড়া শহরের মুনিসিপল কমিস্যনর হইবেন।

১৮৬৬ সাল ২০ জানুআরি।

শ্রীযুত মৌলবী মোয়াজ্জিম হুসেন রাজশাহীর সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত চট্টগ্রামের সদর আমীনের ও সদর মুনসেফের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত বাবু ব্রজমোহন দত্ত রাজশাহীর সদর আমীনের ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৫ সাল ২২ ডিসেম্বর।

ময়মুনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

The 15*th January* 1866.

Dr. F. J. Earle, Civil Assistant Surgeon of Nuddea, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may be relieved by his successor.

The 17*th January* 1866.

Baboo Heeranund Misser, Deputy Magistrate and Deputy Collector of Mymensing, lately transferred to Gya, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. H. J. Reynolds, Superintendent of Survey, Third Division, for six days, in extension of the leave granted to him under orders of the 1st November last, to enable him to join his appointment at Dacca.

The 18*th January* 1866.

Mr. F. Wilcox, Assistant Superintendent of Police, Darjeeling, for two months, from the 1st proximo, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, No. 255, dated 8th November 1865.

Mr. J. T. Worsley, Deputy Magistrate and Deputy Collector of Nowadah, for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, No. 255, dated 8th November 1865.

Lieutenant E. H. Conolly, District Superintendent of Police, Nuddea, for nine days, preparatory to proceeding to Europe on sick leave.

Syed Furreedooddeen, Sudder Ameen of Sarun, for fifteen days, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules. The Principal Sudder Ameen of Sarun will remain in charge of the Sudder Ameen's office during this period.

Major D. Osborn, District Superintendent of Police, Burdwan, for eight days, from the 13th instant, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

Baboo Gocool Chunder Roy, Deputy Magistrate and Deputy Collector of Noacolly, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. J. Chapman, Assistant Superintendent of Police, Rajshahye, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. W. D. Pratt, Assistant Superintendent of Police, Tipperah, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules from the date on which he may avail himself of the leave.

১৮৬৬ সাল ১৫ জানুআরি।

নদীয়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত এফ, জে, অরল সাহেব তাঁহার পদপ্রাপ্তি দ্বারা যে তারিখে অবকাশ পান সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৭ জানুআরি।

ময়মনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হীরানন্দ মিশ্র, সম্প্রতি গয়ায় নিযুক্ত হইয়াছেন, তিনি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

তৃতীয় খণ্ডের জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ জে রেনলডস সাহেব ঢাকায় আপন কর্ম্মে পঁহুছিতে পারিবার নিমিত্তে গত নবেম্বর মাসের ১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত ছয় দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৮ জানুআরি।

দার্জ্জিলিঙ্গের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ উইল কক্স সাহেব ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের ২৫৫ নম্বরের আজ্ঞামতে আগামি মাসের ১ তারিখ অবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

নবদহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে টি ওর্সলী সাহেব ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের ২৫৫ নম্বরের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

নদীয়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত এফ এচ কনলি সাহেব পীড়ার ছুটীক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে নয় দিনের ছুটী পাইয়াছেন।

সারণের সদর আমীন শ্রীযুত সৈয়দ ফরীদউদ্দীন অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন, তাঁহার অনুপস্থান কালে সারণের প্রধান সদর আমীনের প্রতি সদর আমীনের কার্য্যালয়ের কর্ম্মের ভার থাকিবে।

বর্দ্ধমানের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট মেজর শ্রীযুত ডি অস্বর্ণ সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে এই মাসের ১৩ তারিখ অবধি আট দিনের ছুটী পাইয়াছেন।

নওয়াখালীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোকুলচন্দ্র রায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে চাপমান সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ ডি প্রাট সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটীর পাইয়াছেন।

The 19th January 1866.

Mr. H. Doveton, Deputy Magistrate and Deputy Collector of Tirhoot, for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, No. 255, dated 8th November 1865.

২৩৮	৮০৪	পরগণে বৈকণ্ঠপুরের অন্তঃপাতী সরকারি ডিক্রীর মহাল জজিরা চর হকিকতপুরের তৃতীয়গণ্ড ...	২১৭৮।৩।১২	১৪৭৮।৶০	১৪০৸	১৪৯২৶০	ঐ

E. E. Lowis.
Offg. Collector.

জিলা ত্রিপুরা।

ইস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা ত্রিপুরা।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলার মধ্যবর্ত্তি নিম্নের লিখিত খাস মহালের গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৬ সালের ১ ফেব্রুআরি মোতাবেক ১২৭২ বাঙ্গলা ২০ মাঘ বৃহস্পতিবার জিলার কালেক্টরির কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি।

রাজকীয় মহালের তৌজিয়তের নম্বর	জিলার বহীর নম্বর	মহাল ও পরগনার নাম	যত একর পরিমাণ	সদর জমা			নীলামে প্রথম ডাক	মন্তব্য কথা।
				মার্ব্বাকরা রাজস্ব	রাস্তার টাকা	মোট		
			এঃ রুঃ পঃ					
১৪ ১৮৬৩।৬৪	৭৮১	তং ফরকাবাদ তালুক ছিশাবাদী মং ৵৫ গণ্ডা হিঃ কিঃ নীরুয়া ...	২।১।৮	৩৲	/০	৩/০	৬৲	
১ ১৮৬৩।৬৪	১৬৯০	পং সিংহের গাঁও তালুক জগন্নাথ দেও কিঃ থারদী ...	৪।০।৩৭	৪৲	/০	৪/০	৮৲	
৭ ১৮৬৩।৬৪	১২৬৭	পং মহব্বতপুর তালুক রাজকৃষ্ণ চন্দ কিঃ ব্রাহ্মণ দী ..	৯।৩।২১	৩॥০	৵০	৩॥/০	৭৲	
৯ ১৮৬৩।৬৪	১১৬৫	পং তথা তালুক নরসিংহ চক্র কিঃ খেরু দিয়া ...	৪।০।৩৫	২৲	০	২৲	৪৲	
১০ ১৮৬৩।৬৪	৫৬২	পং পুরচণ্ডী তালুক গদাধর বিদ্যাবাগীশ কিঃ প্রসন্নপুর ...	১৩।০।১৬	৩৸০	/০	৩৸/০	৭॥০	
২ ১৮৬৩।৬৪	৬৩১	পং তথা তালুক রামকাম দেব ..	৯।০।২০	৩॥০	/০	৩॥/০	৭৲	
৫ ১৮৬৩।৬৪	১৯১	পং গুণানন্দী তালুক মাহাম্মদ রেজা ..	২।১।১৮	১।০	০	১।০	২॥০	
৩ সন তথা	৫৫৪	পং পুরচণ্ডী তালুক কামদেব দত্ত ...	০।০।২	।০	০	।০	২॥০	এই দুই মহাল লাখেরাজ স্বত্বে বিক্রয় হইবেক।
৪ সন তথা	১১৭১	পং মহব্বতপুর তালুক প্রাণকৃষ্ণ দাস ..	০।৩।০	।০	০	।০	২॥০	

R. L. Mangles,
Collector.

জেলা ভাগলপুর।

ইস্তাহারনামা কাছারি কালেকূটরি জেলা ভাগলপুর।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অত্র কালেকূটরি স্থিত নিম্নের ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৬৬ সালের ২৮ মার্চ মোতাবেক ফসলি ১২৭৩ সালের ২৭ চৈত্র বুধবার ভাগলপুর জেলার কালেকূটরিতে বিক্রয় হইবেক ইতি।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহাদের এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয় নিয়মের অধীনে থাকিতে হইবেক।

রাজকীয় মহালের তৌজিতের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	পরিমাণ যত একর	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				যত টাকা জমা ধার্য্য আছে।	রাস্তার টাকস।	মোট।		
২০৪ ১৮৫৯	৯৪	জাগীর নাছের তগেল থানা উধয়ানালা পরগনে কাঁকজোল …	এঃ রূঃ পঃ ০।৩।৩৭ ৩ বিঘা	১।০	৩	১৷৩	২॥০	

জেলা ভাগলপুর কাছারি কালেকটরি তারিখ ১১ জানুআরি ১৮৬৬ সাল।

R. L. Mangles,
Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1384. ১৩৮৪)

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 6, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৬ ফেব্রুআরি।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill was read in the Council of he Lieutenant-Governor of Bengal for the purose of making Laws and Regulations on the 0th January 1866, and was referred to a Select Committee who are to report thereon after the 4th of February next:—

[PERSONS desirous of making suggestions with ference to the provisions of the Bill are invited communicate as early as possible with the ssistant Secretary, in order that their communiitions may be laid before the Select Committee fore the Report is completed and submitted to e Council.]

Bill to provide for the acquisition of Land for Embankments, and other matters relating thereto.

[Preamble.]

WHEREAS it has been deemed expedient to make ter provision for the acquisition of land required embankments and for the adjustment of the ility of the persons whose estates derive benefit

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক কর্ম্মবিভাগ।

আইনের পশ্চাৎ লিখিত পাণ্ডুলিপি ১৮৬৬ সালের ২০ জানুআরি তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল। আগামি ফেব্রুআরি মাসের ২৪ তারিখের পরে তাঁহারা সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

[যাঁহারা এই পাণ্ডুলিপির বিধান বিষয়ে কোন প্রস্তাবাদি করিতে ইচ্ছুক হন, মনোনীত কমিটীর রিপোর্ট সমাপ্ত হইয়া মন্ত্রি সভায় সমর্পিত হওনের পূর্ব্বে ঐ কমিটীর নিকটে তাঁহাদের সেই প্রস্তাবাদি অর্পণ করা যায় এই নিমিত্তে আসিষ্টাণ্ট সেক্রেটারী সাহেবের নিকটে তাঁহাদের দ্বারায় পত্র লেখা প্রয়োজন।]

বাঁধ প্রস্তুত করিবার জন্যে ভূমি গ্রহণের এবং তৎসম্পর্কীয় অন্যান্য ব্যাপারের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বাঁধ প্রস্তুত করণার্থ যে ভূমির প্রয়োজন তাহা গ্রহণ করিবার এবং তদ্দ্বারা যে ব্যক্তিদের সম্পত্তির উপকার তাঁহাদিগের সেই ভূমির মূল্য কিম্বা সেই বাঁধেতে যে কোন জলদ্বার নির্ম্মিত হয় তাহার ব্যয় দিবার

therefrom to bear the cost of such land or of any sluices which may be constructed in such embankments; It is enacted as follows :—

[Lands required for certain embankments to be deemed to be required for a public purpose.]

I. All lands which it may be necessary to take possession of for the construction, enlargement, or alteration of any embankment the superintendence or charge of which is vested in an Officer of Government, shall be deemed to be required for a public purpose, and the provisions of any law at the time being in force for the acquisition of land for public [illegible] shall be applicable to the acquisition, of [illegible] Provided that in any declaration made [illegible] the Government that such land is required for a public purpose it shall not be necessary to state [illegible] land is to be taken at the public expense. [illegible] further that the amount of compensation awarded for such land shall be paid, with interest at the rate of six per centum per annum, calculated from the time when the land was taken possession of by the Officer in charge of the embankment, so soon as such amount, with interest as aforesaid, shall have been levied by the Collector in the manner hereinafter mentioned.

[Collector to serve notices on owners of estates likely to be benefited.]

II. As soon as any land has been taken possession of under the provisions of the law as aforesaid, it shall be lawful for the Collector to cause a notice to be served on the owner of each estate which may appear likely to be benefited by the construction, enlargement, or alteration of the embankment for which such land is required, stating that such land has been taken up for the purposes of the embankment, and that an enquiry is about to be held, at the time and place therein specified, for the purpose of distributing the cost of the said land rateably amongst the several persons benefited by the construction, enlargement, or alteration of the said embankment, in proportion to the benefit which may have accrued to their several estates thereby. Where the owner of the estate to be benefited does not reside in or is absent from, the district in which the land is taken up for embankment purposes, the notice may be served on the local Agent of such owner, and where no such local Agent is to be found, it shall be sufficient to affix the notice in some conspicuous part of the estate.

[Mode of enquiry as to the proportion chargeable to each estate.]

III. On the day fixed in the notice, which shall not be less than one month later than the date of service of such notice, the Collector shall

দায় নির্ণয় করণের সুবিধান করা বিহিত, এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান করা যাইতেছে।

[কোন২ বাঁধ প্রস্তুত করিবার জন্যে যে ভূমির প্রয়োজন তাহা রাজকীয় কার্য্যার্থে প্রয়োজনীয় ভূমি বুঝ হইবার কথা।]

১ ধারা। গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের প্রতি যে২ বাঁধের অবেক্ষণ কি তত্ত্বাবধান করণের ভার অর্পিত হয়, এমত কোন বাঁধ প্রস্তুত কি বৃদ্ধি কি পরিবর্ত্তন করণার্থে যে সকল ভূমির অধিকার করা আবশ্যক তাহা রাজকীয় কার্য্যার্থে প্রয়োজনীয় ভূমি জ্ঞান হইবে। এবং রাজকীয় কার্য্যার্থে ভূমি গ্রহণের যে কোন বিধি যৎকালে প্রবল থাকে সেই ভূমি গ্রহণের প্রতি সেই বিধি বর্ত্তিবে। পরন্তু রাজকীয় কার্য্যার্থে ঐ ভূমি লওয়া প্রয়োজন, গবর্ণমেণ্ট যখন এই কথা প্রকাশ করেন, তখন সেই ভূমি রাজকীয় অর্থ ব্যয়ে লওয়া যাইবে এই কথা জ্ঞাপন করা আবশ্যক হইবে না। আরো বাঁধের তত্ত্বাবধায়ি কার্য্যকারক যে সময়ে ভূমি অধিকার করেন, সেই সময় অবধি ঐ ভূমির অবধারিত মূল্যের উপর বৎসরে শতকরা ছয় টাকার হিসাবে সুদ চলিবে। কালেক্টর সাহেবের দ্বারা পশ্চাৎ লিখিত প্রকারে পূর্ব্বোক্ত সুদসুদ্ধ ভূমির সেই মূল্য আদায় করা গেলে দেওয়া যাইবে ইতি।

[যে স্বামিদের সম্পত্তির উপকার সম্ভাবনা তাহাদিগকে কালেক্টর সাহেবের জ্ঞাপনপত্র দিবার কথা।]

২ ধারা। আইনের বিধানমতে কোন ভূমি পূর্ব্বোক্ত প্রকারে অধিকার করা গেলে পর, যে বাঁধ প্রস্তুত কি বৃদ্ধি কি পরিবর্ত্তন করণার্থে ঐ ভূমির প্রয়োজন হয় তদ্দ্বারা যে২ সম্পত্তির উপকার সম্ভাবনা, কালেক্টর সাহেব সেই প্রত্যেক সম্পত্তির স্বামিকে এই মর্ম্মের জ্ঞাপনপত্র দিবেন, বিশেষতঃ উক্ত ভূমি বাঁধের জন্যে লওয়া গিয়াছে এবং উক্ত বাঁধ প্রস্তুত কি বৃদ্ধি কি পরিবর্ত্তন করণদ্বারা যে২ লোকদের উপকার হয় তাঁহাদের প্রত্যেক জনের সম্পত্তির যে পর্য্যন্ত উপকার হইয়াছে তদনুসারে উক্ত ভূমিঘটিত ব্যয় তাঁহাদের মধ্যে অংশ করিয়া নিরূপণ করণার্থে এই জ্ঞাপনপত্রের নির্দ্ধারিত সময়ে ও স্থানে অনুসন্ধান হইবে। যে প্রদেশের মধ্যে বাঁধের নিমিত্ত ভূমি লওয়া গিয়াছে, উপকার প্রাপ্তব্য সম্পত্তির স্বামী যদি সেই প্রদেশে বাস না করেন কিম্বা যদি অনুপস্থিত হন, তবে তৎস্থানে সেই স্বামির পক্ষীয় যে প্রতিনিধি থাকেন তাহাকে সেই জ্ঞাপনপত্র দেওয়া যাইতে পারিবে। যদি তদ্রূপ স্থানার প্রতিনিধিকে না পাওয়া যায়, তবে ঐ জ্ঞাপনপত্র সম্পত্তির কোন প্রকাশ স্থানে লটকাইয়া দিলেই যথেষ্ট ইতি।

[প্রত্যেক সম্পত্তির প্রতি ব্যয়ের যে অংশ ধার্য্য হইবে তাহার অনুসন্ধানের নিয়মের কথা।]

৩ ধারা। ঐ বাঁধ প্রস্তুত কি বৃদ্ধি কি পরিবর্ত্তন করণ দ্বারা যে২ সম্পত্তির যে অংশে উপকার সম্ভাবনা তাহা নিরূপণ করণার্থে কালেক্টর সাহেব ঐ জ্ঞাপন-

proceed to make the necessary enquiry for the determination of the proportion in which the estates affected by the construction, enlargement, or alteration of the embankment will be benefited thereby. In making this enquiry he shall receive such evidence as may be tendered by or on behalf of the owners of estates which may appear likely to be benefited by the construction, enlargement, or alteration of the embankment as aforesaid, and by any other persons who may claim to be interested in the said enquiry, and he may make or cause to be made such local investigation, and call for such documents and examine such witnesses on solemn affirmation as he may think necessary, and all the provisions of the law for the time being in force in regard to the examination of witnesses and production of documents shall be applicable to enquiries conducted by the Collector under this Act.

[Collector to make an award declaring the amount to be paid by each owner.]

IV. It shall be lawful for the Collector, after the completion of the enquiry described in the last preceding Section, to make an award distributing the amount to be paid for the land taken up for the embankment as aforesaid amongst the several owners of the estates benefited thereby, in proportion to the degree in which each may be adjudged to have benefited by the construction, enlargement, or alteration of such embankment, and such award shall not be open to revision on appeal. But the owner of an estate affected by this award may institute an action in the Civil Court against any of the owners of the other estates concerned, for the recovery of any portion of the amount which may be proved to have been unjustly levied from him under the Collector's award. And it shall not be competent to any Civil Court to entertain a suit for setting aside the Collector's award under this Act otherwise than is hereinbefore expressly provided.

[Costs of proceedings to be included in the award.]

V. The cost of all proceedings relating to any enquiry to be conducted under the provisions of this Act shall be included in the amount to be distributed rateably amongst the owners of estates benefited by the embankment as aforesaid, and the total amount so calculated, for which such owners shall be severally liable, may be levied by the process in force for the recovery of arrears of Government revenue.

[Notice of enquiry as to persons who should bear the cost of a sluice constructed on the application of any person.]

VI. It shall be lawful for the Collector on the application of any person at whose instance a

পত্র পর্য্যর্পণ করণের তারিখের পর অন্তুতঃ এক মাসের মধ্যে ঐ জ্ঞাপনপত্রের অবধারিত দিনে প্রয়োজনীয় অনুসন্ধান করিতে প্রবর্ত্ত হইবেন। তিনি যে সময়ে সেই অনুসন্ধান করেন সেই সময়ে পূর্ব্বোক্ত বাঁধ প্রস্তুত কি বৃদ্ধি কি পরিবর্ত্তন করণের দ্বারা যেং সম্পত্তির উপকার সম্ভাবনা সেই সম্পত্তির স্বামিরা কিম্বা তাঁহাদের পক্ষে অন্য ব্যক্তি এবং অন্য যে ব্যক্তিরা সেই অনুসন্ধান কার্য্যে স্বার্থের দাওয়া করেন তাঁহারা যে প্রমাণ দিতে চাহেন তাহা তিনি গ্রহণ করিবেন, এবং স্থানবিশেষে কোন প্রকারের অনুসন্ধান আবশ্যক জ্ঞান করিলে তাহা করিবেন কি করাইবেন, ও যেং নিদর্শনপত্র আবশ্যক জ্ঞান করেন তাহা উপস্থিত করিতে আজ্ঞা করিবেন ও ধর্ম্মতঃ প্রতিজ্ঞাক্রমে সেই সাক্ষিদিগের পরীক্ষা লইতে পারিবেন। এবং সাক্ষিদের পরীক্ষা গ্রহণ ও নিদর্শনপত্র উপস্থিত করণবিষয়ে আইনের যে বিধান যৎকালে প্রবল থাকে সেইং বিধান কালেক্টর সাহেব কর্ত্তৃক এই আইনঅনুযায়ি অনুসন্ধানের প্রতি বর্ত্তিবে ইতি।

[প্রত্যেক জন স্বামির যত দিতে হইবে এই বিষয়ে কালেক্টর সাহেবের আজ্ঞা করিবার কথা।]

৪ ধারা। ইহার পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট অনুসন্ধান সমাপ্ত করিলে পর, ঐ বাঁধ প্রস্তুত কি বৃদ্ধি কি পরিবর্ত্তন করণের দ্বারা যেং সম্পত্তির যে পর্য্যন্ত উপকার নির্দ্ধার্য্য হইয়াছে তদনুসারে কালেক্টর সাহেব ঐ বাঁধের নিমিত্তে গৃহীত ভূমির মূল্য তাঁহাদের প্রত্যেক জনের মধ্যে অংশ করিয়া যাঁহার যত দিতে হইবে তাহা নির্ণয় করিতে পারিবেন। এবং তাঁহার সেই নির্ণয় আপীলক্রমে সংশোধন হইতে পারিবে না। কিন্তু কালেক্টর সাহেবের ঐ আজ্ঞাক্রমে কোন স্বামির ক্ষতি হইলে, তাঁহার স্থানে যে টাকা অন্যায়মতে আদায় হওয়া প্রমাণ করিতে পারেন সেই টাকার কোন অংশ ফিরিয়া পাইবার জন্যে, তিনি ঐ ব্যাপার ঘটিত অন্য সম্পত্তির স্বামিগণের নামে দেওয়ানী আদালতে অভিযোগ করিতে পারিবেন। এবং এই ধারায় যে স্পষ্ট বিধান হইয়াছে তদন্যথায় কোন দেওয়ানী আদালত কালেক্টর সাহেবের এই আইন অনুযায়ি নিষ্পত্তি অসিদ্ধ করিতে পারিবেন না ইতি।

[নিষ্পত্তির মধ্যে অনুসন্ধানাদির ব্যয় ধরিবার কথা।]

৫ ধারা। এই আইনের বিধানমতে যে কোন অনুসন্ধানের কার্য্য সম্পাদন হইবে, তদ্ঘটিত সমস্ত ব্যয় পূর্ব্বোক্ত বাঁধ দ্বারা উপকৃত সম্পত্তির স্বামিদের হারাহারিমতে দাতব্য টাকার মধ্যে ধরা যাইবে, এবং উক্ত প্রকারের হিসাব অনুসারে ঐ স্বামিরা যত টাকার নিমিত্তে দায়ী হন সেই সমুদয় টাকা গবর্ণমেণ্টের বাকী রাজস্ব আদায়ের জন্য প্রণালীক্রমে আদায় হইবে ইতি।

[কোন ব্যক্তির প্রার্থনামতে জলদ্বার প্রস্তুত করা গেলে তাহার ব্যয় যে ব্যক্তিদের দিতে হইবে এই বিষয়ের অনুসন্ধান হইবার জ্ঞাপনপত্রের কথা।]

৬ ধারা। বাঁধের বিধান বিষয়ি ১৮৫৫ সালের ৩২ আইনের ৮ ধারার বিধানমতে যদি কোন ব্যক্তির প্রার্থ-

[*Government Gazette, 6th February* 1866.]

sluice may have been constructed under the provisions of Section 8 of Act XXXII. of 1855 *(relating to embankments)*, to cause a notice to be served on all persons who may appear to have derived any benefit from the construction of such sluice, to the effect that an enquiry will be held, at the time and place therein mentioned, for the purpose of ascertaining the extent to which such persons may have benefited by the construction of the said sluice, and the proportion of the cost ull be c which they are liable to bear. The notice far as the sa the form and served in the manner, so Section II of this Act, be applicable, prescribed by all persons who may object to bear any further require the cost of such sluice to appear personally or of through their Agent and prove their non-liability thereto.

[Mode of making such enquiry.]

VII. On the day fixed in the notice, which shall not be less than one month later than the date of the service thereof, the Collector shall proceed to institute an enquiry for the purpose of distributing the cost of the said sluice amongst the persons who may have benefited by the construction thereof, in proportion to the degree of benefit which may be proved to have accrued to each therefrom; and all the provisions in regard to the enquiry and award to be made by the Collector, for the apportionment of the incidence of the cost of land taken up for embankment purposes, shall be applicable, so far as the same may be reasonably applied, to any enquiry or award made by the Collector under this Section.

[Disposal of lands no longer required for embankments.]

VIII. Whenever, in consequence of the construction or alteration of any embankment, the maintenance of any other embankment, or the retention of any land appropriated to the purposes thereof, may no longer be required, and the permanent relinquishment of the same may be deemed expedient by the Officer in charge of the embankments, it shall be lawful for the Collector to dispose of the site of the embankment, or of the land so abandoned, by public sale, and all the provisions of the Law for the time being in regard to sales of land in default of payment of the Government revenue, shall be applicable, so far as the same may be reasonably applied, to sales under the provisions of this Section. The proceeds of such sales shall, after the payment of all expenses incurred on account of the same, be applied to the payment of the cost of the new land taken up for the new embankment, and in such case the resi-

মানুসারে জলদ্বার প্রস্তুত করা যায়, তবে ঐ জলদ্বার প্রস্তুত করণদ্বারা যে সকল ব্যক্তিদের উপকার হইয়াছে দৃষ্ট হয় তাঁহাদের প্রতি কালেক্টর সাহেব সেই ব্যক্তির প্রার্থনাক্রমে এই মর্ম্মের জ্ঞাপনপত্র পর্য্যর্পণ করিবেন, বিশেষতঃ উক্ত জলদ্বার প্রস্তুত করণদ্বারা ঐ ব্যক্তিদের যে পর্য্যন্ত উপকার হইয়াছে তাহা এবং তাঁহারা ঐ জলদ্বারের ব্যয়ের যে অংশ দিবার দায়ী হইতে পারেন ইহা নির্ণয় করণাভিপ্রায়ে, ঐ জ্ঞাপনপত্রের লিখিত সময়ে ও স্থানে অনুসন্ধান হইবে। এই আইনের ২ ধারার বিধান যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে ঐ জ্ঞাপনপত্র সেই পর্য্যন্ত সেই ধারার নির্দ্দিষ্ট পাঠে লিখিত হইয়া সেই প্রকারে পর্য্যর্পিত হইবে, আরো যে সকল ব্যক্তি ঐ জলদ্বারের ব[illegible] কোন অংশ শোধ করিতে [illegible] তাঁহাদিগ-[illegible]দ্বারা উপস্থিত হইয়া সেই [illegible] তাঁহাদের দায় না বর্ত্তিবার প্রমাণ করিতে আজ্ঞা হইবে ইতি।

[তদ্রূপ অনুসন্ধান করিবার নিয়মের কথা।]

৭ ধারা। ঐ জলদ্বার প্রস্তুত করণদ্বারা যাঁহাদের যত উপকার প্রমাণ হয় তদনুসারে ঐ জলদ্বারের ব্যয় তাঁহাদের মধ্যে বন্টন করণাভিপ্রায়ে কালেক্টর সাহেব ঐ জ্ঞাপনপত্র পর্য্যর্পণ করিবার তারিখের পর অন্তত: এক মাসের মধ্যে ঐ জ্ঞাপনপত্রের নির্দ্ধারিত দিনে অনুসন্ধানের কার্য্যে প্রবর্ত্ত হইবেন। এবং বাঁধের জন্যে গৃহীত ভূমির ব্যয় অংশাংশমতে অবধারণ করণসম্পর্কে কালেক্টর সাহেবের যে অনুসন্ধান ও নির্ণয়পাদ হয় তদ্বিষয়ের সমস্ত বিধান কালেক্টর সাহেবের এই ধারানুযায়ি কোন অনুসন্ধানের কি নির্ণয়ের প্রতি যুক্তিসিদ্ধ মতে যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে, সেই পর্য্যন্ত বর্ত্তিবে ইতি।

[বাঁধের জন্যে যে ভূমির আর প্রয়োজন নাই তাহা বিক্রয়াদির কথা।]

৮ ধারা। কোন বাঁধ প্রস্তুত কি পরিবর্ত্তন করণপ্রযুক্ত যদি অন্য কোন বাঁধ রাখিবার কিম্বা তজ্জন্যে যে ভূমি নিয়োজিত ছিল তাহা রাখিবার আর আবশ্যক না হয়, এবং বাঁধের তত্ত্বাবধারি কার্য্যকারক যদি সেই ভূমি সম্যক্ প্রকারে ত্যাগ করা বিহিত বোধ করেন, তবে কালেক্টর সাহেব ঐ বাঁধের ভূমির কিম্বা তদ্রূপ ত্যক্ত ভূমির প্রকাশ বিক্রয় করিতে পারিবেন। এবং গবর্ণমেন্টের রাজস্ব দান করিতে ত্রুটি হইলে ভূমি বিক্রয়ের আইনের যে বিধান যে সময়ে প্রচলিত থাকে, তাহা এই ধারার বিধানানুযায়ি বিক্রয়ের প্রতি যুক্তিসিদ্ধমতে যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে সেই পর্য্যন্ত বর্ত্তিবে। ঐ বিক্রয়দ্বারা যে টাকা প্রাপ্ত হওয়া যায় তাহা হইতে সেই বিক্রয়ঘটিত সমস্ত ব্যয় পরিশোধ হইলে পর, নূতন বাঁধের জন্যে যে নূতন ভূমি লওয়া গেল অবশিষ্ট টাকা তাহার ব্যয় পরিশোধার্থে দেওয়া যাইবে। তাহা হইলে ঐ নূতন ভূমির ব্যয়ের অবশিষ্ট টাকা মাত্র এই আইনগত পূর্ব্ববিধানের নির্দ্দিষ্টমতে আদায় হইবে। পরন্তু এই আইনের বিধানমতে বাঁধের কার্য্যের নিমিত্তে যে ভূমি না লওয়া যায় তাহা কালেক্টর

due only of the cost of such new land shall be levied in the manner prescribed in the foregoing provisions of this Act. Provided that it shall not be competent to the Collector to sell, in the manner aforesaid, any land, which shall not have been taken up for embankment purposes under the provisions of this Act.

[Collector may delegate any of his powers to a Deputy Collector.]

IX. A Collector may delegate any of his powers under this Act to a Deputy Collector, but from any order passed by a Deputy Collector to whom powers have been so delegated an appeal shall lie to the Collector if presented within fifteen days of the date of the order.

[Provisions of this Act not to be put in force in certain cases.]

X. Nothing in this Act shall be construed to make it compulsory upon the Collector to take proceedings under this Act when the owners of the estates to be benefited by the construction, enlargement, or alteration of any embankment are able and willing to make over to him the land required for the embankment without recourse to this Act. Nor shall any person be thereby held to be relieved from the duty of providing and paying for the land, upon whom that duty is now imposed by his engagement with the Government, or by any local custom, or by law.

[Interpretation.]

XI. The following words and expressions shall have the several meanings hereby assigned to them, unless where a contrary intention appears from the context:—

[Number.]

Words in the singular number shall include the plural, and words in the plural shall include the singular.

[Gender.]

Words importing the masculine gender shall include females.

[" Collector."]

The word "Collector" shall include any Officer exercising, by authority of Government, the duties of a Collector of Land Revenue by whatever name his office may be designated.

[" District."]

The word "District" shall be understood to mean a Collectorate as defined by Act VI of 1853.

[" Land."]

The word "land" shall include messuages, lands, tenements, and hereditaments of any tenure, and all trees or vegetables growing upon the land.

সাহেব পূর্ব্বোক্ত মতে বিক্রয় করিতে পারিবেন না ইতি।

[কালেকুটরের কোন ক্ষমতা ডেপুটী কালেকুটরের প্রতি অর্পণ করিতে পারিবার কথা।]

৯ ধারা। কালেকুটর আপনার এই আইনঅনুযায়ি কোন ক্ষমতা ডেপুটী কালেকুটরের প্রতি অর্পণ করিতে পারিবেন। কিন্তু তদ্রূপ ক্ষমতা ডেপুটী কালেকুটরের প্রতি অর্পণ করা গেলে তাঁহার আজ্ঞার উপর কালেকুটর সাহেবের নিকটে আপীল হইতে পারিবে। ঐ আজ্ঞার তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে আপীল করিতে হইবে ইতি।

[এই আইনের বিধান কোন২ স্থলে বলবৎ না করিবার কথা।।

১০ ধারা। কোন বাঁধ প্রস্তুত কি বৃদ্ধি কি পরিবর্ত্তন করণদ্বারা যে২ সম্পত্তির উপকার হইবে সেই২ সম্পত্তির স্বামিরা যদি এই আইন অবলম্বন না করিয়া কালেকুটরকে বাঁধের প্রয়োজনীয় ভূমি সমর্পণ করিতে সক্ষম ও ইচ্ছুক হন, তবে কালেকুটর সাহেবের অবশ্য এই আইনঅনুযায়ি কার্য্য করিতেই হইবে এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবে না। গবর্ণমেণ্টের সঙ্গে কোন নিয়মক্রমে কিম্বা কোন দেশাচার কি ব্যবস্থাক্রমে যে কোন ব্যক্তির ভূমি ও তাহার মূল্য দেওয়া কর্ত্তব্য হয় তিনি এই আইনের কোন কথার দ্বারা সেই কর্ম্মহইতে মুক্ত হইয়াছেন এমত জ্ঞান হইবে না ইতি।

[অর্থ করণের ধারা।]

১১ ধারা। পূর্ব্বাপর কথাক্রমে বিপরীত অভিপ্রায় দৃষ্ট না হইলে পশ্চাৎ লিখিত শব্দের ও কথার এই ধারার নিরূপিত অর্থ করিতে হইবে। বিশেষতঃ—

[বচন।]

এক বচনান্ত শব্দের মধ্যে বহুবচনান্ত সেই শব্দ গণ্য, ও বহুবচনান্ত শব্দের মধ্যে এক বচনান্ত সেই শব্দও গণ্য।

[লিঙ্গ।]

পুংলিঙ্গবোধক শব্দের মধ্যে স্ত্রীগণও গণ্য।

[কালেকুটর।]

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে যে কোন কার্য্যকারক ভূমির রাজস্ব আদায়ের কর্ম্ম করেন তাঁহার পদের যে কোন খ্যাতি হউক কালেকুটর শব্দে তিনিও গণ্য।

[প্রদেশ।]

১৮৫৩ সালের ৬ আইনেতে কালেকুটরী শব্দের যে অর্থ করা গেল তদনুসারে প্রদেশ শব্দে সেই কালেকুটরীকে বুঝাইবে।

[ভূমি।]

ভূমি শব্দের মধ্যে বাস্তবাটী ও ভূমি ও সম্পত্তি ও উত্তরাধিকারিদের ভোগ্য যে কোন প্রকারের পাট্টাই ভূমি ও তদুপরি সমস্ত বৃক্ষাদি বুঝাইবে।

["Embankment."]

The word "embankment" shall include any embankment the construction, maintenance, or repair of which is by law placed under the superintendence of any Officer of Government.

["Estate."]

The word "estate" shall include any rent-free tenure, and any tenure held permanently on payment of a fixed rent or revenue, excepting tenures held, with or without payment of rent, by the actual cultivators of the soil.

["Construct." "Construction."]

The words "construct" and "construction" shall include realignments of, or additions to, existing embankments.

STATEMENT OF OBJECTS AND REASONS.

The Government, by its original engagements with the Zemindars bound itself to make a certain annual allowance to meet the cost of the construction and repairs of certain embankments which the Zemindars were required to maintain.

Subsequently it was found that the Zemindars were either unwilling or unable to keep these embankments in an efficient state and the former arrangement was abandoned, the Government withdrawing the annual allowance, and undertaking the construction and maintenance of the embankments which had up to that time been in the hands of the Zemindars.

The allowance so withdrawn, however, represented merely the estimated cost of constructing and repairing these embankmets, and the obligation to provide the land required for their site rested with the Zemindars as heretofore.

So long as the land required for this purpose was the property of the persons to be benefited by the construction of the embankments, no practical difficulty was involved in its acquisition but of late years it has frequently been necessary to take up land for embankments from the construction of which the owners of the land so taken have derived no advantage.

In such cases, should the owner of the land required object to relinquish it, the present law provides no available means for its acquisition, and should the owners suffer the land to be taken possession of for the purpose of making or altering an embankment, his only remedy for enforcing his claim to compensation for the loss of the land of which he has been deprived lies in an action in the Civil Court against the person who is bound to provide the land required for such embankment.

By Section 8 of Act XXXII of 1855 *(relating to embankments)* any applicant for the construction

[বাঁধ।]

যে কোন বাঁধের প্রস্তুত কি রক্ষা কি সংস্কার কার্য্য আইনক্রমে গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের তত্ত্বাবধারণে অর্পিত হয়, বাঁধ শব্দে সেই বাঁধকেও বুঝাইবে।

[সম্পত্তি।]

ভূমির কৃষকেরদের সকর কি নিষ্কর যোত ভিন্ন কোন নিষ্কর ভূমি এবং অবধারিত কর কি রাজস্ব দেওনক্রমে যে ভূমির চিরকাল ভোগ হয় সম্পত্তি শব্দে সেই ভূমি বুঝায়।

[প্রস্তুত করণ এই শব্দের অর্থ।]

প্রস্তুত করণ এই শব্দের মধ্যে বর্ত্তমান বাঁধের পুনশ্চ পরিমাপণ কিম্বা বৃদ্ধি করণও বুঝাইবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

জমীদারেরদের সঙ্গে গবর্ণমেণ্টের প্রথমে যে নিয়ম হইয়াছিল তদনুসারে জমীদারেরদের যে২ বাঁধ রক্ষা করিতে হইত তাহা প্রস্তুত করিবার ও সারাইবার ব্যয় শোধ করণার্থে গবর্ণমেণ্ট বৎসরে২ কতক টাকা দিবার প্রতিজ্ঞা করিয়াছিলেন।

তৎপরে দৃষ্ট হইল যে জমীদারেরা সেই সকল বাঁধ উপযুক্তভাবে রক্ষা করিতে অনিচ্ছুক কি অক্ষম ছিলেন। তাহাতে সেই পূর্ব্বতন নিয়ম পরিত্যক্ত হইল এবং গবর্ণমেণ্ট বৎসরে২ যাহা দিতেন তাহা রহিত করিয়া যে বাঁধ তৎকালপর্য্যন্ত জমীদারেরদের হাতে ছিল তাহা আপনি প্রস্তুত ও রক্ষা করিতে প্রবর্ত্ত হইলেন।

পরন্তু উক্ত প্রকারে যে টাকা দেওয়া রহিত হইয়াছিল তাহা কেবল ঐ বাঁধ প্রস্তুত করিবার ও সারাইবার আনুমানিক ব্যয়ের তুল্য। সেই বাঁধের জন্যে যে ভূমির প্রয়োজন সেই ভূমি দিবার ভার পূর্ব্ববৎ জমীদারদের প্রতি থাকিল।

ঐ বাঁধ প্রস্তুত করণদ্বারা যে ব্যক্তিদের উপকার সম্ভাবনা, সেই কর্ম্মের নিমিত্তে প্রয়োজনীয় ভূমি যত কাল সেই ব্যক্তিদেরই সম্পত্তি থাকিল তত কাল পর্য্যন্ত কার্য্যপক্ষে সেই ভূমি প্রাপণের কিছু কষ্ট হইত না। পরন্তু যে বাঁধ প্রস্তুত করণদ্বারা তদ্রূপ গৃহীত ভূমির স্বামিদের কিছুমাত্র উপকার না হয়, এমত বাঁধ প্রস্তুত করিবার জন্যে গত কএক বৎসর অবধি ভূমি গ্রহণের আবশ্যক হইয়াছে।

এমত স্থলে যদি প্রয়োজনীয় ভূমির স্বামী তাহা ত্যাগ করিতে প্রতিবাদ করেন, তবে বর্ত্তমান আইনেতে সেই ভূমি প্রাপণের কোন ফলোপধায়ক নিয়মের বিধান নাই, এবং স্বামী যদি বাঁধ প্রস্তুত কি পরিবর্ত্তন করণের জন্যে ভূমি গ্রহণের অনুমতি দেন, তবে যে ব্যক্তি সেই বাঁধের ভূমি গ্রহণের বিধান করিতে বদ্ধ তাঁহার নামে দেওয়ানী আদালতে অভিযোগ করণভিন্ন স্বামির ঐ পরিহরিত ভূমিঘটিত ক্ষতিপূরণ প্রাপণের দাওয়া বলবৎ করিবার উপায়ান্তর নাই।

কোন ব্যক্তি ১৮৫৫ সালের বাঁধ বিষয়ক ৩২ আইনের ৮ ধারামতে সাধারণের পক্ষীয় বাঁধে জলদ্বার প্রস্তুত

of a sluice in a public embankment must become responsible for the cost, or such portion of the cost thereof as may be demanded from him before such sluice can be constructed; and although others may have benefited by its construction in as great a degree as the applicant, he has no means under the existing law, of exacting from them their quota of the expense which he has incurred for their common advantage.

This Bill aims at providing for the acquisition of lands required for public embankments and also for the apportionment and levy of the cost of such land, as well as of the cost of sluices constructed in such embankments.

F. R. COCKERELL.

The 16th December 1865.

G. S. FAGAN,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Dept.

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 27th January 1866, and was referred to a Select Committee who are to report thereon after the 3rd of March next :—

[PERSONS desirous of making suggestions with reference to the provisions of the Bill, are invited to communicate as early as possible with the Assistant Secretary, in order that their communications may be laid before the Select Committee before the Report is completed and submitted to the Council]

A Bill to provide for the Attendance and Examination of Witnesses before the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations.

[Preamble.]

WHEREAS it is expedient to make provision for the attendance of witnesses before the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations, and for the examination of such witnesses; It is enacted as follows :—

[Lieutenant-Governor may, by summons, require any person to appear before his Council.]

I. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by a summons under the hand of the Assistant Secretary to the Government of Bengal in the Legislative Department for the time being, to require the attendance, before the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations, at a time and place to be mentioned in such summons, of any

করণের প্রার্থনা করিলে ঐ কার্য্যেতে যত টাকা ব্যয় হয় তজ্জন্যে কিম্বা তাহার নিকটে সেই ব্যয়ের যে অংশের দাওয়া হয় তজ্জন্যে দায়ী না হইলে, ঐ জল দ্বার প্রস্তুত হইতে পারে না। এবং ঐ জল দ্বার প্রস্তুত করণদ্বারা অন্য ব্যক্তিরা প্রার্থকের তুল্য উপকার প্রাপ্ত হইলে তিনি তাঁহাদের সাধারণ লভ্যার্থে যে টাকা ত্যাগ করিয়াছেন তন্মধ্যে তাঁহাদের দাতব্য অংশ প্রাপণার্থে বর্ত্তমান আইনক্রমে তাহার উপায় নাই।

এই পাণ্ডুলিপিতে সাধারণের ব্যবহার্য্য বাঁধের নিমিত্তে প্রয়োজনীয় ভূমি গ্রহণের বিধান করা, এবং ঐ ভূমির মূল্য ও সেই বাঁধের মধ্যে জলদ্বার প্রস্তুত করণের ব্যয় অংশাংশমতে নির্ণয় করিয়া আদায় করা অভিপ্রায়।

এফ আর কক্রেল।

১৮৬৫ সাল ১৬ ডিসেম্বর।

জি এস ফেগান।
ব্যবস্থাপক কার্য্যবিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের
আসিস্টান্ট সেক্রেটারী।

আইনের পশ্চাৎ লিখিত পাণ্ডুলিপি ১৮৬৬ সালের ২৭ জানুআরি তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল আগামি মার্চ মাসের ৩ তারিখের পর তাঁহারা সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

[যাঁহারা এই পাণ্ডুলিপির বিধান বিষয়ে কোন প্রস্তাবাদি করিতে ইচ্ছুক হন, মনোনীত কমিটীর রিপোর্ট সমাপ্ত হইয়া মন্ত্রি সভায় সমর্পিত হওনের পূর্ব্বে ঐ কমিটীর নিকটে তাঁহাদের সেই প্রস্তাবাদি অর্পণ করা যায় এই নিমিত্তে আসিস্টান্ট সেক্রেটারী সাহেবের নিকটে ত্বরায় তাঁহাদের পত্র লেখা প্রয়োজন।]

আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সম্মুখে সাক্ষিদিগকে উপস্থিত করাইবার ও তাঁহাদের পরীক্ষা গ্রহণ করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সাক্ষিদিগকে উপস্থিত করাইবার ও সেই সাক্ষিদের পরীক্ষা গ্রহণ করিবার বিধান করা বিহিত, এই হেতুক পশ্চাৎ লিখিতমতে বিধান হইল।

[লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আহ্বানপত্র দ্বারা কোন ব্যক্তির মন্ত্রিসভায় উপস্থিত হইবার আজ্ঞার কথা।]

১ ধারা। আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় যৎকালে কোন আইনের প্রস্তাব কি পাণ্ডুলিপি কি আইনের বিবেচনা হইতেছে তৎকালে যদি ঐ মন্ত্রিসভার বিবেচনায় উক্ত আইন প্রভৃতি সম্পর্কে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত কোন প্রদেশের কি স্থানের মধ্যবাসি কোন ব্যক্তির সাক্ষ্য গ্রহণ করা আবশ্যক হয়, তবে যিনি যৎকালে ব্যবস্থা-

person, residing within any of the provinces or places subject to the Government of the Lieutenant-Governor of Bengal, whose evidence shall, in the judgment of such Council, be material with reference to any project of Law, Bill, or Act then under consideration by such Council; and by such summons to require the person so summoned to produce before such Council all such books, deeds, and writings as to the said Council shall appear necessary for obtaining information as to the matter so under consideration: and every person so summoned shall, according to the exigency of the summons, attend before the said Council, and produce such books, deeds, and writings as shall be in his power, custody, or control.

[Assistant Secretary may administer an oath or affirmation.]

II. It shall be lawful for the said Assistant Secretary to the Government of Bengal in the Legislative Department for the time being to administer an oath or affirmation, in such form as to the said Council shall seem fit, to any person appearing in obedience to such summons as aforesaid. But nothing herein contained shall prevent such person from giving evidence without oath or affirmation if the said Council shall think it expedient that the evidence should be so given.

[Powers against persons failing to appear, &c.]

III. If any person, upon whom any such summons shall be served by the delivery thereof to him, or leaving thereof at his usual or last known place of abode, shall, without reasonable cause (to be allowed by the said Lieutenant-Governor of Bengal,) fail to appear before the said Council at the time and place mentioned in the summons, or shall refuse to make oath or affirmation as required, or shall not make answer to such questions as shall be put to him touching the matter under consideration as aforesaid, or shall refuse or fail without reasonable cause (to be allowed by the said Lieutenant-Governor of Bengal) to produce to the said Council any book, deed, or writing in his possession, power, or control as by the said Council he shall be required to produce, (whether mentioned in the summons or not,) the Lieutenant-Governor of Bengal shall, on the report of the said Council that such failure or refusal has taken place, have the same powers touching such person as the Principal Court of Original Jurisdiction within the limits of which such person shall be residing may by Law exercise against any person for failing to appear or refusing to be sworn or to give evidence or to produce a document in any suit pending in such Court.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬১। ৬ ফেব্রুয়ারি।]

পক কর্ম্ম বিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী হন তাঁহার স্বাক্ষরিত আহ্বানপত্রক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ঐ ব্যক্তিকে ঐ আহ্বানপত্রের লিখিত সময়ে ও স্থানে ঐ মন্ত্রিসভার সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। এবং উক্ত বিবেচনাধীন বিষয়ের জ্ঞান প্রাপণার্থে উক্ত মন্ত্রিসভার বিবেচনায় যে সকল পুস্তকের ও নিদর্শনপত্রের ও লিপির আবশ্যক তাহা তদ্রূপ আহূত ব্যক্তিকে সেই মন্ত্রিসভার সম্মুখে উপস্থিত করিবার আজ্ঞা করিতে পারিবেন। এবং তদ্রূপ আহূত প্রত্যেক ব্যক্তি সেই আহ্বানপত্রের আজ্ঞানুসারে উক্ত সভার সম্মুখে উপস্থিত হইবেন, এবং উক্ত যে সকল পুস্তক ও নিদর্শনপত্র ও লিপি তাঁহার ক্ষমতা কি কর্ত্তৃত্ব কি তত্ত্বাধীন থাকে তাহা উপস্থিত করাইবেন ইতি।

[আসিষ্টাণ্ট সেক্রেটারী সাহেব কর্ত্তৃক শপথ কি প্রতিজ্ঞা করাইবার কথা।]

২ ধারা। ব্যবস্থাপন কর্ম্মবিভাগে যিনি যৎকালে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী হন তিনি উক্ত মন্ত্রিসভার বিবেচনামত উপযুক্ত পাঠে পূর্ব্বোক্ত আহ্বানপত্রানুসারে উপস্থিত কোন ব্যক্তিকে শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইতে পারিবেন। কিন্তু যদি উক্ত মন্ত্রিসভা বোধ করেন যে শপথ কি প্রতিজ্ঞা না করিয়া ঐ ব্যক্তির সাক্ষ্য দেওয়া বিহিত, তবে এই আইনের কথাক্রমে সেই ব্যক্তির শপথ কি প্রতিজ্ঞাভিন্ন সাক্ষ্য দেওয়ার বাধা হইবে না ইতি।

[যে ব্যক্তিরা [illegible]পস্থিত হওনপ্রভৃতি কার্য্যের ত্রুটি করেন তাঁহাদের বিপক্ষ ক্ষমতার কথা।]

৩ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের কোন আহ্বানপত্র কোন ব্যক্তির প্রতি কিম্বা তাঁহার নিয়ত কি শেষাবগত বাসস্থানে অর্পণদ্বারা পর্য্যর্পণ হইলে পর যদি তিনি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের গ্রাহ্য যুক্তিসিদ্ধ কারণ বিনা আহ্বানপত্রের লিখিত সময়ে ও স্থানে উক্ত মন্ত্রিসভার সম্মুখে উপস্থিত না হন কিম্বা যদি আজ্ঞানুযায়ি শপথ কি প্রতিজ্ঞা করিতে সম্মত না হন কিম্বা তাঁহার নিকটে পূর্ব্বোক্ত বিবেচনাধীন বিষয়ের যে প্রশ্ন হয় তাহার উত্তর যদি না দেন কিম্বা উক্ত মন্ত্রিসভা তাঁহার অধিকার কি ক্ষমতা কি তত্ত্বাবধান গত যে কোন পুস্তক কি নিদর্শনপত্র কি লিপি তাঁহাকে উপস্থিত করিতে আজ্ঞা করেন সেই পুস্তকাদি আহ্বানপত্রে লেখা গেলে কি না গেলেও যদি বঙ্গদেশের উক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের গ্রাহ্য কোন যুক্তিসিদ্ধ হেতু বিনা উক্ত মন্ত্রিসভার সেই পুস্তকাদি উপস্থিত করিতে সম্মত না হন, কি উপস্থিত না করেন, তবে উক্ত মন্ত্রিসভা ঐ ব্যক্তির সেই ত্রুটির কি অসম্মতির সংবাদ দিলে, ঐ ব্যক্তি যে স্থানে বাস করেন সেই স্থানের মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন প্রধান আদালতে উপস্থিত কোন মোকদ্দমায় কোন ব্যক্তি উপস্থিত না হইলে কিম্বা শপথ না করিলে কিম্বা প্রমাণ না দিলে কিম্বা নিদর্শনপত্র উপস্থিত না করিলে সেই ব্যক্তির বিষয়ে আইনমতে ঐ আদালতের যে ক্ষমতা আছে, পূর্ব্বোক্ত ব্যক্তির বিষয়ে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সেই ক্ষমতা হইবে ইতি।

[Expenses of witnesses.]

IV. Whenever a summons is issued for the attendance of a witness under this Act, the Lieutenant-Governor of Bengal may, if he thinks fit, order such witness to receive from the Collector or Commissioner of the District or Division in which the witness resides such expenses as he would have been entitled to receive if summoned as a witness before the said Principal Court of Original Jurisdiction.

[Provisions of Sections 21 and 32 of Act II of 1855 extended.]

V. The provisions of Sections XXI and XXXII of Act II of 1855 *(for the further improvement of the Law of Evidence)* shall extend to witnesses examined before the said Council of the Lieutenant-Governor of Bengal.

[Interpretation. Number. Gender.]

VI. Throughout this Act, unless the contrary appears from the context, words importing the singular shall include the plural and words importing the plural shall include the singular number.

Words importing the masculine gender shall include the feminine.

[“Council.”]

The word “Council” shall include any Committee of the whole Council, and any Select Committee of the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations.

STATEMENT OF OBJECTS AND REASONS.

The object of this Bill is sufficiently explained by the Title. Although, practically speaking, the Council has at present at its command all official sources of information, it has no certain means of availing itself of the special knowledge of non-official persons with regard to any proposed measure; and it seems obvious that such means should be provided.

Throughout the Bill the Lieutenant-Governor of Bengal is named as the authority in whom the powers which the Bill proposes to give are vested. It has been thought better to adopt this course in preference to vesting those powers in the Council directly, inasmuch as some doubt may exist as to whether the Council can confer on itself any powers not inherent in it under the Indian Councils' Act.

T. H. COWIE.

20th January 1866.

G. S. FAGAN,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Dept.

[সাক্ষিদের ব্যয়াদির কথা।]

৪ ধারা। এই আইনমতে যখন সাক্ষির উপস্থিত হইবার আহ্বানপত্র প্রচারিত হয় তখন মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন উক্ত প্রধান আদালতের সম্মুখে ঐ ব্যক্তি সাক্ষিস্বরূপে আহূত হইলে যে ব্যয়াদি পাইতে পারিতেন, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উপযুক্ত বোধ করিলে তাঁহার নিবাস প্রদেশের কি খণ্ডের কালেক্টর কি কমিসানর সাহেবের স্থানে তাঁহার তত্তুল্য ব্যয়াদি গ্রহণ করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[১৮৫৫ সালের ২ আইনের ২১ ও ৩২ ধারার বিধান বর্ত্তিবার কথা।]

৫ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের উক্ত মন্ত্রিসভার সম্মুখে যে সাক্ষিদের পরীক্ষা হয় তাহাদের প্রতি প্রমাণবিষয়ক আইন আরো উত্তম করিবার ১৮৫৫ সালের ২ আইনের ২১ ও ৩২ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

[অর্থ করণের ধারা। বচনের ও লিঙ্গের কথা।]

৬ ধারা। এই আইনের মধ্যে পূর্ব্বাপর কথাক্রমে বিপরীত বোধ না হইলে এক বচনান্ত শব্দের মধ্যে বহুবচনান্ত শব্দ ও বহুবচনান্ত শব্দের মধ্যে এক বচনান্ত শব্দ গণ্য।

পুংলিঙ্গবোধক শব্দের মধ্যে স্ত্রীগণও গণ্য।

[মন্ত্রিসভা।]

মন্ত্রিসভা এই শব্দের মধ্যে আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভাস্থ সমস্ত ব্যক্তির কমিটী এবং মন্ত্রিসভার কোন মনোনীত কমিটীও বুঝাইবে।

[অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।]

এই পাণ্ডুলিপির খ্যাতিদ্বারা তদভিপ্রায়ের যথেষ্ট ব্যাখ্যা হইল। মন্ত্রিসভার প্রয়োজনীয় যে সম্বাদ রাজকীয় কর্ম্মে নিযুক্ত ব্যক্তিরদের স্থানে পাওয়া যাইতে পারে তাহা কার্য্যপক্ষে এখন পাইবার সুবিধা আছে কিন্তু যাঁহারা রাজকর্ম্মে নিযুক্ত নহেন প্রস্তাবিত কোন কার্য্যসম্পর্কে তাঁহাদের কোন বিশেষ জ্ঞান থাকিলে তাহা পাইতে মন্ত্রিসভার কোন উপায় নাই তদ্রূপ উপায়ের বিধান করা স্পষ্টই বিহিত।

এই পাণ্ডুলিপিক্রমে যে২ ক্ষমতা প্রদানের প্রস্তাব হইল বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি সেই২ ক্ষমতা বর্ত্তাইবার প্রস্তাব হইল। ফলতঃ ভারতবর্ষীয় মন্ত্রিসভার আইন অনুসারে যে ক্ষমতা সেই মন্ত্রিসভাগত নহে, এমত ক্ষমতা ঐ সভা আপনি আপনার প্রতি অর্পণ করিতে পারেন কি না এই বিষয়ের সন্দেহ হইতে পারে। তৎপ্রযুক্ত মন্ত্রিসভার প্রতি সেই ক্ষমতা অর্পণ করণাপেক্ষা পূর্ব্বোক্তমতে কার্য্য করা শ্রেয় বোধ হইল।

টি এচ্ কোই।

১৮৬৬ সাল ২০ জানুআরি।

জি এস ফেগান,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(Criminal Side.)

No. 1.

From G. G. Morris, Esq., Officiating Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to the Criminal Authorities of the Lower and Extra-Regulation Provinces,—(dated Calcutta, the 16th January 1866.)

The Court is desirous of pointing out to the Criminal Authorities that when a European British subject and a Native subject are together charged with an offence requiring the commitment of the former to the High Court for trial, the latter should not be committed to the High Court also, but should, in the ordinary manner, be committed to the Sessions Court competent to try the offence.

By order of the High Court,
(Signed) G. G. Morris,
Offg. Registrar.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

ফৌজদারী পক্ষ।

১ নম্বর।

বঙ্গপ্রভৃতি ও আইনবহির্ভূত দেশের ফৌজদারী সকল কার্য্যকারকের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের একটিং রেজিষ্ট্রার শ্রীযুত জি জি মরিস্ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬৬ সাল ১৬ জানুআরি।

এই আদালত ফৌজদারী সকল বিচারকর্ত্তাকে ইহা জানাইতে ইচ্ছুক হইয়াছেন যে ইউরোপীয় ব্রিটনীয় প্রজার ও এদেশীয় প্রজার নামে একত্রে কোন এক অপরাধের অভিযোগ হওয়াতে যদি প্রথমোক্ত ব্যক্তিকে হাই কোর্টে বিচারার্থে সমর্পণ করা প্রয়োজন হয়, তবে শেষোক্ত ব্যক্তিকেও হাই কোর্টে সমর্পণ ন করিয়া যে সেশন আদালত সেই অপরাধের বিচার করিতে সক্ষম হন, নিয়মিতরূপে সেই সেশন আদালতের বিচারার্থে সমর্পণ করিতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
জি জি মরিস্,
একটিং রেজিষ্ট্রার।

John Robinson, *Bengalee Translator.*

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 725.

APPOINTMENTS.

The 13th December 1865.

Dr. C. Nardin to officiate as Medical Officer of Noacolly, during the absence, on leave, of Dr. H. M. Davis, or until further orders.

The 5th January 1866.

Mr. George Pothecary to be Vice-Chairman of the Municipal Commissioners for the Town of Gowhatty.

The 23rd January 1866.

Mr. A. Levien to officiate as Civil and Sessions Judge of Mymensing, during the absence, on leave, of Mr. F. B. Simson, or until further orders.

This cancels the leave of absence granted to Mr. Levien under orders of the 10th instant.

Mr. G. L. T. Harris to officiate as Magistrate and Collector of Dacca.

Mr. L. R. Tottenham to be Superintendent of Stamps and Stationery.

Mr. H. Beverley to officiate, until further orders, as an extra Joint-Magistrate and Deputy Collector in the 24-Pergunnahs.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৬ ফেব্রুআরি।]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৭২৫ নম্বর।

নিয়োগ।

১৮৬৫ সাল ১৩ ডিসেম্বর।

ডাক্তর শ্রীযুত এচ এম ডেবিস সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ডাক্তর শ্রীযুত সি নার্ডিন সাহেব নওয়াখালীর চিকিৎসকের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ৫ জানুআরি।

শ্রীযুত জর্জ্জ পথিকারী সাহেব গৌহাটি শহরের মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

১৮৬৬ সাল ২৩ জানুআরি।

শ্রীযুত এফ বি সিমসন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ লেবিএন সাহেব ময়মনসিংহের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত লেবিএন সাহেব এই মাসের ১০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা ইহাতে রহিত হইল।

শ্রীযুত জি এল টি হারিস সাহেব ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এল আর টটেন্হাম সাহেব ইষ্টাম্পের ও কাগজকলমাদির সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এচ বেবর্লী সাহেব ২৪ পরগনার অতিরিক্ত জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেম।

The 24th January 1866.

The Reverend E. H. Blyth to be Chaplain of St. Paul's Cathedral and of the General Hospital.

Mr. W. P. Davis to officiate as Deputy Commissioner of Police, Calcutta, during the absence, on leave, of Major W. Reveley, or until further orders.

Moonshee Sudanund, Moonsiff of Chattra, is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in Hazareebaugh.

The 25th January 1866.

Baboo Chunder Narain Sing, M. A., to be a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in the Burdwan Division, to be stationed at Hooghly, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in any or all the Districts of that Division.

Mr. W. H. Thompson to officiate as Secretary to the Local Committee of Public Instruction at Burrisaul.

The 26th January 1866,

Mr. A. Blair to officiate, temporarily, as District Superintendent of Police, Burdwan, with effect from the 13th instant, the date on which he received charge from Major Osborn.

The 27th January 1866.

Dr. Robert Reid to officiate as Civil Assistant Surgeon of Nuddea, during the absence, on leave, of Dr. F. J. Earle, or until further orders.

Mr. E. E. Fisher to be a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in the Patna Division, to be stationed at Tirhoot, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in any or all the Districts of that Division.

Mr. J. J. S. Driberg, Extra Assistant Commissioner of Mungledye, is promoted to the First Grade of Extra Assistant Commissioners.

Mr. P. Carnegy to be an Extra Assistant Commissioner in Assam, and to be stationed at Gowhatty.

Mr. T. A. Lane to officiate, temporarily, as Apothecary to the Calcutta Medical College Hospital, with effect from the date on which he may have received charge.

The 29th January 1866.

With the sanction of His Excellency the Governor General of India, the Lieutenant-Governor has been pleased to appoint the following gen-

[*Government Gazette, 6th February* 1866.]

১৮৬৬ সাল ২৪ জানুআরি।

পাদরী শ্রীযুত ই এচ ব্লাইথ, সাহেব সেন্ট পাল নামক ভজনালয়ের ও জেনরল হাসপাতালের পুরোহিত হইবেন।

মেজর শ্রীযুত ডবলিউ রেবিলী সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডবলিউ পি ডেবিস সাহেব কলিকাতার পোলীসের ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিবেন।

ছাতারার মুনসেফ শ্রীযুত মুন্শী সদানন্দ হাজারীবাগে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৫ জানুআরি।

শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ সিংহ এম, এ, বর্দ্ধমানখণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইয়া হুগলীতে অবস্থিত হইবেন ও উক্ত খণ্ডের কোন কি সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ এচ তামসন সাহেব বরিষালের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২৬ জানুআরি।

শ্রীযুত এ ব্লের সাহেব কিয়ৎ কালের নিমিত্তে বর্দ্ধমানের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন। উক্ত নিয়োগ এই মাসের ১৩ তারিখঅবধি প্রবল হইবে, যে হেতু তিনি সেই তারিখে মেজর শ্রীযুত অস্‌বর্ণ সাহেবের স্থানে উক্ত কর্ম্মের ভার গ্রহণ করেন।

১৮৬৬ সাল ২৭ জানুআরি।

ডাক্তর শ্রীযুত এফ জে আরল সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ডাক্তর শ্রীযুত রবর্ট রীড সাহেব নদীয়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই ই ফিসর সাহেব পাটনা খণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইয়া তিরহুতে অবস্থিত হইবেন, এবং ঐ খণ্ডের কোন কি সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

মঙ্গলদায়ীর অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত জে জে এস ড্রিবর্গ সাহেব অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত পি কার্ণেগি সাহেব আসামে অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনর হইয়া গৌহাটীতে অবস্থিতি করিবেন।

শ্রীযুত টি এ লেন্ সাহেব কিয়ৎকালের নিমিত্তে কলিকাতার মেডিকাল কালেজ হাসপাতালে ঔষধ প্রস্তুতকারকের কর্ম্ম করিবেন, যে তারিখে তিনি সেই কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি উক্ত নিয়োগ প্রবল হইবে।

১৮৬৬ সাল ২৯ জানুআরি।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব পশ্চাৎ লিখিত মহাশয়দিগকে আইন ও ব্যবস্থাকরণার্থ

tlemen to be Members of the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations, *viz.* :—

Rajah Sutto Shurn Ghosal, Bahadoor.
Moonshee Ameer Ally, Khan Bahadoor.
Syud Azeemooddeen Hossein, Khan Bahadoor.

The following promotions of Police Officers are sanctioned, *viz.* :—

Mr. T. Weldon to be District Superintendent of the Third Grade.

Mr. D. W. Dundas to be District Superintendent of the Fourth Grade.

Mr. A. H. Giles to be District Superintendent of the Fifth Grade.

Mr. G. Stratford ...
,, J. Lambert ...
,, R. F. H. Pughe .
Baboo Ishree Persaud

} To be Assistant Superintendents of the Second Grade.

The following Assistant Superintendents of Police are placed in the Third Grade, *viz.* :—

Mr. A. L. W. Jerdon.
,, H. G. Renny.
,, C. D. McSweeny.
,, W. Cornish.
,, D. Barber.
,, J. B. Birch.
,, B. Rattray.
,, J. B. Good.

Baboo Juggomohun Roy, Deputy Magistrate and Deputy Collector of Bhuddruck, is transferred to the Sudder Station of Balasore.

Mr. T. H. H. Shortt, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Bhuddruck, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class in Balasore and Cuttack. Mr. Shortt is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or by the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

The 30th January 1866.

Mr. A. Yardley, Assistant Commissioner, to have temporary charge of the Office of Deputy Commissioner of Maunbhoom.

Mr. G. J. B. T. Dalton, Assistant Commissioner, to have temporary charge of the Sub-Division of Govindpore.

গবর্ণমেণ্টের পক্ষে কর্ম্ম করিবার ক্ষমতাপন্ন অন্য কোন ব্যক্তি কিম্বা কোন কোম্পানি কি ব্যক্তি, কোন রেলওয়ের কোম্পানিদিগের কি কোম্পানির নামে এই আইন উল্লঙ্ঘন করিয়া কোন কার্য্য করিবার কি কোন অননুষ্ঠানের অভিযোগ করিলে, তাঁহারা মূলমতে অনুরোধ কি আহ্বানপত্র দ্বারা হাই কোর্টে প্রার্থনা করিতে পারিবেন। ও সেই আদালত সেই অভিযোগের মর্ম্ম শুনিয়া নিষ্পত্তি করিতে ক্ষমতাপন্ন হইবেন। এবং যদি সেই আদালত উপযুক্ত বোধ করেন, তবে সেই অভিযোগের যথার্থ নির্ণয়পাদ করণার্থে ঐ আদালত যে সকল অনুসন্ধান করিবার আবশ্যক জ্ঞান করেন, যদ্রূপে ও যে ইঞ্জিনিয়রদের কি বারিষ্টরদের কি অন্য ব্যক্তিদের দ্বারা উপযুক্ত বোধ করেন, তাঁহাদিগের দ্বারা তদ্রূপে সেই অনুসন্ধানের আজ্ঞাও সম্পাদন করিতে পারিবেন। এবং উক্ত কোম্পানিদিগের কি কোম্পানির দ্বারা এই আইন উল্লঙ্ঘনপূর্ব্বক কি এই আইনের বিপক্ষে কোন কার্য্য করা গেল কিম্বা কোন উপেক্ষা হইয়াছে উক্ত আদালত পূর্ব্বোক্তমতে শ্রবণ করিলে, কিম্বা তদ্রূপ কোন ব্যক্তির রিপোর্ট অনুসারে ইহা দৃষ্টি করিতে পাইলে এই আইনের উল্লঙ্ঘনপূর্ব্বক কি তদ্বিপক্ষে যে কার্য্য করা যাইতেছে সেই কার্য্য উক্ত কোম্পানিদিগের কি কোম্পানির রহিত করণের আজ্ঞা করিয়া সেই আইন প্রতিপালন করিবার আজ্ঞা করিতে পারিবেন। যদি তদ্রূপ আজ্ঞা প্রতিপালন না হয়, তবে সেই আদালত ঐ আজ্ঞা অপ্রতিপালক কোন কোম্পানির কর্ম্মকারককে কিম্বা কর্ম্ম সম্পাদককে কিম্বা কোন স্বামিকে কি পাট্টাধারিকে কি চুক্তিকারককে কি অন্য ব্যক্তিকে দুই বৎসরের অনধিক কাল পর্য্যন্ত কারাবদ্ধ করিয়া আপনার সেই আজ্ঞা বলবৎ করিতে পারিবেন। এবং যদি উপযুক্ত বোধ করেন তবে এমত আজ্ঞা করিতে পারিবেন যে, এই আজ্ঞাপত্রের লিখিত দিবসের পর ঐ কোম্পানিরা কি কোম্পানি যত দিন পূর্ব্বোক্ত আজ্ঞা পালন করিতে অনুষ্ঠান না করেন, তাহার দিন প্রতি প্রত্যেক কোম্পানির পক্ষে ২০০০৲ টাকার অনধিক যত টাকা উক্ত আদালত নিরূপণ করিবেন ঐ কোম্পানিদের এক কি অধিক কোম্পানি তত টাকা দেন এবং আদালত যদ্রূপে আজ্ঞা করেন তদ্রূপে বাদিকে অথবা আদালতের শেষ নিষ্পত্তির অপেক্ষায় আদালতে অথবা শ্রীশ্রীমতী মহারাণীকে সেই টাকা দেওয়া যাইতে পারিবে এবং আদায় করিবার অন্য কোন নিয়মের হানি না হইয়াও কোন হাই কোর্টের ডিক্রীক্রমে আদায় হওনমতে সেই টাকা বলক্রমে আদায় হইতে পারিবে। এবং পূর্ব্বোক্ত প্রকারের কোন কার্য্যেতে উক্ত আদালত এমত আজ্ঞা ও নির্ণয় করিতে পারিবেন যে, ঐ মোকদ্দমার কি তদ্ঘটিত সকল কি কোন [illegible] আদালতের বিবেচনামতে ঐ মোকদ্দমার [illegible] পক্ষকে দেন। এবং তদ্রূপ কোন ইঞ্জিনিয়র [illegible] ষ্টর কি অন্য ব্যক্তি উক্ত আদালতের [illegible] হইলে তদ্রূপ কোন অনুসন্ধান [illegible] কি প্রতিজ্ঞাক্রমে গ্রাহ্য করিতে পারিবেন এবং ঐ শপথ কি প্রতিজ্ঞা করাইতে পারিবেন।

[গবর্ণমেণ্টকে মৃত্যুর কি [illegible] সংবাদ দিবার কথা।]

৪১ ধারা। কোন [illegible] কোম্পানির রেলপথে কি ষ্টেশনের কি পথের [illegible] কি পার্শ্ব পথের

Railway, or in or upon any of the stations, sheds, sidings, carriages or other property belonging to such Company, of any death or any accident attended with serious personal injury, give notice thereof to the Local Government and also to the Consulting Engineer to such Government.

[Fine for not giving notice.]

XLII. If any such Company omit to give such notice, the said Company shall be liable to be summoned before any Magistrate, and shall, on conviction before such Magistrate, be liable to a fine not exceeding fifty Rupees for every day during which such Magistrate shall find the said omission to have continued.

[Return of accidents to be delivered to Government.]

XLIII. The Local Government may order and direct any such Railway Company to make up and deliver to them a Return of serious accidents occurring in the course of the public traffic upon the Railway belonging to such Company, or in the construction, maintenance, or repair of the line, whether attended with personal injury or not, in such form or manner as the Government shall deem necessary, or require for their information, with a view to the public safety.

[Returns of traffic and tolls to be made by Railway Companies.]

XLIV. The Local Government may also order and direct every Railway Company to make and deliver to them Returns, according to a form to be provided by such Government, of the aggregate traffic in passengers, according to the several classes, and of the aggregate traffic in cattle and goods respectively, on the Railway and also a table of all tolls, rates, and charges, from time to time levied on each class of passengers, and on cattle and goods, conveyed on the Railway: Provided always, that such Returns shall be required, in like manner and at the same time, from all the said Companies, unless the Local Government shall specially exempt any of the said Companies, and shall enter the grounds of such exemption in the Minutes of their Proceedings.

[Fine for non-delivery of Return.]

XLV. If any Return required by this Act shall not be so delivered within fourteen days after the same shall have been required by the Government, the said Company shall be liable to be summoned before a Magistrate, and upon conviction before such Magistrate shall be liable to a fine not exceeding fifty Rupees for every day during which the said Magistrate shall find that the said Company has omitted, after the expira-

কি গাড়ির কি অন্য সম্পত্তির মধ্যে কি তদুপরি কোন ব্যক্তির মৃত্যু হইলে কিম্বা শরীরের গুরুতর আঘাতজনক কোন দুর্ঘটনা হইলে পর ৪৮ ঘণ্টার মধ্যে সেই রেলওয়ে কোম্পানি স্থানীয় গবর্ণমেণ্টকে এবং ঐ গবর্ণমেণ্টের কনসলটিং ইঞ্জিনিয়রকে তদ্বিষয়ের সংবাদ দিবেন ইতি।

[সংবাদ না দিলে অর্থদণ্ডের কথা।]

৪২ ধারা। যদি তদ্রূপ কোন কোম্পানি উক্ত সংবাদ না দেন, তবে কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আহূত হইতে পারিবেন, এবং সেই মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দোষ নির্ণয় হইলে তিনি যত দিন সেই কর্ম্মের অনুষ্ঠানের ত্রুটি দেখেন, তাহার দিনপ্রতি ঐ কোম্পানির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[গবর্ণমেণ্টকে দুর্ঘটনার রিটর্ণ দিবার কথা।]

৪৩ ধারা। কোন রেলওয়ে কোম্পানির রেলপথে লোকপ্রভৃতির গমনাগমনার্থ গাড়ির চলন সময়ে কিম্বা পথ প্রস্তুত কি রক্ষা কি সংস্কার করণকালে যে সকল গুরুতর দুর্ঘটনা হয়, তাহাতে কোন ব্যক্তির শারীরিক আঘাত হইলে কি না হইলেও স্থানীয় গবর্ণমেণ্ট সেই রেলওয়ে কোম্পানিকে সেই দুর্ঘটনার রিটর্ণ প্রস্তুত করিয়া দিতে আজ্ঞা ও আদেশ করিতে পারিবেন। সাধারণ লোকদের নিরাশঙ্কার অভিপ্রায়ে গবর্ণমেণ্ট যে পাঠ কি যে নিয়ম আবশ্যক জ্ঞান করেন কি তাঁহাদের জ্ঞানার্থে আদেশ করেন, সেই পাঠে কি সেই নিয়মমতে ঐ রিটর্ণ প্রস্তুত হইবে ইতি।

[রেলওয়ে কোম্পানির বাণিজ্যের ও ভাড়ার রিটর্ণ দিবার কথা।]

৪৪ ধারা। প্রত্যেক রেলওয়েদ্বারা যে ব্যক্তিরা গমন করে, ভিন্ন২ শ্রেণীমতে তাহাদের মোট সংখ্যার এবং গোমেষাদির ও মালের মোট সংখ্যার রিপোর্ট, স্থানীয় গবর্ণমেণ্ট যে পাঠানুসারে লিখিয়া সমর্পণ করিতে আজ্ঞা করেন সেই পাঠে ঐ রিপোর্ট এবং রেলওয়ে দ্বারা গমনকারি ব্যক্তিদের প্রত্যেক শ্রেণীর উপর এবং গোমেষাদির ও মালের উপর সময়ে২ যত মাসুল ও শুল্ক ও ভাড়া আদায় হয় তাহার টেবিল প্রস্তুত করিয়া দিতে স্থানবিশেষের গবর্ণমেণ্ট ঐ রেলওয়ে কোম্পানিকে আজ্ঞা ও আদেশ করিতে পারিবেন। সেই প্রকারের রিটর্ণ উক্ত সকল কোম্পানির প্রতি একি প্রকারে ও একি সময়ে দিবার আদেশ হইবে। কিন্তু যদি স্থানবিশেষের গবর্ণমেণ্ট পূর্ব্বোক্ত কোন কোম্পানিকে বিশেষমতে মুক্ত করেন এবং আপনাদের কার্য্যের সংক্ষেপ লিপিতে ঐ মুক্তির হেতু লেখেন, তবে সেই কোম্পানি মুক্ত হইবেন ইতি।

[রিপোর্ট না দিলে অর্থদণ্ডের কথা।]

৪৫ ধারা। গবর্ণমেণ্ট যে সময়ে এই আইনের নির্দ্দিষ্ট কোন রিপোর্ট দিবার আজ্ঞা করেন, যদি তাহার পর চতুর্দ্দশ দিনের মধ্যে দেওয়া না যায়, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ঐ কোম্পানি আহূত হইতে পারিবেন, এবং সেই মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দোষ নির্ণয় হইলে ঐ রিটর্ণ সমর্পণ করিবার আজ্ঞা হইবার তারিখঅবধি চতুর্দ্দশ দিন গত হইলে পর উক্ত মাজিষ্ট্রেট যত দিন ঐ কোম্পানির সেই কর্ম্ম করিবার অননুষ্ঠান দৃষ্টি করেন, তাঁহার দিন প্রতি ঐ

tion of fourteen days from the date of such requisition, to deliver the said Return.

[Penalty for continued neglect to give notice or deliver Return.]

XLVI. If, after any conviction of any failure or omission under Section 41 or Section 45 of this Act, the Railway Company so convicted shall, without lawful excuse, the burden of proving which shall be on the said Company, neglect within seven days to give the notice or deliver the Return for the omission to give or deliver which it shall have been convicted, the said Company shall be liable to be again from time to time summoned before a Magistrate, and upon conviction of such continued neglect shall be liable to a fine not exceeding the sum of Rupees seventy-five for every day during which the neglect shall have continued from the date of the former conviction, or if more than one conviction shall take place under this Section, since the date of the last preceding conviction.

[Service of summons under Section 42, 45 or 46.]

XLVII. Any summons issued under Section 42, Section 45 or Section 46 of this Act may be served upon the said Railway Company by leaving the same at the Head Office of the said Railway Company, or by serving the same on the principal Agent or Manager of the said Railway Company in India.

PART VI.

Regulations binding on the Officers and Servants of the Company.

[Penalty for wilful act or omission endangering a passenger.]

XLVIII. Whoever, whether an Officer or servant of any such Company or not, shall wilfully do any act, or shall wilfully omit to do what he is legally bound to do, intending by such act or omission to cause, or knowing that he is thereby likely to cause the safety of any person travelling or being upon any such Railway to be endangered, shall be liable to transportation for life, or to imprisonment for any term not exceeding seven years. Whoever shall abet any such act or omission, within the meaning of Sections 107 and 108 of the Indian Penal Code, shall be punishable as if the act or omission had been contrary to the provisions of such Code.

[Penalty for wilful act or omission in a Railway Officer.]

XLIX. If any Officer or servant of such Railway Company shall wilfully do any act which he

কোম্পানির পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

[সংবাদ দিবার কি রিটর্ণ সমর্পণ করিবার নিয়ত উপেক্ষা হইলে দণ্ডের কথা।]

৪৬ ধারা। এই আইনের ৪১ কি ৪৫ ধারামতে কোন রেলওয়ে কোম্পানির কোন অননুষ্ঠান কি উপেক্ষা করণ দোষ নির্ণয় হইলে পর, যে রিটর্ণ দিবার কি সমর্পণ করিবার উপেক্ষাপ্রযুক্ত দোষ নির্ণয় হইয়াছে তাহা উপযুক্ত হেতু না থাকিলেও যদি সাত দিনের মধ্যে দিতে উপেক্ষা করেন, তবে সেই কোম্পানিকে মাজিষ্ট্রেটের সম্মুখে সময়ে২ পুনঃপুনঃ আহ্বান করা যাইতে পারিবে এবং তদ্রূপ নিয়ত উপেক্ষা দোষ নির্ণয় হইলে ভূতপূর্ব্ব দোষ নির্ণয়ের তারিখঅবধি, কিম্বা যদি এই ধারামতে দুই কি ততোধিক বার দোষ নির্ণয় হয়, তবে শেষ বার ঐ দোষ নির্ণয়ের তারিখ অবধি যত দিন ঐরূপ উপেক্ষা করিতে থাকেন তাহার দিন প্রতি কোম্পানির ৭৫৲ টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে। ঐ কর্ম্ম না করণের যে হেতু ব্যক্ত করেন তাহা ঐ কোম্পানি সপ্রমাণ করিতে সাধ্যবান ইতি।

[৪২ কি ৪৫ কি ৪৬ ধারাক্রমে আহ্বানপত্র পর্য্যর্পণের কথা।]

৪৭ ধারা। এই আইনের ৪২ কি ৪৫ কি ৪৬ ধারাক্রমে যে কোন আহ্বানপত্র প্রচারিত হয় তাহা উক্ত রেলওয়ে কোম্পানির প্রধান কার্য্যালয়ে অর্পণ দ্বারা, কিম্বা উক্ত রেলওয়ে কোম্পানির ভারতবর্ষ নিবাসি প্রধান কর্ম্মকারককে কি কর্ম্ম সম্পাদককে প্রদান করণ দ্বারা পর্য্যর্পিত হইতে পারিবে ইতি।

---

৬ খণ্ড।

কোম্পানির কার্য্যকারকদের ও চাকরদের প্রতিপাল্য বিধান।

[ইচ্ছাপূর্ব্বক যে কর্ম্ম করণ কি অননুষ্ঠান দ্বারা চড়নদারের প্রাণাশঙ্কা হয় তাহার দণ্ডের কথা।]

৪৮ ধারা। তদ্রূপ কোন কোম্পানির কার্য্যকারক কি চাকর হইলে কি না হইলেও যে কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক কোন কর্ম্ম করণ কিম্বা আইনমতে যে কর্ম্ম করিতে বদ্ধ আছেন এমত কর্ম্ম না করণদ্বারা, উক্ত কোন রেলওয়ের উপর গমনকারি কি উপস্থিত কোন ব্যক্তির নিরাপদের শঙ্কট জন্মাইবার মনস্থ করিয়া, কিম্বা আপদ জন্মাইবার সম্ভাবনা আছে জানিয়া, ইচ্ছাপূর্ব্বক সেই কার্য্য করেন কিম্বা ইচ্ছাপূর্ব্বক সেই কর্ত্তব্য কর্ম্ম না করেন, সেই ব্যক্তি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কিম্বা সাত বৎসরের অনধিক কোন কাল পর্য্যন্ত কারাবদ্ধ হওনের যোগ্য হইবেন। যদি কোন ব্যক্তি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১০৭ ও ১০৮ ধারার অর্থমতে তদ্রূপ কোন ক্রিয়া করণের কি কর্ত্তব্য কর্ম্ম না করণের সহায়তা করেন, তবে ঐ আইনের বিধানের বিপক্ষে সেই ক্রিয়া করণ কি সেই কর্ত্তব্য না করণ মতে ঐ ব্যক্তির দণ্ড হইবে ইতি।

[রেলওয়ে কার্য্যকারকের ইচ্ছাপূর্ব্বক কোন কর্ম্ম করণ কি উপেক্ষা করণের দণ্ডের কথা।]

৪৯ ধারা। তদ্রূপ রেলওয়ে কোম্পানির কোন কার্য্যকারকের কি চাকরের প্রতি যে কর্ম্ম করিতে আইনমতে

[*Government Gazette, 20th February* 1866.]

is legally prohibited from doing, or shall wilfully or negligently omit to do what he is legally bound to do, and if in consequence of such act or omission, the safety of any person travelling or being upon such Railway shall be endangered, such Officer or servant shall be liable to imprisonment for any term not exceeding three years, or to fine, or to both.

[Penalty for drunkenness or breach of duty by Railway Officer.]

L. Any Officer or servant of such Railway Company, who shall be in a state of intoxication whilst actually employed upon the Railway, or any of the works connected therewith, in the discharge of any duty, and any Officer or servant of such Company who negligently shall omit to perform his duty, or shall perform the same in an improper manner, shall be liable to a fine not exceeding fifty Rupees; and if the duty in any of the cases in this Section above-mentioned be such that the omission or negligent performance thereof would be likely to endanger the safety of any person travelling or being upon such Railway, such Officer or servant, shall, on conviction before a Magistrate, be liable to imprisonment for a term not exceeding one year, or to fine, or to both.

[Penalty for an act not wilful.]

LI. If any person shall rashly or negligently, and without lawful excuse, do any act which shall be likely to endanger the safety of any person travelling or being upon such Railway, he shall, upon conviction before a Magistrate, be liable to imprisonment for a term not exceeding one year, or to fine, or to both. Whoever shall abet any such act within the meaning of Sections 107 and 108 of the Indian Penal Code, shall be punishable as if the act had been contrary to the provisions of such Code.

[Police Magistrate may, in certain cases, try offences punishable under Sections 50 and 51 with imprisonment.]

LII. If any person is charged before a Police Magistrate of a Presidency Town with committing any offence which, under Section 50 or Section 51 of this Act, is punishable on conviction with imprisonment, and if such Police Magistrate shall deem it probable that, in consequence of the probable departure of any material witness from the local limits of the jurisdiction of such Magistrate the prosecution of such offender in the High Court will be ineffectual, such Magistrate may try the offender, and on conviction may award a sentence not exceeding six months' imprisonment.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২০ ফেব্রুআরি।]

নিষেধ হইয়াছে তাহা যদি ইচ্ছাপূর্ব্বক করেন, কিম্বা আইনমতে যাহা করিতে বদ্ধ আছেন তাহা যদি ইচ্ছাপূর্ব্বক কি শৈথিল্যক্রমে না করেন, এবং যদি তাঁহার তদ্রূপ কর্ম্ম করণ কি কর্ত্তব্য কর্ম্ম না করণ প্রযুক্ত সেই রেলরোডে গমনকারি কি উপস্থিত কোন ব্যক্তির নির্ব্বিঘ্নতার শঙ্কট হয়, তবে সেই কার্য্যকারক কি চাকর তিন বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কারাবদ্ধ হইবার কিম্বা অর্থদণ্ড দিবার কি ঐ উভয় দণ্ডের যোগ্য হইবে ইতি।

[রেলওয়ের কার্য্যকারক মাতাল হইলে কি কর্ত্তব্য কর্ম্ম না করিলে তাহার দণ্ডের কথা।]

৫০ ধারা। ঐ রেলওয়ে কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর যদি রেলওয়ের উপর কি তৎসম্পার্কীয় গৃহাদিতে কোন কর্ম্ম নির্ব্বাহ করণ কালে মত্ততাবস্থায় থাকেন, এবং যদি ঐ কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর অনবধান হেতুক আপনার কর্ত্তব্য কর্ম্ম না করেন, কিম্বা অনুচিতমতে করেন, তবে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। এবং যদি এই ধারার পূর্ব্বে লিখিত কোন গতিকে ঐ কর্ত্তব্য কর্ম্ম এমত হয় যে তাহা না করিলে কি অমনোযোগে করিলে ঐ রেলওয়ের উপর গমনকারি কি উপস্থিত কোন ব্যক্তির নির্ব্বিঘ্নতার সঙ্কটের সম্ভাবনা হয়, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দোষ নির্ণয় হইলে ঐ কার্য্যকারকের কি চাকরের এক বৎসরের অনধিক কোন কাল পর্য্যন্ত কারাবন্ধন কি অর্থদণ্ড কি উভয় দণ্ড হইতে পারিবে ইতি।

[অনিচ্ছাধীন ক্রিয়ার দণ্ডের কথা।]

৫১ ধারা। যে কর্ম্মদ্বারা ঐ রেলরোডের উপর গমনকারি কি উপস্থিত কোন ব্যক্তির নির্ব্বিঘ্নতার সঙ্কট হইবার সম্ভাবনা, যদি কোন ব্যক্তি অবিবেচনাতে কি অমনোযোগে এবং উপযুক্ত হেতু না থাকিলেও তদ্রূপ কোন কার্য্য করেন, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দোষ নির্ণয় হইলে তাঁহার এক বৎসরের অনধিক কোন কাল পর্য্যন্ত কারাবন্ধন কি অর্থদণ্ড কি উভয় দণ্ড হইতে পারিবে। যদি কোন ব্যক্তি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১০৭ ও ১০৮ ধারার অর্থক্রমে তদ্রূপ কোন ক্রিয়ার সহায়তা করেন, তবে সেই কর্ম্ম ঐ আইনের বিধানের বিপক্ষ হওনমতে তাহার দণ্ড হইতে পরিবে ইতি।

[যে২ অপরাধের নিমিত্তে ৫০ ও ৫১ ধারামতে কারাবন্ধন দণ্ড হইতে পারে কোন২ স্থলে পোলীসের মাজিষ্ট্রেটকর্ত্তৃক সেই২ অপরাধের বিচার হইবার কথা।]

৫২ ধারা। যে অপরাধ সপ্রমাণ হইলে এই আইনের ৫০ কি ৫১ ধারামতে কারাদণ্ড হইতে পারে, যদি কোন রাজধানীর পোলীসের মাজিষ্ট্রেটের নিকটে কোন ব্যক্তির নামে তদ্রূপ কোন অপরাধ করিবার অভিযোগ হয়, এবং যদি সেই পোলীসের মাজিষ্ট্রেট বোধ করেন যে আপনার বিচারাধিপত্যের সীমাবর্ত্তি স্থানহইতে কোন গুরুতর সাক্ষির প্রস্থান করিবার সম্ভাবনা হেতুক হাই কোর্টে ঐ অপরাধির অভিযোগ করা ব্যর্থ হইবে, তবে সেই মাজিষ্ট্রেট সেই অপরাধির বিচার করিয়া দোষ নির্ণয়পূর্ব্বক ছয় মাসের অনধিক কাল কারাবন্ধনের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[Extent of jurisdiction.]

LIII. The jurisdiction given to Police Magistrates under the last preceding Section may be exercised, whether the offence shall be charged to have been committed within the local limits of the jurisdiction of such Magistrates or not, and any person hereby made punishable by a Police Magistrate shall be punishable upon summary conviction, but such jurisdiction shall only be exercised if the witnesses necessary for the prosecution of the offender are to be found within the local limits of the jurisdiction of the Police Magistrate before whom the offender is charged.

[Rule of construction of this Act.]

LIV. In the construction of this Act every Officer and servant of such Railway Company shall be deemed to be legally bound to do every thing necessary for, or conducive to the safety of the public, which he shall be required to do by any regulation which shall be made by the Company, and allowed by the Governor General of India in Council, and of which regulation such Officer or servant shall have notice; and every such Officer and servant shall be deemed to be legally prohibited from doing every act which shall be likely to cause danger, and which by any such regulation he shall be prohibited from doing; and every person employed by or on behalf of such Railway Company to do any act upon the Railway shall be deemed to be a servant of the Company.

[All Railway servants to be deemed public servants within meaning of Sections 161 to 165 of Penal Code.]

LV. Every Officer and servant of any such Railway Company shall be deemed a "public servant" within the meaning of Sections 161, 162, 183, 164 and 165 of the Indian Penal Code.

[Apprehension of offenders.]

LVI. Every person who shall be guilty of any offence mentioned in Sections 48, 49, 50, and 51 of this Act may be lawfully apprehended, without any warrant or written authority, by any Officer or servant of the Company, or by any other person whom such Officer or servant shall call to his aid, or by any Police Officer of such grade as shall by any law in force for the time being be entrusted in any case with the power of arrest without a warrant; and every person so apprehended shall, with all convenient despatch, be carried and conveyed before a Magistrate or Justice of Peace, or other Officer lawfully authorized to punish the offender or to commit him for trial.

[বিচারাধিপত্যের ব্যাপকতার কথা।]

৫৩ ধারা। যে অপরাধের অভিযোগ হয়, তাহা পোলীসের মাজিষ্ট্রেটদিগের বিচারাধিপত্যের সীমাবর্ত্তি স্থানের মধ্যে করা গেলে কি না গেলেও, ইহার পূর্ব্বধারামতে ঐ মাজিষ্ট্রেটদিগকে যে ক্ষমতা দেওয়া গেল তাঁহারা তদনুসারে কার্য্য করিতে পারিবেন। এবং এই আইনক্রমে যে কোন ব্যক্তি পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে দণ্ডনীয় হন, স্থূলমতে দোষ নির্ণয় হইলে পর, সেই ব্যক্তি দণ্ডনীয় হইবেন। কিন্তু পোলীসের যে মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধির নামে অভিযোগ হয় যদি সেই মাজিষ্ট্রেটের বিচারাধিপত্যের সীমাবর্ত্তি স্থানের মধ্যে সেই অপরাধির দোষ নির্ণয়ার্থ প্রয়োজনীয় সাক্ষিদিগকে পাওয়া যায়, তবেই ঐ মাজিষ্ট্রেট সাহেব উক্ত ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন নতুবা নহে ইতি।

[এই আইনের অর্থ করণের বিধি।]

৫৪ ধারা। এই আইনের অর্থ করণেতে রেলওয়ে কোম্পানির কৃত এবং মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত যে কোন বিধি ঐ কোম্পানির কার্য্যকারক কি চাকর অবগত থাকেন, সেই বিধিক্রমে ঐ কার্য্যকারক কি চাকর সাধারণ লোকদের নিরাপদের আবশ্যক কি নিরাপদ জন্য যে সকল কার্য্য করিতে আদিষ্ট হন, তাহা আইনমতে করিতে বদ্ধ এমত জ্ঞান হইবে। এবং যদ্দ্বারা শঙ্কট জন্মিবার সম্ভাবনা এমত যে কোন কার্য্য করিতে উক্ত বিধান ক্রমে নিষেধ হইয়াছে উক্ত কার্য্যকারক ও চাকর সেই কর্ম্ম করণ হইতে আইনমতে নিষিদ্ধ হইয়াছেন জ্ঞান হইবে। এবং যে কোন ব্যক্তি কোন রেলওয়ে কোম্পানি দ্বারা কি তৎপক্ষে ঐ রেলওয়ের উপর কোন কর্ম্ম সম্পাদন করিতে নিযুক্ত হন তিনি ঐ কোম্পানির চাকর জ্ঞান হইবেন ইতি।

[রেলওয়ের সকল কর্ম্মকারক দণ্ডবিধির আইনের ১৬১ অবধি ১৬৫ পর্য্যন্ত সমস্ত ধারার অর্থগত রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবার কথা।]

৫৫ ধারা। তদ্রূপ কোন রেলওয়ে কোম্পানির প্রত্যেক কার্য্যকারক ও পরিচারক ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৬১, ১৬২, ১৬৩, ১৬৪, ও ১৬৫ ধারার অর্থগত রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবেন ইতি।

[অপরাধিদের ধৃত করণের কথা।]

৫৬ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের ৪৮, ৪৯, ৫০ ও ৫১ ধারার লিখিত কোন অপরাধের দোষী হন, তবে কোন আজ্ঞাপত্র কি লিখিত ক্ষমতাপত্র বিনা কোম্পানির কোন কার্য্যকারক কি পরিচারকের দ্বারা, কিম্বা সেই কার্য্যকারক কি পরিচারক আপনার সাহায্যার্থে অন্য যে কোন ব্যক্তিকে আহ্বান করেন তাঁহার দ্বারা, কিম্বা পোলীসের যে শ্রেণীর কর্ম্মকারক কোন স্থলে তৎকালের প্রচলিত কোন আইনক্রমে পরওয়ানাবিনা ব্যক্তিকে আসেধ করিবার ক্ষমতাপন্ন হন, পোলীসের এমত কোন কার্য্যকারকদ্বারা সেই অপরাধিকে ধরা যাইতে পারিবে। এবং তদ্রূপে ধৃত প্রত্যেক ব্যক্তি সুবিধামতে ত্বরায় মাজিষ্ট্রেটের কি শান্তিরক্ষার্থ জুষ্টিসের সম্মুখে কিম্বা অন্য যে কর্ম্মকারক আইনমতে অপরাধির দণ্ড করিতে কিম্বা বিচারার্থে তাহাকে সমর্পণ করিতে ক্ষমতাপন্ন হন তাঁহারই সম্মুখে নীত ও চালিত হইবেন ইতি।

[Notice of accidents to be given to Police. Penalty for default.]

LVII. Within twelve hours after the occurrence upon the Railway or in or upon any of the stations, sheds, sidings, carriages or other property belonging to such Company, of any death or accident, act or omission causing or likely to cause serious personal injury or serious loss of or injury to goods carried thereon, the Station Master at the station nearest to the place of the occurrence shall give notice thereof in writing to the District Superintendent of Police and the Police Station nearest to such place; and if any Station Master shall wilfully omit to give such notice, he shall be liable to a fine of fifty Rupees for every day during which the omission to give the same shall continue.]

[Penalty on Officer of Company making false Return.]

LVIII. Every Officer of any Railway Company who shall wilfully make any false Return required under this Act to the Local Government shall be liable to imprisonment for any term not exceeding three years, or to fine, or to both.

[*To be continued.*]

[পোলীসকে দুর্ঘটনার সংবাদ দিবার কথা ও না দিবার দণ্ডের কথা।]

৫৭ ধারা। পূর্ব্বোক্ত কোম্পানির রেলওয়ের উপর) কিম্বা কোন ষ্টেশনের কি পথের পার্শস্থ ঘরের কি পার্শ্বপথের কি গাড়ির কি অন্য সম্পত্তির মধ্যে কি তদুপরি যদি কোন ব্যক্তির মৃত্যু কি কোন দুর্ঘটনা হয় কিম্বা যে ক্রিয়া করণ কি কর্ত্তব্য যে কর্ম্ম না করণদ্বারা কোন ব্যক্তির শরীরের গুরুতর আঘাত কিম্বা ঐ রেলরোড প্রভৃতির দ্বারা চালিত মালের গুরুতর ক্ষতি কি হানি হয়, কি হইবার সম্ভাবনা হয় যদি এমত কোন ক্রিয়া করা কি কর্ত্তব্যকর্ম্ম না করা যায়, তবে সেই ব্যাপার যে স্থানে হইয়াছে তাহার নিকটস্থ ষ্টেশনের ষ্টেশন মাষ্টর সেই ব্যাপারের পর বারো ঘন্টার মধ্যে পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে এবং ঐ স্থানের নিকটস্থ পোলীস থানায় পত্র লিখিয়া ঐ ব্যাপারের সংবাদ দিবেন। যদি কোন ষ্টেশন মাষ্টর ইচ্ছাপূর্ব্বক ঐ সংবাদ দিতে উপেক্ষা করেন, তবে তিনি যত দিন তদ্রূপ সংবাদ দিবার উপেক্ষা করিতে থাকেন তাহার দিনপ্রতি তাঁহার ৫০৲ টাকা অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[কোম্পানির কার্য্যকারক অযথার্থ রিটর্ণ দিলে দণ্ডের কথা।]

৫৮ ধারা। এই আইনে যে রিটর্ণ দিবার আজ্ঞা হইল কোন রেলওয়ে কোম্পানির কোন কার্য্যকারক যদি তাহা করণের আভাসে স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে ইচ্ছাপূর্ব্বক অসত্য রিপোর্ট দেন, তবে তাহার তিন বৎসরের অনধিক কোন কালের নিমিত্তে কারাবন্ধন কিম্বা অর্থদণ্ড কিম্বা ঐ উভয় দণ্ড হইতে পারিবে ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

The following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 9th February 1866, and was referred to a Select Committee, with instructions to make their report thereon in a fortnight:—

No. 2 of 1866.

A Bill further to amend the Schedule annexed to the Code of Criminal Procedure.

[Preamble.]

Whereas it is expedient further to amend the Schedule annexed to the Code of Criminal Procedure; It is enacted as follows:

[Amendment of Schedule as regards Sections 277 and 278 of the Indian Penal Code.]

I. In lieu of the word "ditto" in the parts of column 7 of the said Schedule respectively referring to Sections 277 and 278 of the Indian Penal Code, there shall be read the words "Any Magistrate."

[Amendment of Schedule as regards Section 325 of the Indian Penal Code.]

II. In lieu of the words "Court of Session" in the part of such column referring to Section

আইনের পশ্চাৎ লিখিত পাণ্ডুলিপি ১৮৬৬ সালের ৯ ফেব্রুআরি তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা গেলে মনোনীত কমিটীর প্রতি অর্পিত হয়। তাঁহাদের প্রতি দুই সপ্তাহের মধ্যে তদ্বিষয়ে রিপোর্ট করিবার আদেশ হইয়াছে।

১৮৬৬ সালের ২ নম্বর।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের তফসীলের অধিকতর সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ফৌজদারী মোকদ্দমার কার্যবিধানের আইন সংশ্লিষ্ট তফসীলের অধিকতর সংশোধন করা বিহিত। এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান করা যাইতেছে।

[ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২৭৭ ও ২৭৮ ধারা সম্পর্কে তফসীল সংশোধন করিবার কথা।]

১ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২৭৭ ও ২৭৮ ধারা সম্পর্কে উক্ত তফসীলের ৭ ঘরে "ঐ" যে শব্দ আছে তৎপরিবর্ত্তে "কোন মাজিষ্ট্রেট" এই কথ পাঠ করিতে হইবে ইতি।

[ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩২৫ ধারা সম্পর্কে ঐ তফসীল সংশোধন করিবার কথা।]

২ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩২ ধারা সম্পর্কে তফসীলের ৭ ঘরে "সেশন আদালত"

325 of the Indian Penal Code, there shall be read the words "Any Magistrate."

[Amendment of Schedule as regards Section 380 of the Indian Penal Code.]

III. In lieu of the word "ditto" in the part of the said Schedule referring to Section 380 of the Indian Penal Code, there shall be read the words "Court of Session or any Magistrate."

[Nothing in this Act to alter effect of the rest of the Schedule.]

IV. Nothing herein contained shall be taken to alter the effect of any other part of the said Schedule immediately before the passing of this Act.

[This Act to be read with the Code of Criminal Procedure.]

V. This Act shall be read with and taking as part of the Code of Criminal Procedure.

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE object of this Bill is to enable any Magistrate to try the following offences :—

Defiling the water of a public spring or reservoir :

Making the atmosphere noxious to health :

Voluntarily causing grievous hurt ; and

Theft in a building, tent or vessel.

The reasons of the proposed change are these: *first*, as the law now stands, the time of the higher tribunals is needlessly taken up in trying cases which might well be dealt with by the lower grades of Magistrates ; and, *secondly*, these offences being now often necessarily triable at a great distance from the place of their commission, the prosecutor and his witnesses are exposed to the hardship of a long journey, or the offence is hushed up to prevent that hardship.

H. S. MAINE.

The 30th January 1866.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept., (Legislative.)

[*Government Gazette*, *20th February* 1866.]

এই কথার পরিবর্ত্তে "কোন মাজিষ্ট্রেট" এই কথা পাঠ করিতে হইবে।

[ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩৮০ ধারা সম্পর্কে ঐ তফসীল সংশোধন করিবার কথা।]

৩ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩৮০ ধারা সম্পর্কে উক্ত তফসীলের ৭ ঘরে "ঐ" যে শব্দ আছে তৎপরিবর্ত্তে "সেশন আদালত কি কোন মাজিষ্ট্রেট" এই কথা পাঠ করিতে হইবে ইতি।

[এই আইনের কথাতে ঐ তফসীলের অন্য অংশের ফলের ব্যতিক্রম না হইবার কথা।]

৪ ধারা। এই আইন প্রচলিত হওনের অব্যবহিত পূর্ব্বে ঐ তফসীলের অন্য কোন অংশের ফল এই আইনের কোন কথাতে নিবর্ত্ত হইবে না ইতি।

[ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের সঙ্গে এই আইন পাঠ করিবার কথা।]

৫ ধারা। এই আইন ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের সঙ্গে পাঠ হইয়া তাহার অংশ জ্ঞান হইবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

সাধারণের ব্যবহার্য্য উনুইর কি জলাশয়ের জল নষ্ট করণ।

বায়ু পীড়াজনক করণ।

ইচ্ছাপূর্ব্বক গুরুতর পীড়া জন্মান এবং

বসতি বাটীতে কি তাম্বুতে কি নৌকাদিতে চৌর্য্য

এই সকল অপরাধের বিচার কোন মাজিষ্ট্রেট কর্ত্তৃক হইতে পারে, এই পাণ্ডুলিপির এই উদ্দেশ্য।

পরিবর্ত্তনের প্রস্তাবের হেতু এই। অধঃস্থ শ্রেণীর মাজিষ্ট্রেটেরা যে২ মোকদ্দমার বিচার উত্তমরূপে করিতে পারেন, আইনের বর্ত্তমান বিধিমতে সেই২ মোকদ্দমার বিচার কার্য্যে উপরিস্থ আদালতের বৃথা সময় হরণ হয়। দ্বিতীয়, অপরাধ যে স্থানে করা যায় এইক্ষণে অনেকবার তথাহইতে দূরতর স্থানে তাহার বিচার হয়, এই হেতুক বাদির ও তৎপক্ষ সাক্ষিরদের অনেক কষ্টে অতিদূর যাইতে হয়, নতুবা সেই কষ্ট উত্তীর্ণ হইবার উপায় মৌনাবলম্বনমাত্র।

এচ এস মেন।

১৮৬৬ সাল ৩০ জানুআরি।

উইটলি ষ্টোক্‌স।
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 9th February 1866, and was refered to a Select Committee, with instructions to make their report thereon in a fortnight:—

No. 3 OF 1866.

A Bill to continue Act No. XXXI. of 1860 (relating to the manufacture, importation and sale of arms and ammunition, and for regulating the right to keep and use the same, and to give power of disarming in certain cases) and for other purposes.

[Preamble.]

Whereas Act No. XXXI of 1860 as continued by Act No. VI of 1865 will expire on the first day of October 1866; and whereas it is expedient to continue the said Act No. XXXI of 1860; and whereas it is desirable to render the license mentioned in the 26th and other Sections of the same Act grantable upon conditions; It is enacted as follows:—

[Repeal of Act No. VI of 1865 and of part of Section 55 of Act No. XXXI of 1860. Rest of Act No. XXXI of 1860 continued.]

I. Act No. VI of 1865 and the second Clause of Section 55 of Act No. XXXI of 1860 are hereby repealed; but the rest of such Act shall continue in force from the passing of this Act until the Governor General of India in Council shall by an order published in the *Gazette of India* declare otherwise.

[Licenses to bear arms may be granted on conditions.]

II. The license mentioned in Sections 26, 28, 29 and 30 of the said Act No. XXXI of 1860 may be granted by the Magistrate or other person specially authorized to grant the same, subject to such conditions, if any, as such Magistrate or other person shall think fit; and on breach of any such conditions or failure to comply therewith, such license shall thereupon be null and void.

[Short title.]

III. This Act may be cited as "The Arms' Act continuance Act, 1866."

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE object of this Bill is to continue Act XXXI of 1860, commonly known as the Arms' Act. An enquiry has been instituted throughout India as to the operation of the Act: the result is that, in the opinion of the Local Governments, the Act has worked excellently, that it has mitigated the

---

আইনের পশ্চাৎ লিখিত পাণ্ডুলিপি ১৮৬৬ সালের ৯ ফেব্রুআরি তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রি সভায় উপস্থিত করা গেলে মনোনীত কমিটীর প্রতি অর্পিত হয়। তাহাদের প্রতি দুই সপ্তাহের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আদেশ হইয়াছে।

১৮৬৬ সালের ৩ নম্বর।

১৮৬০ সালের ৩১ আইন (অর্থাৎ অস্ত্রশস্ত্র ও বারুদাদি তৈয়ার ও আমদানী ও বিক্রয় করিবার ও তাহা রাখিবার ও ব্যবহার করিবার বিধান করিবার ও কোন২ গতিকে অস্ত্রাদি হরণ করিবার ক্ষমতা দেওনের আইন) প্রবল রাখিবার ও অন্য২ অভিপ্রায়ের আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

১৮৫৬ সালের ৬ আইনক্রমে ১৮৬০ সালের ৩১ আইন অধিক যত কালের নিমিত্তে প্রবল করা গিয়াছিল, সেই কাল ১৮৬৬ সালের অক্টোবর মাসের ১ তারিখে অতীত হইবে। কিন্তু ১৮৬০ সালের সেই ৩১ আইন অধিককাল বলবৎ রাখা বিহিত। এবং ঐ আইনের ২৬ ও অন্য২ ধারাতে যে অনুমতিপত্রের কথা ব্যক্ত হইয়াছে, সেই অনুমতিপত্র নিয়মাধীনে দান করা বাঞ্ছনীয়, এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান করা যাইতেছে।

[১৮৬৫ সালের ৬ আইন এবং ১৮৬০ সালের ৩১ আইনের ৫৫ ধারার একাংশ রহিত হওনের ও ১৮৬০ সালের ৩১ আইনের অবশিষ্টাংশ প্রবল রাখিবার কথা।]

১ ধারা। এই ধারাক্রমে ১৮৬৫ সালের ৬ আইন এবং ১৮৬০ সালের ৩১ আইনের ৫৫ ধারার ২ প্রকরণ রহিত করা গেল। কিন্তু এই আইন প্রচলিত হওনের কালাবধি মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে আজ্ঞা প্রকাশ করণপূর্ব্বক যত কাল প্রকারান্তরের নির্দ্ধারণ না করেন, তত কাল পর্য্যন্ত ঐ আইনের অন্য সকল অংশ প্রবল থাকিবে ইতি।

[অস্ত্রবহনের অনুমতিপত্র নিয়মাধীনে প্রদান হইবার কথা।]

২ ধারা। মাজিষ্ট্রেট সাহেব কিম্বা ১৮৬০ সালের ৩১ আইনমতে অনুমতিপত্র প্রদান করিবার বিশেষ ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি যে২ নিয়ম অবধারণ করা উচিত বোধ করেন সেই২ নিয়মানুসারে ঐ আইনের ২৬ ও ২৮ ও ২৯ ও ৩০ ধারার লিখিত অনুমতিপত্র দিতে পারিবেন। তদ্রূপ কোন নিয়ম ভঙ্গ হইলে, কিম্বা তদনুসারে কার্য্য হইবার ত্রুটি হইলে, সেই অনুমতিপত্র ব্যর্থ ও অসিদ্ধ হইবে ইতি।

[সংক্ষেপ নাম।]

৩ ধারা। এই আইন "অস্ত্রশস্ত্রের আইন প্রবল রাখিবার ১৮৬৬ সালের আইন" নামে উল্লিখিত হইতে পারিবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

অস্ত্রশস্ত্রের আইন নামে যাহা সামান্যতঃ খ্যাত হয় ১৮৬০ সালের সেই ৩১ আইন প্রবল রাখা এই পাণ্ডুলিপির অভিপ্রায়, কার্য্যপক্ষে সেই আইনের যে ফল হইয়াছে ভারতবর্ষের সমুদয়াংশে তদ্বিষয়ক অনুসন্ধান করা গিয়াছে। ফলতঃ স্থান বিশেষের নানা গবর্ণমেণ্টের বিবেচনায় সেই আইনক্রমে বিলক্ষণরূপে কার্য্য

character of crime over a great part of India; and that no Europeans and no Natives of approved loyalty have been disarmed under the Act. There is, however, some evidence that the disarming of the country has encouraged the multiplication of wild animals: the Bill therefore enables the Local Officers to make licenses to carry arms dependent on the performance of a condition. The conditions annexed may be such as to render it possible to issue licenses more freely than heretofore.

The Bill does not propose to perpetuate the existing Act, but merely to continue it until the Governor General in Council shall otherwise order.

H. S. MAINE.

The 2nd February 1866.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept., (Legislative.)

হইয়াছে। তদ্দ্বারা ভারতবর্ষের অনেক স্থানে প্রচণ্ড অপরাধের লাঘব হইয়াছে, এবং ইউরোপীয় কি দেশীয় যে ব্যক্তির রাজভক্তি প্রশস্ত এমত ব্যক্তির অস্ত্রশস্ত্র হরণ করা যায় নাই। কিন্তু দেশীয় লোকেরদের অস্ত্রাদি ব্যবহার না করণের বিধি হওয়াতে বন্যপশুর সংখ্যাবৃদ্ধি হইয়াছে এমত প্রমাণ হইল। এহেতুক এই পাণ্ডুলিপিতে নিয়মসাধনের প্রতিজ্ঞাক্রমে অস্ত্র বহনের অনুমতিপত্র দান করিতে স্থানীয় কার্য্যকারকদের প্রতি ক্ষমতা প্রদান হইয়াছে। যে নিয়মের প্রয়োগ হইতে পারে তদ্বিবেচনায় অনুমতিপত্র পুর্ব্বাপেক্ষা অবাধিতরূপে দেওয়া যাইতে পারিবে।

বর্ত্তমান আইন চিরকাল স্থায়ি হয় এই পাণ্ডুলিপির এমন অভিপ্রায় নয়। কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যতকাল প্রকারান্তরের আজ্ঞা না করেন ততকাল পর্য্যন্ত তাহা প্রচলিত রাখা অভিপ্রায়।

এচ এস মেন।

১৮৬৬ সাল ২ ফেব্রুআরি।

উইটলি স্টোক্‌স।
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিস্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1037.

APPOINTMENTS.

The 5th February 1866.

Major H. S. Bivar to be a Municipal Commissioner for the Town of Gowhatty.

Mr. T. E. Coxhead to officiate, temporarily, as an Assistant Commissioner at Darjeeling, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that Territory.

Subject to the sanction of the Government of India, Baboo Kedar Nauth Dutt is appointed to the Sixth Grade of the Subordinate Executive Service, and to be Special Deputy Registrar of Assurances, under Act XVI. of 1864, in Sarun. Baboo Kedar Nauth Dutt is also appointed to be a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, and is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

The 6th February 1866.

Mr. E. J. Barton to officiate, temporarily, as Magistrate and Collector of Cuttack, until the arrival of Mr. W. Cornell, or until further orders.

Mr. G. K. Webster, Assistant Magistrate and Collector, to have temporary charge of the Sub-Division of Khoordah.

বঙ্গদেশের শ্রীযুত লেপেটনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১০৩৭ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ৫ ফেব্রুআরি।

মেজর শ্রীযুত এচ এস বিবর সাহেব গৌহাটী শহরে মুনিসিপাল কমিস্যনর হইবেন।

শ্রীযুত টি ই কক্সহেড সাহেব কিয়ৎকালের নিমিত্তে দার্জ্জিলিঙ্গে আসিস্টাণ্ট কমিস্যনরের কর্ম্ম করিবেন। ও সেই প্রদেশে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে শ্রীযুত বাবু কেদারনাথ দত্ত অধঃস্থ বিচার কর্ত্তৃত্ব কার্য্যের ষষ্ঠ শ্রেণীতে নিযুক্ত হইয়াছেন, এবং সারণে ১৮৬৪ সালের ১৬ আইনমতে নিদর্শপত্রাদির বিশেষ ডেপুটী রেজিষ্ট্রার হইবেন। আরো তিনি ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন, ও ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ৬ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ কর্ণেল সাহেব যত কাল না পঁহুছেন অথবা অন্য আজ্ঞা না হয় তত কাল শ্রীযুত ই জে বার্টন সাহেব কিয়ৎকালের নিমিত্তে কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি কে ওয়েবষ্টর সাহেব কিয়ৎকালের নিমিত্তে খুর্দ্দহ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

Mr. T. F. Bignold to officiate as Joint-Magistrate and Deputy Collector of Patna, during the absence, on deputation, of Mr. E. D. Lockwood, or until further orders.

The 7th February 1866.

Lalla Faqueer Chand Lall, Deputy Magistrate and Deputy Collector, to have temporary charge of the Sub-Division of Nowadah, and to exercise the powers of a Magistrate in Gya.

Baboo Anund Chunder Banerjee to be a Member of the Local Committee of Public Instruction at Beauleah.

The following gentlemen to be Members of the Charitable Dispensary Committee at Tipperah, *viz.:*—

Mr. M. Lecolier.
„ J. P. Delanney.
Moulvie Anwar Allee Khan.
Baboo Ram Manic Burmon.
„ Gobind Chunder Bose.
„ Gresh Chunder Banerjee.

Baboo Omollo Churn Mullick to officiate, temporarily, as an Extra Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, and to be employed under the Board of Revenue on the duty of taking up lands between the Raneegunge and Lukheserai Stations of the East Indian Railway.

The 8th February 1866.

Mr. G. S. Fagan to be First Judge of the Calcutta Court of Small Causes.

Mr. W. Marshall to be Assistant Secretary to the Government of Bengal in the Legislative Department.

Mr. P. Bonnaud to officiate as Deputy Collector of Customs, during the absence, on leave, of Mr. J. P. Grant, or until further orders.

Mr. T. Dickson to officiate as Assistant Collector of Customs.

The 9th February 1866.

Captain A. E. Campbell to officiate as Deputy Commissioner of Gowalparah, during the absence, on leave, of Captain B. W. D. Morton, or until further orders.

Mr. W. F. McDonell to officiate as Civil and Sessions Judge of Nuddea, during the absence, on leave, of Mr. A. R. Thompson, or until further orders.

Mr. F. M. Halliday to officiate as Magistrate and Collector of Chumparun.

Mr. A. C. Mangles to officiate as Joint-Magistrate and Deputy Collector of Tirhoot.

Mr. A. T. Maclean to officiate as Magistrate and Collector of Noacolly, during the absence, on

শ্রীযুত ই ডি লকউড সাহেবের রাজকীয় কর্ম্মোপলক্ষে গমনজন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত টি এফ বিগনলড সাহেব পাটনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ৭ ফেব্রুআরি।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত লালা ফকীরচাঁদ লাল কিয়ৎকালের নিমিত্তে নবদহ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন এবং গয়াতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু আনন্দচন্দ্র বন্দ্যোপাধ্যায় বোয়ালিয়ার সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা ত্রিপুরার দাতব্য ঔষধালয় কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত এম লিকলিয়র সাহেব।
„ জে, পি, ডিলানি সাহেব।
„ মৌলবী আনওয়ার আলী খাঁ।
„ বাবু রামমাণিক বর্ম্মন্।
„ বাবু গোবিন্দচন্দ্র বসু।
„ বাবু গিরীশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

শ্রীযুত বাবু অমূল্যচরণ মল্লিক কিয়ৎকালের নিমিত্তে ১৮৪৩ সালের ১৫ আইনমতে অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন এবং ইষ্টইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির রাণীগঞ্জ ও লক্ষ্মীসরাই ষ্টেশনের মধ্যে ভূমি গ্রহণের কার্য্যে রেবিনিউ বোর্ডের অধীনে নিযুক্ত হইবেন।

১৮৬৬ সাল ৮ ফেব্রুআরি।

শ্রীযুত জি এস ফেগান সাহেব কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রথম জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ মার্শেল সাহেব ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী হইবেন।

শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত পি বনড সাহেব কষ্টমের ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত টি ডিকুসন সাহেব কষ্টমের আসিষ্টাণ্ট কালেকুটরের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ৯ ফেব্রুআরি।

কাপ্তান শ্রীযুত বি ডবলিউ ডি মর্টন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কাপ্তান শ্রীযুত এ ই কাম্বেল সাহেব গোয়ালপাড়ার ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ আর তামসন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডবলিউ এফ মাকুডনেল সাহেব নদীয়ার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ এম হালিডে সাহেব চম্পারণের মাজিষ্ট্রেটের ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ সি মাঙ্গেলস্ সাহেব ত্রিহুতের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি এ পেপর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ টি

leave, of Mr. G. A. Pepper, or until further orders.

The 10th February 1866.

Mr. J. Westland to officiate as Deputy Commissioner of Maunbhoom, during the absence, on leave, of Lieutenant R. C. Money, or until further orders.

Lieutenant G. D. Reid to officiate as an Assistant Commissioner in Assam.

The 12th February 1866.

Mr. G. G. Morris to be a Magistrate and Collector of the First Grade in Furreedpore.

The 13th February 1866.

Mr. T. F. W. Smith to officiate, until further orders, as Joint-Magistrate and Deputy Collector of Mymensing.

LEAVE OF ABSENCE.

The 5th February 1866.

Mr. W. H. Henderson, Magistrate and Collector of Backerguge, is allowed leave of absence from the 23rd instant to the 23rd proximo, preparatory to proceeding to Europe on furlough. This cancels the remaining portion of the privilege leave granted to him under orders of the 22nd December last.

Mr. J. A. Graham, Assistant Commissioner of Darjeeling, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Baboo Oma Churn Mitter, Sub-Assistant Surgeon, late in charge of the Customs Department at Hansie, for two months, from the 28th December last, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

The 8th February 1866.

Mr. J. P. Grant, Deputy Collector of Customs, Calcutta, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Moulvy Waheedooddeen, Judge of the Small Cause Courts of Bhaugulpore and Monghyr, for ten days, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Baboo Gopee Kissen Banerjee, Sudder Ameen of Rungpore, for twenty-three days, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted under orders of the 22nd November last.

Mr. F. Adams, District Superintendent of Police, Midnapore, is allowed an extension of leave from the 19th to the 26th ultimo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

The 9th February 1866.

Captain B. W. D. Morton, Deputy Commissioner of Gowalparah, for six months, under the Financial Resolution dated 22nd February 1856.

[*Government Gazette, 20th February* 1866.]

মাকলীন সাহেব নওয়াখালীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১০ ফেব্রুআরি।

লেপ্টেনেন্ট শ্রীযুত আর সি মনি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে ওয়েষ্টলণ্ড সাহেব মানভূমের ডেপুটী কমিসানরের কর্ম্ম করিবেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত জি ডি রীড সাহেব আসামে আসিষ্টাণ্ট কমিসানরের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১২ ফেব্রুআরি।

শ্রীযুত জি জি মরিস্ সাহেব ফরিদপুরে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

১৮৬৬ সাল ১৩ ফেব্রুআরি।

শ্রীযুত টি এফ ডবলিউ স্মিথ সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ময়মনসিংহের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ৫ ফেব্রুআরি।

বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডরসন সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থে প্রস্তুত হইবার নিমিত্তে এই মাসের ২৩ তারিখঅবধি আগামি মাসের ২৩ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন, অতএব গত ডিসেম্বর মাসের ২২ তারিখের আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহার অবশিষ্টাংশ ইহাতে রহিত হইল।

দার্জ্জিলিঙ্গের আসিস্টাণ্ট কমিস্যনর শ্রীযুত জে এ গ্রেহাম সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

হান্সির ভুতপূর্ব্ব কষ্টমস ডিপার্টমেণ্টের কর্ম্মের ভারপ্রাপ্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু উমাচরণ মিত্র অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত ডিসেম্বর মাসের ২৮ তারিখ অবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ৮ ফেব্রুআরি।

কলিকাতার কষ্টমের ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

ভাগলপুর ও মুঙ্গেরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত মৌলবী ওয়াহীদুদ্দীন যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে দশ দিনের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের সদর আমীন শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় গত নবেম্বর মাসের ২২ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তেইশ দিনের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ আডামস্ সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে গত মাসের ১৯ অবধি ২৬ তারিখ পর্য্যন্ত অধিক ছুটী গ্রহণের অনুমতি পাইয়াছেন।

১৮৬৬ সাল ৯ ফেব্রুআরি।

গোয়ালপাড়ার ডেপুটী কমিস্যনর কাপ্তান শ্রীযুত বি, ডবলিউ, ডি, মর্টন সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণমতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

Mr. F. A. Dawson, Assistant Superintendent of Police, Bhaugulpore, for one month, from the 18th instant, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

The 10th February 1866.

Lieutenant R. C. Money, Deputy Commissioner of Maunbhoom, for one month, on private affairs, under the Financial Resolution dated 22nd February 1856, in extension of the leave granted to him under orders of the 26th ultimo.

NOTIFICATIONS.

The 7th February 1866.

The leave on medical certificate granted to Mr. J. Chapman, Assistant Superintendent of Police, Rajshahye, under orders of the 27th ultimo, will have effect from the 6th idem, the day on which he left his station. This cancels the privilege leave granted to him under orders of the 18th ultimo.

Mr. W. Davis, Registrar of Cargo Boats, having returned to his duties on the 5th instant, the unexpired portion of the privilege leave granted to him on the 2nd ultimo is cancelled.

Mr. C. G. Campbell, Assistant Superintendent of Police, Howrah, having returned to his duties on the 1st instant, the unexpired portion of the leave granted to him under orders of the 13th December last is cancelled.

Mr. A. Weekes, Assistant Commissioner of Maunbhoom, having reported his departure by the Steamer *Meinam* on the 3rd instant, after having enjoyed only three out of the sixteen days' preparatory leave granted to him under orders of the 29th ultimo, the unexpired portion of that leave is cancelled.

The 8th February 1866.

The services of Mr. C. Boulnois, Judge of the Calcutta Court of Small Causes, are placed at the disposal of the Government of India in the Home Department.

The services of the Reverend F. C. Viret, Chaplain of Dacca, are placed at the disposal of the Government of India in the Home Department.

The 10th February 1866.

The services of Dr. B. W. Switzer, Officiating Civil Assistant Surgeon of Jessore, are placed at the disposal of the Government of the North-Western Provinces, with effect from the date on which he may be relieved by his successor.

NOTIFICATION.

The 7th February 1866.

In continuation of the Notification of the 6th ultimo, the following Officers are declared to have passed the examination prescribed in the Govern-

ভাগলপুরের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এফ এ ডসন্ সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ১৮ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১০ ফেব্রুআরি।

মানভুমের ডেপুটী কমিসনর লেপ্টেনেন্ট শ্রীযুত আর সি মনি সাহেব গত মাসের ২৬ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণমতে স্বীয় প্রয়োজনের নিমিত্তে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৭ ফেব্রুআরি।

রাজশাহীর পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত জে চাপমান সাহেব চিকিৎসকের সার্টিফিকাটক্রমে গত মাসের ২৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা ঐ মাসের ৬ তারিখ অবধি প্রবল হইবে, যেহেতু সেই তারিখে তিনি স্বীয় মোকাম ত্যাগ করেন। গত মাসের ১৮ তারিখের আজ্ঞামতে তিনি যে অনুগ্রহের ছুটী পান তাহা ইহাতে রহিত হইল।

মালবোঝাইকারি নৌকার রেজিষ্ট্রার শ্রীযুত ডবলিউ ডেবিস সাহেব এই মাসের ৫ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত মাসের ২ তারিখের আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

হাবড়ার পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত সি, জি, কাম্বেল সাহেব এই মাসের ১ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত ডিসেম্বর মাসের ১৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

মানভূমের আসিষ্টান্ট কমিসনর শ্রীযুত এ উইক্স সাহেব গত মাসের ২৯ তারিখের আজ্ঞামতে প্রস্তুত হওনার্থে যে ষোল দিনের ছুটী পান তন্মধ্যে কেবল তিন দিন গ্রহণ করিয়া এই মাসের ৩ তারিখে মেইনাম নামক বাষ্পীয় জাহাজে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন, অতএব ঐ ছুটীর অবশিষ্টাংশ রহিত হইল।

১৮৬৬ সাল ৮ ফেব্রুআরি।

কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত সি, বুলনয়স্ সাহেব হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

ঢাকার পুরোহিত পাদরী শ্রীযুত এফ সি বিরেট সাহেব হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৬ সাল ১০ ফেব্রুআরি।

যশোহরের একটিং সিবিল আসিষ্টান্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত বি ডবলিউ সুইটজর সাহেব উত্তর পশ্চিমদেশের গবর্ণমেন্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন। পদগ্রাহি যাহারা যে তারিখে অবকাশ পান সেই তারিখ অবধি উক্ত নিয়োগ সফল হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৭ ফেব্রুআরি।

গত মাসের ৬ তারিখের বিজ্ঞাপনের অতিরিক্ত পশ্চাৎ লিখিত কার্য্যকারকেরা গবর্ণমেন্টের ১৮৫১ সালের ১৯ নবেম্বর তারিখের নির্দ্ধারণের নির্দ্দিষ্ট পরী-

ment Resolution of the 19th November 1851, with effect from the date of the examination held in October 1865, *viz.*:—

By the First or Lower Standard.

Mr. C. C. Quinn, C. S.
,, W. J. Kilby ... } Police Officers.
,, G. Ridsdale ... }

APPOINTMENT.

The 7th February 1866.

Mr. C. C. Quinn is vested with the powers of a Subordinate Magistrate of the First Class, and those of a Deputy Collector in Nuddea.

The following Order issued by the Government of India, in the Home Department, is re-published for information:—

No 1221.

The 7th February 1866.

43.	Return of accidents to be delivered to Government.	৪৩।	গবর্ণমেণ্টকে দুর্ঘটনার রিটর্ণ দিবার কথা।
44.	Returns of Traffic and Tolls to be made by Railway Companies.	৪৪।	রেলওয়ে কোম্পানির বাণিজ্যের ও ভাড়ার রিটর্ণ দিবার কথা।
45.	Fine for non-delivery of Return.	৪৫।	রিপোর্ট না দিলে অর্থদণ্ডের কথা।
46.	Penalty for continued neglect to give notice or deliver Returns.	৪৬।	সংবাদ দিবার কি রিটর্ণ সমর্পণ করিবার নিয়ত উপেক্ষা হইলে দণ্ডের কথা।
47.	Service of summons under Sections 42, 45 or 46.	৪৭।	৪২ কি ৪৫ কি ৪৬ ধারাক্রমে আহ্বানপত্র পর্য্যর্পণের কথা।
	PART VI. *Regulations binding on the Officers and Servants of the Company.*		**ষষ্ঠ খণ্ড।** কোম্পানির কার্য্যকারকদের ও চাকরদের প্রতিপাল্য বিধান।
48.	Penalty for wilful act or omission endangering a passenger.	৪৮।	ইচ্ছাপূর্ব্বক যে কর্ম্ম করণ কি অননুষ্ঠান দ্বারা চড়নদারের প্রাণাশঙ্কা হয় তাহার দণ্ডের কথা।
49.	Penalty for wilful act or omission in a Railway Officer.	৪৯।	রেলওয়ে কার্য্যকারকের ইচ্ছাপূর্ব্বক কোন কর্ম্ম করণ কি উপেক্ষা করণের দণ্ডের কথা।
50.	Penalty for drunkenness or breach of duty by Railway Officer.	৫০।	রেলওয়ের কার্য্যকারক মাতাল হইলে কি কর্ত্তব্য কর্ম্ম না করিলে তাহার দণ্ডের কথা।
51.	Penalty for an act not wilful.	৫১।	অনিচ্ছাধীন ক্রিয়ার দণ্ডের কথা।
52.	Police Magistrate may, in certain cases, try offences punishable under Sections 50 and 51 with imprisonment.	৫২।	যে২ অপরাধের নিমিত্তে ৫০ ও ৫১ ধারামতে কারাবন্ধন দণ্ড হইতে পারে কোন২ স্থলে পোলীসের মাজিষ্ট্রেটকর্ত্তৃক সেই২ অপরাধের বিচার হইবার কথা।
53.	Extent of jurisdiction.	৫৩।	বিচারাধিপত্যের ব্যাপকতার কথা।
54.	Rule of construction of this Act.	৫৪।	এই আইনের অর্থ করণের বিধি।
55.	All Railway servants to be deemed public servants within meaning of Sections 161-165 of Penal Code.	৫৫।	রেলওয়ের সকল কর্ম্মকারক দণ্ডবিধির আইনের ১৬১ অবধি ১৬৫ পর্য্যন্ত সমস্ত ধারার অর্থগত রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবার কথা।
56.	Apprehension of offenders.	৫৬।	অপরাধিদের ধৃত করণের কথা।
57.	Notice of accidents to be given to Police. Penalty for default.	৫৭।	পোলীসকে দুর্ঘটনার সংবাদ দিবার কথা ও না দিবার দণ্ডের কথা।
58.	Penalty on Officer of Company making false Return.	৫৮।	কোম্পানির কার্য্যকারক অযথার্থ রিটর্ণ দিলে দণ্ডের কথা।
	PART VII. *As to Fines and Convictions under this Act.*		**সপ্তম খণ্ড।** এই আইন অনুযায়ি অর্থদণ্ডের ও দোষ নির্ণয়ের বিধি।
59.	Levy of fines under this Act.	৫৯।	এই আইনঅনুসারে অর্থদণ্ড আদায়ের কথা।
60.	Power to Government to set-off fines against money payable to Company.	৬০।	কোম্পানির প্রাপ্য টাকা হইতে গবর্ণমেণ্টের অর্থদণ্ড বাদ দিবার কথা।
61.	Railway Company's servant liable to be summoned where fine imposed on Company in consequence of his negligence or misconduct.	৬১।	কোম্পানির কোন চাকরের শৈথিল্য কি অহিতাচরণ হেতুক ঐ কোম্পানির অর্থ দণ্ড হইলে ঐ চাকরকে আহ্বান করিতে পারিবার কথা।
62.	Prosecution of Railway servants for offences under this Act. Penalty in default of prosecution.	৬২।	এই আইনের লিখিত অপরাধ হেতুক রেলওয়ের চাকরদিগের নামে অভিযোগ করিবার কথা ও না করিলে দণ্ডের কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ ফেব্রুআরি।]

63. Apportionment of fine between servants of Company.	৬৩। কোম্পানির অর্থদণ্ড চাকরদিগের অংশাংশমতে দিতে হইবার কথা।
64. Provision when superior servant also guilty of negligence or misconduct.	৬৪। উচ্চ পদস্থ চাকরও অনবধানতার কি অহিতাচরণের দোষী হইলে তদ্বিষয়ের বিধান।
65. Levy or set-off of amount of fine payable by servant.	৬৫। অর্থদণ্ডের টাকা চাকরের দাতব্য হইলে তাহা আদায় করিবার কি বাদ দিবার কথা।
66. Jurisdiction of Magistrate, &c., to fine.	৬৬। অর্থদণ্ড করিতে মাজিষ্ট্রেট প্রভৃতির ক্ষমতার কথা।
67. Conviction to be quashed on merits only. Form of Conviction, &c.	৬৭। দোষ নির্ণয় করণ কেবল দোষ গুণক্রমে অসিদ্ধ হইতে পারিবার ও দোষ নির্ণয়ের পাঠের কথা।
68. Magistrate may refer case to his Assistant or Deputy.	৬৮। আসিষ্টাণ্টের কি ডেপুটীর প্রতি মাজিষ্ট্রেট সাহেবের মোকদ্দমা অর্পণ করিবার কথা।
69. Local Government may authorize Assistant to exercise without reference powers given to him on reference. Proviso.	৬৯। আসিষ্টাণ্টের প্রতি মোকদ্দমা অর্পণ হইলে তাঁহারা যে ক্ষমতানুসারে কার্য্য করিতে পারেন অর্পিত না হইলেও সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতাদান করিবার কথা ও কর্জনীয় কথা।
70. Fines how to be recovered.	৭০। অর্থদণ্ড যে প্রকারে আদায় হইবে তাহার কথা।
71. Jurisdiction in the Madras and Bombay Presidencies.	৭১। মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীতে বিচারাধিপত্যের কথা।

PART VIII.

অষ্টম খণ্ড।

Miscellaneous.

বিবিধ বিধি।

72. Company to regulate the use of the Railway.	৭২। থরেল পরে ব্যবহার সম্পর্কে কোম্পানির বিধান করিবার কথা।
73. Power to make regulations by bye-laws.	৭৩। উপবিধি দ্বারা বিধান করিবার ক্ষমতার কথা।
74. Publication of such bye-laws.	৭৪। সেই উপবিধি প্রকাশ হইবার কথা।
75. Such bye-laws to be binding on all parties.	৭৫। উক্ত উপবিধিক্রমে সকল ব্যক্তির বদ্ধ হইবার কথা।
76. Copy and translation of Act, to be shown at Railway Stations.	৭৬। রেলওয়ে ষ্টেশনে আইনের প্রতিলিপি ও অনুবাদ দেখাইবার কথা।
77. All Indian Railways to be within the Act.	৭৭। এই আইনের মধ্যে ভারতবর্ষীয় সকল রেলওয়ে গণ্য করিবার কথা।

G. N. TAYLOR.

জি এন টেলর।

The 2nd January 1866.

১৮৬৬ সাল ২ জানুআরি।

WHITLEY STOKES,

Asst. Secy. to the Govt. of India,
Home Dept., (Legislative.)

উইটলি ষ্টোক্‌স।

এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী

THE following Bill was introduced into the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 16th February 1866, and was referred to a Select Committee, with instructions to make their report thereon in a fortnight:—

No. 4 OF 1866.

A Bill to repeal Act No. IV of 1855 *(for incorporating for a further period, and for giving further powers to the Assam Company.)*

[Preamble.]

WHEREAS the Assam Tea Company is to be incorporated by a local Act of Parliament made and passed in the 28th and 29th years of the reign of Her Majesty, No. CXXIX; but, under or by virtue of the second Section of the said Act of Parliament, its operation is deferred until the expiration of two months next after the day of the passing, by the Governor-General of India in Council, of an Act to repeal the Act of the Legislative Council of India, No. IV of 1855; and whereas it is expedient to repeal the same Act in order that the said Act of Parliament may be brought into operation; It is hereby enacted as follows:—

[Repeal of Act IV of 1855.]

I. Act No. IV of 1855 is hereby repealed, except as to the repeal of Act No. XIV of 1854 effected thereby, and except as to contracts made, acts done, and liabilities incurred before the passing of this Act.

[For two months the powers, rights and liabilities of Assam Company not to be affected.]

II. For the period of two months next after the day of the passing of this Act, the incorporation, powers, rights and liabilities of the said Company shall continue as if this Act had not been passed.

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE Assam Tea Company was originally incorporated by an Act of the Indian Legislature, No. IV of 1855. But in the last Session of the English Parliament the Company obtained a private Act of incorporation, 28th and 29th Vic., No. CXXIX, the second Section of which is as follows.—

"This Act shall commence and have effect on and after the expiration of two months next after the day of the passing by the Legislative Council of the Governor-General of India, of an Act repealing the Society's Act."

It is desirable to bring the English Act into operation. The present Bill accordingly proposes to repeal the Indian Act. At the same time it

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ ফেব্রুআরি।]

আইনের পশ্চাৎ লিখিত পাণ্ডুলিপি ১৮৬৬ সালের ১৬ ফেব্রুআরি তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা গেলে মনোনীত কমিটীর প্রতি অর্পিত হয়। তাঁহাদের প্রতি দুই সপ্তাহের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আদেশ হইয়াছে।

১৮৬৬ সালের ৪ নম্বর।

১৮৫৫ সালের ৪ আইন (অর্থাৎ আসাম কোম্পানিকে অধিক কাল চার্টর দিবার ও অধিক ক্ষমতা দিবার আইন) রহিত করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যশাসনের ২৮ ও ২৯ বৎসরে পার্লিমেণ্টের প্রণীত ও প্রচারিত ১২৯ নম্বরের স্থানীয় আইনমতে আসামের চা কোম্পানিকে সমবেত করিতে হইবে। কিন্তু পার্লিমেণ্টের উক্ত আইনের ২ ধারার এই বিধান যে, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ভারতবর্ষের ব্যবস্থাপক মন্ত্রিসভার ১৮৫৫ সালের ৪ আইন রহিত করণার্থ আইন প্রচলিত করিলে পর, অব্যবহিত দুই মাস গত না হওন পর্য্যন্ত পার্লিমেণ্টের ঐ আইনের কার্য্য স্থগিত থাকিবে। অতএব উক্ত আইন প্রচলিত হয় এই কারণে ১৮৫৫ সালের উক্ত ৪ আইন রহিত করা বিহিত, এই হেতু পশ্চাৎ লিখিত বিধান করা যাইতেছে।

[১৮৫৫ সালের ৪ আইন রহিত হইবার কথা।]

১ ধারা। ১৮৫৫ সালের ৪ আইন ইহাতে রহিত হইল। কিন্তু তদ্দ্বারা ১৮৫৪ সালের ১৪ আইন রহিত হওন সম্পর্কে এবং এই আইন প্রবল হইবার পূর্ব্বে যে সকল চুক্তি ও ক্রিয়া করা গিয়াছে কি দায় বর্ত্তিয়াছে তৎসম্পর্কে উক্ত আইন রহিত হইবে না ইতি।

[আসাম কোম্পানির ক্ষমতা ও স্বত্ব ও দায় দুই মাস পর্য্যন্ত খর্ব্ব না হইবার কথা।]

২ ধারা। এই আইন প্রবল হইবার তারিখ অবধি দুই মাস পর্য্যন্ত উক্ত কোম্পানির সমবায় ও ক্ষমতা ও স্বত্ব ও দায়, এই আইন প্রবল না হওনমতে দৃঢ়তর থাকিবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

আসামের চা কোম্পানি ভারতবর্ষীয় ব্যবস্থা প্রণেতাদের ১৮৫৫ সালের ৪ আইনমতে প্রথমতঃ সমবেত হইয়াছিল। কিন্তু উক্ত কোম্পানি ইংলণ্ডীয় পার্লিমেণ্টের শেষ অধিবেশন কালে সমবেত হওনার্থ শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২৮ ও ২৯ বৎসরের ১২৯ নম্বরের বিশেষ আইন প্রাপ্ত হইয়াছিলেন, উক্ত আইনের ২ ধারা এই,

"ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ব্যবস্থাপক মন্ত্রিসভাকর্ত্তৃক সোসাইটীর আইন রহিত করণার্থে আইন প্রচলিত করণের দিবসের পর অব্যবহিত দুই মাস অতীত হওনাবধি এই আইনের প্রারম্ভ ও প্রাবল্য হইবে।"

ইংলণ্ডীয় আইন প্রচলিত করা শ্রেয়। অতএব এই পাণ্ডুলিপিতে ভারতবর্ষীয় আইন রহিত করিবার প্রস্তাব হইয়াছে। উক্ত কোম্পানির সমবায় ও

bridges over the interval of two months by declaring that the incorporation, powers, rights and liabilities of the Company shall continue for that period.

H. S. MAINE.

The 6th February 1866.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept., (Legislative.)

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

NOVEMBER 1865.

LAND REVENUE.

No. 1.

The slip copy of the "Rules for the supply of carriage to Troops," circulated (No. 6) last month, will be found to differ from the text of the Circular Order.

2. The new Rule II was prescribed by an order of the Government of India in the Military Department, No. 729, dated 17th November 1865, which did not reach the Board until after their Orders for November were printed off.

3. The slip copy is of course to be regarded as correct.

No. 2.

The following Rule is to be substituted for Miscellaneous Rule XXVII, paragraph 1, which is incomplete, and, in some respects incorrect. Paragraph 2 will become paragraph 6. The new Rule, it will be noticed, provides that no application need be made to the Civil Courts in the case of *Escheats.* The present practice, in this respect, is therefore to be discontinued.

XXVII. ESCHEATS.—All property, whether real or personal, to which there is no legal claimant, belongs to the State.

2. The mode of procedure, where *personal* property is left without a claimant, is described in Section 7, Regulation V of 1799. In regard to such property, the duty of the Collector is confined to informing the Judge concerning it, whenever he becomes aware of its existence. It follows, of course, that he should take such measures as lie in his power to make himself acquainted with the existence of such property.

3. When *real* property is left without a claimant, it does not appear that the intervention of the Civil Courts is, in any way, necessary, or can be by any law invoked.

ক্ষমতা ও স্বত্ব ও দায় দুই মাস পর্য্যন্ত প্রবল থাকিবে, এই বিধান করাতে সেই ব্যবহিত দুই মাস উত্তীর্ণ হইবে।

এচ এস মেন্।

১৮৬৬ সাল ২ ফেব্রুআরি।

উইটলি ষ্টোক্স।
এতদ্দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৬৫ সাল ডিসেম্বর মাস।

ভূমির রাজস্ব।

১ নম্বর।

গত মাসের ৬ নম্বরের সরকুলরের সঙ্গে সৈন্যদের গাড়ি যোগাইবার বিধির যে প্রতিলিপিখণ্ড দেওয়া গিয়াছিল তাহার সঙ্গে সরক্যুলর অর্ডরের মূল পাঠের কিছু বিশেষ দৃষ্ট হইবে।

২। নূতন দ্বিতীয় বিধি মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৫ সালের ১৭ নবেম্বর তারিখের ৭২৯ নম্বরের আজ্ঞাক্রমে নির্দ্ধারিত হইয়াছিল, কিন্তু বোর্ডের নবেম্বর মাসের সরকুলর অর্ডর মুদ্রিত হইলে পর বোর্ডের হস্তগত হয়।

৩। সুতরাং ঐ প্রতিলিপিখণ্ড শুদ্ধ জ্ঞান করিতে হইবে।

২ নম্বর।

বিবিধ বিধির ২৭ ধারার ১ প্রকরণ অসম্পূর্ণ ও কোন২ অংশে অশুদ্ধ। তৎপরিবর্ত্তে পশ্চাৎ লিখিত বিধি পাঠ্য। ২ প্রকরণ ৬ প্রকরণ হইবে। দৃষ্ট হইবে যে নূতন বিধিমতে অদায়িক সম্পত্তি সম্পর্কে দেওয়ানী আদালতে প্রার্থনা করা অপ্রয়োজন। এই হেতুক এতদ্বিষয়ে বর্ত্তমান যে রীতি আছে তাহা রহিত করিতে হইবে।

২৭। অদায়িক সম্পত্তি।

স্থাবর কি অস্থাবর যে সকল সম্পত্তির ব্যবস্থা সিদ্ধ কোন দায়াদ না থাকে তাহা রাজারই।

১। যে স্থলে অস্থাবর সম্পত্তি অদায়িক হয় সেই স্থলের কার্য্যপ্রণালী ১৭৯৯ সালের ৫ আইনের ৭ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে। তদ্রূপ সম্পত্তি সম্পর্কে কালেক্টর সাহেবের এই মাত্র কর্ত্তব্য, সেই সম্পত্তির বিষয় অবগত হইলেই জজ সাহেবকে জ্ঞাত করেন। ইহাতে অবশ্য বোধ হয় যে তদ্রূপ সম্পত্তি থাকা বিষয়ে তিনি সাধ্যমতে অবগত হইবার উপযুক্ত উপায় করিবেন।

৩। যদি স্থাবর সম্পত্তি অদায়িক হয়, তবে তদ্বিষয়ে দেওয়ানী আদালতের হস্তক্ষেপ করা কোন প্রকারে আবশ্যক বোধ হয় না ও কোন আইন অনুসারে তদ্রূপ হস্তক্ষেপ করণের প্রার্থনাও হইতে পারে না।

[*Government Gazette, 27th February* 1866.]

4. By Section 7, Regulation XIX of 1810, the Board of Revenue are vested with the general superintendence of all Escheats, and are required to inform themselves fully "through the local agents," of any property of that description and report to Government whether it should, in their opinion, be sold on the public account, or in what other mode it should be disposed of. The Collector, being an ex-officio local agent, should, in future, report for the orders of the Commissioner and the Board all cases in which he learns the existence of unclaimed real property, taking measures, at the same time, to invite claimants to the property as publicly as possible.

5. With reference to the provisions of the Law of Limitation, (Act XIV of 1859, Section 1, Clause 12,) the Board will never advise the Government to *sell* any such property until it has been in full possession of it for twelve years.

No. 3.

The 5th paragraph of Miscellaneous Rule LXIXA must be added also to the IXth Pension Rule on page 632, Hume as follows :—

"The time passed under suspension pending enquiry, is taken into account as service towards pension, in case of re-instatement. Where suspension has been adjudged as a specific penalty, the period is disallowed."

No. 4.

The December number of the Board's Selections from the Decisions of the High Court will complete the second volume. As soon after its issue as possible, the Board will supply a Title-page and an Index, upon the receipt of which, the volume is to be bound up uniformly with the first volume, as well as can be done locally.

2. The January number will begin a third volume.

3. Commissioners are requested to ascertain that these orders are carried out in due course.

No. 5.

With reference to the following Government order to the Registrar-General of Assurances, No. 6684, dated 28th November, which is published for general information and guidance, the following Rule is to be added to Miscellaneous Rule LXA :—

2. Processes issued under Sections 31 to 33, Act XVI of 1864, are to be served by the registered peons of the Revenue Courts, the fees being

৪। ১৮১০ সালের ১৯ আইনের ৭ ধারামতে রেবিনিউ বোর্ডের প্রতি অদায়িক সকল সম্পত্তির সাধারণমত তত্ত্বাবধারণের ভার অর্পিত হয়। এবং সেই প্রকারের কোন সম্পত্তির বিষয় আপনাদের স্থানীয় কর্ম্মকারকদের দ্বারা সম্পূর্ণরূপে অবগত হইলে পর সেই সম্পত্তি রাজকীয় লভ্যার্থে বিক্রয় করা কিম্বা তৎসম্পর্কীয় অন্য যে কোন প্রকারের কার্য্য করা উচিত জ্ঞান করেন তাহা গবর্ণমেণ্টের নিকটে তাঁহাদিগকে রিপোর্ট করিতে আজ্ঞা হইয়াছে। কালেক্টর সাহেব স্বীয় পদোপলক্ষে স্থানীয় কর্ম্মকারক। অতএব অদ্যাবধি তাঁহার কর্ত্তব্য যে অদায়িক স্থাবর সম্পত্তির বিষয় অবগত হইলেই কমিসানর সাহেবের ও বোর্ডের আজ্ঞা প্রাপণার্থে রিপোর্ট করেন, ও ইতিমধ্যে ঐ সম্পত্তির দায়াদদিগকে সাধ্যমতে প্রকাশরূপে আহ্বান করিবার উপায় করিবেন।

৫। মোকদ্দমা উপস্থিত করিবার মিয়াদের আইন অর্থাৎ ১৮৫৯ সালের ১৪ আইনের ১ ধারার ১২ প্রকরণের বিধানের উপলক্ষে তদ্রূপ সম্পত্তি বারো বৎসর পর্য্যন্ত গবর্ণমেণ্টের সম্পূর্ণ অধিকারে না থাকিলে বোর্ডের সাহেবেরা তাহা বিক্রয় করিতে কখন পরামর্শ দিবেন না।

---

৩ নম্বর।

বিবিধ বিধির ৬৯A ধারার ৫ প্রকরণ হিউম সাহেবের পুস্তকের ৬৩২ পৃষ্ঠায় প্রকাশিত পেনসানের বিধির ৯ ধারাতেও সংযোগ করিতে হইবে। যথা—

যদি কর্ম্মকারক স্বীয় পদ পুনশ্চ প্রাপ্ত হন, তবে অনুসন্ধানার্থে তাঁহার যত কাল কর্ম্ম রহিত ছিল সেই কাল পেনসান প্রাপণার্থে কর্ম্ম করণ কালের মধ্যে গণ্য হইবে। যদি বিশেষ দণ্ডস্বরূপে কর্ম্ম রহিত হয় তবে সেই কাল গ্রাহ্য নয়।

---

৪ নম্বর।

হাই কোর্টের নিষ্পত্তিহইতে বোর্ডের সাহেবদের যে নিষ্পত্তিসংগ্রহ ডিসেম্বর মাসে প্রকাশ হয় তাহাতে দ্বিতীয় বালম পূর্ণ হইবে। তাহা প্রচারিত হইবার পরে বোর্ডের সাহেবেরা সাধ্যমতে ত্বরায় নামপত্র ও সূচিপত্র প্রেরণ করিবেন। তাহা প্রাপ্ত হইলেই প্রথম বালম যে প্রকারে বাঁধা হইয়াছে স্থান বিশেষের ক্ষমতানুসারে দ্বিতীয় বালমও সেই প্রকারে বাঁধিতে হইবে।

২। জানুয়ারি মাস অবধি তৃতীয় বালম আরম্ভ হইবে।

৩। এই আজ্ঞাক্রমে নিয়মিতরূপে কার্য্য হয় এই বিষয় কমিসানর সাহেবদিগকে অনুসন্ধান করিবার আজ্ঞা হইতেছে।

---

৫ নম্বর।

গবর্ণমেণ্ট নিদর্শনপত্রের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকটে নবেম্বর মাসের ২৮ তারিখের ৬৬৮৪ নম্বরের যে আজ্ঞা দিয়াছিলেন তাহা সর্ব্ব সাধারণের জ্ঞান ও উপদেশার্থে প্রকাশ করা যাইতেছে। তৎসম্পর্কে বিবিধ বিধির ৬০ A ধারার সঙ্গে পশ্চাৎ লিখিত বিধি সংযুক্ত করিতে হইবে।

২। ১৮৬৪ সালের ১৬ আইনের ৩১, ৩২, ৩৩, ধারামতে যে আজ্ঞাপত্র প্রচারিত হয় তাহা রাজস্ব সম্পর্কীয় আদালতে রেজিষ্টরী পেয়াদাদের দ্বারা পর্য্যর্পিত হইবে

credited to the Revenue Peons' Fee Fund. The Rules contained in Rent Law Rule XXIX are applicable, in all respects, to the service of such processes.

"I am directed to acknowledge the receipt of your letter No. 9275, dated the 7th instant, and in reply to state that, after consulting the Board of Revenue, the Lieutenant-Governor is pleased to sanction the continuance of the arrangement by which processes, under Sections 31 to 33 of Act XVI, 1864, are served by the registered peons of the Revenue Department. The fees that have been levied and may hereafter be levied for the service of such processes should be credited to the "Peons' Fee Fund," instead of to the Registration Department; and the Board of Revenue will be requested to issue instructions accordingly to the District Collectors.

It follows that the levy of these fees should be regulated by the rules in force in the Revenue Department, and the sanction of the Government of India will therefore be applied for to a corresponding amendment of clause 9 of the Schedule of Fees.

You will be good enough to issue instructions to the Registrar and Deputy Registrar of Assurances, in accordance with these orders."

No. 6.

For the convenience of the district ministerial officers, the Board of Revenue have arranged to strike off vernacular editions of all their Return Forms on rough paper. The ministerial officers should use none but these forms.

Add now the following paragraph to the Periodical Return Rules, bearing in mind, however, that the vernacular edition of each form will be struck off only when a new edition of the form is required.

2A. The Returns must be submitted to the Commissioner in English. But, for the convenience of the ministerial officers, an edition of each Return is struck off in the Vernacular, and on rough paper; the Returns should be *prepared* on this edition. Whenever a supply of English Returns is indented for, the Superintendent of Stationery will understand that an equal supply of Vernacular forms is wanted. For Orissa, forms with blank headings will be distributed in like manner.

No. 7.

1. The following additions are to be made to the Board's List of Registers (Hume, p 679):—

85. Letters sent.

ও যে শুল্ক পাওয়া যায় তাহা রাজস্ব সম্পর্কীয় পেয়াদাদের ফী ফণ্ডে জমা হইবে। তদ্রূপ আজ্ঞাপত্র পর্য্যর্পণের বিষয়ে করাদায়ের আইন সম্পর্কীয় বিধির ২৯ ধারার লিখিত বিধান সর্ব্বাংশে বর্ত্তে।

" তোমার বর্ত্তমান মাসের ৭ তারিখের ৯২৭৫ নম্বরের পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে। আজ্ঞাক্রমে তাহার এই উত্তর লিখিতেছি। ১৮৬৪ সালের ১৬ আইনের ৩১, ৩২, ৩৩ ধারামতে রাজস্ব সম্পর্কীয় কর্ম্ম বিভাগে রেজিস্টরী পেয়াদাদের দ্বারা আজ্ঞাপত্র পর্য্যর্পণ করণের যে নিয়ম চলিতেছে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব রেবিনিউ বোর্ডের সঙ্গে পরামর্শ করিয়া সেই নিয়ম প্রচলিত থাকনের অনুমতি দিয়াছেন। তদ্রূপ আজ্ঞাপত্র পর্য্যর্পণ করণের জন্যে যে সকল ফী আদায় হইয়াছে ও পশ্চাৎ আদায় হইবে, তাহা রেজিস্টরী কর্ম্মবিভাগে না দিয়া পেয়াদাদের ফী ফণ্ডে জমা করা উচিত। রেবিনিউ বোর্ডের সাহেবদিগের প্রতি প্রদেশীয় কালেক্টর সাহেবদের নিকটে তদনুযায়ি উপদেশ প্রেরণ করিতে আজ্ঞা হইবে।

তদুপলক্ষে জানা গেল যে ঐ প্রকারের ফী আদায় করণ কার্য্য রাজস্ব সম্পর্কীয় কর্ম্মবিভাগের প্রচলিত বিধিমতে নিষ্পাদন করা উচিত, এবং তদনুসারে, সেই ফীর তফসীলের ৯ প্রকরণ সংশোধিত হইবার নিমিত্তে ভারতবর্ষের গবর্ণমেণ্টের অনুমতি প্রার্থনা হইবে।

তুমি অনুগ্রহ করিয়া নিদর্শনপত্রের রেজিষ্ট্রার ও ডেপুটী রেজিষ্ট্রারের নিকটে এই আজ্ঞানুযায়ি উপদেশ প্রেরণ করিবা।

৬ নম্বর।

প্রদেশীয় আমলাগণের কর্ম্মের সুবিধার জন্যে রেবিনিউ বোর্ডের সাহেবেরা দেশীয় ভাষার লিখিত সকল রিটর্ণের পাঠ মোটা কাগজে মুদ্রিত করিবার নিয়ম করিয়াছেন। আমলাগণ ঐ পাঠভিন্ন অন্য পাঠের ব্যবহার করিবেন না।

নিয়মিত সময়ের রিটর্ণের বিধিতে পশ্চাৎ লিখিত প্রকরণ সংযোগ করিতে হইবে। কিন্তু ঐ মুদ্রিত সমস্ত পাঠ ব্যবহার হইয়া নূতন মুদ্রিত করণের প্রয়োজন না হইলে, বঙ্গভাষার সেই পাঠ মুদ্রিত হইবে না এই কথা মনে রাখিতে হইবে।

২A। কমিস্যনর সাহেবের নিকটে ইঙ্গলণ্ডয় ভাষায় রিটর্ণ দিতে হইবে। কিন্তু আমলাদিগের কর্ম্মে সুবিধার জন্যে তাহা দেশীয় ভাষায় মোটা কাগজে মুদ্রিত হইয়াছে। সেই কাগজে রিটর্ণ প্রস্তুত করিতে হইবে। যখন ইংরাজী ভাষা লিখিত ঐ রিটর্ণের পা পাঠাইবার প্রার্থনা হয়, তখন ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব জানিবেন যে ইঙ্গলণ্ডীয় ভাষার য খানি, দেশিয় ভাষারও তত খানি পাঠের প্রয়োজন উড়িষ্যা দেশের নিমিত্তে সেই প্রকারের পাঠ প্রস্তু হইয়া প্রেরণ করা যাইবে। কিন্তু প্রত্যেক ঘরে শিরোভাগে ফাঁক থাকিবে।

৭ নম্বর।

১। বোর্ডের যে রেজিষ্টরের আবলী হিউম সাহেবের পুস্তকের ৬৭৯ পৃষ্ঠায় মুদ্রিত হইয়াছে তৎসহে এই২ রেজিষ্টর যোগ করিতে হইবে।

৮৫। প্রেরিত পত্র।

86. Letters received.

87. Separate files of letters.

The forms are on page 606.

2. Prefix, at the same time, to the Collectors' Record Rules the following note:—

NOTE.—The following Rules relate chiefly to the *Vernacular* records; the Rules in Part I. should be observed in regard to Collectors' *English* Records, *mutatis mutandis*.

3. With reference to Rent Law Rule XVI 2, the following Register is to be substituted for the present Register No. 39:—

39. Appeals of all kinds from the decisions of the Collector and his subordinates.

And the following form substituted on page 687, Hume:—

৮৬। প্রাপ্ত পত্র।

৮৭। পত্রের স্বতন্ত্র গাঁথনি।

তাহার পাঠ ৬০৬ পৃষ্ঠায় আছে।

২। কালেক্টর সাহেবদিগের কাগজপত্রসম্পর্কীয় বিধির পূর্ব্ব ভাগে নিম্ন লিখিত মন্তব্য কথা লিখিতব্য।

মন্তব্য। পশ্চাৎ লিখিত বিধি বিশেষমতে দেশীয় ভাষার কাগজপত্র সংক্রান্ত। কালেক্টর সাহেবদিগের ইংলণ্ডীয় ভাষার কাগজপত্রের সম্পর্কে প্রথম খণ্ডের বিধি প্রয়োজনমতে পরিবর্ত্তন করিয়া পালন করা উচিত।

৩। করাদায়ের আইন সম্পর্কীয় বিধির ১৬ ধারার ২ প্রকরণোপলক্ষে বর্ত্তমান ৩৯ নম্বরের রেজিষ্টরের পরিবর্ত্তে পশ্চাৎ লিখিত রেজিষ্টর রাখিতে হইবে। যথা,—

৩৯। কালেক্টর সাহেবের ও তাঁহার অধীন কর্ম্মকারকদিগের নিষ্পত্তির উপর সকল প্রকারের আপীল।

এবং হিউম সাহেবের পুস্তকের ৬৮৭ পৃষ্ঠায় ঐ রেজিষ্টরের যে পাঠ আছে তৎপরিবর্ত্তে এই পাঠে ঐ রেজিষ্টর রাখিতে হইবে।

39.

Register of Appeals from decisions of the Collector and his subordinates.

No., *seriatim.*	Names of parties.	Name and office of officer against whose decision the appeal is made.	Date of decision of Lower Court.	Law, Section, and Clause under which it was passed.	Date of order in appeal, and by what officer passed.	Purport of order in appeal.	REMARKS.
1	2	3	4	5	6	7	8

৩৯

কালেক্টর সাহেব ও তাঁহার অধীন কার্য্যকারকদের নিষ্পত্তির উপর আপীলের রেজিষ্টর।

১,২, ক্রমে নম্বর।	উভয় পক্ষের নাম	যে কার্য্যকারকের নিষ্পত্তির উপর আপীল হয় তাঁহার নাম ও পদ	অধঃস্থ বিচারালয়ের নিষ্পত্তির তারিখ	যে আইনের যে ধারা ও প্রকরণমতে নিষ্পত্তি হয়	আপীলের আজ্ঞার তারিখ ও যে কার্য্যকারক আজ্ঞা করেন	আপীলের আজ্ঞার মর্ম্ম	মন্তব্য কথা
১	২	৩	৪	৫	৬	৭	৮

4. In the 3rd edition of Return No. VIII, now being printed, provision has been made for showing the result of appeals to the Commissioner and the Judge, as well as to the Collector.

৪। ৮ নং যে রিটর্ণ তৃতীয় বার মুদ্রিত হইয়াছে তাহাতে যেমন কালেক্টর সাহেবের নিকটে তেমনি কমিস্যনর সাহেবের এবং জজ সাহেবের নিকটেও আপীল হইলে তাহার ফল দর্শাইবার নিয়ম হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬১। ২৭ ফেব্রুয়ারি।]

No. 8.

The following Rule is to be added to the Rules concerning the division of estates :—

XXV. The following is the procedure for carrying into effect a partition finally sanctioned by the Commissioner :—

2. The Deeds of Partition are to the prepared and distributed to those of the shareholders who are willing to provide the stamp required by Art. 54, Schedule A, Act X of 1862 *(See Rule XX.)*

3. The Ameen is then to be directed to proceed, in person, to the estate, and place each shareholder in possession of his share, in the manner in which possession of land is given according to local custom.

4. If any dispute arises regarding boundaries, he should refer the matter at once for the Collector's orders.

5. Upon the completion of these proceedings, the Ameen should make a concise report, describing specifically what he has done. This report should be signed by the shareholders or their agents.

6. If any shareholder declines to sign the report, the Collector should endeavour to induce him to do so, by every legitimate means. If this is not found possible, formal orders should be passed disposing of all recusant shareholders' objections.

7. Upon receiving the Ameen's report, and after disposing of all objections, the Collector is to declare the proceedings finally and formally closed, and, *then only*, to discharge the Ameen and remove the partition case from his file.

8. The law does not contemplate the possibility of any difficulty in the way of carrying out a confirmed partition. It ought under no circumstances to take more than two months from the receipt of the Commissioner's orders to place the shareholders in full possession, and close the proceedings.

No. 9.

Attention is drawn to the Rules* published by Government, under Sections 7 and 10, Act XX of 1863, at page 2096 of the Gazette. Collectors are enjoined to take measures for acquainting those interested in these Rules with their purport, and also to make themselves acquainted with their working in any instauce in which they may be applied.

৮ নম্বর।

সম্পত্তি বিভাগবিষয়ক বিধিতে পশ্চাৎ লিখিত বিধি সংযোগ করিতে হইবে।

২৫। কমিসনর সাহেব বিভাগের যে চূড়ান্ত অনুমতি দিয়াছেন, তাহা সম্পাদনের কার্য্যপ্রণালী এই।

২। ভাগলেখ্য প্রস্তুত করা যাইবে। এবং দায়াদদের মধ্যে যে ব্যক্তিরা ১৮৬২ সালের ১০ আইনের A চিহ্নিত তফসীলের ৫৪ প্রকরণের অবধারিত ইষ্টাম্প কাগজ দিতে ইচ্ছুক হন, তাঁহাদের মধ্যে ঐ ভাগলেখ্য বিলি করিয়া দেওয়া যাইবে। (২০ বিধি দেখ।)

৩। পরে আমীনের প্রতি আজ্ঞা হইবে, যে তিনি স্বয়ং মহালে গমন করিয়া দেশাচারমতে ভূমির অধিকার দেওনের যে নিয়ম আছে, সেই নিয়মানুসারে প্রত্যেক অংশিকে আপন অংশের অধিকার দেন।

৪। যদি সীমার বিষয়ে কোন বিবাদ উত্থিত হয়, তবে কালেক্টর সাহেবের আজ্ঞা প্রাপণার্থে তাঁহার নিকটে অগৌণে সেই বিষয় অর্পণ করিতে হইবে।

৫। ঐ কার্য্য সমাপ্ত হইলে পর আমীন যাহা করিয়াছেন তাহা বিশেষমতে নির্দ্দিষ্ট করিয়া সংক্ষেপ রিপোর্ট লিখিবেন। ও সেই রিপোর্টে অংশিরদের কি তাঁহাদের পক্ষীয় কর্ম্মকারকদের স্বাক্ষর করা উচিত।

৬। যদি কোন অংশী সেই রিপোর্টে স্বাক্ষর করিতে অসম্মত হন; তবে কালেক্টর সাহেব ব্যবস্থামত নানা উপায় দ্বারা তাঁহাকে তাহাতে স্বাক্ষর করিবার প্রবৃত্তি দিবেন। তাহা যদি অসাধ্য হয়, তবে অসম্মত সকল অংশির আপত্তির নিষ্পত্তি করণার্থে নিয়মিত আজ্ঞা প্রচার হইবে।

৭। আমীনের রিপোর্ট প্রাপ্ত হইয়া সকল আপত্তির নিষ্পত্তি হইলে পর, কালেক্টর সাহেব সেই সমস্ত কার্য্য সিদ্ধান্ত ও নিয়মিতরূপে সমাপ্ত প্রকাশ করিবেন। তাহা না করা পর্য্যন্ত তিনি আমীনকে অপসর করিয়া, সেই বণ্টনের মোকদ্দমা নথীহইতে উঠাইয়া দিবেন না।

৮। দৃঢ়ীভূত বণ্টনের কার্য্য সম্পাদনের কোন কষ্ট যে হইতে পারে, আইনেতে এমত কল্পনা লক্ষিত হয় নাই। কমিসনরের আজ্ঞা প্রাপ্ত হইলে পর অংশিদিগকে সম্পূর্ণরূপে অধিকার দেওয়াইতে ও সেই কার্য্য সমাপ্ত করিতে কোন গতিকেই দুই মাসের অধিক কাল হওয়া কর্ত্তব্য নয়।

৯ নম্বর।

১৮৬৩ সালের ২০ আইনের ৭ ও ১০ ধারানুসারে গবর্ণমেণ্ট যে সকল বিধি* ১৮৬৫ সালের বাঙ্গলা গেজেটের ১৩১৫ পৃষ্ঠায় প্রকাশ করেন তাহাতে মনোযোগ করিবার আদেশ হইতেছে। কালেক্টর সাহেবদিগের প্রতি আজ্ঞা হইতেছে যে সেই বিধিতে যাঁহাদের স্বার্থ থাকে তাঁহাদিগকে তাহার মর্ম্ম জ্ঞাত করেন, এবং সেই বিধি যে২ স্থলে বর্ত্তান যায়, সেই২ স্থলে তদনুযায়ি কার্য্য যেরূপে চলে তাহাও সুবিদিত হইতে চেষ্টা করেন।

---

* For filling up vacancies in Committees appointed for the management of Religious Endowments.

* ধর্ম্মার্থে দত্ত সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করণার্থে যে কমিটী নিযুক্ত হন তন্মধ্যে কোন ব্যক্তির পদ শূন্য হইলে সেই পদে অন্য ব্যক্তিকে নিযুক্ত করণের বিধি।

[*Government Gazette*, *27th February* 1866.]

2. A report is to be submitted, a year hence, as to how far the Rules have been found practicable in operation.

No. 10.

The following Order No. 3266, dated 13th December 1865, addressed by the Government of India in the Financial Department, to the Government of Bengal, is published for the information of all officers in the Revenue Department.

2. It will be observed that the Board's Treasury Rule, Part I, Section 4, Clause 19, is to continue in full force, and that all orders to the contrary, from the Accountant-General, are cancelled.

3. With reference to the second paragraph of the Government Order, the following Rule is to be inserted :—

19A. An agent need, probably, seldom be sent with a remittance from one District Treasury to another, as discrepancies between the amounts dispatched and received between District Treasuries are of rare occurrence. Remittances from District Treasuries to the Bank of Bengal should be accompanied by an agent.

"The Governor General in Council is pleased to accede to the recommendation of the Hon'ble the Lieutenant-Governor, that remittances from District Treasuries to the Bank of Bengal should be accompanied by an Agent of the remitting Treasurer, the expenses of the Agent being paid by Government as formerly.

2. Remittances from one District Treasury to another need not, however, be so accompanied, except in cases were it might be considered necessary, as discrepancies between the amounts despatched and those received are stated to be of rare occurrence."

No. 11.

By Resolution in the Financial Department, No. 2787, dated 31st October 1865, the Government of India has passed the following Rule, defining what Public Works are not be executed by the Public Works Department, or provided for in the Public Works Budget Estimates, and ordered that all charges for Public Works which, under that Rule, are to be shown in the Civil Estimates, shall be distinctly exhibited in the Budget Estimates of the Civil Department concerned, under a specific head, "Petty Constructions and Repairs of Buildings."

Rule.—"The following classes of works shall not be considered as Public Works in the sense of requiring to be provided for in the Public

২। সেই বিধি কার্য্যপক্ষে যে পর্য্যন্ত ফলোপধায়ক হয়, তদ্বিষয়ের রিপোর্ট অদ্যাবধি বৎসরান্তে অর্পণ করিতে হইবে।

---

১০ নম্বর।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্ট বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রতি ১৮৬৫ সালের ১৩ ডিসেম্বর তারিখের ৩২৬৬ নম্বরের পশ্চাৎ লিখিত যে আজ্ঞা প্রেরণ করেন, তাহা রাজস্ব সম্পর্কীয় কর্ম্মবিভাগের সকল কার্য্যকারকের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

২। ইহাতে দৃষ্ট হইবে যে, বোর্ডের অর্থকোষ সম্পর্কীয় বিধির ১ খণ্ডের ৪ ধারার ১৯ প্রকরণ সম্পূর্ণরূপে বলবৎ থাকিবে ও আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের তদ্বিপক্ষ সকল আজ্ঞা রহিত হইয়াছে।

৩। গবর্ণমেণ্টের আজ্ঞার দ্বিতীয় প্রকরণের উপলক্ষে, নিম্ন লিখিত বিধি দিতে হইবে।

১৯ A. প্রদেশীয় নানা অর্থকোষের মধ্যে যে মুদ্রাদির প্রেরণ ও গ্রহণ হয়, তাহার প্রায় ব্যতিক্রম হয় না, এই হেতুক এক জিলার এক অর্থকোষ হইতে অন্য অর্থকোষে মুদ্রাদি প্রেরণ সময়ে তৎসঙ্গে কর্ম্মকারককে প্রেরণ করা প্রায় আবশ্যক নাই। জিলার অর্থকোষ হইতে বাঙ্গালব্যাঙ্কে যে মুদ্রাদি প্রেরণ হয়, তাহার সঙ্গে কর্ম্মকারককে পাঠাইতে হইবে।

জিলার অর্থকোষহইতে বাঙ্গাল ব্যাঙ্কে মুদ্রাদি প্রেরণ করিতে হইলে প্রেরক কোষাধ্যক্ষের এক জন কর্ম্মকারক সঙ্গে আইসেন ও তাঁহার পাথেয় প্রভৃতি গবর্ণমেণ্ট হইতে পূর্ব্ববৎ দেওয়া যায়, মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের এই পরামর্শেতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সম্মত হইয়াছেন।

২। কিন্তু জিলার এক অর্থকোষ হইতে অন্য অর্থকোষে মুদ্রাদি প্রেরণ করিতে হইলে, যদি আবশ্যক বোধ না হয়, তবে কর্ম্মকারকক সঙ্গে প্রেরণের প্রয়োজন নাই, যেহেতুক তদ্রূপ যে মুদ্রাদির প্রেরণ ও গ্রহণ হয় তাহার ব্যতিক্রম প্রায় হয় না ব্যক্ত হইয়াছে।

---

১১ নম্বর।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্ট ১৮৬৫ সালের ৩১ অকুটোবর তারিখের ২৭৮৭ নং নির্দ্ধারণক্রমে নিম্নলিখিত বিধি করিয়াছেন। রাজকীয় যে সকল কার্য্য পবলিক ওর্কস ডিপার্টমেণ্টকর্ত্তৃক নিষ্পাদিত হইবে না ও পবলিক ওর্কসের আনুমানিক আয়ব্যয়ের পত্রে যাহার ব্যয় ধরা যাইবে না তাহা সেই নির্দ্ধারণপত্রে নির্দ্দিষ্ট হইয়াছে। এবং সেই বিধিমতে পবলিক ওর্কসের সমস্ত ব্যয় দেওয়ানী আনুমানিক ব্যয়পত্রে লিখিতে হইবে, তাহা দেওয়ানী যে ডিপার্টমেণ্ট সম্পর্কে প্রস্তুত হয় "ক্ষুদ্র বিষয় প্রস্তুত ও সংস্কার করণ" এই বিশেষ দফাক্রমে সেই ডিপার্টমেণ্টের আনুমানিক আয়ব্যয়পত্রে লিখিতে হইবে।

বিধি। নিম্নলিখিত প্রকারের কার্য্য যদি পবলিক ওর্কসের কর্ম্মকারকদিগের দ্বারা নিষ্পাদনীয় না হয়, তবে পবলিক ওর্কসের আনুমানিক আয় ব্যয়পত্রের মধ্যে

Works Budget Estimate, and disbursed under the Public Works Department Rules, unless they are to be executed by the agency of the Public Works Officers, but their construction or repair may be provided in the Civil Estimates under each Department as Petty Construction and Repair."

"Duly authorized shelter for Establishments, whether bungalows of a temporary character or huts.

"Police lines and buildings, except large Police Stations.

"Educational buildings, with the exception of large permanent structures.

"Any buildings, permanent or temporary, of which the cost is under Rupees 1,000 each; but alterations, additions, or repairs to buildings, in charge of the Public Works Department, and borne on the Returns of that Department as recognised State buildings, will not come under this class of works.

"But grants-in-aid to such works, as though constructed by private agency, would, if carried out at the expense of the State, be Public Works, will be Public Works charges; as also grants-in-aid to Local Funds, with the object of assisting in such constructions, would fall into the Public Works Estimate."

The following alteration is consequently necessary in the Board's Rules:—

Make the first sentence of Excise Rule 99 part of Rule 98, and for the rest of the Rule substitute—

99. For the Rules for the construction of Central Distilleries, &c., see Miscellaneous Rule VII 3, which applies chiefly to Excise buildings.

And add the following to Miscellaneous Rule VII:—

3. With reference to Government Order, in the Financial Department, No. 2787, dated 31st October 1865, public buildings in the Revenue Department, permanent or temporary (*i. e.*, whether constructed of masonry or not) of which the cost is estimated to be less than Rupees 1,000, are to be constructed under the Collector's orders, funds being provided in his Budget under the head "Petty Construction and Repairs of Buildings." All buildings of which the cost is estimated to be Rupees 1,000 or more, are constructed by the Public Works Department and borne on the books of that Department, the expenditure being estimated for in the Budget of that Department. The repairs of all buildings borne upon the books of the Public Works Department will be executed by the Public Works Department, and the cost estimated for in the Budget of the Public Works Departmen, If the

যাহার ব্যয়ের বিধান করিতে হইবে, এবং পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের বিধিমতে যাহার মুদ্রাদি বিনিয়োগ হইবে এই মত পবলিক ওর্কস বলিয়া তাহা জ্ঞান হইবে না, কিন্তু প্রত্যেক ডিপার্টমেণ্টে দেওয়ানী আনুমানিক ব্যয়পত্রে "ক্ষুদ্র২ বিষয় প্রস্তুত ও সংস্কার করণ" এই দফামতে তদ্রূপ বিষয় প্রস্তুত কি সংস্কার করণের বিধান করিতে হইবে।

আমলাদের আশ্রয়ার্থে কিয়ৎকাল স্থায়ি যে বাঙ্গল ঘর কি কুঠরী প্রস্তুত করিবার নিয়মিত অনুমতি আছে।

পোলীসের বড়২ থানাভিন্ন পোলীস লাইন ও গৃহাদি।

চিরকাল স্থায়ি বৃহৎ ঘরভিন্ন পাঠশালার নিমিত্ত গৃহাদি।

চিরকালীন কি কিয়ৎকালীন যে২ গৃহাদি নির্ম্মাণের ব্যয় সহস্র টাকার ন্যূন হয়, তাহা। কিন্তু যে২ গৃহাদি পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের তত্ত্বাবধারণে থাকে, ও রাজকীয় গৃহাদিস্বরূপ স্বীকৃত হইয়া ঐ ডিপার্টমেণ্টের রিটর্ণে লেখা যায়, সেই২ গৃহাদির কোন ভাগ পরিবর্ত্তন কি তাহার বৃদ্ধি কি সংস্কার কার্য্য এই কর্ম্ম শ্রেণীর মধ্যে গণ্য নহে।

সাধারণ ব্যক্তিদের অর্থব্যয়ে সম্পাদিত যে গৃহাদি রাজকীয় অর্থব্যয়ে সম্পাদিত হইলে পবলিক ওর্কসের মধ্যে ধরা যাইত, সেই গৃহাদি নিষ্পাদনের সাহায্যার্থে যে অর্থ দেওয়া যায় তাহা পবলিক ওর্কসের ব্যয়ে ধরা যাইবে। এবং সেই কর্ম্ম প্রস্তুত করণের সাহায্যার্থে যে টাকা স্থানীয় ফণ্ডে দেওয়া যায় তাহাও পবলিক ওর্কসের আনুমানিক আয়ব্যয়ের মধ্যে আইসে।

এই২ হেতুতে বোর্ডের বিধি পশ্চাৎ লিখিতমতে পরিবর্ত্তন করা আবশ্যক।

আবকারী বিধির ৯৯ ধারার প্রথম পদ ৯৮ ধারার মধ্যে ধরিতে হইবে। ও সেই ৯৯ ধারার অবশিষ্ট অংশ কর্ত্তন করিয়া তৎপরিবর্ত্তে এই বিধি দিতে হইবে।

৯৯। সদর মদ্যাসক্রামী স্থানাদি প্রস্তুত করণের বিধি বিবিধ বিধির ৭ ধারার ৩ প্রকরণে আছে। সেই বিধির অধিকাংশ আবকারী গৃহাদি সম্পর্কীয়।

বিবিধ বিধির ৭ ধারাতে এই বিধির সংযোগ করিতে হইবে, যথা।

৩। ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের ১৮৬৫ সালের ৩১ অক্টোবর তারিখের ২৭৮৭ নম্বরের আজ্ঞার উপলক্ষে এই বিধান হইয়াছে. রাজস্ব সম্পর্কীয় ডিপার্টমেণ্টের নিমিত্তে চিরকালীন কি কিয়ৎকালীন রাজকীয় যে গৃহাদি করিতে হয় তাহা ইষ্টকে কি অন্য দ্রব্যে নির্ম্মিত হইলেও যদি আনুমানিক ব্যয় ১০০০৲ টাকার ন্যূন হয়, তবে কালেক্টর সাহেবের আজ্ঞাক্রমে প্রস্তুত করিতে হইবে। তাঁহার আনুমানিক আয়ব্যয় পত্রের মধ্যে "ক্ষুদ্র বিষয় প্রস্তুত ও সংস্কার করণ" এই দফাক্রমে ঐ ব্যয়ের বিধান হইবে। যে গৃহাদির নির্ম্মাণে অনুমান ১০০০৲ টাকা কি ততোধিক ব্যয় হইবে তাহা পবলিক ওর্কস ডিপার্টমেণ্টকর্ত্তৃক প্রস্তুত হইবে, ও সেই কর্ম্মবিভাগের বহীতে লেখা যাইবে। ও ঐ ব্যয় সেই ডিপার্টমেণ্টের আনুমানিক আয়ব্যয় পত্রে লিখিতে হইবে। পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের বহীতে যে সকল গৃহাদি লেখা আছে, তাহার সংস্কার কার্য্য পবলিক ওর্কস ডিপার্টমেণ্টকর্ত্তৃক সম্পাদিত হইবে, ও সেই কার্য্যের আনুমানিক ব্যয় সেই ডিপার্টমেণ্টের আনুমানিক আয়ব্যয়পত্রে লেখা যাইবে।

ollector thinks it desirable that any *masonry* uilding, estimated to cost less than Rupees 1,000, hould be constructed by the Public Works Department, he may report the matter for orders. To enable the Public Works Department to estimate the expenditure to be incurred for the contruction and repairs of buildings under this Rule, Collectors must, simultaneously with the general Budget Estimates, submit an estimate thereof, o be prepared in communication with the District Executive Engineer.

No. 12.

The following correspondence is published for general information and guidance, and in order that there may be an easily accessible record of the principles upon which the Government considers itself at liberty to afford assistance in times of scarcity.

2. Commissioners are requested to keep the Board promptly informed of all measures of assistance adopted under these Government orders. So far as the Board are at present informed, local Relief Committees have been formed in the districts named below.* Full particulars of the operation of these Committees should be furnished for notice in the Board's Preliminary and Administration Reports of the year, special notice being taken of any liberal contributions.

3. Particular attention should be paid also to the conduct of the wealthy land-holders on this occasion, and any examples of a wise liberality on their part towards their tenantry should be at once reported for the satisfaction of Government.

No. 373A.

BOARD TO GOVERNMENT.

Fort William, the 25th February, 1865.

The Board of Revenue have purposely deferred making the report upon the state of the crops and markets and the prospects of the country throughout the Lower Provinces, called for in Government Order No. 6227, dated 31st October 1865, until they could obtain such authentic information and statistics from the interior, as the local Officers could supply.

2. The rainfall in the Lower Provinces, this year, has been generally capricious, irregular,

---

* Cuttack.
Gya.
Midnapore.
Monghyr.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ ফেব্রুআরি।]

অনুমান ১০০০৲ টাকার ন্যূন মূল্যের যে ঘর ইষ্টকে নির্ম্মিত হইবে, যদি কালেক্টর সাহেব বোধ করেন যে পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট কর্ত্তৃক সেই ঘর নির্ম্মিত হওয়া প্রয়োজন, তবে তিনি আজ্ঞা প্রাপণার্থে সেই বিষয়ের রিপোর্ট করিবেন। এই বিধিমতে গৃহাদি প্রস্তুত ও সংস্কার করণে যত টাকা ব্যয় হইতে পারে, পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট ইহার হিসাব করিতে পারেন, এই হেতুক কালেক্টর সাহেবেরা ডিষ্ট্রিক্ট একসেকিউটিব ইঞ্জিনিয়র সাহেবের সহিত পরামর্শ করিয়া তাহার ব্যয়পত্র প্রস্তুত করিয়া যে সময়ে সাধারণ আনুমানিক আয়ব্যয়পত্র প্রেরণ করেন সেই সময়ে ঐ ব্যয়পত্রও অর্পণ করিবেন।

---

১২ নম্বর।

দুর্ভিক্ষ কালে গবর্ণমেণ্ট আপনাকে যে মূল নিয়মানুসারে সাহায্যদানে ক্ষমতাপন্ন জ্ঞান করেন, তদ্বিষয়ক লিপি অনায়াসে দৃশ্য হয়, এই হেতুক নিম্ন ভাগের লিখিতপঠিত পত্র সর্ব্ব সাধারণের জ্ঞান ও উপদেশার্থে প্রকাশ করা যাইতেছে।

২। গবর্ণমেণ্টের এই আজ্ঞাক্রমে সাহায্য দানসূচক যে সকল কার্য্য করা যায় কমিস্যনর সাহেবেরা বোর্ডের সাহেবদিগকে তাহা সত্বর জ্ঞাত করিতে আদিষ্ট হইলেন। এই পর্য্যন্ত বোর্ডের সাহেবদের অবগতি অনুসারে পশ্চাৎ লিখিত* প্রদেশে উপকারার্থ কমিটি নিযুক্ত হইয়াছেন। বোর্ডের সাহেবেরা বৎসরের যে পারিভাবিক ও রাজকর্ম্মসম্বন্ধীয় রিপোর্ট করেন তন্মধ্যে ঐ কমিটীর কার্য্যের উল্লেখ করিবার নিমিত্তে সেই কার্য্যের বিস্তারিত রিপোর্ট প্রেরণ করা উচিত। উদারতাপূর্ব্বক কোন অর্থদান হইলে তাহা বিশেষরূপে উল্লেখ করা কর্ত্তব্য।

৩। আরো ইত্যবকাশে ধনাঢ্য ভূম্যধিকারিদের যদ্রূপ আচরণ হয় তদ্বিষয়ে বিশেষ মনোযোগ করিতে হইবে। এবং কোন ভূম্যধিকারী প্রজাদের প্রতি বুদ্ধিমূলক উদারতা প্রকাশ করিলে, তাহা গবর্ণমেণ্টের সন্তোষার্থে অবিলম্বে রিপোর্ট করা উচিত।

৩৭৩ A নম্বর।

গবর্ণমেণ্টের নিকটে বোর্ডের পত্র।

ফোর্ট উলিয়ম ১৮৬৫ সাল ২৫ নবেম্বর।

বঙ্গপ্রভৃতির অন্তর্গত দেশপ্রদেশের ফসলের ও বাজারের বর্ত্তমান ও সম্ভাবিত যে অবস্থা আছে গবর্ণমেণ্ট ১৮৬৫ সালের ৩১ অক্টোবর তারিখের ৬২২৭ নম্বরের পত্রে তদ্বিষয়ের রিপোর্ট প্রেরণের আজ্ঞা করিলেন। কিন্তু প্রদেশীয় কার্য্যকারকেরা বিশ্বাসযোগ্য যে সম্বাদ ও স্থিতিরীতিপ্রকরণ পাঠাইতে পারেন বোর্ডের সাহেবেরা তাহা না প্রাপণ পর্য্যন্ত উক্ত বিষয়ের রিপোর্ট করেন নাই।

২। বঙ্গপ্রভৃতিদেশে এই বৎসরের বৃষ্টিপতন অনিশ্চিত ও অনিয়মিত ও অল্পতর। তদ্বিষয়ে কলি-

---

* কটক।
গয়া।
মেদিনীপুর।
মুঙ্গের।

and scanty. The Board have before them only the figures* in regard to Calcutta. Up to the present moment there is, as compared with the average of the last five years, a deficiency of no less than 10·46 inches (61·58 against 72·04). This does not represent the whole of the evil, for in the first five months of the year there was an *excess* fall of 15 27 inches. So that the deficiency in the months of June to October (the rice season) has been very serious. In fact, since the beginning of June to date, there has fallen only 37·06 inches, instead of an average of 62·79; being a deficiency of as nearly as possible, 41 per cent. When it is added that, since the middle of September no rain whatever has fallen, this being the period of the existence of the staple rice crop of Bengal, when the seasonable supply of rain is peculiarly essential, there can be little wonder that the crop has failed to a serious extent.

**Fall of rain as registered at the* Surveyor-General's *Office.*

Month.	Monthly average of five years from 1860-64.	Monthly fall in 1864.	Monthly fall in 1865.
	Inches.	Inches.	Inches.
January ...	0·32	0·00	0·48
February ...	0·35	0·47	1·86
March ...	0·88	1·84	1·96
April ...	1·77	1·11	4·28
May ...	5·93	10·36	15·94
June ...	15·64	18·73	8·63
July ...	13·29	13·09	12·19
August ...	14·71	16·64	5·99
September ...	10·68	12·59	10·25
October ...	6·76	6·50	0·00
November ...	1·71	2·89	None to date.
December ...	0·09	0·00	......
Total ...	72·13	84·22	61·58

3. It would be of great interest to obtain similar rainfall statistics for each district. The Board fear, however, that they are not forthcoming in a reliable form: at any rate, it is not in *their* power to furnish them. Throughout the year the rainfall has been remarkably local and partial,† and it may be that the statistics for

---

† For instance, rain repeatedly fell in Chowringhee and not in Town, and *vice versâ*.

[*Government Gazette, 27th February* 1866.]

কাতাসম্পর্কে যে অঙ্কলিপি,* কেবল তাহাই বোর্ডের সাহেবেরদের গোচর আছে। গত পাঁচ বৎসর গড়ে যত বর্ষণ হইয়াছিল অদ্যাপি তাহার ১০,৪৬ ইঞ্চি ন্যূন বৃষ্টি হইয়াছে (ফলতঃ ১৮৬৫ সালে, ৬১,৫৮, পূর্ব্ব পাঁচ বৎসরে ৭২,০৪ ইঞ্চি।) এই সংখ্যাতেও দুর্গতির সম্পূর্ণরূপে প্রদর্শন হয় নাই। কেন না বৎসরের প্রথম পাঁচ মাসে ১৫,২৭ ইঞ্চি পর্য্যন্ত অতিরিক্ত বৃষ্টি হয়। ইহাতে জুন মাসাবধি অক্টোবর পর্য্যন্ত শস্য উৎপন্ন কালে, অল্পতর বৃষ্টি অতিশয় ক্ষতিকর হইয়াছে। জুনমাসের আরম্ভঅবধি অদ্যাপর্য্যন্ত গড়ে যেমন ৬২,৭৯ ইঞ্চি বৃষ্টি হইয়া থাকে তাহা না হইয়া কেবল ৩৭,০৬ ইঞ্চ বৃষ্টি পতন হইয়াছে। ফলতঃ শতকরা প্রায় ৪১ পর্য্যন্ত ন্যূন বৃষ্টি হইয়াছে। আরো সেপ্টেম্বর মাসে বঙ্গদেশের মুখ্য প্রকারের শস্য ক্ষেত্রে আছে ও তৎকালে উপযুক্ত বৃষ্টি বর্ষণ বিশেষমতে আবশ্যক, কিন্তু সেই সেপ্টেম্বর মাসের মধ্যঅবধি কিছু মাত্র বৃষ্টি হয় নাই সুতরাং ধান্যের গুরুতররূপে ক্ষতিহওয়া আশ্চর্য্য নয়।

* সর্বেয়র জেনরল সাহেবের কার্য্যালয়ে রক্ষিত বৃষ্টি পতনের রেজিষ্টর।

মাস	১৮৬০ অবধি ১৮৬৪ পর্য্যন্ত পাঁচ বৎসর গড়ে মাসের যত পতন হয়	১৮৬৪ সালে মাসের যত পতন হয়	১৮৬৫ সালে মাসের যত পতন হয়।
	ইঞ্চ।	ইঞ্চ।	ইঞ্চ।
জানুআরি ..	০.৩২	০.০০	০.৪৮
ফেব্রুআরি ..	০.৩৫	০.৪৭	১.৮৬
মার্চ ..	০.৮৮	১.৮৪	১.৯৬
আপ্রিল ...	১.৭৭	১.১১	৪.২৮
মে ...	৫.৯৩	১০.৩৬	১৫.৯৪
জুন ...	১৫.৬৪	১৮.৭৩	৮.৬৩
জুলাই ...	১৩.২৯	১৩.০৯	১২.১৯
আগস্ট ...	১৪.৭১	১৬.৬৪	৫.৯৯
সেপ্টেম্বর ..	১০.৬৮	১২.৫৯	১০.২৫
অক্টোবর ..	৬.৭৬	৬.৫০	০.০০
নবেম্বর ..	১.৭১	২.৮৯	অদ্যপর্য্যন্ত আর নাই
ডিসেম্বর ..	০.০৯	০.০০	
সর্ব্বসুদ্ধ	৭২.১৩	৮৪.২২	৬১.৫৮

৩। প্রত্যেক প্রদেশে বৃষ্টিপতনের তদ্রূপ অঙ্কলিপি প্রাপ্ত হইতে পারিলে অত্যন্ত ফলোপযোগী হইত। কিন্তু তাহা পাইতে পারিলেও বিশ্বাসযোগ্যমতে শুদ্ধ হইবে না, বোর্ডের সাহেবদের এই আশঙ্কা। যাহা হউক তাহা দর্শান তাঁহাদের ক্ষমতা নাই। এই বৎসরে কেবল দেশবিশেষে ও ক্ষুদ্র২ স্থানবিশেষে বৃষ্টি পতন হইয়াছে, অতএব কলিকাতায় যে স্থিতি রীতি প্রকরণ

---

† অনেকবার চৌরঙ্গীতে বৃষ্টি হইলেও কলিকাতা নগরে হয় নাই। নগরে হইলে চৌরঙ্গীতে হয় নাই।

Calcutta are not much of a guide for the Provinces generally. In some parts of the country it is alleged that the crops were drowned* in the early rains; this may, however, probably refer to the early rice crop, which is of minor importance.

4. For the purpose of this Report, the crops of the Lower Provinces of Bengal may be divided into—the early rice—the late rice—and the cold weather crops. The early rice is not a crop of any *great* general importance. The season was not generally unfavorable to it, and, so far as is known, the crop was an average one.

5. The most important crop of these Provinces is, undoubtedly, the late rice. It is *this* crop and the cold whether crops (which in these Provinces are much less important) which are affected by the drought of this year.

6. The Board are not yet in a position to speak decidedly in regard to the cold whether crops. In an ordinary season these crops would now be in the ground, and *something* might perhaps even yet be done in the way of sowing were rain to fall. As it is, it is stated very generally that the seed sown has not germinated or, if it has germinated, that the blade has withered from drought or been destroyed by caterpillars. It is needless to speak of District details, for the same tale is told everywhere, varying only as the local Officers are more or less sanguine. From no District, except, perhaps, in Eastern Bengal, is more than half a cold whether crop expected under the most favorable circumstances; and in many, a total failure is anticipated.

7. It is impossible, however, at this stage, to say with certainty what will be the actual out-turn It may prove that the fears of those called upon to estimate the deficiency have exaggerated the evil, and that a larger area has been sown, and a larger portion of what has been sown will prove productive, than is now supposed. But at present, the Board are inclined to fear that the cold whether crops will fail very largely. As this Report is being written, however, it is reported that second sowings are, in some districts, succeeding better than could have been hoped.

8. The failure of the cold whether crops would be of comparatively small importance if *the* crop of the country—the late rice—had prospered; it is the state of this crop that really governs the market prices of articles of food in the greater part of Bengal.

আছে তদ্দারা প্রদেশের ভাব সাধারণমতে জানা যাইতে পারে না। দেশের কোনং স্থানে বর্ষার আরম্ভে ধান্য জলমগ্ন হইয়াছিল এমত কথিত হইয়াছে,* কিন্তু বোধ হয় ঐ কথাতে আশু ধান্য উল্লেখ হইয়াছিল। তাহা অকিঞ্চিৎকর।

৪। এই রিপোর্টের অভিপ্রায়ার্থে বঙ্গপ্রভৃতি দেশের শস্যের তিন ভাগ করা গেল, আশু ও আমন ধান্য ও রবি খন্দ। আশু ধান্য সাধারণমতে তাদৃশ গুরুতর নয়। কালও অত্যন্ত অননুকুল ছিল না; ঐ যে পর্য্যন্ত অবগতি হইয়াছে সেই পর্য্যন্ত ঐ ফসল মন্দ হয় নাই, সাধারণমত ছিল।

৫। আমন ধান্য এদেশের মুখ্য ফসল ইহার সন্দেহ নাই। এতদ্দেশে রবি খন্দ তাদৃশ গুরুতর নয়। কিন্তু এই বৎসরের অনাবৃষ্টিতে ঐ দুই ফসলের ক্ষতি হইয়াছে।

৬। রবি খন্দের বিষয়ে বোর্ডের সাহেবেরা এখন নিশ্চিতমতে কহিতে পারেন না। কাল সাধারণমত হইলে সেই ফসল এখনও ক্ষেত্রে থাকিত। এই সময়েতে যদি বৃষ্টি হয়, তবে এখনও বুনন কার্য্য চলিতে পারে। কিন্তু যে গতিক হইয়াছে তাহাতে বোনা বীজ অঙ্কুরিত হয় নাই। যাহা অঙ্কুরিত হইয়াছিল তাহাও রৌদ্রের তাপে শুষ্ক হইয়াছে কিম্বা কীটে নষ্ট করিয়াছে, এই কথা সাধারণমতে শুনা যায়। প্রদেশীয় বিশেষ কথা লিখিবার প্রয়োজন নাই। প্রায় সকল স্থানেরই সেই বার্ত্তা, কেবল স্থানীয় কার্য্যকারকদিগের আশাশীলতানুসারে ন্যূনাধিক বিশেষ হয়। পূর্ব্ব বাঙ্গলা দেশস্থ প্রদেশ ভিন্ন অন্য প্রদেশে এইক্ষণে অতি অনুকুল গতিক হইলেও রবি খন্দের অর্দ্ধেকের অধিক পাইবার আশা নাই। বরং অনেক প্রদেশে সম্পূর্ণ ক্ষতির আশঙ্কা আছে।

৭। কিন্তু ফলিতার্থে কত ধান্য হইবে তাহা এই সময়ে নিশ্চিতমতে বলা যায় না। যাঁহারা ক্ষতি নিরূপণ করণ কার্য্যে নিযুক্ত হইয়াছেন তাঁহাদেরই আশঙ্কাক্রমে ভাবি অমঙ্গল বর্দ্ধিতরূপে প্রকাশ হইয়া থাকিবে। এমনও হইতে পারে যে অনুভবাপেক্ষা অধিক ভূমিতে বীজ বপন হইয়াছে, ও যে বীজ বোনা গেল তাহার অধিকাংশ অপেক্ষাকৃত ফলবৎ হইবে। কিন্তু রবি খন্দের অধিকাংশ নিষ্ফল হইবে বোর্ডের সাহেবেরদের এই আশঙ্কা। এই রিপোর্ট লিখন সময়েও অবগতি হইল যে দ্বিতীয়বার যে বীজ বপন হইয়াছে, তাহা কোনং জিলায় আশাপেক্ষা উত্তম হইয়াছে।

৮। এই দেশের সর্ব্বাপেক্ষা প্রধান যে আমন ধান্য তাহার যদি সুসমৃদ্ধি হইত, তবে রবি খন্দের হানি হইলেও তাদৃশ ক্ষতি হইতে না। বঙ্গদেশের অধিকাংশ স্থানে সেই আমন ধান্যের ভাবানুসারে বাজারে আহারীয় দ্রব্যের মূল্য নির্দ্ধার্য্য হয়।

---

* The Board have seen this stated in regard to Furreedpore, Pubna, Tipperah, and parts of the Hooghly District.

* ফরীদপুর ও পাবনা ও ত্রিপুরা ও হুগলী জিলার একাংশ বিষয়ে এই কথা লিখিত হইয়াছে বোর্ডের সাহেবেরা তাহা জানিয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ ফেব্রুয়ারি।]

9. The Board have received now from each Commissioner a Report, in more or less detail, regarding the state and prospects of this important crop. The harvest is commenced in some Districts and is rapidly coming on in all. So far as the estimate of experienced Officers, assisted by local skilled advice and public opinion, is of value, the Board are in a position to place the facts as regards the late rice crop before the Government.

10. In a large part of the Dacca and Chittagong Divisions there has been no failure. Mymensingh, Sylhet, and North Dacca are said to be suffering to some extent from drought, and Tipperah has suffered to some extent from overmuch rain; but, upon the whole, a fair average crop may, except, perhaps, in the Northern parts of the Dacca Division, be expected from the Eastern Districts. When it is remembered that these Districts are perhaps, the *chief* rice-producing country, this will be regarded as a cause for great thankfulness.

11. But, except in those Divisions, the failure of the late rice crops appears to have been universal throughout the Lower Provinces, as well as in the Benares Division to the West, in Nepaul to the North, and along the Eastern coast of the whole of the Madras Presidency. Even the great rice Districts of Dinagepore and Rungpore have in no way escaped; indeed, the Reports from those Districts and from Purneah are peculiarly discouraging. The Board think that, under these circumstances, it is quite useless to offer to the Government any detailed report of the state of each District, especially as they have already published each Divisional or District Report as they received it.

12. One Collector expects a three-quarter crop; another a half crop; others as little as a quarter, or even an eighth crop. But these expectations are, avowedly, quite hypothetical, and. not unfrequently, the Commissioner differs in his estimate from the Collector, or a Collector differs from a neighbouring Collector. The Board are not inclined to attach to these estimates any greater importance than is claimed for them by their authors: they are merely the opinions of intelligent gentlemen, framed upon such information as they could collect, upon a subject with which they are more or less familiar.

13. It is a gratifying fact that as the season has advanced, the expectation of the out-turn of the crop has everywhere *improved*. So that now it is doubtful whether, in any District, there will be a less out-turn than one-half the average crop.

৯। এই সময়ে বোর্ডের সাহেবেরা প্রত্যেক কমিসানর সাহেবের স্থানে. ঐ গুরুতর ফসলের বর্ত্তমান ও সম্ভাবিত অবস্থাবিষয়ে ন্যূনাধিক বিস্তৃত বৃত্তান্ত পাইয়াছেন। কোন২ প্রদেশে শস্য কাটিবার কার্য্য আরম্ভ হইয়াছে, ও সমস্ত জিলায় অতি ত্বরায় হইবে। আমন ধান্যের অবস্থা বিষয়ে স্থানীয় পরিদর্শি ব্যক্তিদিগের পরামর্শ ও সাধারণ লোকদিগের অভিমতানুসারে ব্যুৎপন্ন কর্ম্মকারকদের অনুমান মান্য জ্ঞান হইলে বোর্ডের সাহেবেরা সেই অনুমিত কথা গবর্ণমেণ্টের গোচর করিতে সক্ষম আছেন।

১০। ঢাকা ও চট্টগ্রামখণ্ডের অধিকাংশে হানি হয় নাই। কথিত আছে যে, ময়মুনসিংহে ও শ্রীহট্টে ও ঢাকার উত্তর অংশে অনাবৃষ্টি প্রযুক্ত এবং ত্রিপুরাতে অতি বৃষ্টিদ্বারা অনেক ক্লেশ হইয়াছে। কিন্তু ঢাকা খণ্ডের উত্তরাংশ ভিন্ন, পূর্ব্ব প্রদেশে গড়ে যত উৎপন্ন হইয়া থাকে, ততই হইবার সম্ভাবনা। দেশের মধ্যে ঐ২ প্রদেশ ধান্য উৎপন্নের প্রধান স্থান, অতএব উক্ত বিষয় পরমেশ্বরের নিকটে কৃতজ্ঞতা স্বীকারের গুরুতর কারণ কহিতে হইবে।

১১। কিন্তু উক্ত দুই খণ্ডভিন্ন বঙ্গপ্রভৃতিদেশের সমস্ত স্থানে ও পশ্চিমদিগে বানারস খণ্ডে ও উত্তরদিগে নেপাল দেশে ও মান্দ্রাজ রাজধানীর পূর্ব্বাঞ্চলে আমন ধান্যের হানি হইয়াছে। দিনাজপুর ও রংপুর অধিক শস্যোৎপাদক প্রদেশ, তাহাও কোন মতে রক্ষা পায় নাই। বরং সেই২ প্রদেশের ও পূরণিয়া প্রদেশের রিপোর্ট অত্যন্ত নিরাশকর। এই সকল গতিক বিবেচনায়, বিশেষতঃ বোর্ডের সাহেবেরা খণ্ডের কি প্রদেশ সকলের রিপোর্ট পাইবামাত্রে প্রকাশ করিয়াছেন, এই হেতুক বোধ করেন যে প্রত্যেক প্রদেশের অবস্থার বিস্তারিত রিপোর্ট গবর্ণমেণ্টের সম্মুখে অর্পণ করা বৃথা।

১২। কোন কালেক্টর সাহেব চারিঅংশের তিনংশ ফসল উৎপন্ন হইবার আশা করেন, অন্য সাহেব অর্দ্ধেকের আশা করেন, অপর সাহেব কেবল চতুর্থাংশ, অন্যেরা অষ্টমাংশ পাইবার আশা রাখেন। কিন্তু তাঁহাদের নিজ কথামতে সেই আশা সকল কল্পিত। অনেক স্থলে কালেক্টরের এক মত, কমিসানরের অন্য মত। ও কোন স্থানে নিকট২ বাসি দুই জন কালেক্টরের ভিন্ন২ মত। সেই অনুমান সংখ্যা যাঁহারা করিয়াছেন তাঁহারা আপনারাই আপনারদের কথা যে পর্য্যন্ত প্রামাণ্য জ্ঞান করেন, বোর্ডের সাহেবেরা তাহা অধিক প্রামাণ্য জ্ঞান করিতে চাহেন না। বিশেষতঃ বুদ্ধিমান মহাশয়েরা যে বিষয় ন্যূনাধিক পরিজ্ঞাত আছেন তদ্বিষয়ে সাধ্যমত সংবাদ সংগ্রহপূর্ব্বক যে অভিমত প্রকাশ করিয়াছেন ঐ রিপোর্ট সেই অভিমত মাত্র।

১৩। কালের গতিক্রমে যত ফসল সংগ্রহের আশা ছিল তাহ ক্রমশঃ সর্ব্বত্র বৃদ্ধি হইতেছে, এইটী তুষ্টিকর বিষয়। তাহাতে এই সময়ে কোন প্রদেশে অর্দ্ধেকের ন্যূন হইবার সম্ভাবনা নাই।

14. The Districts which have suffered most are, undoubtedly, the Cuttack Division (especially Pooree) and Midnapore to the South, and Gya, Shahbad, and Chumparun to the West. At Gya, the cheapest rice procurable was selling, at one time, at 7 seers for the Rupee, and the residents raised a large subscription to feed the helpless poor. But things are improved even there, and the latest estimate of the rice crop, arrived at by an Officer evidently not inclined to be sanguine, is that it will be half the average. The same out-turn is estimated for Cuttack by the Commissioner, but perhaps he, on the other hand, is rather too hopeful. It must be borne in mind that the Province of Behar suffered much from drought last year, and that some of the most productive parts of Midnapore were devastated by the Cyclone of the 5th October.

15. Upon the whole, the Board of Revenue are of opinion that, throughout the tract of country spoken of, *i. e.*, in all the Divisions of Bengal, except Dacca and Chittagong, the out-turn of the late rice crop will be at least half the average crop. In Dacca and Chittagong it will not be much under the average.

16. Instead of recapitulating the estimates made by the local Officers in regard to the crops of each District the Board prefer to lay before the Government the accompanying Table,* which shows the retail prices of the usual articles of food in each District according to the latest accounts, compared with the ordinary prices at this season of the year. This Table may, the Board think, be relied upon as a far safer test, both of the deficiency of the present crop and of the stores of grain in stock, than any estimates founded upon mere opinion.

17. Speaking generally, this Table shows that the prices of food are, throughout the country, *double* the ordinary rates. It is interesting and satisfactory to observe that prices have risen very nearly as much in proportion in the Eastern Districts as in the Western: a token this, that the supplies, which those Districts are well able to furnish, will be husbanded, and, yet, that they are being poured into those Districts that need them. In accordance with this indication the Board hear everywhere of grain being in movement, and they have no doubt that the laws of demand and supply are everywhere in full and active operation.

18. Having thus laid before the Government briefly, but they trust, with sufficient accuracy,

১৪। অন্য২ প্রদেশাপেক্ষা দক্ষিণাংশে কটক খণ্ড বিশেষতঃ পুরী ও মেদিনীপুর এবং পশ্চিমাংশে গয়া ও শাহাবাদ ও চাম্পারণ এই সকল প্রদেশের অধিক ক্ষতি হইয়াছে। গয়াতে অতি সুমূল্য চাউল এক কালে টাকাতে /৭ সের বিক্রয় হইত। তন্নিবাসি লোকেরা নিঃস্ব দরিদ্রদিগের আহার প্রদানার্থে অর্থ সংগ্রহ করিলেন। সেই স্থানেও উন্নত ভাব দৃষ্ট হইতেছে, ফলতঃ যিনি স্পষ্টই তাদৃশ দৃঢ় প্রত্যাশী নহেন এমত কোন কর্ম্মকারকও অনুমান করিয়াছেন যে সেই স্থানে গড়ে যত শস্য হইয়া থাকে তাহার অর্দ্ধেক পর্য্যন্ত হইবে। কটকের কমিস্যনর সাহেবও সেই স্থানের তদ্রূপ ফসলের প্রতীক্ষা করিয়াছেন কিন্তু তিনি কিঞ্চিৎ অতিরিক্ত প্রত্যাশী। গত বৎসরের অনাবৃষ্টিতে বেহার দেশের অত্যন্ত ক্ষতি হইয়াছিল, এবং ৫ অক্টোবর তারিখের মহা ঝড়েতে মেদিনীপুরের শস্যসালী অধিক দেশ বিনষ্ট হইয়াছিল, এই কথাও মনে রাখা কর্ত্তব্য।

১৫। সর্ব্ববিষয় বিবেচনা করিলে, রেবিনিউ বোর্ডের সাহেবেরদের এই মত। ঢাকা ও চট্টগ্রাম ভিন্ন বঙ্গদেশের সমস্ত খণ্ডে আমন ধান্য গড়ে যত হইয়া থাকে তাহার অর্দ্ধেকের ন্যূন হইবে না। ঢাকাতে ও চট্টগ্রামে গড়ে যেমন হইয়া থাকে প্রায় তেমনিই হইবে।

১৬। স্থানবিশেষের কার্য্যকারক প্রত্যেক প্রদেশের ধান্য বিষয়ের যাহা অনুমান করিয়াছেন তাহার পুনরুক্তি না করিয়া বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টের গোচরে এক পাঠ* সমর্পণ করিলেন। প্রত্যেক প্রদেশে খুচরা বিক্রয়ক্রমে লোকেরদের নিত্য আহারীয় দ্রব্যের যে মূল্য, শেষাবগতি অনুসারে আধুনিক সেই মূল্যের সঙ্গে অন্য২ বৎসরের বর্ত্তমান কালীন সাধারণ মূল্যের তুলনা করিয়া ঐ পাঠ প্রস্তুত হইয়াছে। বোর্ডের সাহেবেরা বোধ করেন যে, বর্ত্তমান ফসলের ন্যূনতা ও ভিন্ন২ ব্যক্তিরদের গোলাজাৎ ধান্য বিষয়ে লোকদিগের অভিমত মূলক কোন অনুমানাপেক্ষা ঐ পাঠ যথার্থ কষ্টিস্বরূপে বিশ্বাসযোগ্য হইবে।

১৭। সাধারণমতে এই পাঠে দৃষ্ট হইবে যে, সমুদয় দেশে আহারীয় দ্রব্যের মূল্য সাধারণ মূল্যের দ্বিগুণ হইয়াছে। পশ্চিম প্রদেশে দ্রব্যের মূল্য যেরূপ বৃদ্ধি হইয়াছে পূর্ব্বপ্রদেশেও তদ্রূপ দেখিয়া মনে সন্তোষ ও হর্ষ জন্মে, কেননা পূর্ব্বদেশহইতে যে শস্য অনায়াসে দেওয়া যাইতে পারে তাহা সাবধানে রক্ষা হইয়া যে২ প্রদেশে প্রয়োজন হয় সেই২ প্রদেশে প্রেরণ হইতেছে, ঐ মূল্যের সমতাই ইহার লক্ষণ। তদনুসারে বোর্ডের সাহেবেরা শস্য স্থানে২ প্রেরণের ও গ্রহণের সম্বাদও পাইতেছেন, অতএব দানাদানের বিধি সর্ব্বত্রে সম্পূর্ণ বলবৎরূপে প্রচলিত হইতেছে সন্দেহ নাই।

১৮। বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টের গোচরে যদিও সংক্ষেপরূপে তথাপি আপনারদের জানে

---

* The Table is not printed; it will be found in the *Calcutta Gazette.*

*সেই পাঠ মুদ্রিত হয় নাই, কলিকাতা গেজেটে দেওয়া গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ ফেব্রুআরি।]

the present state of the case, the Board proceed to consider the prospects of the country until next harvest.

19. It is quite impossible to form any estimate of the stock of grain now in hand from last harvest. Various motives combine to induce holders to conceal their stocks, and any attempt at enquiry is met, in Eastern fashion, by evident evasion or barefaced falsehood. It may, however, be assumed, from the high prices that have ruled of late years, that the stock of grain held in the country is *not* very large.

20. Even if this be so, the Board see no reason to doubt that the present crop will suffice to provide food for the actual necessities of the people. This is a very important point, for, if this opinion can be relied on there will be no *famine*. The Board fully believe that it can, and they have some hopes that prices will not be very materially more unfavorable throughout the year than they now are.

21. The bulk of the population, being agriculturists, will obtain such high prices for their short produce that, as a rule, they will not, it is expected, suffer very materially. Still, there are, undoubtedly, multitudes who will not be in a position to profit by that compensation; and, for them, *suffering*, though, the Board humbly trust, not generally, *famine*, is in store this year.

22. To mitigate this evil, the Board of Revenue have already arranged for the early and regular publication of the retail prices current in each District. This will ensure such remedy being applied to the case of each place as the ordinary laws of Political Economy can supply. The Board presume that it is quite unnecessary for them to discuss any suggestions or projects that are not entirely in accordance with those laws. They have already said, and they desire to repeat it that, in a case of wide-spread scarcity such as the present, those laws alone can supply any real relief, and all that the Government can do is to encourage and facilitate their operation. There can be no doubt that it is altogether beyond the power of Government to mend matters by any extraordinary operations in contravention of these laws. Even if it be true, as has been often asserted (though the Board are by no means prepared to admit that it is certainly the fact) that the operation of these natural laws is, in this country, slow and uncertain, it follows only that it is the more clearly the duty of Government to do nothing that can clog or impede their working, and that it must direct its efforts to the removal of obstacles and to the promotion of confidence among grain dealers.

[*Government Gazette*, *27th February* 1866.]

প্রচুরমতে দেশের বর্ত্তমান অবস্থার যথার্থ বর্ণনা এই পর্য্যন্ত ব্যক্ত করিয়াছেন। অতঃপরে আগামি শস্য কাটিবার কাল পর্য্যন্ত দেশের যে অবস্থার সম্ভাবনা হয় তাহা লিখিতব্য।

১৯। গত ফসলের কত শস্য এইক্ষণে গোলাজাত আছে তাহা নিরূপণ করা অসাধ্য। যাহারদের নিকটে শস্য আছে তাঁহারা নানা কারণে তাহা গোপনে রাখিতে সচেষ্ট। যদি সন্ধান লইবার উদ্যোগ হয় তবে দেশের আচারমতে প্রত্যক্ষ ছলনা করেন কি স্পষ্টই মিথ্যা কহেন। কিন্তু ভূতপূর্ব্ব কএক বৎসরাবধি চাউলের মূল্য যদ্রূপ বৃদ্ধি হইয়াছে, তদ্দারা বোধ হয় দেশের মধ্যে বহু ধান্য গোলাজাত নাই।

২০। না হইলেও, এইক্ষণে যে শস্য আছে লোকদের প্রয়োজনীয় আহারের নিমিত্তে সেই শস্য কুলাইতে পারে, এই বিষয়ে বোর্ডের সন্দেহ নাই। এই কথা গুরুতম। কেননা তাহা সত্য হইলে, দুর্ভিক্ষ হইবে না। চাউল এইক্ষণে যে দরে বিক্রয় হয়, সংবৎসর তাহার অধিক বৃদ্ধি হইবে না, বোর্ডের এই আশা।

২১। দেশের অধিকাংশ লোক কৃষক। তাহারা আপনাদের অল্প শস্যে অধিক মূল্য পাইবে, অতএব তাহাদের তাদৃশ দুঃখ হইবে না। কিন্তু কৃষকভিন্ন বহু বহু লোক ক্ষতির তদ্রূপ প্রতিকার পাইবেন না। এই বৎসরে তাঁহাদের কষ্ট হওয়া সম্ভাবনা। কিন্তু সাধারণমতে আহার বিরহ না হয় বোর্ডের এই আশা।

২২। এই বিপদের লাঘব করণার্থে প্রত্যেক প্রদেশে যে মূল্যে দ্রব্যের খুজরা বিক্রয় হয় তাহা রেবিনিউ বোর্ডের সাহেবেরা অগৌণে ও নিয়মিতরূপে প্রকাশ হইবার নিয়ম করিয়াছেন। হইতে প্রত্যেক স্থানে রাজনীতির সাধারণ বিধিমতে বিপদের যে প্রতিকার হইতে পারে তাহার বিধান হইবে। যে কোন পরামর্শ কি অভিপ্রায় ঐ বিধির সম্পূর্ণ সঙ্গত না হয় তদ্বিষয়ের তর্ক বিতর্ক করা বোর্ডের সাহেবদের বিবেচনায় সম্পূর্ণ-অনাবশ্যক। তাঁহারা পূর্ব্বে লিখিয়াছেন ও পুনশ্চ লিখিতেছেন যে বর্ত্তমান বহুব্যাপক দুর্ভিক্ষ কালে কেবল সেই বিধিমতে যথার্থ প্রতিকার হইতে পারে। এবং সেই বিধির অভিপ্রায় সফল করণার্থে উৎসাহ দান ও সদুপায় করণ ভিন্ন গবর্ণমেন্ট আর কিছু করিতে পারেন না। ঐ বিধি উল্লঙ্ঘনপূর্ব্বক কোন অসাধারণ কার্য্যদ্বারা দুর্গতির সংশোধন করা গবর্ণমেন্টের সাধ্যাতিরিক্ত, এ বিষয়ের সন্দেহ নাই। এতদ্দেশে ঐ নৈসর্গিক বিধির কার্য্য অতি বিলম্বিত ও অনিশ্চিত, এই কথা বারংবার কথিত হইয়াছে, কিন্তু বোর্ডের সাহেবেরা সেই কথা সত্য বলিয়া কোন মতে গ্রাহ্য করিতে পারেন না। পরন্তু যদ্যপি সত্য হয় তথাপি যাহাতে সেই কার্য্যের বাধা কি অবরোধ হয় গবর্ণমেন্টের এমত কর্ম্ম করা স্পষ্টই অকর্ত্তব্য, এবং সেই বাধা দূর করণ ও শস্যবণিকদের মধ্যে পরস্পর বিশ্বাস বৃদ্ধি করণার্থে গবর্ণমেন্টের যত্ন করিতে হইবে।

23. All that the Government can really do—certainly, all that it is necessary for it to do at present—is to encourage and assist in, the employment of the labouring classes, especially in those Districts where the distress is greatest. At present it may be said that the Districts named in my 14th paragraph have, in this respect, the first claim to attention. The wants of the Southern Districts will probably be met by the operations of the Irrigation Company, who will, no doubt, gladly take the opportunity of a favorable state of the labor market, to prosecute their operations with more than ordinary energy. The Board are glad to learn that they have already been able to supply some water for the present need from the Kendrapara Canal, the only one of the Irrigation works that has progressed towards completion. This will doubtless encourage them to push on their works with earnestness.

24. The Company should be carefully consulted before the Government undertake any extraordinary local public works of their own to meet the present distress.

25. In Gya, the road between Patna and Gya, which has been for so many years a standing reproach to the Government and the Public Works Department, furnishes a sphere for the employment of any number of labourers, and, either on that work, or on some other local work, it seems desirable that as much money as possible should be spent this year. It will probably be also a favourable time for pushing on the construction of the chord line of Railway from Raneegunge to Lukhisaraie, which will employ labour very largely.

26. As to the other Districts named, the Board are not in a position to suggest any particular work but they think it desirable that the Government should make preparations to proceed with local public works there without delay, in case the distress should appear to be becoming aggravated. If relief is given at all, in such cases, in any shape, it is of the utmost consequence that it should be given promptly.

27. Independently, altogether, of this action in regard to public works, (which, if it be judiciously managed, need involve little more than the expenditure *now*, of money that must otherwise be spent, less economically, hereafter, when there is not the same command of the labour market,) the Government has certainly other obligations. In almost every District it either owns Estates or has (as in the case of Wards', Attached, and such Estates) all the responsibilities and obligations of ownership upon it.

28. The Board think that, in such a season as this, the Government in its capacity of land-

২৩। কায়িকশ্রমিলোকদিগকে বিশেষতঃ যে প্রদেশে গুরুতর বিপদ হইয়াছে সেই প্রদেশস্থ ঐ শ্রেণীর লোকদিগকে কর্ম্ম করিবার উৎসাহ দান ও তাহাতে তাহাদের সাহায্য করণ ভিন্ন গবর্ণমেণ্ট ফলিতার্থে আর কিছুই করিতে পারেন না, এক্ষণে আর কিছু করাও আবশ্যক নহে। এই পত্রের ১৪ প্রকরণে যে২ প্রদেশের নামোল্লেখ হইয়াছে ইদানীং সেই২ প্রদেশের প্রতি প্রথমে মনোযোগ করা প্রয়োজন। ইরিগেশন কোম্পানির কার্য্যদ্বারা দক্ষিণ প্রদেশস্থ লোকদের উপকার হইবার সম্ভাবনা, যেহেতুক তাঁহারা অল্পবেতনে কায়িকশ্রমিলোক পাইবার এই সুযোগে অতিরিক্ত উৎসাহপূর্ব্বক আপনাদের কার্য্য চালাইবেন ইহাতে সন্দেহ নাই। জলসেচনের কার্য্যের মধ্যে কেবল কেন্দ্রপাড়ার খালের সমাপ্তির লক্ষণ হইয়াছে, এবং তথাহইতে তাঁহারা বর্ত্তমান প্রয়োজনানুসারে কিছু জলও যোগাইতে পারিয়াছেন বোর্ডের সাহেবেরা ইহা অবগত হইয়া সন্তুষ্ট হইলেন। এক্ষণে তাঁহারা ব্যগ্রতাপূর্ব্বক আপনাদের ঐ কর্ম্ম চালাইবার উৎসাহ পাইবেন ইহার সন্দেহ নাই।

২৪। উপস্থিত বিপদ নিবারণার্থে কোন স্থানে গবর্ণমেণ্টের অতিরিক্ত রাজকীয় কর্ম্মে প্রবর্ত্ত হওনের পূর্ব্বে ঐ কোম্পানির সঙ্গে মনোযোগপূর্ব্বক পরামর্শ করা কর্ত্তব্য।

২৫। গয়ার অন্তর্গত পাটনার ও গয়ার মধ্যবর্ত্তি পথ বহু বৎসর অবধি গবর্ণমেণ্টের ও পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের চিরনিন্দাস্বরূপ। কায়িকশ্রমি যত লোক হউক সেই স্থানে সকলেরই কর্ম্ম হইতে পারিবে। এবং এই বৎসরে সেই কর্ম্মে কিম্বা স্থানীয় অন্য কোন কর্ম্মে সাধ্যমতে অধিক টাকা ব্যয় করা বাঞ্ছনীয় বোধ হয়। আরো এই সময় রাণীগঞ্জ অবধি লক্ষীসরাই পর্য্যন্ত রেলপথ প্রস্তুত করণের সুযোগ। সেই কর্ম্মেতেও অনেক লোক নিযুক্ত হইতে পারিবে।

২৬। অন্য যে২ প্রদেশের নাম উল্লেখ হইয়াছে বোর্ডের সাহেবেরা তাহাতে কোন বিশেষ কার্য্য চালাইবার পরামর্শ দিতে ক্ষমতাপন্ন নহেন। কিন্তু সেই২ স্থানে সেই বিপদ পাছে গুরুতর হইয়া উঠে এই হেতুক রাজকীয় কার্য্য চালাইবার নিমিত্তে গবর্ণমেণ্টের অবিলম্বে উদ্যোগ করা কর্ত্তব্য। এই অবস্থায় যদি কোন প্রকারের উপকার দান করা হয়, তবে ত্বরায় করা অত্যাবশ্যক।

২৭। পবলিক ওর্কস চালান আবশ্যক। এইক্ষণে না করিলে পরে করিতেই হইবে। যদি সুবিবেচনামতে করা যায়, তবে এইক্ষণে যত টাকা ব্যয় হইবার সম্ভাবনা, ইহার পরে শ্রমের মূল্য বৃদ্ধি হইলে তাদৃশ স্বল্পব্যয়ে সাধন হইতে পারিবে না। পরন্তু গবর্ণমেণ্টের পূর্ব্বোক্ত কর্ম্ম ভিন্ন তাঁহাদের প্রতি আবশ্যক অন্য২ কর্ম্মের-ভার বর্ত্তে। প্রায় প্রত্যেক প্রদেশে তাঁহাদের নিজের কএক মহাল আছে। কিম্বা অপ্রাপ্ত ব্যবহার বালকদিগের কি ক্রোক করা প্রভৃতি মহাল সম্পর্কে তাঁহাদের প্রতি স্বামিতুল্য দায় ও বাধ্যতা বর্ত্তে।

২৮। বোর্ডের সাহেবেরা বোধ করেন যে এতাদৃশকালে এদেশীয় সকল মহৎ২ ভূম্যধিকারির

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ ফেব্রুআরি।]

owner, should be prepared to set, in such cases, a liberal example to all the great land-owners of this country, who will undoubtedly watch to see what the Government is doing. Their interests are indeed closely involved in the prosperity of their ryots; but that alone would not perhaps always suffice to induce them to act with sufficient public spirit. This is a matter of great importance; the Board have already stated that it was the hope of their feeling bound to assist, and interested in assisting the agricultural population at such a time as this, that was one considerable motive with the Government of 1793, for the creation of these powerful land-owners. It must always be an important object of public policy in Bengal to encourage and, by every moral force, compel these gentlemen, who make, many of them, enormous profits, in ordinary years, to assume, when occasion arises, the obligations and responsibilities that undoubtedly lie upon them.

29. Wherever, therefore, the Government is itself land-owner, it behoves it to act with the liberal public spirit that it would like to see in private land-owners. In this view the Board have already informed the Collector of Tirhoot that he is at liberty to propose any measures for the relief of the tenantry of the immense estate of Durbhanga (in the way of useful public works for the benefit of the estate, &c.,) that he would himself think incumbent, under the circumstances, upon a liberal landlord The Board would be glad to be assured that the Government would approve of such measures being taken, in case of need, in all estates in which the Government has upon it the obligations of proprietor, especially in Government estates, and estates managed directly on account of the recusancy of the proprietors. There are many such in Midnapore, and the people there must be ill-prepared to meet the present pressure recurring so soon after the calamitous cyclone of last year.

30. The Collector of Tirhoot has reported, demi-officially, that he does not think any thing necessary for the present, and probably other Collectors would report in the same manner; but it is well to be prepared.

31. At present the Board do not think any further measures called for; and if their hopes are realized, nothing more will be called for. It is of the utmost consequence to wean the people of the country from the habit of relying upon Government for help, in circumstances in which no one but themselves can really materially help them. In this view, it is important that the Government should leave no expectation outstanding that it will be prepared to make an attempt at general

সাক্ষাতে ভূম্যধিকারিস্বরূপে গবর্ণমেণ্টের ঔদার্য্যরূপ আদর্শ দর্শাইবার উদ্যোগ করা কর্ত্তব্য। গবর্ণমেণ্ট কি করিবেন ইহা ঐ ভূম্যধিকারিরা অবশ্য প্রতীক্ষা করিতে থাকিবেন। প্রজাদের উন্নতি হইলে তাঁহাদেরও স্বার্থ বৃদ্ধি হয়, তথাপি যথোচিত পরোপকারপ্রবৃত্তিক্রমে কার্য্য করণার্থে কেবল সেই বিবেচনা সর্ব্বদাই তাদৃশ প্রবৃত্তিজনক হইবে না। এই বিষয় অতিগুরুতর, যেহেতুক এবম্বিধ দুঃসময়ে ভূম্যধিকারিরা কৃষকদিগের সাহায্য করিতে আপনদিগকে বাধিত জ্ঞান করিবেন, ও তাঁহাদের উপকার করা আপনাদেরই লভ্যজনক জানিবেন, ১৭৯৩ সালে ভূম্যধিকারিদিগকে প্রচুর ক্ষমতা প্রদানে গবর্ণমেণ্টের অন্য২ অভিপ্রায়মধ্যে এই গুরুতর অভিপ্রায়। যথানিয়মিত বৎসরে উক্ত মহোদয়গণের মধ্যে অনেকেই অত্যধিক লভ্য প্রাপ্ত হইয়া থাকেন, অতএব তাঁহাদের উপর যে ভার ও দায় অবশ্যই বর্ত্তে তাহা সাবকাশে উপযুক্তমতে স্বীকারপূর্ব্বক গ্রহণ করিবার উৎসাহ দেওয়া এবং নীতিবলক্রমে তাঁহাদিগকে সেই ভার গ্রহণ করাণ সর্ব্বদাই বঙ্গদেশের রাজনীতির গুরুতর অভিপ্রায়ের মধ্যে গণ্য।

২৯। অতএব যে স্থলে গবর্ণমেণ্ট স্বয়ং ভূম্যধিকারী সেই স্থলে সাধারণ ভূম্যধিকারিদের যদ্রূপ পরোপকারপ্রবৃত্তি দর্শনে সন্তুষ্ট হন, তত্তুল্য স্বভাবানুসারে তাঁহাদের নিজে কর্ম্ম করা কর্ত্তব্য। এই কারণে বোর্ডের সাহেবেরা ত্রিহুতের কালেক্টর সাহেবকে এই মর্ম্মের উপদেশ দিয়াছেন যে, তোমার বিবেচনাতে বর্ত্তমান অবস্থায় উদার ভূম্যধিকারির যাদৃশ আচার কর্ত্তব্য, তদনুসারে তুমিও দারভঙ্গার বৃহৎ মহালের প্রজাদিগের উপকারার্থে মহালপ্রভৃতির উন্নতিজন্য যে রাজকীয় কর্ম্ম ফলোপধায়ক জ্ঞান কর তাহা সম্পাদনের প্রস্তাব কর। যে সকল মহালে গবর্ণমেণ্টের স্বামিত্বদায় থাকে, বিশেষতঃ গবর্ণমেণ্টের মহালে এবং অধিকারিদের অসম্মতিপ্রযুক্ত গবর্ণমেণ্ট আপনি যে সকল মহালের কর্ম্ম সম্পাদন করেন, প্রয়োজনানুসারে সেই সকল মহালে গবর্ণমেণ্ট পূর্ব্বোক্ত প্রস্তাবের অনুমোদন করেন, ইহা অবগত হইলে বোর্ডের সাহেবদের আহ্লাদ হইবে। মেদিনীপুরে তদ্রূপ অনেক মহাল আছে। এবং গত বৎসরের বিষম ক্ষতিকর প্রবল ঝড়ের অল্পান্তরে বর্ত্তমান যে আকাল হইয়াছে তত্রত্য লোকেরা তাহা সহ্য করিতে প্রস্তুত নহেন।

৩০। ত্রিহুতের কালেক্টর সাহেব রিপোর্ট করিয়াছেন, যে তাঁহার বিবেচনায় ইদানীং তদ্রূপ কোন কার্য্য করা আবশ্যক নাই। অন্য২ কালেক্টর সাহেবেরাও তদ্রূপ রিপোর্ট করিতে পারিবেন। তথাপি সতর্ক থাকাই ভাল।

৩১। বোর্ডের সাহেবেরা বোধ করেন এইক্ষণে অধিক কার্য্যের আবশ্যক নাই। এবং তাঁহাদের আশা পূর্ণ হইলে অধিকের আবশ্যক হইবেও না। ফলতঃ এদেশীয় লোকেরা যে অবস্থায় সর্ব্বাপেক্ষা কৃতার্থমতে স্বদেশীয়েরদের উপকার করিতে পারেন, এতদবস্থায় গবর্ণমেণ্টের প্রতি তাঁহাদের সাহায্য প্রাপণার্থে নির্ভর করণের যে রীতি, তাহাহইতে তাঁহাদিগকে বিমুখ করা অত্যন্ত প্রয়োজন। এই প্রযুক্ত সর্ব্বসাধারণের সাহায্য করণার্থে গবর্ণমেণ্ট যত্ন করিতে প্রস্তুত আছেন, লোকদের এই আশা পুষ্টি করা উচিত নয়। ফলতঃ

assistance, which, in the present case, it could certainly not render to any good purpose.

32. Even where famine actually supervenes, the chief, if not the only, reliance must be upon the efforts of local private liberality.

GOVERNMENT TO BOARD.

No. 4204.

I am directed to acknowledge the receipt of your letters Nos. 372A and 373A, dated respectively the 23rd and 25th ultimo, and in reply to convey to the Board the thanks of the Government for the very complete report which they have submitted on the present state and prospects of the crops in the Lower Provinces of Bengal. His Honor quite approves of what the Board have done, and concurs generally in the opinions they have expressed.

2. A copy of your second letter will be forwarded to the Public Works Department of this Government, for consideration as to what may be done in the way of economically extending useful expenditure on the public works in the Cuttack and Behar Divisions, with reference to the remarks in paragraphs 23 to 26. It is to be hoped, the Lieutenant-Governor observes, that, in the latter Division, the advances on account of the opium cultivation, and, in the former, the operations of the Irrigation Company, will tend materially to diminish the prevailing distress.

3. The measures proposed by the Board in paragraphs 27 to 29 are entirely approved. Where circumstances require it, the Collectors may be authorized, with the sanction of the Commissioner, to expend in Khas Mehals, and in Wards' and Attached Estates, a moderate sum, in proportion to the rental, for the relief of the helpless poor on the estate, and in providing useful employment on subsistence wages for those who are able and willing to work, but cannot otherwise obtain it. This may be done, according to circumstances, either by directly expending the money on the estate itself, or by contributing to any general relief fund that may be formed in the district. But, in any case, care should be taken that money or provisions are distributed in a systematic way, and that none are relieved but those who are proper objects of charity.

4. Every endeavour should be made to induce the landholders and other wealthy residents to adopt a similar course, and unite in averting distress from the people on whose labor they depend. The formation of relief committees under the direction of the Collector, in every district where distress prevails, should be encouraged. This appears to have been done in several districts, and the exam-

এই সময়ে গবর্ণমেণ্ট কৃতার্থরূপে তাদৃশ উপকার করিতেও অক্ষম।

৩২। যদ্যপি দুর্ভিক্ষও হয়, তথাপি স্থানীয় সাধারণ লোকেরদের উদারতারূপ যত্নোৎসাহপ্রবৃত্তি সমুদয় নির্ভর না হইলেও অবশ্য প্রধানাংশে হইবে।

বোর্ডের নিকটে গবর্ণমেণ্টের পত্র।

৪২০৪ নম্বর।

তোমার গত মাসের ২৩ তারিখের ৩৭২ A নম্বর ও ২৫ তারিখের ৩৭৩ A নম্বরের পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে এই কথা তোমাকে জ্ঞাত করিয়া এই উত্তর লিখিতে আদেশ পাইয়াছি। বোর্ডের সাহেবেরা বঙ্গদেশের [illegible]প্রভৃতিদেশের ফসলের বর্ত্তমান ও সম্ভাবিত অবস্থার যে অতি পূর্ণ রিপোর্ট সমর্পণ করিয়াছেন, তজ্জন্য গবর্ণমেণ্ট তাঁহাদের নিকটে কৃতজ্ঞতা স্বীকার করিতেছেন। বোর্ডের সাহেবেরা যাহা করিয়াছেন, মান্যবর সাহেবও তাহাই অনুমোদন করিয়াছেন, এবং তাঁহারা যে মত প্রকাশ করিয়াছেন তাহার অধিক অংশে সম্মতও হইয়াছেন।

২। তোমার পত্রের ২৩ অবধি ২৬ পর্য্যন্ত প্রকরণের উপলক্ষে কটক ও বেহার প্রদেশস্থ রাজকীয় কর্ম্মে অধিকতর টাকা ফলোপযোগী ভাবে পরিমিতরূপে ব্যয় করণার্থে যাহা কর্ত্তব্য তাহার বিবেচনা করিবার জন্যে তোমার দ্বিতীয় পত্রের প্রতিলিপি এই গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে প্রেরণ করা যাইবে। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কহেন যে, বেহার প্রদেশে আফীমের কৃষিকার্য্যের নিমিত্তে যে টাকা আগাম দেওয়া গেল তদ্দ্বারা, এবং কটক প্রদেশে ইরিগেশন কোম্পানির কার্য্য দ্বারা বর্ত্তমান দুঃখের অনেকাংশে লাঘব হইবে।

৩। বোর্ডের সাহেবেরা ২৭ অবধি ২৯ পর্য্যন্ত প্রকরণে যে কর্ম্মের প্রস্তাব করিয়াছেন, তাহা সম্পূর্ণরূপে গ্রাহ্য। গতিক বিবেচনায় প্রয়োজন হইলে, কালেক্টর সাহেবেরা কমিস্যনরদিগের সম্মতিক্রমে, খাসমহালের এবং অপ্রাপ্ত ব্যবহার ভূম্যধিকারিদের এবং ক্রোক করা মহালের করানুসারে সেই মহাল নিবাসি দীন দরিদ্রদিগের উপকারার্থে কএক টাকা ব্যয় করিতে ও যে ব্যক্তিরা কর্ম্ম করিতে সক্ষম ও ইচ্ছুক হইয়াও কর্ম্ম পাইতে না পারে তাহারদিগকে ভরণপোষণের উপযুক্ত বেতনে উপকারজনক কর্ম্ম দিতে ক্ষমতাপন্ন হইবেন। গতিক বিবেচনায় মহালের জন্যে টাকা ব্যয় করণ দ্বারা, অথবা প্রদেশের মধ্যে সাধারণের উপকারার্থে কোন অর্থ সংগ্রহ হইলে তাহাতে দান দ্বারা, পূর্ব্বোক্ত কার্য্য করা যাইতে পারিবে। কিন্তু যে রূপে হউক মুদ্রা ও আহারীয় দ্রব্য অবধারিত নিয়মানুসারে বিলি কর', এবং যাহারা ভিক্ষা প্রাপণের যোগ্য তদ্ভিন্ন কাহাকে মুদ্রা না দেওয়া যায়, এই বিষয়ে অবধান করিতে হইবে।

৪। ভূম্যধিকারিদিগকে ও প্রদেশ নিবাসি অন্য ধনাঢ্য মহোদয়দিগকে তদনুযায়ি কর্ম্ম করিবার এবং যে ব্যক্তিরদের পরিশ্রমের উপর তাঁহারদের নির্ভর থাকে তাহারদিগের দুঃখ নিবারণ জন্যে একবাক্য হইবার প্রবৃত্তি দেওনার্থে, সাধ্যমতে উদ্যোগ করা কর্ত্তব্য। যেং প্রদেশে প্রবল বিপত্তি আছে তথায় কালেক্টর সাহেবের তত্ত্বাবধীনে উপকারার্থ কমিটি সংস্থাপনের উৎসাহ দেওয়া কর্ত্তব্য। দৃষ্ট হইল যে অনেক প্রদেশে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬১। ২৭ ফেব্রুআরি।]

ple should, the Lieutenant-Governor thinks, be followed in others. It is upon the exercise of private liberality, His Honor believes, that, in an emergency of this kind, the chief dependence must be placed.

5. The original papers received with your first letter under acknowledgment are herewith returned as requested.

No. 13.

The foot notes in the "Law of Landlord and Tenant," to the Sections of Act X. of 1859 noted below,* were inserted by the Board of Revenue, because they were of opinion that the "Execution of a Decree" could not be considered to be part of the suit or case out of which it arose, within the meaning of the *first general exemption, Article 10, Schedule B, Act X of* 1862. They therefore thought that the exemption from stamp duty of "petitions or applications presented to a Collector or Deputy Collector in relation to any suit or case tried under Act X of 1859, of an amount or value less than fifty Rupees," did not benefit petitions or applications, for, or in relation to, "Executions of Decrees."

2. It was recently brought to the notice of the Board of Revenue that the practice which, upon this interpretation of the law, they had enjoined, did not accord with the practice of the Civil Courts.

3. The Board of Revenue, upon a reference to the High Court, learn that the Court is not inclined to alter the present practice of the Civil Courts in this respect. It is desirable above all things that, in such matters, the practice of the Civil and Revenue Courts should be uniform. The Board are therefore pleased to order the Revenue Courts to adopt, for the future, the practice of the Civil Courts. The words "for proper stamp" must accordingly be substituted for "on an 8 anna stamp," in the foot notes referred to in the first paragraph; and the words "or case" inserted after "suit" in the fifth line of Rent Law Rule IV 3, a foot note being added to this Rule as follows:

"The High Court consider, and the Board of Revenue have acquiesced in the Ruling, that these words include "*Executions of Decrees.*"

তদ্রূপ কার্য্য হইয়াছে। এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বোধ করেন, অন্যান্য প্রদেশেও তদনুযায়ি কার্য্য করা বিহিত। ফলতঃ শ্রীযুতের এই বিবেচনা যে, এবম্বিধ অতি কষ্টকর কালে সাধারণ লোকেরদের ঔদার্য্য প্রতি বিশেষমতে নির্ভর করিতে হইবে।

৫। তোমার প্রথম যে পত্রপ্রাপ্তি স্বীকার করিলাম তৎসঙ্গে প্রেরিত আদ্যপত্রাদি তোমার আদেশমতে ফিরিয়া পাঠান গেল।

---

১৩ নম্বর।

ভূম্যধিকার ও প্রজাসম্পার্কীয় ১৮৫৯ সালের ১০ আইনের নিম্ন* লিখিত ধারার তলভাগে যে নোট দেওয়া গিয়াছিল, তাহা রেবিনিউ বোর্ডের সাহেবেরা দিয়াছিলেন। কারণ তাঁহারা বোধ করিলেন যে ১৮৬২ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ১০ প্রকরণের বর্জনীয় প্রথম সাধারণ কথার অর্থানুসারে ডিক্রীর সম্পাদন কার্য্য মোকদ্দমার একাংশের মধ্যে কিম্বা যাহাহইতে মোকদ্দমা উত্থাপিত হইয়াছে এমত গতিকের মধ্যে গণ্য হইতে পারে না। এই হেতুক তাঁহারা বোধ করিলেন যে "১৮৫৯ সালের ১০ আইন মতে পঞ্চাশ টাকার কি তাহার ন্যূন মূল্যের কোন মোকদ্দমাসম্পর্কে কালেকটর সাহেবের কি ডেপুটী কালেকটরের নিকটে যে দরখাস্ত কি প্রার্থনাপত্র উপস্থিত করা যায়" তাহার ইষ্টাম্প না লাগিবার যে বিধান আছে তদ্দারা ডিক্রী সম্পাদন করণার্থে কি তৎসম্পার্কীয় দরখাস্তের কি প্রার্থনাপত্রের পক্ষে কিছু লাভ হইতে পারিবে না।

২। রেবিনিউ বোর্ডের সাহেবেরা আইনের এবম্বিধ অর্থ করণদ্বারা যে ব্যবহারের আজ্ঞা করিলেন তাহা দেওয়ানী আদালতের ব্যবহারের সহিত সঙ্গত নয়, সম্প্রতি বোর্ডের নিকটে এই কথা জ্ঞাত করা গিয়াছে।

৩। রেবিনিউ বোর্ডের সাহেবেরা হাই কোর্টে প্রশ্ন করিয়া জানিতে পাইলেন যে, উক্ত বিষয়ে দেওয়ানী আদালতের বর্ত্তমান যে ব্যবহার আছে তাহা ঐ কোর্ট পরিবর্ত্তন করিতে ইচ্ছুক নহেন। তদ্রূপ বিষয়ে, দেওয়ানী আদালতের এবং রেবিনিউ বোর্ডের তুল্য প্রকারের ব্যবহার হওয়া সর্ব্বাপেক্ষা বাঞ্ছনীয়। এই হেতুক বোর্ডের সাহেবেরা আজ্ঞা করিতেছেন যে, অদ্যাবধি রাজস্ব সম্পার্কীয় আদালতে দেওয়ানী আদালতের ব্যবহারানুসারে কার্য্য হয়। অতএব এই পত্রের প্রথম প্রকরণে তলভাগের যে নোটের উল্লেখ হইয়াছে, তাহাতে "॥০ আট আনা" ইষ্টাম্প এই কথা উঠাইয়া "উপযুক্ত ইষ্টাম্প" দিতে হইবে। এবং করদায়ের আইন সম্পার্কীয় বিধির ৪ ধারার ৩ প্রকরণের পঞ্চম পংক্তিতে "মোকদ্দমা" এই শব্দের পরে "কিম্বা বিবাদস্থলে" এই কথা দিতে হইবে। এবং সেই বিধির তলভাগে এই মর্ম্মের নোট দিতে হইবে, যথা,

এই শব্দের মধ্যে ডিক্রী সাধনের কার্য্যও গণ্য, হাই কোর্টের সাহেবেরা ইহা বোধ করেন ও রেবিনিউ বোর্ডের সাহেবেরা তাঁহাদের বিধানে সম্মত আছেন।"

---

* LXXXVII, LXXXIX, C, CV, CVI, CIX, CXI.

* ৮৭, ৮৯, ১০০, ১০৫, ১০৬, ১০৯, ১১১।

[Government Gazette, 27th February 1866.]

No. 14.

1. A case has recently occurred in which a serious embezzlement was attributed (amongst other causes) to a combination amongst the ministerial officers of the sub-division at which it took place.

2. The Commissioner has given his opinion that the embezzlement could not have occurred had the officers in question known that they were liable, any one of them, to be transferred to other offices, their places being filled by new men; and advised the issue of a Rule, prohibiting the retention of any ministerial officer (excepting officers in charge of Departments, such as the Record Keeper, the Towjih Navis, the Accountant, &c.) at one station or sub-division for more than three years, except under special circumstances.

3. To this the Board of Revenue and the Government, have assented.

The following Rules are therefore to be added to Miscellaneous Rule XLV:

4A. The Collector has full power to transfer any ministerial officer from one office, be it head-quarters or sub-divisional, to another, within the district, as he may think expedient for the public service; and the Commissioner has full power, in the same way, to transfer an officer from, and to, any office within the division.

4B. The Government, and the Board of Revenue, are of opinion that no ministerial officer (except such officers as Recork Keepers, Towjih Navises, &c., whose local experience is important) should, as a rule, be allowed to remain at one station for more than three years.

4C. The Commissioner should annually enquire (upon his visit to the District, if he goes there, otherwise by special letter) how far the Collector of each District of the Division has attended to this Rule, and whether it is necessary for him to transfer any officer from the District to another District. He should mention the subject in his annual report.

Add also to MISCELLANEOUS RULE XII *Fourteenthly.* He should ascertain that the Rules for the periodical transfer of ministerial officers have been attended to, and whether any action on his part is necessary (*See Rule XLV, 4A—4C.*)

And to the PERIODICAL RETURN RULES.

43A. The Collector will also give an account of how far the orders (*contained in Miscellaneous Rule XLV, 4A, 4C.*) for the transfer of ministerial officers have been attended to, and the

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬১। ২৭ ফেব্রুআরি।]

১৪ নম্বর।

১। সম্প্রতি কোন শাখাখণ্ডে গুরুতর তহবীলভাঙ্গন দোষ হইয়াছিল। তাহার যে২ কারণ ব্যক্ত হইয়াছে তন্মধ্যে এক এই যে, ঐ স্থানের আমলাগণের মধ্যে যোগ।

২। কমিস্যনর সাহেব আপনার এই মত ব্যক্ত করিয়াছেন যে, ঐ আমলাগণ অন্য স্থানে প্রেরিত হইয়া তাহাদের পদে নূতন লোক নিযুক্ত হইতে পারেন, এই কথা যদি তাঁহারা জানিতেন, তবে ঐ তহবীল ভাঙ্গন দোষ হইতে পারিত না। অতএব তিনি এই পরামর্শ দিয়াছেন যে, মহাফেজ ও তৌজী নবীস ও হিসাবীপ্রভৃতি যে কর্ম্মকারকেরদের তত্ত্বাবধানে সিরিশতা আছে, তাঁহাদেরভিন্ন কোন আমলাকে বিশেষ গতিক ছাড়া তিন বৎসরের অধিক কাল কোন স্থানে কি শাখাখণ্ডে রাখিবার নিষেধসূচক এক বিধি প্রচারিত হউক।

৩। রেবিনিউ বোর্ডের সাহেবেরা এবং গবর্ণমেণ্ট সেই পরামর্শে সম্মত হইয়াছেন।

এহেতু বিবিধ বিধির ৪৫ ধারাতে পশ্চাৎ লিখিত বিধি সংযোগ করা কর্ত্তব্য।

৪A।, কালেকুটর সাহেব রাজকীয় কর্ম্মের লভ্যার্থে যেমন উচিত বোধ করেন, তেমনি কোন আমলাকে সদর স্থানের কি শাখাখণ্ডের একি প্রদেশান্তর্গত এক কার্য্যালয়হইতে স্থানান্তর করিয়া অন্য কার্য্যালয়ে প্রেরণ করিতে সম্পূর্ণ ক্ষমতাপন্ন আছেন। কমিস্যনর সাহেবও তদ্রূপে একি খণ্ডের অন্তর্গত এক কার্য্যালয়হইতে অন্য কার্য্যালয়ে আমলাকে স্থানান্তর করিতে পারিবেন।

৪B। গবর্ণমেণ্ট ও রেবিনিউ বোর্ডের সাহেবেরা বোধ করেন যে, মহাফেজ ও তৌজীনবীসপ্রভৃতি যে কর্ম্মকারকদিগের স্থানীয় পরিজ্ঞানদ্বারা উপকার সম্ভাবনা তদ্ভিন্ন কোন আমলাকে সাধারণমতে তিন বৎসরের অধিককাল একি স্থানে রাখা উচিত নহে।

৪C। কমিস্যনর সাহেব প্রতি বৎসর যখন আপন খণ্ডের কোন জিলায় গমন করেন তখন কালেকুটর সাহেব ঐ বিধিমতে যে পর্য্যন্ত কর্ম্ম করেন, এবং কোন আমলাকে কমিস্যনর সাহেবের এক জিলাহইতে অন্য জিলায় স্থানান্তর করা আবশ্যক, এই২ বিষয়ের সন্ধান লইবেন। যদি আপনি না যান, তবে পত্রদ্বারা সেই সন্ধান লইবেন। ও. বার্ষিক রিপোর্টে তাঁহার সেই কথা উল্লেখ করিতে হইবে।

আরো বিবিধ বিধির ১২ ধারাতে এই কথা দিতে হইবে—যথা

১৪। আমলাদিগকে নিয়মিত সময়ে স্থানান্তর করিবার. বিধি প্রতিপালন হইয়াছে, ও তদ্বিষয়ে কমিস্যনর সাহেবের কোন কর্ম্ম করা আবশ্যক কি না তাঁহার এই বিষয়ের সন্ধান লওয়া কর্ত্তব্য (বিধির ৪৫ ধারার ৪A. ৪B. ৪C. প্রকরণ দেখ।)

নিয়মিত সময়ের রিটর্ণের বিধিতে এই বিধি দিতে হইবে।

৪৩A। আমলাদিগকে স্থানান্তর করিবার আজ্ঞা (বিবিধ বিধির ৪৫ ধারার ৪A ৪C প্রকরণ) যে পর্য্যন্ত প্রতিপালন হইয়াছে কালেকুটর সাহেব ইহার বিবরণ লিখিবেন। এবং কমিস্যনর সাহেব জিলার রিপোর্টের

Commissioner should abstract this portion of the District reports, giving also a statement of his own action under the Rules.

EXCISE.

No. 15.

It has been brought to the notice of the Board of Revenue that Hydrometers are subject to a somewhat rapid deterioration from the action of the acid contained in country spirits, upon the metal of the instruments. This deterioration may be greatly retarded, if not altogether prevented, by washing the instrument thoroughly in water and, then, carefully drying it, every time that it is used. When once an Hydrometer is thrown out of adjustment by the action of acids, it is useless and must be rejected.

2. In order to test whether Hydrometers in use at the Central Distilleries in the interior are in correct adjustment, the Deputy Collector who manages the Department under the Collector should be provided with a standard instrument which should be used only in his own presence, and for the one purpose of ascertaining the correctness of the other instruments in daily use. Thus seldom used, and if carefully washed and dried as herein directed, the standard instrument will remain in adjustment for years.

3. Add now to the Excise Rules :—

95E. Hydrometers are liable to be thrown out of adjustment by the action of the acids in the spirit upon the metal of which the instruments are made. In order to retard this deterioration to the utmost, the distillery officers are to be instructed to wash their Hydrometers thoroughly in pure water, and then dry them carefully, every time that they are used.

95F. A Hydrometer once thoroughly out of adjustment, is useless, and should be rejected summarily : its continued employment can only cause a loss of revenue. In order to test the correctness of the instruments in constant use, the Deputy Collector who manages the Department under the Collector, is to be provided with a standard Hydrometer, which he must be very careful to preserve in adjustment, by using it only when necessary, and by never using it without carefully washing and drying it.

No. 16.

The Government orders published in the Revenue Department with Circular Order No. 11, of January 1865, (for which Government orders the Board of Revenue were, in a great measure, responsible,) were issued without sufficient

সেই অংশের সারগ্রহণপূর্ব্বক আপনি সেই বিধিমতে যাহা করিয়াছেন ইহাও ব্যক্ত করিবেন।

আবকারী।

১৫ নম্বর।

রেবিনিউ বোর্ডের সাহেবদিগকে অবগত করা গিয়াছে যে দেশীয় মদিরাতে যে অম্লাংশ থাকে তাহা জল পরিমাপক যন্ত্রের ধাতুতে লাগিলে সেই যন্ত্র কিছু শীঘ্র ক্ষয় হইয়া যায়। কিন্তু তাহার ব্যবহার হইলে পর প্রত্যেক সময়ে জলে উত্তমরূপে ধুইয়া পরে সাবধানে শুষ্ক করিলে, যন্ত্রের সেই ক্ষয়ের যদিও একেবারে নিবৃত্তি না হয় তথাপি অনেক বিলম্ব হইতে পারে। অম্লরসে জল পরিমাপক যন্ত্রের একবার অপারিপাট্য হইলে তাহা অকর্ম্মণ্য ও ত্যজ্য হয়।

২। মফঃসলের সদর মদ্য সন্ধানি স্থানে যে জল পরিমাপক যন্ত্রের ব্যবহার হইতেছে তাহা পরিপাটী কি না ইহা নির্ণয় করণার্থে কালেক্টর সাহেবের অধীন যে ডেপুটী কালেক্টর ঐ স্থানের কর্ম্মের অধ্যক্ষতা করিতেছেন, তাঁহাকে কষ্টিস্বরূপ এক যন্ত্র দেওয়া উচিত। অন্যান্য যে যন্ত্রের প্রতিদিন ব্যবহার হয় তাহার নির্দ্দোষিতা নিরূপণ এই অভিপ্রায়ে কেবল তাঁহারই সাক্ষাতে সেই কষ্টি যন্ত্রের ব্যবহার করিতে হইবে। এতদ্রূপে অল্প ব্যবহার হইলে ও পূর্ব্বলিখিত মতে ধৌত হইয়া পরিষ্কার করা গেলে কষ্টিস্বরূপ সেই যন্ত্র অনেক বৎসর পর্য্যন্ত পরিপাটী রূপে থাকিতে পারিবে।

৩। আবকারীর বিধির সঙ্গে এই বিধি দিতে হইবে।

৯৫ E। জলপরিমাপক যন্ত্র যে ধাতুনির্ম্মিত হয় সেই ধাতুতে অম্লরসের বলে সেই যন্ত্রের অপারিপাট্য হইবার সম্ভাবনা। এই হেতুক তদ্রূপ ক্ষয় হইবার সাধ্যমতে বিলম্ব হওনার্থে মদ্য সন্ধানি কার্য্যকারকদিগকে এই উপদেশ দিতে হইবে যে তাঁহারা সেই জলপরিমাপক যন্ত্রের ব্যবহার করিলে পর প্রত্যেকবার তাহা পরিষ্কার জলে উত্তমরূপে ধুইয়া সাবধানে শুষ্ক করিয়া রাখেন।

৯৫ F। জল পরিমাপক যন্ত্র একবার সম্পূর্ণরূপে অপরিপাটী হইলে তাহা অকর্ম্মণ্য হয় ও একেবারে ত্যাগ করিতে হইবে। তাহা লইয়া কর্ম্ম করিলে কেবল রাজস্বের ক্ষতি হয়। অতএব যেং যন্ত্রের নিত্য ব্যবহার হইয়া থাকে, তাহার নির্দ্দোষিতার পরীক্ষা করণার্থে কালেক্টর সাহেবের অধীন যে ডেপুটী কালেক্টর ঐ কর্ম্মের অধ্যক্ষতা করেন তাঁহাকে কষ্টিস্বরূপ জল পরিমাপক যন্ত্র দেওয়া যাইবে। তিনি সেই যন্ত্র কেবল আবশ্যক স্থলে ব্যবহার করিবেন, করিলে পর সর্ব্বদাই মনোযোগপূর্ব্বক ধুয়াইয়া শুষ্ক করাওনের দ্বারা সেই যন্ত্র পরিপাটী ভাবে রক্ষা করিতে অত্যন্ত মনোযোগী হইবেন।

---

১৬ নম্বর।

আবকারী ও আফীমের আইন লঙ্ঘনক্রমে ১৮৫৬ সালের ২১ আইনের ৭৬ ধারার এবং ১৮৫৭ সালের ১৩ আইনের ৩০ ধারার নির্দ্দিষ্ট অপরাধ হেতুক যে ব্যক্তিদের নামে অভিযোগ হয় মাজিষ্ট্রেট সাহেব তাঁহাদের দণ্ডের আজ্ঞা করিলে আপীল হইয়া সেই

advertence to the liability to modification in appeal, of the orders of a Magistrate adjudging penalties against persons charged with the offence against the Excise and Opium Laws described in Sections 76 of Act XXI of 1856 and 30 of Act XIII of 1857.

2. The Government have now been pleased to modify their orders upon the subject to the extent indicated in the following Rules, which are to be added to Excise Rule 173A :—

4. Sums awarded on account of confiscated Opium, under Acts XXI of 1856, or XIII of 1857, are to be paid *at once,* whatever the amount.

5. Fines and forfeitures realized and awarded under Section 76, Act XXI of 1856, and Section 30, Act XIII of 1857, are to be disbursed *at once,* provided the amount do not exceed Rupees 100. When the award exceeds that amount, Rupees 100 only should be disbursed at once, the balance being kept till the sanction of the Board of Revenue can be obtained after the period for appeal has passed, or after the appeal has been rejected. (*Vide Government Order to Board No. 3935, dated 20th November 1865.*)

INCOME TAX.

No. 17.

Referring to Circular Order 12 of August, the Board desire again to impress upon the heads of districts in which any Income Tax balance is still outstanding, the imperative necessity for its immediate collection and adjustment.

2. The law must be put in force vigorously for the recovery of the portion of those balances that is recoverable, and the remainder reported for remission without delay.

3. From many districts the final report has been already received.

STAMPS.

No. 18.

In column 3 of the Annual Return of Irrecoverable Balances, (No. XXXIV) the names of those parties only are to be given from whom the amounts are due, and not the names of both the parties in the suits, as has been done in some instances.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ । ২৭ ফেব্রুয়ারি ।]

আজ্ঞা পরিবর্ত্তন হইতে পারে । এই বিষয়ে উপযুক্তমতে মনোযোগ না করিয়া ১৮৬৫ সালের জানুআরি মাসের ১১ নম্বরের সরক্যুলর অর্ডরের সঙ্গে রাজস্বসম্পর্কীয় ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের আজ্ঞা প্রকাশ হইয়াছিল । গবর্ণমেণ্টের সেই আজ্ঞার নিমিত্তে রেবিনিউ বোর্ডের সাহেবেরা অধিকাংশে দায়ী ।

২। এক্ষণে গবর্ণমেণ্ট পশ্চাৎ লিখিত বিধির নির্দ্দিষ্ট পরিমাণ পর্য্যন্ত আপনাদের ঐ আজ্ঞা মতান্তর করিয়াছেন । সেই বিধি আবকারি বিধির ১৭৩A ধারাতে সংযোগ করিতে হইবে ।

৪। রাজসাৎকৃত আফীমের জন্যে ১৮৫৬ সালের ২১ আইন কিম্বা ১৮৫৭ সালের ১৩ আইন দ্বারা যে পুরস্কার দিবার আদেশ হয়, তাহা যতই হউক একেবারে দিতে হইবে ।

৫। ১৮৫৬ সালের ২১ আইনের ৭৬ ধারামতে ও ১৮৫৭ সালের ১৩ আইনের ৩০ ধারামতে যে সকল দণ্ডের ও অর্থদণ্ডের টাকা আদায় হইয়া বণ্টন করিবার আদেশ হয়, তাহা এক শত টাকার অধিক না হইলে একেবারেই বণ্টন করিতে হইবে । যদি তত্তোধিক টাকা বিলি করিবার আবশ্যক হয়, তবে এক শত টাকা সেই সময়েই বণ্টন করা যাইবে, এবং আপীলের সময় অতীত হওয়ার কিম্বা আপীল অগ্রাহ্য হইবার পরে রেবিনিউ বোর্ডের অনুমতি না প্রাপণ পর্য্যন্ত অবশিষ্ট টাকা রাখিতে হইবে । (বোর্ডের নিকটে গবর্ণমেণ্টের ১৮৬৫ সালের ২০ নবেম্বর তারিখের ৩৯৩৫ নম্বরের আজ্ঞা দেখ ।)

ইনকম টাকস ।

১৭ নম্বর ।

যেং জিলার কোন ইনকম টাক্স এখন বক্রী পাওনা থাকে বোর্ডের সাহেবেরা আগষ্ট মাসের ১২ নম্বরের সরক্যুলর অর্ডরের উপলক্ষে সেইং জিলার প্রধান কার্য্যকারকদিগকে পুনরায় জ্ঞাত করিতেছেন যে সেই টাকা অগৌণে আদায় করিয়া নিষ্পত্তি করা নিতান্ত আবশ্যক ।

২। যে সকল টাকা পাওনা থাকে তাহা আদায় করিবার জন্যে দৃঢ়মতে আইন প্রবল করা আবশ্যক এবং অবশিষ্ট টাকা ক্ষমা করিবার জন্যে তাহার অগৌণে রিপোর্ট করিতে হইবে ।

৩। অনেক জিলাহইতে চরম রিপোর্ট পাওয়া গিয়াছে ।

ষ্টাম্প ।

১৮ নম্বর ।

যে ব্যক্তিদের স্থানে টাকা প্রাপ্য হয় অনাদেয় বক্রী টাকার ৩৪ নম্বরের বার্ষিক রিটর্ণের ৩ ঘরে কেবল সেই ব্যক্তিদেরই নাম দিতে হইবে । কোনং স্থলে মোকদ্দমার উভয় পক্ষীয় ব্যক্তিদের নাম দেওয়া গিয়াছে । কিন্তু তাহার প্রয়োজন নাই ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE LIEUTENANT GOVERNOR OF BENGAL.

No. 1261.

APPOINTMENTS.

The 12th February 1866.

The following gentlemen to be Members of the Board of Examiners, *viz.*:—

Lieutenant-Colonel J. R. Pughe, Officiating Inspector-General of Police, Lower Provinces, ex-officio.

Mr. G. F. Cockburn.
„ W. P. Davis.

The 13th February 1866.

Mr. J. Geoghegan to officiate as Junior Secretary to the Government of Bengal, during the absence, on leave, of Mr. S. C. Bayley, or until further orders.

Mr. A. Mackenzie to officiate as Under-Secretary to the Government of Bengal.

Mr. V. T. Taylor to officiate, until further orders, as Joint-Magistrate and Deputy Collector of the 24-Pergunnahs.

Baboo Rashbehary Bose, Deputy Magistrate and Deputy Collector of Khoolnah, is temporarily transferred to the 24-Pergunnahs, to be employed under the Commissioner of the Soonderbuns, and is vested with the powers of a Magistrate in that District.

Mr. H. W. Mackenzie to be a Deputy Registrar of Assurances of the Sub-District of Gowhatty, having its Head-Quarters at the Sudder Station of the District of Kamroop.

The 14th February 1866.

Baboo Issur Chunder Mitter, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Jehanabad, and to exercise the powers of a Magistrate in the Districts of Hooghly and Burdwan.

Baboo Calicadoss Dutt, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Cutwa, and to exercise the powers of a Magistrate in the District of Burdwan.

The following gentlemen to be Members of the Dispensary Committee at Bhaugulpore:—

Lieutenant-Colonel F. P. Layard, or Superintending Engineer of the Circle for the time being.

Revd. M. C. Mills, or the Officiating Minister for the time being.

Baboo Norottum Mullick, or the Principal Sudder Ameen for the time being.

Mr. John Fitzpatrick.
Baboo Soorj Narain Sing.
„ Hurgouree Persaud.

[*Government Gazette, 27th February* 1866.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১২৬১ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ১২ ফেব্রুআরি।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা পরীক্ষক বোর্ডের মেম্বর হইবেন, অর্থাৎ—

বঙ্গ প্রভৃতি দেশের পোলীসের একটিং ইন্সিপেক্টর জেনরল লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত জে আর পিউ সাহেব স্বীয় পদোপলক্ষে।

শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব।
,, ডবলিউ পি ডেবিস্ সাহেব।

১৮৬৬ সাল ১৩ ফেব্রুআরি।

শ্রীযুত এস সি বেলী সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে গিওগান সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ মাকেঞ্জি সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

শ্রীযুত বি টি টেলর সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ২৪ পরগনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

খুলনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাসবেহারি বসু সুন্দরবনের কমিসনর সাহেবের অধীনে নিযুক্ত হইবার জন্যে কিয়ৎকালের নিমিত্ত ২৪ পরগনায় নিযুক্ত হইয়াছেন। এবং ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত এচ ডবলিউ মাকেঞ্জি সাহেব গৌহাটী সবডিষ্ট্রিক্টের নিদর্শন পত্রাদির ডেপুটী রেজিষ্ট্রার হইবেন। উক্ত সব-ডিষ্ট্রিক্টের সদর স্থান কামরূপ জিলার সদর মোকামে হইবে।

১৮৬৬ সাল ১৪ ফেব্রুআরি।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র মিত্র জাহানাবাদ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, এবং হুগলী ও বর্দ্ধমান জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালিকাদাস দত্ত কাটওয়া শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, এবং বর্দ্ধমান জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা ভাগলপুরের দাতব্য ঔষধালয় কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত এফ পি লেয়ার্ড সাহেব, কিম্বা যিনি যে সময়ে উক্ত চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র হন।

পাদরী শ্রীযুত এম সি মিলস সাহেব, কিম্বা যিনি যে সময়ে একটিং ধর্ম্মোপদেশক হন।

Courts or Court, in the territories under such Government, other than a High Court, and within one month after such order shall have been made and published in the Official Gazette, such provisions shall extend and apply in manner directed by such order, and any such order may be in like manner from time to time altered and annulled. In and by any such order the Local Government may direct by whom any powers or duties incident to the provisions applied under this Act, shall and may be exercised with respect to matters in such other Courts or Court, and may make any orders or regulations which may be deemed requisite for carrying into operation in such Courts or Court the provisions so applied.

[Consideration for guarantee need not appear by writing.]

IX. No special promise to be made by any person after the passing of this Act to answer for the debt, default or miscarriage of another person, being in writing, and signed by the party to be charged therewith or some other person by him thereunto lawfully authorized, shall be deemed invalid to support a suit to charge the person by whom such promise shall have been made, by reason only that the consideration for such promise does not appear in writing, or by necessary inference from a written document.

[Guarantee to or for a Firm to cease upon a change in the Firm except in special cases.]

X. No promise to answer for the debt, default or miscarriage of another made to a Firm consisting of two or more persons, or to a single person trading under the name of a Firm, and no promise to answer for the debt, default or miscarriage of a Firm, consisting of two or more persons, or of a single person trading under the name of a Firm, shall be binding on the person making such promise in respect of any thing done or omitted to be done after a change shall have taken place in any one or more of the persons constituting the Firm, or in the person trading under the name of a Firm, unless the intention of the parties, that such promise shall continue to be binding notwithstanding such change, shall appear either by express stipulation or by necessary implication from the nature of the Firm or otherwise.

[Acceptance of a Bill, Inland or Foreign, to be in writing on it, and signed.]

XI. No acceptance of any Bill of Exchange, whether Inland or Foreign, made after the first day of May 1866, shall be sufficient to bind or charge any person, unless the same be in writing on such Bill, or, if there be more than one part of such Bill, on one of the said parts, and signed

গবর্ণমেন্ট এমত আজ্ঞা করিতে পারিবেন। এমত ঐ আজ্ঞা করা যাইবার ও রাজকীয় গেজেটে প্রকাশিত হইবার পর এক মাসের মধ্যে ঐ বিধান ঐ আজ্ঞার নির্দ্ধারিতমতে বিস্তারিত হইয়া বর্ত্তিবে, এবং তদ্রূপ কোন আজ্ঞা সময়ে২ সেই প্রকারে পরিবর্ত্তিত ও অন্যথা হইতে পারিবে। এই আইনঅনুসারে যে বিধান বর্ত্তান যায় উক্ত অন্য এক কি অধিক আদালতের উপস্থিত বিষয় সম্পর্কে তদ্ঘটিত কোন ক্ষমতানুক্রমে কি কর্ত্তব্য কার্য্য কোন্ ব্যক্তির করিতে হইবে স্থানীয় গবর্ণমেন্ট ইহাও উক্ত আজ্ঞাপত্রে নির্দিষ্ট করিবেন, এবং সেই২ আদালতে কি সেই আদালতে উক্ত প্রকারের বর্ত্তিত বিধান সকল করণার্থে যে কোন আজ্ঞার কি বিধির প্রয়োজন হয় তাহাও করিতে পারিবেন ইতি।

[প্রাতিভাব্যের নিমিত্ত পারিতোষিক লিপিবদ্ধ হইবার অপ্রয়োজনের কথা।]

৯ ধারা। এই আইন প্রচলিত হইবার পরে কোন ব্যক্তি অন্য কাহার ঋণ কি ত্রুটি কি অননুষ্ঠানের নিমিত্তে দায়ি হইবার যে বিশেষ প্রতিজ্ঞা করেন তাহা যদি লিপিবদ্ধ হয় এবং সেই দায়ি ব্যক্তি কিম্বা তাঁহা হইতে আইনসিদ্ধরূপে ক্ষমতাপন্ন অন্য ব্যক্তিকর্ত্তৃক যদি স্বাক্ষরিত হয়, তবে সেই প্রতিজ্ঞা হেতুক তিনি যে পারিতোষিক প্রাপ্ত হইবেন ইহা লিপিবদ্ধ নয় কিম্বা নিদর্শনপত্রের কথারদ্বারা অবশ্য অনুভূতিক্রমে প্রকাশ হয় না, কেবল এই কারণে সেই প্রতিজ্ঞা প্রতিজ্ঞাকারি ব্যক্তির নামে অভিযোগের প্রতিপোষণার্থে ব্যর্থ জ্ঞান হইবে না ইতি।

[কুঠীর পরিবর্ত্তন হইলে বিশেষ গতিকভিন্ন সেই কুঠীর নিকটে কি তজ্জন্যে প্রাতিভাব্য রহিত হইবার কথা।]

১০ ধারা। কুঠীস্বরূপ দুই কি অধিক ব্যক্তির নিকটে কিম্বা কুঠীর নাম ধরিয়া ব্যবসায়ি একি ব্যক্তির নিকটে অন্য ব্যক্তির ঋণের কি ত্রুটির কি অননুষ্ঠানের নিমিত্তে দায়ী হইবার যে প্রতিজ্ঞা হয়, এবং কুঠীস্বরূপ দুই কি অধিক ব্যক্তির কিম্বা কুঠীর নাম ধরিয়া ব্যবসায়ি কোন একি ব্যক্তির ঋণের কি অননুষ্ঠানের নিমিত্তে দায়ি হইবার যে প্রতিজ্ঞা করা যায়, সেই কুঠীর কোন এক কি অধিক ব্যক্তির কিম্বা কুঠীর নাম ধরিয়া ব্যবসায়ির কিছু পরিবর্ত্তন হইলে পর যে কোন কার্য্য করা যায়, কি করিবার ত্রুটি হয়, তৎসম্পর্কে ঐ প্রতিজ্ঞাকারি ব্যক্তি বদ্ধ হইবেন না। কিন্তু তদ্রূপ পরিবর্ত্তন হইলেও ঐ প্রতিজ্ঞা বলবৎ থাকিবে, স্পষ্ট নিয়মদ্বারা কিম্বা কুঠীর স্থিতিজন্য অবশ্য অনুভূতিক্রমে কি প্রকারান্তরে উভয় পক্ষের এই অভিপ্রায় প্রকাশ হইলে, সেই প্রতিজ্ঞা বলবৎ থাকিবে ইতি।

[এদেশীয় কি ভিন্ন দেশীয় বিল স্বীকার হইলে সেই কথা তদুপরি লিখিত হইবার ও তাহাতে স্বাক্ষরিত হইবার কথা।]

১১ ধারা। ১৮৬৬ সালের মে মাসের ১ দিবসের পরে যদি এদেশীয় কি ভিন্ন দেশীয় কোন বিল অব্ একস্চেঞ্জ স্বীকার করণার্থক কথা সেই বিলের উপর লিখিত না হয়, কিম্বা উক্ত বিলের দুই কি অধিক অংশ থাকিলে যদি তন্মধ্যে কোন এক অংশের উপর লিখিত না হয়, এবং স্বীকারকারি ব্যক্তিকর্ত্তৃক কিম্বা

by the acceptor or some person duly authorized by him.

[What are to be deemed "Inland Bills."]

XII. Every Bill of Exchange or Promissory Note drawn or made in any part of British India, and made payable in or drawn upon any person resident in any part of British India, shall be deemed to be an Inland Bill; but nothing herein contained shall alter or affect the stamp duty, if any, which, but for this enactment, would be payable in respect of any such Bill or Note.

[Protest by Notary Public to be *primâ facie* evidence of dishonour.]

XIII. Protest of a Bill of Exchange, whether Inland or Foreign, when purporting to be made by a Notary Public, shall be *primâ facie* evidence that the Bill has been dishonoured.

[Suits on lost negotiable instruments.]

XIV. In case of any suit founded upon a Bill of Exchange or other negotiable instrument, if it shall be proved to the satisfaction of the Court that the instrument is lost, and if an indemnity be given by the plaintiff, to the satisfaction of the Court, against the claims of any other person upon such instrument, it shall be lawful for the Court to make such decree as it would have made if the plaintiff had produced the instrument in Court when the plaint was presented, and had at the same time delivered a copy of the instrument to be filed with the plaint.

[Rights under marine and fire policies to vest in assignees.]

XV. Every assignee, by endorsement or otherwise, of a policy of marine insurance or of a policy of insurance against fire, in whom the property in the subject insured shall be absolutely vested at the date of the assignment, shall have transferred to and vested in him all rights of suit as if the contract contained in the policy had been made with himself.

SCHEDULE.

No. of Suit.

In the High Court of at

Plaintiff

Defendant

To [*here enter the defendant's name, description and address.*]

Whereas [*here enter the plaintiff's name, description and address*] has instituted a suit in this Court against you under Act No. V of 1866

তাহাহইতে উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য ব্যক্তিকর্তৃক যদি স্বাক্ষরিত না হয়, তবে কেবল সেই স্বীকার দ্বারা কোন ব্যক্তি বাধিত কি দায়ী হইবেন না ইতি।

[দেশীয় বিল শব্দে কি জানা যাইবে তাহার কথা।]

১২ ধারা। যে প্রত্যেক বিল অফ একস্‌চেঞ্জ কি প্রমিসরী নোট ব্রিটনীয় ভারতবর্ষের কোন স্থানে লেখা কি করা যায়, এবং ব্রিটনীয় ভারতবর্ষের কোন স্থানে দেয় হয় কিম্বা কোন স্থানবাসি কোন ব্যক্তির নামে করা যায় তাহা এদেশীয় বিল জ্ঞান হইবে। কিন্তু এই আইন প্রচলিত না হইলে তদ্রূপ কোন বিল কি নোটের উপর যে কোন ষ্টাম্পের মাসুল লাগিত, এই আইনের লিখিত কোন কথাক্রমে ষ্টাম্পের সেই মাসুলের পরিবর্ত্তন কি হ্রাস বৃদ্ধি হইবে না ইতি।

[নোটেরি পবলিকের দ্বারা যে প্রটেষ্ট হয় তাহা আদি দৃষ্টে নোট প্রভৃতি অগ্রাহ্য হইবার প্রমাণের কথা।]

১৩ ধারা। এদেশীয় কি ভিন্নদেশীয় কোন বিল অফ একস্‌চেঞ্জের উপর নোটেরি পবলিক দ্বারা প্রটেষ্ট লিখিত হইবার মত দর্শাইলে, আদি দৃষ্টে তাহাই ঐ বিল অগ্রাহ্য হওনের প্রমাণ হইবে ইতি।

[ক্রয় বিক্রয় যোগ্য নিদর্শনপত্র হারাণ গেলে তদুপরি মোকদ্দমার কথা।]

১৪ ধারা। বিল অফ একস্‌চেঞ্জ কিম্বা ক্রয় বিক্রয়ের যোগ্য অন্য নিদর্শনপত্রমূলক কোন মোকদ্দমায় সেই নিদর্শনপত্র হারাণ গেল আদালতের সন্তোষমতে যদি ইহার প্রমাণ করা যায়, এবং সেই নিদর্শনপত্রের উপর অন্য কোন ব্যক্তি দাওয়া করিলে বাদী তাহার ক্ষতিপূরণ করিবেন আদালতের সন্তোষমতে যদি এমত ক্ষতিপূরণপত্র দেন, তবে তদ্রূপ স্থলে নালিশপত্র উপস্থিত করা গেলেই বাদী সেই নিদর্শন আদালতে উপস্থিত করিলে ও তৎকালেই নিদর্শনপত্রের সহিত গাঁথিবার জন্যে ঐ নিদর্শনপত্রের প্রতিলিপি অর্পণ করিলে আদালত যদ্রূপ ডিক্রী করিতেন, তদ্রূপ ডিক্রী করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[সমুদ্র এবং অগ্নি জন্য দুর্ঘটনার প্রতিকারার্থে বিমাপত্রক্রমে যে স্বত্ব হয় তাহা আসৈনিদের প্রতি বর্ত্তিবার কথা।]

১৫ ধারা। সমুদ্র জন্য কিম্বা অগ্নি জন্য দুর্ঘটনার প্রতিকারার্থ যে বিমাপত্র হয় তৎসমর্পণের তারিখ অবধি পৃষ্ঠ লিপিদ্বারা কি প্রকারান্তরে যেই পত্রক্রমে রক্ষ সম্পত্তি যে আসৈনির প্রতি সম্পূর্ণরূপে বর্ত্তে, ঐ বিমাপত্র লিখিত সাক্ষাৎ সেই আসৈনিরই সঙ্গে হওনের ন্যায় মোকদ্দমা করিবার সমস্ত অধিকার তাঁহার প্রতি অর্পিত হইয়া বর্ত্তিবে ইতি।

তফসীল।

মোকদ্দমার নম্বর।

অমুক স্থানের হাই.কোর্ট

বাদী

প্রতিবাদী

শ্রী অমুক (প্রতিবাদির নাম ও কুলনাম ও বাসস্থানাদি) প্রতি আদেশ।

শ্রী অমুক (বাদির নাম ও কুলনাম ও বাসস্থানাদি) বিল অফ একস্‌চেঞ্জ (কি হুণ্ডী কি প্রমিসরী নোট) দ্বারা (কিম্বা পৃষ্ঠলিপিদ্বারা) টাকা প্রাপণীয় বাকি

(to provide a summary procedure on Bills of Exchange and to amend in certain respects the Commercial law of British India) for Rs. principal and interest [*or* Rs. balance of principal and interest] due to him as the Payee [*or* Indorsee] of a Bill of Exchange [*or* Hundi *or* Promissory Note] of which a copy is hereto annexed, you are hereby summoned to obtain leave from the Court within seven days from the service hereof, inclusive of the day of such service, to appear and defend the suit, and within such time to cause an appearance to be entered for you. In default whereof the plaintiff will be entitled at any time after the expiration of such seven days to obtain a decree for any sum not exceeding the sum of Rs. [*here state the sum claimed*] and the sum of Rs. for costs.

Leave to appear may be obtained on an application to the Court supported by affidavit or declaration showing that there is a defence to the suit on the merits, or that it is reasonable that you should be allowed to appear in the suit.

[*Here copy the Bill of Exchange, Hundi or Promissory Note, and all endorsements upon it*].

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Lelative.)

স্বরূপে (হুণ্ডীর উপর সরাসরী কার্য্যপ্রণালীর বিধান করণার্থ এবং ব্রিটিশীয় ভারতবর্ষের বাণিজ্য-বিষয়ক আইন কোন২ অংশে সংশোধন করণার্থ) ১৮৬৬ সালের ৫ নম্বরের আইনমতে আপনার পাওনা আসল ও সুদ এত টাকার (কিম্বা আসল ও সুদের বাকী এত টাকার) নিমিত্তে এই আদালতে তোমার নামে নালিশ করিয়াছেন। সেই হুণ্ডীর প্রতিলিপি ইহার সঙ্গে দেওয়া গেল। অতএব তোমাকে এতদ্দ্বারা আদেশ করা যাইতেছে যে তোমার প্রতি এই পত্র সমর্পণের সময়াবধি তৎসমর্পণের দিবস ধরিয়া সাত দিনের মধ্যে তুমি উপস্থিত হইয়া মোকদ্দমায় উত্তর দিবার অনুমতি প্রার্থনা কর ও সেই কালের মধ্যে স্বয়ং কি অন্যের দ্বারা উপস্থিত হও। ইহাতে যদি ত্রুটি হয় তবে সেই সাত দিবস অতীত হইলে পর কোন সময়ে বাদী এত টাকার অনধিক কতক টাকার এবং খরচার জন্যে এত টাকার ডিক্রী পাইতে পারিবেন।

যদি তুমি আদালতে প্রার্থনা কর, এবং দোষগুণক্রমে মোকদ্দমার উত্তর হইতে পারে, কিম্বা মোকদ্দমায় তোমাকে উপস্থিত হইবার অনুমতি দেওয়া যুক্তিসিদ্ধ হয়, এই মর্ম্মের অ্যাফিডেবিট কি প্রতিজ্ঞা দ্বারা যদি সেই প্রার্থনার প্রতিপোষণ কর, তবে উপস্থিত হইবার অনুমতি প্রাপ্ত হইতে পারিবা।

[বিল অফ একুসচেঞ্জের কি হুণ্ডীর কি প্রমিসরী নোটের ও তৎপৃষ্ঠলিখিত সকল কথার প্রতিলিপি এই স্থানে হইবে।]

উইটলি ষ্টোকস।
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 10th February 1866, and was referred to a Select Committee who are to report thereon after the 14th of March next:—

[PERSONS desirous of making suggestions with reference to the provisions of the Bill, are invited to communicate as early as possible with the Assistant Secretary, in order that their communications may be laid before the Select Committee before the Report is completed and submitted to the Council.]

A Bill to amend Act VI of 1863 passed by the Lieutenant-Governor of Bengal in Council (An Act to vest the property of the Town of Calcutta and the management of its Municipal Affairs in a Corporation, and to make better provision for the Conservancy and Improvement of the Town and for levying Rates and Taxes therein.)

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act VI of 1863, passed by the Lieutenant-Governor of Ben-

---

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক ডিপার্টমেণ্ট।

আইনের পশ্চাৎ লিখিত পাণ্ডুলিপি ১৮৬৬ সালের ফেব্রুআরি মাসের ১০ তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ এতদ্দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল। আগামি মার্চ মাসের ১৪ তারিখের পর তাঁহারা তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

[যাঁহারা এই পাণ্ডুলিপির বিধান বিষয়ে কোন প্রস্তাবাদি করিতে ইচ্ছুক হন, মনোনীত কমিটীর রিপোর্ট সমাপ্ত হইয়া মন্ত্রিসভায় সমর্পিত হওনের পূর্ব্বে তাঁহাদের সেই প্রস্তাবাদি ঐ কমিটীর নিকটে অর্পণ করা যায় এই নিমিত্তে আসিষ্টাণ্ট সেক্রেটারী সাহেবের নিকটে তাঁহাদের ত্বরায় পত্র লেখা প্রয়োজন।]

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৩ সালের ৬ আইন (অর্থাৎ কালকাতা নগরের স্বামিত্ব ও নগরসম্বন্ধীয় কার্য্য নির্ব্বাহের ভার সমাজের প্রতি অর্পণ করিবার এবং নগরের পরিপাট্য ও শ্রীবৃদ্ধি করণের এবং রেট ও টাক্স আদায় করণের সুবিধান করিবার আইন) সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৩ সালের ৬ আইন সংশোধন

gal in Council; It is enacted as follows:—

[Certain Sections of Act VI of 1863, repealed.]

I. Sections XIX, XX, XXI, XXXVIII, XL, XLIV, LIII, LIX, LXI, LXII, LXIII, LXIV, LXXIV, LXXVII, XCVIII, CXXI, CXXII, CXLV, CXLVII, CLV, and CXCVIII of the said Act, are hereby repealed.

[Interpretation of "Bazar."]

II. The word "Bazar" shall include any place of trade where there is a collection of shops or warehouses, and any place where a market is held.

[Time for holding Quarterly and Ordinary Meetings.]

III. There shall be four Quarterly Meetings in every year and one Ordinary Meeting in every month, at which the Justices shall meet for the transaction of general business. The Quarterly Meetings shall be held at 11 o'clock in the forenoon of the second Tuesday in the months of January, April, July, and October, and the Ordinary Meetings at the same hour on the second Tuesday of every month; and if any such Tuesday shall happen to be a holiday allowed by Government, then on the next succeeding day which shall not be such a holiday. Provided that no Ordinary Meeting need be called if there be no business to be laid before it by the Chairman or by any of the Justices.

[Special and Special General Meetings may be called.]

IV. The Chairman or, in his absence, the Vice-Chairman may, whenever he thinks fit, and shall upon a requisition made in writing by any ten Justices of the Peace, call a Special or Special General Meeting of the Justices.

[Notice convening Meetings.]

V. Previous to any Meeting being held, at least seven days' clear notice specifying the time and place of such intended Meeting, and the purpose for which it is to be held, shall be given by advertizement in the English Government Gazette, and in at least two of the daily English Newspapers, and in two Vernacular Newspapers published in Calcutta.

[What business to be transacted in Meetings.]

VI. No business shall be brought before or transacted at any Meeting other than the business and resolutions specified in the notice given under the last preceding Section, and no amendment other than a verbal amendment and no resolution or amendment of any resolution, either relating to or beyond the matter mentioned in the notice given of such Meeting, shall be submitted to such Meeting by a Justice

[*Government Gazette, 6th March* 1866.]

করা বিহিত এইহেতু পশ্চাৎ লিখিত বিধান করা যাইতেছে।

[১৮৬৩ সালের ৬ আইনের কএক ধারা রহিত হইবার কথা।]

১ ধারা। উক্ত আইনের ১৯ ও ২০ ও ২১ ও ৩৮ ও ৪০ ও ৪৪ ও ৫৩ ও ৫৯ ও ৬১ ও ৬২ ও ৬৩ ও ৬৪ ও ৭৪ ও ৭৭ ও ৯৮ ও ১২১ ও ১২২ ও ১৪৫ ও ১৪৭ ও ১৫৫ ও ১৯৮ ধারা ইহাতে রহিত হইল ইতি।

[বাজার শব্দের অর্থ।]

২ ধারা। কতক গুলিন দোকান কি গোলাবিশিষ্ট কোন বাণিজ্য স্থান, ও যে কোন স্থানে হাট হয় বাজার শব্দে সেই২ স্থান বুঝাইবে ইতি।

[ত্রৈমাসিক ও নিয়মিত সভা করিবার সময়ের কথা।]

৩ ধারা। জুষ্টিসেরা সাধারণ কর্ম্ম নির্ব্বাহার্থে প্রতিবৎসর চারিবার ত্রৈমাসিক সভা ও প্রতিমাসে একবার নিয়মিত সভা করিবেন। জানুআরি ও আপ্রিল ও জুলাই ও অক্টোবর মাসের দ্বিতীয় মঙ্গলবারে পূর্ব্বাহ্ণ বেলা ১১ ঘণ্টার সময়ে ত্রৈমাসিক সভা হইবে। এবং প্রতিমাসের দ্বিতীয় মঙ্গলবারে উক্ত সময়ে নিয়মিত সভা হইবে। যদি উক্ত কোন মঙ্গলবার গবর্ণমেণ্টের অনুমতিক্রমে বন্দের দিন হয়, তবে তাহার পর যে দিন বন্দের দিন না হয় সেই দিনে সভা করিবেন। পরন্তু যদি সভার সম্মুখে অর্পণ করণার্থে সভাপতির কি জুষ্টিসের কোন কার্য্য না থাকে, তবে নিয়মিত সভা আহ্বান করা অপ্রয়োজন ইতি।

[বিশেষ ও সমূহের বিশেষ সভা হইতে পারিবার কথা।]

৪ ধারা। সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থানে তদীয় প্রতিনিধি যে সময়ে উচিত বোধ করেন সেই সময়ে জুষ্টিসদের বিশেষ সভা কিম্বা জুষ্টিসসমূহের বিশেষ সভা করিতে পারিবেন। এবং শান্তিরক্ষার্থ জুষ্টিসদের কোন দশ জন লিখনদ্বারা আদেশ করিলে, তাঁহার অবশ্য তদ্রূপ সভা করিতে হইবে ইতি।

[সভা আহ্বান করিবার সংবাদের কথা।]

৫ ধারা। কোন সভা হইবার পূর্ব্বে সপ্তদিবস থাকিতে সেই প্রস্তাবিত সভা করিবার স্থানের ও সময়ের ও অভিপ্রায়ের সম্বাদ, ইঙ্গলণ্ডীয় ভাষায় গবর্ণমেণ্ট গেজেটে এবং কলিকাতা নগরে প্রকাশিত ইঙ্গলণ্ডীয় ভাষার অতিন্যূন দুইখান প্রাত্যহিক সম্বাদপত্রে ও বঙ্গভাষার দুইখান সম্বাদপত্রে প্রকাশ হইবে ইতি।

[সভাতে যে২ কার্য্য সম্পাদন হইবে তাহার কথা।]

৬ ধারা। ইহার পূর্ব্বধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্রে যে কর্ম্মের কি প্রস্তাবের উল্লেখ হয়, তদ্ভিন্ন কোন কর্ম্ম কোন সভায় উপস্থিত কি নির্ব্বাহ করা যাইবে না। এবং ঐ জ্ঞাপনপত্রে যে২ বিষয়ের সম্বাদ দেওয়া গেল, তদ্ভিন্ন যদি শান্তিরক্ষার্থ কোন জুষ্টিস সভার বিবেচনার্থে কোন প্রস্তাব অর্পণ করিতে চাহেন, তবে সভা হইবার যে দিন জ্ঞাপনপত্রে প্রকাশ হইয়াছে তাহার পূর্ব্বে সম্পূর্ণ তিন দিন থাকিতে তিনি আপনার প্রস্তাবের মর্ম্ম লিখিয়া জুষ্টিসদের

of the Peace, unless he shall have given notice of his intention so to do, by leaving a copy of the resolution or amendment aforesaid at the Office of the Justices at least three clear days previous to the day on which the Meeting is notified to be held; and provided, further, that any Justice may lay before such Meeting any written resolution or amendment of which notice has not been given as aforesaid, and may move that the same be considered at an adjourned Meeting.

[Owner of carriages, &c., to take out license.]

VII. The owner of every carriage, horse, pony, or mule kept within the Town shall, on or before the 1st day of January and the 1st day of July in each year, forward to the Office of the Justices a statement in writing signed by him, containing a description of the vehicles and animals liable to the tax for which he desires to take out a license. The owner shall at the same time pay to the Justices such sum as shall be payable by him for the half-year commencing on the first day of January or July (as the case may be) for the vehicles and animals specified in such statement according to the rates given in the Schedule to the said Act annexed. Any person becoming possessed between the first day of January and the first day of July, or between the first day of July and the first day of January of a carriage, horse, pony, or mule so kept, shall, within a week of becoming so possessed, send to the Office of the Justices a similar statement, together with the amount payable for the unexpired portion of the then current half-year, calculated according to the said Schedule, unless he shall be able to prove to the satisfaction of the Justices that the tax for the half-year has previously been paid.]

[Penalty for keeping a carriage, &c., without license.]

VIII. If the owner of any carriage, horse, pony, or mule so kept as aforesaid, shall not have duly taken out a license under Section XXXIX of the said Act, he shall, on conviction before a Justice of the Peace, be liable to a fine not exceeding three times the tax which would have been payable for the entire half-year.

[Registry and numbering of hackeries.]

IX. Every cart, hackery, and other wheeled vehicle without springs, kept and used within the Town, and every cart hackery, and other such vehicle plying for hire within the Town, or let for hire within or without the Town, and used within it, shall be registered in the Office of the Justices with the name and residence of the owner, and shall bear the number of such registration in such manner as the Justices shall direct. Any owner or driver of such cart, hackery, or

আফিসে দিয়া আপন অভিপ্রায়ের সংবাদ দিবেন। তদ্রূপে না দিলে উক্ত সভার মত জ্ঞাপনপত্রের প্রকাশিত বিষয় সম্পর্কীয় শব্দ সংশোধন ভিন্ন, অন্য সংশোধন ও প্রস্তাব কি কোন প্রস্তাবের সংশোধন উক্ত সভার বিবেচনার্থে অর্পণ করিতে পারিবেন না। পরন্তু পূর্ব্বোক্তমতে যে লিখিত প্রস্তাবের কি সংশোধনের জ্ঞাপনপত্র দেওয়া হয় নাই, তাহা শান্তিরক্ষার্থ কোন জুষ্টিস ঐ সভার সম্মুখে অর্পণ করিয়া আগামি কোন সভাতে তাহার বিবেচনা হইবার প্রস্তাব করিতে পারিবেন ইতি।

[গাড়িপ্রভৃতির স্বামিরদের অনুমতিপত্র লইবার কথা।]

৭ ধারা। নগরে যে প্রত্যেক গাড়ি কি ঘোড়া কি টাটু কি খচর রাখা যায় তাহার স্বামী, টাক্সের যোগ্য যে গাড়ির ও ঘোড়ার জন্যে অনুমতিপত্র লইতে চাহেন প্রতিবৎসর জানুআরি এবং জুলাই মাসের ১ তারিখে কি তৎপূর্ব্বে তাহার বর্ণনাপত্র লিখিয়া আপনি স্বাক্ষর করিয়া জুষ্টিসদের আফিসে পাঠাইবেন। ও উক্ত আইনের সংযুক্ত তফসীলঅনুসারে সেই পত্রের নির্দ্দিষ্ট গাড়ির ও ঘোড়ার নিমিত্তে স্বামির যে হারে টাক্স দিতে হইবে, ঐ পত্র প্রেরণ সময়ে সেই হারে জানুআরি কিম্বা বিষয়বিশেষে জুলাই মাসের প্রথম তারিখঅবধি অর্দ্ধ বৎসরের টাক্স ঐ জুষ্টিসদিগকে দিবেন। যদি কোন ব্যক্তি জানুআরি মাসের ১ ও জুলাই মাসের ১ তারিখের মধ্য, কিম্বা জুলাই মাসের ১ ও জানুআরি মাসের ১ তারিখের মধ্য কোন দিনে কোন গাড়ি কি ঘোড়া কি টাটু কি খচর প্রাপ্ত হন, তবে তাহা প্রাপ্ত হওন সময়াবধি এক সপ্তাহের মধ্যে তিনি তদ্রূপ বর্ণনাপত্র এবং উক্ত তফসীলঅনুসারে হিসাব করিয়া চলিত অর্দ্ধ বৎসরের অবশিষ্ট কালের নিমিত্তে তাহার যত টাক্স দিতে হয় তাহা জুষ্টিসেরদের আফিসে পাঠাইবেন। কিন্তু সেই গাড়িপ্রভৃতির উপর সেই অর্দ্ধ বৎসরের টাক্স পূর্ব্বে দেওয়া গিয়াছে ইহা যদি জুষ্টিসেরদের হৃদ্বোধমতে প্রমাণ করিতে পারেন, তবে দিবেন না ইতি।

[অনুমতিপত্রবিনা গাড়িপ্রভৃতি রাখিবার দণ্ডের কথা ও বর্জ্জিত কথা।]

৮ ধারা। কোন গাড়ির কি ঘোড়ার কি টাটুর কি খচরের স্বামী ঐ গাড়িপ্রভৃতি নগরে রাখিয়াও যদি উক্ত আইনের ৩৯ ধারামতে নিয়মিতরূপে অনুমতিপত্র না লন, তবে শান্তিরক্ষার্থ জুষ্টিসের সম্মুখে তাঁহার দোষ প্রমাণ হইলে, সম্পূর্ণ অর্দ্ধ বৎসরের যত টাক্স দিতে হইত, তাহার তিন গুণের অনধিক টাকাপর্য্যন্ত তাঁহার অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[গোরুর গাড়ির রেজিষ্টর ও নম্বর করণের কথা।]

৯ ধারা। যে প্রত্যেক গাড়ি ও গোরুর গাড়ি ও ইসপ্রিংবিনা চক্রবিশিষ্ট অন্য গাড়ি উক্ত নগরের মধ্যে রাখা যায় ও ব্যবহার হয়, এবং যে প্রত্যেক গাড়ি ও গোরুর গাড়ি ও উক্ত প্রকারের অন্য গাড়ি ঐ নগরের মধ্যে ভাড়ার নিমিত্তে গমনাগমন করে, কিম্বা নগরের মধ্যে কি বাহিরে ভাড়া দেওয়া যায় ও নগরের মধ্যে ব্যবহার হয়, সেই সকল গাড়ী ও তৎস্বামির নাম ও বাসস্থান জুষ্টিসেরদের আফিসে রেজিষ্টর করা যাইবে, ও উক্ত জুষ্টিসেরা যেরূপে আজ্ঞা করেন সেইরূপে ঐ রেজিষ্টরী করা নম্বর তাহাতে দেওয়া যাইবে। তদ্রূপ

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬১। ৬ মার্চ।]

other wheeled vehicle without springs, who shall ail to affix the number of registration as aforesaid, shall be liable to a fine not exceeding five Rupees. Provided that this Section shall not apply to or nclude carts, hackeries, or other such vehicles as aforesaid, kept at any place more than eight miles distant from Government House, and used only temporarily and casually in the Town, or to carts, hackeries, or other wheeled vehicles without springs the property of Government, or to conservancy carts, hackeries, or other such vehicles belonging to the Justices.

[Proviso to Section 47 of Act VI of 1863.]

X. Section XLVII of the said Act shall be read subject to the provision that any person commencing to exercise within the Town any of the professions, trades, or callings specified in Schedule B. to the said Act annexed between the 1st day of January of any one year and the first day of January of the succeeding year, shall, previous to commencing to exercise such profession, trade, or calling, pay for his license such portion of the annual sum, as is mentioned in the said Schedule, as shall be proportionate to the unexpired portion of the year calculated from the day of payment.

[Penalty for not taking out a license for exercising certain trades, &c.]

XI. If any person within the Town shall exercise his profession, trade, or calling without having duly taken out a license as required by Section 47 of the said Act, he shall be liable, on conviction before a Justice of the Peace, to a penalty not exceeding three times the amount which, in the judgment of such Justice of the Peace, would have been payable by such person in respect of a license duly taken out as aforesaid for the entire year.

[Lighting rate. Proviso.]

XII. To provide for the lighting of the public streets of the Town, an annual lighting rate, not exceeding two per centum of their annual value, may be imposed by the Justices, upon all houses, buildings, and lands in the Town, and shall be assessed in the manner in the said Act described: Provided that it shall be at the option of the Justices, in lieu of such rate, to levy upon any lands unappropriated to any building or premises, or upon any native huts with their appurtenances, a fixed annual rate, not exceeding twelve annas and ten pies for every cottah occupied by such last mentioned lands or huts with their appurtenances. Any rate levied under this Section, or under the following Section, shall be payable by

গাড়ির কি গোরুর গাড়ির কি ইস্প্রিংবিনা চক্রবিশিষ্ট অন্য গাড়ির কোন স্বামী কি গাড়ওয়ান্ যদি পূর্ব্বোক্ত রেজিস্টরীর নম্বর না বসায়, তবে তাহার পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু যে সকল গাড়ি কি গোরুর গাড়ি কি পূর্ব্বোক্ত অন্য প্রকারের গাড়ি গবর্ণমেণ্ট হৌসহইতে আট মাইলের অধিক দূরস্থানে রাখা যায়, ও কখন২ কিঞ্চিৎকাল নগরে ব্যবহার হয় তাহার প্রতি, ও গবর্ণমেণ্টের কোন গাড়ির কি গোরুর গাড়ির কি ইস্প্রিংবিনা চক্রবিশিষ্ট অন্য গাড়ির প্রতি, কি নগর পরিপাটী করণার্থ জুষ্টিসেরদের গাড়ির কি গোরুর গাড়ির কি তদ্রূপ অন্য গাড়ির প্রতি এই ধারা খাটিবে না, ও সেই গাড়ি এই ধারার মধ্যে গণ্য নহে ইতি।

[১৮৬৩ সালের ৬ আইনের ৪৭ ধারার উপবিধি।]

১০ ধারা। উক্ত আইনের ৪৭ ধারা পাঠ করণসময়ে এই বিধান বলবৎ মানিতে হইবে যে, উক্ত নগরের মধ্যে কোন ব্যক্তি যদি কোন বৎসরের জানুআরি মাসের ১ তারিখের পর ও তৎপর বৎসরের জানুআরি মাসের ১ তারিখের পূর্ব্ব কোন সময়ে উক্ত আইনের সংযুক্ত B চিহ্নিত তপসীলের নির্দ্দিষ্ট কোন ব্যবসায় কি বাণিজ্য কি কারবার আরম্ভ করেন, তবে উক্ত ব্যবসায় কি বাণিজ্য কি কারবার আরম্ভ করিবার পূর্ব্বে উক্ত তপসীল অনুসারে তাঁহার বৎসরে যত টাকা দিতে হয়, তদনুসারে টাকা দিবার তারিখ অবধি বৎসরের অনতিবাহিত অংশের টাকা দিয়া তাঁহাকে অনুমতিপত্র লইতে হইবে ইতি।

[কোন২ বাণিজ্যাদি করিবার জন্যে অনুমতিপত্র না লইবার দণ্ডের কথা।]

১১ ধারা। উক্ত নগরের মধ্যে কোন ব্যক্তি উক্ত আইনের ৪৭ ধারার নির্দ্দিষ্ট অনুমতিপত্র নিয়মিতরূপে না লইয়া আপন বাণিজ্য কি ব্যবসায় কি উপজীবীকা নির্ব্বাহ করিলে যদি শান্তিরক্ষার্থ জুষ্টিসের সম্মুখে তাঁহার দোষ প্রমাণ হয়, তবে পূর্ব্বোক্তমতে সম্পূর্ণ বৎসরের অনুমতিপত্র নিয়মিতরূপে লইলে, ঐ শান্তিরক্ষার্থ জুষ্টিসের বিবেচনায় তাঁহার যত টাকা দিতে হইত, তাহার তিন গুণের অনধিক তাঁহার অর্থদণ্ড হইতে পারিবেক ইতি।

[আলোর রেটের কথা ও বর্জ্জিত কথা।]

১২ ধারা। নগরের রাজকীয় পথে আলো দিবার জন্যে জুষ্টিসেরা নগরস্থ সকল ঘরের ও কোটার ও ভূমির বার্ষিক মূল্যের উপর বৎসরে শতকরা ২৲ টাকার অনধিক হিসাবে আলোর রেট বসাইতে পারিবেন। তাহা উক্ত আইনের লিখিত মতে ধার্য্য হইবে। কিন্তু যে ভূমি কোন কোটার কি বাড়ির শামিল না থাকে তাহার উপর, কিম্বা এদেশীয় কোন বাঙ্গলাঘরের ও তৎসংযুক্ত ক্ষুদ্র২ ঘরের উপর উক্ত জুষ্টিসেরা স্বীয় বিবেচনামতে ঐ রেট না বসাইয়া, সেই ভূমির, কি সেই ঘর ও তৎসংযুক্ত ক্ষুদ্র২ ঘর যে ভূমিতে থাকে তাহার কাঠা প্রতি বৎসরে ৸১০ বারআনা দশ পাইয়ের অনধিক নির্দ্ধারিত রেট আদায় করিতে পারিবেন। এই ধারা কিম্বা পশ্চাৎ লিখিত ধারামতে যে রেট ধার্য্য হইবে, তাহা যে ঘরের ও কোটার ও বাঙ্গলা ঘরের ও ভূমির উপর ধার্য্য হয় তাহার স্বামিরা তিন২ মাসের

the owners of the said houses, buildings, lands, and huts respectively, by quarterly instalments, and shall be added to the rent payable by the occupier thereof, and shall be recoverable by the owner from the said occupier by such means and in like manner and in all respects as such rent is recoverable.

[Water-Rate. Proviso.]

XIII. The Justices shall carry out a complete system for the supply of water within the Town, and shall, for that purpose, cause such pipes to be laid and such tanks, reservoirs, and other works to be made and constructed as shall be necessary. Such supply shall be deemed, for the purpose of this Act, to be complete within the Town or within any division or portion thereof, so soon as the Justices shall have, with the sanction of the Lieutenant-Governor of Bengal, declared, by notification published in the Government Gazette, that the supply is complete within the Town, or within any such division or portion thereof. So soon as the supply shall be completed within the Town or within any divison or portion thereof, it shall be lawful for the Justices to impose an annual water-rate, not exceeding three per centum of their annual value, upon all houses and buildings within the Town, or within the division or portion (as the case may be) within which the supply of water is complete, and such rate shall be assessed in the manner in the said Act described. Provided that it shall be at the option of the Justices, in lieu of the said rate of three per centum, to levy upon any native huts a fixed annual rate, not exceeding one Rupee, three annas and three pies, for every cottah of land occupied by such huts with their appurtenances.

[Owner liable to the rate for time of occupation. Proviso.]

XIV. Every owner shall be liable to the lighting-rate and to the water-rate for the time during which the premises liable to the rate have been occupied; and when such premises shall have been occupied for a party only of a quarter, the Justices shall charge him with only so much of the rate for that quarter as may be proportionate to the number of days during which the said premises shall have been occupied. No such rate shall be chargeable to any person on account of any unoccupied premises for the time during which they may remain unoccupied. Provided always that when any premises liable to the rate cease to be occupied, the owner shall give the Justices notice thereof, or, if he fail to give such notice, he shall be liable to the rate assessed on the said premises for the whole quarter although they may have been occupied for a part only of such quarter.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৬ মার্চ।]

কিস্তি করিয়া তাহা দিতে পারিবেন, ও তন্নিবাসিদের ভাড়ার মধ্যে ধরা যাইবে। ও ভাড়া যেরূপে ও যে উপায়ে আদায় হইয়া থাকে সেইরূপে গৃহবাসি ব্যক্তির স্থানে স্বামী তাহা আদায় করিতে পারিবেন ইতি।

[জলের রেটের কথা।]

১৩ ধারা। জুষ্টিসেরা নগরের মধ্যে জলযোগাইবার সম্পূর্ণ নিয়ম করিবেন। তদর্থে তাঁহারা প্রয়োজনমতে নল বসাইবেন ও পুষ্করিণী ও জলাশয়প্রভৃতি প্রস্তুত করাইবেন। নগরের মধ্যে কি তাহার কোন অংশে কি পল্লিতে জলযোগাইবার নিয়ম সম্পূর্ণ হইয়াছে, জুষ্টিসেরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে এই মর্ম্মের জ্ঞাপনপত্র গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ করিলে, সেই নগরে কি সেই অংশে কি পল্লিতে এই আইনের অভিপ্রায়ার্থে উক্ত জল যোগাইবার সম্পূর্ণ নিয়ম হইয়াছে জ্ঞান হইবে। নগরের মধ্যে কিম্বা কোন অংশে কি পল্লিতে জল যোগাইবার কার্য্য সম্পূর্ণ হইলে, জুষ্টিসেরা সেই নগরের কি বিষয়বিশেষে সেই অংশের কি পল্লির অন্তর্গত সকল ঘরের ও কোটার বার্ষিক মূল্যের উপর বৎসরে শতকরা ৩৲ তিন টাকার অনধিকের হিসাবে জলের রেট বসাইবেন। সেই রেট উক্ত আইনের লিখিতমতে ধার্য্য হইবে। কিন্তু জুষ্টিসেরা কোন বাঙ্গলা ঘরের উপর শতকরা ৩৲ টাকার হিসাবে রেট না বসাইয়া, স্বেচ্ছামতে সেই ঘর ও তৎসংযুক্ত অন্য ক্ষুদ্র২ ঘর যে ভূমিতে থাকে তাহার কাঠা প্রতি বৎসরে ১৶৩ পাই রেট বসাইতে পারিবেন ইতি।

[বাটীর ভাড়া চলিবার সময়ের রেট দিতে স্বামির দায়ী হইবার কথা ও বর্জ্জিত কথা।]

১৪ ধারা। আলোর ও জলের রেট দিবার যোগ্য কোন বাটীর যত দিন ভাড়া চলে তত দিন পর্য্যন্ত ঐ বাটীর স্বামী আলোর ও জলের ঐ রেট দিবার দায়ী হইবেন। ও যদি কোন তিন মাসের কেবল একাংশে ঐ বাটীর ভাড়া চলে, তবে যত দিন সেই ভাড়া চলিয়াছে জুষ্টিসেরা ঐ তিন মাসের রেটের হিসাব ধরিয়া তাঁহার স্থানে তত দিনের নিমিত্তে রেট লইবেন। কোন ঘর যত দিন খালি থাকে তত দিন সেই খালি ঘরের জন্যে কোন ব্যক্তির সেই রেট দিতে হইবেক না। কিন্তু ইহাতে প্রয়োজন যে যখন রেট দিবার যোগ্য কোন বাটী খালী হয় তখন স্বামী জুষ্টিসদিগকে সেই বিষয়ের সম্বাদ দেন। যদি তদ্রূপ সম্বাদ না দেন, তবে কোন তিন মাসের কেবল একাংশে সেই বাটীর ভাড়া হইলেও ঐ বাটীর উপর সম্পূর্ণ তিন মাসের অবধারিত রেটের নিমিত্তে তিনি দায়ী হইবেন ইতি।

[After revision assessment book to be authenticated by the seal of the Jutices. - Rate assessed to be deemed the rate for three years.]

XV. After the appeals have been enquired into, and after the revision of the valuation or measurement and assessment has been completed, the amendments, if any made in the book required to be kept by Section LXVIII of the said Act, shall be authenticated by the seal of the Justices; and thereupon, and subject to such alterations and amendments as may thereafter be duly made, the rate so assessed shall be deemed to be the rate for the whole three years for which the assessment is made, and this period shall be calculated from the commencement of the quarter succeeding that in which any such amendment shall be so authenticated.

[Hearing of Appeals.]

XVI. Appeals against any rate assessed or demanded by the Justices under the provisions of this Act shall be heard and determined by not less than three Justices of the Peace. But no such appeal shall be heard unless the amount of the rate has been deposited with the Justices and unless preferred by the person who at the time the appeal is made may be recorded in the said book as the owner of the premises to which such appeal refers, or by the occupiers thereof or by their agents.

[Information of birth to be given within eight days.]

XVII. The father or mother of every child born in the Town, or in the case of the death, illness, or absence, or inability of the father and mother, the occupier of the house or tenement in which such child shall have been born, shall, within eight days after the day of every such birth, give information to the Registrar of the District, according to the best of his or her knowledge and belief, of the several particulars by the said Act required to be known and registered touching the birth of such child. Any person whose duty it shall be to give information to a Registrar under this Section, who shall refuse or neglect to give such information, shall be liable to a penalty not exceeding one hundred Rupees.

[Penalty for non-observance of the provisions of Sections 104, 106, and 107 of Act VI of 1863.]

XVIII. Any person whose duty it may be to afford the information specified in Section CIV, or to fill in any form under Section CVI, or to act as an enumerator under Section CVII of the said Act, who shall refuse or neglect so to do, shall be liable to a penalty not exceeding one hundred Rupees. Provided that it shall be the duty of the enumerator to fill up all Schedules or Returns for those who are unable to write.

[*Government Gazette*, *6th March* 1866.]

[পুনর্দৃষ্টি হইলে পর নির্দ্ধারিত টাক্সের বহীতে জুষ্টিসদের মোহর করিবার কথা ও যে রেট ধার্য্য হয় তাহা তিন বৎসর পর্য্যন্ত চলিবার কথা ।]

১৫ ধারা । পূর্ব্বোক্ত প্রার্থনার অনুসন্ধান হইলে পর ও নিরূপিত মূল্য কি পরিমাণ ও রেট পুনর্দৃষ্টি করণ সমাপ্ত হইলে পর, উক্ত আইনের ৬৮ ধারামতে যে বহী রাখিতে হইবে, সেই বহীতে যে সকল কথার সংশোধন হয় তাহা জুষ্টিসদের মোহরক্রমে দৃঢ় করা যাইবে । তৎকালাবধি, এবং তৎপরে নিয়মিতরূপে যে কোন পরিবর্ত্তন ও সংশোধন করা যায় তাহা বলবৎ রাখিয়া তিন বৎসরের নিমিত্তে উক্ত প্রকারের যে রেট ধার্য্য হয় তাহা সেই সম্পূর্ণ তিন বৎসরের রেট জ্ঞান হইবেক । তদ্রূপ সংশোধন যে তিন মাসের মধ্যে উক্ত প্রকারে দৃঢ় করা যায় তাহার আরম্ভাবধি ঐ তিন বৎসর গণ্য হইবে ইতি ।

[প্রার্থনা শুনিবার কথা ।]

১৬ ধারা । জুষ্টিসেরা এই আইনের বিধানানুসারে যে কোন রেট ধার্য্য কি দাওয়া করেন, তদ্বিপক্ষ প্রার্থনা শান্তিরক্ষার্থ জুষ্টিসদের অন্যূন তিন ব্যক্তির দ্বারা শ্রুত হইয়া নিষ্পত্তি হইবেক । কিন্তু সেই রেটের টাকা জুষ্টিসদের নিকটে গচ্ছিত না হইলে এবং যে বাটীর সম্পর্কে ঐ প্রার্থনা হয় উক্ত বহীতে ঐ বাটীর স্বামি বলিয়া যাঁহার নাম লেখা আছে তিনি কি ঐ গৃহবাসিরা কি তাঁহাদের মোক্তারেরা সেই প্রার্থনা উপস্থিত না করিলে তাহা শুনা যাইবেক না ইতি ।

[শিশুর জন্মের পর আট দিনের মধ্যে সম্বাদ দিতে হইবার কথা ।]

১৭ ধারা । নগরজাত প্রত্যেক শিশুর পিতা কি মাতা, অথবা পিতার ও মাতার মৃত্যু কি পীড়া কি অনুপস্থান কি অক্ষমতা হইলে, যে ঘরে শিশুর জন্ম হয় সেই গৃহনিবাসি ব্যক্তি, তদ্বিষয়ের যে সকল বৃত্তান্ত উক্ত আইনানুসারে জ্ঞাত হইয়া রেজিষ্টর করিবার আজ্ঞা হইল, তাহা শিশুর জন্মের দিবসাবধি আট দিনের মধ্যে, স্বীয় জ্ঞান ও বিশ্বাসঅনুসারে জ্ঞাত করিবেন । উক্ত সম্বাদ দেওয়া যাঁহার কর্ত্তব্য তিনি যদি এই ধারামতে রেজিষ্ট্রারকে সেই সংবাদ দিতে অসম্মত হন কি অনুষ্ঠান না করেন, তবে তাঁহার এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবেক ইতি ।

[১৮৬৩ সালের ৬ আইনের ১০৪ ও ১০৬ ও ১০৭ ধারার বিধান অবজ্ঞা করণের দণ্ডের কথা ।]

১৮ ধারা । উক্ত আইনের ১০৪ ধারার নির্দিষ্ট সম্বাদ দেওয়া, কিম্বা ১০৬ ধারামতের কোন পাঠ পূর্ণ করা, কিম্বা ১০৭ ধারামতে সংখ্যা গ্রহণ করা যে ব্যক্তির কর্ত্তব্য, তিনি যদি তাহা করিতে সম্মত না হন কি অনুষ্ঠান না করেন, তবে তাঁহার একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে । যাঁহারা লিখিতে অপারক তাঁহাদের পক্ষের সকল তফসীল ও রিটর্ণ পূর্ণ করা সংখ্যা গ্রাহকের কর্ত্তব্য ইতি ।

[Removal of night-soil.]

XIX. The Justices, from time to time, may fix the hours within which only it shall be lawful to remove any night-soil or other offensive matter. When the Justices have fixed such hours and given public notice thereof, whoever removes or causes to be removed along any street any such offensive matter at any time, except within the hours so fixed, and also whoever at any time, whether such hours have been fixed by the Justices or not, uses for any such purpose any cart, carriage, or other receptacle or vessel other than that approved and sanctioned by the Justices, or who slops or spills any such offensive matter in the removal thereof, or who does not carefully sweep and clean every place in which any such offensive matter has been slopped or spilled, or who places or sets down in any public place any vessel containing such offensive matter, or who drives or takes or causes to be driven or taken any cart, carriage, receptacle or vessel used for any such purpose as aforesaid, through any street or by any route other than such as shall, from time to time, be by public notice appointed for that purpose by the Justices, shall be liable to a penalty not exceeding twenty Rupees for each offence.

[Places of deposit of filth.]

XX. The Justices, from time to time, shall appoint or provide places convenient for the deposit of the night-soil, dung, and other filth, and the dust, dirt, ashes, and rubbish collected and removed by the Justices under the authority of this Act; and for keeping all cattle, carts, implements, and other things required for the above or any of the purposes of this Act; and for any of such purposes the Justices may purchase or take on lease any land or buildings by them considered necessary, or may cause any new building to be made upon any land to be purchased or hired by them.

[Power to shut up, secure, clear, and clean deserted houses.]

XXI. If any building or land, by reason of abandonment or of disputed ownership, or other cause, shall remain untenanted, and thereby become a resort of idle and disorderly persons, or become in a filthy or unwholesome state, or be complained of by any two or more of the neighbours as a nuisance, the Justices, after due enquiry, may cause notice in writing to be given to the owner or to the person claiming to be the owner, if he be known and resident within the limits of their jurisdiction, and shall also cause such notice to be put on the door of the building or some conspicuous part of the premises requiring the persons concerned therein, whoever they may be, to secure,

[বিষ্ঠা স্থানান্তর করণের কথা।]

১৯ ধারা। জুষ্টিসেরা সময়ে২ বিষ্ঠা কিম্বা সেই প্রকারের দুর্গন্ধ দ্রব্য স্থানান্তর করিবার সময় নির্দ্ধার্য্য করিতে পারিবেন। সেই সময় নির্দ্ধার্য্য করিয়া তাহার সম্বাদ প্রকাশ করিলে পর, যদি কোন ব্যক্তি সেই নির্দ্ধারিত সময়ভিন্ন কোন সময়ে সেই প্রকারের কোন দুর্গন্ধ দ্রব্য কোন রাস্তা দিয়া স্থানান্তর করে কি করায়, এবং জুষ্টিসেরদের দ্বারা সময় নির্দ্ধারিত হইলে কি না হইলেও যদি কোন ব্যক্তি সেইরূপ কোন কার্য্যের নিমিত্তে কোন গোরুর গাড়ি কি গাড়ি কি জুষ্টিসেরা যাহা স্বীকার করেন ও যাহাতে সম্মতি দিয়াছেন তদ্ভিন্ন অন্য আধার কি পাত্র ব্যবহার করে, কিম্বা যদি কোন ব্যক্তি সেই প্রকারের কোন দুর্গন্ধ দ্রব্য লইয়া যাইবার সময়ে, তাহা ঝরিয়া কি চুইয়া পড়িতে দেয় কি ফেলে, কি সেই প্রকারের কোন দুর্গন্ধ দ্রব্য যে স্থানে পড়িয়াছে এমত প্রত্যেক স্থান ঝাটা দিয়া সাবধানে পরিষ্কার না করে, কিম্বা যদি কোন ব্যক্তি সেই দুর্গন্ধ দ্রব্যের কোন পাত্র কোন প্রকাশ স্থানে রাখে কি থোয়, অথবা জুষ্টিসেরা সময়ে২ যে পথ দিয়া সেই দুর্গন্ধ দ্রব্য লইয়া যাইবার অনুমতির সম্বাদ প্রকাশ করেন, তদ্ভিন্ন যদি কেহ অন্য রাস্তা কি পথ দিয়া পূর্ব্বোক্ত দ্রব্যবাহি কোন গোরুর গাড়ি কি গাড়ি কি আধার কি পাত্র আপনি কি অন্যের দ্বারা চালায় কি লইয়া যায়, তবে সেই ব্যক্তি উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ২০৲ টাকার অনধিক দণ্ডের যোগ্য হইবেক ইতি।

[গলিজ ফেলিবার স্থানের কথা।]

২০ ধারা। যে সকল বিষ্ঠা ও গোবর ও অন্য গলিজ ও ধূলা ও আবর্জ্জনা ও ছাই ও রাবিশ এই আইনের আজ্ঞাক্রমে জমা হইয়া স্থানান্তর করা যায় তাহা ফেলিবার উপযুক্ত স্থান, এবং উক্ত অভিপ্রায়ে কিম্বা এই আইনের কোন কার্য্যের নিমিত্তে যে সকল গোরু প্রভৃতি ও গাড়ি ও হাতিয়ার ও অন্য দ্রব্যের প্রয়োজন হয় তাহা রাখিবার উপযুক্ত স্থান, জুষ্টিসেরা এই আইনের ক্ষমতানুসারে সময়ে২ নিরূপণ কি প্রস্তুত করিবেন। ও সেইরূপ কোন কার্য্যের নিমিত্তে জুষ্টিসেরা যে কোন ভূমি কি গৃহাদি আবশ্যক বোধ করেন, তাহা ক্রয় করিতে কিম্বা খাজানা কি ভাড়া করিয়া লইতে পারিবেন, অথবা তদ্রূপ ক্রীত কি খাজানা করিয়া লওয়া কোন ভূমিতে কোন নূতন গৃহাদি নির্ম্মাণ করাইতে পারিবেন ইতি।

[যে ঘর ত্যাগ করা গিয়াছে তাহা বন্দ করিবার ও সুরক্ষা করিবার ক্ষমতার কথা।]

২১ ধারা। যদি কোন ঘর কি ভূমি ত্যাগ হওয়াতে, কিম্বা স্বামিত্বের বিবাদহেতুক কি অন্য কারণে শূন্য থাকে, ও তাহাতে নিষ্কর্ম্মা ও অনিয়মিতাচারিদের সর্ব্বদা গতিবিধি হয়, কিম্বা ময়লা কি অস্বাস্থ্যজনক হয় অথবা যদি নিকটনিবাসি কোন দুই কি ততোধিক ব্যক্তি ঐ ঘর অনিষ্টজনক বলিয়া নালিশ করেন, তবে জুষ্টিসেরা তদ্বিষয়ের উপযুক্ত অনুসন্ধান লইবেন, ও স্বামী, কি আপনাকে স্বামী বলিয়া যে ব্যক্তি জানান তিনি, পরিচিত লোক ও তাঁহাদের এলাকার সীমার মধ্যবাসী হইলে, তাঁহাকে লিখনক্রমে আজ্ঞাপত্র দেওয়াইয়া, ও ঐ ঘরের দ্বারে কি বাড়ীর কোন প্রকাশ্য স্থানে লটকাইয়া, তদ্দ্বারা আজ্ঞা করিবেন যে, ঐ গৃহাদিতে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে তাঁহারা তাহা রক্ষা কি আবৃত কি পরিষ্কার কি মার্জ্জন করেন। সেই

enclose, clean, or clear the same, and if such notice shall not be complied with within eight days, the Justices shall cause the necessary work to be executed, and all expenses thereby incurred shall be paid by the owner or occupier of the premises, and shall be recoverable as by the said Act provided, or in case of abandonment or disputed ownership, by the sale of any material found upon such building or land, and the provisions of Section CXLIV of the said Act shall be applicable to such sales.

[Filthy houses. Proviso.]

XXII. Whoever, being the owner or occupier of any house, building, or land, within the Town, whether tenantable or otherwise, suffers the same to be in a filthy and unwholesome state, or overgrown with vegetation, shall be liable to a penalty not exceeding fifty Rupees, and to a penalty not exceeding ten Rupees for every day after conviction for such offence during which the offence is continued. Provided that the Justices may, in lieu of enforcing such daily penalty, enter on and clean and clear the said house, building, or land; and the expense incurred by the Justices in respect thereof shall be paid to them by the owner or occupier, and shall be recoverable as by the said Act provided.

[Penalty for altering or making unauthorized drains leading into public sewers.]

XXIII. Whoever, without the written consent of the Justices first obtained, makes or causes to be made, or alters or causes to be altered, any drain leading into any of the sewers or drains vested in the Justices by this Act, shall be liable to a penalty not exceeding two hundred Rupees, and the Justices may cause such branch-drain to be demolished, altered, re-made, or otherwise dealt with as they shall think fit; and all the expense incurred thereby shall be paid by the person making or altering such branch-drain, and shall be recoverable as by the said Act provided.

[Group and block of houses, &c., may be drained by a combined operation.]

XXIV. If it appear to the Justices that a group or block of contiguous houses or buildings may be drained or improved more economically or advantageously in combination than separately, and a sewer of sufficient size already exists, or is about to be constructed within one hundred feet of any part of such group or block of houses or buildings, it shall be lawful for the Justices to cause such group or block of houses or buildings to be drained and improved by a combined operation; and the expenses incurred by the Justices in respect to such operation shall be chargeable

আজ্ঞাপত্রমতে আট দিনের মধ্যে কার্য্য না হইলে জুষ্টিসেরা ঐ আবশ্যক কর্ম্ম করাইবেন। তাহাতে যে খরচ হয় তাহা ঐ বাড়ীর স্বামির কি নিবাসির দিতে হইবেক, ও উক্ত আইনের বিধানমতে, কিম্বা গৃহাদি ত্যক্ত হইলে কি স্বামিত্বের বিবাদহেতু পড়িয়া থাকিলে তাহাতে যে সরঞ্জাম পাওয়া যায় তাহা বিক্রয় করণদ্বারা ঐ খরচ আদায় হইতে পারিবে। এবং উক্ত বিক্রয়ের প্রতি উক্ত আইনের ১৪৪ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

[ময়লা ঘরের কথা। ও উপবিধি।]

২২ ধারা। নগরস্থ কোন ঘর কি কোটা কি ভূমি বাসোপযুক্ত হইলে কি না হইলেও যদি তৎস্বামী কি নিবাসী সেই গৃহাদি ময়লা ও অস্বাস্থ্যজনক অবস্থায় থাকিতে কিম্বা জঙ্গলময় হইতে দেন, তবে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও সেই দোষ প্রমাণ হওনানন্তর যত দিন থাকে তত দিন পর্য্যন্ত তাঁহার দিনপ্রতি দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। পরন্তু জুষ্টিসেরা প্রতিদিন তদ্রূপ অর্থদণ্ড প্রবল না করিয়া উক্ত ঘর কি কোটা কি ভূম্যাদিতে প্রবেশপূর্ব্বক তাহা পরিষ্কার ও মার্জ্জন করিতে পারিবেন। তাহা করাতে জুষ্টিসদের যে ব্যয় হয় তাহা উক্ত ঘরাদির স্বামির কি তন্নিবাসির দিতে হইবে, ও তাহা উক্ত আইনের বিধানমতে আদায় হইতে পারিবে ইতি।

[অনুমতি বিনা কোন নরদমার জলাদি রাজকীয় নয়নজুলিতে পড়িতে দিলে দণ্ডের কথা।]

২৩ ধারা। এই আইনদ্বারা যে নয়নজুলিতে কি নরদমায় জুষ্টিসদের স্বামিত্ব থাকে, তাহাতে যদি কোন ব্যক্তি ঐ জুষ্টিসদের লিখিত অনুমতি বিনা কোন নরদমা সংযোগ করেন কি করান, অথবা পরিবর্ত্তন করেন কি করান, তবে সেই ব্যক্তির দুই শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। এবং জুষ্টিসেরা উক্ত শাখা নরদমা নষ্ট কি পরিবর্ত্ত করাইতে কি তাহা পুনর্নির্ম্মাণ করাইতে কিম্বা তৎসম্পর্কে প্রকারান্তরের যে কার্য্য উচিত বোধ করেন তাহা করাইতে পারিবেন। তাহাতে যে সকল খরচ হয় তাহা যে ব্যক্তি ঐ শাখা নরদমা করিয়াছিলেন তাঁহার দিতে হইবে, ও তাহা উক্ত আইনের বিধানমতে আদায় হইতে পারিবে ইতি।

[গৃহাদি একত্র থাকিলে তাহার পয়োনালার সংযুক্ত কার্য্য করিবার কথা।]

২৪ ধারা। জুষ্টিসেরা যদি দেখিতে পান যে পরস্পর সন্নিকৃষ্টরূপে নির্ম্মিত কএক গৃহাদির পয়োনালা কি পারিপাট্য স্বতন্ত্র না করিয়া একত্রে করিলে ব্যয়ের লাঘব কি কিছু লাভ হইতে পারে এবং তদ্রূপ সন্নিকৃষ্ট গৃহাদির কি কোটার কোন অংশহইতে এক শত ফুটের মধ্যে যথোপযুক্ত পরিমাণের নয়নজুলী আছে কিম্বা নির্ম্মাণ করিবার উদ্যোগ হইতেছে, তবে সেই জুষ্টিসেরা একত্রিত কর্ম্মদ্বারা সন্নিকৃষ্ট ঐ গৃহাদির পয়োনালা করিতে এবং পারিপাট্য করিতে পারিবেন। এবং সেই কার্য্যেতে জুষ্টিসেরদের যত টাকা ব্যয় হয় তাহা তাঁহাদের বিবেচনামতে উপযুক্ত অংশক্রমে ঐ গৃহাদির কি কোটার স্বামিদের স্থানে আদায়

to the owners of such houses or buildings in such proportions as shall to the Justices seem fit, and shall, if not forthwith paid by such owners, be recoverable as by the said Act provided.

[Proviso to Sections 152, 157, and 159 of Act VI of 1863.]

XXV. Sections CLII, CLVII, and CLIX of the said Act shall be read subject to the provision that the Justices themselves may construct and lay down such portions of the drains mentioned in said Sections as may be carried through or under any public drain, aqueduct, or street, and the expenses incurred by the Justices in respect to such portions, if not forthwith paid by the owner shall be recoverable as by the said Act provided.

[Right of the Justices to provide works specified in Sections 152, 157, and 159 of Act VI of 1863.]

XXVI. It shall be lawful for the Justices to cause the works mentioned in Sections CLII, CLVII, and CLIX of the said Act to be supervised while in progress, and from time to time during their execution to order such reasonable alterations therein, additions thereto, and abandonment of part or parts thereof, as may to the Justices appear, on the fuller knowledge afforded by the opening of the ground requisite to secure the complete and perfect working of such works as aforesaid.

[Markets, Slaughter-houses, &c., to be properly drained.]

XXVII. Every owner or occupier or farmer of any market for the sale of butcher's meat, poultry, fish, or vegetables, or of any slaughter-house within the Town, shall cause such drains to be made therein as shall be considered sufficient by the Justices, and (if required so to do by the Justices), shall cause all the floors and drains to be paved with stone or burnt brick, or burnt tile; or such other material as may be approved by the Justices, and shall also cause a supply of water to be provided sufficient for keeping such market or slaughter-house in a clean and wholesome state; and if such owner, occupier, or farmer, after notice in writing given to him by the Justices that such market or slaughter-house is defective in any of the said particulars, and requiring him to remedy the defect specified within not less than thirty days, makes default therein, he shall be liable to a penalty not exceeding fifty Rupees for every day during which such default is continued.

[Extension of Sections 204, 205, and 206 of Act VI of 1863.]

XXVIII. Every place used as a yard, depôt, or warehouse for jute, cotton, or other dangerous

হইতে পারিবে। যদি সেই স্বামিরা তৎক্ষণাৎ ঐ টাকা না দেন, তবে উক্ত আইনের বিধান মতে আদায় হইতে পারিবে ইতি।

[১৮৬৩ সালের ৬ আইনের ১৫২, ও ১৫৭ ও ১৫৯ ধারা বিষয়ক উপবিধি।]

২৫ ধারা। উক্ত আইনের ১৫২ ও ১৫৭ ও ১৫৯ ধারার লিখিত নরদমার যে অংশ রাজকীয় কোন নরদমার কি পয়োনালার কি রাস্তার মধ্য কি তলভাগে করিতে হইবে, তাহা জুষ্টিসেরা আপনারাই নির্ম্মাণ ও প্রস্তুত করিতে পারিবেন এবং সেই অংশ সম্পর্কে জুষ্টিসেরদের যত টাকা ব্যয় হয় তাহা ঐ স্বামী তৎক্ষণাৎ না দিলে উক্ত আইনের বিধানমতে আদায় হইতে পারিবে, এই উপবিধি বলবৎ রাখিয়া উক্ত আইনের উক্ত তিন ধারা পাঠ করিতে হইবে ইতি।

[১৮৬৩ সালের ৬ আইনের ১৫২ ও ১৫৭ ও ১৫৯ ধারাতে যে নরদমা প্রভৃতির কথা নির্দ্দিষ্ট হইয়াছে তাহার বিধান করিতে জুষ্টিসদের ক্ষমতার কথা।]

২৬ ধারা। উক্ত আইনের ১৫২ ও ১৫৭ ও ১৫৯ ধারাতে যে নরদমা প্রভৃতির কথা উল্লেখ হইয়াছে তাহা প্রস্তুত করণ সময়ে জুষ্টিসেরা তাহার তত্ত্ব লইতে পারিবেন, এবং মাটী খনন কালে তাঁহারা সময়ে২ অধিক দৃষ্টি করিয়া যাহা জানিতে পান তদ্বিবেচনায় সেই নরদমা প্রভৃতির সম্পূর্ণ ও শুদ্ধরূপে কার্য্য চলনার্থে ঐ কার্য্যের যুক্তিমত পরিবর্ত্তন কি তাহা বৃদ্ধি করণ কিম্বা তাহার এক কি অধিকাংশ ত্যাগ করণরূপ যে২ কার্য্য উক্ত জুষ্টিসদের বিবেচনায় আবশ্যক হয় তাহাও তাঁহারা করিতে পারিবেন ইতি।

[বাজারে ও কশাইখানা প্রভৃতিতে উপযুক্ত নরদমা করিরার কথা।]

২৭ ধারা। নগরের অন্তর্গত মাংস কি আহারীয় পক্ষি কি মাচ কি শাকসবজী বিক্রয় করিবার কোন বাজারের কিম্বা কশাইখানার প্রত্যেক স্বামী কি দখীলকার কি ইজারদার তৎস্থানে জুষ্টিসেরদের বিবেচনানুযায়ি উপযুক্ত নরদমা প্রস্তুত করাইবেন। এবং জুষ্টিসেরা আজ্ঞা করিলে তাঁহারা ঐ স্থানের সকল মেজিয়াতে ও নরদমাতে পাতুরের কি পাকা ইটের কি পাকা টালির, কিম্বা জুষ্টিসেরা অন্য যাহাতে অনুমোদন করেন তাহা দিয়া শান করাইবেন, ও সেই বাজার কি কশাইখানা পরিষ্কার ও স্বাস্থ্যজনক অবস্থায় রাখিবার জন্যে যত জলের প্রয়োজন হয় তাহা যোগাইয়া দেওয়াইবেন। উক্ত স্বামী কি দখীলকার কি ইজারদার ঐ বাজারে কি কশাইখানাতে পূর্ব্বোক্ত কোন বিষয় উপযুক্তমতে না হওয়ার জ্ঞাপনপত্র, ও ত্রিশ দিনের অন্যূন কালের মধ্যে তাহার প্রতিকার করিবার লিখিত আজ্ঞাপত্র জুষ্টিসেরদের স্থানে পাইলে পর, যদি তাহা শুধরাইতে ত্রুটি করেন, তবে সেই প্রকার ত্রুটি যত দিন হইয়া থাকে তত দিন তাঁহার দিনপ্রতি পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবেক ইতি।

[১৮৬৩ সালের ৬ আইনের ২০৪ ও ২০৫ ও ২০৬ ধারা বিস্তারিত করণের কথা।]

২৮ ধারা। চাঁচা শণ কি তুলা কিম্বা শঙ্কটজনক কি অনায়াসে জ্বলনীয় কি দাহাত্মক দ্রব্য রাখিবার প্রাঙ্গণ

combustible, or inflammable substances shall be subject to the provisions of Sections CCIV, CCV, CCVI, and CCVII of the said Act.

[Construction of Act.]

XXIX. This Act shall be read with and taken as part of the said Act VI of 1863.

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE existing Municipal Act for the Town of Calcutta has been found defective in some respects, and has been considered to require amendment as regards—

1*st*.—The unnecessary frequency of the Meetings of the Justices, rendered compulsory under the Act, and the absence of sufficient notice of the business to be transacted thereat.

2*nd*.—The unequal incidence of some of the rates and taxes imposed by the Act, and the difficulty of realizing the former from the occupiers direct, instead of through the owners of the premises subject to the rates.

3*rd*.—The insufficiency of the water-rate, at the maximum now fixed, to meet the requirements of the Town.

4*th*.—The unnecessary length of the period allowed for the registration of Births.

5*th*.—The absence of any penalty for the non-observance of the provisions for taking the census of the Town.

6*th*.—The imperfection of some of the existing provisions regarding the conservancy of the Town.

7*th* and *lastly*.—The absence of any effective power of control over places used for the storage of dangerous, combustible, and inflammable substances.

The present Bill has been drafted in accordance with the suggestions of the Justices of the Peace for the Town of Calcutta, and is introduced to amend the existing law with a view to remedy the defects above stated.

V. H. SCHALCH.

The 3rd February 1866.

WALKER MARSHALL,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Dept.

[*Government Gazette*, *6th March* 1866.]

কি গুদাম কি আড়ম্বরণ যে স্থানের ব্যবহার হয় তাহার প্রতি উক্ত আইনের ২০৪ ও ২০৫ ও ২০৬ ও ২০৭ ধারা বর্ত্তিবে ইতি।

[এই আইনের অর্থের কথা।]

২৯ ধারা। এই আইন ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের সঙ্গে পঠিত হইয়া তাহার অংশ জ্ঞান হইবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

কলিকাতা নগরের বর্ত্তমান মুনিসিপল আইন কোনং অংশে অপর্য্যাপ্ত প্রকাশ হইয়াছে, এবং পশ্চাৎ লিখিত বিষয়ে সংশোধনের যোগ্য জ্ঞান হইল বিশেষতঃ।

প্রথম। আইন অনুসারে জুষ্টিসদের অনেক বার অবশ্য সভা করিতে হইবে তাহা অনাবশ্যক। এবং সেই সভায় যে কার্য্য সাধন হইবে তাহার উপযুক্ত সংবাদ দিবার বিধি নাই।

দ্বিতীয়। আইনেতে যে রেট ও টাক্স অবধারিত হইয়াছে তাহার অসমতা এবং যেং বাটীর উপর রেট ধার্য্য হয় তাহার স্বামিদের স্থানে আদায় না করিয়া অধিকারিদের স্থানে আদায় করা কষ্টকর।

তৃতীয়। জলের উচ্চতম যে রেট অবধারিত হইয়াছে নগরের প্রয়োজন বিবেচনায় তাহাও অপ্রতুল।

চতুর্থ। শিশুর জন্ম হইলে তাহা রেজিষ্টর করিবার যে কালের অনুমতি হইয়াছে তাহা অনাবশ্যকমতে দীর্ঘ।

পঞ্চম। নগরের লোকসংখ্যা গ্রহণের বিধান প্রতিপালন না হইলেও তাহার দণ্ড না থাকা।

ষষ্ঠ। নগর পরিপাটীরূপে রক্ষা করিবার বিষয়ে যে বিধি আছে তাহার কোনং বিধির অশুদ্ধতা।

সপ্তম। শঙ্কটজনক ও আশু জ্বলনীয় ও দাহাত্মক দ্রব্য যেং স্থানে সঞ্চিত হয় সেই স্থানের উপর ফলোপযোগীরূপে তত্ত্বাবধারণের ক্ষমতা না থাকা।

কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জুষ্টিসদের পরামর্শক্রমে এই পাণ্ডুলেখ্য হইয়াছে এবং পূর্ব্বোক্ত ত্রুটির নিরাকরণাভিপ্রায়ে বর্ত্তমান আইন সংশোধনার্থে উপস্থিত করা গিয়াছে।

বি এচ শক।

১৮৬৬ সাল ৩ ফেব্রুআরি।

ওয়াকার মারসেল।
ব্যবস্থাপন ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেন্টের
আসিষ্টান্ট সেক্রেটারী

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(Civil Side.)

No. 2.

From G. G. Morris, Esq., Officiating Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Civil Judges,—(dated Calcutta, the 2nd February 1866.)

With a view to prevent misconception and unnecessary labour, and for their future guidance in the preparation of the Registration Memorandum enjoined in Section 45, Act XVI of 1864, the Court desire to point out to all Civil Judges that an order or decree passed in any Civil Court of first instance dismissing a claim to any immoveable property, neither creates, declares, transfers, limits, or extinguishes any right, title, or interest in such property. It simply negatives the plaintiff's claim to any right, title, or interest in the property sued for. In such case, therefore, the preparation of a Registration Memorandum to meet the requirements of Section 45, Act XVI of 1864 is needless, and should not be undertaken.

2. Should, however, the Appellate Court reverse a judgment of a Court of first instance decreeing to the plaintiff either in whole or part that for which he sues, a Memorandum of the decree of the Appellate Court which in effect dismisses the plaintiff's claim should be forwarded to the proper Office for the Registration of assurances, in order to correct the effect of the judgment of the Lower Court, which has already been forwarded to that Office.

By order, &c.,

(Signed) G. G. Morris,
Officiating Registrar.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলর অর্ডর ।

দেওয়ানী পক্ষ ।

২ নম্বর ।

সকল সিবিল জজ সাহেবের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের একটিং রেজিষ্ট্রার শ্রীযুত জি জি মরিস সাহেবের পত্র ।

কলিকাতা ১৮৬৬ সাল ২ ফেব্রুআরি ।

ভ্রম এবং অনাবশ্যক পরিশ্রম নিবারণার্থে এবং ১৮৬৪ সালের ১৬ আইনের ৪৫ ধারাতে রেজিষ্টরীর যে মর্ম্মাত্মকপত্রের আদেশ হইয়াছে উত্তর কালে তাহা প্রস্তুত করিবার পথ দর্শাওনার্থে হাই কোর্টের সাহেবেরা সকল সিবিল জজ সাহেবকে এইং কথা জ্ঞাত করিতেছেন । প্রথম স্থলীয় কোন দেওয়ানী আদালতের যে আজ্ঞা কি ডিক্রীক্রমে কোন স্থাবর সম্পত্তির উপর কোন দাওয়া ডিস্‌মিস্ করা যায়, তদ্দ্বারা সেই সম্পত্তি সম্পর্কে কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক সৃষ্ট কি প্রকাশ কি হস্তান্তর কি সঙ্কোচ কি লোপ করা যায় না । যে সম্পত্তির নিমিত্তে প্রার্থনা হয় সেই সম্পত্তির উপর বাদির কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্কের দাওয়া অসিদ্ধ করা মাত্র হয় । অতএব তদ্রূপ স্থলে ১৮৬৪ সালের ১৬ আইনের ৪৫ ধারার আদেশানুসারে কার্য্য হওনার্থে রেজিষ্টরীর মর্ম্মাত্মকপত্র প্রস্তুত করা অপ্রয়োজন ও করিবার যত্ন করা অকর্ত্তব্য ।

২ । কিন্তু যদি আপীল আদালত প্রথম স্থলীয় আদালতের বিচার অন্যথা করিয়া বাদির প্রার্থিত সম্পত্তির সমুদয় কি একাংশ তাঁহার পক্ষে ডিক্রী করেন, তবে অধঃস্থ আদালতের যে নিষ্পত্তি পূর্ব্বে নিদর্শনপত্রের রেজিষ্টরী কার্য্যালয়ে প্রেরিত হইয়া থাকে তাহার ফল সংশোধন করণাভিপ্রায়ে রেজিষ্টরী করণের উপযুক্ত কার্য্যালয়ে আপীল আদালতের ডিক্রীর মর্ম্মাত্মকপত্র প্রেরণ করা উচিত, ফলিতার্থে ঐ ডিক্রীদ্বারা বাদির দাওয়ার ডিস্‌মিস্ হয় ।

জি জি মরিস,
একটিং রেজিষ্ট্রার ।

John Robinson, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

JANUARY 1866.

Land Revenue.

No. 1.

A new Classification List, to be substituted for Hume, pp. 611, 612, is circulated herewith, the old list being imperfect, and having become, in many respects, obsolete.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ । ৬ মার্চ ।]

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর ।

১৮৬৬ সাল জানুআরি মাস ।

ভূমির রাজস্ব ।

১ নম্বর ।

হিউম সাহেবের পুস্তকের ৬১১ ও ৬১২ পৃষ্ঠায় যে নামাবলি প্রকাশ হইয়াছে তাহা অশুদ্ধ এবং অনেকাংশে অকর্ম্মণ্য । তৎপরিবর্ত্তে পত্রশ্রেণীর নূতন নামাবলি এই পত্র সহিত প্রেরিত হইতেছে ।

Numb. 1386. ১৩৮৬

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 20, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২০ ফেব্রুআরি।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

No. 22 of 1865.

A Bill to consolidate and amend the Laws relating to Railways in India.

[Continued from page 152.]

PART IV.

Regulations for the Protection of the Officers, Servants, and property of the Company.

[Penalty for obstructing servant in his duty.]

XIX. Any person who shall wilfully obstruct or impede any Officer or servant of the Company in the discharge of his duty on such Railway or any of the works, stations or premises connected therewith, shall be liable to a fine not exceeding fifty Rupees.

[Penalty for trespass.]

XX. Any person who shall trespass upon any such Railway, or upon any of the lands, stations or other premises belonging to the Company, shall be liable to a fine not exceeding twenty Rupees; and if any such person shall refuse to leave such Railway or premises on being requested to do so by any Officer or servant of the Company, or by

দেশীয় ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

১৮৬৫ সালের ২২ নম্বর।

ভারতবর্ষস্থ রেলওয়েসম্পর্কীয় আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[১৫২ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

চতুর্থ খণ্ড।

কোম্পানির কার্য্যকারক ও চাকর এবং সম্পত্তিরক্ষা করণার্থ বিধি।

[কর্ম্ম করণকালে চাকরকে বাধা দিবার দণ্ডের কথা।]

১৯ ধারা। কোম্পানির কোন কর্ম্মকারক কি চাকর তদ্রূপ কোন রেলওয়ের উপর কি তৎসম্পর্কীয় কোন শিল্প গৃহাদিতে কি ষ্টেশন ঘরে কি বাটীতে আপনার কর্ম্ম নির্ব্বাহ করিতেছেন এমন সময়ে যে কোন ব্যক্তি জানিয়া শুনিয়া তাঁহার প্রতিবন্ধকতা করে, সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবে ইতি।

[অনধিকারে প্রবেশ করণের দণ্ডের কথা।]

২০ ধারা। যদি কোন ব্যক্তি তদ্রূপ কোন রেলওয়েের উপর কিম্বা কোম্পানির কোন ভূমিতে কি ষ্টেশনঘরে অথবা অন্য বাটীতে অনধিকার প্রবেশ করে, তবে সে ব্যক্তি বিশ টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবে। এবং উক্ত কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর কিম্বা কোম্পানির পক্ষীয় অন্য ব্যক্তি তদ্রূপ কোন ব্যক্তিকে ঐ রেলওয়ের কি বাটীর বাহিরে যাইতে

any other person on behalf of the Company, he shall be liable to a fine not exceeding fifty Rupees, and may be immediately removed from such Railway or premises by such Officer, servant, or other [illegible]on as aforesaid.

[Penalty for driving an animal upon or across Railway.]

XXI. Any person who shall wilfully ride, lead, or drive upon or across any such Railway any animal, except in directly crossing the said Railway at any road or place appointed for that purpose, at a time at which he shall be lawfully authorized so to do, shall be liable to a fine not exceeding fifty Rupees for each offence.

[Liability of owner of animal trespassing on Railway.]

XXII. The owner of any animal which shall trespass or stray upon any such Railway, or upon any lands belonging to such Railway Company, shall be liable to a fine not exceeding ten Rupees for each animal; and it shall be lawful for the Company, or any of their servants, to take or drive every animal which shall be found so trespassing to the nearest Police Station, there to be detained until the highest amount of fine incurred by such trespass and the expense of feeding and keeping the animal be paid, or until a Magistrate shall otherwise order. A Magistrate may, upon proof of the trespass, cause such animal to be sold by public auction, and the proceeds of the sale after deducting therefrom such fine or such a sum, not exceeding ten Rupees for each animal as the Magistrate shall award to be paid in lieu of the fine to which the owner is hereby made liable, and such further sum as the Magistrate shall order to be paid for the expenses of detaining, feeding and selling such animal shall be returned to the owner of the animal on demand.

[Penalty for injury to carriage, &c.]

XXIII. Any person who shall unlawfully and wilfully remove or deface the number-plates, or remove or extinguish any lamp on any carriage belonging to any such Railway Company, or shall wilfully or negligently damage or injure any carriage, engine, waggon, truck, warehouse, building, machine, fence, or any other matter or thing belonging to such Railway Company, shall be liable to a fine not exceeding fifty Rupees.

[Penalty for opening or not properly shutting accommodation gates.]

XXIV. If any person for whose use or accommodation any gate shall have been set up by any

আজ্ঞা করিলেও, যদি সে ব্যক্তি তাহা না মানে, তবে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবে, এবং ঐ কার্য্যকারক কি চাকর কি পুর্ব্বোক্ত প্রকার অন্য লোকদ্বারা তাহাকে ঐ রেলওয়ে কি বাটীহইতে তৎক্ষণাৎ বাহির করা যাইতে পারিবে ইতি।

[কোন পশুকে রেলওয়ের উপর কি আড়ভাবে চালাইবার দণ্ডের কথা।]

২১ ধারা। যদি কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক তদ্রূপ কোন রেলওয়ের উপর কি তাহার এক পার্শ্বহইতে অন্য পার্শ্বপর্য্যন্ত পশুর উপর চড়িয়া যায় কি পশুকে ধরিয়া লইয়া যায় কি চালায়, তবে সে ব্যক্তি তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবে। কিন্তু ঐ রেলওয়ে পার হইবার নিমিত্তে যে রাস্তা কি স্থান নির্দ্দিষ্ট হয় ও যে সময়ে আইনমতে পার হইবার অনুমতি আছে সেই সময়ে ঐ রাস্তা ও স্থান দিয়া একেবারে পার হইলে অর্থদণ্ড হইবে না ইতি।

[পশু অনধিকার প্রবেশ করিলে তৎস্বামির দণ্ডের কথা।]

২২ ধারা। তদ্রূপ কোন রেলপথে কিম্বা ঐ রেলওয়ে কোম্পানির কোন ভুমিতে যে কোন পশু প্রবেশ করে কি বেড়ায় সেই প্রত্যেক পশুর জন্যে তৎস্বামী দশ টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবে। এবং তদ্রূপে প্রবিষ্ট যে প্রত্যেক পশুকে পাওয়া যায় সেই পশুকেঐ কোম্পানি কি তাঁহাদের কোন চাকর নিকটস্থ পোলীস থানায় লইয়া যাইতে কি তাড়াইয়া দিতে পারিবেন এবং ঐ অনধিকার প্রবেশার্থে অত্যধিক যে অর্থদণ্ড হয় তাহা যাবৎ না দেওয়া যায় এবং ঐ পশুকে রাখিবার ও আহার দিবার খরচ না দেওয়া যায়, অথবা মাজিষ্ট্রেট সাহেব যাবৎ অন্য আজ্ঞা না করেন তাবৎ ঐ পশুকে তথায় আটক করিয়া রাখা যাইবে। অনধিকার প্রবেশের প্রমাণ হইলে মাজিষ্ট্রেট সাহেব ঐ পশু প্রকাশিত বিক্রয় করাইতে পারেন, এবং বিক্রয়োৎপন্ন টাকাহইতে ঐ অর্থদণ্ডের টাকা বাদ দিয়া, অথবা ইহার দ্বারা স্বামী যে অর্থদণ্ডের যোগ্য হয় তাহার পরিবর্ত্তে ঐ মাজিষ্ট্রেট সাহেব প্রত্যেক পশুর উপর দশ টাকার অনধিক যত টাকা দেওনের আজ্ঞা করেন তাহা বাদ দিয়া, এবং ঐ আটক রাখণের ও আহারের ও বিক্রয়ের ব্যয়ার্থে মাজিষ্ট্রেট সাহেব অধিক যত টাকা দিবার আজ্ঞা করেন তাহা বাদ দিয়া অবশিষ্ট টাকা স্বামী প্রার্থনা করিলে তাহাকে ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

[গাড়িপ্রভৃতির হানি করণের দণ্ডের কথা।]

২৩ ধারা। যদি কোন ব্যক্তি তদ্রূপ কোন রেলওয়ে কোম্পানির কোন গাড়ির নম্বরের পাত বেআইনীমতে ও ইচ্ছাপূর্ব্বক তুলিয়া লয়, কি বিকৃত করে অথবা কোন লাম্প অর্থাৎ প্রদীপ তুলিয়া লয় কি নিবাইয়া ফেলে কিম্বা ইচ্ছাপূর্ব্বক কি অমনোযোগে ঐ রেলওয়ে কোম্পানির কোন গাড়ি কি ইঞ্জিনের গাড়ি কিম্বা মালের গাড়ি বা ট্রক কিম্বা গুদামঘর বা ইষ্টকালয়াদি কি যন্ত্র কিম্বা বেড়া অথবা অন্য কোন বিষয়ের কি দ্রব্যের অপকার বা ক্ষতি করে, তবে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবে ইতি।

[উপকারার্থ দ্বার খুলিবার কি উপযুক্তমতে বন্ধ না করিবার দণ্ডের কথা।]

২৪ ধারা। যদি উক্ত প্রকার কোন রেলওয়ে কোম্পানি কোন ব্যক্তির ব্যবহারের কি সুবিধার নিমিত্তে

such Railway Company on either side of such Railway or any other person, shall open such gate or pass or attempt to pass or drive or attempt to drive any carriage, cattle or other animal or thing across the said Railway at a time when any engine or train approaching along the same shall be in sight; or shall at any time omit to shut and fasten such gate, as soon as he and any carriage, cattle, or other animal or thing under his charge shall have passed through the same, he shall be liable to a fine not exceeding fifty Rupees.

[Apprehension of offenders by Company's servants.]

XXV. If any person shall commit any offence hereby made punishable by fine, and the name and address of such person shall be unknown, or there be reason to believe that the offender will abscond, any Officer or servant of the Company, or any Police Officer, or other person whom such Officer or servant may call to his aid, may, without any warrant or written authority, lawfully apprehend and detain such offender until he can be taken before a Magistrate, or other Officer having jurisdiction over the offence, or shall give sufficient security for his appearance before such Magistrate or other Officer, or shall be otherwise discharged by due course of law.

[Power for Railway Companies to enter upon adjoining lands to repair accidents.]

XXVI. It shall be lawful for the Local Government to empower any Railway Company, in case of any accident or slip happening or being apprehended to any cutting, embankment, or other work belonging to them, to enter upon any lands adjoining their Railway for the purpose of repairing or preventing such accident, and to do such works as may be necessary for the purpose: Provided always, that in case of necessity, it shall be lawful for any Railway Company to enter upon such lands and do such works as aforesaid, without having obtained the previous sanction of the Local Government; but in every such case such Railway Company shall, within forty-eight hours after such entry, make a report to the Local Government, specifying the nature of such accident or apprehended accident and of the works necessary to be done, and such powers shall cease and determine if the Local Government shall, after considering the said report, certify that their exercise is not necessary for the public safety:

[*Government Gazette*, 20*th February* 1866.]

ঐ রেলওয়ের উভয় পার্শ্বে কোন দ্বার করেন এবং ঐ রেলওয়ের উপর আগমনশীল কোন কলের গাড়ি কি ট্রেন যে সময়ে দেখা যায় এমত সময়ে যদি সেই ব্যক্তি কিম্বা অন্য কোন ব্যক্তি ঐ দ্বার খোলেন কি ঐ রেলওয়ের উপর দিয়া পার হন কি পার হইবার উদ্যোগ করেন, অথবা কোন গাড়ি কি গোমেষাদি কি অন্য পশু কি বিষয় চালান কি চালাইবার উদ্যোগ করেন কিম্বা যদি সেই ব্যক্তি ও তাঁহার রক্ষিত কোন গাড়ি কি গোমেষাদি বা অন্য পশু কিম্বা বস্তু ঐ দ্বার দিয়া গেলে পর তৎক্ষণাৎ ঐ দ্বার রুদ্ধ করিয়া দৃঢ়রূপে বদ্ধ না করেন, তবে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবেন ইতি।

[অপরাধিকে কোম্পানির চাকরদিগের ধরিতে পারিবার কথা।]

২৫ ধারা। এই আইনমতে যে অপরাধের অর্থদণ্ড হইতে পারে, কোন ব্যক্তি তদ্রূপ অপরাধ করিলে যদি তাঁহার নাম ও নিবাসাদি অজ্ঞাত থাকে অথবা ঐ অপরাধী পলায়ন করিবেন, এমত বিশ্বাস করিবার হেতু থাকে, তবে কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর কিম্বা পোলীসের কোন কার্য্যকারক অথবা ঐ কার্য্যকারক কি চাকর আপনার সাহায্যার্থে অন্য যে ব্যক্তিকে ডাকেন, সে ব্যক্তি কোন ওয়ারণ্ট কি লিখিত অনুমতি বিনা ঐ অপরাধিকে আইনমতে ধৃত করিতে পারিবেন, এবং মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা ঐ অপরাধের বিষয়ে অন্য যে কার্য্যকারকের বিচারাধিপত্য আছে তাঁহার সম্মুখে যত কাল তাঁহাকে লইয়া যাইতে না পারা যায় অথবা সেই অপরাধী উক্ত মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের সম্মুখে উপস্থিত হইবার প্রচুর প্রতিভূ যত কাল না দেন, কি আইনের উপযুক্ত ধারামতে তাঁহাকে যত কাল অন্য প্রকারে মুক্ত না করা যায়, তত কাল তাঁহাকে আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

[দুর্ঘটনা জন্য ক্ষতি সংস্কারের নিমিত্তে রেলওয়ে কোম্পানির নিকটবর্ত্তিভূমিতে প্রবেশ করিবার ক্ষমতার কথা।]

২৬ ধারা। রেলওয়ে কোম্পানির কোন কাটা পথে কি বাঁধে কি শ্রমসিদ্ধ অন্য বিষয়ে দুর্ঘটনা হইলে কিম্বা কোন অংশ ভাঙ্গিয়া পড়িলে কি পড়িবার আশঙ্কা হইলে ঐ দুর্ঘটনার সংস্কার কি নিবারণ করণার্থে এবং তন্নিমিত্তে আবশ্যক কোন কর্ম্ম করণার্থে স্থানবিশেষের গবর্ণমেণ্ট ঐ কোম্পানিকে আপনাদের রেলওয়ের নিকটস্থ ভূমিতে প্রবেশ করিবার ক্ষমতা দিতে পারিবেন। পরন্তু অত্যাবশ্যক স্থলে কোন রেলওয়ে কোম্পানি স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি অগ্রে না পাইয়াও নিকটবর্ত্তি কোন ভূমিতে প্রবেশ করিয়া পূর্ব্বোক্ত কার্য্য করিতে পারিবেন। কিন্তু তদ্রূপ প্রত্যেক স্থলে ঐ রেলওয়ে কোম্পানি উক্ত প্রকারে প্রবেশ করণের পর ৪৮ ঘণ্টার মধ্যে স্থানবিশেষের গবর্ণমেণ্টের নিকটে ঐ দুর্ঘটনার কি সম্ভাবিত দুর্ঘটনার ও তৎ সম্পাদনের আবশ্যক সকল কার্য্যের ভাবের রিপোর্ট প্রেরণ করিবেন, এবং স্থানবিশেষের গবর্ণমেণ্ট উক্ত রিপোর্ট বিবেচনা করিলে পর উক্ত ক্ষমতানুসারে কার্য্য করা সাধারণ লোকদের নিরাপদের জন্যে আবশ্যক নহে যদি এই মর্ম্মের সংশিতপত্র দেন, তবে সেই ক্ষমতা শেষ ও রহিত হইবে। আরো ঐ দুর্ঘটনার কি সম্ভাবিত

Provided also, that such works shall be as little injurious to the said adjoining lands as the nature of the accident or apprehended accident will admit of, and shall be executed with all possible despatch; and full compensation shall be made to the owners and occupiers of such lands for the loss or injury or inconvenience sustained by them respectively by reason of such works, the amount of which compensation, in case of any dispute about the same, shall be settled in manner provided by Act No. XXII of 1863, Section 33.

Part V.

Regulations binding on the Company.

[Local Government may appoint persons to inspect Railways.]

XXVII. It shall be lawful for the Local Government, if and when they shall think fit, to authorize any proper Officer to inspect any Railway: and it shall be lawful for every Officer so authorized, at all reasonable times, upon producing his authority, if required, to enter upon and examine the said Railway, and the stations, works, and buildings, and the engines and carriages belonging thereto: Provided always, that no person shall be eligible to the appointment as Inspector as aforesaid who shall within one year of his appointment have been a Director or have held any office of trust or profit under any Railway Company.

[Penalty on persons obstructing Inspector.]

XXVIII. Every person wilfully obstructing any person, duly authorized as aforesaid, in the execution of his duty, shall for every such offence be liable to a fine of one hundred Rupees or to imprisonment for any period not exceeding three calendar months; such imprisonment to be determined on payment of the amount of the fine.

[Notices to be given before opening Railway for passenger traffic. Penalty for failure to give notice.]

XXIX. No Railway or portion of any Railway shall be opened for the public conveyance of passengers until one calendar month after notice in writing of the intention of opening the same shall have been given by the Company to whom such Railway shall belong to the Local Government, and until ten days after notice in writing shall have been given by the said Company to the Local Government of the time when the said Railway or portion of Railway will be, in their opinion, sufficiently completed for the safe conveyance of passengers and ready for inspection. If any Railway or portion of any Railway shall be opened without such notice as aforesaid, the Company to whom such Railway shall belong shall be

দুর্ঘটনার ভার বিবেচনায় উক্ত কর্ম্মের দ্বারা উক্ত নিকটস্থ ভূমির সাধ্যমতে অল্পতর ক্ষতি, ও সাধ্যমতে ত্বরায় নিষ্পাদন করিতে হইবে এবং ঐ কার্য্য দ্বারা ঐ ভূমির স্বামিদের ও অধিকারিদের প্রত্যেক জনের যে ক্ষতি কি হানি কি ক্লেশ হইয়াছে ঐ কোম্পানি সম্পূর্ণরূপে সেই ক্ষতিপূরণ করিবেন। যদি তদ্বিষয়ের কোন বিবাদ হয়, তবে ক্ষতিপূরণস্বরূপে যত টাকা দিতে হইবে তাহা ১৮৬৩ সালের ২২ আইনের ৩৩ ধারার বিধানমতে নিরূপিত হইবে ইতি।

পঞ্চম খণ্ড।

কোম্পানির প্রতিপাল্য বিধান।

[রেলওয়ে পরিদর্শনার্থে স্থানীয় গবর্ণমেণ্টের লোক নিযুক্ত করিবার কথা।]

২৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট যদি ও যে সময়ে উচিত জ্ঞান করেন, তবে ও তৎকালে কোন রেলওয়ের পরিদর্শনার্থে উপযুক্ত কার্য্যকারককে নিযুক্ত করিতে পারিবেন। ও তদ্রূপ নিযুক্ত প্রত্যেক কার্য্যকারক প্রয়োজনমতে আপন ক্ষমতাপত্র দেখাইয়া উচিত সকল সময়ে উক্ত রেলওয়েতে ও তৎসম্পর্কীয় ষ্টেশন ও কারখানা ও ঘর ও কল ও গাড়িতে প্রবেশ করিয়া তাহার পরীক্ষা করিতে পারিবেন। কিন্তু তৎপদে নিযুক্ত করিবার পূর্ব্ব এক বৎসরের মধ্যে যে ব্যক্তি রেলওয়ে কোম্পানির অধ্যক্ষতা কি তদধীনে কোন বিশ্বাসের কি লাভের কর্ম্মে নিযুক্ত ছিলেন তিনি পারিদর্শকের পদে নিযুক্ত হইতে পারিবেন না ইতি।

[পরিদর্শকের কর্ম্মের বাধা করিলে দণ্ডের কথা।]

২৮ ধারা। পূর্ব্বোক্তমতের ক্ষমতাপন্ন কোন ব্যক্তি কর্ম্ম করিতেছেন এমন সময়ে যে কেহ ইচ্ছাপূর্ব্বক তাঁহার কর্ম্মের বাধা দেন তাঁহার তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে এক শত টাকা অর্থদণ্ড কিম্বা ইংলণ্ডীয় পঞ্জিকামতে তিন মাসের অনধিক কাল কারাবদ্ধন হইতে পারিবে। উক্ত অর্থদণ্ডের টাকা দিলেই কারাগারহইতে মুক্ত হইবেন ইতি।

[লোকদের গমনার্থে রেলরোড খুলিবার পূর্ব্বে সংবাদ দিবার কথা। না দিলে দণ্ডের কথা।]

২৯ ধারা। কোন রেলরোড যে কোম্পানির সম্পত্তি হয় সেই কোম্পানি সাধারণ লোকদের গমনার্থ সেই রেলরোড কি রেলরোডের কোন অংশ খুলিবার অভিপ্রায়ের সংবাদ স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে দিবার পর এক মাস গত না হইলে, এবং ঐ কোম্পানির বিবেচনায় সেই রেলওয়ে কি রেলরোডের সেই অংশ লোকদের নিরাপদে গমনার্থে ও পরিদর্শনার্থে যে সময়ে উপযুক্তমতে প্রস্তুত হইবে স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে সেই সময়ের সংবাদ লিখিয়া দিবার পর দশ দিন গত না হইলে, ঐ কোম্পানি ঐ রেলরোড কি রেলরোডের সেই অংশ খুলিতে পারিবেন না। যদি পূর্ব্বোক্ত সংবাদ না দিয়া কোন রেলওয়ে কি রেলওয়ের কোন অংশ খোলা যায়, তবে সেই সংবাদ রীতিমতে দেওয়া না গিয়া ও সেই সময়ে অতীত না হইয়া যত দিন সেই রেলওয়ে খোলা থাকে, তত দিন পর্য্য

liable to a fine of five hundred Rupees for every day during which the same shall continue open until the said notices shall have been duly given and shall have expired.

[Local Government empowered to postpone the opening.]

XXX. If the Officer appointed by the Local Government to inspect any such Railway or portion of a Railway shall, after inspection thereof, report in writing to the Local Government that in his opinion the opening of the same would be attended with danger to the public using the same, by reason of the incompleteness of the works or permanent way, or the insufficiency of the establishment for working such Railway, together with the grounds of such opinion, it shall be lawful for the Local Government, from time to time and as often as such Officer shall, after further inspection thereof, so report, to order the Company to whom such Railway shall belong, to postpone such opening for any period not exceeding one calendar month at any one time, until it shall appear to the Local Government that such opening may take place without danger to the public; And if any such Railway or any portion thereof shall be opened contrary to any such order, the Company shall be liable to a fine of five hundred Rupees for every day during which the same shall continue open contrary to such order: Provided that no such order as aforesaid shall be binding upon any Railway Company unless therewith shall be delivered to the Company a copy of the report of the Officer upon which such order shall be founded.

[Local Government empowered to close dangerous part of opened line.]

XXXI. If any portion of any Railway shall, in the opinion of any such Officer as last hereinbefore mentioned become so unsafe as that traffic on the same would be attended with danger to the public, the Local Government may on the receipt of his report in writing to that effect, order the Company to whom such Railway shall belong to close such portion and postpone the re-opening thereof, until it shall appear to the Local Government that such re-opening may take place without danger to the public. And if any such portion or any part thereof shall be re-opened contrary to such order, the Company shall be liable to a fine of five hundred Rupees for every day during which the same shall continue open contrary to such order. Prov[illegible] that no such order as last aforesaid shall be [illegible] upon any Railway Company unless the [illegible] shall be delivered to the Company a copy of the report of the Officer upon which such order shall be founded.

ঐ কোম্পানির দিনপ্রতি পাঁচ শত টাকা অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[রেলওয়ে খুলিবার সময় বিলম্ব করাইতে স্থানবিশেষের গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।]

৩০ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট তদ্রূপ কোন রেলওয়ে কি রেলওয়ের কোন অংশ পরিদর্শন করণার্থে যে কার্য্যকারককে নিযুক্ত করেন, তিনি তাহা পরিদর্শন করিলে পর যদি স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে পত্র লিখিয়া আপনার এই মত জ্ঞাত করেন যে, কর্ম্ম কিম্বা চিরকালীন পথ সম্পূর্ণরূপে প্রস্তুত না হওন, কিম্বা সেই রেলওয়েসম্পার্কীয় কর্ম্ম করণার্থে যত কার্য্যকারক নিযুক্ত হইয়াছেন তাঁহাদের সংখ্যা অপ্রচুর হওনপ্রযুক্ত সাধারণ লোকেরা সেই রেলওয়েতে গমন করিলে আপদের সম্ভাবনা, এবং যদি আপনার সেই মতের হেতুও ব্যক্ত করেন, তবে স্থানীয় গবর্ণমেণ্ট তৎকালে, এবং ঐ কার্য্যকারক তৎপশ্চাৎ ঐ রেলরোডের অধিক পরিদর্শনানন্তর যত বার তদ্রূপ রিপোর্ট করেন তত বার, ঐ রেলওয়ে কোম্পানির প্রতি এমত আজ্ঞা করিতে পারিবেন যে, স্থানীয় গবর্ণমেণ্টের বিবেচনায় যত কাল সেই রেলরোড সাধারণ লোকদের নিষ্কণ্টকে গমনার্থে খোলা যাইতে না পারে তত কাল পর্য্যন্ত খুলিবার কার্য্য বিলম্ব করেন। কিন্তু কোন একি সময়ে এক মাসের অধিক বিলম্ব করিবার আজ্ঞা করিবেন না। যদি তদ্রূপ কোন রেলওয়ে কি তাহার কোন অংশ তদ্রূপ কোন আজ্ঞার বিপক্ষে খোলা যায়, তবে সেই আজ্ঞার বিপক্ষে যত দিন খোলা থাকে তাহার দিন প্রতি ঐ কোম্পানির পাঁচ শত টাকা দণ্ড হইতে পারিবে। কিন্তু উক্ত কার্য্যকারকের রিপোর্টমূলক তদ্রূপ কোন আজ্ঞা সেই রিপোর্টের প্রতিলিপি সহিত ঐ কোম্পানিকে না দেওয়া গেলে, কোন রেলওয়ে কোম্পানি সেই আজ্ঞা প্রতিপালন করিতে বদ্ধ হইবেন না ইতি।

[খোলা পথের যে অংশে আশঙ্কা সম্ভাবনা, স্থানীয় গবর্ণমেণ্টের তাহা রুদ্ধ করিবার ক্ষমতার কথা।]

৩১ ধারা। যদি পূর্ব্বলিখিত কোন কার্য্যকারকের বিবেচনায় কোন রেলওয়ের কোন অংশ ভয়যুক্ত হওয়াতে তদুপরি গমনাগমন করিলে সাধারণ লোকদের পক্ষে আশঙ্কা সম্ভাবনা, তবে স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহার সেই মর্ম্মের লিখিত রিপোর্ট প্রাপ্ত হইলে, ঐ রেলওয়ে যে কোম্পানির হয় সেই কোম্পানিকে আজ্ঞা করিতে পারিবেন যে, স্থানীয় গবর্ণমেণ্টের বিবেচনায় যত কাল ঐ পথ সাধারণ লোকদের নিরাপদ ভাবে পুনশ্চ খোলা যাইতে না পারে তত কাল পর্য্যন্ত সেই অংশ রুদ্ধ করিয়া পুনশ্চ খুলিবার বিলম্ব করেন। যদি সেই আজ্ঞা তুচ্ছ করিয়া পূর্ব্বোক্ত কোন অংশ কি তাহার কোন ভাগ পুনশ্চ খোলা যায়, তবে যত দিন সেই আজ্ঞার বিপক্ষে খোলা থাকে তাহার দিন প্রতি ঐ কোম্পানির পাঁচ শত টাকা অর্থদণ্ড হইতে পারিবে। পরন্তু উক্ত কর্ম্মকারকের রিপোর্টমূলক ঐ আজ্ঞা সেই রিপোর্টের প্রতিলিপি সহিত কোম্পানিকে না দেওয়া গেলে কোন রেলওয়ে কোম্পানি সেই আজ্ঞা প্রতিপালন করিতে বদ্ধ হইবেন না ইতি।

[G[illegible]rnment Gazette, 20th February 1866.]

[Power to make crossings over Railways.]

XXXII. At any time after a Railway is constructed, it shall be lawful for the Local Government, if it shall think fit, to make roads across the Railway, and every such road shall be either carried over such Railway by means of a bridge of the height and width and with the ascent and descent approved of by the Consulting Engineer to the Local Government, or it shall cross the Railway on a level. If the road be carried over the Railway by means of a bridge, such bridge, with the immediate approaches and all other necessary works connected therewith, shall be made and executed, and at all times thereafter maintained, at the expense of the Local Government. If such road cross the Railway on a level, the gates mentioned and the proper persons directed to be employed in and by the next following Section, shall be erected, maintained, and employed at the like expense.

[Company to erect and maintain gates.]

XXXIII. If the Railway cross any road on a level, whether such road be made before or after the construction of the Railway, the Railway Company shall erect, and at all times maintain good and efficient gates, either across the Railway, or across the road on each side of the Railway, where the same shall communicate with the road, and shall employ proper persons to open and shut such gates. If such gates be across the road they shall be kept constantly closed, except during the time when horses, cattle, carts, or carriages passing along the same shall have to cross the Railway, and the gates shall be of such dimensions and so constructed as when closed to fence in the Railway, and prevent cattle or horses passing along the road from entering upon the Railway. If the gates be across the Railway, they shall be kept closed, except when engines or carriages passing along the Railway shall have occasion to cross the road, and shall be of such dimensions, and so constructed, as when open to fence in the Railway, and prevent cattle, carriages, or pasengers from entering upon the Railway. Provided that it shall be lawful for the Local Government in any case to order that the gates shall be across the road or across the Railway, as the Government may think fit, and in such case the gates shall be erected, maintained, and closed accordingly.

[Fine for not erecting or maintaining gates.]

XXXIV. If any Railway Company shall wilfully fail to comply with the provisions of Section 33 of this Act, the said Company shall be liable to be summoned before a Magistrate, and shall, on conviction before such Magistrate be

[রেলওয়েয়ের উপর পথ করিবার ক্ষমতার কথা ।]

৩২ ধারা । কোন রেলওয়ে প্রস্তুত হইবার পশ্চাৎ কোন সময়ে যদি স্থানীয় গবর্ণমেণ্ট সেই রেলওয়ে পার হইবার পথ করা উচিত বোধ করেন, তবে তাহা করিতে পারিবেন। তদ্রূপ পথ ঐ রেলওয়ের ঊর্দ্ধে সাঁকোস্বরূপ কিম্বা সমান হইবে ! যদি সাঁকো হয়, তবে স্থানীয় গবর্ণমেণ্টের কনসলটিং ইঞ্জিনিয়র সাহেব সেই সাঁকোর যে উচ্চতা ও প্রশস্থতা এবং ঊর্দ্ধাধগমনের যে প্রাবণ্য অনুমোদন করেন তদনুসারে তাহা প্রস্তুত হইবে। এবং সেই সাঁকো ও তন্নিকটস্থ স্থান ও তৎসম্পর্কীয় আবশ্যক অন্য সকল কর্ম্ম স্থানীয় গবর্ণমেণ্টের অর্থ ব্যয়ে প্রস্তুত ও নিষ্পাদিত ও তদবধি চিরকাল রক্ষিত হইবে। যদি সেই রেলওয়ের উপর সমান পথ হয়, তবে ইহার পশ্চাৎ লিখিত ধারাতে তাহার যে দ্বারের কথা লেখা আছে ও উপযুক্ত যে ব্যক্তিদিগকে নিযুক্ত করিবার আজ্ঞা আছে তাহা গবর্ণমেণ্টের নির্দ্দিষ্ট অর্থ ব্যয়ে সংস্থাপিত ও রক্ষিত ও নিযুক্ত হইবে ইতি।

[কোম্পানির দ্বার স্থাপন ও রক্ষা করিবার কথা ।]

৩৩ ধারা । যদি রেলওয়ে কোন পথের উপর সমভূমিতে হয়, তবে রেলওয়ে প্রস্তুত করিবার পূর্ব্বে কি পরেও বাঁধা গেলে রেলওয়ের উপরে অথবা পথের ধারের যেং স্থানে রেলরোডের সঙ্গে পথ মিলে সেইং স্থানে পথের উপরে রেলওয়ে কোম্পানি উত্তম ও উপযুক্ত দ্বার স্থাপন করিয়া সর্ব্বদাই রক্ষা করিবেন, এবং ঐং দ্বার খুলিবার ও বন্ধ করিবার নিমিত্তে ঐ কোম্পানি উপযুক্ত লোকদিগকে নিযুক্ত করিবেন। যদি সেই দ্বার পথের উপর হয়, তবে ঘোড়া গোরুপ্রভৃতি কি বলদ গাড়ি কি গাড়ি যে সময়ে রেলওয়ের উপর দিয়া গমন করিবে সেই সময় ভিন্ন ঐ দ্বার সর্ব্বদা বদ্ধ থাকিবে, ও সেই দ্বারের এমন পরিমাণ ও গঠন হইবে যে বদ্ধ হইলে রেলওয়ের বেড়া স্বরূপ হয়, ও সেই পথগামি গোরুপ্রভৃতি কি ঘোড়া সেই রেলরোডে প্রবেশ করিতে না পারে। যদি ঐ দ্বার রেলরোডের উপর করা যায় তবে সেই রেলরোডে গমনকারি কলের গাড়ির কি অন্য গাড়ির যে সময়ে, গমন করা প্রয়োজন সেই সময় ভিন্ন ঐ দ্বার বদ্ধ থাকিবে, ও তাহার এমন পরিমাণ ও গঠন হইবে যে খোলা গেলে রেলরোডের বেড়াস্বরূপ হয়, ও গোরু কি গাড়ি কি পদব্রাজক কেহ রেলরোডে গমন করিতে না পারে। কিন্তু কোন স্থলে স্থানীয় গবর্ণমেণ্ট উপযুক্ত বোধ করিলে পথের উপর কি রেলরোডের উপর সেই দ্বার করা যাইবে ইহা আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপ স্থলে ঐ আজ্ঞানুসারে ঐ দ্বার স্থাপিত ও রক্ষিত ও রুদ্ধ হইবে ইতি।

[দ্বার স্থাপন কি রক্ষা না করণের অর্থদণ্ডের কথা ।]

৩৪ ধারা । যদি কোন রেলওয়ে কোম্পানি ইচ্ছাপূর্ব্বক এই আইনের ৩৩ ধারার বিধানমতে কার্য্যের অনুষ্ঠান না করেন, তবে উক্ত কোম্পানি কোন মাজিষ্ট্রেটের সম্মুখে আহূত হইবার যোগ্য হইবেন, এবং সেই মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তদ্রূপ

liable to a fine not exceeding two hundred Rupees for every such failure.

[Power to compel erection or maintenance of gates.]

XXXV. If any Railway Company shall fail, whether wilfully or not, to erect or maintain good and efficient gates according to the provisions of Section 33 of this Act, or to employ proper persons to open and shut them, any Magistrate may, after a summons for that purpose shall have been served on the said Company, order the Company to erect or maintain such gates within a time to be specified in the order. Such order may be made by a Magistrate whether the Railway Company itself shall have been charged with, or convicted of wilful failure under Section 34 of this Act or not. In case of wilful failure on the part of the Railway Company to comply with such order, they shall, on conviction before a Magistrate, be liable to a fine not exceeding two hundred Rupees for every day that they shall have wilfully failed to comply therewith.

[Fine for continued neglect to comply with provisions of Sections 33 and 34.]

XXXVI. If after any conviction under Section 34 or Section 35 of this Act the Railway Company so convicted shall, without lawful excuse, the burden of proving which shall be upon the said Company, neglect within seven days to perform the acts for wilful failure to do which it shall have been convicted, it shall be liable to be again from time to time summoned before a Magistrate, and upon conviction of such continued neglect, shall be liable to a fine not exceeding three hundred Rupees for every day during which such neglect shall have continued since the date of the former conviction, or if more than one conviction shall take place under this Section, since the date of the last preceding conviction.

[Service of summons under Section 34, 35 or 36.]

XXXVII. Any summons issued under Section 34, Section 35 or Section 36 of this Act may be served upon the Railway Company, either by leaving the same at the Railway Station nearest to the place where the failure or omission shall have occured, or by leaving the same at the Head Office of the said Railway Company, or by serving the same on the principal Agent or Manager of the Company in India.

[Railway to be fenced. Quarries and ballast-pits to be fenced or filled in. Penalty for not fencing or filling in.]

XXXVIII. Every such Railway Company shall be bound to erect and maintain good and

প্রত্যেক অননুষ্ঠানের নিমিত্তে ঐ কোম্পানির দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[দ্বার স্থাপন কি রক্ষা করাইবার ক্ষমতার কথা।]

৩৫ ধারা। যদি কোন রেলওয়ে কোম্পানি ইচ্ছা কি অনিচ্ছাপূর্ব্বক এই আইনের ৩৩ ধারার বিধানমতে উত্তম ও উপযুক্ত দ্বার স্থাপন কি রক্ষা করণের অনুষ্ঠান না করেন, কিম্বা সেই দ্বার খুলিবার ও বন্ধ করিবার উপযুক্ত লোককে নিযুক্ত না করেন, তবে উক্ত কোম্পানির প্রতি সেই অভিপ্রায়ের আহ্বানপত্র পর্য্যর্পণ হইলে পর কোন মাজিষ্ট্রেট সাহেব আজ্ঞাপত্র লিখিয়া ঐ কোম্পানিকে ঐ আজ্ঞাপত্রের লিখিতব্য সময়ের মধ্যে ঐ দ্বার স্থাপন কি রক্ষা করিতে আজ্ঞা করিতে পারিবেন। সেই রেলওয়ে কোম্পানির নামে ইচ্ছাপূর্ব্বক এই আইনের ৩৪ ধারামত কার্য্যের অনুষ্ঠান না করণের অভিযোগ হইলে কি দোষ নির্ণয় হইলে কি না হইলেও কোন মাজিষ্ট্রেট সাহেব ঐ আজ্ঞা করিতে পারিবেন। যদি রেলওয়ে কোম্পানি সেই আজ্ঞা মত কর্ম্ম করিতে ইচ্ছাপূর্ব্বক অননুষ্ঠান করেন, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাঁহাদের দোষ নির্ণয় হইলে তাঁহারা যত দিন ইচ্ছাপূর্ব্বক ঐ কর্ম্মের অনুষ্ঠান না করিলেন তাহার দিন প্রতি তাঁহাদের দুই শত টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে ইতি।

[৩৩ ও ৩৪ ধারার বিধান মতে কার্য্য করিতে নিয়ত উপেক্ষা হইলে দণ্ডের কথা।]

৩৬ ধারা। এই আইনের ৩৪ কি ৩৫ ধারা মতে কোন দোষ নির্ণয় হইলে পর নির্ণীতাপরাধি রেলওয়ে কোম্পানির যে কর্ম্মের ইচ্ছাপূর্ব্বক অননুষ্ঠান হেতুক অপরাধ নির্ণীত হইয়াছে, উপযুক্ত হেতু না থাকিলেও যদি সাত দিনের মধ্যে সেই কর্ম্ম করিতে উপেক্ষা করেন, তবে মাজিষ্ট্রেট সাহেব সময়ে২ ঐ কোম্পানিকে পুনঃ২ আহ্বান করিতে পারিবেন, ও তদ্রূপ নিয়ত উপেক্ষার দোষ নির্ণীত হইলে ভূত পূর্ব্ব দোষ নির্ণয়ের তারিখ অবধি, অথবা যদি এই ধারামতে দুই কি ততোধিকবার তদ্রূপ দোষ নির্ণয় হইয়া থাকে, তবে ঐ দোষ শেষ বার নির্ণয় করিবার তারিখের পর যত দিন তদ্রূপ উপেক্ষা করিতে থাকেন তাহার দিন প্রতি ঐ কোম্পানির তিন শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। যদি ঐ উপেক্ষার উপযুক্ত হেতু থাকে, তবে ঐ কোম্পানি সেই হেতু সপ্রমাণ করিতে সাধ্যবান ইতি।

[৩৪ কি ৩৫ কি ৩৬ ধারামত আহ্বানপত্র পর্য্যর্পণের কথা।]

৩৭ ধারা। যে স্থানে কোন কর্ম্মের অননুষ্ঠান কি উপেক্ষা হয় সেই স্থানের অতি নিকট রেলওয়ে ষ্টেশনে কিম্বা উক্ত রেলওয়ে কোম্পানির প্রধান কার্য্যালয়ে কিম্বা ভারতবর্ষে কোম্পানির প্রধান কার্য্যকারককে কি কর্ম্ম সম্পাদককে এই আইনের ৩৪ কি ৩৫ কি ৩৬ ধারার লিখিত আহ্বানপত্র প্রদান করিয়া ঐ আহ্বানপত্র পর্য্যর্পিত হইতে পারিবে ইতি।

[রেলরোডের বেড়া দিবার কথা ও খনির কিম্বা প্রস্তরাদির গর্ত্তে বেড়া দিবার কি বুজাইয়া ফেলিবার কথা ও বেড়া না দিবার কি বুজাইয়া না ফেলিবার দণ্ডের কথা।]

৩৮ ধারা। তদ্রূপ প্রত্যেক রেলওয়ে কোম্পানির রেলরোডের উভয় পার্শ্বে অবশ্য উত্তম ও উপযুক্ত বেড়া

sufficient fences on each side of their Railway; or, failing therein, shall be liable to a fine not exceeding fifty Rupees for every offence. Every such Railway Company shall also be bound either to erect and maintain a good and sufficient fence, around any quarry or ballast-pit which they shall have excavated, and which, in the opinion of any Magistrate, shall be dangerous to the public, or to fill in such excavation: And it shall be lawful for a Magistrate or Justice of the Peace to order the Company to erect or repair any such fence on each side of the said Railway or around the said quarry or ballast-pit, or to fill in any such excavation, within a time to be specified in the order, and upon failure of the Company to comply with such order, they shall be liable to a fine not exceeding fifty Rupees for every day that they fail so to do.

[Duty of Railway Companies to make arrangements for receiving and forwarding traffic without unreasonable delay and without partiality.]

XXXIX. Every Railway Company shall afford all reasonable facilities for the receiving and forwarding and delivering of traffic upon and from the Railway belonging to or worked by such Company and for the return of carriages, trucks, and other vehicles, and no such Company shall make or give any undue or unreasonable preference or advantage to or in favour of any particular person or Company, or any particular description of traffic, in any respect whatsoever, nor shall any such Company subject any particular person or Company, or any particular description of traffic, to any undue or unreasonable prejudice or disadvantage in any respect whatsoever; and every Railway Company having or working a Railway which forms part of a continuous line of Railway communication, or which has the Terminus or Station of the one near the Terminus or Station of the other, shall afford all due and reasonable facilities for receiving and forwarding all the traffic arriving by one of such Railways by the other, without any unreasonable delay, and without any such preference or advantage, or prejudice or disadvantage, as aforesaid, and so that no obstruction may be offered to the public desirous of using such Railways as a continuous line of communication, and so that all reasonable accommodation may, by means of the Railways of the several Companies, be at all times afforded to the public in that behalf.

[Parties complaining that reasonable facilities for forwarding traffic, &c., are withheld, may apply to the High Court.]

XL. It shall be lawful for the Advocate-General or any other person authorized to act for

দিয়া রক্ষা করিতেই হইবে, তাহা না করিলে তাঁহাদের তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। আরো যদি তদ্রূপ রেলওয়ে কোম্পানি কোন খনি কি প্রস্তরাদির গর্ত্ত খোদিত করেন এবং তাহা কোন মাজিষ্ট্রেটের বিবেচনায় সাধারণ লোকদের আশঙ্কা জনক হয়, তবে সেই খনিপ্রভৃতি ঘেরিয়া দিবার জন্যে সেই কোম্পানির অবশ্য উত্তম ও উপযুক্ত বেড়া দিতে ও রক্ষা করিতে হইবে অথবা সেই গর্ত্ত বুজাইয়া ফেলিতে হইবে। এবং কোন মাজিষ্ট্রেট কি শান্তিরক্ষার্থ জুষ্টিস কোম্পানির নামে আজ্ঞাপত্র লিখিয়া, তাহাতে সময় নির্দ্দিষ্ট করিয়া, সেই সময়ের মধ্যে উক্ত রেলওয়ের উভয় পার্শ্বে কিম্বা উক্ত খনির কি প্রস্তরাদির গর্ত্তের চতুর্দ্দিগে তদ্রূপ কোন বেড়া দিতে কি তাহা সংস্কার করিতে কিম্বা তদ্রূপ কোন গর্ত্ত বুজাইয়া ফেলিতে আজ্ঞা করিবেন, এবং কোম্পানি সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে যত দিন কর্ম্ম না করেন তাহার দিন প্রতি তাঁহাদের পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[অনাবশ্যকমতে বিলম্ব না করিয়া ও পক্ষপাতী না হইয়া বাণিজ্য দ্রব্য গ্রহণ ও চালান করিবার নিয়ম করিতে রেলওয়ে কোম্পানির কর্ত্তব্যের কথা।]

৩৯ ধারা। প্রত্যেক রেলওয়ে কোম্পানি যে রেলরোডের অধিকারী হন কি যাহার কর্ম্ম চালান, সেই রেলরোডে বাণিজ্যদ্রব্য গ্রহণ, ও তদ্দ্বারা ঐ দ্রব্য চালান, ও তাহা হইতে ঐ দ্রব্য সমর্পণ করিবার, এবং গাড়ির ও ট্রকের ও অন্যং গাড়ির প্রত্যাগমন করণের যুক্তিমতে সর্ব্বপ্রকারের সদুপায় করিবেন। ও তদ্রূপ কোন কোম্পানি কোন বিষয়েতে অনুপযুক্ত কি অযুক্তিমতে কোন ব্যক্তি বিশেষকে কি কোম্পানিকে কিম্বা কোন বিশেষ প্রকারের বাণিজ্য দ্রব্য অন্যাপেক্ষা অগ্রগণ্য কি প্রধান জ্ঞান করিবেন না। এবং তদ্রূপ কোন কোম্পানি কোন কারণে অনুপযুক্ত কি অযুক্তিমতে কোন ব্যক্তিবিশেষকে কি কোম্পানিকে কিম্বা কোন বিশেষ প্রকারের বাণিজ্য দ্রব্য অন্যাপেক্ষা অযোগ্য কি অপ্রধান জ্ঞান করিবেন না। এবং কোন রেলওয়ে কোম্পানি যে রেলওয়ে প্রাপ্ত হইয়াছেন কি যাহার কর্ম্ম চালান সেই রেলওয়ে যদি দূরস্থানে গমনার্থ অবিচ্ছিন্ন রেল পথের একাংশ হয়, কি যদি সেই রেলওয়ের অন্তস্থান কি ষ্টেশন অন্য রেলওয়ের অন্তস্থানের কি ষ্টেশনের সন্নিকট থাকে, তবে তন্মধ্যে এক রেলওয়ে দ্বারা আগত সকল বাণিজ্য দ্রব্য গ্রহণ ও অন্য রেলওয়ের দ্বারা চালান করিবার উপযুক্ত ও যুক্তিমত সকল সদুপায় করিবেন, তদ্বিষয়ে অযুক্তিমতে কোন বিলম্ব করিবেন না, ও পূর্ব্বোক্তমতে কোন এক বিষয় অন্যাপেক্ষা অগ্রগণ্য কি প্রধান কিম্বা অযোগ্য কি অপ্রধান জ্ঞান করিবেন না। ও সাধারণ লোকেরা অবিচ্ছিন্ন পথস্বরূপ সেই রেলরোড ব্যবহার করিতে ইচ্ছুক হইলে তাঁহাদের তদ্বিষয়ের কোন বাধা না হয়, এবং তৎপক্ষে উক্ত কোম্পানির রেলরোডের দ্বারা সর্ব্ব সময়ে সর্ব্বসাধারণ লোকদিগকে যুক্তিমত স্থান দেওয়া যায়, এমত কর্ম্ম করিবেন ইতি।

[বাণিজ্য দ্রব্যাদি চালাইবার যুক্তিমত সদুপায় না হইবার অভিযোক্তারদের হাই কোর্টে প্রার্থনা করিবার কথা।]

৪০ ধারা। আডবোকেট জেনরল সাহেব, কিম্বা ধর্ম্মাধিকরণঘটিত কোন কার্য্যসম্পর্কে স্থানবিশেষের,

the Local Government in respect of any judicial proceeding, or for any Company or person complaining against any Railway Companies or Company of anything done, or of any omission made in violation or contravention of this Act, to apply in a summary way, by motion or summons to the High Court, and it shall be lawful for such Court to hear and determine the matter of such complaint; and for that purpose, if such Court shall think fit, to direct and prosecute, in such mode and by such Engineers, Barristers or other persons as they shall think proper, all such inquiries as may be deemed necessary to enable such Court to form a just judgment on the matter of such complaint; and if it be made to appear to such Court on such hearing, or on the report of any such person, that anything has been done or omission made in violation or contravention of this Act by such Companies or Company, it shall be lawful for such Court to issue an injunction restraining such Companies or Company from further continuing such violation or contravention of this Act, and enjoining obedience to the same; and in case of disobedience of any such injunction, it shall be lawful for such Court to enforce the same by imprisoning the Agent or Manager of any Company, or any owner, lessee, contractor, or other person failing to obey such injunction, for a term not exceeding two years; and such Court may also, if it shall think fit, make an order directing the payment by any one or more of such Companies of such sum of money as such Court shall determine, not exceeding for each Company the sum of two thousand Rupees for every day, after a day to be named in the order, that such Companies or Company shall fail to obey such injunction, and such monies shall be payable as the Court may direct, either to the party complaining, or into Court to abide the ultimate decision of the Court, or to Her Majesty, and payment thereof may, without prejudice to any other mode of recovering the same, be enforced in like manner as if the same had been recovered by decree in any High Court; and in any such proceeding as aforesaid, such Court may order and determine that all or any costs thereof or thereon incurred shall and may be paid by or to the one party or the other, as such Court shall think fit, and it shall be lawful for any such Engineer, Barrister, or other person, if directed so to do by such Court, to receive evidence on oath or affirmation relating to the matter of any such inquiry, and to administer such oath or affirmation.

[Notice of death or accident to be given to Government.]

XLI. Every Railway Company shall, within forty-eight hours after the occurrence upon the

গবর্ণমেণ্টের পক্ষে কর্ম্ম করিবার ক্ষমতাপন্ন অন্য কোন ব্যক্তি কিম্বা কোন কোম্পানি কি ব্যক্তি, কোন রেলওয়ের কোম্পানিদিগের কি কোম্পানির নামে এই আইন উল্লঙ্ঘন করিয়া কোন কার্য্য করিবার কি কোন অনুষ্ঠানের অভিযোগ করিলে, তাঁহারা স্থূলমতে অনুরোধ কি আহ্বানপত্র দ্বারা হাই কোর্টে প্রার্থনা করিতে পারিবেন। ও সেই আদালত সেই অভিযোগের মর্ম্ম শুনিয়া নিষ্পত্তি করিতে ক্ষমতাপন্ন হইবেন। এবং যদি সেই আদালত উপযুক্ত বোধ করেন, তবে সেই অভিযোগের যথার্থ নির্ণয়পার করণার্থে ঐ আদালত যে সকল অনুসন্ধান করিবার আবশ্যক জ্ঞান করেন, যদ্রূপে ও যে ইঞ্জিনিয়রদের কি বারিষ্টরদের কি অন্য ব্যক্তিদের দ্বারা উপযুক্ত বোধ করেন, তাঁহাদিগের দ্বারা তদ্রূপে সেই অনুসন্ধানের আজ্ঞাও সম্পাদন করিতে পারিবেন। এবং উক্ত কোম্পানিদিগের কি কোম্পানির দ্বারা এই আইন উল্লঙ্ঘনপূর্ব্বক কি এই আইনের বিপক্ষে কোন কার্য্য করা গেল কিম্বা কোন উপেক্ষা হইয়াছে উক্ত আদালত পূর্ব্বোক্তমতে শ্রবণ করিলে, কিম্বা তদ্রূপ কোন ব্যক্তির রিপোর্ট অনুসারে ইহা দৃষ্টি করিতে পাইলে এই আইনের উল্লঙ্ঘনপূর্ব্বক কি তদ্বিপক্ষে যে কার্য্য করা যাইতেছে সেই কার্য্য উক্ত কোম্পানিদিগের কি কোম্পানির রহিত করণের আজ্ঞা করিয়া সেই আইন প্রতিপালন করিবার আজ্ঞা করিতে পারিবেন। যদি তদ্রূপ আজ্ঞা প্রতিপালন না হয়, তবে সেই আদালত ঐ আজ্ঞা অপ্রতিপালক কোন কোম্পানির কর্ম্মকারককে কিম্বা কর্ম্ম সম্পাদককে কিম্বা কোন স্বামিকে কি পাট্টাধারিকে কি চুক্তিকারককে কি অন্য ব্যক্তিকে দুই বৎসরের অনধিক কাল পর্য্যন্ত কারাবদ্ধ করিয়া আপনার সেই আজ্ঞা বলবৎ করিতে পারিবেন। এবং যদি উপযুক্ত বোধ করেন তবে এমত আজ্ঞা করিতে পারিবেন যে, এই আজ্ঞাপত্রের লিখিত দিবসের পর ঐ কোম্পানিরা কি কোম্পানি যত দিন পূর্ব্বোক্ত আজ্ঞা পালন করিতে অনুষ্ঠান না করেন, তাহার দিন প্রতি প্রত্যেক কোম্পানির পক্ষে ২০০০৲ টাকার অনধিক যত টাকা উক্ত আদালত নিরূপণ করিবেন ঐ কোম্পানিদের এক কি অধিক কোম্পানি তত টাকা দেন এবং আদালত যদ্রূপে আজ্ঞা করেন তদ্রূপে বাদিকে অথবা আদালতের শেষ নিষ্পত্তির অপেক্ষায় আদালতে অথবা শ্রীশ্রীমতী মহারাণীকে সেই টাকা দেওয়া যাইতে পারিবে এবং আদায় করিবার অন্য কোন নিয়মের হানি না হইয়াও কোন হাই কোর্টের ডিক্রী ক্রমে আদায় হওনমতে সেই টাকা বলক্রমে আদায় হইতে পারিবে। এবং পূর্ব্বোক্ত প্রকারের কোন কার্য্যেতে উক্ত আদালত এমত আজ্ঞা ও নির্ণয় করিতে পারিবেন যে, ঐ মোকদ্দমার কি তদ্ঘটিত সকল কি কোন খরচ আদালতের বিবেচনামতে ঐ মোকদ্দমার এক পক্ষ অন্য পক্ষকে দেন। এবং তদ্রূপ কোন ইঞ্জিনিয়র কি বারিষ্টর কি অন্য ব্যক্তি উক্ত আদালত হইতে আজ্ঞাপ্রাপ্ত হইলে তদ্রূপ কোন অনুসন্ধান বিষয়ক প্রমাণ শপথ কি প্রতিজ্ঞাক্রমে গ্রাহ্য করিতে পারিবেন এবং ঐ শপথ কি প্রতিজ্ঞা করাইতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্টকে মৃত্যুর কি দুর্ঘটনার সংবাদ দিবার কথা।]

৪১ ধারা। কোন রেলওয়ে কোম্পানির রেলপথে কি ষ্টেশনের কি পথের পার্শ্বস্থ ঘরের কি পার্শ্ব পথের

Railway, or in or upon any of the stations, sheds, sidings, carriages or other property belonging to such Company, of any death or any accident attended with serious personal injury, give notice thereof to the Local Government and also to the Consulting Engineer to such Government.

[Fine for not giving notice.]

XLII. If any such Company omit to give such notice, the said Company shall be liable to be summoned before any Magistrate, and shall, on conviction before such Magistrate, be liable to a fine not exceeding fifty Rupees for every day during which such Magistrate shall find the said omission to have continued.

[Return of accidents to be delivered to Government.]

XLIII. The Local Government may order and direct any such Railway Company to make up and deliver to them a Return of serious accidents occurring in the course of the public traffic upon the Railway belonging to such Company, or in the construction, maintenance, or repair of the line, whether attended with personal injury or not, in such form or manner as the Government shall deem necessary, or require for their information, with a view to the public safety.

[Returns of traffic and tolls to be made by Railway Companies.]

XLIV. The Local Government may also order and direct every Railway Company to make and deliver to them Returns, according to a form to be provided by such Government, of the aggregate traffic in passengers, according to the several classes, and of the aggregate traffic in cattle and goods respectively, on the Railway and also a table of all tolls, rates, and charges, from time to time levied on each class of passengers, and on cattle and goods, conveyed on the Railway: Provided always, that such Returns shall be required, in like manner and at the same time, from all the said Companies, unless the Local Government shall specially exempt any of the said Companies, and shall enter the grounds of such exemption in the Minutes of their Proceedings.

[Fine for non-delivery of Return.]

XLV. If any Return required by this Act shall not be so delivered within fourteen days after the same shall have been required by the Government, the said Company shall be liable to be summoned before a Magistrate, and upon conviction before such Magistrate shall be liable to a fine not exceeding fifty Rupees for every day during which the said Magistrate shall find that the said Company has omitted, after the expira-

কি গাড়ির কি অন্য সম্পত্তির মধ্যে কি তদুপরি কোন ব্যক্তির মৃত্যু হইলে কিম্বা শরীরের গুরুতর আঘাতজনক কোন দুর্ঘটনা হইলে পর ৪৮ ঘণ্টার মধ্যে সেই রেলওয়ে কোম্পানি স্থানীয় গবর্ণমেন্টকে এবং ঐ গবর্ণমেন্টের কনসলটিং ইঞ্জিনিয়রকে তদ্বিষয়ের সংবাদ দিবেন ইতি।

[সংবাদ না দিলে অর্থদণ্ডের কথা।]

৪২ ধারা। যদি তদ্রূপ কোন কোম্পানি উক্ত সংবাদ না দেন, তবে কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আহূত হইতে পারিবেন, এবং সেই মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দোষ নির্ণয় হইলে তিনি যত দিন সেই কর্ম্মের অনুষ্ঠানের ত্রুটি দেখেন, তাহার দিনপ্রতি ঐ কোম্পানির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[গবর্ণমেন্টকে দুর্ঘটনার রিটর্ণ দিবার কথা।]

৪৩ ধারা। কোন রেলওয়ে কোম্পানির রেলপথে লোকপ্রভৃতির গমনাগমনার্থ গাড়ির চলন সময়ে কিম্বা পথ প্রস্তুত কি রক্ষা কি সংস্কার করণকালে যে সকল গুরুতর দুর্ঘটনা হয়, তাহাতে কোন ব্যক্তির শারীরিক আঘাত হইলে কি না হইলেও স্থানীয় গবর্ণমেন্ট সেই রেলওয়ে কোম্পানিকে সেই দুর্ঘটনার রিটর্ণ প্রস্তুত করিয়া দিতে আজ্ঞা ও আদেশ করিতে পারিবেন। সাধারণ লোকদের নিরাশঙ্কার অভিপ্রায়ে গবর্ণমেন্ট যে পাঠ কি যে নিয়ম আবশ্যক জ্ঞান করেন কি তাঁহাদের জ্ঞাতার্থে আদেশ করেন, সেই পাঠে [illegible] নিয়মমতে ঐ রিটর্ণ প্রস্তুত হইবে ইতি।

[রেলওয়ে কোম্পানির বাণিজ্যের ও ভাড়ার রিটর্ণ দিবার কথা।]

৪৪ ধারা। প্রত্যেক রেলওয়েদ্বারা যে ব্যক্তিরা গমন করে, ভিন্ন২ শ্রেণীমতে তাহাদের মোট সংখ্যার এবং গোমেষাদির ও মালের মোট সংখ্যার রিপোর্ট, স্থানীয় গবর্ণমেন্ট যে পাঠানুসারে লিখিয়া সমর্পণ করিতে আজ্ঞা করেন সেই পাঠে ঐ রিপোর্ট এবং রেলওয়ে দ্বারা গমনকারি ব্যক্তিদের প্রত্যেক শ্রেণীর উপর এবং গোমেষাদির ও মালের উপর সময়ে২ যত মাসুল ও শুল্ক ও ভাড়া আদায় হয় তাহার টেবিল প্রস্তুত করিয়া দিতে স্থানবিশেষের গবর্ণমেন্ট ঐ রেলওয়ে কোম্পানিকে আজ্ঞা ও আদেশ করিতে পারিবেন। সেই প্রকারের রিটর্ণ উক্ত সকল কোম্পানির প্রতি একি প্রকারে ও একি সময়ে দিবার আদেশ হইবে। কিন্তু যদি স্থানবিশেষের গবর্ণমেন্ট পূর্ব্বোক্ত কোন কোম্পানিকে বিশেষমতে মুক্ত করেন এবং আপনাদের কার্য্যের সংক্ষেপ লিপিতে ঐ মুক্তির হেতু লেখেন, তবে সেই কোম্পানি মুক্ত হইবেন ইতি।

[রিপোর্ট না দিলে অর্থদণ্ডের কথা।]

৪৫ ধারা। গবর্ণমেন্ট যে সময়ে এই আইনের নির্দ্দিষ্ট কোন রিপোর্ট দিবার আজ্ঞা করেন, যদি তাহার পর চতুর্দ্দশ দিনের মধ্যে দেওয়া না যায়, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ঐ কোম্পানি আহূত হইতে পারিবেন, এবং সেই মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দোষ নির্ণয় হইলে ঐ রিটর্ণ সমর্পণ করিবার আজ্ঞা হইবার তারিখঅবধি চতুর্দ্দশ দিন গত হইলে পর উক্ত মাজিষ্ট্রেট যত দিন ঐ কোম্পানির সেই কর্ম্ম করিবার অননুষ্ঠান দৃষ্টি করেন, তাঁহার দিন প্রতি ঐ

tion of fourteen days from the date of such requisition, to deliver the said Return.

[Penalty for continued neglect to give notice or deliver Return.]

XLVI. If, after any conviction of any failure or omission under Section 41 or Section 45 of this Act, the Railway Company so convicted shall, without lawful excuse, the burden of proving which shall be on the said Company, neglect within seven days to give the notice or deliver the Return for the omission to give or deliver which it shall have been convicted, the said Company shall be liable to be again from time to time summoned before a Magistrate, and upon conviction of such continued neglect shall be liable to a fine not exceeding the sum of Rupees seventy-five for every day during which the neglect shall have continued from the date of the former conviction, or if more than one conviction shall take place under this Section, since the date of the last preceding conviction.

[Service of summons under Section 42, 45 or 46.]

XLVII. Any summons issued under Section 42, Section 45 or Section 46 of this Act may be served upon the said Railway Company by leaving the same at the Head Office of the said Railway Company, or by serving the same on the principal Agent or Manager of the said Railway Company in India.

PART VI.

Regulations binding on the Officers and Servants of the Company.

[Penalty for wilful act or omission endangering a passenger.]

XLVIII. Whoever, whether an Officer or servant of any such Company or not, shall wilfully do any act, or shall wilfully omit to do what he is legally bound to do, intending by such act or omission to cause, or knowing that he is thereby likely to cause the safety of any person travelling or being upon any such Railway to be endangered, shall be liable to transportation for life, or to imprisonment for any term not exceeding seven years. Whoever shall abet any such act or omission, within the meaning of Sections 107 and 108 of the Indian Penal Code, shall be punishable as if the act or omission had been contrary to the provisions of such Code.

[Penalty for wilful act or omission in a Railway Officer.]

XLIX. If any Officer or servant of such Railway Company shall wilfully do any act which he

কোম্পানির পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

[সংবাদ দিবার কি রিটর্ণ সমর্পণ করিবার নিয়ত উপেক্ষা হইলে দণ্ডের কথা।]

৪৬ ধারা। এই আইনের ৪১ কি ৪৫ ধারামতে কোন [illegible] নির কোন অনুষ্ঠান কি উপেক্ষা করণ দোষ [illegible] হইলে পর যে রিটর্ণ দিবার কি সমর্পণ করিবার উপেক্ষাপ্রযুক্ত দোষ নির্ণয় হইয়াছে তাহা উপযুক্ত হেতু না থাকিলেও যদি সাত দিনের মধ্যে দিতে উপেক্ষা করেন, তবে সেই কোম্পানিকে মাজিষ্ট্রেটের সম্মুখে সময়ে২ পুনঃপুনঃ আহ্বান করা যাইতে পারিবে এবং তদ্রূপ নিয়ত উপেক্ষা দোষ নির্ণয় হইলে ভূতপূর্ব্ব দোষ নির্ণয়ের তারিখঅবধি, কিম্বা যদি এই ধারামতে দুই কি ততোধিক বার দোষ নির্ণয় হয়, তবে শেষ বার ঐ দোষ নির্ণয়ের তারিখ অবধি যত দিন ঐরূপ উপেক্ষা করিতে থাকেন তাহার দিন প্রতি কোম্পানির ৭৫৲ টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে। ঐ কর্ম্ম না করণের যে হেতু ব্যক্ত করেন তাহা ঐ কোম্পানি সপ্রমাণ করিতে সাধ্যবান ইতি।

[৪২ কি ৪৫ কি ৪৬ ধারাক্রমে আহ্বানপত্র পর্য্যর্পণের কথা।]

৪৭ ধারা। এই আইনের ৪২ কি ৪৫ কি ৪৬ ধারাক্রমে যে কোন আহ্বানপত্র প্রচারিত হয় তাহা উক্ত রেলওয়ে কোম্পানির প্রধান কার্য্যালয়ে অর্পণ দ্বারা, কিম্বা উক্ত রেলওয়ে কোম্পানির ভারতবর্ষ নিবাসি প্রধান কর্ম্মকারককে কি কর্ম্ম সম্পাদককে প্রদান করণ দ্বারা পর্য্যর্পিত হইতে পারিবে ইতি।

---

৬ খণ্ড।

কোম্পানির কার্য্যকারকদের ও চাকরদের প্রতিপাল্য বিধান।

[ইচ্ছাপূর্ব্বক যে কর্ম্ম করণ কি অননুষ্ঠান দ্বারা চড়নদারের প্রাণাশঙ্কা হয় তাহার দণ্ডের কথা।]

৪৮ ধারা। তদ্রূপ কোন কোম্পানির কার্য্যকারক কি চাকর হইলে কি না হইলেও যে কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক কোন কর্ম্ম করণ কিম্বা আইনমতে যে কর্ম্ম করিতে বদ্ধ আছেন এমত কর্ম্ম না করণদ্বারা, উক্ত কোন রেলওয়ের উপর গমনকারি কি উপস্থিত কোন ব্যক্তির নিরাপদের সঙ্কট জন্মাইবার মনস্থ করিয়া, কিম্বা আপদ জন্মাইবার সম্ভাবনা আছে জানিয়া, ইচ্ছাপূর্ব্বক সেই কার্য্য করেন কিম্বা ইচ্ছাপূর্ব্বক সেই কর্ত্তব্য কর্ম্ম না করেন, সেই ব্যক্তি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কিম্বা সাত বৎসরের অনধিক কোন কাল পর্য্যন্ত কারাবদ্ধ হওনের যোগ্য হইবেন। যদি কোন ব্যক্তি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১০৭ ও ১০৮ ধারার অর্থমতে তদ্রূপ কোন ক্রিয়া করণের কি কর্ত্তব্য কর্ম্ম না করণের সহায়তা করেন, তবে ঐ আইনের বিধানের বিপক্ষে সেই ক্রিয়া করণ কি সেই কর্ত্তব্য না করণ মতে ঐ ব্যক্তির দণ্ড হইবে ইতি।

[রেলওয়ে কার্য্যকারকের ইচ্ছাপূর্ব্বক কোন কর্ম্ম করণ কি উপেক্ষা করণের দণ্ডের কথা।]

৪৯ ধারা। তদ্রূপ রেলওয়ে কোম্পানির কোন কার্য্যকারকের কি চাকরের প্রতি যে কর্ম্ম করিতে আইনমতে

is legally prohibited from doing, or shall wilfully or negligently omit to do what he is legally bound to do, and if in consequence of such act or omission, the safety of any person travelling or being upon such Railway shall be endangered, such Officer or servant shall be liable to imprisonment for any term not exceeding three years, or to fine, or to both.

[Penalty for drunkenness or breach of duty by Railway Officer.]

L. Any Officer or servant of such Railway Company, who shall be in a state of intoxication whilst actually employed upon the Railway, or any of the works connected therewith, in the discharge of any duty, and any Officer or servant of such Company who negligently shall omit to perform his duty, or shall perform the same in an improper manner, shall be liable to a fine not exceeding fifty Rupees; and if the duty in any of the cases in this Section above-mentioned be such that the omission or negligent performance thereof would be likely to endanger the safety of any person travelling or being upon such Railway, such Officer or servant, shall, on conviction before a Magistrate, be liable to imprisonment for a term not exceeding one year, or to fine, or to both.

[Penalty for an act not wilful.]

LI. If any person shall rashly or negligently, and without lawful excuse, do any act which shall be likely to endanger the safety of any person travelling or being upon such Railway, he shall, upon conviction before a Magistrate, be liable to imprisonment for a term not exceeding one year, or to fine, or to both. Whoever shall abet any such act within the meaning of Sections 107 and 108 of the Indian Penal Code, shall be punishable as if the act had been contrary to the provisions of such Code.

[Police Magistrate may, in certain cases, try offences punishable under Sections 50 and 51 with imprisonment.]

LII. If any person is charged before a Police Magistrate of a Presidency Town with committing any offence which, under Section 50 or Section 51 of this Act, is punishable on conviction with imprisonment, and if such Police Magistrate shall deem it probable that, in consequence of the probable departure of any material witness from the local limits of the jurisdiction of such Magistrate the prosecution of such offender in the High Court will be ineffectual, such Magistrate may try the offender, and on conviction may award a sentence not exceeding six months' imprisonment.

নিষেধ হইয়াছে তাহা যদি ইচ্ছাপূর্ব্বক করেন, কিম্বা আইনমতে যাহা করিতে বদ্ধ আছেন তাহা যদি ইচ্ছাপূর্ব্বক কি শৈথিল্যক্রমে না করেন, এবং যদি তাঁহার তদ্রূপ কর্ম্ম করণ কি কর্ত্তব্য কর্ম্ম না করণ প্রযুক্ত সেই রেলরোডে গমনকারি কি উপস্থিত কোন ব্যক্তির নির্বিঘ্নতার শঙ্কট হয়, তবে সেই কার্য্যকারক কি চাকর তিন বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কারাবদ্ধ হইবার কিম্বা অর্থদণ্ড দিবার কি ঐ উভয় দণ্ডের যোগ্য হইবে ইতি।

[রেলওয়ের কার্য্যকারক মাতাল হইলে কি কর্ত্তব্য কর্ম্ম না করিলে তাহার দণ্ডের কথা।]

৫০ ধারা। ঐ রেলওয়ে কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর যদি রেলওয়ের উপর কি তৎসম্পর্কীয় গৃহাদিতে কোন কর্ম্ম নির্ব্বাহ করণ কালে মত্ততাবস্থায় থাকেন, এবং যদি ঐ কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর অনবধান হেতুক আপনার কর্ত্তব্য কর্ম্ম না করেন, কিম্বা অনুচিতমতে করেন, তবে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। এবং যদি এই ধারার পূর্ব্ব লিখিত কোন গতিকে ঐ কর্ত্তব্য কর্ম্ম এমত হয় যে তাহা না করিলে কি অমনোযোগে করিলে ঐ রেলওয়ের উপর গমনকারি কি উপস্থিত কোন ব্যক্তির নির্ব্বিঘ্নতার সঙ্কটের সম্ভাবনা হয়, তবে মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে দোষ নির্ণয় হইলে ঐ কার্য্যকারকের কি চাকরের এক বৎসরের অনধিক কোন কাল পর্য্যন্ত কারাবন্ধন কি অর্থদণ্ড কি উভয় দণ্ড হইতে পারিবে ইতি।

[অনিচ্ছাধীন ক্রিয়ার দণ্ডের কথা।]

৫১ ধারা। যে কর্ম্মদ্বারা ঐ রেলরোডের উপর গমনকারি কি উপস্থিত কোন ব্যক্তির নির্ব্বিঘ্নতার সঙ্কট হইবার সম্ভাবনা, যদি কোন ব্যক্তি অবিবেচনাতে কি অমনোযোগে এবং উপযুক্ত হেতু না থাকিলেও তদ্রূপ কোন কার্য্য করেন, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দোষ নির্ণয় হইলে তাঁহার এক বৎসরের অনধিক কোন কাল পর্য্যন্ত কারাবন্ধন কি অর্থদণ্ড কি উভয় দণ্ড হইতে পারিবে। যদি কোন ব্যক্তি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১০৭ ও ১০৮ ধারার অর্থক্রমে তদ্রূপ কোন ক্রিয়ার সহায়তা করেন, তবে সেই কর্ম্ম ঐ আইনের বিধানের বিপক্ষ হওনমতে তাহার দণ্ড হইতে পারিবে ইতি।

[যে২ অপরাধের নিমিত্তে ৫০ ও ৫১ ধারামতে কারাবন্ধন দণ্ড হইতে পারে কোন২ স্থলে পোলীসের মাজিষ্ট্রেটকর্ত্তৃক সেই২ অপরাধের বিচার হইবার কথা।]

৫২ ধারা। যে অপরাধ সপ্রমাণ হইলে এই আইনের ৫০ কি ৫১ ধারামতে কারাদণ্ড হইতে পারে, যদি কোন রাজধানীর পোলীসের মাজিষ্ট্রেটের নিকটে কোন ব্যক্তির নামে তদ্রূপ কোন অপরাধ করিবার অভিযোগ হয়, এবং যদি সেই পোলীসের মাজিষ্ট্রেট বোধ করেন যে আপনার বিচারাধিপত্যের সীমাবর্ত্তি স্থান হইতে কোন গুরুতর সাক্ষির প্রস্থান করিবার সম্ভাবনা হেতুক হাই কোর্টে ঐ অপরাধির অভিযোগ করা ব্যর্থ হইবে, তবে সেই মাজিষ্ট্রেট সেই অপরাধির বিচার করিয়া দোষ নির্ণয়পূর্ব্বক ছয় মাসের অনধিক কাল কারারুদ্ধের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২০ ফেব্রুআরি।]

[Extent of jurisdiction.]

LIII. The jurisdiction given to Police Magistrates under the last preceding Section may be exercised, whether the offence shall be charged to have been committed within the local limits of the jurisdiction of such Magistrates or not, and any person hereby made punishable by a Police Magistrate shall be punishable upon summary conviction, but such jurisdiction shall only be exercised if the witnesses necessary for the prosecution of the offender are to be found within the local limits of the jurisdiction of the Police Magistrate before whom the offender is charged.

[Rule of construction of this Act.]

LIV. In the construction of this Act every Officer and servant of such Railway Company shall be deemed to be legally bound to do every thing necessary for, or conducive to the safety of the public, which he shall be required to do by any regulation which shall be made by the Company, and allowed by the Governor General of India in Council, and of which regulation such Officer or servant shall have notice; and every such Officer and servant shall be deemed to be legally prohibited from doing every act which shall be likely to cause danger, and which by any such regulation he shall be prohibited from doing; and every person employed by or on behalf of such Railway Company to do any act upon the Railway shall be deemed to be a servant of the Company.

[All Railway servants to be deemed public servants within meaning of Sections 161 to 165 of Penal Code.]

LV. Every Officer and servant of any such Railway Company shall be deemed a "public servant" within the meaning of Sections 161, 162, 163, 164 and 165 of the Indian Penal Code.

[Apprehension of offenders.]

LVI. Every person who shall be guilty of any offence mentioned in Sections 48, 49, 50, and 51 of this Act may be lawfully apprehended, without any warrant or written authority, by any Officer or servant of the Company, or by any other person whom such Officer or servant shall call to his aid, or by any Police Officer of such grade as shall by any law in force for the time being be entrusted in any case with the power of arrest without a warrant; and every person so apprehended shall, with all convenient despatch, be carried and conveyed before a Magistrate or Justice of Peace, or other Officer lawfully authorized to punish the offender or to commit him for trial.

[বিচারাধিপত্যের ব্যাপকতার কথা।]

৫৩ ধারা। যে অপরাধের অভিযোগ হয়, তাহা পোলীসের মাজিষ্ট্রেটদিগের বিচারাধিপত্যের সীমাবর্ত্তি স্থানের মধ্যে করা গেলে কি না গেলেও, ইহার পূর্ব্বধারামতে ঐ মাজিষ্ট্রেটদিগকে যে ক্ষমতা দেওয়া গেল তাঁহারা তদনুসারে কার্য্য করিতে পারিবেন। এবং এই আইনক্রমে যে কোন ব্যক্তি পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে দণ্ডনীয় হন, স্থূলমতে দোষ নির্ণয় হইলে পর সেই ব্যক্তি দণ্ডনীয় হইবেন। কিন্তু পোলীসের যে মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধির নামে অভিযোগ হয় যদি সেই মাজিষ্ট্রেটের বিচারাধিপত্যের সীমাবর্ত্তি স্থানের মধ্যে সেই অপরাধির দোষ নির্ণয়ার্থ প্রয়োজনীয় সাক্ষিদিগকে পাওয়া যায়, তবেই ঐ মাজিষ্ট্রেট সাহেব উক্ত ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন নতুবা নহে ইতি।

[এই আইনের অর্থ করণের বিধি।]

৫৪ ধারা। এই আইনের অর্থ করণেতে রেলওয়ে কোম্পানির কৃত এবং মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত যে কোন বিধি ঐ কোম্পানির কার্য্যকারক কি চাকর অবগত থাকেন, সেই বিধিক্রমে ঐ কার্য্যকারক কি চাকর সাধারণ লোকদের নিরাপদের আবশ্যক কি নিরাপদ জন্য যে সকল কার্য্য করিতে আদিষ্ট হন, তাহা আইনমতে করিতে বদ্ধ এমত জ্ঞান হইবে। এবং যদ্দ্বারা শঙ্কট ঘটিবার সম্ভাবনা এমত যে কোন কার্য্য করিতে উক্ত বিধান ক্রমে নিষেধ হইয়াছে উক্ত কার্য্যকারক ও চাকর সেই কর্ম্ম করণ হইতে আইনমতে নিষিদ্ধ হইয়াছেন জ্ঞান হইবে। এবং যে কোন ব্যক্তি কোন রেলওয়ে কোম্পানি দ্বারা কি তৎপক্ষে ঐ রেলওয়ের উপর কোন কর্ম্ম সম্পাদন করিতে নিযুক্ত হন তিনি ঐ কোম্পানির চাকর জ্ঞান হইবেন ইতি।

[রেলওয়ের সকল কর্ম্মকারক দণ্ডবিধির আইনের ১৬১ অবধি ১৬৫ পর্য্যন্ত সমস্ত ধারার অর্থগত রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবার কথা।]

৫৫ ধারা। তদ্রূপ কোন রেলওয়ে কোম্পানির প্রত্যেক কার্য্যকারক ও পরিচারক ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৬১, ১৬২, ১৬৩, ১৬৪, ও ১৬৫ ধারার অর্থগত রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবেন ইতি।

[অপরাধিদের ধৃত করণের কথা।]

৫৬ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের ৪৮, ৪৯, ৫০ ও ৫১ ধারার লিখিত কোন অপরাধের দোষী হন, তবে কোন আজ্ঞাপত্র কি লিখিত ক্ষমতাপত্র বিনা কোম্পানির কোন কার্য্যকারক কি পরিচারকের দ্বারা, কিম্বা সেই কার্য্যকারক কি পরিচারক আপনার সাহায্যার্থে অন্য যে কোন ব্যক্তিকে আহ্বান করেন তাঁহার দ্বারা, কিম্বা পোলীসের যে শ্রেণীর কর্ম্মকারক কোন স্থলে তৎকালের প্রচলিত কোন আইনক্রমে পরওয়ানাবিনা ব্যক্তিকে আসেধ করিবার ক্ষমতাপন্ন হন, পোলীসের এমত কোন কার্য্যকারকদ্বারা সেই অপরাধিকে ধরা যাইতে পারিবে। এবং তদ্রূপে ধৃত প্রত্যেক ব্যক্তি সুবিধামতে ত্বরায় মাজিষ্ট্রেটের কি শান্তিরক্ষার্থ জুষ্টিসের সম্মুখে কিম্বা অন্য যে কর্ম্মকারক আইনমতে অপরাধির দণ্ড করিতে কিম্বা বিচারার্থে তাহাকে সমর্পণ করিতে ক্ষমতাপন্ন হন তাঁহারই সম্মুখে নীত ও চালিত হইবেন ইতি।

[Notice of accidents to be given to Police. Penalty for default.]

LVII. Within twelve hours after the occurrence upon the Railway or in or upon any of the stations, sheds, sidings, carriages or other property belonging to such Company, of any death or accident, act or omission causing or likely to cause serious personal injury or serious loss of or injury to goods carried thereon, the Station Master at the station nearest to the place of the occurrence shall give notice thereof in writing to the District Superintendent of Police and the Police Station nearest to such place; and if any Station Master shall wilfully omit to give such notice, he shall be liable to a fine of fifty Rupees for every day during which the omission to give the same shall continue.]

[Penalty on Officer of Company making false Return.]

LVIII. Every Officer of any Railway Company who shall wilfully make any false Return required under this Act to the Local Government shall be liable to imprisonment for any term not exceeding three years, or to fine, or to both.

[*To be continued.*]

The following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 9th February 1866, and was referred to a Select Committee, with instructions to make their report thereon in a fortnight:—

No. 2 of 1866.

A Bill further to amend the Schedule annexed to the Code of Criminal Procedure.

[Preamble.]

Whereas it is expedient further to amend the Schedule annexed to the Code of Criminal Procedure; It is enacted as follows:

[Amendment of Schedule as regards Sections 277 and 278 of the Indian Penal Code.]

I. In lieu of the word "ditto" in the parts of column 7 of the said Schedule respectively referring to Sections 277 and 278 of the Indian Penal Code, there shall be read the words "Any Magistrate."

[Amendment of Schedule as regards Section 325 of the Indian Penal Code.]

II. In lieu of the words "Court of Session" in the part of such column referring to Section

[পোলীসকে দুর্ঘটনার সংবাদ দিবার কথা ও না দিবার দণ্ডের কথা।]

৫৭ ধারা। পূর্ব্বোক্ত কোম্পানির রেলওয়ের উপর কিম্বা কোন ষ্টেশনের কি পথের পার্শ্বস্থ ঘরের কি পার্শ্ব পথের কি গাড়ির কি অন্য সম্পত্তির মধ্যে কি তদুপরি যদি কোন ব্যক্তির মৃত্যু কি কোন দুর্ঘটনা হয় কিম্বা যে ক্রিয়া করণ কি কর্ত্তব্য যে কর্ম্ম না করণদ্বারা কোন ব্যক্তির শরীরের গুরুতর আঘাত কিম্বা ঐ রেলরোড প্রভৃতির দ্বারা চালিত মালের গুরুতর ক্ষতি কি হানি হয়, কি হইবার সম্ভাবনা হয় যদি এমত কোন ক্রিয়া করা কি কর্ত্তব্যকর্ম্ম না করা যায়, তবে সেই ব্যাপার যে স্থানে হইয়াছে তাহার নিকটস্থ ষ্টেশনের ষ্টেশন মাষ্টর সেই ব্যাপারের পর বারো ঘণ্টার মধ্যে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে এবং ঐ স্থানের নিকটস্থ পোলীস থানায় পত্র লিখিয়া ঐ ব্যাপারের সংবাদ দিবেন। যদি কোন ষ্টেশন মাষ্টর ইচ্ছাপূর্ব্বক ঐ সংবাদ দিতে উপেক্ষা করেন, তবে তিনি যত দিন তদ্রূপ সংবাদ দিবার উপেক্ষা করিতে থাকেন তাহার দিনপ্রতি তাঁহার ৫০৲ টাকা অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[কোম্পানির কার্য্যকারক অযথার্থ রিটর্ণ দিলে দণ্ডের কথা।]

৫৮ ধারা। এই আইনে যে রিটর্ণ দিবার আজ্ঞা হইল কোন রেলওয়ে কোম্পানির কোন কার্য্যকারক যদি তাহা করণের আভাসে স্থানীয় গবর্ণমেন্টের নিকটে ইচ্ছাপূর্ব্বক অসত্য রিপোর্ট দেন, তবে তাহার তিন বৎসরের অনধিক কোন কালের নিমিত্তে কারাবন্ধন কিম্বা অর্থদণ্ড কিম্বা ঐ উভয় দণ্ড হইতে পারিবে ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

আইনের পশ্চাৎ লিখিত পাণ্ডুলিপি ১৮৬৬ সালের ৯ ফেব্রুআরি তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রি সভায় উপস্থিত করা গেলে মনোনীত কমিটীর প্রতি অর্পিত হয়। তাঁহাদের প্রতি দুই সপ্তাহের মধ্যে তদ্বিষয়ে রিপোর্ট করিবার আদেশ হইয়াছে।

১৮৬৬ সালের ২ নম্বর।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের তফসীলের অধিকতর সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ফৌজদারী মোকদ্দমার কার্যবিধানের আইন সংশ্লিষ্ট তফসীলের অধিকতর সংশোধন করা বিহিত। এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান করা যাইতেছে।

[ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২৭৭ ও ২৭৮ ধারা সম্পর্কে তফসীল সংশোধন করিবার কথা।]

১ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২৭৭ ও ২৭৮ ধারা সম্পর্কে উক্ত তফসীলের ৭ ঘরে "ঐ" যে শব্দ আছে তৎপরিবর্ত্তে "কোন মাজিষ্ট্রেট" এই কথা পাঠ করিতে হইবে ইতি।

[ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩২৫ ধারা সম্পর্কে ঐ তফসীল সংশোধন করিবার কথা।]

২ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩২৫ ধারা সম্পর্কে তফসীলের ৭ ঘরে "সেশন আদালত"

325 of the Indian Penal Code, there shall be read the words "Any Magistrate."

[Amendment of Schedule as regards Section 380 of the Indian Penal Code.]

III. In lieu of the word "ditto" in the part of the said Schedule referring to Section 380 of the Indian Penal Code, there shall be read the words "Court of Session or any Magistrate."

[Nothing in this Act to alter effect of the rest of the Schedule.]

IV. Nothing herein contained shall be taken to alter the effect of any other part of the said Schedule immediately before the passing of this Act.

[This Act to be read with the Code of Criminal Procedure.]

V. This Act shall be read with and taking as part of the Code of Criminal Procedure.

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE object of this Bill is to enable any Magistrate to try the following offences:—

Defiling the water of a public spring or reservoir:

Making the atmosphere noxious to health:

Voluntarily causing grievous hurt; and

Theft in a building, tent or vessel.

The reasons of the proposed change are these: *first*, as the law now stands, the time of the higher tribunals is needlessly taken up in trying cases which might well be dealt with by the lower grades of Magistrates; and, *secondly*, these offences being now often necessarily triable at a great distance from the place of their commission, the prosecutor and his witnesses are exposed to the hardship of a long journey, or the offence is hushed up to prevent that hardship.

H. S. MAINE.

The 30th January 1866.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept., (Legislative.)

[*Government Gazette*, *20th February* 1866.]

এই কথার পরিবর্ত্তে "কোন মাজিষ্ট্রেট" এই কথা পাঠ করিতে হইবে।

[ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩৮০ ধারা সম্পর্কে ঐ তফসীল সংশোধন করিবার কথা।]

৩ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩৮০ ধারা সম্পর্কে উক্ত তফসীলের ৭ ঘরে "ঐ" যে শব্দ আছে তৎপরিবর্ত্তে "সেশন আদালত কি কোন মাজিষ্ট্রেট" এই কথা পাঠ করিতে হইবে ইতি।

[এই আইনের কথাতে ঐ তফসীলের অন্য অংশের ফলের ব্যতিক্রম না হইবার কথা।]

৪ ধারা। এই আইন প্রচলিত হওনের অব্যবহিত পূর্ব্বে ঐ তফসীলের অন্য কোন অংশের ফল এই আইনের কোন কথাতে নিবর্ত্ত হইবে না ইতি।

[ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের সঙ্গে এই আইন পাঠ করিবার কথা।]

৫ ধারা। এই আইন ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের সঙ্গে পাঠ হইয়া তাহার অংশ জ্ঞান হইবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

সাধারণের ব্যবহার্য্য উন্দুইর কি জলাশয়ের জল নষ্ট করণ।

বায়ু পীড়াজনক করণ।

ইচ্ছাপূর্ব্বক গুরুতর পীড়া জন্মান এবং

বসতি বাটীতে কি তাম্বুতে কি নৌকাদিতে চৌর্য্য

এই সকল অপরাধের বিচার কোন মাজিষ্ট্রেট কর্ত্তৃক হইতে পারে, এই পাণ্ডুলিপির এই উদ্দেশ্য।

পরিবর্ত্তনের প্রস্তাবের হেতু এই। অধঃস্থ শ্রেণীর মাজিষ্ট্রেটেরা যেং মোকদ্দমার বিচার উত্তমরূপে করিতে পারেন, আইনের বর্ত্তমান বিধিমতে সেইং মোকদ্দমার বিচার কার্য্যে উপরিস্থ আদালতের বৃথা সময় হরণ হয়। দ্বিতীয়, অপরাধ যে স্থানে করা যায় এইক্ষণে অনেকবার তথাহইতে দূরতর স্থানে তাহার বিচার হয়, এই হেতুক বাদির ও তৎপক্ষ সাক্ষিরদের অনেক কষ্টে অতিদূর যাইতে হয়, নতুবা সেই কষ্ট উত্তীর্ণ হইবার উপায় মৌনাবলম্বনমাত্র।

এচ এস মেন।

১৮৬৬ সাল ৩০ জানুআরি।

উইটলি ষ্টোকস।
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

THE following *Bill* was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 9th February 1866, and was refered to a Select Committee, with instructions to make their report thereon in a fortnight:—

No. 3 OF 1866.

A Bill to continue Act No. XXXI. of 1860 *(relating to the manufacture, importation and sale of arms and ammunition, and for regulating the right to keep and use the same, and to give power of disarming in certain cases) and for other purposes.*

[Preamble.]

Whereas Act No. XXXI of 1860 as continued by Act No. VI of 1865 will expire on the first day of October 1866; and whereas it is expedient to continue the said Act No. XXXI of 1860; and whereas it is desirable to render the license mentioned in the 26th and other Sections of the same Act grantable upon conditions; It is enacted as follows:—

[Repeal of Act No. VI of 1865 and of part of Section 55 of Act No. XXXI of 1860. Rest of Act No. XXXI of 1860 continued.]

I. Act No. VI of 1865 and the second Clause of Section 55 of Act No. XXXI of 1860 are hereby repealed; but the rest of such Act shall continue in force from the passing of this Act until the Governor General of India in Council shall by an order published in the *Gazette of India* declare otherwise.

[Licenses to bear arms may be granted on conditions.]

II. The license mentioned in Sections 26, 28, 29 and 30 of the said Act No. XXXI of 1860 may be granted by the Magistrate or other person specially authorized to grant the same, subject to such conditions, if any, as such Magistrate or other person shall think fit; and on breach of any such conditions or failure to comply therewith, such license shall thereupon be null and void.

[Short title.]

III. This Act may be cited as "The Arms' Act continuance Act, 1866."

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE object of this Bill is to continue Act XXXI of 1860, commonly known as the Arms' Act. An enquiry has been instituted throughout India as to the operation of the Act: the result is that, in the opinion of the Local Governments, the Act has worked excellently, that it has mitigated the

আইনের পশ্চাৎ লিখিত পাণ্ডুলিপি ১৮৬৬ সালের ৯ ফেব্রুআরি তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রি সভায় উপস্থিত করা গেলে মনোনীত কমিটীর প্রতি অর্পিত হয়। তাহাদের প্রতি দুই সপ্তাহের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আদেশ হইয়াছে।

১৮৬৬ সালের ৩ নম্বর।

১৮৬০ সালের ৩১ আইন (অর্থাৎ অস্ত্রশস্ত্র ও বারুদাদি তৈয়ার ও আমদানী ও বিক্রয় করিবার ও তাহা রাখিবার ও ব্যবহার করিবার বিধান করিবার ও কোন২ গতিকে অস্ত্রাদি হরণ করিবার ক্ষমতা দেওনের আইন) প্রবল রাখিবার ও অন্য২ অভিপ্রায়ের আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

১৮৬৫ সালের ৬ আইনক্রমে ১৮৬০ সালের ৩১ আইন অধিক যত কালের নিমিত্তে প্রবল করা গিয়াছিল, সেই কাল ১৮৬৬ সালের অক্টোবর মাসের ১ তারিখে অতীত হইবে। কিন্তু ১৮৬০ সালের সেই ৩১ আইন অধিককাল বলবৎ রাখা বিহিত। এবং ঐ আইনের ২৬ ও অন্য২ ধারাতে যে অনুমতিপত্রের কথা ব্যক্ত হইয়াছে, সেই অনুমতিপত্র নিয়মাধীনে দান করা বাঞ্ছনীয়, এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান করা যাইতেছে।

[১৮৬৫ সালের ৬ আইন এবং ১৮৬০ সালের ৩১ আইনের ৫৫ ধারার একাংশ রহিত হওনের ও ১৮৬০ সালের ৩১ আইনের অবশিষ্টাংশ প্রবল রাখিবার কথা।]

১ ধারা। এই ধারাক্রমে ১৮৬৫ সালের ৬ আইন এবং ১৮৬০ সালের ৩১ আইনের ৫৫ ধারার ২ প্রকরণ রহিত করা গেল। কিন্তু এই আইন প্রচলিত হওনের কালাবধি মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে আজ্ঞা প্রকাশ করণপূর্ব্বক যত কাল প্রকারান্তরের নির্দ্ধারণ না করেন, তত কাল পর্য্যন্ত ঐ আইনের অন্য সকল অংশ প্রবল থাকিবে ইতি।

[অস্ত্রবহনের অনুমতিপত্র নিয়মাধীনে প্রদান হইবার কথা।]

২ ধারা। মাজিষ্ট্রেট সাহেব কিম্বা ১৮৬০ সালের ৩১ আইনমতে অনুমতিপত্র প্রদান করিবার বিশেষ ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি যে২ নিয়ম অবধারণ করা উচিত বোধ করেন সেই২ নিয়মানুসারে ঐ আইনের ২৬ ও ২৮ ও ২৯ ও ৩০ ধারার লিখিত অনুমতিপত্র দিতে পারিবেন। তদ্রূপ কোন নিয়ম ভঙ্গ হইলে, কিম্বা তদনুসারে কার্য্য হইবার ত্রুটি হইলে, সেই অনুমতিপত্র ব্যর্থ ও অসিদ্ধ হইবে ইতি।

[সংক্ষেপ নাম।]

৩ ধারা। এই আইন "অস্ত্রশস্ত্রের আইন প্রবল রাখিবার ১৮৬৬ সালের আইন" নামে উল্লিখিত হইতে পারিবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

অস্ত্রশস্ত্রের আইন নামে যাহা সামান্যতঃ খ্যাত হয় ১৮৬০ সালের সেই ৩১ আইন প্রবল রাখা এই পাণ্ডুলিপির অভিপ্রায়, কার্য্যপক্ষে সেই আইনের যে ফল হইয়াছে ভারতবর্ষের সমুদয়াংশে তদ্বিষয়ক অনুসন্ধান করা গিয়াছে। ফলতঃ স্থান বিশেষের নানা গবর্ণমেণ্টের বিবেচনায় সেই আইনক্রমে বিলক্ষণরূপে কার্য্য

character of crime over a great part of India, and that no Europeans and no Natives of approved loyalty have been disarmed under the Act. There is, however, some evidence that the disarming of the country has encouraged the multiplication of wild animals: the Bill therefore enables the Local Officers to make licenses to carry arms dependent on the performance of a condition. The conditions annexed may be such as to render it possible to issue licenses more freely than heretofore.

The Bill does not propose to perpetuate the existing Act, but merely to continue it until the Governor General in Council shall otherwise order.

H. S. MAINE.

The 2nd February 1866.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept., (Legislative.)

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1037.

APPOINTMENTS.

The 5th February 1866.

Major H. S. Bivar to be a Municipal Commissioner for the Town of Gowhatty.

Mr. T. E. Coxhead to officiate, temporarily, as an Assistant Commissioner at Darjeeling, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that Territory.

Subject to the sanction of the Government of India, Baboo Kedar Nauth Dutt is appointed to the Sixth Grade of the Subordinate Executive Service, and to be Special Deputy Registrar of Assurances, under Act XVI. of 1864, in Sarun. Baboo Kedar Nauth Dutt is also appointed to be a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, and is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

The 6th February 1866.

Mr. E. J. Barton to officiate, temporarily, as Magistrate and Collector of Cuttack, until the arrival of Mr. W. Cornell, or until further orders.

Mr. G. K. Webster, Assistant Magistrate and Collector, to have temporary charge of the Sub-Division of Khoordah.

হইয়াছে। তদ্দ্বারা ভারতবর্ষের অনেক স্থানে প্রচণ্ড অপরাধের লাঘব হইয়াছে, এবং ইউরোপীয় কি দেশীয় যে ব্যক্তির রাজভক্তি প্রশস্ত এমত ব্যক্তির অস্ত্রশস্ত্র হরণ করা যায় নাই। কিন্তু দেশীয় লোকেরদের অস্ত্রাদি ব্যবহার না করণের বিধি হওয়াতে বন্যপশুর সংখ্যাবৃদ্ধি হইয়াছে এমত প্রমাণ আছে। এহেতুক এই পাণ্ডুলিপিতে নিয়মসাধনের প্রতিআক্রমে অস্ত্র বহনের অনুমতিপত্র দান করিতে স্থানীয় কার্য্যকারকদের প্রতি ক্ষমতা প্রদান হইয়াছে। যে নিয়মের প্রয়োগ হইতে পারে তদ্বিবেচনায় অনুমতিপত্র পূর্ব্বাপেক্ষা অবাধিতরূপে দেওয়া যাইতে পারিবে।

বর্ত্তমান আইন চিরকাল স্থায়ি হয় এই পাণ্ডুলিপির এমন অভিপ্রায় নয়। কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যতকাল প্রকারান্তরের আজ্ঞা না করেন ততকাল পর্য্যন্ত তাহা প্রচলিত রাখা অভিপ্রায়।

এচ এস মেন।

১৮৬৬ সাল ২ ফেব্রুআরি।

উইটলি স্টোক্‌স।
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিস্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১০৩৭ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ৫ ফেব্রুআরি।

মেজর শ্রীযুত এচ এস বিবর সাহেব গৌহাটী শহরে মুনিসিপল কমিসনর হইবেন।

শ্রীযুত টি ই কক্সহেড সাহেব কিয়ৎকালের নিমিত্তে দার্জ্জিলিঙ্গে আসিস্টাণ্ট কমিসনরের কর্ম্ম করিবেন। ও সেই প্রদেশে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে শ্রীযুত বাবু কেদারনাথ দত্ত অধঃস্থ বিচার কর্ত্তৃত্ব কার্য্যের ষষ্ঠ শ্রেণীতে নিযুক্ত হইয়াছেন, এবং সারণে ১৮৬৪ সালের ১৬ আইনমতে নিদর্শপত্রাদির বিশেষ ডেপুটী রেজিষ্ট্রার হইবেন। আরো তিনি ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন, ও ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ৬ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ কর্ণেল সাহেব যত কাল না পঁহুছেন অথবা অন্য আজ্ঞা না হয় তত কাল শ্রীযুত ই জে বার্টন সাহেব কিয়ৎকালের নিমিত্তে কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি কে ওয়েবষ্টর সাহেব কিয়ৎকালের নিমিত্তে খুর্দ্দহ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

Mr. T. F. Bignold to officiate as Joint-Magistrate and Deputy Collector of Patna, during the absence, on deputation, of Mr. E. D. Lockwood, or until further orders.

The 7th February 1866.

Lalla Faqueer Chand Lall, Deputy Magistrate and Deputy Collector, to have temporary charge of the Sub-Division of Nowadah, and to exercise the powers of a Magistrate in Gya.

Baboo Anund Chunder Banerjee to be a Member of the Local Committee of Public Instruction at Beauleah.

The following gentlemen to be Members of the Charitable Dispensary Committee at Tipperah, *viz.*:—

Mr. M. Lecolier.
„ J. P. Delanney.
Moulvie Anwar Allee Khan.
Baboo Ram Manic Burmon.
„ Gobind Chunder Bose.
„ Gresh Chunder Banerjee.

Baboo Omollo Churn Mullick to officiate, temporarily, as an Extra Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, and to be employed under the Board of Revenue on the duty of taking up lands between the Raneegunge and Lukheserai Stations of the East Indian Railway.

The 8th February 1866.

Mr. G. S. Fagan to be First Judge of the Calcutta Court of Small Causes.

Mr. W. Marshall to be Assistant Secretary to the Government of Bengal in the Legislative Department.

Mr. P. Bonnaud to officiate as Deputy Collector of Customs, during the absence, on leave, of Mr. J. P. Grant, or until further orders.

Mr. T. Dickson to officiate as Assistant Collector of Customs.

The 9th February 1866.

Captain A. E. Campbell to officiate as Deputy Commissioner of Gowalparah, during the absence, on leave, of Captain B. W. D. Morton, or until further orders.

Mr. W. F. McDonell to officiate as Civil and Sessions Judge of Nuddea, during the absence, on leave, of Mr. A. R. Thompson, or until further orders.

Mr. F. M. Halliday to officiate as Magistrate and Collector of Chumparun.

Mr. A. C. Mangles to officiate as Joint-Magistrate and Deputy Collector of Tirhoot.

Mr. A. T. Maclean to officiate as Magistrate and Collector of Noacolly, during the absence, on

শ্রীযুত ই ডি লকউড সাহেবের রাজকীয় কর্ম্মোপলক্ষে গমনজন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত টি এফ বিগনলড সাহেব পাটনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ৭ ফেব্রুআরি।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত লালা ফকীরচাঁদ লাল কিয়ৎকালের নিমিত্তে নবদহ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন এবং গয়াতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু আনন্দচন্দ্র বন্দ্যোপাধ্যায় বোয়ালিয়ার সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা ত্রিপুরায় দাতব্য ঔষধালয় কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত এম লিকলিয়র সাহেব।
„ জে, পি, ডিলানি সাহেব।
„ মৌলবী আনওয়ার আলী খাঁ।
„ বাবু রামমাণিক বর্ম্মন্।
„ বাবু গোবিন্দচন্দ্র বসু।
„ বাবু গিরীশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

শ্রীযুত বাবু অমূল্যচরণ মল্লিক কিয়ৎকালের নিমিত্তে ১৮৪৩ সালের ১৫ আইনমতে অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন এবং ইষ্টইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির রাণীগঞ্জ ও লক্ষ্মীসরাই ষ্টেশনের মধ্যে ভূমি গ্রহণের কার্য্যে রেবিনিউ বোর্ডের অধীনে নিযুক্ত হইবেন।

১৮৬৬ সাল ৮ ফেব্রুআরি।

শ্রীযুত জি এস ফেগান সাহেব কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রথম জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ মার্শেল সাহেব ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী হইবেন।

শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত পি বনড সাহেব কষ্টমের ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত টি ডিক্সন সাহেব কষ্টমের আসিষ্টাণ্ট কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ৯ ফেব্রুআরি।

কাপ্তান শ্রীযুত বি ডবলিউ ডি মর্টন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কাপ্তান শ্রীযুত এ ই কাম্বেল সাহেব গোয়ালপাড়ার ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ আর টামসন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেব নদীয়ার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ এম হালিডে সাহেব চম্পারণের মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ সি মাঙ্গেলস্ সাহেব ত্রিহুতের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি এ পেপর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ টি

leave, of Mr. G. A. Pepper, or until further orders.

The 10th February 1866.

Mr. J. Westland to officiate as Deputy Commissioner of Maunbhoom, during the absence, on leave, of Lieutenant R. C. Money, or until further orders.

Lieutenant G. D. Reid to officiate as an Assistant Commissioner in Assam.

The 12th February 1866.

Mr. G. G. Morris to be a Magistrate and Collector of the First Grade in Furreedpore.

The 13th February 1866.

Mr. T. F. W. Smith to officiate, until further orders, as Joint-Magistrate and Deputy Collector of Mymensing.

LEAVE OF ABSENCE.

The 5th February 1866.

Mr. W. H. Henderson, Magistrate and Collector of Backergunge, is allowed leave of absence from the 23rd instant to the 23rd proximo, preparatory to proceeding to Europe on furlough. This cancels the remaining portion of the privilege leave granted to him under orders of the 22nd December last.

Mr. J. A. Graham, Assistant Commissioner of Darjeeling, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Baboo Oma Churn Mitter, Sub-Assistant Surgeon, late in charge of the Customs Department at Hansie, for two months, from the 28th December last, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

The 8th February 1866.

Mr. J. P. Grant, Deputy Collector of Customs, Calcutta, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Moulvy Waheedooddeen, Judge of the Small Cause Courts of Bhaugulpore and Monghyr, for ten days, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Baboo Gopee Kissen Banerjee, Sudder Ameen of Rungpore, for twenty-three days, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted under orders of the 22nd November last.

Mr. F. Adams, District Superintendent of Police, Midnapore, is allowed an extension of leave from the 19th to the 26th ultimo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

The 9th February 1866.

Captain B. W. D. Morton, Deputy Commissioner of Gowalparah, for six months, under the Financial Resolution dated 22nd February 1856.

[*Government Gazette*, 20*th February* 1866.]

মাকুলীন সাহেব নওয়াখালীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১০ ফেব্রুআরি।

লেপ্টেনেন্ট শ্রীযুত আর সি মনি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে ওয়েষ্টলণ্ড সাহেব মানভূমের ডেপুটী কমিসানরের কর্ম্ম করিবেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত জি ডি রীড সাহেব আসামে আসিষ্টাণ্ট কমিসানরের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১২ ফেব্রুআরি।

শ্রীযুত জি জি মরিস্ সাহেব ফরিদপুরে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

১৮৬৬ সাল ১৩ ফেব্রুআরি।

শ্রীযুত টি এফ ডবলিউ স্মিথ সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ময়মনসিংহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ৫ ফেব্রুআরি।

বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডরসন সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থে প্রস্তুত হইবার নিমিত্তে এই মাসের ২৩ তারিখঅবধি আগামি মাসের ২৩ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন, অতএব গত ডিসেম্বর মাসের ২২ তারিখের আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহার অবশিষ্টাংশ ইহাতে রহিত হইল।

দার্জ্জিলিঙ্গের আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত জে এ গ্রেহাম সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

হাঁন্সির ভূতপূর্ব্ব কষ্টমস্ ডিপার্টমেণ্টের কর্ম্মের ভারপ্রাপ্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু উমাচরণ মিত্র অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত ডিসেম্বর মাসের ২৮ তারিখ-অবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ৮ ফেব্রুআরি।

কলিকাতার কষ্টমের ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

ভাগলপুর ও মুঙ্গেরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত মৌলবী ওয়াহীদুদ্দীন যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে দশ দিনের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের সদর আমীন শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় গত নবেম্বর মাসের ২২ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তেইশ দিনের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ আডামস্ সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে গত মাসের ১৯ অবধি ২৬ তারিখ পর্য্যন্ত অধিক ছুটী গ্রহণের অনুমতি পাইয়াছেন।

১৮৬৬ সাল ৯ ফেব্রুআরি।

গোয়ালপাড়ার ডেপুটী কমিসানর কাপ্তান শ্রীযুত বি, ডবলিউ, ডি, মর্টন সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নিদ্ধারণমতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

Mr. F. A. Dawson, Assistant Superintendent of Police, Bhaugulpore, for one month, from the 18th instant, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

The 10th February 1866.

Lieutenant R. C. Money, Deputy Commissioner of Maunbhoom, for one month, on private affairs, under the Financial Resolution dated 22nd February 1856, in extension of the leave granted to him under orders of the 26th ultimo.

NOTIFICATIONS.

The 7th February 1866.

The leave on medical certificate granted to Mr. J. Chapman, Assistant Superintendent of Police, Rajshahye, under orders of the 27th ultimo, will have effect from the 6th idem, the day on which he left his station. This cancels the privilege leave granted to him under orders of the 18th ultimo.

Mr. W. Davis, Registrar of Cargo Boats, having returned to his duties on the 5th instant, the unexpired portion of the privilege leave granted to him on the 2nd ultimo is cancelled.

Mr. C. G. Campbell, Assistant Superintendent of Police, Howrah, having returned to his duties on the 1st instant, the unexpired portion of the leave granted to him under orders of the 13th December last is cancelled.

Mr. A. Weekes, Assistant Commissioner of Maunbhoom, having reported his departure by the Steamer *Meinam* on the 3rd instant, after having enjoyed only three out of the sixteen days' preparatory leave granted to him under orders of the 29th ultimo, the unexpired portion of that leave is cancelled.

The 8th February 1866.

The services of Mr. C. Boulnois, Judge of the Calcutta Court of Small Causes, are placed at the disposal of the Government of India in the Home Department.

The services of the Reverend F. C. Viret, Chaplain of Dacca, are placed at the disposal of the Government of India in the Home Department.

The 10th February 1866.

The services of Dr. B. W. Switzer, Officiating Civil Assistant Surgeon of Jessore, are placed at the disposal of the Government of the North-Western Provinces, with effect from the date on which he may be relieved by his successor.

NOTIFICATION.

The 7th February 1866.

In continuation of the Notification of the 6th ultimo, the following Officers are declared to have passed the examination prescribed in the Govern-

ভাগলপুরের পোলীসের আসিষ্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ এ ডসন্ সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ১৮ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১০ ফেব্রুআরি।

মানভূমের ডেপুটী কমিস্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত আর সি মনি সাহেব গত মাসের ২৬ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণমতে স্বীয় প্রয়োজনের নিমিত্তে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৭ ফেব্রুআরি।

রাজশাহীর পোলীসের আসিষ্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে চাপমান সাহেব চিকিৎসকের সর্টিফিকট-ক্রমে গত মাসের ২৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা ঐ মাসের ৬ তারিখ অবধি প্রবল হইবে, যেহেতু সেই তারিখে তিনি স্বীয় মোকাম ত্যাগ করেন। গত মাসের ১৮ তারিখের আজ্ঞামতে তিনি যে অনুগ্রহের ছুটী পান তাহা ইহাতে রহিত হইল।

মালবোঝাইকারি নৌকার রেজিষ্ট্রার শ্রীযুত ডবলিউ ডেবিস সাহেব এই মাসের ৫ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত মাসের ২ তারিখের আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

হাবড়ার পোলীসের আসিষ্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, জি, কাম্বেল সাহেব এই মাসের ১ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত ডিসেম্বর মাসের ১৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

মানভূমের আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত এ উইকুস সাহেব গত মাসের ২৯ তারিখের আজ্ঞামতে প্রস্তুত হওনার্থে যে ষোল দিনের ছুটী পান তন্মধ্যে কেবল তিন দিন গ্রহণ করিয়া এই মাসের ৩ তারিখে মেইনাম নামক বাষ্পীয় জাহাজে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন, অতএব ঐ ছুটীর অবশিষ্টাংশ রহিত হইল।

১৮৬৬ সাল ৮ ফেব্রুআরি।

কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত সি, বুলনয়স্ সাহেব হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

ঢাকার পুরোহিত পাদরী শ্রীযুত এফ সি বিরেট সাহেব হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৬ সাল ১০ ফেব্রুআরি।

যশোহরের একটিং সিবিল আসিষ্টান্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত বি ডবলিউ সুইটজর সাহেব উত্তর পশ্চিমদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন। পদগ্রাহি দ্বারা যে তারিখে অবকাশ পান সেই তারিখ অবধি উক্ত নিয়োগ সফল হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৭ ফেব্রুআরি।

গত মাসের ৬ তারিখের বিজ্ঞাপনের অতিরিক্ত পশ্চাৎ লিখিত কার্য্যকারকেরা গবর্ণমেণ্টের ১৮৫১ সালের ১৯ নবেম্বর তারিখের নির্দ্ধারণের নির্দ্দিষ্ট পরী-

ment Resolution of the 19th November 1851, with effect from the date of the examination held in October 1865, *viz.* :—

By the First or Lower Standard.

Mr. C. C. Quinn, C. S.
„ W. J. Kilby ... } Police Officers.
„ G. Ridsdale ... }

APPOINTMENT.

The 7th February 1866.

Mr. C. C. Quinn is vested with the powers of a Subordinate Magistrate of the First Class, and those of a Deputy Collector in Nuddea.

The following Order issued by the Government of India, in the Home Department, is re-published for information :—

No 1221.

The 7th February 1866.

Mr. J. F. Browne, of the Civil Service, is permitted to proceed to Europe on furlough for a period of two years from the date of embarkation.

NOTIFICATION.

The 7th February 1866.

Under the authority vested in him by Section 40 of Act XXII. of 1855, the Lieutenant-Governor is pleased to extend the provisions of that Section to the port of Chittagong from and after the 1st of March next.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for widening Jackson's Ghât Street, it is hereby declared that, for the above purpose, a piece of land situated in the Town of Calcutta, measuring three cottahs fourteen chittacks and thirty-five square feet, more or less, and comprising Holdings 56, 57, 58, 59 and 60, Block VI., North Division, is required.

The land is bounded on the North by Jackson's Ghât Street, on the East by Old China Bazar Street, on the South by the property of Bholanauth Koondoo Chowdry and others, and on the West by the property recently acquired by the Justices for widening Jackson's Ghât Street.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

[*Government Gazette, 20th February* 1866.]

ক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন। ১৮৬৫ সালের অকুটোবর মাসের পরীক্ষার তারিখ অবধি ইহাও প্রবল হইবে।

প্রথম অর্থাৎ নিম্নতর কষ্টিতে

শ্রীযুত সি সি কুইন্ সাহেব সি, এস।
„ ডবলিউ জে কিলি সাহেব } পোলীসের কার্য্য-
„ জি রীডসডেল সাহেব } কারক।

নিয়োগ।

১৮৬৬ সাল ৭ ফেব্রুআরি।

শ্রীযুত সি সি কুইন সাহেব নদীয়াতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের পশ্চাৎ লিখিত যে আজ্ঞা প্রকাশ হয় তাহা সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১২২১ নম্বর।

১৮৬৬ সাল ৭ ফেব্রুআরি।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত জে এফ ব্রৌণ সাহেব নিয়মিত ছুটী লইয়া গমনের তারিখ অবধি দুই বৎসরের নিমিত্তে ইউরোপে গমন করিবার অনুমতি পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৭ ফেব্রুআরি।

১৮৫৫ সালের ২২ আইনের ৪০ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি আগামি মার্চ মাসের ১ তারিখ অবধি উক্ত ধারার বিধান চট্টগ্রাম বন্দরে বর্ত্তাইয়াছেন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ জাকসন ঘাট ষ্ট্রীট প্রশস্ত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতা নগরের মধ্যে ন্যূনাধিক /৩৸৵ পঁয়ত্রিশ বর্গ ফুট পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমি উত্তর খণ্ডের ষষ্ঠ কিতার ৫৬ ও ৫৭ ও ৫৮ ও ৫৯ ও ৬০ নং যোতের মধ্যে আছে।

উক্ত ভূমির উত্তর সীমা জাকসন ঘাট ষ্ট্রীট, পূর্ব্ব সীমা পুরাতন চিনাবাজারের পথ, দক্ষিণ সীমা ভোলানাথ কুণ্ড চৌধুরী প্রভৃতির সম্পত্তি, ও পশ্চিম সীমা জাকসন ঘাট ষ্ট্রীট প্রশস্ত করণার্থে জুষ্টিসেরা সম্প্রতি যে ভূমি গ্রহণ করিয়াছেন তাহা।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

THE following List of the Justices of the Peace serving in the Lower Provinces is published for general information :—

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনাইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। এ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপম্যান,
সেক্রেটারী।

নীলামের ইশ্তিহার।

নিলামী ইশ্তিহার জেলা ফরিদপুর।

ইশ্তিহারনামা কাছারী কালেক্টরী জেলা ফরিদপুর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৬ সনের মার্চ মাসের ৬ তারিখে মোতাবেক সন ১২৭২ সনের ফাল্গুণ মাসের ২। তারিখে মঙ্গলবার জিলা ফরিদপুরের কালেক্টরের কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৬৬ তারিখ ১৭ জানুয়ারি মোতাবেক ১২৭২ সাল তারিখ ৫ মাঘ।

ডাকিনীর মহালের টৌকী-মুতের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম	যত একর পরিমাণ।	সদর জমা।			মন্তব্য।
				ধার্য্য করা রাজস্ব	রাস্তার চাকুস	মোট।	
			এঃ রুঃ পঃ				
২০	২১৪	চর শাস্তিরপুরের মধ্যগত পরগণে জালালপুরের অন্তঃপাতী চর জালালপুর মুঃ মির আজগর আলী …	৫৭৯২।০।১৪	৪১৪৫৶৯	৫১।৶	১৮৫॥৶০	রেবিনিউ বোর্ডের বিশেষ আদেশে এই কয়েক মহল উচ্চ ডাকনিয়াকে বিক্রী করা যাইবেক।
২২	২১৬	ঐ চরের মধ্যগত পরগণে বৈকণ্ঠপুরের অন্তঃপাতী চর আহামাবাদ …	১৯৫০।০।৩৯	১১২৩৸০	১৬।০	১১৫০৲	ঐ
২৫	২১৯	উক্ত চরের মধ্যগত পরগণে বন্দরখোলার অন্তঃপাতী চর বন্দরখোলা মুঃ রামরত্ন বসু …	১৫৮৮৫।১।৩৩	১০৫৭।৶০	১০।৵০	১০৬৮৲	ঐ
২৩৮	৮০৪	পরগণে বৈকণ্ঠপুরের অন্তঃপাতী সরকারি ডিক্রীর মহাল জজিরা চর বিকণ্ঠপুরের তৃতীয়খণ্ড …	২২৭৮।৩।১২	১৫৮৭।৶০	১৫০৸	১৫৯২৶০	ঐ

জেলা ভাগলপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ভাগলপুর।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অত্র কালেক্টরি স্থিত নিম্নের ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৬৬ সালের ২৮ মার্চ মোতাবেক ফসলি ১২৭৩ সালের ২৭ চৈত্র বুধবার ভাগলপুর জেলার কালেক্টরিতে বিক্রয় হইবেক ইতি।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহাদের এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয় নিয়মের অধীনে থাকিতে হইবেক।

রাজকীয় মহালের টৈকিরভের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	পরিমাণ যত একর	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				যত টাকা জমা ধার্য্য আছে।	রাস্তার টাকুস।	মোট।		
২০৪ ১৮৫৯	৯২	জাগীর নাছের তওেল থানা উধয়ানালা পরগনে কঁকজোল ...	এঃ রঃ পঃ ০।৩।৩৭ ৩ বিঘা	১৷০	৶	১৩	২৷৷০	

জেলা ভাগলপুর কাছারি কালেক্টরি তারিখ ১১ জানুয়ারি ১৮৬৬ সাল।

R. L. MANGLES,
Collector.

জিলা হুগলী।

বিজ্ঞাপন কাছারি কালেক্টরি জিলা হুগলী।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে এই কালেক্টরির নিম্ন লিখিত খাস মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা ১৮৬৬ সালের ৮ ই মার্চ মোতাবেক বাঙ্গলা ১২৭২ সালের ২৬ সে ফাল্গুন বৃহস্পতিবার হুগলীর কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

রাজকীয় মহালের টৈকিরভের নম্বর।	জিলার বহিতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক	মন্তব্য।
			এঃ কঃ পঃ	যত টাকা জমা ধার্য্য আছে।	রাস্তার টাকুস	মোট		
৯২ নং	২৬০৩নং	দীঘকইয়ের সামিল মাজিপুর পঃ ভুরসিট	২ ০ ৮ ৬।৩।০ বিঘা	২৷৷০	৫ পা.ই	২।১	৲টাকা	এই মহালে গবর্ণমেণ্টের মালিকি যে স্বত্ব আছে তাহাই নীলাম হইবেক এই মহাল ১২৭২ সালের জমা ইজারা বিলি আছে অতএব ১২৭৩ সাল অথবা ১৮৬৬ সালের ১ মে হইতে খরিদারের স্বত্ব বর্ত্তিবেক এবং খরিদারকে প্রতি সন উপযুক্ত খরের লিখিত মত ৩॥৫ টাকা গবর্ণমেণ্টের রাজস্ব দিতে হইবেক ইতি।

G. [illegible] Park.
Depy. Collector in charge.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত জেমস জোন্স সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

2. It will be noticed that papers of Class A are, in future, to be left unstamped. Complaints have been made of original documents having been injured by the stamping process, and the papers of this class will be quite sufficiently distinguished by bearing no stamp.

3. District Officers will be good enough, at once to call in and destroy the A stamps heretofore furnished to Departmental Mohurirs, and to report having done so.

4. Alter also the second line of Record Rule XV. on p. 608, Hume, as follows :—
Strike out "A" and after "paper" insert "not to be permanently kept."

5. It is the desire of the Board that measures be at once generally adopted, for clearing the record-rooms of all old records liable to be destroyed under the classification now circulated, and of preparing those not liable to *immediately* destruction, for destruction when the proper time comes.

6. After careful consideration, and after consulting Commissioners, the Board have arrived at the conclusion, that it will not be safe to dispense with lists of the papers thus destroyed. Such lists must, therefore, be kept; each list being signed by the Record-keeper.

7. Notwithstanding this, the Board of Revenue expect that, as a general rule, the duty of assorting and destroying the old records will be performed by the District Record-room Establishments, without extraordinary assistance. If this is found really impossible within any reasonable time, proposals may be submitted for assistance.

8. Commissioners are requested now to obtain from each District Officer a complete account of the work that will have to be done under these orders with an estimate of the time that it will take to do it. They must also require Quarterly District Statements of progress, and must enquire specially, upon their annual visits, how the work is proceeding. The subject must be annually reported upon to the Board, till the work is completed.

9. It is not intended that any attempt should be made to re-classify, by the table now circulated, papers already classified under the table superseded.

No. 2.

With reference to Circular Order No. 4 of May 1865, security to the amount of Rupees 100 is hereafter to be demanded from Sub-divisional Nazirs.

[*Government Gazette, 6th March* 1866.]

২। দৃষ্ট হইবে যে অদ্যাবধি A শ্রেণীর পত্রে অক্ষর মুদ্রিত না করিয়া রাখিতে হইবে। অক্ষর মুদ্রাঙ্কন দ্বারা কএক মূল নিদর্শনপত্রের ক্ষতি হইল এমত নিবেদন হইয়াছে। অক্ষর না থাকাই ঐ শ্রেণীর পত্রের যথোপযুক্ত চিহ্ন হইবে।

৩। শিরিশ্তার মুহুরিরদিগকে A অক্ষরের যে ইস্টাম্পা দেওয়া যাইত, জিলার কর্ম্মকারকেরা সেই সকল ইস্টাম্পা নিকট আনাইয়া অবিলম্বে নষ্ট করিবেন, এবং তাহা করিবার রিপোর্ট করিবেন।

৪। হিউম সাহেবের পুস্তকের ৬০৮ পৃষ্ঠার কাগজপত্র বিষয়ক বিধির ১৫ ধারার দ্বিতীয় পঁক্তির এইরূপ পরিবর্ত্তন করিতে হইবে। A অক্ষর উঠাইয়া দেও। "কাগজপত্র" এই শব্দের পর "চিরকাল রাখিতে হইবে না" এই কথা লেখ।

৫। শ্রেণীবদ্ধ যে নামাবলি এই পত্র সহিত প্রেরিত হইল তদনুসারে যে সকল পুরাতন কাগজপত্র নষ্ট হইতে পারিবে তাহা মহাফেজখানাহইতে বাহির করিয়া দিবার, এবং যাহা এইক্ষণে নষ্ট হইবার যোগ্য নয় তাহা উপযুক্ত সময়ে নষ্ট করণার্থে প্রস্তুত করিবার উপায় সাধারণমতে অগৌণে করা যায়, বোর্ডের সাহেবেরদের এই ইচ্ছা।

৬। তদ্রূপে যে পত্রাদি নষ্ট করা যায় তাহার নামাবলি রক্ষা না করা শ্রেয় নহে বোর্ডের সাহেবেরা অবধানপূর্ব্বক বিবেচনা করিয়া এবং কমিস্যনর সাহেবদিগের সঙ্গে পরামর্শ করিয়া ইহা স্থির করিয়াছেন। অতএব তদ্রূপ আবলি রাখিতে হইবে। প্রত্যেক আবলিতে মহাফেজ স্বাক্ষর করিবেন।

৭। এতদ্রূপ হইলেও বোর্ডের সাহেবেরা প্রতীক্ষা করেন যে, জিলার মহাফেজখানার আমলাগণ অতিরিক্ত সাহায্য প্রার্থনা না করিয়া ঐ পুরাতন কাগজপত্র সাজাইবার ও নষ্ট করিবার কর্ম্ম করিবেন। এই বিধি সাধারণ, কিন্তু যদি যুক্তিসিদ্ধ কোন কালের মধ্যে ইহা নিতান্ত অসাধ্য দৃষ্ট হয়, তবে সাহায্য পাইবার প্রস্তাব হইতে পারিবে।

৮। কমিসানর সাহেবদিগের প্রতি এইক্ষণে এই আদেশ হইতেছে যে, এই আজ্ঞানুসারে যে কর্ম্ম করিতে হইবে ও তাহা করিতে অনুমান যত কাল লাগিবে ইহার সম্পূর্ণ বিবরণ জিলার প্রত্যেক কার্য্যকারকের স্থানে গ্রহণ করেন। আরো সেই কর্ম্ম যেরূপে চলিতেছে প্রত্যেক জিলাহইতে তিন২ মাসান্তর ইহার বিবরণ পাঠাইবার আদেশ করিবেন, এবং বৎসরান্তে যখন জিলায়২ গমন করেন তখন ঐ কর্ম্ম কিরূপে চলিতেছে ইহার সন্ধান লইবেন। ঐ কার্য্যের সমাপ্তি না হওন পর্য্যন্ত বৎসরে২ বোর্ডের নিকটে তাহার রিপোর্ট করিতে হইবে।

৯। যে টেবিল রহিত করা গেল, তাহাতে যে সকল পত্র শ্রেণীবদ্ধ হইয়াছিল, ইদানীং প্রেরিত টেবিল অনুসারে তাহা পুনশ্চ শ্রেণীবদ্ধ করিবার যত্ন হয়, এমত অভিপ্রায় নাই।

---

২ নম্বর।

১৮৬৫ সালের মে মাসের ৪ নম্বরের সরকুলর অর্ডর উপলক্ষে অদ্যাবধি শাখাদপ্তরের নাজিরদিগের স্থানে ১০০ টাকা প্রতিভূ লইতে হইবে।

Add, therefore, to Miscellaneous Rule LXVII after Nazirs.

Sub-divisional Nazirs, Rupees 100.

No. 3.

The Board of Revenue are pleased to dispense with the submission of the Annual Return No. XXXIII. (Irrecoverable Balances of Land Revenue). It should be scored through in the Board's List of Revenue Returns.

2. Any pending balances of this character must be so explained in the next Return No. X, as to enable the Commissioner to recommend, and the Board to sanction their remission upon that Return.

3. All balances that can be satisfactorily shown to be irrecoverable, in future, will, in like manner, be at once remitted by the Board in their orders upon Return No. X.

No. 4.

Under instructions from the Government of India in the Financial Department, No. 3558, dated 30th December 1865, the following addition is to be made to Pension Rule No. 6A:—

"Copies of the narrative are to be, at the same time, forwarded to these Officers; and the Officer in charge of the Treasury from which the pension has hitherto been paid, is to be instructed to return the counterpart which he holds of the "Permanent payable Order," to the Accountant-General, who will, thereupon, take steps for the issue of a fresh parmanent order upon the Treasury from which the pension will, in future, be paid.

No. 5.

With reference to the provisions of Section 13, Act XVI of 1864, the following Rule is to be added to the "Registration Rules."

IXA. The Collector must, however, in mutation proceedings, carefully abstain from, in any way, recognizing or "acting on" any deed of gift of land, dated later than the 31st December 1864, or any deed so dated "which purports or operates to create, declare, transfer, or extinguish any right, title, or interest, of the value of one hundred Rupees or upwards, in land, unless the same shall have been registered in the manner, and within the time, prescribed by Act XVI of 1864."

District Officers in Assam, Cachar, Sylhet, and Chittagong are requested to notice, with reference to Waste Land Rule 24, that this Rule applies to transfers of Waste Lands.

অতএব বিবিধ বিধির ৬৭ ধারাতে নাজির এই শব্দের পরে "শাখাখণ্ডের নাজির ১০০ টাকা।" এই কথা দিতে হইবে।

---

৩ নম্বর।

রেবিনিউ বোর্ডের সাহেবেরা (ভূমির রাজস্বের অনাদেয় বাকী টাকা) বলিয়া ৩৩ নম্বরের বার্ষিক রিটর্ণ পাঠাইতে নিষেধ করিয়াছেন। ঐ রিটর্ণ বোর্ডের রাজস্ব সম্পর্কীয় রিটর্ণের আবলিহইতে কলম দিয়া কাটিয়া দিতে হইবে।

২। উক্ত প্রকারের যে টাকা বাকী থাকে তাহার নমাদি ১০ নম্বরের রিটর্ণে এমন ব্যাখ্যা করিতে হইবে যে সেই রিটর্ণানুসারে কমিসনর সাহেবেরা ঐ বাকী টাকা ক্ষমা হইবার পরামর্শ দিতে এবং বোর্ডের সাহেবেরা অনুমতিও দিতে পারেন।

৩। ইহার পরে যে সকল টাকার আদায় হইতে না পারা সুযোগমতে প্রকাশ হয়, বোর্ডের সাহেবেরা ১০ নম্বরের রিটর্ণ বিষয়ে আপনারদের আজ্ঞা লিখিবার সময়ে তাহা একেবারে ক্ষমা করিবেন।

---

৪ নম্বর।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্ট ১৮৬৫ সালের ৩০ ডিসেম্বর তারিখের ৩৫৫৮ নম্বরের যে আজ্ঞা করিলেন তদনুসারে পেনশান বিধির ৬A ধারাতে এই কথা সংযোগ করিতে হইবে।

তৎকালেও সেই কার্য্যকারকদিগের নিকটে বিবরণের প্রতিলিপি প্রেরণ করিতে হইবে। এবং তৎকালপর্য্যন্ত পেনশান যে অর্থকোষহইতে দেওয়া যাইত সেই অর্থকোষের কর্ম্মকারকের নিকটে "চিরকালীন দেয় আজ্ঞাপত্রের" যে অনুলিপি আছে, তাহা তাঁহাকে আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকটে প্রেরণ করিবার আদেশ হইবে। পরে ঐ পেনশান যে অর্থকোষহইতে ভবিষ্যতে দিতে হইবে সেই অর্থকোষে আকৌণ্টেণ্ট জেনরল সাহেব স্থায়ি নূতন আজ্ঞাপত্র প্রেরণ করিবার উপায় করিবেন।

---

৫ নম্বর।

১৮৬৪ সালের ১৬ আইনের ১৩ ধারার বিধানের উপলক্ষে রেজিষ্টরী করণ সম্পর্কীয় বিধির সঙ্গে এই বিধি সংযোগ করিতে হইবে।

৯A. পরন্তু খারিজদাখিল সম্পর্কীয় কোন কার্য্য করণ কালে, ভূমির যে দানপত্রে ১৮৬৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের পশ্চাৎ কোন তারিখ থাকে, তাহা কিম্বা তদ্রূপ তারিখযুক্ত যে কোন পত্রের মর্ম্মানুসারে কি সজ্ঞানরূপে ভূমিসম্পর্কে একশত টাকার কি তাহার অধিক মূল্যের কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক সৃষ্ট কি প্রকাশ কি হস্তান্তর কি লোপ করা যায় তাহা যদি ১৮৬৪ সালের ১৬ আইনের নির্দ্দিষ্টমতে ও তন্নির্দ্ধারিত সময়ের মধ্যে রেজিষ্টর না হয়, তবে কালেক্টর সাহেব সতর্ক হইয়া তাহা কোন প্রকারে স্বীকার করিতে কিম্বা তদনুযায়ি কার্য্য করিতে নিরস্ত থাকিবেন।

পতিত ভূমিবিষয়ক বিধির ২৪ ধারার উপলক্ষে আসাম ও কাছাড় ও শ্রীহট্ট ও চট্টগ্রামস্থ জিলার কর্ম্মকারকদিগকে জ্ঞাত করা যাইতেছে, যে, এই বিধি পতিত ভূমির হস্তান্তর কার্য্যের প্রতি বর্ত্তে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৬ মার্চ।]

No 6.

It has been decided by the Governor General in Council,* that "Clauses 2 and 3 of Section 8 of Regulation XIX of 1793 lay down Rules for calculating the revenue to be fixed on resumed zemindaree lakhiraj tenures, and provide that, if the proprietor agree to the amount so fixed, he and his heirs and successors shall hold the land, at such fixed revenue, for ever. There is no power to make any reservation on account of any particular sort of profit, or any one or more of the resources of the land, and no power to reserve a right of future increase on any account whatever. The jumma must be assessed, once and for ever, as the whole demand of the State as its share of the profits and resources of the land, of whatsoever description. The only way in which any enhancement above the first year's revenue is allowable, is by the fixing of a progressively increasing jumma, which is allowable only when part of the land is uncultivated, and must be definitely fixed, at the time of settlement, under certain reasonable restrictions."

2. In accordance with this construction of the law on the subject, the Governor General in Council has deliberately declared that "the proprietor of a resumed lakhiraj estate, in a permanently-settled district, is entitled to a permanent settlement thereof, based on the assets as existing at the time of resumption."

3. His Excellency in Council has further resolved that these principles shall be applied immediately to the case of all resumed revenue-free estates which, under any different interpretation of the law, are now settled for a term of years only, instead of being settled permanently.

4. The orders of the Governor General in Council are "that all existing settlements of resumed revenue-free estates shall be upheld as permanent settlements, except when it shall appear that a settlement was avowedly made at lower rates than those at which it would have been made if the Revenue Authorities had intended a permanent settlement, and when, in any such case, the settlement papers themselves may give the means of estimating the full assets of the estate, including capabilities."

5. Collectors are directed immediately to carry out these orders carefully, in the case of any resumed revenue-free estate of which the current settlement is not permanent.

৬ নম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত* শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব নির্দ্ধার্য্য করিয়াছেন যে, " বাজেয়াপ্ত লাখেরাজ জমিদারীর উপর যে রাজস্ব ধার্য্য হইবে তাহা নিরূপণের বিধি ১৭৯৩ সালের ১৯ আইনের ৮ ধারার ২ ও ৩ প্রকরণে আছে। সেই ভূম্যধিকারী যদি ঐ নির্দ্ধারিত রাজস্ব স্বীকার করেন, তবে সেই ভূমি সেই রাজস্ব জমায় তাঁহার এবং তাঁহার উত্তরাধিকারি আদিক্রমে ভোগদখলে মোকররী মতে রহিবে এই বিধি হইয়াছে। কোন বিশেষ প্রকারের প্রাপ্তি হেতুক কিম্বা ভূমির কোন এক কি অধিক দ্রব্য উৎপাদনের শক্তি হেতুক অন্য রাজস্ব অবধারণের ক্ষমতা নাই, এবং ভাবিকালে কোন কারণেই রাজস্ব বৃদ্ধি করিবার স্বত্বের ক্ষমতা নাই। ভূমির যে কোন প্রকারের উপস্বত্ব ও উৎপাদন শক্তি হউক তাহার যে অংশের উপর রাজার দাওয়া থাকে সেই সম্পূর্ণ দাওয়া স্বরূপ ঐ জমা একবারেই অবধার্য্য করিতে হইবে। প্রথম বৎসরে যে রাজস্ব ধার্য্য হইল তাহার অধিক গ্রহণ করিবার জন্যে, ক্রমে বৃদ্ধি করণের নিয়মে জমা ধার্য্য করণ ভিন্ন, উপায় নাই। যদি ভূমির কোন অংশ পতিত থাকে, তবে ক্রমে বৃদ্ধি হইবার অনুমত্যনুসারে জমা নিরূপণ হইতে পারে, নতুবা নয়। তাহাও বন্দোবস্ত করণ কালে বিশেষ কোন যুক্তিসিদ্ধ সীমানুক্রমে নির্দ্ধারিত মতে স্থির করিতে হইবে।"

২। ভূমিবিষয়ক আইনের উক্ত অর্থানুসারে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সুবিবেচনা পূর্ব্বক কহিয়াছেন যে, " চিরকালীন বন্দোবস্ত হওয়া প্রদেশের অন্তর্গত বাজেয়াপ্ত লাখেরাজ মহালের বাজেয়াপ্ত করণ সময়ে ঐ ভূমির উৎপন্ন মূলক যে রাজস্বের চিরকালীন বন্দোবস্ত হইয়াছিল, ঐ মহালের অধিকারী সেই চিরকালীন বন্দোবস্ত ক্রমে ভূমি ভোগ করিবার স্বত্ববান হন।"

৩। মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর আরো নির্দ্ধার্য্য করিয়াছেন যে বাজেয়াপ্ত যে সকল লাখেরাজ মহালের চিরকালীনরূপে বন্দোবস্ত না হইয়া আইনের ভিন্ন অর্থ করণ দ্বারা এইক্ষণে কেবল কএক বৎসর মিয়াদের বন্দোবস্ত হইয়া থাকে, সেই২ ভূমির প্রতি পূর্ব্বোক্ত বিধি অগৌণে বর্ত্তান যায়।

৪। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই আজ্ঞা যে, রাজস্বের কার্য্যকারকেরা কোন ভূমির যে রাজস্ব ধার্য্য করিয়াছেন, চিরকালীন বন্দোবস্ত করিবার অভিপ্রায় থাকিলে তাঁহারা অবশ্য অধিক ধার্য্য করিতেন, ইহা যদি ব্যক্ত হয়, এবং সেই স্থলে যদি বন্দোবস্তের পাট্টার দ্বারা উৎপাদন শক্তিযুক্ত মহালের সম্পূর্ণ উপস্বত্ব নিরূপণের উপায় থাকে, তবে তদ্রূপ স্থল ভিন্ন, বাজেয়াপ্ত লাখেরাজ মহালের বর্ত্তমান সকল বন্দোবস্ত চিরকালীন বন্দোবস্তস্বরূপে দৃঢ়তর হইবে।

৫। কোন বাজেয়াপ্ত লাখেরাজ মহালের বর্ত্তমান বন্দোবস্ত যদি চিরকালীন না হয়, তবে কালেক্টর সাহেবদিগের প্রতি আজ্ঞা হইতেছে যে তাঁহারা তদ্রূপ স্থলে উক্ত আজ্ঞানুসারে মনোযোগ করিয়া অগৌণে কর্ম্ম করেন।

---

* Order to Government of Bengal, No. 441, dated 13th January 1866.

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের নিকটে ১৮৬৬ সালের ১৩ জানুআরি তারিখের ৪৪৪ নম্বরের আজ্ঞাপত্র।

[*Government Gazette, 6th March* 1866.]

6. In all such cases, it will be only necessary to ascertain that the settlement was not made "*avowedly*, at lower rates than those at which it would have been made if the Revenue Authorities had intended a permanent settlement." Except in that contingency, all existing temporary settlements of resumed revenue-free lands are to be at once declared permanent, revised engagements being exchanged with the proprietors.

7. Even in the excepted cases, the current settlement is only to be revised so far as "the settlement papers themselves, may give the means of estimating the full assets and capabilities of the estate" at the time the settlement was made.

8. Each Commissioner is to take steps for ascertaining that these orders are carried out intelligently in every District of his Division, with as little delay as possible.

9. When the measure is completed in any Division, a report to that effect should be made to the Board of Revenue.

No. 7.

THE Board of Revenue regret to learn that there has been a very general failure on the part of the Assistant and Deputy Collectors to pass the late examination in the Revenue Department.

2. The Board have had an opportunity of seeing the questions which these Officers have proved unable to answer, and they are of opinion that they are such as it might reasonably have been expected that they would have been able to answer without difficulty. This is especially the case with the questions by the Lower Standard, the answers to which are stated to have been especially discreditable.

3. The Government and the Board of Revenue have, repeatedly, directly and indirectly, impressed upon Commissioners and Collectors that they are responsible that they are young subordinates prepare themselves for these examinations dilligently and intelligently.

4. The subjects in which proficiency is expected are now well defined, and the needful laws and orders are all conveniently classified, for the most part, in a single volume (*Hume's Manual.*) The Board cannot but consider that if District Officers had paid due attention to this part of their duties, the discreditable result of the late examination could not have occurred.

5. The following Rule is now to be added to the Miscellaneous Rules:—

XXIXA. EXAMINATION.—It is the special duty of a District Officer to take care that the junior Officers subordinate to him, both Covenanted and Uncovenanted, prepare themselves, diligently and intelligently, for the examinations that

৬। পূর্ব্বোক্ত গতিকে, কোন ভূমির যে রাজস্ব ধার্য্য হইয়াছে, রাজস্বের কার্য্যকারকদের চিরকালীন বন্দোবস্ত করিবার অভিপ্রায় থাকিলে অবশ্য অধিক ধার্য্য হইত, সেই বন্দোবস্ত কালে ইহা ব্যক্ত হয় নাই, এই মাত্র নির্দ্ধার্য্য করা আবশ্যক। তদ্রূপ স্থল ভিন্ন বাজেয়াপ্ত লাখেরাজ ভূমির বর্ত্তমান মেয়াদী সকল বন্দোবস্ত একেবারে চিরকালীন প্রকাশ করিতে হইবে, এবং ভূম্যধিকারিদিগকে সংশোধিত বন্দোবস্তপত্র প্রদান করিয়া অন্য পত্র ফিরিয়া লইতে হইবে।

৭। বর্জ্জিত স্থলেরও এই বিধি, বন্দোবস্ত করণ কালে ভূমির উৎপাদনশক্তি ও সম্পূর্ণ উপস্বত্ব ঐ বন্দোবস্তের পত্র দ্বারা যে পর্য্যন্ত নিরূপণ হইতে পারে কেবল সেই পর্য্যন্ত বর্ত্তমান বন্দোবস্তের সংশোধন করিতে হইবে।

৮। প্রত্যেক কমিস্যনর সাহেবের খণ্ডের অন্তর্গত প্রত্যেক জিলাতে এই আজ্ঞা স্বল্প বিলম্বে বুদ্ধিকৌশলে নিষ্পাদন করা যায়, তিনি ইহা নিশ্চয়মতে জানিবার উপায় করিবেন।

৯। কোন খণ্ডের মধ্যে সেই কার্য্য সমাপ্ত হইলে, রেবিনিউ বোর্ডে সেই মর্ম্মের রিপোর্ট করিতে হইবে।

---

৭ নম্বর।

অনেক আসিস্টান্ট ও ডেপুটী কালেকুটর রাজস্বসম্পর্কীয় ডিপার্টমেন্টের ভূতপূর্ব্ব পরীক্ষাতে উত্তীর্ণ হইতে পারিলেন না। ইহা অবগত হইয়া রেবিনিউ বোর্ডের অত্যন্ত আক্ষেপ হইয়াছে।

২। ঐ কার্য্যকারকেরা যেহ প্রশ্নের উত্তর করিতে অক্ষম হইলেন, বোর্ডের সাহেবেরা তাহাও দেখিয়া বোধ করিলেন যে তাঁহারা সেই প্রকারের পত্রের উত্তর অনায়াসে দিতে পারিতেন এইরূপ আশা যুক্তিসিদ্ধ। অধঃ শ্রেণীর পরীক্ষা সম্বন্ধীয় প্রশ্নের তদ্রূপ আশা বিশেষমতে হইতে পারিত, কিন্তু কথিত আছে যে সেইহ প্রশ্নের উত্তর বিশেষরূপে অপ্রশংসনীয়।

৩। কমিস্যনর ও কালেকুটর সাহেবেরদের অধীন নব্য কর্ম্মকারকেরা পরিশ্রমপূর্ব্বক ও বুদ্ধিকৌশলে ঐহ পরীক্ষার জন্যে প্রস্তুত হন, এই বিষয়ে তাঁহারাই দায়ী, এই কথা গবর্ণমেণ্ট এবং রেবিনিউ বোর্ডের সাহেবেরা বারম্বার স্পষ্টরূপে ও চক্রান্তে উক্ত সাহেবদের হৃদয়ঙ্গম করিতে চেষ্টা করিয়াছেন।

৪। যেহ বিষয়ে ব্যুৎপত্তির অপেক্ষা তাহা উত্তমরূপে নির্দ্দিষ্ট হইয়াছে, এবং প্রয়োজনীয় সমস্ত আইন ও আজ্ঞার অধিকাংশ এক পুস্তকে (হিউমের মানুয়েলে) সুবিধামতে শ্রেণীবদ্ধ হইয়াছে। বোর্ডের সাহেবেরা নিশ্চিতরূপে বোধ করেন যে, জিলার কর্ম্মকারকেরা যদি আপনারদের কর্ত্তব্য কর্ম্মের এই অংশে উপযুক্তমতে মনোযোগ করিতেন, তবে ভূতপূর্ব্ব পরীক্ষার এই লজ্জাজনক ফল হইত না।

৫। বিবিধ বিধিতে এইক্ষণে এই বিধির সংযোগ করিতে হইবে।

২৯A পরীক্ষা।

জিলার কর্ম্মকারকের অধীন চিহ্নিত ও অচিহ্নিত নব্য কর্ম্মকারকেরদের যে পরীক্ষা দিতে হইবে, তজ্জন্যে তাঁহারা পরিশ্রমপূর্ব্বক ও বুদ্ধিকৌশলে প্রস্তুত হন, এই বিষয়ে মনোযোগ করা ঐ কর্ম্মকারকের

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৬ মার্চ।]

they have to pass. The superintendence and assistance of their superiors cannot but materially aid them in ascertaining particularly to what subjects their chief attention should be given, *e. g.*, the constitutional portions of the Code of 1793,—the Rent Laws and Rules,—the Excise Laws and Rules,—the Laws and Rules concerning Wards, Settlements, Partitions, Acquisition of Land, &c.

2. This is especially important in the case of young Officers preparing for their first examination, particularly of Covenanted assistants, who can exercise scarcely any legal powers in the Revenue Department. The District Officer ought, frequently, to make over to such young Officers cases for preparation or report; he should insist upon their making themselves practically acquainted with the internal economy of the Treasury and Account Departments of the Office,—with the arrangement of the Revenue Roll,—and with the working of the Excise Department, especially of the Central Distilleries; and he should, at stated periods, subject them to definite and careful examination, in order to ascertain that they are using their time rightly and sensibly.

3. Commissioners should take every opportunity of enforcing attention to this part of their duty on the part of District Officers, and should immediately check any neglect of it that may come to their knowledge, either upon an examination of the Quarterly Business Statements or otherwise. Any District Officer, who is especially successful in preparing his young subordinates, for examination, should be brought to favorable notice in the Annual Report.

No. 8.

The forms of the Annual Returns, No. XXXII (*Abstracts of Wards, &c., Management Returns*) and No. XL (*Ganja Returns*), have been revised in order to introduce sundry amendments which the experience of the past year has shown to be desirable, with a view to saving trouble to the returning and supervising Officers.

The Superintendent of Stationery has been desired to distribute supplies of the revised forms to all District Officers without indent. District Officers must be careful, in their Returns for 1865-66, to use the revised and not the original forms.

The original forms, Nos. XXXII and XL, in stock should be all destroyed on receipt of this order.

[*Government Gazette, 6th March* 1866.]

বিশেষমতে কর্ত্তব্য। ১৭৯৩ সালের আইন সংগ্রহের অন্তর্গত রাজ্যস্থিতির বিধি, এবং করসম্পর্কীয় আইন ও বিধি, এবং আবকারী আইন ও বিধি এবং রাজরক্ষিত ভূম্যাধিকারিদিগের ও বন্দোবস্তের ও বণ্টনের ও ভূমি গ্রহণের বিধি প্রভৃতি যেই বিষয়ে নব্য কর্ম্মকারকদের বিশেষ মনোযোগ করিতে হয়, উপরিস্থ কার্য্যকারকদের তত্ত্বাবধান ও সহায়তা দ্বারা তাঁহাদের সেইং বিষয় নিশ্চিতমতে জানিবার অবশ্য গুরুতর সাহায্য হইবে।

২। নব্য যে কর্ম্মকারকেরা প্রথমবার পরীক্ষা দিতে প্রস্তুত হইতেছেন, বিশেষতঃ চিহ্নিত যে আসিষ্টান্টেরা রাজস্বসম্পর্কীয় ডিপার্টমেণ্টে ব্যবহারঘটিত কোন ক্ষমতাক্রমে প্রায় কার্য্য করিতে পারেন না, তাঁহারদের পক্ষে ঐ বিধি বিশেষমতে গুরুতর। জিলার কর্ম্মকারকের কর্ত্তব্য যে মোকদ্দমা প্রস্তুত করণার্থে ও তাহার রিপোর্ট করিবার জন্যে ঐ নব্য কর্ম্মকারকদিগের প্রতি অনেকবার মোকদ্দমা অর্পণ করেন। এবং তাঁহারা কার্য্যালয়ের অর্থকোষ ও হিসাব সম্পর্কীয় কর্ম্মবিভাগের সমস্ত কর্ম্মের অন্তস্থ নিয়ম এবং তৌজীর নিয়ম ও আবকারী ডিপার্টমেণ্টের, বিশেষতঃ সদর মদ্য সঞ্চানি স্থানের কর্ম্মের নিয়ম কার্য্যপক্ষে অবগত হন, এইং বিষয়ে জিলার কর্ম্মকারকের দৃঢ় আজ্ঞা করা উচিত। এবং তাঁহারা উপযুক্তমতে ও বিচক্ষণরূপে সময় হরণ করিতেছেন ইহা নির্ণয়ার্থে নিরূপিত নানা সময়ে তাঁহারদের নিশ্চিতরূপে ও মনোযোগে পরীক্ষা করা কর্ত্তব্য।

৩। কমিসানরেরা সাবকাশে জিলার কর্ম্মকারকদিগকে আপনারদের সেই কর্ত্তব্য বিষয়ে সচেতন করিবেন, এবং ত্রৈমাসিক কর্ম্ম বিবরণ পত্র দৃষ্টে কি প্রকারান্তরে সেই কর্ম্মের কোন প্রকার শৈথিল্য তাঁহারদের জ্ঞান গোচর হইলে তাহা ত্বরায় নিবৃত্ত করিবেন। যদি কোন জিলার কর্ম্মকারক অধীন নব্যদিগকে পরীক্ষার জন্যে প্রস্তুত করিতে বিশেষরূপে কৃতার্থ হন, তবে বার্ষিক রিপোর্টে প্রশংসাসহ তদ্বিষয়ক সম্বাদ লিখিবেন।

---

৮ নম্বর।

গত বৎসরে কার্য্যকরণক্রমে দৃষ্ট হইল যে (রাজরক্ষিত ভূম্যাধিকারিদিগের কর্ম্মাধ্যক্ষতার) ৩২ নম্বরের এবং (গাঞ্জার) ৪০ নম্বরের বার্ষিক রিটর্ণের নানা অংশ সংশোধন করা শ্রেয়। অতএব সেই সংশোধিত কথা সংযোগ করণার্থে এবং যে কর্ম্মকারকগণ রিটর্ণ লেখেন ও তত্ত্বাবধান করেন তাঁহাদের ক্লেশ নিবারণাভিপ্রায়ে রিটর্ণের পাঠ সংশোধিত হইয়াছে।

ষ্টেশনরির সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি আদেশ হইয়াছে যে জিলার কর্ম্মকারকদিগের প্রার্থনাপত্র না পাইলেও তিনি উপযুক্ত সংখ্যার ঐ সংশোধিত পাঠ বিলি করেন। জিলার কর্ম্মকারকেরা ১৮৬৫। ৬৬ সালের রিটর্ণ লিখন সময়ে আদ্যপাঠ ব্যবহার না করিয়া সেই সংশোধিত পাঠের ব্যবহার করিতে মনোযোগী করিবেন।

৩২ ও ৪০ নম্বরের আদ্য যত পাঠ হাতে আছে তাহা এই আজ্ঞা প্রাপ্ত হইলেই নষ্ট করা উচিত।

No. 9.

An Index to the Circular Orders for 1864 and 1865 is in the press, and will be issued immediately; it is to be substituted for the Index for 1864, furnished last year.

No. 10.

With reference to Circular Order No. 4 of December, Officers are requested to see that the Privy Council Decision circulated as a supplement to the Selections for May 1864, is bound up as an Appendix at the *end* of Volume II.

The following is the Classification of Collectors' Records referred to in Rule XXII.

Class A. (to be left unmarked.)

TO BE KEPT FOR EVER.

I.—The following REGISTERS PRESCRIBED BY LAW lettered A to L inclusive:—

The GENERAL, PERGUNNAH, REVENUE-FREE, and MUTATION Registers—the COMMON and SPECIAL Registers of the Sale Law—and the Register of CONFIRMED PARTITIONS.

II.—OF THE REGISTERS PRESCRIBED by AUTHORITY *(not by Law).*

(a.) *The following not connected with cases or proceedings:—*

No. 26. Lands used for public purposes.

35,36, and 37. Separate Accounts Opened, and Deposits Registered, under the Sale Law.

41, 42. Waste Lands available and reserved.

54. General Powers of Attorney.

55. Pensions.

56. Estates Managed directly by Collector for recusancy.

57. Dependent tenures in Government Estates.

58. Estates under the Court of Wards.

59. Attached Estates.

60. Redemption of Petty Estates.

64. New Estates.

65. Alterations of Assessment.

66, 67. General and Survey Records.

71. Lands, &c., owned by Ministerial Officers.

72-75. Leave Registers.

---

৯ নম্বর।

১৮৬৪ ও ১৮৬৫ সালের সরকুলর অর্ডরের সূচিপত্র এইক্ষণে মুদ্রিত হইতেছে। তাহা ত্বরায় প্রেরণ করা যাইবে। ১৮৬৪ সালের যে সূচিপত্র গত বৎসরে দেওয়া গিয়াছিল তৎপরিবর্ত্তে এই সূচিপত্র ব্যবহার্য্য।

---

১০ নম্বর।

ডিসেম্বর মাসের ৪ নম্বরের সরকুলর অর্ডরের উপলক্ষে কর্ম্মকারকদিগের প্রতি আদেশ হইতেছে যে, প্রিবি কৌন্সেলের যে নিষ্পত্তি ১৮৬৪ সালের মে মাসের সংগৃহীত নিষ্পত্তির পরিশিষ্টস্বরূপ প্রকাশ হইয়াছিল তাহা ২ ভালমের শেষে ক্রোড়পত্রস্বরূপ বাঁধা হয়, ঐ কার্য্যকারকেরা ইহাতে মনোযোগ করিবেন।

বিধির ২২ ধারাতে কালেক্টর সাহেবদিগের কাগজপত্র যে শ্রেণীবদ্ধ করণের কথা আছে তাহা এই।

A শ্রেণী। (ইহাতে অক্ষর মুদ্রিত হইবে না)

যাহা চিরকাল রাখিতে হইবে।

১।— A অবধি L পর্য্যন্ত সকল অক্ষরে অঙ্কিত ও নিম্ন লিখিত যে সকল রেজিষ্টর আইনক্রমে নির্দ্ধারিত হয়।—

সাধারণ, পরগনা, লাখেরাজ ও খারিজদাখিলী রেজিষ্টর— নীলামের আইনের সাধারণ ও বিশেষ রেজিষ্টর এবং স্থিরীকৃত বণ্টনের রেজিষ্টর।

২।— যে রেজিষ্টর (আইনক্রমে নয়,) উপযুক্ত ক্ষমতাপন্ন কার্য্যকারকের আজ্ঞাক্রমে নির্দ্ধারিত হয়।

(*a*) এই২ রেজিষ্টর মোকদ্দমা কি রুবকারী সংক্রান্ত নয়।

২৬ নং। রাজকীয় কর্ম্মে যে ভূমির ব্যবহার হয়, তাহার।

৩৫, ৩৬, ৩৭ নং। নীলামের আইনমতে যে সতন্ত্র হিসাব করা যায় ও যে আমানৎ রেজিষ্টর হয় তাহার।

৪১, ৪২ নং। যে পতিত ভূমি অন্যকে দেওয়া যাইতে পারে, ও যাহা রাখিতে হইবে তাহার।

৫৪। আমমোক্তার নামার।

৫৫। পেনশ্যনের।

৫৬। অসম্মতি হেতুক কালেক্টর সাহেবদ্বারা যে মহালের অধ্যক্ষতা হয় তাহার।

৫৭। সরকারী খাস মহালে মফঃসলী জমার।

৫৮। কোর্ট ওয়ার্ডসের অধীন মহালের।

৫৯। ক্রোক করা মহালের।

৬০। ক্ষুদ্র২ মহালের রাজস্ব ক্রয়ের।

৬৪। নূতন২ মহালের।

৬৫। নির্দ্ধারিত কর পরিবর্ত্তনের।

৬৬, ৬৭। সাধারণ ও সরবে রিকার্ড।

৭১। আমলাদিগের অধিকৃত ভূম্যাদির।

৭২—৭৫। ছুটির রেজিষ্টর।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৬ মার্চ।]

76-77. Standing Order Book, and Books of orders from Commissioner, &c.

80. Revenue Roll.

(b.) The Registers of Cases or Proceedings enumerated under Head III. below, as follows:—

Nos. 1 to 20 inclusive, Nos. 30, 34, 38, 39, 44, 47.

III.—All PETITIONS, PLAINTS and PLEADINGS,—all unreturned EXHIBITS,—all MEASUREMENT, ALLOTMENT, or ASSESSMENT PAPERS,—all MAPS, the final JUDGMENT, and DECISION or ORDER,—and the FLY LEAF—in the following Cases and Proceedings, or in Appeals connected therewith:—

SETTLEMENTS—PARTITIONS—All PROCEEDINGS UNDER THE RENT-LAWS *(excepting Notices of Deposit,)* RESUMPTIONS—MUTATIONS — GOVERNMENT Suits.

APPLICATIONS for SEPARATE ACCOUNTS,—TO MAKE DEPOSITS,—or for COMMON or SPECIAL REGISTRY under the SALE LAWS.—SALES of ALL KINDS.

IV.—The following RETURNS:—

No. XXXI. Accounts of WARDS and ATTACHED ESTATES.

No. XLI-XLIII. The ANNUAL ADMINISTRATION RETURNS in the LAND REVENUE, EXCISE, and INCOME TAX Departments.

V.—The following MISCELLANEOUS PAPERS:—

(a.) REPORTS of the DESTRUCTION of RECORDS, and LISTS of PAPERS DESTROYED.

(b.) ASSESSMENT PAPERS, KABULYATS, &c., of all Estates managed by the Collector, whether belonging to Government or to private individuals.

(c.) GENERAL POWERS of ATTORNEY.

Class B. (to be stamped with the letter B.)

TO BE KEPT IN THE RECORD ROOM FOR TWELVE YEARS, AND THEN DESTROYED.

I.—Of the REGISTERS PRESCRIBED by AUTHORITY.

(a.) The following not connected with Cases, &c. No. 53, PRECEPTS. Nos. 85 to 87, Letters sent and received.

(b.) And the Registers of Cases or Proceedings enumerated in Heading II below, as follows:—

Nos. 21, 25, 31, 32, 33, 40, 49.

II.—The papers enumerated in Heading III, Class A, in the following cases:—

NOTICES of DEPOSIT under the Rent-Laws.

CLAIMS to COMPENSATION for lands taken for public purposes.

EXECUTION of GOVERNMENT DECREES.

RECOVERY of STAMPS in PAUPER SUITS.

[Government Gazette 6th March 1866.]

৭৬—৭৭। জারি আজ্ঞার পুস্তক ও কমিশনর প্রভৃতি হইতে প্রাপ্ত আজ্ঞার পুস্তক।

৮০। তৌজীর।

(b.) নিম্ন লিখিত ৩ দফাতে মোকদ্দমার কি রুবকারির যেই রেজিষ্টর বর্ণিত হইয়াছে তাহা। যথা

১ অবধি ২০ পর্য্যন্ত সমস্ত নম্বর এবং ৩০,৩৪,৩৮, ৩৯,৪৪,৪৭ নং।

৩। পশ্চাৎ লিখিত মোকদ্দমা কি রুবকারী কি তৎসংক্রান্ত আপীল সম্পর্কীয় সকল দরখাস্ত ও নালিশপত্র ও সওয়াল জওয়াব, যে সকল নিদর্শনপত্র ফিরিয়া দেওয়া যায় নাই, পরিমাপণের ও বিলি করণের কি জমাধার্য্য করণের কাগজপত্র, সকল ম্যাপ, শেষ বিচার এবং নিষ্পত্তি কি আজ্ঞা, এবং শূন্যপত্র

বন্দোবস্ত — বণ্টন — (টাকা গচ্ছিত হওয়ার জ্ঞাপনপত্র ভিন্ন) খাজানার আইনক্রমে যে সকল রুবকারী হয় তাহা —বাজেয়াপ্ত— খারিজদাখিল — গবর্ণমেণ্টের মোকদ্দমা।

স্বতন্ত্র হিসাব রাখিবার —টাকা আমানৎ করিবার —কিম্বা নীলামের আইনমতে সামান্যরূপে কি বিশেষমতে রেজিষ্টরী করিবার সকল প্রার্থনাপত্র —সকল প্রকারের বিক্রয়।

৪।—পশ্চাৎ লিখিত রিটর্ণ।

৩১ নং। ওয়ার্ডদের ও ক্রোক করা মহালের হিসাব।

৪১—৪৩ নং। ভূমির রাজস্ব ও আবকারী ও ইনকম-টাক্স ডিপার্টমেণ্টে কার্য্য নির্ব্বাহ সম্পর্কীয় বিবরণের বার্ষিক রিটর্ণ।

৫।—নিম্ন লিখিত বিবিধ কাগজপত্র।

(a) কাগজপত্র নষ্ট করিবার রিপোর্ট এবং নষ্ট করা কাগজপত্রের নামাবলি।

(b) কালেক্টর সাহেব গবর্ণমেণ্টের কি সাধারণ ব্যক্তির যে সকল মহালের অধ্যক্ষতা কার্য্য করেন তাহার জমা ধার্য্য করণ পত্র ও কবুলিয়ৎ প্রভৃতি।

(c) আমমোক্তার নামা।

B শ্রেণী। B অক্ষরে অঙ্কিত।

দ্বাদশ বৎসর মহাফেজখানায় রাখিলে পর নষ্ট করিতে হইবে।

১।—উপযুক্ত ক্ষমতাপন্ন কার্য্যকারক দ্বারা যে রেজিষ্টর নির্দ্ধারিত হয় তাহা।

(a) মোকদ্দমা প্রভৃতি সংক্রান্ত নয়, এমত এই২ রেজিষ্টর। ৫৩ নং প্রিসেপ্ট। ৮৫ অবধি ৮৭ পর্য্যন্ত নং প্রেরিত ও প্রাপ্ত পত্র।

(b) এবং নিম্নলিখিত ২ দফাতে মোকদ্দমার কি রুবকারির যে রেজিষ্টর বর্ণিত হইয়াছে, যথা,

২১, ২৫, ৩১, ৩২, ৩৩, ৪০, ৪৯ নং

২।- পশ্চাৎ লিখিত মোকদ্দমায় A শ্রেণীর তিন দফাতে যে কাগজপত্র বর্ণিত হইয়াছে,

খাজানার আইনমতে টাকা আমানৎ করিবার জ্ঞাপনপত্র।

রাজকার্য্য কর্ম্মের নিমিত্তে গৃহীত ভূমির ক্ষতি পূরণের দাবীপত্র।

গবর্ণমেণ্টের ডিক্রী জারীর প্রার্থনা।

মোফলিসের মোকদ্দমায় ইষ্টাম্প ফিরিয়া পাইবার প্রার্থনা।

Applications for Waste Lands.
Claims to Money in Deposit.

III.—All Books of Account kept by the Treasurer, Accountant, &c.

Class C (to be stamped with the letter C.)

All papers of every description not enumerated above, whether Registers—Returns—Cases—or Parts of Cases—or Miscellaneous—are to be kept for three years in the record room, and then destroyed.

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1476.

APPOINTMENTS.

The 17th February 1866.

Mr. F. J. Alexander, on special duty for taking up land for the Chord Line of Railway between Raneegunge and Lukheserai, is vested with the powers of a Commissioner under Rule 20 of the Rules for the acquisition of land for public purposes.

The following gentlemen to be Members of the Local Committee of the Charitable Dispensary at Amrita Bazaar, in the District of Jessore, *viz.* :—

Baboo Debnarain Ghose.
,, Chundernarain Ghose.
,, Bussunto Coomar Ghose.
,, Omesh Chunder Mozoomdar.

Subject to the sanction of the Government of India, the following gentlemen are appointed to the Sixth Grade of the Subordinate Executive Service, and to be Special Deputy Registrars of Assurances under Act XVI. of 1864 in the Districts noted opposite to their names. They are also appointed to be Deputy Magistrates, under Act XV. of 1843, and Deputy Collectors, under Regulation IX. of 1833, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in their respective Districts :—

Baboo	Barodacant Mozoomdar	... Midnapore.
,,	Denobundhoo Sandyal	... Monghyr.
,,	Umachurn Gangolee	... Noakhally.
,,	Lolitmohun Chatterjee	... Burrisaul.
,,	Bhooban Mohun Sing	... Dacca.

The 19th February 1866.

Mr. W. Heysham to officiate temporarily as an Extra Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, and to be employed under the Board of Revenue on the duty of taking up lands between

পতিত ভূমি পাইবার প্রার্থনা।
গচ্ছিত টাকার দাবীপত্র।

৩। খাজাঞ্চী, হিসাবী প্রভৃতি যে সকল খাতাবহী রাখেন তাহা।

C শ্রেণী। C অক্ষরে অঙ্কিত হইবে।

রেজিষ্টর—কি রিটর্ণ—কি মোকদ্দমা—কি মোকদ্দমার অংশ—কি বিবিধ—যে কোন প্রকারের কাগজপত্র উপরে বর্ণিত হয় নাই তাহা তিন বৎসর মহাফেজখানায় রাখিলে পর নষ্ট করিতে হইবে।

John Robinson, *Bengalee Translator.*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৪৭৬ নম্বর

নিয়োগ।

১৮৬৬ সাল ১৭ ফেব্রুআরি।

রাণীগঞ্জ অবধি লক্ষ্মীসরাই পর্য্যন্ত রেল পথ প্রস্তুত করণের বিশেষ কার্য্যে নিযুক্ত শ্রীযুত এফ জে আলেকজাণ্ডর সাহেব রাজকীয় কার্য্যার্থে ভূমি গ্রহণ বিষয়ক বিধির ২০ ধারামতে কমিসানরের ক্ষমতা পাইয়াছেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা যশোহর জিলার অন্তর্গত অমৃত বাজারের দাতব্য ঔষধালয়ের কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত বাবু দেবনারায়ণ ঘোষ।
,, বাবু চন্দ্রনারায়ণ ঘোষ।
,, বাবু বসন্তকুমার ঘোষ।
,, বাবু উমেশচন্দ্র মজুমদার।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে পশ্চাৎ লিখিত মহাশয়েরা অধঃস্থ কার্য্যসাধনার্থ কর্ম্মকারকদের ষষ্ঠ শ্রেণীতে নিযুক্ত হইয়াছেন, এবং আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে ১৮৬৪ সালের ১৬ আইনমতে নিদর্শনপত্রাদির বিশেষ ডেপুটী রেজিষ্ট্রার হইবেন। আরও তাঁহারা ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইবেন, ও ঐ২ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণী মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন, অর্থাৎ—

শ্রীযুত বাবু বরদাকান্ত মজুমদার	... মেদিনীপুরে।
,, দীনবন্ধু সন্ন্যাল	... মুঙ্গেরে
,, বাবু উমাচরণ গঙ্গোপাধ্যায়	... নওয়াখালীতে।
,, বাবু ললিতমোহন চট্টোপাধ্যায়	... বরিশালে।
,, বাবু ভুবনমোহন সিংহ	... ঢাকাতে।

১৮৬৬ সাল ১৯ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ হেশ্যাম সাহেব কিয়ৎকালের নিমিত্তে ১৮৪৩ সালের ১৫ আইনমতে অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন। এবং ইষ্টইণ্ডিয়া রেলওয়ের রাণীগঞ্জ অবধি লক্ষ্মীসরাই পর্য্যন্ত রেলপথের

the Raneegunge and Lukheserai Stations of the East Indian Railway.

Lieutenant C. Hayter, Assistant Commissioner of Kamroop, is transferred to Luckimpore, and is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

Mr. A. T. Maclean to officiate as Magistrate and Collector of Moorshedabad, during the absence, on leave, of Mr. C. J. Mackenzie, or until further orders. This cancels Mr. Maclean's appointment to act as Magistrate and Collector of Noakhally, notified in the *Calcutta Gazette* of the 14th instant.

The 20th February 1866.

Mr G. Graham to act as Vice-Chairman of the Municipal Commissioners for the Town of Kishnaghur, during the absence, on leave, of Dr. Earle.

Mr. H. W. Mackenzie, Extra Assistant Commissioner of Kamroop, is vested with the powers of a Magistrate in that District.

Baboo Rada Kanth Boroon, Sudder Ameen of Nowgong, is vested temporarily with the powers of a Principal Sudder Ameen in that District.

The 22nd February 1866.

Mr. W. P. Davis to be District Superintendent of Police, Maldah, but to continue to officiate, until further orders, as Deputy Commissioner of Police, Calcutta.

Lieutenant H. M. Ramsay to officiate as District Superintendent of Police, Maldah.

The following District Superintendents of Police are transferred, *viz.* :—

Captain Q. D. Parsons, from Moorshedabad to the 24-Pergunnahs.

Lieutenant W. L. Knyvett, from Maldah to Moorshedabad.

Major D. Osborn, on leave, from Burdwan to Gowalparah.

Lieutenant W. B. Birch, from Gowalparah to Burdwan.

Mr. A. H. Giles, from Dinagepore to Nuddea.

Captain C. T. Hitchens to officiate as District Superintendent of Police, Dinagepore.

The following Assistant Superintendents of Police are transferred, *viz.* :—

Mr. W. D. Pratt, from Tipperah to Shahabad.

Mr. C. G. Campbell, from Howrah to Tipperah.

Lieutenant G. B. Johnston to be Personal Assistant to the Inspector-General of Police, Lower Provinces.

নিমিত্তে ভূমি গ্রহণের কার্য্যে রেবিনিউ বোর্ডের অধীনে নিযুক্ত হইবেন।

কামরূপের আসিষ্টান্ট কমিসানর লেপ্টেনেন্ট শ্রীযুত সি, হেটর সাহেব, লক্ষীপুরে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত সি জে মাকেঞ্জি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ টি মাকলীন সাহেব মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

নওয়াখালীর মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করণার্থ শ্রীযুত মাকলীন সাহেবের নিয়োগের যে কথা এই মাসের ২০ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

১৮৬৬ সাল ২০ ফেব্রুআরি।

ডাক্তর শ্রীযুত অরল্ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে শ্রীযুত জি গ্রেহাম সাহেব কৃষ্ণনগরের মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতির কর্ম্ম করিবেন।

কামরূপের অতিরিক্ত আসিষ্টান্ট কমিসানর শ্রীযুত এচ ডবলিউ মাকেঞ্জি সাহেব ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

নৌগাঁয়ের সদর আমীন শ্রীযুত বাবু রাধাকান্ত বড়ুয়া কিয়ৎকালের নিমিত্তে ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ২২ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ পি ডেবিস্ সাহেব মালদহের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কলিকাতার পোলীসের ডেপুটী কমিসানরেরকর্ম্ম করিতে থাকিবেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত এচ এম রামসে সাহেব মালদহের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

পশ্চাৎ লিখিত পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবেরা স্থানান্তরে নিযুক্ত হইয়াছেন, অর্থাৎ

কাপ্তান শ্রীযুত কিউ, ডি, পার্সন্স সাহেব মুরশিদাবাদহইতে ২৪ পরগনায়।

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ এল, নিবেট সাহেব মালদহহইতে মুরশিদাবাদে।

মেজর শ্রীযুত ডি, অসবর্ণ সাহেব বর্দ্ধমানহইতে গোয়ালপাড়ায়, তিনি এইক্ষণে ছুটী লইয়াছেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ বি বর্চ সাহেব গোয়ালপাড়াহইতে বর্দ্ধমানে।

শ্রীযুত এ এচ জাইলস্ সাহেব দিনাজপুরহইতে নদীয়ায়।

কাপ্তান শ্রীযুত সি টি হিচিন্স সাহেব দিনাজপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

পশ্চাৎ লিখিত পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবেরা স্থানান্তরে নিযুক্ত হইয়াছেন, অর্থাৎ—

শ্রীযুত ডবলিউ ডি প্রাট সাহেব ত্রিপুরাহইতে শাহাবাদে।

শ্রীযুত সি জি কাম্বেল সাহেব হাবড়াহইতে ত্রিপুরায়।

লেপ্টেনেন্ট শ্রীযুত জি বি জনষ্টন সাহেব বঙ্গ প্রভৃতি দেশের পোলীসের ইনিস্পেক্টর জেনরল সাহেবের নিজের আসিষ্টান্ট হইবেন।

The following Assistant Superintendents of Police are promoted from the Third to the Second Grade, with effect from the 29th ultimo, *viz.* :—

Mr. G Ridsdale.
„ W. J. Kilby.

Baboo Gonabhiram Surma, Extra Assistant Commissioner, Gowalparah, is transferred to Nowgong, and is vested with the powers of a Magistrate and of a Sudder Ameen in that District.

Baboo Poornanund Burooah, Extra Assistant Commissioner, Nowgong, is transferred to Gowalparah, and is vested with the powers of a Subordinate Magistrate of the First Class and of a Moonsiff in that District.

Mr. H. L. Harrison to be Vice-Chairman of the Municipal Commissioners for the Town of Burdwan.

The following gentlemen to be Members of the Municipal Committee at Balasore:—

Mr. A. Manson.
„ A. C. Woodward.

The 23rd February 1866.

Mr T. H. H. Shortt, Assistant Magistrate, Bhuddruck, is vested with the powers of a Magistrate under Act VII. (B. C.) of 1864.

Baboo Rajchunder Sandyal to be a Member of the Local Committee of Public Instruction at Dinagepore.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Mymensing:—

Mr. T. F. W. Smith.
„ A. D. Dunne.
„ G. S. Andrew.

The 24th February 1866.

Mr. W. P. Davis, Officiating Deputy Commissioner of Police, Calcutta, to be a Visitor of the Bhowanipore Lunatic Asylum, under Section II., Act XXXVI. of 1858.

Sub-Assistant Surgeon Denonath Doss to have charge of the Charitable Dispensary at Chittagong.

The 26th February 1866.

Ensign T. B. Michell to officiate as an Assistant Commissioner in Assam, during the absence, on deputation, of Captain A. E. Campbell, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 19th February 1866.

Mr. G. G. Balfour, Judge of Chittagong, for fifteen months, on Medical Certificate, under Section 11 of the Covenanted Service Absentee Rules, together with three days' preparatory leave, in extension of that notified in the *Calcutta Gazette* of the 17th ultimo.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ । ১ মার্চ ।]

পশ্চাৎ লিখিত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবেরা গত মাসের ২৯ তারিখ অবধি তৃতীয় হইতে দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত জি রীডস্‌ডেল্ সাহেব।
„ ডবলিউ জে কিল্বি সাহেব।

গোয়ালপাড়ার অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত বাবু গণাভিরাম শর্ম্মা নৌগাঁয়ে নিযুক্ত হইয়াছেন এবং সেই জিলাতে মাজিষ্ট্রেটের ও সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন।

নৌগায়ের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত বাবু পুর্ণানন্দ বড়ুয়া গোয়ালপাড়ায় নিযুক্ত হইয়াছেন এবং সেই জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও মুনসেফের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত এচ এল হারিসন্ সাহেব বর্দ্ধমান শহরের মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা বালেশ্বরের মুনিসিপল কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত এ মান্‌সন সাহেব।
„ এ সি উড্‌ওয়াড সাহেব।

১৮৬৬ সাল ২৩ ফেব্রুআরি।

ভদ্রকের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত টি এচ এচ শর্ট সাহেব বঙ্গদেশের ১৮৬৪ সালের ৭ আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু রাজচন্দ্র সান্যাল দিনাজপুরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা ময়মনসিংহের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত টি এফ ডবলিউ স্মিথ সাহেব।
„ এ ডি ডন্ সাহেব।
„ জি এস আন্‌ড্রু সাহেব।

১৮৬৬ সাল ২৪ ফেব্রুআরি।

কলিকাতার পোলীসের একটিং ডেপুটী কমিস্যনর শ্রীযুত ডবলিউ পি ডেবিস সাহেব ১৮৫৮ সালের ৩৬ আইনের ২ ধারামতে ভবানীপুরের ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীর এক জন তত্ত্বাবধারক হইবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত দীননাথ দাস চট্টগ্রামের দাতব্য ঔষধালয়ের কর্ম্মের ভার পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৬ ফেব্রুআরি।

কাপ্তান শ্রীযুত এ ই কাম্বেল সাহেবের রাজকীয় কর্ম্মোপলক্ষে গমন জন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত এন্‌সাইন্ শ্রীযুত টি বি মিচেল সাহেব আসামে আসিষ্টাণ্ট কমিস্যনরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ১৯ ফেব্রুআরি।

চট্টগ্রামের জজ শ্রীযুত জি জি বালফর সাহেবের যে ছুটীর কথা গত মাসের ২২ তারিখের বাঙ্গালা গেজেটে প্রকাশ হয় তদতিরিক্ত তিনি চিকিৎসকের সর্টিফিকটক্রমে চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে পনের মাসের ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন প্রস্তুত হইবার নিমিত্তে তিন দিনের ছুটী পাইয়াছেন

Mr. C. J. Mackenzie, Magistrate and Collector of Moorshedabad, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 12th proximo, or any subsequent date on which he may avail himself of the leave.

The 21st February 1866.

Baboo Greesh Chunder Ghose, First Principal Sudder Ameen of the 24-Pergunnahs, for one month, from the 7th instant, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules. Baboo Koilas Chunder Deb, the Second Principal Sudder Ameen of the District, will remain in charge of the office of the First Principal Sudder Ameen, during Baboo Greesh Chunder Ghose's absence.

The 22nd February 1866.

Mr. J. B. Birch, Assistant Superintendent of Police, Maunbhoom, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

The 23rd February 1866.

Mr. A. A. Swinton, Judge of Tipperah, for twenty-eight days, preparatory to proceeding to Europe on Furlough.

Baboo Goopeenauth Bose, Sudder Ameen of Nuddea, for six months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

Baboo Jogomohun Roy, Deputy Magistrate and Deputy Collector, Balasore, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Baboo Kooldeepnarain Sing, Deputy Magistrate and Deputy Collector of Gya, for two months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

NOTIFICATIONS.

The 20th February 1866.

The Lord Bishop of Calcutta has granted one month's privilege leave of absence to the Reverend H. Moule, Chaplain of Hazareebaugh.

Mr. S. C. Bayley, Junior Secretary to the Government of Bengal, made over charge of his office to Mr. J. Geoghegan on the afternoon of the 22nd instant.

The appointments of Messrs. W. Cornell, T. F. Bignold, and E. G. Glazier, notified in the *Calcutta Gazette* of the 21st instant, will have effect from the 10th idem.

The 19th February 1866.

The following gentlemen are appointed to be Members of the Committee constituted for the purpose of carrying out the provisions of Act

মুরশিদাবাদের মাজিস্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি জে মাকেঞ্জি সাহেব আগামি মাসের ১২ তারিখ অবধি অথবা তৎপরের যে কোন তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২১ ফেব্রুআরি।

২৪ পরগনার প্রথম প্রধান সদরআমীন শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ৭ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কালে ঐ জিলার দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দেবের প্রতি প্রথম প্রধান সদর আমীনের কার্য্যালয়ের কর্ম্মের ভার থাকিবে।

১৮৬৬ সাল ২২ ফেব্রুআরি।

মানভূমের পোলীসের আসিষ্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে বি বর্চ সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সালে ২৩ ফেব্রুআরি।

ত্রিপুরার জজ শ্রীযুত এ এ সুইন্টন সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তত হইবার জন্যে আটাইস দিনের ছুটী পাইয়াছেন।

নদীয়ার সদর আমীন শ্রীযুত বাবু গোপীনাথ বসু অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জগন্মোহন রায় যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কুলদীপ নারায়ণ সিংহ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২০ ফেব্রুআরি।

কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেব হাজারীবাগের পুরোহিত শ্রীযুত এচ মৌল সাহেবকে এক মাস অনুগ্রহের ছুটী দিয়াছেন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত এস সি বেলি সাহেব এই মাসের ২২ তারিখের অপরাহ্নে আপন কার্য্যালয়ের কর্ম্মের ভার শ্রীযুত জে গিওগান সাহেবের প্রতি অর্পণ করিলেন।

শ্রীযুত ডবলিউ কর্ণেল সাহেবের ও শ্রীযুত টি এফ বিগনল্ড সাহেবের ও শ্রীযুত ই জি গ্লেজিয়র সাহেবের নিয়োগের যে কথা এই মাসের ২১ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা এই মাসের ১০ তারিখ অবধি প্রবল হইবে।

Mr. N. S. Alexander to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade, but to continue to officiate as Joint-Magistrate and Deputy Collector of Purneah.

The above eight appointments will have effect from the 24th ultimo.

The 5th March 1866.

The following Officers of the Subordinate Executive Service are promoted, *viz.* :—

To the First Grade.

Mr. H. Doveton.
,, W. Heysham.
,, W. H. Ryland.

To the Second Grade.

Baboo Brojosoonder Mitter.
,, Mothoornath Banerjee.
,, Kalidass Paulit.

পতি এবং পশ্চাৎ লিখিত মহাশয়েরা মেম্বর হইবেন, অর্থাৎ—

মুনসেফ
ডেপুটী মাজিষ্ট্রেট } আপনং পদোপলক্ষে।
সবআসিস্টাণ্ট চিকিৎসক

শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন চট্টোপাধ্যায়।
,, ,, রামকানাই ঘোষাল।
,, ,, জয়গোপাল মুখোপাধ্যায়।
,, ,, বেণীমাধব মিত্র।
,, ,, বরদাচরণ বন্দ্যোপাধ্যায়।
,, ,, বেণীমাধব চট্টোপাধ্যায়।

১৮৬৬ সাল ২ মার্চ।

শ্রীযুত জে ডনকান সাহেব চট্টগ্রাম নগরের মুনিসিপল কমিস্যনর হইবেন।

শ্রীযুত টি টি আলেন সাহেব কমিল্লা নগরের মুনিসিপল কমিস্যনর হইবেন।

পাদরী শ্রীযুত এচ এফ কর্বিন সাহেব কটকের পুরোহিত হইবেন।

১৮৬৬ সাল ৩ মার্চ।

শ্রীযুত এফ এ বি গ্লবর সাহেব নদীয়ার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব কটকের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত এ লিবিয়ান সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেকুটর হইবেন, কিন্তু শ্রীযুত এফ বি সিমসন সাহেবের ছুটী হইতে প্রত্যাগমন না করা কি অন্য আজ্ঞা না হওয়া পর্য্যন্ত তিনি ময়মনসিংহের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন

শ্রীযুত এচ বি লাফড সাহেব শ্রীহট্টের মাজিষ্ট্রেট ও কালেকুটর হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত যশোহরের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এচ জে রেনল্ড্‌স সাহেব ময়মনসিংহে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেকুটর হইবেন।

শ্রীযুত এ. বি, ফাল্কন সাহেব ময়মনসিংহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর হইবেন, কিন্তু বগুড়ার মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত টি জে সি গ্রাণ্ট সাহেব মেদিনীপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর হইবেন।

শ্রীযুত এন এস আলেকজাণ্ডর সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর হইবেন, কিন্তু পূরণিয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিতে থাকিবেন।

পূর্ব্বোক্ত আট নিয়োগ গত মাসের ২৪ তারিখ অবধি প্রবল হইবে।

১৮৬৬ সাল ৫ মার্চ।

পশ্চাৎ লিখিত অধঃস্থ কর্ম্ম কারকেরা উচ্চ পদভুক্ত হইয়াছেন, অর্থাৎ—

প্রথম শ্রেণীতে।

শ্রীযুত এচ ডবটন সাহেব।
,, ডবলিউ হেশ্যাম সাহেব।
,, ডবলিউ এচ রাইলণ্ড সাহেব।

দ্বিতীয় শ্রেণীতে।

শ্রীযুত বাবু ব্রজসুন্দর মিত্র।
,, বাবু মথুরানাথ বন্দ্যোপাধ্যায়।
,, বাবু কালিদাস পালিত।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৩ মার্চ।]

To the Third Grade.

Baboo Mohender Nath Bose.
,, Hurro Chunder Ghose.
,, Rashbehary Bose.
,, Bunkim Chunder Chatterjee, B. A.

To the Fourth Grade.

Lalla Faqueer Chand Lall.
Baboo Bhuggwan Chunder Bose.
,, Calicadass Dutt, B. L.
,, Jadub Chunder Ghose.
,, Ramakhoy Chatterjee.
,, Obhoy Churn Dass.

To the Fifth Grade.

Baboo Goluck Chunder Roy.
Moulvy Feda Ali.
Baboo Sham Chunder Nath.
Mr. F. Grant.
Baboo Kalipersaud Sen.
,, Gobind Chunder Bose.
,, Rakhaldass Haldar.
,, Gobind Mohun Ghose.
,, Chunder Mohun Roy.
,, Kalinath Ghose.
,, Brojokant Roy.
Mr. R. S. T. McEwen.

LEAVE OF ABSENCE.

The 27th February 1866.

Dr. E. C. Bensley, Civil Assistant Surgeon of Midnapore, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

The 28th February 1866.

Lieutenant W. B. Birch, District Superintendent of Police, Burdwan, for thirty-five days, to enable him to re-join his appointment.

Mr. H. G. Renny, Assistant Superintendent of Police, Jessore, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, No. 255, dated 8th November 1865, from the 15th instant, or any other date on which he may avail himself of the leave.

The 1st March 1866.

Baboo Hurgowrie Bose, Principal Sudder Ameen of Chittagong, for one month, from the 12th ultimo, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules. The additional Principal Sudder Ameen of Chittagong will remain in charge of the Principal Sudder Ameen's Office during Baboo Hurgowrie Bose's absence, or until further orders.

NOTIFICATIONS.

The 23rd February 1866.

Sub-Assistant Surgeon Doyal Chunder Shome, House Surgeon of the Eye Infirmary, having

তৃতীয় শ্রেণীতে।

শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ বসু।
,, বাবু হরচন্দ্র ঘোষ।
,, বাবু রাসবেহারি বসু।
,, বাবু বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বি, এ,

চতুর্থ শ্রেণীতে।

শ্রীযুত লালা ফকীরচাঁদ লাল।
,, বাবু ভগবানচন্দ্র বসু।
,, বাবু কালিকাদাস দত্ত বি, এল,
,, বাবু যাদবচন্দ্র ঘোষ।
,, বাবু রামাক্ষয় চট্টোপাধ্যায়।
,, বাবু অভয়াচরণ দাস।

পঞ্চম শ্রেণীতে।

শ্রীযুত বাবু গোলোকচন্দ্র রায়।
,, মৌলবী ফেদা আলী।
,, বাবু শ্যামচন্দ্র নাথ।
,, এফ গ্রান্ট সাহেব।
,, বাবু কালীপ্রসাদ সেন।
,, বাবু গোবিন্দচন্দ্র বসু।
,, বাবু রাখালদাস হালদার।
,, বাবু গোবিন্দমোহন ঘোষ।
,, বাবু চন্দ্র মোহন রায়।
,, বাবু কালীনাথ ঘোষ।
,, বাবু ব্রজকান্ত রায়।
,, আর এস টি মাকইউএন সাহেব।

ছুটী।

১৮৬৬ সাল ২৭ ফেব্রুআরি।

মেদিনীপুরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ই সি বেন্সলী সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারারমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৮ ফেব্রুআরি।

বর্দ্ধমানের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ বি বর্চ সাহেব আপন কর্ম্মস্থানে পঁহুছিতে পারিবার নিমিত্তে পঁয়ত্রিশ দিনের ছুটী পাইয়াছেন।

যশোহরের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ জি রেন্নী সাহেব এই মাসের ১৫ তারিখ অবধি অথবা যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের ২৫৫ নম্বরের পত্রক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১ মার্চ।

চট্টগ্রামের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু হরগৌরী বসু অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত মাসের ১২ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন, তাঁহার অনুপস্থান কালে কিম্বা অন্যআজ্ঞা না হওন পর্য্যন্ত চট্টগ্রামের আডিসানল প্রধান সদর আমীনের প্রতি প্রধান সদর আমীনের কার্য্যালয়ের কর্ম্মের ভার থাকিবে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২৩ ফেব্রুআরি।

নেত্র রোগের হোস সর্জ্জন, সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত দয়ালচন্দ্র সোম এই মাসের ১৪ তারিখের

returned to his duties on the forenoon of the 14th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 21st December last, and of which he availed himself on the 1st ultimo, is cancelled.

The 27th February 1866.

Mr. G. G. Balfour, of the Civil Service, reported his departure from India per Steamer *Simla*, which was left by the Pilot at Sea on the 24th instant.

The 28th February 1866.

The Lieutenant-Governor has been pleased to sanction the transfer of the head-quarters of the Terai Sub-Division, Darjeeling, from Phanseedewa to Silligoree.

The 2nd March 1866.

The services of Mr. J. A. Crawford, c. s., are placed, temporarily, at the disposal of the Government of India, Military Department.

NOTIFICATION.

The 2nd March 1866.

The Lieutenant-Governor is pleased to extend the operation of Section 34 of Act V. of 1861, an Act for the Regulation of Police, to the Towns of Hooghly, Serampore, and Ooterparah, in the District of Hooghly.

NOTIFICATION.

The 3rd March 1866.

The Lieutenant-Governor is pleased to extend the operation of Section 34 of Act V. of 1861, an Act for the Regulation of Police, to the Town of Burdwan, in the District of Burdwan.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for a Carriage Road to admit of the inhabitants of Howrah driving to the Royal Botanic Gardens from the College Avenue Road, it is hereby notified that, for the aforesaid purpose, a strip of land extending from the Avenue Road to the Gate in the Eastern boundary wall of the Gardens and measuring 30 feet in breadth, and about 2,500 feet in length, more or less, is required.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the establishment of Public Privies within the Town of Calcutta, it

পূর্ব্বাহ্নে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত ডিসেম্বর মাসের ২১ তারিখের আজ্ঞামতের যে ছুটী গত মাসের ১ তারিখ অবধি গ্রহণ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

১৮৬৬ সাল ২৭ ফেব্রুআরি।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত জি জি বালফর সাহেব, সিমলানামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন, সেই জাহাজ গত মাসের ২৪ তারিখে আড়কাটী সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

১৮৬৬ সাল ২৮ ফেব্রুআরি।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব দার্জ্জিলিঙ্গের অন্তর্গত তেরাই শাখাখণ্ডের সদর স্থান ফাঁসিদেওয়া হইতে সিলিগরিতে স্থানান্তর করণ বিষয়ে অনুমোদন করিয়াছেন।

১৮৬৬ সাল ২ মার্চ।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত জে এ ক্রাফর্ড সাহেব কিয়ৎকালের নিমিত্তে মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২ মার্চ।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬১ সালের ৫ আইনের অর্থাৎ পোলীসের বিধান করণার্থ আইনের ৩৪ ধারা হুগলী জিলার অন্তর্গত হুগলী ও শ্রীরামপুর ও উত্তরপাড়ায় প্রচলিত করিয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৩ মার্চ।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬১ সালের ৫ আইনের অর্থাৎ পোলীসের বিধান করণার্থ আইনের ৩৪ ধারার বিধান বর্দ্ধমান জিলার অন্তর্গত বর্দ্ধমান নগরে প্রচলিত করিয়াছেন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বিশপ কালেজের সারিগাছা রাস্তা অবধি হাবড়া বাসিন্দের কোম্পানির বাগানে যাইবার গাড়ির পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে সারিগাছা পথ অবধি বাগানের পূর্ব্বদিগের প্রাচীরের ফটক পর্য্যন্ত ন্যূনাধিক ৩০ ফুট প্রশস্থ ও ২৫০০ ফুট দীর্ঘ ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পার্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতা নগরে সাধারণের পাইখানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত

is hereby declared that, for the above purpose, a piece of land situated in Calcutta, measuring 6 cottahs 6 chittacks, more or less, and known as portion of Holding No. 257, Block No. I., South Division, is required.

The land is bounded on the North by the property of Nabob Nazeer Seedhee Nazeerally Khan Bahadoor; on the East by a public Drain and Lane, and on the South and West by the remaining portion of the Holding to be taken.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the establishment of Public Privies within the Town of Calcutta, it is hereby declared that, for the above purpose, a piece of land situated in Calcutta, measuring 7 cottahs 14 chittacks 30 square feet, more or less, and known as portion of Holding No. 157, Block No. 13, South Division, is required.

The land is bounded on the North by portions of the respective properties of Nobin Chunder Bose and Shama Churn Mitter; on the East by the remaining portion of the Holding to be taken; on the South by portions of the respective properties of Shabyat Kisto Doyal Dhur and others, and Bulloram Ghose and others, and on the West by New China Bazaar Lane.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the establishment of Public Privies, it is hereby declared that, for the above purpose, a piece of land situated within the Town of Calcutta, measuring 6 cottahs 15 chittacks, more or less, and recorded as portion of Holding No. 190, Block No. 16, South Division, is required.

It is bounded on the North by the remaining portion of the Holding to be taken; on the South by Emambary Lane; on the East by the property of Khaja Mahomed Nazir, and on the West by the property of Shaik Cassimally.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

[*Government Gazette*, 13*th March* 1866.]

কার্য্যের নিমিত্তে কলিকাতা নগরের মধ্যে ন্যূনাধিক ।৶৵ ছটাক ভূমির প্রয়োজন। উক্ত ভূমি দক্ষিণ খণ্ডের ১ নং কিতার ২৫৭ নং যোতের অংশ বলিয়া খ্যাত।

উক্ত ভূমির উত্তর সীমা নবাব নাজীর সিদ্ধি নাজীর-আলী খাঁ বাহাদুরের সম্পত্তি, পূর্ব্ব সীমা রাজকীয় নর্দ্দামা ও গলিপথ, দক্ষিণ ও পশ্চিম সীমা যে যোত লইতে হইবে তাহার অবশিষ্টাংশ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতা নগরে সাধারণের পাইখানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতায় ন্যূনাধিক ।২৸৵ ছটাক ৩০ বর্গফুট ভূমির প্রয়োজন। উক্ত ভূমি দক্ষিণ খণ্ডের ১৩ নং কিতার ১৫৭ নং যোতের অংশ বলিয়া খ্যাত।

উক্ত ভূমির উত্তর সীমা নবীনচন্দ্র বসু ও শ্যামাচরণ মিত্রের সম্পত্তির অংশ, পূর্ব্ব সীমা যে যোত লওয়া যাইবে তাহার অবশিষ্টাংশ, দক্ষিণ সীমা সবিয়ৎ কৃষ্ণদয়াল ধর প্রভৃতির ও বলরাম ঘোষ প্রভৃতির সম্পত্তির অংশ, পশ্চিম সীমা নূতন চিনেবাজারের গলিপথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতা নগরে সাধারণের পাইখানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকতা নগরের মধ্যে ন্যূনাধিক ।১৸৶৹ ছটাক ভূমির প্রয়োজন। উক্ত ভূমি দক্ষিণ খণ্ডের ১৬ নং কিতার ১৯০ নং যোতের অংশ বলিয়া উল্লিখিত।

উক্ত ভূমির উত্তর সীমা যে যোত লইতে হইবে তাহার অবশিষ্টাংশ দক্ষিণ, সীমা এমামবাড়ীর গলিপথ, পূর্ব্ব সীমা খাজে মহম্মদ নাজিরের সম্পত্তি, পশ্চিম সীমা সেখ কাশীম আলীর সম্পত্তি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the establishment of Public Privies within the Town of Calcutta, it is hereby declared that, for the above purpose, a piece of land situated in Calcutta, measuring eleven cottahs, more or less, and known as portion of Holding No. 42, Block No. 13, South Division, is required.

The land is bounded on the North, East, South, and West by the property of Doorga Churn Bose.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the establishment of Public Privies within the Town of Calcutta, it is hereby declared that, for the above purpose, a plot of land measuring eight cottahs, more or less, situated within the Town of Calcutta, and recorded as Holding No. 19, Block 10, South Division, is required.

The land is bounded on the North by the property of Casseynauth and Hurronauth Mullick; on the South by Park Street; on the East by the properties of Bebee Aijoon, and on the West by the French Burial Ground.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

NOTIFICATION.

The 27th February 1866.

Under the authority vested in him by Section 29, Act XXII. of 1855, the Lieutenant-Governor is pleased to fix the limits of the Port of Calcutta as those within which vessels are prohibited from having on board any quantity of Gun-powder, Rockets, or other combustible ammunition exceeding altogether fifty pounds in weight, whether manifested for delivery or not.

2. The Magazine at Moyapore is hereby declared to be the proper place for the deposit of such Gun-powder, Rockets, or other combustible ammunition in excess of fifty pounds; and the Officer in charge of the said Magazine is also, under the Section above quoted, appointed to receive the same.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১৩ মার্চ।]

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতা নগরে সাধারণের পাইখানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতা নগরের মধ্যে ন্যূনাধিক ॥১ কাঠা ভূমির প্রয়োজন, উক্ত ভূমি দক্ষিণখণ্ডের ১৩ নং কিতার ৪২ নং যোতের অংশ বলিয়া খ্যাত।

উক্ত ভূমির উত্তর, দক্ষিণ, পূর্ব্ব, ও পশ্চিম সীমা দুর্গাচরণ বসুর সম্পত্তি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতা নগরে সাধারণের পাইখানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতা নগরের মধ্যে ন্যূনাধিক ।৩ কাঠা ভূমির প্রয়োজন। উক্ত ভূমি দক্ষিণ খণ্ডের ১০ নং কিতার ১৯ নং যোত বলিয়া উল্লিখিত।

উক্ত ভূমির উত্তর সীমা কাশীনাথ ও হরনাথ মল্লিকের সম্পত্তি, দক্ষিণ সীমা পার্ক ষ্ট্রীট, পূর্ব্ব সীমা বিবি আইজুনের সম্পত্তি, পশ্চিম সীমা ফরাসীদের কবর স্থানের ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২৭ ফেব্রুআরি।

১৮৫৫ সালের ২২ আইনের ২৯ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তৎক্রমে তিনি কলিকাতা বন্দরের এই সীমা নিরূপণ করিয়াছেন, যে জাহাজে বারুদ ও হাউই কিম্বা সর্ব্বসুদ্ধ ৫০ পৌণ্ডের অধিক দাহাত্মক দ্রব্য থাকে, তাহা বিজকে লেখা থাকুক কি না থাকুক সেই প্রকারের জাহাজ যে সীমার মধ্যে থাকিতে না পারে তাহাই কলিকাতা বন্দরের সীমা।

২। মায়াপুরের বারুদখানা ঐ বারুদ কি হাউই কি ৫০ পৌণ্ডের অধিক অন্য দাহাত্মক দ্রব্য গচ্ছিত করিবার উপযুক্ত স্থান, এবং যে কর্ম্মকারক উক্ত বারুদখানার কর্ম্মের ভারপ্রাপ্ত হন তিনি সেই ধারাক্রমে ঐ দ্রব্য গ্রহণার্থে নিযুক্ত আছেন।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 5th March 1866.

Moulvie Mahomed Natiq, Moonsiff of Ramnaggur, Zillah Purneah, to be Moonsiff of Dundkhorah, Zillah Purneah. Baboo Modhoosudun Ghose, Sudder Moonsiff of Jessore, to act as Moonsiff of Nurrail, in Jessore, with retrospective effect, from 2nd November last, during the absence of the permanent incumbent, on leave, in addition to his own duties as Sudder Moonsiff.

The 7th March 1866.

Baboo Joygopal Bose, Moonsiff of Sesseram, Zillah Shahabad, to be Moonsiff of Buxar, in Shahabad.

Baboo Gobind Chunder Sandyal, Moonsiff of Buxar, to be Moonsiff of Sasseram, Zillah Shahabad.

Baboo Shyamlal Haldar to officiate as Moonsiff of Sesseram, Zillah Shahabad.

The 8th March 1866.

Baboo Horro Pershad Mozoomdar to officiate as Moonsiff of Jamalpore, Zillah Mymensingh, during the absence of Baboo Boishnub Chunder Doss, or until further orders.

The 9th March 1866.

Baboo Ummernath Pundit, Moonsiff of Serajgunge, Zillah Rajshahye, to be Moonsiff at the Town of Behar, in the District of Patna.

Baboo Greesh Chunder Chowdhry, B. L., to officiate as Moonsiff of Nurrail, Zillah Jessore.

LEAVE OF ABSENCE.

The 7th March 1866.

Baboo Gunnesh Chunder Chowdhry, Moonsiff of Rajarampore, Zillah Dinagepore, for two months, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules in extension of the leave granted on the 21st November last.

The 8th March 1866.

Baboo Kaderessur Roy, Moonsiff of Gopalpore, Zillah Beerbhoom, for seven days, from the 5th instant, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

Baboo Boishnub Chunder Doss, Moonsiff of Jamalpore, Zillah Mymensingh, for three months, on private affairs, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP,
Registrar.

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৬ সাল ৫ মার্চ।

পূরণিয়া জিলার রামনগরের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ নাতিক, পূরণিয়া জিলার দণ্ডখোরার মুনসেফ হইবেন। যশোহরের অন্তর্গত নড়াইলের মুনসেফের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে যশোহরের সদর মুনসেফ শ্রীযুত বাবু মধুসূদন ঘোষ আপন সদর মুনসেফের কর্ম্মাতিরিক্ত নড়াইলের মুনসেফের কর্ম্ম করিবেন। তাঁহার সেই কর্ম্ম গত নবেম্বর মাসের ২ তারিখঅবধি গণ্য।

১৮৬৬ সাল ৭ মার্চ।

শাহাবাদ জিলার অন্তর্গত শাসিরামের মুনসেফ শ্রীযুত বাবু জয়গোপাল বসু শাহাবাদের বকসারের মুনসেফ হইবেন।

বকসারের মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র সান্যাল শাহাবাদ জিলার শাসিরামের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু শ্যামলাল হালদার শাহাবাদ জিলার শাসিরামের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ৮ মার্চ।

শ্রীযুত বাবু বৈষ্ণবচন্দ্র দাসের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু হরপ্রসাদ মজুমদার ময়মুনসিংহ জিলার জামালপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ৯ মার্চ।

রাজশাহী জিলার শেরাজগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু অমরনাথ পণ্ডিত পাটনা জিলার বেহার নগরের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চৌধুরী বি এল যশোহর জিলার নড়াইলের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ৭ মার্চ।

দিনাজপুরের রাজারামপুরের মুনসেফ শ্রীযুত বাবু গণেশচন্দ্র চৌধুরী গত নবেম্বর মাসের ২১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ৮ মার্চ।

বীরভূম জিলার গোপালপুরের মুনসেফ শ্রীযুত বাবু কেদারেশ্বর রায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ৫ তারিখ অবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

ময়মুনসিংহ জিলার জামালপুরের মুনসেফ শ্রীযুত বাবু বৈষ্ণবচন্দ্র দাস নিজের কর্ম্মের নিমিত্তে অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

NOTICE.

PUBLISHED THIS-DAY.

No. XIV. of the Quarterly Civil List for the Lower Provinces of Bengal, shewing the names, designations, and emoluments of the Civil, Military, and Uncovenanted Servants of Government in all Departments.

Price—Rupees three (3) per copy in cash, or by a money order. Stamps cannot be received.

বিজ্ঞাপন।

বঙ্গপ্রভৃতিদেশে নিযুক্ত কর্ম্মকারকদের নামাদির ১৪ নং নির্ঘণ্ট পুস্তক অদ্য প্রকাশ হইল। সেই পুস্তকে গবর্ণমেণ্টের সকল সিরিশতার দেওয়ানী ও ফৌজদারী ও সৈন্য সম্পর্কীয় ও অচিহ্নিত সকল কার্য্যকারকের নাম ও পদ ও বেতন প্রকটিত হইয়াছে।।

মূল্য ৩৲ টাকা মাত্র।

নগদ কি মনিঅর্ডর পাঠাইতে হইবে। ইষ্টাম্প অগ্রাহ্য।

নং ১৫৭।

নিমকের ইস্তেহার।

১ দফা। গবর্ণমেণ্টের হুকুমানুসারে ইস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৬ সালের ১ ডিসেম্বর তারিখে বাঙ্গালা ও উড়িষ্যা প্রদেশে ভিন্ন২ প্রকার সরকারি নিমক যাহা অবিক্রী থাকিবেক তাহার দর মাস্থল ছাড়া ঐ তারিখহইতে নিম্ন লিখিতরূপে ন্যূন করা যাইবেক।

মোকামহায়।

প্রেসিডেন্সির শালিখা ও ঘুষড়িতে ...	পাঙ্গা নেমক		৯৬৲	টাকাহইতে	৭০৲	টাকা পর্য্যন্ত ন্যূন হইবেক।
	মাদরাজ করকচ		৭১৲	ঐ	৪০৲	ঐ
	চিলকা	ঐ	৬১৲	ঐ	৩৫৲	ঐ
	সিন্ধু	ঐ	৯৩৲	ঐ	৫০৲	ঐ
হিজলি	পাঙ্গা নেমক		৭৪৲	ঐ	৬০৲	ঐ
তমলুক (নারায়ণপুর) ...	ঐ		৮৩৲	ঐ	৭০৲	ঐ
পুরী	পাঙ্গা নেমক		৭৫৲	ঐ	৬০৲	ঐ
	করকচ	ঐ	৩১৲	ঐ	১৫৲	ঐ

২ দফা। এই সকল দর সর্ব্বাপেক্ষা ন্যূন দর বলিয়া স্থির করা হইল ইহার অপেক্ষা পরে আর দর কমানো হইবেক না। কিন্তু সরকার বাহাদুরের ক্ষমতা রহিল যে সুযোগ হইলে দস্তুরমত সংবাদ দিয়া তাঁহারা রাজস্বের জন্য উক্ত দর সকল বৃদ্ধি করিতে পারিবেন।

৩ দফা। প্রকাশ্য নীলামের দ্বারা নিমক বিক্রয় করা বন্দ হইল।

বিঃ হুকুম সাহেবান আলিশান বোর্ড অফ রেবিনিউ সন ১৮৬৬ সাল তারিখ ১৭ ফিব্রুআরি।

টি ক্রস লেন।
ছোট সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৩ মার্চ।]

Paris Universal Exhibition of Agriculture, Industry, and Art of 1867.

NOTIFICATION.

WITH reference to the orders of Government, No. 6736, dated the 2nd November 1865, and published in the *Calcutta Gazette* of the 15th idem, parties desirous of sending Articles to the Paris Exhibition are invited to communicate their intentions either to the Central Committee for Bengal, or to any of the Commissioners of the Divisions named below,* and to forward an accurate description of the Articles intended to be sent.

2. A description of all Articles must first be submitted for the approval of the Central Committee, in order that it may be determined whether the same or such as, with reference to the objects of the Exhibition and other circumstances, the Government can undertake to transmit to Paris at the Public expense.

3. All Articles tendered for contribution by private individuals after being approved of by the Central Committee will be taken charge of and forwarded to Paris at the expense of Government, and after the close of the Exhibition they will be disposed of in such manner as may be agreed upon between the Central Committee and the respective contributors.

4. The nature and description of Articles admissible into the Exhibition may be learnt on application to the Central Committee, or to any of the Commissioners of Divisions, and it is particularly intimated that Articles tendered for contribution should be limited to works of Industry and Art locally produced.

5. Parties wishing to become contributors to the Paris Exhibition must signify their intentions within three months from this date, after which no application can be received.

By Order of the Central Committee,

A. M. DOWLEANS,
Secretary.

CALCUTTA,
The 10th January 1866.

১৮৬৭ সালে পারিস নগরে কৃষি ও অধ্যবসায়জনিত ও শিল্পঘটিত কার্য্যের যে মহা প্রদর্শন হইবে তদ্বিষয়ক বিজ্ঞাপন।

১৮৬৫ সালের নবেম্বর মাসের ২ তারিখের ৬৭৩৬ নম্বরের গবর্ণমেণ্টের যে আজ্ঞা ঐ মাসের ২১ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তদুপলক্ষে জানান যাইতেছে যে, পারিস নগরের প্রদর্শনে যাঁহারা দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছুক আছেন তাঁহারা যে২ দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছা করেন তাহার প্রকৃত বৃত্তান্ত বঙ্গদেশের সদর কমিটীতে কিম্বা পশ্চাৎ লিখিত খণ্ডের* কোন কমিস্যনর সাহেবের নিকটে লিখিয়া পাঠাইবেন।

২। সদর কমিটীর সম্মতি পাইবার জন্যে প্রথমে সকল দ্রব্যের বৃত্তান্ত লিখিয়া পাঠাইতে হইবে, কেননা প্রদর্শনের উদ্দেশ্য বিবেচনায় সেই সকল দ্রব্য মনোনীত হইতে পারে কি না এবং বিষয়ান্তরে রাজকীয় ব্যয়ে গবর্ণমেণ্ট তাহা পারিস নগরে পাঠাইতে পারেন কি না ইহা স্থির করা আবশ্যক।

৩। সদর কমিটীর সম্মতি পাইলে পর ব্যক্তি বিশেষ কর্ত্তৃক যে সকল দ্রব্য দিবার প্রস্তাব হয় তাহা জিম্মায় লইয়া রাজকীয় ব্যয়ে পারিস নগরে পাঠান যাইবে, ও প্রদর্শন হইয়া গেলে পর সেই সকল দ্রব্য লইয়া সদর কমিটীর ও যাঁহারা সেই দ্রব্য দিয়াছেন তাঁহাদের পরস্পরের যদ্রূপে সম্মতি হইয়াছে তদ্রূপে কার্য্য হইবে।

৪। যে২ ভাবের ও প্রকারের দ্রব্য প্রদর্শনে গ্রাহ্য হইবে তাহা সদর কমিটীর নিকটে কিম্বা খণ্ডের কোন কমিসানর সাহেবের নিকটে আবেদন করিলে জানা যাইতে পারিবে। আরো ইহা বিশেষমতে জানান যাইতেছে যে, অধ্যবসায়জনিত কি শিল্পঘটিত যে দ্রব্য স্থানবিশেষে উৎপন্ন হইয়াছে তদ্ভিন্ন কোন দ্রব্য পাঠাইবার প্রস্তাব না হয়।

৫। যাঁহারা পারিস নগরের প্রদর্শনে দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছা করেন তাঁহারা এই বিজ্ঞাপনের তারিখ অবধি তিন মাসের মধ্যে আপনাদের মনস্থ জ্ঞাত করিবেন, তিন মাসের পর তাঁহাদের আবেদন গ্রাহ্য হইবে না।

সদর কমিটীর আজ্ঞাক্রমে,

এ এম ডৌলিন্স,
সেক্রেটারী।

কলিকাতা,
১৮৬৬ সাল ১০ জানুআরি।

---

*Patna, Bhaugulpore, Rajshahye, Dacca, Nuddea, Chittagong, Burdwan, Cuttack, Chota Nagpore, Assam, Cooch Behar.

* পাটনা। ভাগলপুর। রাজশাহী। ঢাকা। নদীয়া চট্টগ্রাম। বৰ্দ্ধমান। কটক। ছোট নাগপুর। আসাম। কচবেহার।

[*Government Gazette*, *13th March* 1866.]

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা মেদিনীপুর।

ইশ্‌তাহার

সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৫৯। ১১ আইনের ৬ ছয় দফামতে সন ১৮৫৯ সালের ১০ আইন সুরত ৪৮৪ নং ডিক্রীজারির মোকদ্দমায় যাহাতে রাখালদাস মুখোপাধ্যায় ডিক্রীদার জানকী দেই দেনির জিলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নের লিখিত মহালের মধ্যে দেনির অংশের তস্কীষ বঃ ১৬০৩৶৫ পাই অত্র জেলার কালেক্টরীতে সন ১৮৬৬ সালের ২৮ মার্চ আমলি সন ১২৭৩ সালের ১৭ চৈত্র তারিখে নীলাম হইবেক ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ১৯ ফেব্রুআরি।

ইষ্টেড বাডগেড নং তৌজী ১৫৯। পং সাহাপুর সদর জমা ৩২১৩।৶২
মালিক শ্রীমতী জানকী দেই ওগেরহ

T. GRANT,
Covd. Dy. Collr. in charge of office for Collector.

জিলা যশোহর।

এস্তাহার।

সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত মহাল সন ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমত লাটবন্দী হইয়া সরকারি বাকী রাজস্ব দাখিলের শেষ দিবস গত ১২ জানুআরি অবধারিত হইয়াছিল তাহাতে বাকী দাখিল না হওয়া প্রযুক্ত উক্ত আইনের ৬ ধারার বিধানক্রমে বর্ত্তমান সন ১৮৬৬ সালের ১৪ মার্চ মোতাবেক বাঙ্গলা সন ১২৭২ সালের ২ চৈত্র রোজ বুধবার নীলামের তারিখ অবধারিত হইল উক্ত তারিখে মহাল মজকুরান জেলা যশহরের শ্রীযুত কালেক্টর সাহেবের হজুরে বিনাওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৬ সাল তারিখ ২২ ফেব্রুআরি।

তৌজির নম্বর।	প্রথম শ্রেণীর চির কালের বন্দবস্ত হওয়া মহাল।	
১৪১ নং।	পরগনে মাহাম্মদসাহি তরফ কুলচারা তালুক মির বাখেরালি চৌধুরী ও মির খোরসেদালি ও রামকুমার ও রামশঙ্কর ও মাধবচন্দ্র ও যাদবচন্দ্র ও মহিমাচন্দ্র ও মুরারিধর ও গোবিন্দচন্দ্র ও নয়ানচন্দ্র ও গৌরিশচন্দ্র মজুমদার ও গঙ্গাপ্রসাদ চক্রবর্ত্তী ও গদাধর ঘোষ সদর জমা	৯৮৪।'৯
২৪২ নং।	পরগনে ঐ তরফ রাজাপুর তালুক রাণী গোলোকসুন্দরী দেব্যা সদর জমা	৬৬১।৵৬

J. MONRO,
Cffy. Collector.

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা যাইতেছে আমার নীলাম খরিদা জিলে ত্রিপুরার মোতালক পরগনে বরদাখাত হিস্যে ।।৵১৩। – ক্রান্ত সরকার বাহাদুরের খাস মহাল জমিদারিসংক্রান্ত নীচের তফসিলের লিখিত মহাল্লাত জরিপ ও হাশীল জমির জমাবন্দি অনুসারিয় জমাহইতে শতকরা ১০৲ দশ টাকা তহসীলা আখেরাজাত বাদে বাকী জমায় ১২৭৩ সনের প্রথমহইতে ৫ পাঁচ সন ম্যাদি ইজারা অথবা ঐ জমার পাঁচগুণ সেলামিতে দাইমী পত্তনী বন্দবস্ত হইবেক অতএব যে কেহ ঐ প্রকার ইজারা অথবা পত্তনী বন্দবস্ত করার ইচ্ছুক তিনি বর্ত্তমান বর্ষের চৈত্র মাস মধ্যে আমার নিকট উপস্থিত হইয়া প্রার্থীত হইলে রীতিমতে জমানত দাখিলে ইজারা অথবা পত্তনী গ্রাহক ব্যক্তিগণ সেলামি দাখিল করিলে পত্তনী বন্দবস্ত করিয়া লইতে পারিবেন মহালাতের জমিজমার বন্দবস্তের নিয়ম সিরিস্তা ওদন্তে বিশেষরূপ জ্ঞাত হইতে পারিবেন ও ইহাও ব্যক্ত করা যাই-

তেছে যদি একি মহালের বন্দবস্ত গ্রাহক দুই তিন ব্যক্তি উপস্থিত হএন তবে যে কেহ উর্দ্ধ জমা ও সেলামী দিতে সম্মত হইবেন তাহাদের সহিত বন্দবস্ত করা যাইবেক ইতি।

নাম মহাল	হাশীল জমির জমা	বাদ তহসীলা আখেরাজাত	বাকী জমা
ফরিমপুর, রছুলপুর	৯৬০০৸৶	৯৬০/৬	৮৬৪০৸/৬
সুর্য্যাপুর, কুটুম্বপুর	৮৪৪৯৷/	৮৪৪৸৵	৭৬০৪৷৶
পাহারপুর	৬৩৩৭৸৵	৬৩৩৸/	৫৭০৪/
ভৈশের কোট	১৯০৬৬৶	১৯০৬৷৵	১৭১৫৯৷৷০
আমপাল	৪৮২২৸০	৪৮২৷/	৪৩৪০৷৶
মিরবহরি	১৩৫৷৶	১৩৷/	১২০৸৵
দেবীদ্বার হিস্যে ৵ আনী	৫৬২৷৷/	৫৬৷০	৫০৬৷/
ধামঘর	৪০৬২৸০	৪০৬৷/	৩৬৫৬৷৶
ভুবনঘর	২০৩৩৵	২০৩৶/৬	১৮২৮৸৵৬
সুরেশ্বরদি	৩৭২০/	৩৭২৲	৩৩৪৮/
কামাল্লা	৬১৬৯৲	৬১৬৸৶	৫৫৫২/
পালাসুতা	২৬০৩/	২৬০৷/	২৩৪২৸০
শ্রীরামপুর	৯৪৩৭৲	৯৪৩৷৷০	৮৪৯৩৷৷০
লহরি	৫৭৭২৷৵	৫৭৭৷০	৫১৯৫৷৵
কপশদী	৪২৫৩০৷৶	৪২৫৩৸/	৩৮২৮৪৸৵
হোসনাবাদ	১২৪০৯৷৷০	১২৪০৸৶	১১১৬৮৷৷/
পারিয়াকান্দী	১৮৭০৪/	১৮৭০৵	১৬৮৩৩৷৷৶
বাখরাবাদ, রামচন্দ্রপুর	৬৬৮৭৷৵	৬৬৮৸০	৬০১৮৸৵
বীর বাখরাবাদ	১০৭২৯৸৵	১০৭২৸৶	৯৬৫৬৸৶
সুরপুর	৭৮১১৷৷৶	৭৮১৷/	৭০৩০৵
পাঁচপুখরিয়া	৩৬২৩৸/	৩৬২৷৵	৩২৬১৷৶
শুরানন্দি	২৭৪২৸/	২৭৪৵	২৪৬৭৷৷৶
বাশকাইট	১৬৩৯৷৵৬	১৬৩৸৶	১৪৭৫৷৶৬
উরিশ্বর	১৮৭০৶/৬	১৮৭৲	১৬৮৩৶/৬
পোলবা	১৭৬১৲	১৭৬৷০	১৫৮৪৸০
ফতেয়াবাদ	৭৩৪৭৸৶	৭৩৪৷৶	৬৬১৩৷০
অ্যালিয়াবাদ	১৩৯৪৷৷৬	১৩৯৵	১২৫৫৵৬
জারেরা	৩১৫৫৷৵	৩১৫৷৷/	২৮৪০/০
এছলামপুর	২০৮১/০	২০৮/০	১৮৭৩৲
কালঘরা	২৪২৭৲	২৪২৷৶	২১৮৪৷/
উত্তর বাঙ্গরা, হিস্যে ৷৷০ আনী	১৬০৭৷৷৵৬	১৬০৷৷/	১৪৪৭/৬
	২১১২৯৮৸৵	২১১২৯৸/	১৯০১৬৯/

মোতালকে তর্পে পাঁচ ভাগ।

নাম মহাল	হাশীল জমির জমা	বাদ তহসীলা আখেরাজাত	বাকী জমা
ধৈলাব	৬৮৭২৲	৬৮৭৷০	৫৯৮৭৷৷০
আছাদ নগর	১৭৫০৲	১৭৫৲	১৫৭৫৲
ভাত্তেরদী, হিস্যে ৷৵ আনী	১৭০০৲	১৭০৲	১৫৩০৲
	১০৩২২৲	১০৩২৷০	৯২৮৯৷৷০
	২২১৬২০৸৵	২২১৬২৷/	১৯৯৪৫৮৷৷/

শ্রী [illegible]

ঢাকা কুমারটুলী দপ্তরখানা।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত তামস জোন্স সাহেব কর্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, MARCH 13, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ১৩ মার্চ।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জেলা ভাগলপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্‌টরি জেলা ভাগলপুর।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অত্র কালেক্‌টরি স্থিত নিম্নের ইস্টেটমেণ্টের লিখিত খাস মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৬৬ সালের ২৮ মার্চ মোতাবেক ফসলি ১২৭৩ সালের ২৭ চৈত্র বুধবার ভাগলপুর জেলার কালেক্‌টরিতে বিক্রয় হইবেক ইতি।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহাদের এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয় নিয়মের অধীনে থাকিতে হইবেক।

রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	পরিমাণ যত একর	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				যত টাকা জমা ধার্য্য আছে।	রাস্তার টাক্স।	মোট।		
			এঃ রুঃ পঃ					
২০৪ ১৮৫৯	৯৪	জাগীর নাছের তগেুল থানা উধয়ানালা পরগনে কাঁকজোল ...	০। ৩। ৩৭ ৩ বিঘা	১।০	৶৩	১৩	২৷৷০	

জেলা ভাগলপুর কাছারি কালেক্‌টরি তারিখ ১১ জানুআরি ১৮৬৬ সাল।

R. L. Mangles,
Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1390. ১৩৯০)

গবর্ণমেণ্ট গেজেট

PUBLIC LIBRARY

TUESDAY, MARCH 20, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২০ মার্চ।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

No. 3 OF 1866.

A Bill to amend Act No. XVI of 1864 (to provide for the Registration of Assurances.)

[Continued from page 301.]

PART VI.

Of the Presentation of Instruments for Registry.

[Presentation of instruments for registration.]

XXXV. Every document to be registered under this Act, whether such registration be compulsory or optional, shall be presented at the Office in which such document is to be registered, by some person executing or claiming under the same, or by the representatives or assigns of such person, or by the agents of such person, representatives or assigns, duly authorized by power of attorney executed and authenticated in manner hereinafter mentioned.

[Powers of attorney recognizable for purposes of Section 35.]

XXXVI. For the purposes of the last preceding Section, the powers of attorney next hereinafter mentioned shall alone be recognized, (that is to say)—

(*a*) If the principal at the time of executing the power of attorney reside in any part of British

দেশীয় ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

১৮৬৬ সালের ৩ নম্বর।

১৮৬৪ সালের ১৬ আইন (অর্থাৎ নিদর্শনপত্র রেজিস্টরী করণের বিধান করিবার আইন) সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

[৩০১ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ষষ্ঠ খণ্ড।

রেজিস্টর করণার্থে লেখ্য উপস্থিত করিবার বিধি।

[রেজিস্টর করণার্থে লেখ্য উপস্থিত করিবার কথা।]

৩৫ ধারা। এই আইন অনুসারে যে প্রত্যেক লেখ্য রেজিস্টর করা কর্ত্তব্য তাহা অবশ্য কি স্বেচ্ছাক্রমে হউক যিনি সেই লেখ্য সম্পাদন করেন কি তৎক্রমে দাওয়া করেন তিনি, কিম্বা তাঁহার স্থলাভিষিক্তগণ কি আসৈনগণ, কিম্বা পশ্চাৎ লিখিতমতে স্বাক্ষরিত ও সত্যাকৃত মোক্তারনামাক্রমে ঐ ব্যক্তির কি তদীয় স্থলাভিষিক্তদের কি আসৈনদিগের নিয়মিতরূপে নিযুক্ত মোক্তার ঐ লেখ্য রেজিস্টর করিবার উপযুক্ত কার্য্যালয়ে আনিবেন ইতি।

[৩৫ ধারার কার্য্যপক্ষে মোক্তারনামা গ্রাহ্য হইবার কথা।]

৩৬ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্বধারার কার্য্যের উপলক্ষে কেবল পশ্চাৎ লিখিত প্রকারের মোক্তারনামা স্বীকৃত হইবে, বিশেষতঃ

(ক) এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে অংশে প্রচলিত আছে যদি মুখ্যব্যক্তি মোক্তারনামা সম্পাদন-

India in which this Act operates, a power of attorney executed before and authenticated by the Registrar or Sub-Registrar within whose District or Sub-District the principal resides;

(*b*) If the principal at the time aforesaid reside in any other part of British India, a power of attorney executed before and authenticated by the Judge of the principal Court of original Civil jurisdiction within the local limits of whose jurisdiction the principal resides:

(*c*) If the principal at the time aforesaid does not reside in British India, a power of attorney executed before and authenticated by a Notary Public or any Court, Judge, Consul or Magistrate:

Any power of attorney mentioned in this Section may be proved by the production of it without further proof, when it purports on the face of it to have been executed before and authenticated by the person or Court hereinbefore mentioned in that behalf.

[Proviso as to persons exempt from appearing in Court.]

Provided that persons exempt by law from personal appearance in Court, shall not be required to attend at the Office of the Registrar or Sub-Registrar, or in the Court of the Judge for the purpose of executing any such power of attorney as mentioned in Clauses (*a*) and (*b*) of this Section; but in every such case the Registrar or Sub-Registrar or Judge (as the case may be), if satisfied that the power of attorney has been voluntarily executed by the person purporting to be the principal, may attest the same without requiring his personal attendance at the Office or Court aforesaid. To obtain evidence as to the voluntary nature of the execution, the Registrar or Sub-Registrar or Judge may either himself go to the house of the person purporting to be the principal and examine him, or issue a Commission for the examination of such person.

[Enquiry before registration by the Registering Officer.]

XXXVII. On the persons executing any document, or their representatives, assigns or agents, authorized as aforesaid, appearing before the Registering Officer for the purpose of obtaining the registration of such document, he shall enquire whether such document was executed or not by the persons by whom it purports to have been executed, and satisfy himself of the right of any person to appear as the representative, assign or agent of any person whom he shall claim to represent. If all the persons executing the document appear personally before the Registering Officer and are personally known to him, or, in case they are not personally known to him, if they satisfy

কালে তাহার কোন অংশে বাস করেন, তবে তিনি যে ডিষ্ট্রিক্ট কি সব-ডিষ্ট্রিক্টের মধ্যে বাস করেন তাহার রেজিষ্ট্রার কি সব-রেজিষ্ট্রারের সম্মুখে স্বাক্ষরিত ও তৎকর্ত্তৃক সত্যাকৃত মোক্তারনামা।

(খ) যদি মুখ্য ব্যক্তি পূর্ব্বোক্তকালে ব্রিটনীয় ভারতবর্ষের অন্য কোন অংশে বাস করেন, তবে তিনি দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন যে প্রধান আদালতের বিচারাধিপত্যের সীমান্তর্গত স্থানে বাস করেন সেই আদালতের জজ সাহেবের সম্মুখে স্বাক্ষরিত ও তৎকর্ত্তৃক সত্যাকৃত মোক্তারনামা।

(গ) যদি মুখ্য ব্যক্তি পূর্ব্বোক্ত কালে ব্রিটনীয় ভারতবর্ষে বাস না করেন, তবে নোটেরি পবলিকের কিম্বা কোন আদালতের কি জজের কি কন্সলের কি মাজিষ্ট্রেটের সম্মুখে স্বাক্ষরিত ও তৎকর্ত্তৃক সত্যাকৃত মোক্তারনামা।

এই ধারার লিখিত কোন মোক্তারনামা ইহার পূর্ব্ব লিখিত ব্যক্তির কি আদালতের সম্মুখে স্বাক্ষরিত ও তৎকর্ত্তৃক সত্যাকৃত হইল, ঐ পত্রের অভিমুখেই এই ভাব প্রকাশ হইলে, অধিক প্রমাণ বিনা উপস্থিত করণদ্বারাই তাহা সপ্রমাণ হইবে।

[যাঁহারা আদালতে প্রবেশনহইতে মুক্ত তাঁহাদের পক্ষে উপবিধি।]

কিন্তু আইনদ্বারা যাঁহারা আদালতে স্বয়ং প্রবেশনহইতে মুক্ত আছেন তাঁহাদের প্রতি এই ধারার (ক) ও (খ) প্রকরণের লিখিত মোক্তারনামায় স্বাক্ষর করিবার জন্যে রেজিষ্ট্রারের কি সব-রেজিষ্ট্রারের কার্য্যালয়ে কিম্বা জজের আদালতে উপস্থিত হইবার আদেশ হইবে না। তদ্রূপ প্রত্যেক স্থলে যিনি মুখ্য ব্যক্তি ব্যক্ত হইলেন তিনি স্বেচ্ছাক্রমে মোক্তারনামায় স্বাক্ষর করিয়াছেন, রেজিষ্ট্রার কিম্বা বিষয়বিশেষে সব-রেজিষ্ট্রার কি জজ ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে, তিনি পূর্ব্বোক্ত কার্য্যালয়ে কি আদালতে ঐ মুখ্য ব্যক্তির উপস্থিত হইবার আদেশ না করিয়া তাহাতে সাক্ষিস্বরূপে স্বাক্ষর করিতে পারিবেন। মুখ্য ব্যক্তি ঐ মোক্তারনামায় নিজ ইচ্ছাক্রমে স্বাক্ষর করিয়াছেন কি না, ইহার প্রমাণ গ্রহণার্থে, যাঁহাকে মুখ্য ব্যক্তি বলিয়া ব্যক্ত হইয়াছে, রেজিষ্ট্রার কি সব-রেজিষ্ট্রার কি জজ স্বয়ং তাঁহার বাটীতে গমন করিয়া তাঁহার পরীক্ষা লইতে পারিবেন, কিম্বা তাঁহার পরীক্ষা গ্রহণার্থে কমিস্যন দিতে পারিবেন ইতি।

[রেজিষ্টর করিবার পূর্ব্বে রেজিষ্টরী কার্য্যকারকদ্বারা সন্ধান লইবার কথা।]

৩৭ ধারা। যে ব্যক্তিরা কোন লেখ্য সম্পাদন করেন তাঁহারা কিম্বা তাঁহাদের স্থলাভিষিক্তেরা কি আসৈনেরা কিম্বা পূর্ব্বোক্তরূপে ক্ষমতাপ্রাপ্ত মোক্তারেরা যখন তদ্রূপ লেখ্য রেজিষ্টার করাইবার অভিপ্রায়ে রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে উপস্থিত হন, তখন সেই লেখ্য যাঁহাদের দ্বারা সম্পাদিত হইবার মত দর্শায় তাঁহাদেরই দ্বারা সম্পাদিত হইয়াছে কি না, তিনি এই বিষয়ের সন্ধান লইবেন, এবং অন্য ব্যক্তির স্থলাভিষিক্ত কি আসৈন কি মোক্তারস্বরূপে যিনি উপস্থিত হওনের ক্ষমতার দাওয়া করেন তাঁহার ঐ স্বত্ব আছে কি না ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইবেন। যাঁহারা ঐ লেখ্য সম্পাদন করেন তাঁহারা সকলেই যদি আপনারা রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে উপস্থিত হন ও তাঁহার পরিচিত লোক হন, অথবা যদি তাঁহারা তাঁহার পরি-

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২০ মার্চ।]

him that they are the persons they represent themselves to be, and if they all admit the execution of the document, and, in the case of any person appearing by authorized agent, if such agent shall admit the execution of the document, the Registering Officer shall register the same. The Registering Officer may, in order to satisfy himself that the persons appearing before him are the persons they represent themselves to be, or for any other purpose contemplated by this Act, examine any one then present in his Office. Such examination may, if he shall thing fit, be upon oath.

PART VII.

Of the Enforcement of Attendance of Executants and Witnesses.

[Where attendance of necessary presenter or witness is desired.]

XXXVIII. If any person presenting any instrument for registration shall desire the attendance of any person required to attend on the presentation of the instrument or any person whose testimony is necessary for the registration of such instrument by a Registering Officer, such Officer may in his discretion, and if the person whose attendance is so desired shall be within his District or Sub-District, issue a summons requiring him to attend at the Office of such Officer at a time named in such summons. Provided that persons exempt by law from personal appearance in Court shall not be required to attend at the Office, but in every such case, the registering Officer shall either himself go to the house of such person and examine him, or order a Commission to issue for his examination.

[Where such person is not within the District or Sub-District.]

XXXIX. If the person whose attendance is so required is not within the District or Sub-District of the Registering Officer, such Officer may forward a summons to the Registering Officer in whose juridiction such person resides, and the Officer last hereinbefore mentioned shall cause such summons to be served upon the person whose attendance is required as aforesaid.

[Law as to summonses, commissions and witnesses in civil suits to apply to summonses, commissions and witnesses under this Act.]

XL. The law in force for the time being as to summonses, commissions and compelling the attendance of witnesses, and for their remuneration in suits before Civil Courts, shall apply to any summons or commission issued and any persons

চিত মহেন কিন্তু আপনাদিগকে যেং ব্যক্তি বলিয়া পরিচয় দিয়াছেন, তাঁহারা সত্যই সেইং ব্যক্তি এই বিষয়ে যদি তাঁহার হৃদ্বোধ জন্মান, এবং তাঁহারা সকলে যদি ঐ লেখ্য সম্পাদন স্বীকার করেন, ও কোন ব্যক্তি ক্ষমতাপ্রাপ্ত মোক্তারের দ্বারা উপস্থিত হইলে যদি সেই মোক্তার ঐ লেখ্য সম্পাদন স্বীকার করেন, তবে রেজিস্টরী কার্য্যকারক তাহা রেজিস্টর করিবেন। যাঁহারা রেজিস্টরী কার্য্যকারকের সম্মুখে উপস্থিত হন তাঁহারা যে ব্যক্তি বলিয়া আপনাদের পরিচয় দিয়াছেন, প্রকৃত সেই ব্যক্তি আছেন, ইহা হৃদ্বোধমতে জানিবার অভিপ্রায়ে কিম্বা এই আইনের লক্ষিত অন্য কোন কারণে তিনি আপনার কার্য্যালয়ে তৎকালীন উপস্থিত কোন ব্যক্তির পরীক্ষা লইতে পারিবেন। যদি উচিত বোধ করেন, তবে শপথক্রমে তাঁহাদের পরীক্ষা লইবেন ইতি।

সপ্তম খণ্ড।

স্বাক্ষরকারিদিগকে ও সাক্ষিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইবার বিধি।

[লেখ্য আনয়নকারির কি সাক্ষির উপস্থান যে স্থলে আবশ্যক সে স্থলের কথা।]

৩৮ ধারা। কোন ব্যক্তি কোন লেখ্য রেজিস্টর করিবার জন্যে আনিলে যদি সেই লেখ্য উপস্থিত করণ সময়ে কোন ব্যক্তির উপস্থিত থাকা, কিম্বা রেজিস্টরী কার্য্যকারকের দ্বারা ঐ লেখ্য রেজিস্টর করিবার জন্যে যে ব্যক্তির সাক্ষ্য আবশ্যক এমত কোন ব্যক্তির উপস্থিত হওয়া বাঞ্ছা করেন, তবে সে ব্যক্তির তদ্রূপ উপস্থিত হওয়া বাঞ্ছনীয় তিনি ঐ কার্য্যকারকের ডিষ্ট্রিক্টের কি সব-ডিষ্ট্রিক্টের মধ্যে থাকিলে সেই কার্য্যকারক স্বীয় বিবেচনামতে সেই ব্যক্তির নামে আহ্বানপত্র দিয়া তাঁহাকে ঐ আহ্বানপত্রের লিখিত সময়ে ঐ কার্য্যকারকের কার্য্যালয়ে উপস্থিত হইবার আজ্ঞা করিবেন। কিন্তু যে ব্যক্তিরা আইনমতে স্বয়ং আদালতে প্রবেশ হইতে মুক্ত হন, তাঁহাদিগকে ঐ কার্য্যালয়ে উপস্থিত হইবার আজ্ঞা হইবে না। তদ্রূপ প্রত্যেক স্থলে রেজিস্টরী কার্য্যকারক আপনি সেই ব্যক্তির বাটীতে গিয়া তাঁহার পরীক্ষা লইবেন, কিম্বা পরীক্ষা গ্রহণের জন্যে কমিসন প্রদানের আজ্ঞা করিবেন ইতি।

[সেই ব্যক্তি ডিষ্ট্রিক্ট কি সব-ডিষ্ট্রিক্টের মধ্যে না থাকিলে তদ্বিষয়ের কথা।]

৩৯ ধারা। যাঁহার উপস্থিত হওয়া পূর্ব্বোক্তমতে বাঞ্ছনীয়, তিনি যদি রেজিস্টরী কার্য্যকারকের ডিষ্ট্রিক্ট কি সব-ডিষ্ট্রিক্টের মধ্যে না থাকেন, তবে যে রেজিস্টরী কার্য্যকারকের কর্ম্মাধিপত্যের মধ্যে বাস করেন তাঁহার নিকটে আহ্বানপত্র প্রেরণ করা যাইবে, তাহাতে তিনি পূর্ব্বোক্তমতে যাঁহার উপস্থিত হওয়া প্রয়োজন তাঁহার প্রতি ঐ আহ্বানপত্র পর্য্যর্পণ করিবেন ইতি।

দেওয়ানী মোকদ্দমায় আহ্বানপত্রের ও কমিসনের ও সাক্ষিদের যে বিধি আছে এই আইনমত আহ্বানপত্রাদির সেই বিধি বর্ত্তিবার কথা।]

৪০ ধারা। দেওয়ানী আদালতে উপস্থিত মোকদ্দমায় আহ্বানপত্রের ও কমিসনের ও সাক্ষিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইবার যে বিধি যৎকালে প্রচলিত থাকে, সেই বিধি এই আইনের নিয়মমতে দত্ত কোন আহ্বানপত্রের কি কমিসনের প্রতি এবং উপ-

summoned to appear under the provisions of this Act.

PART VIII.

Of the Registration of Memoranda of Decrees and Orders affecting Immoveable Property and sent by the Court to a Registry Office.

[Memorandum of decree affecting registered instrument relating to immoveable property to be sent to the Office in which such instrument shall have been registered.]

XLI. When any Civil Court shall by a decree or order declare any instrument relating to immoveable property, which shall have been registered under this Act, to be invalid, or when any Civil Court shall pass a decree or order affecting any such instrument, and such last mentioned decree or order shall create, declare, assign, transfer, limit or extinguish any right, title or interest under such instrument in the immoveable property to which it relates, such Court shall cause a memorandum of the decree or order to be sent to every Registrar within whose District such immoveable property or any part thereof is situate.

[Memorandum of decree affecting immoveable property to be sent to Registrar.]

XLII. When any Civil Court shall, by a decree or order, create, declare, transfer, limit or extinguish any right, title or interest of any person in any immoveable property situate in any part of British India in which this Act shall operate, such Court shall cause a Memorandum of the said decree or order to be sent to every Registrar within whose District such immoveable property or any part thereof is situate.

[Costs of registration of memorandum of decrees and orders.]

XLIII. The costs of and attending the registration under Sections 41 and 42, of any memorandum of a decree or order shall be costs in the cause, and shall be paid by the Court to such person and in such way as the local Government shall direct in that behalf.

PART IX.

Of the Registration of Wills and Authorities to adopt.

[Persons entitled to register Wills and Authorities to adopt. Presentation or delivery of Wills and Authorities to adopt.]

XLIV. The testator, or any person claiming as executor or otherwise under a Will, may

স্থিত হওনার্থে আহূত কোন ব্যক্তির প্রতি বর্ত্তিবে ইতি।

অষ্টম খণ্ড।

স্থাবর সম্পাত্তি বিষয়ক ডিক্রীর ও আজ্ঞার যে মর্ম্মাত্মকলিপি আদালত কর্ত্তৃক রেজিষ্টরী কার্য্যালয়ে প্রেরিত হয় তাহা রেজিষ্টর করিবার বিধি।

[স্থাবর সম্পাত্তি বিষয়ক লেখ্য যে কার্য্যালয়ে রেজিষ্টর করা উচিত সেই সম্পাত্তির রেজিষ্টরী করা লেখ্য সম্বন্ধীয় ডিক্রীর মর্ম্মাত্মকপত্র সেই কার্য্যালয়ে প্রেরণীয় হইবার কথা।]

৪১ ধারা। স্থাবর সম্পাত্তি বিষয়ক যে লেখ্য এই আইনমতে রেজিষ্টর করা গিয়াছে সেই লেখ্য যদি কোন দেওয়ানী আদালত কোন ডিক্রী কি আজ্ঞাক্রমে অসিদ্ধ প্রকাশ করেন, কিম্বা তদ্রূপ কোন লেখ্যের গুরুত্বের হ্রাসবৃদ্ধি জনক ডিক্রী কি আজ্ঞা করেন, ও লেখ্য যে স্থাবর সম্পাত্তি বিষয়ক হয় তাহাতে ঐ লেখ্য জন্য কোন স্বত্ব কি অধিকার কি সম্পার্ক যদি শেষোক্ত ডিক্রী কি আজ্ঞাক্রমে সৃষ্ট কি অবধারিত কি অর্পিত কি হস্তান্তরিত কি সংকুচিত কি বিলুপ্ত হয়, তবে ঐ স্থাবর সম্পাত্তি কি তাহার কোন অংশ যেং রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে, তাঁহারদের প্রত্যেক জনের নিকটে ঐ আদালত ঐ ডিক্রীর কি আজ্ঞার মর্ম্মাত্মক পত্র প্রেরণ করিবেন ইতি।

[স্থাবর সম্পাত্তি বিষয়ক ডিক্রীর মর্ম্মাত্মকপত্র রেজিষ্ট্রারের নিকটে প্রেরণের কথা।]

৪২ ধারা। এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন স্থানে প্রচলিত হয়, যদি কোন দেওয়ানী আদালত ডিক্রী কি আজ্ঞা দ্বারা সেই স্থানবর্ত্তি কোন স্থাবর সম্পাত্তিতে কোন ব্যক্তির কোন স্বত্ব কি অধিকার কি সম্পার্ক সৃষ্টি কি প্রকাশ কি হস্তান্তর কি সংকোচ কি বিলোপ করেন, তবে ঐ স্থাবর সম্পাত্তি কি তাহার কোন অংশ যেং রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে তাঁহারদের প্রত্যেক জনের নিকটে ঐ আদালত ঐ ডিক্রীর কি আজ্ঞার মর্ম্মাত্মকপত্র প্রেরণ করিবেন ইতি।

[ডিক্রীর ও আজ্ঞার মর্ম্মাত্মকপত্র রেজিষ্টর করণের ব্যয়ের কথা।]

৪৩ ধারা। ৪১ ও ৪২ ধারামতে ডিক্রীর কি আজ্ঞার কোন মর্ম্মাত্মক লিপি রেজিষ্টর করণের ও তৎকরণসম্পার্কীয় যে ব্যয় হয়, তাহা মোকদ্দমার ব্যয়ের মধ্যে ধরিতে হইবে, এবং স্থানীয় গবর্ণমেণ্ট যাঁহাকে যে প্রকারে ঐ টাকা দেওনের বিধি করেন আদালত তাঁহাকে সেই প্রকারে দিবেন ইতি।

নবম খণ্ড।

চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র রেজিষ্টর করিবার বিধি।

[চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র যাঁহারা রেজিষ্টর করিতে স্বত্ববান তাঁহাদের কথা ও চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র উপস্থিত কি সমর্পণ করিবার কথা।]

৪৪ ধারা। চরমপত্রকারক ব্যক্তি, কিম্বা যিনি চরমপত্রানুসারে কর্ম্মসম্পাদকস্বরূপ কি প্রকারান্তরে দাওয়া

register any Will, and the donor or donee of any authority to adopt, or the adoptive son may register any such authority. Any person entitled to register any such Will or authority may either personally or by a duly authorized agent present to a Registrar such Will or authority open, and any testator or donor of such authority may deliver to a Registrar the Will or authority in a sealed cover superscribed with the name of the depositor and the nature of the document.

[Withdrawal of sealed cover deposited under Section 44.]

XLV. If the depositor of any such sealed cover shall wish to withdraw the same, it shall be lawful for him to apply to the Registrar in whose Office such document shall have been deposited, that the same be delivered up to him; and the Registrar, if satisfied as to the identity of the depositor with the applicant, shall deliver up the cover accordingly.

[Proceedings on death of depositor. Re-deposit.]

XLVI. If on the death of the depositor of a sealed cover under Section 44, application be made to the Registrar in whose Office such cover was deposited to open the same, the Registrar, after satisfying himself that the depositor is dead, shall, in the presence of the person making such application, open the cover, and shall copy, at the expense of the applicant, the contents thereof, or in a Register of Wills and authorities to adopt. When such copy shall have been entered, the Registrar shall re-deposit the original Will or authority until required to produce the same in Court.

PART X.

Of the Fees for Registration, Searches and Copies.

[Fees for registration, searches and copies to be fixed by local Government.]

XLVII. Subject to the approval of the Governor-General of India in Council, the local Government shall prepare a Table of Fees payable—

For the registration of documents;

For searching the Registers;

For making or granting copies of entries, abstracts or documents, either on or after registration;

And of Extra or additional fees payable—

For every registration by a Registrar General under Section 22; or by a Registrar under Section 30 or 33;

করেন, তিনি চরমপত্র রেজিষ্টর করিতে পারিবেন। এবং দত্তক গ্রহণের অনুমতিপত্রের কিম্বা দত্তকপুত্র দাতা কি গ্রহীতা সেই অনুমতিপত্র রেজিষ্টর করিতে পারিবেন। যে ব্যক্তি তদ্রূপ কোন চরমপত্র কি অনুমতিপত্র রেজিষ্টর করিতে স্বত্ববান হন, তিনি রেজিষ্ট্রারের নিকটে স্বয়ং কি নিয়মিতরূপে ক্ষমতা প্রাপ্ত মোক্তারের দ্বারা সেই চরমপত্র কি অনুমতিপত্র খোলা আনিবেন। এবং সেই চরমপত্রকারক কিম্বা ঐ অনুমতিপত্রের দাতা সেই চরমপত্র কি অনুমতিপত্র মোহর করা খামে দিয়া অর্পণকারি ব্যক্তির নাম ও পত্রের ভাব তাহার উপর লিখিয়া, ঐ খাম রেজিষ্ট্রারের নিকটে সমর্পণ করিবেন ইতি।

[৪৪ ধারামতে যে মোহরাঙ্কিত খাম গচ্ছিত করা যায় তাহা ফিরিয়া লইবার কথা।]

৪৫ ধারা। তদ্রূপ মোহরাঙ্কিত খাম যে ব্যক্তি গচ্ছিত করিলেন তিনি যদি তাহা ফিরিয়া লইতে চাহেন, তবে যে রেজিষ্ট্রারের কার্য্যালয়ে সেই লেখ্য গচ্ছিত করা গিয়াছে তাঁহার নিকটে তিনি প্রার্থনা করিবেন যে সেই লেখ্য তাঁহাকে ফিরিয়া দেওয়া যায়। এবং যে ব্যক্তি গচ্ছিত করিয়াছিলেন, প্রার্থক প্রকৃত সেই ব্যক্তি রেজিষ্ট্রার ইহা হৃদ্বোধমতে জানিলে তাঁহাকে সেই প্রার্থনানুসারে খাম ফিরিয়া দিবেন ইতি।

[গচ্ছিতকারি ব্যক্তির মৃত্যু হইলে ইতিকর্ত্তব্যতার কথা এবং পুনশ্চ গচ্ছিত করিবার কথা।]

৪৬ ধারা। যে ব্যক্তি ৪৪ ধারামতে মোহরাঙ্কিত খাম গচ্ছিত করিয়াছিলেন তাঁহার মৃত্যু হইলে, যে রেজিষ্ট্রারের কার্য্যালয়ে ঐ খাম গচ্ছিত হইয়াছিল তাঁহার নিকটে যদি তাহা খুলিবার প্রার্থনা হয়, তবে গচ্ছিতকারি ব্যক্তি মরিয়াছে ইহা হৃদ্বোধমতে জানিলে তিনি সেই প্রার্থকের সাক্ষাতে সেই খাম খুলিবেন, এবং প্রার্থকের খরচে চরমপত্রের ও দত্তক গ্রহণের অনুমতিপত্রের রেজিষ্টরে ঐ পত্রলিখিত কথার প্রতিলিপি করাইবেন। সেই প্রতিলিপি লিখিত হইলে পর রেজিষ্ট্রার সেই মূল চরমপত্র কি অনুমতিপত্র পুনরায় গচ্ছিত করিয়া যাবৎ ঐ পত্র আদালতে আনাইতে আজ্ঞা না হয় তাবৎ তাহা গচ্ছিত রাখিবেন ইতি।

দশম খণ্ড।

রেজিষ্টর ও অনুসন্ধান ও প্রতিলিপি করিবার শুল্কের বিধি।

[রেজিষ্টর ও অনুসন্ধান ও প্রতিলিপি করিবার শুল্ক স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক অবধারিত হইবার কথা।]

৪৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে পশ্চাৎ লিখিত কার্য্যের শুল্কপত্র প্রস্তুত করিবেন বিশেষতঃ—

লেখ্য রেজিষ্টর করিবার।

রেজিষ্টরে অনুসন্ধান করিবার।

রেজিষ্টর করণ সময়ে কি তৎপরে পুস্তকে লিখিত কথার কি চুম্বকের কি লেখ্যের প্রতিলিপি প্রস্তুত কি দান করিবার।

এবং নিম্নলিখিত কার্য্যের অতিরিক্ত শুল্ক পত্র প্রস্তুত করিবেন বিশেষতঃ।

৩২ ধারামতে রেজিষ্ট্রার জেনরলের দ্বারা কিম্বা ৩০ কি ৩৩ ধারামতে রেজিষ্ট্রারের দ্বারা রেজিষ্টর করাইবার।

For special registration under Section 53;
For the issue of Commissions;
For filing translations;
For attending at private residences;
And for such other matters as shall to the local Government appear necessary to effect the purposes of this Act.

[Table of Fees.]

The local Government may from time to time subject to the like approval, alter such Table. A Table of the Fees so payable shall be published in the Official Gazette, and shall be exposed to public view in every Office established for the registration of documents, and no document shall be accepted for registration, and no copy shall be granted, and no search shall be made or allowed until the fee prescribed in that behalf shall have been paid.

[Fees and penalties to be credited to Government.]

XLVIII. All fees received under the provisions of this Act (not being fees payable under Section 14 of this Act to Officers who are paid wholly or in part by fees), and all penalties received under Section 24 of this Act shall be remitted to such Treasury as the local Government shall from time to time direct, and be credited to Government.

PART XI.

Of the Effects of Registration and Non-registration.

[Time from which registered document operates.]

XLIX. A registered document shall operate from the time from which it would have commenced to operate if no registration had been required or made, and not from the time of its registration.

[Effect of non-registration of documents required to be registered.]

L. No instrument required by Section 17 to be registered shall be received in evidence in any Civil proceeding in any Court, or shall be acted on by any Public Officer as defined in the Indian Penal Code, unless it shall have been registered in accordance with the provisions of this Act.

[Priority of certain registered instruments.]

LI. Every instrument of the descriptions mentioned in Clauses 1, 2 and 3 of Section 18 shall, if duly registered, have priority to any other instrument relating to the same property, whether such other instrument be of the same nature as the registered instrument or not.

৫৩ ধারামতে বিশেষ রেজিষ্টর করাইবার।
কমিসান দিবার।
অনুবাদ গোজাইবার।
কোন ব্যক্তির নিজ বাসস্থানে উপস্থিত হইবার।
এবং এই আইনের কার্য্য সফল করণার্থে স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যে২ বিষয় আবশ্যক জ্ঞান করেন তজ্জন্যে ইতি।

[শুল্ক পত্রের কথা।]

স্থানীয় গবর্ণমেণ্ট পূর্ব্বোক্ত সম্মতিক্রমে সেই পত্র সময়ে২ পরিবর্ত্তন করিতে পারিবেন। তদ্রূপে যে শুল্ক দিতে হইবে তাহার পত্র রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে এবং লেখ্য রেজিষ্টর করিবার জন্যে স্থাপিত প্রত্যেক কার্য্যালয়ে সর্ব্বসাধারণের দৃষ্টির গোচর করা যাইবে এবং কোন লেখ্য রেজিষ্টর করিবার কি প্রতিলিপি কি অনুসন্ধান হইবার যে শুল্ক অবধারিত হইয়াছে তাহা না দেওয়া গেলে রেজিষ্টর করিবার জন্যে কোন লেখ্য গ্রাহ্য হইবে না ও কোন প্রতিলিপি দেওয়া যাইবে না ও কোন অনুসন্ধান করা যাইবে না কি করিবার অনুমতি হইবে না ইতি।

[শুল্ক ও দণ্ডের টাকা গবর্ণমেণ্টের নামে জমা করিবার কথা।]

৪৮ ধারা। এই আইনের ১৪ ধারামতে যে কর্ম্মকারকেরা শুল্ক দ্বারা সমুদয় বেতন কিম্বা তাহার এক অংশ প্রাপ্ত হন, তাঁহাদিগকে দাতব্য শুল্ক ভিন্ন এই আইনের বিধানমতে যে সকল শুল্ক পাওয়া যায় ও এই আইনের ২৪ ধারামতে যে সকল দণ্ডের টাকা গৃহীত হয় তাহা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে অর্থ কোষ নিরূপণ করেন তথায় প্রেরিত হইয়া গবর্ণমেণ্টের নামে জমা হইবে ইতি।

একাদশ খণ্ড।

রেজিষ্টরী করিবার ও না করিবার ফলের কথা।

[রেজিষ্টরী লেখ্য যে সময় অবধি প্রবল হইবে তাহার কথা।]

৪৯ ধারা। যদি রেজিষ্টর করিবার কোন আজ্ঞা না থাকিত কি লেখ্য রেজিষ্টর না করা যাইত, তবে তাহা যে সময়াবধি প্রবল হইত সেই সময় অবধি রেজিষ্টরী লেখ্যও প্রবল হইবে। রেজিষ্টর করিবার সময় অবধি নয় ইতি।

[যে লেখ্য অবশ্য রেজিষ্টর করিতে হয় তাহা রেজিষ্টর না হইলে ফলের কথা।]

৫০ ধারা। ১৭ ধারাক্রমে যে লেখ্য রেজিষ্টর করিবার আজ্ঞা হইয়াছে তাহা যদি এই আইনের বিধানানুসারে রেজিষ্টর না হয়, তবে কোন আদালতে দেওয়ানী ব্যবহারঘটিত কোন কার্য্যেতে তাহা প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে না এবং ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনেতে যাঁহারা সাধারণ কার্য্যকারক বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছেন এমত কোন কার্য্যকারক সেই লেখ্য প্রবল করিবেন না ইতি।

[রেজিষ্টরী করা কোন২ লেখ্যের অগ্রগণ্যতার কথা।]

৫১ ধারা। ১৮ ধারার ১, ২, ৩, প্রকরণে যে প্রকারের লেখ্য ব্যক্ত হইয়াছে তাহা যদি রেজিষ্টর করা যায়, তবে সেই সম্পত্তিবিষয়ক অন্য কোন লেখ্য রেজিষ্টরী লেখ্যের তুল্যভাবের হইলে কি না হইলেও ঐ রেজিষ্টরী লেখ্য অন্যাপেক্ষা অগ্রগণ্য হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২০ মার্চ।]

[Registration doubles period of limitation in suits under a written contract for money lent or interest or breach of contract.]

LII. Suits to recover money lent, or interest, or for the breach of any contract may be brought within six years from the time when the cause of suit arose, in every case in which there is an engagement or contract in writing, provided that such engagement or contract be duly registered under this Act.

Special Registration of Obligations for Payment of Money.

[Enforcement of obligation registered with agreement recorded, that amount secured may be recovered summarily.]

LIII. Whenever the obligor and obligee of an obligation for the payment of money shall at the time of registering the same under the provisions of this Act apply to the Registering Officer, to record their agreement, that in the event of the obligation not being duly satisfied, the amount may be recovered as hereinafter provided, the Registering Officer, after making such enquiries as he may think proper shall record such agreement at the foot of the endorsement and certificate required by Sections 60 and 62, and such record shall be signed by him and by the obligor and obligee of the obligation and shall be copied into the Register Book No. 3. Every such obligation may be enforced summarily by any Court which would have had jurisdiction to try a regular suit thereon for the recovery of the amount: Provided that the application for the enforcement of the same be made within one year from the date on which the amount becomes payable, or where the amount is payable by instalments, within one year from the date on which the last instalment becomes payable. The obligation shall be enforced as a decree in a suit under the rules applicable to the execution of decrees in the Court in which the application for enforcement is made, but subject to any provisions contained in any law for the time being in force, in relation to the summary enforcement of obligations registered with such agreement as aforesaid. The application for the enforcement of an obligation under this Section shall be written on a stamp paper of one-fourth the value prescribed by law for a plaint in a suit to recover the same amount: Provided that nothing herein contained shall be construed as giving any right to a summary decree for foreclosure or sale in case of immoveables.

[ঋণের কি সুদের লিখিত চুক্তি রেজিষ্টরী হইলে তাহার কি ঐ চুক্তিভঙ্গের মোকদ্দমার মিয়াদ দ্বিগুণ হইবার কথা।]

৫২ ধারা। যে স্থলে ঋণ কি সুদ শোধনের কি অন্য চুক্তি হয় সেই স্থলে যদি ঐ চুক্তিপত্র এই আইনমতে উপযুক্তরূপে রেজিষ্টরি করা যায়, তবে সেই ঋণ কি সুদ আদায়ের জন্যে কিম্বা সেই চুক্তি ভঙ্গ হেতুক যে মোকদ্দমা হয়, সেই মোকদ্দমার হেতু উৎপন্ন হইবার সময়াবধি ছয় বৎসরের মধ্যে মোকদ্দমা করা যাইতে পারিবে ইতি।

ঋণ শোধনের প্রতিজ্ঞাপত্রের বিশেষ রেজিষ্টরি করিবার বিধি।

[প্রতিজ্ঞাপত্রের লিখিত টাকা সরাসরীমতে আদায় হইতে পারিবে এই মর্ম্মের সম্বিৎপত্রের সহিত ঐ প্রতিজ্ঞাপত্র রেজিষ্টরি হইলে তাহা প্রবল করিবার কথা।]

৫৩ ধারা। ঋণ শোধনের প্রতিজ্ঞাপত্রক্রমে যে ব্যক্তি বদ্ধ আছেন ও যাঁহার নিকটে বদ্ধ হন তাঁহারা যে সময়ে এই আইনের বিধানমতে ঐ প্রতিজ্ঞাপত্র রেজিষ্টরি করেন সেই সময়ে ঐ প্রতিজ্ঞাপত্রানুসারে নিয়মিতরূপে কার্য্য সাধন না হইলে পশ্চাৎ লিখিত প্রকারে ঋণ আদায় হইতে পারিবে যদি আপনাদের এই মর্ম্মের সম্বিৎ লিপিবদ্ধ করিতে প্রার্থনা করেন, তবে রেজিষ্টরী কার্য্যকারক যেং অনুসন্ধান করা উচিত বোধ করেন তাহা করণানন্তর ৬০ ও ৬২ ধারাতে যে পৃষ্ঠলিপির ও সংশিতপত্রের আজ্ঞা হইয়াছে তাহার তলভাগে ঐ সম্বিৎ লিপিবদ্ধ করিয়া তাহাতে স্বাক্ষর করিবেন। এবং যিনি সেই প্রতিজ্ঞাপত্রে বদ্ধ আছেন এবং যাঁহার নিকটে বদ্ধ হন তাঁহারা উভয়েই স্বাক্ষর করিবেন। ও ৩ নম্বরের রেজিষ্টরী বহীতে তাহার প্রতিলিপি করা যাইবে। যে আদালত ঐ টাকা আদায়ের নিমিত্তে নিয়মিত মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন হন, সেই আদালত সরাসরীমতে ঐ প্রতিজ্ঞাপত্র সাধন করাইতে পারিবেন। কিন্তু ঋণ যে তারিখে দাতব্য হয় সেই তারিখ অবধি এক বৎসরের মধ্যে কিম্বা সেই ঋণ যদি কিস্তিক্রমে দাতব্য হয়, তবে শেষ কিস্তি যে তারিখে দাতব্য হইল সেই তারিখ অবধি এক বৎসরের মধ্যে ঐ প্রতিজ্ঞাপত্র সাধনের প্রার্থনা করিতে হইবে। ঐ সাধনের প্রার্থনা যে আদালতে হয় সেই আদালতের ডিক্রী সাধনের প্রতি যে বিধি বর্ত্তে তদনুসারে সেই প্রতিজ্ঞাপত্র মোকদ্দমার ডিক্রীর ন্যায় সাধন হইবে। কিন্তু পূর্ব্বোক্ত সম্বিৎ সহিত রেজিষ্টরি করা প্রতিজ্ঞাপত্রের সরাসরীমতে সংশোধন সম্পর্কে যে আইন যে সময়ে প্রবল থাকে সেই আইনের বিধান বলবৎ হইবে। এই ধারামত প্রতিজ্ঞাপত্র যত টাকার উদ্দেশে হয় তত টাকা আদায় করণের মোকদ্দমায় আইনমতে যে মূল্যের ষ্টাম্প কাগজে নালিশপত্র লিখিতে হইবে তাহার চতুর্থাংশ মূল্যের ষ্টাম্প কাগজে ঐ প্রতিজ্ঞাপত্র সাধনের প্রার্থনা লিখিতে হইবে। কিন্তু এই ধারার কোন কথার দ্বারা স্থাবর সম্পত্তি বিষয়ে বন্ধকী স্বত্ব [illegible] বিক্রয় করিবার সরাসরী ডিক্রী পাইবার স্বত্ব জন্মে এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবে না ইতি।

[*Government Gazette*, 20*th March* 1865.]

PART XII.

Of the Duties and Powers of Registering Officers.

(*A*) *As to the Registry Books.*

[Registry Books to be kept in the several Offices.]

LIV. The following Books shall be kept in the several Offices hereinafter named (that is to say:) —

In all Registry Offices : —

Book 1.—" Register of instruments affecting immoveable property,"

Book 2.—" Register of Decrees and Orders of Court affecting immoveable property,"

Book 3 —" Register of deposits of Wills and Authorities to adopt," and

Book 4.—" Register of Wills and Authorities to adopt :"

In the Offices of all Registrars and Sub-Registrars : —

Book 5.—" Register of instruments specially registered under Section 53,"

Book 6.—" Miscellaneous Register,"

Book 7.—" Record of Powers of Attorney," and

Book 8 —" Record of reasons for refusal to register :"

And the Offices of the Registrar General and all Registrars :—

Book 9.—" Register of Abstracts."

In Book 1 shall be entered all documents registered under Section 17 and the first four Clauses of Section 18. In Book 2 shall be entered all Memoranda of Decrees and Orders of Court registered under Section 42 of this Act. In Book 5 shall be entered all instruments specially registered under Section 53, whether such instruments have also been entered in Book 1 or not. In Book 6 shall be entered all documents registered under Clauses 5 and 7 of Section 18, and not entered in Book 5. In Book 7 shall be entered an abstract of every power of attorney attested before the Registering Officer as provided in Section 36. In Book 9 shall be entered abstracts mentioned in Sections 66, 73, 74.

[Entries to be numbered consecutively]

LV. All entries shall be numbered in a consecutive series which shall commence and terminate with the year, a fresh series being commenced at the beginning of each year.

[Indexes to be kept]

LVI. Two indexes shall be prepared in each Office for each year, one containing the names and descriptions of all persons executing and also the names (if any) and descriptions of all persons

দ্বাদশ খণ্ড।

রেজিষ্টরী কার্য্যকারকদিগের কর্ত্তব্য কর্ম্মের ও ক্ষমতার বিধি।

(A) রেজিষ্টরী বহীসম্পর্কীয় বিধি।

[নানা কার্য্যালয়ে যেং রেজিষ্টরী বহী রাখিতে হইবে তাহার কথা।]

৫৪ ধারা। নিম্নলিখিত বহী এই ধারার লিখিত নানা কার্য্যালয়ে রাখিতে হইবে, যথা—

সকল রেজিষ্টরী কার্য্যালয়ে

১ নং বহী।—স্থাবর সম্পত্তি বিষয়ক লেখ্যের রেজিষ্টর

২ নং বহী।—স্থাবর সম্পত্তি বিষয়ে আদালতের ডিক্রীর ও আজ্ঞার রেজিষ্টর

৩ নং বহী।— গচ্ছিত চরমপত্রের ও দত্তক গ্রহণের অনুমতিপত্রের রেজিষ্টর

৪ নং বহী।—চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্রের রেজিষ্টর

সকল রেজিষ্ট্রারের ও সব-রেজিষ্ট্রারের কার্য্যালয়ে

৫ নং বহী।—৫৩ ধারামতে বিশেষরূপে রেজিষ্টরী করা লেখ্যের রেজিষ্টর

৬ নং বহী।—বিবিধ রেজিষ্টর

৭ নং বহী।—মোক্তারনামার রিকার্ড

৮ নং বহী।—রেজিষ্টর করিতে অসম্মত হইবার হেতুর লিপি।

রেজিষ্ট্রার জেনরলের ও সকল রেজিষ্ট্রারের কার্য্যালয়ে

৯ নং বহী।—চুম্বকের রেজিষ্টর

১৭ ধারামতে এবং ১৮ ধারার প্রথম ৪ প্রকরণমতে যে সকল লেখ্য রেজিষ্টর করা যায় তাহা ১ নং বহীতে লিখিতে হইবে। এই আইনের ৪২ ধারামতে আদালতের ডিক্রীর ও আজ্ঞার যে সকল মর্ম্মাত্মক পত্র রেজিষ্টর হয় তাহা ২ নং বহীতে লেখা যাইবে। ৫৩ ধারাক্রমে যে সকল লেখ্য বিশেষমতে রেজিষ্টর হয় তাহা যদিও ১ নং বহীতে লেখা যাউক কি না যাউক তথাপি ৫ নং বহীতে লিখিতে হইবে। ১৮ ধারার ৫ ও ৭ প্রকরণমতে যে সকল লেখ্য রেজিষ্টর হয় ও ৫ নং বহীতে লেখা না যায়, তাহা ৬ নং বহীতে লিখিতে হইবে। ৩৬ ধারামতে রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে যে প্রত্যেক মোক্তারনামা স্বাক্ষরিত হয় তাহার চুম্বক ৭ নং বহীতে লিখিতে হইবে। ৬৬ ও ৭৩ ও ৭৪ ধারাতে যে চুম্বকের কথা ব্যক্ত হইয়াছে তাহা ৯ নং বহীতে লিখিতে হইবে ইতি।

[বহীর লিখিত ভিন্নং সকল কথার ক্রমশঃ অঙ্ক দিতে হইবার কথা।]

৫৫ ধারা। প্রতি বৎসরের আরম্ভাবধি শেষপর্য্যন্ত উক্ত সকল বহীর লিখিত নিদর্শনপত্রের ক্রমশঃ একাদি অঙ্ক দেওয়া যাইবে। বৎসরের আরম্ভে ১ নম্বর আরম্ভ হইবে ইতি।

[সূচীপত্র রাখিবার কথা।]

৫৬ ধারা। প্রত্যেক কার্য্যালয়ে প্রতিবৎসরে দুই খান সূচীপত্র প্রস্তুত করা যাইবে। বৎসরের মধ্যে যত লেখ্য কার্য্যালয়ে রেজিষ্টর করা গেল সেই লেখ্য সম্পাদকদিগের নাম ও বাসাদি বর্ণনা, এবং যদি কেহ

claiming under every document registered in the Office during that year, and the other, in the case of immoveable property, containing the name of the village or place where the property is situate, together with a description of the property and its name, (if any) and such other particulars and in such form as the Registrar General shall from time to time prescribe under Section 76.

[Registered documents to be copied according to order of admission.]

LVII. Every document shall be dated on presentation and on being admitted to registration shall be copied in the book appropriated therefor under the provisions herein contained, according to the order of its admission.

[Registering Officers to allow inspection of certain Registry Books and to give certified copies of entries.]

LVIII. Subject to the previous payment of such fees as may be payable in that behalf, the Registry Books Nos. 1, 2 and 4 shall be at all times open to inspection by any person applying to inspect the same, and copies of any entry in such Registry Books shall be given, certified by the Registering Officer, to all perpons applying for such copies. Copies of entries in Registry Books Nos. 3, 5 and 6, certified as aforesaid, shall be given to any person executing or claiming under the documents to which the entries respectively refer; but the requisite search for such entries shall be made only by the Registering Officer. All such copies when certified as aforesaid shall be *primâ facie* evidence of the contents of the entries of which they have respectively been made.

(*B.*) *As to the Procedure on admitting to Registration.*

[Entries to be made as to persons examined. Record of conflicting statements.]

LIX. The Registering Officer shall enter in the Registry Book the name and address in full of every person whom he may examine pursuant to this Act, and may also, when the statements made before him are conflicting, record a note of the substance of the statement made by each such person, and such statement shall be read over, or (if made in a language with which such person is not acquainted) interpreted to him in a language with which he is acquainted, and if he shall admit the correctness of such note, it shall be signed by the Registering Officer.

[Particulars to be endorsed on documents admitted to registration.]

LX. On every document admitted to registration, there shall be endorsed the following particulars, (that is to say)—

ঐ লেখ্যের বলে দাওয়া করেন, তবে সেই সকল ব্যক্তির নাম ও বাসাদি বর্ণনার এক সুচিপত্রে এবং স্থাবর সম্পত্তি হইলে ঐ সম্পত্তি যে গ্রামের কি স্থানের অন্তর্গত হয় তাহার নাম এবং ঐ সম্পত্তির বর্ণনা ও সম্পত্তির নাম থাকিলে ঐ নাম এবং রেজিষ্ট্রার জেনরল ৭৬ ধারামতে অন্য যে সকল বৃত্তান্ত ও যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে ঐ বৃত্তান্ত প্রভৃতির অন্য সুচীপত্রে লিখিতে হইবে ইতি।

[লেখ্য যে ক্রমে গ্রাহ্য হয় তদনুসারে রেজিষ্টর করিবার কথা।]

৫৭ ধারা। প্রত্যেক লেখ্য উপস্থিত করা গেলে তাহার তারিখ লেখা যাইবে, এবং রেজিষ্টর হইবার জন্যে গ্রাহ্য হইলে, গ্রাহ্য হওনের ক্রমানুসারে এই আইনের লিখিত বিধানমতে তাহার প্রতিলিপি উপযুক্ত বহীতে করা যাইবে ইতি।

[কোন২ রেজিষ্টরী বহীতে দৃষ্টি করিতে রেজিষ্টরী কর্ম্মকারকদের অনুমতি দিবার এবং তল্লিখিত কথার সংশিত প্রতিলিপি দিবার কথা।]

৫৮ ধারা। রেজিষ্টরী দৃষ্টি করিবার জন্যে যে শুল্ক দাতব্য হয় তাহা অগ্রে দেওয়া গেলে, যে কোন ব্যক্তি ১ ও ২ ও ৪ নম্বরের বহী দৃষ্টি করিতে প্রার্থনা করেন তিনি কোন সময়ে তাহা অবাধিতরূপে দৃষ্টি করিতে পারিবেন। এবং যাঁহারা ঐ রেজিষ্টরী বহীর লিখিত কোন কথার প্রতিলিপি প্রার্থনা করেন তাঁহারাও রেজিষ্টরী কার্য্যকারকের সংশিত প্রতিলিপি পাইতে পারিবেন। ৩ ও ৫ ও ৬ নম্বরের রেজিষ্টরী বহীতে যে২ লেখ্যের প্রতিলিপি করা গেল সেই২ লেখ্য যে কোন ব্যক্তি সম্পাদন করেন কিম্বা যিনি তৎক্রমে দাওয়া করেন তাঁহাকেই ঐ২ লেখ্যের পূর্ব্বোক্তমতে প্রতিলিপি দেওয়া যাইতে পারিবে। কিন্তু সেই প্রতিলিপির যে অন্বেষণ করা প্রয়োজন হয় তাহা কেবল রেজিষ্টরী কার্য্যকারক করিবেন। তদ্রূপ সকল প্রতিলিপি পূর্ব্বোক্তমতে সংশিত হইলে তাহা আদি দৃষ্টে লিখিত কথার প্রমাণ হইবে ইতি।

(B) রেজিষ্টর করণার্থে গ্রাহ্য হইলে কার্য্যপ্রণালীর বিধি।

[যাহাদের পরীক্ষা লওয়া যায় তাহাদের বিষয় লিখিবার ও পরস্পর বিরুদ্ধ উক্তি লিপিবদ্ধ করিবার কথা।]

৫৯ ধারা। রেজিষ্টরী কার্য্যকারক এই আইন অনুসারে যে প্রত্যেক ব্যক্তির পরীক্ষা লন তাঁহার নাম ও বাসাদি বর্ণনা রেজিষ্টরী বহীতে সম্পূর্ণরূপে লিখিবেন। এবং যদি তাঁহার সাক্ষাতে পরস্পর বিরুদ্ধ কথা কহা যায়, তবে তদ্রূপ প্রত্যেক জন যাহা কহিয়াছেন তাহার মর্ম্মাত্মক কথা লিপিবদ্ধ করিবেন, ও সেই কথা তাঁহার নিকটে পাঠ করা যাইবে, কিম্বা যদি তাঁহার অজ্ঞাত ভাষায় লেখা যায়, তবে তাঁহার জ্ঞাত ভাষায় তাঁহার নিকটে অনুবাদ করা যাইবে, এবং তিনি যদি সেই মর্ম্মাত্মক কথা যথার্থ স্বীকার করেন, তবে রেজিষ্টরী কার্য্যকারক তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

[রেজিষ্টর করিবার জন্যে যে লেখ্য গ্রাহ্য হয় তাহার পৃষ্ঠে লিখিতব্য কথা।]

৬০ ধারা। যে প্রত্যেক লেখ্য রেজিষ্টর করিবার জন্যে গ্রাহ্য হয় তাহার পৃষ্ঠে পশ্চাৎ লিখিত বিবরণ লিখিতে হইবে।

1. The day, hour and place of presentation:

2. The names in full of the persons executing the document: and if it shall have been presented by the representatives, assigns or agents of any persons, the names of such representatives, assigns or agents:

3. The name and address in full of every person who may have been examined in reference to such document under any of the provisions of this Act; and

4. Any payment of money or delivery of goods made in the presence of the Registering Officer in reference to the execution of the document, and any admission of receipt of consideration made in his presence in reference to such execution.

[Such endorsement to be signed and authenticated.]

LXI. The endorsement mentioned in the last preceding Section shall be signed by every person executing the document, or by his representative or assign, or by his agent, and shall be authenticated by the seal and signature of the Registering Officer.

[And returned with a certificate showing number and page of book in which document has been registered.]

LXII. After the provisions of Sections 57, 60 and 61 shall have been complied with, the document shall be returned to the person who shall have presented the same for registration, or to such other person (if any) as he shall in presence of the Registering Officer, have nominated in writing in that behalf, with a certificate containing the number and page of the book in which the document shall have been registered. Such certificate shall be *primâ facie* evidence that the document has been duly registered in manner provided by this Act and that the facts mentioned in the certificate have occurred as therein mentioned. Provided that registrations *bonâ fide* made by any Registering Officer shall not be deemed invalid merely by reason of defect or irregularity in the appointment of or in the procedure followed by such Officer.

[Power to administer oaths. Provision as to evidence.]

LXIII. It shall be lawful for every Registering Officer at his discretion to administer an oath to any person examined by him under the provisions of this Act; and it shall not be necessary for such Officer to take down, read over or sign the evidence of any such person otherwise than is expressly provided by this Act.

১। তাহা আনিবার দিন ও ঘণ্টা ও স্থান।

২। যে ব্যক্তিরা তাহাতে স্বাক্ষর করেন তাঁহাদের সম্পূর্ণ নাম। যদি তাহা কোন ব্যক্তিদের স্থলাভিষিক্তগণ কি আসৈন কি এজেণ্টকর্ত্তৃক আনীত হয়, তবে সেই স্থলাভিষিক্তগণের কি আসৈনদের কি এজেণ্টদের নাম।

৩। এই আইনের কোন বিধান মতে সেই লেখ্য সম্পর্কে যে প্রত্যেক ব্যক্তির পরীক্ষা লওয়া যায় তাঁহার সম্পূর্ণ নাম ও বাসাদি বর্ণনা।

৪। ঐ লেখ্য সম্পাদন সম্পর্কে রেজিষ্টরী কার্য্যকারকের সাক্ষাতে যে কিছু টাকা দেওয়া যায় কি সামগ্রী প্রদান হয় এবং সেই সম্পাদন সম্পর্কে তাঁহার সাক্ষাতে যে পারিতোষিক প্রাপ্তি স্বীকার হয় তাহা ইতি।

[পৃষ্ঠলিপির সেই কথায় স্বাক্ষর ও তাহা সত্যাকরণের কথা।]

৬১ ধারা। যে প্রত্যেক ব্যক্তি লেখ্যতে স্বাক্ষর করেন তিনি কি তাঁহার স্থলাভিষিক্ত কি আসৈন কিম্বা তাঁহার এজেণ্ট ইহার পূর্ব্বধারার লিখিত পৃষ্ঠলিপিতে স্বাক্ষর করিবেন, এবং রেজিষ্টরী কার্য্যকারক মোহর ও স্বাক্ষর করিয়া তাহা সত্য করিবেন ইতি।

[ঐ লেখ্যের প্রতিলিপি যে বহীর যে অঙ্কক্রমে যে পৃষ্ঠায় লেখা যায় তাহার সংশিতপত্র সহিত ঐ পত্র প্রতিদান করিবার কথা।]

৬২ ধারা। ৫৭ ও ৬০ ও ৬১ ধারার বিধানানুযায়ি কার্য্য সমাধা হইলে, যিনি সেই লেখ্য রেজিষ্টর করিবার জন্যে আনিয়াছিলেন তাঁহাকে তাহা দেওয়া যাইবে, কিম্বা তিনি যদি ঐ লেখ্য গ্রহণার্থে রেজিষ্টরী কার্য্যকারকের সাক্ষাতে লিখনক্রমে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিয়া থাকেন তবে তাঁহাকে ঐ লেখ্য দেওয়া যাইবে। এবং যে বহীতে রেজিষ্টর করা গেল সেই বহীতে ঐ প্রতিলিপির যে অঙ্ক দেওয়া যায় ও যে পৃষ্ঠায় প্রতিলিপি হয় সেই অঙ্ক ও পৃষ্ঠা সংশিতপত্রে লিখিয়া তাহা ঐ লেখ্য সহিত দেওয়া যাইবে। এই আইনের বিধানমতে ঐ লেখ্য উপযুক্তরূপে রেজিষ্টর করা গেল ও সংশিতপত্রে সেই কথা লেখা আছে তাহা তদনুযায়ি যথার্থ, আদি দৃষ্টে সেই সংশিতপত্রই ইহার প্রমাণ হইবে। পরন্তু কোন রেজিষ্টরী কার্য্যকারক দ্বারা যে রেজিষ্টরী কার্য্য সরল ভাবে হইয়াছে সেই কার্য্যকারকের নিযুক্ত হওনের কিম্বা তাঁহার কার্য্যপ্রণালীর কোন দোষ কি অবিধি মাত্র হেতুক তাহা অসিদ্ধ জ্ঞান হইবে না ইতি।

[শপথ করাইবার ক্ষমতার কথা ও সাক্ষ্য সম্পর্কীয় বিধান।]

৬৩ ধারা। প্রত্যেক রেজিষ্টরী কার্য্যকারক এই আইনের বিধানমতে যে কোন ব্যক্তির পরীক্ষা লন তাঁহাকে স্বেচ্ছামতে শপথ করাইতে পারিবেন, এবং সেই ব্যক্তির সাক্ষ্য লিখিয়া লওন ও তাঁহার নিকটে পাঠ করণ কি স্বাক্ষর করণ বিষয়ের যে স্পষ্টবিধি এই আইনে হইয়াছে তদ্ভিন্ন প্রকারান্তরে সেই কার্য্যকারকের ঐ সাক্ষ্য লেখা প্রভৃতির আবশ্যক হইবে না ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২০ মার্চ।]

(C.) *Special Duties of Sub-Registrar.*

[Sub-Registrar to forward in duplicate abstracts of instruments affecting immoveable property and registered in his Office.]

LXIV. An abstract of every original instrument affecting immoveable property registered in the Office of any Sub-Registrar, shall, with a copy of the certificate under Section 62, be forwarded in duplicate within seven days from the date of registration to the Registrar to whom he is subordinate.

[Procedure on Sub-Registrar's registration of document relating to immoveable property situate in one District, but in more than one Sub-District.]

LXV. Every Sub-Registrar on registering a document relating to immoveable property which, though situate in one District, is not wholly situate in his own Sub-District, shall forward a copy thereof, and of the endorsement and certificate hereon to every other Sub-Registrar subordinate to the same Registrar as himself in whose Sub-District any part of such property is situate; and every such Sub-Registrar shall register an abstract of the same in his Book No. 1, and file the copy in his Office.

[Procedure on Sub-Registrars' registration of instrument referring to immoveable property situate in several Districts.]

LXVI. Every Sub-Registrar on registering any instrument which refers to immoveable property situate in more Districts than one, shall forward a copy thereof and of the endorsement and certificate thereon to the Registrar of every District in which any part of such property is situate other than the District in which his own Sub-District is situate. The Registrar on receiving the copy shall register an abstract thereof in his Book No. 9, and forward copies to the Sub-Registrars subordinate to him within whose Sub-District any part of such property is situate; and every Sub-Registrar receiving such copy shall register an abstract of the same in his Book No. 1, and file the copy in his Office.

(D.) *Special duties of Registrar.*

[Registrar to forward to General Registry Office abstracts of instruments affecting immoveable property and registered in his Office.]

LXVII. An abstract of every original instrument affecting immoveable property registered in the Office of any Registrar, shall, with a copy

(C) সব-রেজিষ্ট্রারের বিশেষ কর্ত্তব্য কর্ম্মের বিধি।

[স্থাবর সম্পত্তি বিষয়ে যে লেখ্য সব-রেজিষ্ট্রারের কার্য্যালয়ে রেজিষ্টর করা যায় তাহার দোকর চুম্বক প্রেরণ করিতে হইবার কথা।]

৬৪ ধারা। কোন সব-রেজিষ্ট্রারের কার্য্যালয়ে স্থাবর সম্পত্তি বিষয়ক যে প্রত্যেক মূলপত্র রেজিষ্টর করা যায় তিনি যে রেজিষ্ট্রারের অধীন হন তাঁহার নিকটে রেজিষ্টর করণের তারিখ অবধি সাত দিনের মধ্যে সেই মূলপত্রের দোকর চুম্বক এবং ৬২ ধারামত সংশিতপত্রের প্রতিলিপি প্রেরণ করিবেন ইতি।

[যে স্থাবর সম্পত্তি একি ডিষ্ট্রিক্টের কিন্তু একের অধিক সব-ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে তদ্বিষয়ের লেখ্য সব-রেজিষ্ট্রার রেজিষ্টর করিলে তাঁহার কর্ত্তব্যতার কথা।]

৬৫ ধারা। যদি কোন স্থাবর সম্পত্তি একি ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে কিন্তু তদ্বিষয়ক লেখ্য যে সব-রেজিষ্ট্রার রেজিষ্টর করেন যদি তাঁহার নিজ সব-ডিষ্ট্রিক্টের মধ্যে সমুদয় সম্পত্তি না থাকে, তবে তিনি ঐ লেখ্য রেজিষ্টর করিলে আপনি যে রেজিষ্ট্রারের অধীন হন্ সেই রেজিষ্ট্রারের অধীন অন্য যে প্রত্যেক সব-রেজিষ্ট্রারের সব-ডিষ্ট্রিক্টের মধ্যে ঐ সম্পত্তির কোন অংশ থাকে সেই প্রত্যেক সব-রেজিষ্ট্রারের নিকটে ঐ লেখ্যের এবং তাহার পৃষ্ঠলিপির ও সংশিতপত্রের প্রতিলিপি প্রেরণ করিবেন। এবং তদ্রূপ প্রত্যেক সব-রেজিষ্ট্রার আপনার ১ নম্বরী বহীতে ঐ লেখ্যের চুম্বক রেজিষ্টর করিয়া আপন কার্য্যালয়ে প্রতিলিপি গোচাইয়া রাখিবেন ইতি।

[যে স্থাবর সম্পত্তি অনেক জিলার অন্তর্গত তৎসম্পর্কীয় লেখ্য রেজিষ্টর করিলে সব-রেজিষ্ট্রারের কর্ত্তব্যতার কথা।]

৬৬ ধারা। যে স্থাবর সম্পত্তি একের অধিক ডিষ্ট্রিক্টের অন্তর্গত থাকে সব-রেজিষ্ট্রার তৎসম্পর্কীয় কোন লেখ্য রেজিষ্টর করিলে পর আপনার সব ডিষ্ট্রিক্ট যে ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে তদ্ভিন্ন ঐ সম্পত্তির কোন অংশ অন্য যেং ডিষ্ট্রিক্টে থাকে তাহার প্রত্যেক ডিষ্ট্রিক্টের রেজিষ্ট্রারের নিকটে তিনি ঐ লেখ্যের ও তৎপৃষ্ঠলিপির ও সংশিতপত্রের প্রতিলিপি প্রেরণ করিবেন। রেজিষ্ট্রার সেই প্রতিলিপি প্রাপ্ত হইয়া আপনার ৯ নম্বরের বহীতে তাহার চুম্বক রেজিষ্টর করিয়া, আপনার অধীন যেং সব-রেজিষ্ট্রারের সব-ডিষ্ট্রিক্টের মধ্যে ঐ সম্পত্তির কোন অংশ থাকে তাঁহাদের নিকটে প্রতিলিপি পাঠাইবেন। এবং প্রত্যেক সব-রেজিষ্ট্রার ঐ প্রতিলিপি প্রাপ্ত হইয়া আপনার ১ নম্বর বহীতে তাহার চুম্বক রেজিষ্টর করিয়া ঐ প্রতিলিপি আপনার কার্য্যালয়ে গোচাইয়া রাখিবেন ইতি।

(D) রেজিষ্ট্রারের বিশেষ কর্ত্তব্যতার কথা।

[স্থাবর সম্পত্তি বিষয়ক যে লেখ্য রেজিষ্ট্রারের কার্য্যালয়ে রেজিষ্টর করা যায় তাহার চুম্বক জেনরল রেজিষ্টরী কার্য্যালয়ে পাঠাইবার কথা।]

৬৭ ধারা। কোন রেজিষ্ট্রারের কার্য্যালয়ে স্থাবর সম্পত্তি বিষয়ক যে প্রত্যেক মূল লেখ্য রেজিষ্টর করা যায় ঐ রেজিষ্ট্রার সাত দিনের মধ্যে সেই লেখ্যের চুম্বক

of the certificate under Section 62, be forwarded by the Registrar within seven days to the General Registry Office.

[Filing in Registrar's Office of abstracts made by Sub-Registrar.]

LXVIII. On the receipt in a Registrar's Office of the duplicate abstracts made by any Sub-Registrar, one such duplicate shall be filed in such Office, and the other shall be forwarded to the General Registry Office.

[Procedure on registering instruments under Section 33.]

LXIX. On registering any instrument under Section 33 of this Act, the Registrar shall forward a copy of such instrument to each Sub-Registrar subordinate to himself and to any other Registrar in whose Sub-District or District, as the case may be, any part of such property is situate; and such Sub-Registrar or Registrar, on receiving the copy, shall follow the procedure prescribed for him respectively in Section 66.

[Procedure on receipt of memorandum under Section 41. Procedure on receipt of memorandum under Section 42.]

LXX. Every memorandum received under Section 41 shall be copied in the margin of the part of the book in which the document affected by such memorandum is registered: and the Rgistrar shall send a copy of such memorandum to the Registrar-General and to every Sub-Registrar in his District in whose Office the said document or any abstract thereof is registered, who shall make a similar entry in the margin of the abstract or copy registered in his Office. Every memorandum received by a Registrar under Section 42 of this Act shall be copied by him in his Registry Book No. 2, and he shall send the memorandum to the Registrar General and a copy thereof to every Sub-Registrar subordinate to himself in whose Sub-District any part of such property may be situate, and the Registrar General and every such Sub-Registrar respectively shall copy it in his Registry Book. No. 2.

[Procedure on deposit of Wills or Authorities to adopt.]

LXXI. On accepting for deposit a sealed cover under Section 44, the Registrar shall transcribe in his Registry Book No. 3 the superscription on such sealed cover and note in the Register and on the sealed cover the year, month, day and hour of such presentation and receipt, together with the name of the depositor, and the name of each of the persons testifying to the identity of such depositor, and the inscription so far as it is legible on the seal of the cover. The Registrar

৬২ ধারামতে সংশিতপত্রের প্রতিলিপির সহিত জেনরল রেজিষ্টরী আফিসে প্রেরণ করিবেন ইতি।

[সব-রেজিষ্ট্রারের দ্বারা যে চুম্বক লেখা যায় তাহা রেজিষ্ট্রারের কার্য্যালয়ে গোচাইয়া রাখিবার কথা।]

৬৮ ধারা। কোন সব-রেজিষ্ট্রার যে দোকর চুম্বক লেখেন তাহা রেজিষ্ট্রারের কার্য্যালয়ে প্রাপ্ত হওয়া গেলে তাহার এক খানি ঐ কার্য্যালয়ে গোচান যাইবে ও অন্য খান জেনরল রেজিষ্টরী আফিসে প্রেরিত হইবে ইতি।

[৩৩ ধারামতে লেখ্য রেজিষ্টর করিলে ইতি কর্ত্তব্যতার কথা।]

৬৯ ধারা। রেজিষ্ট্রার এই আইনের ৩৩ ধারামতে কোন লেখ্য রেজিষ্টর করিলে পর আপনার অধীন যে প্রত্যেক সব-রেজিষ্ট্রারের এবং বিষয় বিশেষে অন্য যে কোন রেজিষ্ট্রারের সব-ডিষ্ট্রিক্টের কি ডিষ্ট্রিক্টের মধ্যে ঐ সম্পত্তির কোন অংশ থাকে তাঁহাদের প্রত্যেক জনের নিকটে তিনি ঐ লেখ্যের প্রতিলিপি পাঠাইবেন এবং সেই সব-রেজিষ্ট্রার কি রেজিষ্ট্রার ঐ প্রতিলিপি প্রাপ্ত হইলে পর ৬৬ ধারার নির্দ্দিষ্ট প্রণালীক্রমে কার্য্য করিবেন ইতি।

[৪১ ও ৪২ ধারামতে মর্ম্মাত্মকপত্র গ্রহণ হইলে ইতিকর্ত্তব্যতার কথা।]

৭০ ধারা। ৪১ ধারামতে লেখ্য সম্পর্কীয় মর্ম্মাত্মকলিপি প্রাপ্ত হওয়া গেলে সেই লেখ্য বহীর যে পৃষ্ঠায় লেখা হইয়াছে সেই পৃষ্ঠে ঐ লেখ্যের পার্শ্বে ঐ মর্ম্মাত্মক লিপির প্রতিলিপি করিতে হইবে। এবং রেজিষ্ট্রার ঐ মর্ম্মাত্মক লিপির এক প্রতিলিপি রেজিষ্ট্রার জেনরলের নিকটে, এবং আপন ডিষ্ট্রিক্টের যে প্রত্যেক সব-রেজিষ্ট্রারের কার্য্যালয়ে উক্ত লেখ্য কি তাহার কোন চুম্বক রেজিষ্টর হইয়াছে তথায় পাঠাইবেন। তাঁহারাও আপনং কার্য্যালয়ে রেজিষ্টর করা ঐ চুম্বকের কি প্রতিলিপির পার্শ্বে ঐ মর্ম্মাত্মকলিপির প্রতিলিপি করিবেন। রেজিষ্ট্রার এই আইনের ৪২ ধারামতে যে প্রত্যেক মর্ম্মাত্মক লিপি প্রাপ্ত হন, তাঁহার ২ নং রেজিষ্টরী বহীতে তাহার প্রতিলিপি করা যাইবে। এবং তিনি সেই মর্ম্মাত্মক লিপি রেজিষ্ট্রার জেনরলের নিকটে পাঠাইবেন, ও আপনার অধীন যে প্রত্যেক সব-রেজিষ্ট্রারের সব-ডিষ্ট্রিক্টের মধ্যে ঐ সম্পত্তির কোন অংশ থাকে তাঁহার নিকটে তাহার প্রতিলিপি পাঠাইবেন, ও রেজিষ্ট্রার জেনরল এবং উক্ত প্রত্যেক সব-রেজিষ্ট্রার আপনার ২ নং রেজিষ্টরী বহীতে তাহার প্রতিলিপি করিবেন ইতি।

[চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র গচ্ছিত করিলে ইতিকর্ত্তব্যতার কথা।]

৭১ ধারা। রেজিষ্ট্রার ৪৪ ধারামতে মোহরাঙ্কিত খামে বন্ধ পত্র গচ্ছিত করণার্থে প্রাপ্ত হইলে, তিনি ৩ নং রেজিষ্টরী বহীতে সেই মোহরাঙ্কিত খামের উপরের লিখিত কথার প্রতিলিপি করিবেন। এবং যে সালে যে মাসে যে দিনে যে ঘণ্টায় ঐ প্রত্যেক খাম উপস্থিত করা গেল ও গৃহীত হইল ও যে জন তাহা গচ্ছিত করেন তাঁহার নাম এবং গচ্ছিতকারী প্রকৃত সেই ব্যক্তি এই বিষয়ের যে প্রত্যেক জন সাক্ষী হন তাঁহাদের নাম, এবং সেই খামের মোহরে যে কথা খোদিত আছে তাহা যে পর্য্যন্ত পাঠ্য হয়, সেই পর্য্যন্ত

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২০ মার্চ।]

shall then place and retain the sealed cover in his fire-proof box.

(E.) *Of the Registrar General.*

[Mode of registration by Registrar General.]

LXXII. In registering any instrument under Section 32 of this Act, the Registrar General shall follow the mode of registration herein prescribed for the registration of documents presented in the first instance to a Registrar or a Sub-Registrar.

[Procedure on registration by Registrar General.]

LXXIII. The Registrar General, on any such instrument being registered in his Office under Section 32 of this Act, shall forward to every Registrar within whose District any part of the property to which the instrument relates is situated, a copy of such instrument and of the endorsement and certificate thereon, and the Registrar receiving such copy shall register an abstract of the same and shall forward a copy of the instrument and of the endorsement and certificate aforesaid to each Sub-Registrar in his District within whose Sub-District any part of such property is situate; and every Sub-Registrar who shall receive such copy shall file the same in his Office and register an abstract thereof in his Book No. 1.

[Filing in General Registry Office of abstracts of entries.]

LXXIV. On the receipt in the Registrar General's Office of the abstract of any entry made in any Register, the same shall be filed in such Office.

(F.) *Of the Controlling Powers of Registrars and Registrars General.*

[Registrar to superintend and control Sub-Registrars.]

LXXV. Every Sub-Registrar shall perform the duties of his Office under the superintendence and control of the Registrar in whose District the Office of such Sub-Registrar shall be situate; and every Registrar shall have authority to issue (whether on complaint or otherwise) any order he may consider necessary in respect of any act or omission of any Sub-Registrar subordinate to him, or in respect of the rectification of any error regarding the Book or the Office in which any document shall have been registered.

[Powers of Registrar General. Power to frame rules.]

LXXVI. The Registrar General shall exercise a general superintendence over all the Registry

সেই কথা ঐ রেজিষ্টরে এবং ঐ খামের উপর লিখিতে হইবে। পরে রেজিষ্ট্রার আপনার অদহনীয় বাক্সে ঐ মোহরাঙ্কিত খাম অর্পণ করিয়া রাখিবেন ইতি।

(E) রেজিষ্ট্রার জেনরল সম্পর্কীয় বিধি।

[রেজিষ্ট্রার জেনরলের দ্বারা রেজিষ্টরী করণের নিয়মের কথা।]

৭২ ধারা। কোন লেখ্য রেজিষ্টরী হইবার জন্যে আদৌ রেজিষ্ট্রারের কি সব-রেজিষ্ট্রারের নিকটে আনা গেলে সেই লেখ্য রেজিষ্টর করিবার যে প্রণালী এই আইনে নির্দ্দিষ্ট হইয়াছে, রেজিষ্ট্রার জেনরল এই আইনের ৩২ ধারামতে কোন লেখ্য রেজিষ্টর করণে সেই প্রণালীতে কার্য্য করিবেন ইতি।

[রেজিষ্ট্রার জেনরলের দ্বারা রেজিষ্টর হইলে পর ইতিকর্ত্তব্যতার কথা।]

৭৩ ধারা। তদ্রূপ কোন লেখ্য এই আইনের ৩২ ধারামতে রেজিষ্ট্রার জেনরলের কার্য্যালয়ে রেজিষ্টর করা গেলে পর, ঐ লেখ্য যে সম্পত্তি সম্পর্কীয় হয়, সেই সম্পত্তির কোন অংশ যে প্রত্যেক রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্‌টের মধ্যে থাকে তাঁহার নিকটে ঐ লেখ্যের ও তদুপরি পৃষ্ঠলিখিত ও সংশংসিত লিপির প্রতিলিপি করিবেন। এবং যে রেজিষ্ট্রার ঐ প্রতিলিপি প্রাপ্ত হন তিনি তাহার সারাংশ রেজিষ্টর করিয়া আপনার ডিষ্ট্রিক্‌টের অন্তর্গত যে প্রত্যেক সব-রেজিষ্ট্রারের সব-ডিষ্ট্রিক্‌টের মধ্যে ঐ সম্পত্তির কোন অংশ থাকে তাহার নিকটে ঐ লেখ্যের এবং পূর্ব্বোক্ত পৃষ্ঠলিপির ও সংশিতপত্রের প্রতিলিপি প্রেরণ করিবেন। ও যে প্রত্যেক সব-রেজিষ্ট্রার ঐ প্রতিলিপি প্রাপ্ত হন তিনি আপন কার্য্যালয়ে তাহা গোচাইয়া রাখিবেন, এবং তাহার চুম্বক আপনার ১ নং বহীতে রেজিষ্টর করিবেন ইতি।

[বহীর লিখিত কথার চুম্বক জেনরল রেজিষ্টরী আফিসে গোচাইবার কথা।]

৭৪ ধারা। কোন রেজিষ্টরে লিখিত কোন কথার চুম্বক রেজিষ্ট্রার জেনরলের কার্য্যালয়ে প্রাপ্ত হওয়া গেলে তাহা সেই কার্য্যালয়ে গোচান যাইবে ইতি।

(F) রেজিষ্ট্রারদিগের ও রেজিষ্ট্রার জেনরলদিগের তত্ত্বাবধারণের ক্ষমতার বিধি।

[রেজিষ্ট্রার কর্ত্তৃক সব-রেজিষ্ট্রারদিগের তত্ত্বাবধান ও কর্ত্তৃত্ব হইবার কথা।]

৭৫ ধারা। যে সব-রেজিষ্ট্রারের কার্য্যালয় যে ডিষ্ট্রিক্‌টের মধ্যে থাকে সেই প্রত্যেক সব-রেজিষ্ট্রার সেই ডিষ্ট্রিক্‌টের রেজিষ্ট্রারের তত্ত্ব ও কর্ত্তৃত্বাধীনে আপনার কার্য্যালয়ের কর্ত্তব্য কর্ম্ম করিবেন। এবং রেজিষ্ট্রারের অধীন কোন সব-রেজিষ্ট্রার যে কার্য্য করেন কি কর্ত্তব্য যে কর্ম্ম না করেন তৎসম্পর্কে, কিম্বা লেখ্য যে বহীতে কি যে কার্য্যালয়ে রেজিষ্টর হইয়াছে তৎসম্পর্কীয় কোন ভ্রম সংশোধনার্থে রেজিষ্ট্রার অভিযোগ প্রাপণ পূর্ব্বক কি অন্য কারণে যে আজ্ঞা আবশ্যক জ্ঞান করেন তাহা করিতে ক্ষমতাপন্ন আছেন ইতি।

[রেজিষ্ট্রার জেনরলের ক্ষমতার কথা ও বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।]

৭৬ ধারা। স্থানীয় গবর্ণমেন্টের শাসিত দেশান্তর্গত সকল রেজিষ্টরী কার্য্যালয়ের উপর রেজিষ্ট্রার জেন-

Offices in the Territories administered by the local Government, and shall have power from time to time to frame rules not inconsistent with the terms of this Act, for the guidance of the Registrars and Sub-Registrars under him—

For regulating the proceedings of these Officers;

For providing for the safe custody of books, papers, and documents, and also for the destruction of such books, papers, and documents, as it may be deemed to be no longer necessary to keep;

For regulating the languages in which and the materials on, in and with which documents presented for regitration are to be written or printed, the size of such documents and the exent of blank space to be left thereon;

For declaring the holidays that shall be observed in the Registry Offices.

The rules so framed shall be submitted to the local Government for approval, and after they shall have been approved, they shall be published in the Official Gazette, and shall have the same force as if they were inserted in this Act.

[No appeal from order admitting to registration.]

LXXVII. No appeal shall lie from an order admitting a document to Regisration.

(To be continued.)

The following Bill was introduced into the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 9th March 1866, and was referred to a Select Committee, with instructions to make their report thereon in a fortnight:

No. 7 OF 1866.

A Bill to provide for the Establishment of a Public Museum at Calcutta.

[Preamble.]

WHEREAS it is expedient to provide for the establishment of a Public Museum at Calcutta, to be called the Indian Museum; It is enacted as follows:—

[Building to be erected for Indian Museum.]

I. The Governor-General of India in Council shall cause to be erected at the expense of the Government of India, a suitable building in Calcutta on or near the site now occupied by the Small Cause Court, to be devoted in part to collections illustrative of Indian archiology and of the several branches of Natural History, in part to the preservation and exhibition of other objects of interest, whether historical, physical, or economical, in part to the records and offices of the Geo-

রলের সাধারণমতে তত্ত্বাবধারণ থাকিবে। এবং পশ্চাৎ লিখিত যে২ বিষয়ের বিধি এই আইনের কথার অসঙ্গত না হয় এমত বিধি সময়ে২ করিবেন, বিশেষতঃ তাঁহার অধীন রেজিষ্ট্রার ও সব-রেজিষ্ট্রারদিগের কার্য্যের পদ্ধতির বিধি।

ঐ২ কর্ম্মকারকদিগের কার্য্য প্রণালীর বিধি।

পুস্তক ও কাগজপত্র ও লেখ্য নির্ব্বিঘ্নে রক্ষা করিবার এবং যে২ পুস্তক ও কাগজপত্র ও লেখ্য অধিক কাল রাখিবার আবশ্যক বোধ না হয় তাহা নষ্ট করিবার বিধি।

রেজিষ্টর করিবার জন্যে যে লেখ্য আনা যাইবে তাহা যদ্রূপ দ্রব্যের উপর ও যে দ্রব্যেতে ও যে দ্রব্য দ্বারা লিখিত কি মুদ্রিত হইবে, ও সেই লেখ্যের পরিমাণ এবং তাহার যত শাদা রাখিতে হইবে এই সকলের বিধি।

রেজিষ্টরী কার্য্যালয়ে যে২ দিনে ছুটী হইবে তাহার বিধি।

তদ্রূপ প্রণীত বিধি স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনার্থে অর্পিত হইবে, ও অনুমোদিত হইলে পর রাজকীয় গেজেটে প্রকাশ হইবে, ও এই আইনের অন্তর্গত হওয়ার তুল্য বলবৎ হইবে ইতি।

[রেজিষ্টর করণার্থ গ্রাহ্য করিবার আজ্ঞার উপর আপীল না হইবার কথা।]

৭৭ ধারা। কোন লেখ্য রেজিষ্টরী হইবার জন্যে যে আজ্ঞাক্রমে গ্রাহ্য হয় তাহার উপর আপীল নাই ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

আইনের পশ্চাৎ লিখিত পাণ্ডুলিপি ১৮৬৬ সালের ৯ মার্চ তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইয়া বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইল ও তাঁহাদের প্রতি এক পক্ষের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আদেশ হইয়াছে।

১৮৬৬ সালের ৭ নম্বর।

কলিকাতায় রাজকীয় চিত্রশালিকা স্থাপনের বিধান করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

কলিকাতা নগরে ভারতবর্ষীয় চিত্রশালিকা নামে রাজকীয় চিত্রশালিকা স্থাপন করিবার বিধান করা বিহিত, এই হেতুক পশ্চাৎ লিখিত মতে বিধান করা যাইতেছে।

[ভারতবর্ষীয় চিত্রশালিকার নিমিত্তে গৃহ নির্ম্মাণের কথা।]

১ ধারা। ভারতবর্ষীয় পূর্ব্বকালীন ব্যবহার এবং প্রাকৃতিক ইতিবৃত্তের নানা শাখার নিদর্শক যে সামগ্রী সংগৃহীত হয় তাহা রক্ষার জন্যে, এবং পুরাবৃত্ত ও পদার্থ কি গৃহস্থালী সম্পর্কীয় মনোরঞ্জক অন্যান্য দ্রব্য রক্ষা ও প্রকাশ করণার্থে, এবং ভারতবর্ষীয় ভূতত্ত্ববিদ্যাসম্বন্ধে পরিমাপণ কার্য্যকারকদের কাগজপত্র রক্ষার্থে, ও কার্য্যালয়ের জন্যে, এবং বঙ্গদেশের এসিআটিক সোসাইটির কর্ম্মের সুবিধা স্থান নিরূপণের এবং তাঁহাদের গ্রন্থ ও হস্তলিখিত পুস্তকাদি ও ম্যাপ ও মুদ্রা ও উর্দ্ধকার প্রতিমা ও চিত্র ও ক্ষোদিত

logical Survey of India, and in part to the fit accommodation of the Asiatic Society of Bengal and to the reception of their Library, Manuscripts, Maps, Coins, Busts, Pictures, Engravings and other property.

[Building to be erected according to plans approved by the Secretary to the Department of Public Works and the Council of the Asiatic Society.]

II. The said Building shall be constructed according to such plans and specifications as shall have been approved of and agreed upon by and between the Secretary to the Government of India in the Public Works Department for the time being and the Council of the said Society; and in case the said Secretary and Council shall be unable to agree with reference to any such plans or specifications, the point or points on which they shall so disagree shall be referred to the final decision of the Governor General of India in Council. Such building shall be completed, so far as to be in a condition to receive the collections mentioned in the eleventh Section of this Act, within five years from the date of the passing of this Act; and the building shall be kept in repair, and the salaries, allowances and pensions of the Officers and servants and all other expenses connected with the said Indian Museum shall be paid and defrayed, at the expense of the Government of India.

[Trustees of the Indian Museum incorporated.]

III. The Chief Justice of the High Court of Judicature at Fort William in Bengal,

the Bishop of Calcutta,

the Vice-Chancellor of the University of Calcutta,

the Secretary to the Government of India in the Home Department,

four other persons to be nominated by the Governor General of India in Council,

the President of the Asiatic Society of Bengal and three other Members of the said Society for the time being, to be nominated by the Council of the said Society,

and their successors, appointed as hereinafter directed and subject to the provisions hereinafter contained, shall be and are hereby constituted a Body Corporate by the name of the "Trustees of the Indian Museum," and shall have a common seal, and by such name shall have perpetual succession; and all the powers of the said Corporation may be exercised so long and so often as there shall exist five Members thereof.

[*Government Gazette, 20th March* 1866.]

ছবি, ও অন্যান্য সম্পত্তি রাখিবার জন্যে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কলিকাতা নগরে ক্ষুদ্র মোকদ্দমার আদালত যে স্থানে আছে সেই স্থানে কি তন্নিকটে ভারতবর্ষের গবর্ণমেণ্টের অর্থব্যয়ে উপযুক্ত অট্টালিকা নির্ম্মাণ করাইবেন ইতি।

[পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের এবং এসিআটিক সোসাইটির কৌন্সেলের সেক্রেটারী সাহেবেরা ঐ গৃহের আকারাদির যে আলেখ্যে সম্মত হন তদনুসারে অট্টালিকা নির্ম্মাণ হইবার কথা।]

২ ধারা। পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের তৎকালীন সেক্রেটারী সাহেব এবং উক্ত সোসাইটীর কৌন্সেল ঐ অট্টালিকার আকারাদির যে আলেখ্য ও বিশেষ বর্ণনাতে সম্মত ও একবাক্য হন তদনুসারে উক্ত অট্টালিকা নির্ম্মিত হইবে। এবং যদি উক্ত সেক্রেটারী সাহেব ও কৌন্সেল তদ্রূপ আলেখ্য কি বিশেষ বর্ণনা বিষয়ে সম্মত হইতে না পারেন, তবে যে বিষয়ে কিম্বা যে২ বিষয়ে তাঁহাদের অনৈক্য হয় তাহা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের চরম নির্ণয়ার্থে সমর্পিত হইবে। এই আইনের ১১ ধারাতে যে২ সামগ্রী আয়োজন করণের কথা আছে, এই আইন প্রচলিত হইবার তারিখ অবধি পাঁচ বৎসরের মধ্যে ঐ অট্টালিকা এমত প্রস্তুত করিতে হইবে যে সেই২ সামগ্রী গ্রহণ করিবার উপযুক্ত হয়। এবং ভারতবর্ষের গবর্ণমেণ্টের অর্থ ব্যয়ে ঐ অট্টালিকা সংস্কারভাবে রাখা যাইবে, এবং উক্ত ভারতবর্ষীয় চিত্রশালিকার কার্য্যকারকদের ও চাকরদের বেতন ও সোপাধিক টাকা ও পেনস্যন ও ঐ চিত্রশালিকাঘটিত অন্যান্য খরচ দেওয়া যাইবে ও পরিশোধ হইবে ইতি।

[ভারতবর্ষীয় চিত্রশালিকার সমাবেত ট্রষ্টীদের কথা।]

৩ ধারা। বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের চিফ জষ্টিস সাহেব

কলিকাতার বিশপ সাহেব

কলিকাতার বিশ্ববিদ্যালয়ের বৈস-চান্সেলর সাহেব।

দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেব

অন্য যে চারি জনকে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব মনোনীত করিবেন তাঁহারা

বঙ্গদেশের এসিআটিক সোসাইটির সভাপতি এবং উক্ত সোসাইটির কৌন্সেল উক্ত সোসাইটির তাৎকালিক অন্য যে তিন জন মেম্বরকে মনোনীত করিবেন তাঁহারা

এবং তাঁহাদের পশ্চাৎ পদধারীগণ নিম্ন লিখিত আদেশক্রমে এবং নিম্ন লিখিত বিধানের অধীনে নিযুক্ত হইয়া ভারতবর্ষীয় চিত্রশালিকার ট্রষ্টীনামে সমাবেত দল হইবেন, ও এতৎক্রমে অবধারিত হইলেন, ও তাঁহাদের সাধারণ মোহর থাকিবে, ও সেই খ্যাতিক্রমে তাঁহাদের চিরপর্য্যায় হইবে, এবং উক্ত সমাবেত দলের পাঁচ জন মেম্বর যত কাল ও যতবার বর্ত্তমান থাকেন তত কাল ও ততবার সেই সমাবেত দলের ক্ষমতানুসারে কার্য্য হইতে পারিবে ইতি।

[Trustees empowered to receive bequests, donations and subscriptions.]

IV. It shall be lawful for the said Body Corporate to receive bequests, donations and subscriptions of land, buildings, money, and any such objects of interest as aforesaid, and to hold the same and to lay out such money for the purposes of the said Indian Museum in the improvement and enlargement of the collections vested in, presented to or purchased for the said Museum, or deposited therein; and the said Body Corporate shall have the exclusive possession, occupation and control for the purposes of their Trusts herein mentioned of the said building other than those portions thereof which upon its completion shall be set apart by the said Body Corporate for the accommodation of the said Society, and the reception of their Library, Manuscripts, Maps, Coins, Busts, Pictures, Engravings, and other property.

[Ex-officio Members. Provision for case of two offices being held by one person.]

V. The persons for the time being holding the offices respectively mentioned in Section 3 of this Act shall be ex-officio Members of the said Body Corporate and shall cease to be such Members respectively upon ceasing to hold the said offices respectively. In the event of any two of the said offices being held by the same person, it shall be lawful for the Governor-General of India in Council from time to time to nominate such other person as to him may seem fit, to be a Trustee under this Act so long as the said two offices shall be held by one person. Provided that when and so often as the said Chief Justice, Bishop, Vice-Chancellor or Secretary to the Government of India in the Home Department shall also be the President of the said Society, the Council of the Society may nominate any other person being a Member of the Society to be a Trustee under this Act so long as such Presidency shall be held by the said Chief Justice, Bishop, Vice-Chancellor or Secretary.

[Power to appoint new Trustees.]

VI. If any of the said Trustees to be nominated by the Governor-General of India in Council or by the Council of the said Society, or any Trustee appointed as herein provided, shall die or be absent from India for a period exceeding twelve months, or desire to be discharged, or refuse or become incapable to act, then and in every such case it shall be lawful for the Governor-General of India in Council or the Council of the said Society, as the case may be, to appoint a new Trustee in the place of the Trustee so dying or being absent from India or desiring to be discharged or refusing or becoming incapable to act

[চরমদান ও দান ও চান্দা গ্রহণ করিতে ট্রষ্টীদের ক্ষমতার কথা।]

৪ ধারা। উক্ত সমাবেত দল ভূমি কি কোটা কি টাকাস্বরূপ চরমদান ও দান ও চান্দা এবং পূর্ব্বোক্ত প্রকারের মনোরঞ্জক কোন দ্রব্য গ্রহণ করিতে পারিবেন, এবং সেই টাকা রাখিয়া উক্ত ভারতবর্ষীয় চিত্রশালিকার কার্য্যে অর্থাৎ উক্ত চিত্রশালিকায় যে সামগ্রী অর্পিত কি প্রদত্ত কিম্বা তজ্জন্য ক্রীত কি তথায় গচ্ছিত হয় তাঁহার সৌষ্ঠব ও সংখ্যা বর্দ্ধনার্থে ঐ টাকা ব্যয় করিবেন, এবং ঐ অট্টালিকা সমাপ্ত হইলে পর উক্ত সমাবেত দল উক্ত সোসাইটির কর্ম্মের সুবিধার্থে ও তাহাদের গ্রন্থ ও হস্তলিখিত পুস্তকাদি ও ম্যাপ ও মুদ্রা ও ঊর্দ্ধকায়প্রতিমা ও চিত্র ও ক্ষোদিত ছবি ও অন্য দ্রব্য রক্ষা করিবার জন্যে ঐ অট্টালিকার যে২ অংশ নিরূপণ করেন, তদ্ভিন্ন উক্ত সমাবেত দল এই ধারার নির্দ্দিষ্ট ন্যস্ত দ্রব্য রক্ষার্থে ঐ অট্টালিকার সমুদয়াংশ অধিকার ও ব্যবহার করিবেন ও তদুপরি কর্ত্তৃত্ব করিবেন ইতি।

[যাঁহারা স্ব২ পদোপলক্ষে মেম্বর হইবেন তাঁহাদের কথা এবং একি ব্যক্তি দুই পদ ধারণ করিলে তাহার উপবিধি।]

৫ ধারা। এই আইনের ৩ ধারাতে যে২ পদের উক্তি হইয়াছে, সেই২ পদ যাঁহারা যৎকালে ধারণ করেন তাঁহারা তৎকালে সেই২ পদোপলক্ষে উক্ত সমাবেত দলের মেম্বর হইবেন। এবং তন্মধ্যে কেহ উক্ত পদ ধারণে নিরস্ত হইলে তাঁহার সেই মেম্বরের পদও রহিত হইবে। যদি একি ব্যক্তি কোন সময়ে পূর্ব্বোক্ত দুই পদ ধারণ করেন, তবে যত কালধারণ করেন, তত কালপর্য্যন্ত এই আইনমতে ট্রষ্টী হওনার্থে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অন্য যে ব্যক্তিকে উপযুক্ত জ্ঞান করেন তাঁহাকে সময়ে২ নিযুক্ত করিতে পারিবেন। পরন্তু যখন ও যতবার উক্ত চীফজষ্টিস কি বিশপ কি বৈস-চানসেলর কিম্বা দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেব উক্ত সোসাইটীর সভাপতি হন, তখন উক্ত চীফ জষ্টিস কি বিশপ কি বৈস-চানসেলর কি সেক্রেটারী যতকাল ঐ সভাপতিপদে থাকেন তত কাল সোসাইটীর কৌন্সেল এই আইনমত ট্রষ্টী হওনার্থে সোসাইটীর মেম্বর অন্য কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[নূতন ট্রষ্টীদিগকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।]

৬ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা উক্ত সোসাইটীর কৌন্সেল কর্ত্তৃক যে ট্রষ্টীরা মনোনীত হন, তাঁহাদের মধ্যে কোন ব্যক্তি কিম্বা এই আইনের বিধানমতে নিযুক্ত কোন ট্রষ্টী যদি মরেন, কিম্বা দ্বাদশ মাসের অধিক কাল ভারতবর্ষে অনুপস্থিত থাকেন কিম্বা অপসৃত হইতে বাঞ্ছা করেন কিম্বা কর্ম্ম করিতে অসম্মত কি অক্ষম হন, তবে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা বিষয়বিশেষে উক্ত সোসাইটীর কৌন্সেল তদ্রূপ প্রত্যেক স্থলে, ঐ মৃত কি ভারতবর্ষে অনুপস্থিত কিম্বা অপসৃত হওনেচ্ছু কিম্বা কর্ম্ম করণে অসম্মত কি অক্ষম ঐ ট্রষ্টীর স্থানে নূতন ট্রষ্টীকে নিযুক্ত করিতে পারিবেন, এবং উক্ত

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২০ মার্চ।]

as aforesaid, and every Trustee so appointed shall thereupon become and be a Member of the said Body Corporate as fully and effectually as if he had been hereby constituted a Trustee.

[Quorum.]

VII. At all meetings of the said Body Corporate five shall be a quorum for the transaction of business.

[Power to Trustees to make, alter and repeal bye-laws and to appoint officers and servants.]

VIII. It shall be lawful for the said Body Corporate from time to time to make, alter and repeal bye-laws consistent with this Act for the management of the said Museum, for the summoning, holding and adjournment of general and special meetings of Members of the Body Corporate for securing the attendance of the Members at such meetings, for the provision and keeping of minute-books and account-books, for the compiling of catalogues and for all other purposes necessary for the execution of their Trusts. And (subject to the provision contained in the fifteenth Section of this Act) all officers and servants, salaried or otherwise employed in the care or management of the Trust property shall be appointed, and may be removed or suspended by the said Body Corporate, subject to such regulations and conditions as such Body Corporate shall think proper.

[Trustees may exchange or sell duplicates.]

IX. It shall be lawful for the Trustees from time to time, to order any duplicates of printed books, medals, coins, specimens of Natural History, or other curiosities to be exchanged for manuscripts, books, or other objects of interest, or to direct any such duplicates to be sold and the money to arise from such sale to be laid out in the purchase of manuscripts, books, maps, medals, coins, specimens of Natural History, or other curiosities that may be proper for the said Museum. But nothing herein contained shall be taken to authorise the exchange or sale of any of the articles mentioned in the fourteenth Section of this Act.

[Trustees shall furnish annual reports and accounts.]

X. The said Trustees shall furnish to the Government of India, on or before the first day of December in each year, a report of their several proceedings, acts, and ordinances for the past twelve months, and further shall furnish on or before the same day in each year to such Auditor as the Governor General of India in Council shall appoint in this behalf, accounts of all monies expended by the Trustees during the past twelve

প্রকারে নিযুক্ত প্রত্যেক ট্রষ্টী এই আইনমতে ট্রষ্টী পদে অবধারিত হইলে যদ্রূপে উক্ত সমাবেত দলের মেম্বর হইতেন তত্তুল্য ভাবে সম্পূর্ণ ও সফলরূপে উক্ত সমাবেত দলের মেম্বর হইবেন ইতি।

[যত জনের বর্ত্তমানে কার্য্য সম্পাদন হইবে তাহার কথা।]

৭ ধারা। উক্ত সমাবেত দলের সকল সভায় পঞ্চ ব্যক্তি কর্ম্ম সম্পাদনের পর্য্যাপ্ত সংখ্যা জ্ঞান হইবেক ইতি।

[ট্রষ্টীরদের উপবিধি করিবার এবং পরিবর্ত্ত ও রহিত করিবার এবং কর্ম্মকারক ও চাকরদিগকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।]

৮ ধারা। উক্ত সমাবেত দল ঐ চিত্রশালিকার কর্ম্মসম্পাদনার্থে, এবং সমাবেতগণের মেম্বরদিগকে সাধারণ ও বিশেষ সভায় আহ্বান করণার্থে ও সেই সভাকরণ ও সভার সময়ান্তর নিরূপণ ও সেই সভায় মেম্বরদিগের আগমন এবং কর্ম্মের সারবৃত্তান্ত লিখিবার পুস্তকের ও খাতাবহীর আনায়ন ও তাহা রাখণ এবং নানা দ্রব্যের সূচীপত্র করণ প্রভৃতি আপনাদের প্রতি ন্যস্ত বিষয়ের কর্ম্ম সম্পাদনার্থে অন্য যে সকল কার্য্য অবশ্য কর্ত্তব্য তাহা করণার্থে সময়ে২ এই আইনের সঙ্গত উপবিধি প্রণয়ন ও পরিবর্ত্ত ও রহিত করিতে পারিবেন। এবং এই আইনের পঞ্চদশ ধারার বিধানের অধীনে ন্যস্ত সম্পত্তির রক্ষণাবেক্ষণে কি কর্ম্মসম্পাদনে বেতনভোগি কি প্রকারান্তরের যে সকল কর্ম্মকারক ও চাকর নিযুক্ত হন তাঁহারা ঐ সমাবেত দলের বিবেচনায় উপযুক্ত বিধান ও নিয়মঅনুসারে ঐ দলকর্ত্তৃক নিযুক্ত হইবেন ও তাঁহাদের দ্বারা তাঁহারা কিয়ৎ কি চিরকালের নিমিত্তে অপসৃত হইতে পারিবেন ইতি।

[একি দ্রব্যের দুই প্রস্ত প্রাপ্ত হইলে ট্রষ্টীদের তাহা বিনিময় কি বিক্রয় করিবার কথা।]

৯ ধারা। ট্রষ্টীরা কোন মুদ্রিত পুস্তক কি পদক কি মুদ্রা কি স্থাবর জঙ্গমাদি কি অন্য চিত্র দ্রব্যের দুই প্রস্ত প্রাপ্ত হইলে তাহারা সময়ে২ এক প্রস্তের বিনিময়ে হস্তলিখিত পুস্তক কি গ্রন্থ কিম্বা মনোহর অন্য দ্রব্য গ্রহণ করিবার আজ্ঞা দিতে পারিবেন, কিম্বা তাহার এক প্রস্ত বিক্রয় করিয়া তাহাতে প্রাপ্ত টাকা হস্তলিখিত পুস্তক কি গ্রন্থ কি ম্যাপ কি পদক কি মুদ্রা কি স্থাবর জঙ্গমাদি কিম্বা উক্ত চিত্রশালিকার জন্য যে চিত্র দ্রব্য উপযুক্ত হইতে পারে তাহার ক্রয় করণে ব্যয় করিবার আদেশ করিতে পারিবেন। কিন্তু এই আইনের চতুর্দ্দশ ধারায় লিখিত কোন দ্রব্যের বিনিময় কি বিক্রয় করিবার অনুমতি হইল, এই আইনের কোন কথার এই অর্থ করিতে হইবে না ইতি।

[ট্রষ্টীরদের বার্ষিক রিপোর্ট ও হিসাব দিবার কথা।]

১০ ধারা। উক্ত ট্রষ্টীরা দ্বাদশমাসাবধি যে সকল কার্য্য ও কর্ম্ম ও বিধি করেন প্রতিবৎসর ডিসেম্বর মাসের প্রথম দিবসে কি তৎপূর্ব্বে তাহার রিপোর্ট ভারতবর্ষের গবর্ণমেণ্টকে দিবেন, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব হিসাব গ্রহণার্থে যে আডিটরকে নিযুক্ত করেন তাঁহাকে ঐ ট্রষ্টীরা প্রতিবৎসর সেই দিবসে কি তৎপূর্ব্বে সেই দ্বাদশ মাসে ব্যয়িত সকল টাকার হিসাব প্রয়োজনীয় প্রমাণপত্র সহিত অর্পণ করিবেন। সেই রিপোর্ট ও হিসাব বৎস-

months supported by the necessary vouchers. The said report and accounts shall be annually published for general information.

[Asiatic Society to remove their collectons to the new building.]

XI. The Council of the said Society shall cause the collections belonging to the Society and illustrative of Indian archæology and the several branches of Natural History and all additions that may be made thereto to be removed to the said building, at the expense of the Government of India, as soon as the same shall be completed so far as aforesaid; and such collections shall thereupon, subject to the provisions contained in this Act, become the property of the said Trustees.

[Council of the Asiatic Society to retain their exclusive control over the Library and to have exclusive possession of the portion of the new building to be set apart for the Society.]

XII. The Council of the said Society shall continue to have the same exclusive control over their said Library, Manuscripts, Maps, Coins, Busts, Pictures and Engravings, which they at present possess, and shall have the exclusive possession, occupation and control, for the puposes of the said Society, of those portions of the said building so to be erected as aforesaid, which shall, upon the completion of the said building so far as aforesaid, be set apart by the Trustees for the accommodation of the same Society, and for the reception of their Library, Manuscripts, Maps, Coins, Busts, Pictures, Engravings, and other property.

[Asiatic Society to have power to dispose of their present house.]

XIII. It shall be lawful for the said Society at any time after their said collections shall have been removed to and deposited within the said building so to be erected as aforesaid, to sell, exchange or lease the house, garden, and appurtenances now vested in them, as if this Act had not been passed.

[Collections of Asiatic Society to be kept distinguished in the Museum.]

XIV. Every article in the said collections of the said Society shall be marked and numbered and shall be kept and preserved in the said Indian Museum with such marks and numbers, and an inventory of such articles shall be made by the said Society and, on such articles being deposited as aforesaid, one copy of such inventory shall be signed by the said Trustees, and kept by the said Society, and another copy shall be signed by the Council of the said Society, and kept by the said Trustees. And the said Trustees shall see that all such articles are adequately insured against loss or

রেং সাধারণকে জ্ঞাপনার্থে প্রকাশকরা যাইবে ইতি।

[এসিয়াটিক সোসাইটীর সংগৃহীত দ্রব্য নূতন অট্টালিকায় লইয়া যাইবার কথা।]

১১ ধারা। উক্ত অট্টালিকা পূর্ব্বোক্তমতে দ্রব্য গ্রহণার্থে উপযুক্তরূপে প্রস্তুত হইলে, উক্ত সোসাইটীর কৌন্সেল ভারতবর্ষের পূর্ব্ব কালীন ব্যবহার ও প্রাকৃতিক ইতিবৃত্তের নানা শাখা নিদর্শক উক্ত সোসাইটীর সংগৃহীত দ্রব্য ও অতিরিক্ত যে সকল দ্রব্য পান তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের অর্থব্যয়ে উক্ত অট্টালিকায় আনাইয়া রাখিবেন। তাহাতে এই আইনের লিখিত বিধানের অধীনে সেই সংগৃহীত সমস্ত বিষয় উক্ত ট্রষ্টীদের সম্পত্তি হইবে ইতি।

[পুস্তকালয়ের উপর এসিয়াটিক সোসাইটীর কৌন্সেলের এক কর্তৃত্ব রাখিবার, এবং নূতন অট্টালিকার যে অংশ উক্ত সোসাইটীর প্রতি অর্পিত হয় তাহার উপর তাঁহাদের এক কর্তৃত্ব পাইবার কথা।]

১২ ধারা। উক্ত সোসাইটীর কৌন্সেলের উক্ত গ্রন্থ ও হস্তলিখিত পুস্তকাদি ও ম্যাপ ও মুদ্রা ও উর্দ্ধাঙ্গ প্রতিমা ও চিত্র ও ক্ষোদিত ছবির উপর এক্ষণে যে এক কর্তৃত্ব আছে তাহা থাকিবে। এবং পূর্ব্বোক্ত মতে প্রস্তুনীয় অট্টালিকা পূর্ব্বোক্তমতে দ্রব্য গ্রহণার্থে উপযুক্তরূপে প্রস্তুত হইলে পর তাহার যেং অংশ উক্ত সোসাইটীর কর্ম্মের সুবিধার্থে ও তাঁহাদের গ্রন্থ ও হস্তলিখিত পুস্তকাদি ও ম্যাপ ও মুদ্রা ও উর্দ্ধাঙ্গ প্রতিমা ও চিত্র ও ক্ষোদিত ছবি ও অন্য সম্পত্তি রক্ষা করিবার জন্যে নিরূপিত হয় তাহার উপর উক্ত সোসাইটীর কার্য্যের নিমিত্তে তাঁহাদের একক অধিকার ও ব্যবহার ও কর্তৃত্ব থাকিবে ইতি।

[এসিয়াটিক সোসাইটীর বর্ত্তমান ঘর বিক্রয় করিবার ক্ষমতার কথা।]

১৩ ধারা। পূর্ব্বোক্তমতে প্রস্তুনীয় অট্টালিকায় উক্ত সোসাইটীর সংগৃহীত দ্রব্য আনীত হইয়া অর্পিত হইলে পর কোন সময়ে, উক্ত সোসাইটীর বর্ত্তমান যে কোটা ও বাগান ও তদঘটিত অন্য দ্রব্য আছে তাহা তাঁহারা এই আইন প্রচলিত না হওয়ার মতে বিক্রয় কি বিনিময় করিতে কি তাহার পাট্টা দিতে পারিবেন ইতি।

[চিত্রশালিকায় এসিয়াটিক সোসাইটীর সংগৃহীত দ্রব্য পৃথক রাখিবার কথা।]

১৪ ধারা। উক্ত সোসাইটীর সংগৃহীত উক্ত প্রত্যেক দ্রব্যের উপর চিহ্ন ও অঙ্ক দেওয়া যাইবে, এবং উক্ত ভারতবর্ষীয় চিত্রশালিকায় সেই চিহ্ন ও অঙ্ক সহিত রাখা যাইবে ও রক্ষিত হইবে, এবং উক্ত সোসাইটী ঐ সকল দ্রব্যের নির্ঘণ্ট প্রস্তুত করিবেন, এবং সেই দ্রব্য পূর্ব্বোক্তমতে অর্পিত হইলে পর, ঐ একখানি নির্ঘণ্ট উক্ত ট্রষ্টীদের দ্বারা স্বাক্ষরিত হইয়া উক্ত সোসাইটীর নিকটে থাকিবে। অন্য এক কেতা উক্ত সোসাইটীর কৌন্সেলদ্বারা স্বাক্ষরিত হইয়া উক্ত ট্রষ্টীদের নিকটে থাকিবে। এবং অগ্নিদ্বারা সেই দ্রব্যের হানি হওয়া যে পর্য্যন্ত নিবারণ হইতে পারে, সেই পর্য্যন্ত উক্ত সকল দ্রব্য অগ্নিদ্বারা হানি কি অপচয়

damage by fire (so far as the same are capable of being so insured) and properly preserved at the expense of the Government of India:

[Custody of the collections of the Asiatic Society until completion of the new building.]

XV. Until the said building shall be completed so far as aforesaid, the said collections of the said Society, and all additions thereto, shall remain in the house in which they are at present, but under the care of such persons as by the said Chief Justice, the Vice-Chancellor of the University, and the President of the said Society shall be approved and nominated in this behalf, with such salaries and allowances as, subject to the approval of the Government of India, the Trustees shall limit and direct; and the said collections shall be open to all persons desirous to view the same, under such rules as by the said Trustees shall be established, and the said salaries and allowances shall be paid by the Government of India.

[In case of determination of Trust, Asiatic Society may reclaim their collections.]

XVI. In the event of the Trust hereby constituted being determined, all collections then in the said Indian Museum which shall have become the property of the said Trustees under the eleventh Section of this Act shall again become the property of the said Society or their assigns, and the said Society shall vacate the portion of the said building which shall have been set apart for their accommodation and the reception of their Library, Manuscripts, Maps, Coins, Busts, Pictures, Engravings and other property; and such portion shall then become the property of the Government of India, anything in this Act contained to the contrary notwithstanding.

Statement of Objects and Reasons.

The object of this Bill is to provide for the establishment of a Public Museum at Calcutta, to be called "the Indian Museum," and the Bill originates in an agreement between the Government of India and the Asiatic Society of Bengal.

By this agreement the Government undertakes to erect a suitable building, to be devoted in part to collections illustrative of Indian Archæology and of the several branches of Natural History, in part to the preservation and exhibition of other objects of interest, in part to the records and offices of the Geological Survey of India, and in part to the exclusive accommodation of the Asiatic Society, and the reception of their library, manuscripts, coins, &c. The Government will also defray the expenses of the establishment of the Indian Museum. The Society, on the other hand

হইতে যথোচিত রক্ষিত হয়, ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের অর্থ ব্যয়ে উপযুক্তমতে রক্ষিত হয়, এই বিষয় উক্ত ট্রষ্টীদের দেখিতে হইবে ইতি।

[নূতন অট্টালিকার সমাপ্তি না হওন পর্য্যন্ত এসিয়াটিক সোসাইটীর সংগৃহীত দ্রব্য রক্ষার কথা।]

১৫ ধারা। উক্ত অট্টালিকা যত কাল পূর্ব্বোক্তমতে দ্রব্য গ্রহণের জন্যে উপযুক্তরূপে প্রস্তুত না হয়, তত কাল উক্ত সোসাইটীর সংগৃহীত উক্ত সকল দ্রব্য ও অতিরিক্ত যাহা সংগ্রহ করেন তাহা, এইক্ষণে যে কোটায় আছে তাহাতেই থাকিবে। কিন্তু উক্ত চীফজষ্টিস ও বিশ্ববিদ্যালয়ের বৈস-চানসেলর এবং উক্ত সোসাইটীর সভাপতি সেই কর্ম্মের নিমিত্তে যাহাদিগকে অনুমোদন ও মনোনীত করেন তাহাদের তত্ত্বে থাকিবে। এবং ট্রষ্টীরা ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্মতিপূর্ব্বক তাঁহাদের যেং বেতন ও বৃত্তির নিরূপণ ও আদেশ করেন তাঁহারা তাহাই পাইবেন। এবং উক্ত ট্রষ্টীরা যে বিধি করেন তদনুসারে ঐ সংগৃহীত দ্রব্য দর্শনেচ্ছু সকল ব্যক্তি তাহা অবাধিতরূপে দৃষ্টি করিতে পারিবেন। উক্ত বেতন ও বৃত্তি ভারতবর্ষের গবর্ণমেণ্টহইতে দেওয়া যাইবে ইতি।

[ট্রষ্ট অর্থাৎ দ্রব্য ন্যাসকরণ অবসন্ন হইলে পর এসিয়াটিক সোসাইটীর দ্রব্য তাঁহাদের পুনশ্চ লইতে পারিবার কথা।

১৬ ধারা। এই আইনদ্বারা যে ন্যাসকার্য্য প্রণীত হইয়াছে তাহা যদি কোন সময়ে অবসন্ন হয়, তবে উক্ত ভারতবর্ষীয় চিত্রশালিকার মধ্যে সংগৃহীত যে সকল দ্রব্য এই আইনের একাদশ ধারাক্রমে উক্ত ট্রষ্টীদের সম্পত্তি হয়, তাহা পুনশ্চ উক্ত সোসাইটীর কি তাহাদের আসৈনদিগের সম্পত্তি হইবে। এবং তাঁহাদের কর্ম্মের সুবিধার্থে ও তাঁহাদের গ্রন্থ ও হস্তলিখিত পুস্তকাদি ও ম্যাপ ও মুদ্রা ও ঊর্দ্ধাঙ্গপ্রতিমা ও চিত্র ও ক্ষোদিত ছবি ও অন্য দ্রব্য রাখিবার জন্যে ঐ অট্টালিকার যে অংশ নিরূপণ হইয়াছে, তাহা উক্ত সোসাইটী শূন্য করিবেন, ও সেই অংশ তৎকালে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্পত্তি হইবে। যদিও এই আইনে তদ্বিপরীত কথা থাকে তথাপি হইবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

কলিকাতায় ভারতবর্ষীয় চিত্রশালিকা নামে রাজকীয় চিত্রশালিকা স্থাপন করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। ভারতবর্ষের গবর্ণমেণ্টের ও বঙ্গদেশের এসিয়াটিক সোসাইটীর মধ্যে সম্বিৎ এই পাণ্ডুলিপির মূল।

ঐ সম্বিৎক্রমে গবর্ণমেণ্ট প্রতিজ্ঞা করিয়াছেন, যে ভারতবর্ষীয় পূর্ব্বকালীন ব্যবহার ও প্রাকৃতিক ইতিবৃত্তের নানা শাখা নিদর্শক যেং দ্রব্য সংগৃহীত হয় তাহা রাখিবার জন্যে, এবং মনোরঞ্জক অন্যং দ্রব্যের রক্ষণ ও পরিদর্শনার্থে, এবং ভারতবর্ষের ভূতত্ত্ব বিদ্যা সম্বন্ধে পরিমাপণ কার্য্যের পত্রাদির ও কার্য্যালয়ের জন্যে, এবং একক এসিয়াটিক সোসাইটীর কর্ম্মের সুবিধার্থে ও তাঁহাদের গ্রন্থ ও হস্তলিখিত পুস্তকাদি ও মুদ্রাপ্রভৃতি রাখিবার জন্যে উপযুক্ত অট্টালিকা নির্ম্মাণ করিবেন, ও ভারতবর্ষীয় চিত্রশালিকার কর্ম্মকারকপ্রভৃতির ব্যয় শোধ করিবেন। সোসাইটীর পক্ষে এই নিয়ম যে পূর্ব্বকালীন ব্যবহার ও প্রাকৃতিক ইতি-নিদর্শক যে সকল দ্রব্য তাঁহারা সংগ্রহ করিয়া

consent to surrender to the Trustees of the Museum their collections illustrative of Archæology and Natural History, provided that if the trust determine, these collections shall revert to the Society.

Besides the clauses necessary to carry out this agreement, the Bill provides for the incorporation, of a body of twelve Trustees and their successors; gives power to appoint new Trustees; declares the quorum of the Body Corporate; enables them to make bye-laws, to appoint officers and servants and to exchange or sell duplicates; and requires them to furnish annual reports and accounts.

H. S. MAINE.

The 3rd March 1866.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

The following Bill was introduced into the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 9th March 1866, and was referred to a Select Committee with instructions to make their report thereon in a fortnight:—

No. 8 OF 1866.

A Bill to empower the Committees appointed under the Seventh Section of Act No. XX. of 1863 to raise the costs and expenses incurred in the performance of their duties, and for other purposes.

[Preamble.]

WHEREAS it is expedient to empower the Committees appointed under the seventh Section of Act No. XX. of 1863, (*to enable the Government to divest itself of the management of Religious Endowments*) to raise the costs and expenses incurred in the performance of the duties imposed upon them by the said Act; and whereas it is necessary to provide for the appointment of new Members of such Committees in the place of any su bers desiring to be discharged; It i ws:—

sts of management.]

for every such Commit- pay or cause to be paid se or cause to be raised perty of any religious superintendence or money as shall be xpenses incurred

suclr.

[গবর্ণমেণ্ট

ৎ।]

চিত্রশালিকার ট্রষ্টীদের হস্তে সমর্পণ করিবেন। কিন্তু যদি সেই ট্রষ্ট রহিত হয়, তবে সোসাইটী ঐ সকল দ্রব্য ফিরিয়া পাইবেন।

ঐ সম্বিৎ সাধনের জন্যে যে সকল প্রকরণের আবশ্যক হইয়াছে তদ্ভিন্ন পাণ্ডুলিপিতে দ্বাদশ ট্রষ্টীর ও তৎপশ্চাৎ পদধারিগণের সমাবেত হইবার বিধি হইয়াছে ও নূতন ট্রষ্টীকে নিযুক্ত করিবার ক্ষমতা দান হইয়াছে ও সমাবেতগণের যত ব্যক্তির বর্ত্তমানে কর্ম্ম সম্পাদন হইতে পারে ইহা ধার্য্য হইয়াছে, এবং তাঁহারদিগকে উপবিধি করিবার ও কর্ম্মকারক ও চাকরদিগকে নিযুক্ত করিবার ও একি বস্তুর দুই প্রস্ত পাইলে তাহার এক প্রস্ত বিনিময় কি বিক্রয় করিবার ক্ষমতাদান হইয়াছে ও বার্ষিক রিপোর্ট ও হিসাব অর্পণের আজ্ঞা হইয়াছে।

এচ এস মেন।

১৮৬৬ সাল ৩ মার্চ।

উইটলি ষ্টোকস,
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

আইনের পশ্চাৎ লিখিত পাণ্ডুলিপি ১৮৬৬ সালের ৯ মার্চ তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইয়া বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইল ও তাঁহাদের প্রতি এক পক্ষের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আদেশ হইয়াছে।

১৮৬৬ সালের ৮ নম্বর।

১৮৬৩ সালের ২০ আইনের সপ্তম ধারাক্রমে যে২ কমিটী নিযুক্ত হন, তাঁহাদিগকে আপনাদের কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনের ব্যয় ও পারিশ্রমিক বৃদ্ধি করিবার ক্ষমতা দেওনার্থে এবং অন্য২ কার্য্যের জন্যে আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

ধর্ম্মার্থে দত্ত ভূম্যাদির তত্ত্বাবধারণ কার্য্য গবর্ণমেণ্টের ত্যাগ করিবার ক্ষমতা দানার্থ ১৮৬৩ সালের ২০ আইনের সপ্তম ধারামতে যে২ কমিটী নিযুক্ত হন, তাঁহাদের প্রতি উক্ত আইনমতে যে২ কার্য্য অর্পিত হইয়াছে তৎসম্পাদন সংক্রান্ত ব্যয় বৃদ্ধি করিতে তাঁহাদিগকে ক্ষমতা প্রদান করা বিহিত, এবং ঐ কমিটীর অন্তর্গত কোন ব্যক্তি পদ ত্যাগ করিতে ইচ্ছুক হইলে তাঁহার পদে নূতন ব্যক্তিকে নিযুক্ত করিবার বিধান করা আবশ্যক, এইহেতুক পশ্চাৎ লিখিত বিধান করা যাইতেছে।

[কর্ম্ম সম্পাদনার্থে ব্যয় বৃদ্ধি করিবার ক্ষমতার কথা।]

১ ধারা। পূর্ব্বোক্ত কোন কমিটী কোন ধর্ম্মালয়াদির তত্ত্বাবধারণ কি কার্য্যাধ্যক্ষতা সম্পর্কে সময়ে২ যে অর্থ ব্যয় করেন, তাহা পরিশোধ করণার্থে যত টাকা প্রয়োজন হয় তত টাকা ঐ কমিটী সেই ধর্ম্মালয়াদির সম্পত্তির আয়হইতে সময়ে২ দিতে কি দেওয়াইতে পারিবেন, কিম্বা ঐ ধর্ম্মালয়াদির মূলধন হইতে তাহা উৎপন্ন করিতে কি করাইতে পারিবেন। ঐ সমুদয় সম্পত্তি

from time to time in relation to or concerning such superintendence or management. Every Trustee, Manager, Superintendent and other person in whom all or any part of such property may be vested shall be bound to make such payments out of the said income, and to execute such conveyances of the said capital as may be necessary to effect the purposes of this Act: and in default of compliance with any of the provisions of this Section, he shall be liable to a fine of one hundred rupees.

[Purchasers and mortgagees not bound to enquire into necessity of sale or mortgage under this Act.]

II. No person taking under any sale, mortgage or other disposition purporting to be made under the powers conferred by this Act, shall be bound to enquire into the necessity or expediency thereof, or to see that no more than is required is raised.

[Enactment of new Section in lieu of Section 9 of Act XX of 1863.]

III. Section 9 of the said Act is hereby repealed and in lieu thereof the following shall be substituted :—

"Every Member of a Committee appointed as aforesaid shall hold his office for life, unless he be absent from India or desire to be discharged, or refuse or become incapable to act, or unless he shall be removed as hereinafter provided; and in every such case a vacancy, within the meaning of the tenth Section of this Act, shall be considered to have occurred."

[This Act to be read with Act No. XX of 1863.]

IV. This Act shall be read with and taken as part of the said Act No. XX of 1863.

— —

STATEMENT OF OBJECTS AND REASONS.

The object of this Bill, which has been prepared at the request of the Madras Government, is to supply two defects in Act XX of 1863.

The Committees appointed in pursuance of that Act are not empowered to raise out of the property belonging to the religious establishments under their superintendence the expenses necessarily incurred in the performance of the duties imposed upon them by Section 13, although under Section 14 they are liable to be sued for neglect of those duties. Little difficulty would of course arise if that property were always vested in the Committees; but occasionally in Bengal and universally in Madras, it is now in the hands of the Trustees or Managers of the several Mosques and Temples superintended by the Committees.

[*Government Gazette*, 20th March 1866.]

কি তাহার কোন অংশ যে ট্রষ্টী কি কার্য্যাধ্যক্ষ কি তত্ত্বাবধারকের এবং অন্য যে ব্যক্তির প্রতি অর্পিত হয়, উক্ত আয়হইতে তাঁহার অবশ্য ঐ টাকা দিতে হইবে, এবং এই আইনের কার্য্য সফল করণার্থ উক্ত মূলধনের যে হস্তান্তর করণপত্র আবশ্যক হয় তাহা অবশ্য সম্পাদন করিতে হইবে। এবং এই ধারার কোন বিধানানুযায়ি কার্য্য না হইলে তাঁহার এক শত টাকা অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[এই আইনমতে বিক্রয় করা কি বন্ধক দেওনের আবশ্যক বিষয়ে ক্রেতাদের ও বন্ধকগ্রহীতাদের সন্ধান লওয়ার অনাবশ্যকতার কথা।]

২ ধারা। এই আইনের প্রদত্ত ক্ষমতাক্রমে হওয়ামত যে বিক্রয় হয় কি যে বন্ধক দেওয়া যায় অন্য প্রকারে যে হস্তান্তর করণ হয়, তদনুসারে যে ব্যক্তি দ্রব্য গ্রহণ করেন, তিনি সেই দ্রব্য বিক্রয়াদির আবশ্যক কি উচিততা বিষয়ে অনুসন্ধান করিতে অথবা প্রয়োজনাতিরিক্ত টাকা উৎপন্ন না হয় এই বিষয় দৃষ্টি করিতে বদ্ধ নহেন ইতি।

[১৮৬৩ সালের ২০ আইনের ৯ ধারার পরিবর্ত্তক ধারার কথা।]

৩ ধারা। উক্ত আইনের ৯ ধারা এতৎক্রান্ত করা গেল। তৎপরিবর্ত্তে পশ্চাৎ লিখিত ধারা

“কমিটীর অন্তর্গত যে প্রত্যেক ব্যক্তি পূর্ব্বে নিযুক্ত হন, তিনি যদি ভারতবর্ষে অনুপস্থিত থাকেন কিম্বা কর্ম্ম ত্যাগ করিতে বাঞ্ছা করেন, কিম্বা কর্ম্ম করিতে অসম্মত কি অক্ষম না হন, যদি নিম্ন লিখিত বিধানমতে কর্ম্মহইতে অপদস্থ না হন, তবে যাবজ্জীবন পদে থাকিবেন। [illegible] আইনের দশম ধারার অর্থানুসারে পদ শূন্য হইবে ইতি।

[এই আইন ১৮৬৩ সালের ২০ আইনের [illegible] করিতে হইবার কথা।]

৪ ধারা। এই আইন ১৮৬৩ সালের ২০ র সঙ্গে পাঠ করিতে ও তাহার অংশ জ্ঞান করিবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

এই পাণ্ডুলিপি মান্দ্রাজ গবর্ণমেণ্টের প্রার্থিত প্রস্তুত হইয়াছে। ১৮৬৩ সালের ২০ আইনের দোষ সংশোধন করা ঐ পাণ্ডুলিপির উদ্দেশ্য।

ঐ আইনমতে যে কমিটী নিযুক্ত হন ১৩ ধারার তাঁহাদের প্রতি কোনং কর্ম্মসম্পাদনের ভার অর্পিত হইয়াছে, কিন্তু তৎক্রমে যে আবশ্যক ব্যয় হয়, সেই ব্যয় শোধের জন্যে তাঁহারা আপনাদের প্রধান ধর্ম্মালয় সম্পর্কীয় সম্পত্তি হইতে কোন অর্থ উৎপন্ন করিতে পারেন না, অথচ [illegible] অভিযোগ হইতে পারে। [illegible] সেই সম্পত্তি যদি চিরকাল ঐ কমিটীর হস্তে থাকিত, তবে প্রায় কষ্ট হইত না। কিন্তু কমিটী যে সকল মসজীদের ও মন্দিরের তত্ত্বাবধারণ করেন, ঐ সম্পত্তি তাহার ট্রষ্টী কি কার্য্যাধ্যক্ষের হস্তে থাকে। বঙ্গদেশে কখনং এরূপ হয়, মান্দ্রাজে সর্ব্বদা হয়।

Act No. XX of 1863, Moreover, makes no provision for the appointment of a new Committee-man in the place of any member of a Committee wishing to resign.

The present Bill empowers Committees to raise the amount required by sale or mortgage of the funds in their hands or in the possession of religious establishment, subject to their superintendance, compels the Trustees and Managers of those establishments, if necessary, to join in the disposition and relieves purchasers and mortgagees from the necessity of enquiring into the propriety of the transaction. It further authorizes the appointment of a new Committee-man, not only in the ase above mentioned, but also in that of a Mem- r leaving India.

H. S. MAINE.

The 27th February 1866.

WHITLEY STOKES,
sst. Secy. to the Govt., of India,
Home Dept., (Legislative)

---

following Bill was introduced into the il of the Governor General of India for the e of making Laws and Regulations on the larch 1866, and was referred to a Select ittee with instructions to make their report n in a fortnight:—

No. 9 of 1866.

l to relieve the Governor General of India in ncil from the duty of signing the Commissions tioned in Sections 22 and 44 of the High rts' Criminal Procedure Amendment Act, 5.

[Preamble.]

IEREAS it is expedient to relieve the Governor ral of India in Council from the duty of ig the Commissions respectively mentioned in ons 22 and 44 of "The High Court's Criminal Procedure Amendment Act, 1865"; It is ted as follows:—

eal to be made. Stamping of Commissions r Act No. XIII of 1865, Sections 22 and 44.]

A seal shall be made at the expense of the ernment of India with this inscription, "The of the Governor General of India in Council," shall be kept in the custody of such person he Governor General of India in Council shall appoint in that behalf, and the ommissions respective in Sections 2 and 44 of "The High Courts' Criminal cedure Ammendment Act, 1865," may be stamped with such seal by such person as the Governor General of India in Council shall from time to time appoint in that behalf; and when

আরো কমিটীর অন্তর্গত কোন ব্যক্তি স্বীয় পদত্যাগ করিতে ইচ্ছুক হইলে ১৮৬৩ সালের ২০ আইনেতে সেই পদে নূতন ব্যক্তিকে নিযুক্ত করিবার কোন বিধি নাই।

বর্ত্তমান পাণ্ডুলিপিদ্বারা কমিটীগণের প্রতি এই২ ক্ষমতা প্রদান হইল, তাঁহাদের হস্তগত কিম্বা তাঁহাদের তত্ত্বাধীন ধর্ম্মালয়ের অধিকৃত সম্পত্তি বিক্রয় করিয়া কি বন্ধক রাখিয়া তাঁহারা প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করিতে পারিবেন। আবশ্যক হইলে, সেই হস্তান্তর করণ কার্য্যে ট্রষ্টীরদের ও কর্ম্মাধ্যক্ষদের অবশ্য সহায়তা করিতে হইবে। এবং সেই ব্যাপারের ঔচিত্যানৌচিত্য বিষয়ে ক্রেতাদিগকে ও বন্ধকগ্রহীতাদিগকে সন্ধান লওয়ার আবশ্যকতা হইতে মুক্ত করা গেল। আরো কেবল পূর্ব্বোক্ত স্থলে নয়, কমিটীর অন্তর্গত ব্যক্তি ভারতবর্ষে না থাকিলে তাঁহারও স্থানে নূতন ব্যক্তিকে নিযুক্ত করিবার বিধান হইয়াছে।

এচ এস মেন।

১৮৬৬ সাল ২৭ ফেব্রুআরি।

উইটলি ষ্টোক্স,
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

আইনের পশ্চাৎ লিখিত পাণ্ডুলিপি ১৮৬৬ সালের ৯ মার্চ তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইয়া বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইল ও তাঁহাদের প্রতি একপক্ষের মধ্যে রিপোর্ট করিবার আদেশ হইয়াছে।

১৮৬৬ সালের ৯ নম্বর।

হাই কোর্টের ফৌজদারী কার্য্য প্রণালি সংশোধনার্থ ১৮৬৫ সালের আইনের ২২ ও ৪৪ ধারাতে যে২ কমিস্যনের কথা আছে তাহাতে স্বাক্ষর করণের কর্ম্ম হইতে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে মুক্ত করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

হাই কোর্টের ফৌজদারী কার্য্যপ্রণালি সংশোধনার্থ ১৮৬৫ সালের আইনের ২২ ও ৪৪ ধারাতে যে২ কমিস্যনের কথা আছে তাহাতে স্বাক্ষর করণের কর্ম্ম হইতে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে অবকাশ দেওয়া বিহিত এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান করা যাইতেছে।

[মোহর করিবার কথা ও ১৮৬৫ সালের ১৩ আইনের ২২ ও ৪৪ ধারার কমিস্যন মোহরাঙ্কিত করিবার কথা।]

১ ধারা। ভারতবর্ষের গবর্ণমেণ্টের অর্থব্যয়ে মোহর করা যাইবে। "মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মোহর" এই কথা ঐ মোহরে ক্ষোদিত থাকিবে। এবং মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ঐ মোহর রক্ষা করিবার জন্যে যাঁহাকে সময়ে২ নিযুক্ত করেন, মোহর তাঁহার রক্ষণে থাকিবে। এবং হাই কোর্টের ফৌজদারী কার্য্যপ্রণালি সংশোধনার্থ ১৮৬৫ সালের আইনের ২২ ও ৪৪ ধারার লিখিত কমিস্যন মোহরাঙ্কিত করণার্থে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে ব্যক্তিকে সময়ে২ নিযুক্ত করেন তিনি সেই কমিস্যনে সেই মোহর অঙ্কিত করিবেন। তদ্রূপে

so tamped shall be equally valid and effectual as if they had been signed by the Governor General of India, and the Members of His Council.

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE object of this Bill is to relieve the Governor General and the Members of his Council from the duty of signing the Judges' Commissions mentioned in Sections 22 and 44 of the High Courts' Criminal Procedure Amendment Act, 1865. In the absence of such provision much inconvenience might arise, for it is impossible to say when the necessity for issuing such Commissions may arise, and the Council might then be absent from the Presidency.

The Bill provides that a proper seal shall be made that it shall be kept and used by such persons as the Governor General in Council shall appoint, and Commissions stamped with it shall be as effectual as if they had been signed by the Governor General and the Members of his Council.

H. S. MAINE.

The 6th March 1866.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

CIRCULAR ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(Civil Side.)

No 7.

From H. T. PRINSEP, Esq., Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Zillah Judges,—(dated Calcutta, the 7th March 1866.)

Doubts having arisen as to the precise nature of the information required for columns 5 and 6 of the form appended to Circular Order No. 34, dated the 23rd December last, the following instructions are issued in explanation :—

2. By the "stamp duty levied on institution of suits" in meant the value of the stamp paper on which the *plaint* is presented, calculated, as it ought to be, in the manner prescribed in Article 11, Schedule B of Act X of 1862; the graduated scale furnished there being the model according to which the scale in the above form has been constructed. Column 5 should therefore show,

---

মোহরাঙ্কিত হইলে, ঐ২ কমিশান ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ও তদীয় মন্ত্রিসভাধিষ্ঠিত সভ্যগণ কর্ত্তৃক মোহরাঙ্কিত হওনের তুল্য সিদ্ধ ও সফল হইবে।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

১৮৬৫ সালের হাই কোর্টের ফৌজদারী কার্য্য প্রণালি সংশোধনার্থ আইনের ২২ ও ৪৪ ধারাতে বিচারকর্ত্তৃগণের যে২ কমিসানের কথা ব্যক্ত হইয়াছে, তাহাতে স্বাক্ষর করণের কর্ম্ম হইতে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে ও তদীয় মন্ত্রিসভাধিষ্ঠিত সভ্যগণকে অবকাশ দেওয়া এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। তদ্রূপ বিধান না হইলে অনেক ক্লেশ হইতে পারে। ফলতঃ তদ্রূপ কমিসান কোন্ সময়ে প্রদান করা আবশ্যক তাহা বলা অসাধ্য, তৎকালে মন্ত্রিসভাও রাজধানীতে না থাকিতে পারেন।

বর্ত্তমান পাণ্ডুলিপির বিধি এই। মোহর প্রস্তুত করা যাইবে ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যাঁহাদিগকে নিযুক্ত করেন তাঁহারাই সেই মোহর রাখিয়া ব্যবহার করিবেন। ও সেই মোহরাঙ্কিত কমিসান শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ও তদীয় মন্ত্রিসভার সভ্যগণদ্বারা মোহরাঙ্কিত হওয়ার তুল্য বলবৎ হইবে।

এচ এস মেন।

১৮৬৬ সাল ৬ মার্চ।

উইটলি ষ্টোক্স,
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

৭ নম্বর।

সকল জিলার জজ সাহেবের প্রতি বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ টি প্রিনসেপ সাহেবের পত্র। (কলিকাতা ১৮৬৬ সাল ৭ মার্চ।)

গত ডিসেম্বর মাসের ২৩ তারিখের ৩৪ নম্বরের সরক্যুলর অর্ডরের সঙ্গে যে পাঠ প্রকাশ হইয়াছিল তাহার ৫ ও ৬ ঘরে নিশ্চিত কোন্ কথা লিখিতে হইবে, এই বিষয়ের কিছু সন্দেহ হইয়াছে, অতএব তাহার ব্যাখ্যা করিবার জন্যে এই উপদেশ দেওয়া যাইতেছে।

২। "মোকদ্দমা উপস্থিত করাতে ইষ্টাম্পের যত মাসুল আদায় হয়," এই কথাতে ১৮৬২ সালের ১০ আইনের B চিহ্নিত তপসীলের ১১ প্রকরণের নির্দ্ধারিত মতে যেমন হিসাব করা উচিত তেমনি করিয়া যত মূল্যের ইষ্টাম্প কাগজে নালিশপত্র দিতে হয় ইষ্টাম্পের মাসুল শব্দে তাহাই বুঝায়। ঐ প্রকরণে মোকদ্দমার মূল্যক্রমিক যে আবলি আছে উক্ত পাঠের লিখিত আবলি তদনুসারে প্রস্তুত হইয়াছে। অতএব

opposite each step of the scale, the total amount of the stamp duty levied on the plaints included therein.

3. By the "total cost" of a suit are signified *all the legitimate expenses* which a suit entails, namely such expenses as a Judge would sanction under the head of costs, including the costs of both parties. Accordingly column 6 would contain as well the value of the institution stamp (already entered in column 5) as the stamp values of the other documents filed, and also Civil Ameen's fees, Peon's fees, witnesses' expenses and all other charges included in the recognised costs.

4. As regards those Judges who have already submitted their Returns to Circular Order No. 34 of 1865, if the columns in question have been filled up in the way now explained, no further Return will be necessary. But if these columns have been dealt with in a different manner, fresh Returns should be submitted with the particulars now required. As this Return is urgently required by Government, the Court request that it may receive immediate attention.

By order, &c.,

(Sd.) H. T. PRINSEP,
Registrar.

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 162.

APPOINTMENTS.

The 5th March 1866.

Mr. Meyrick H. L. Beebee, B. A., is appointed to the Fourth Grade of the Bengal Educational Service, but to officiate in the Third Grade as a Professor in the Presidency College, during the absence, on leave, of Mr. W. Grapel, or until further orders.

Mr. J. A. Ricketts, Deputy Magistrate and Deputy Collector of Howrah, is transferred to Sylhet, and vested with the powers of a Magistrate in that District.

Mr. E. B. Godfrey, Deputy Magistrate and Deputy Collector of Sylhet, is transferred to Howrah, and vested with the powers of a Magistrate in that District.

The 6th March 1866.

Mr. G. K. Webster, Assistant Magistrate and Collector, Cuttack, to have temporary charge of the Sub-Division of Jajipore.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২০ মার্চ।]

ঐ আবলির উদ্দিষ্ট মূল্যের নালিশপত্রের উপর ইষ্টাম্পের যত মাসুল আদায় হয় তাহার মোট ৫ ঘরে সেই মূল্যের মোকদ্দমার সমান পঁক্তিতে লিখিতে হইবে।

৩। মোকদ্দমার "মোট খরচা" এই কথাতে মোকদ্দমা সংক্রান্ত আইনসিদ্ধ সমস্ত খরচ অর্থাৎ বিচারকর্ত্তা উভয় পক্ষের খরচা সমেত খরচা বলিয়া যত খরচের অনুমতি দেন, তাহা সমুদয় ঐ শব্দের মধ্যে গণ্য। মোকদ্দমা উপস্থিত করিবার ইষ্টাম্পের যে মূল্য ৫ ঘরে লেখা হইয়াছে তাহা এবং অন্য যে কোন লেখা অর্পিত হয় তাহারও ইষ্টাম্পের মূল্য এবং দেওয়ানী আমীনের ফী ও পেয়াদাদের ফী ও সাক্ষিদের খরচ এবং অবধারিত খরচার মধ্যে অন্য যে সকল খরচ ধরা আছে, তাহা সমুদয়ের মোট ঐ ৬ ঘরে লিখিতে হইবে।

৪। কোন২ বিচারকর্ত্তারা ১৮৬৫ সালের ৩৪ নম্বরের সরকুলরহুকুমে আপনাদের রিটর্ণ অর্পণ করিয়াছেন। তাহাতে যদি পূর্ব্বোক্ত দুই ঘরের কথা পূর্ব্বলিখিত অর্থানুসারে লিখিত হইয়া থাকে, তবে অন্য রিটর্ণের আবশ্যক নাই। যদি সেই২ ঘরের বিষয়ে প্রকারান্তরে কার্য্য হইয়া থাকে, তবে এই পত্রের আদেশানুযায়ি নিশ্চিত কথা সহিত নূতন রিটর্ণ দিতে হইবে। সেই রিটর্ণে গবর্ণমেণ্টের অত্যন্ত আবশ্যক, অতএব আদালত তাহাতে অগৌণে মনোযোগ করিবার আদেশ করেন।

আজ্ঞাক্রমে,
এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৬২ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ৫ মার্চ।

শ্রীযুত মেরিক এচ এল বিবি সাহেব বি, এ, বঙ্গদেশের শিক্ষা কার্য্যের চতুর্থ শ্রেণীতে নিযুক্ত হইয়াছেন, কিন্তু শ্রীযুত ডবলিউ গ্রাপেল সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি তৃতীয় শ্রেণীতে প্রেসিডেন্সী কালেজের অধ্যাপকস্বরূপে কর্ম্ম করিবেন।

হাবড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এ রিকেট্স সাহেব শ্রীহট্টে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীহট্টের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই বি গডফ্রে সাহেব হাবড়ায় নিযুক্ত হইয়াছেন ও ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ৬ মার্চ।

কটকের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি কে, ওয়েবষ্টর সাহেব কিয়ৎকালের নিমিত্তে জাজিপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

The following gentlemen to be Municipal Commissioners of the Towns mentioned, *viz.*,—

Captain J. C. C. Daunt, v. c.... Arrah.
Major C. Reay ... Mozufferpore.
Lieutenant W. B. Birch ... Burdwan.

Mr. J. M. Blumhardt, Sub-Assistant Commissioner, Deoghur, to have temporary charge of the Sub-Division of Nulla, during the absence, on leave, of Mr. A. J. Fraser, or until further orders.

Mr. D. White, Sub-Assistant Commissioner, Doomka, is transferred temporarily to Deoghur.

Dr. R. C. Chundra, Civil Assistant Surgeon of Deoghur, to officiate as a Sub-Assistant Commissioner in that District in addition to his own duties, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class.

Moulvy Mohummud, Deputy Magistrate and Deputy Collector of Pubna, is transferred to Tirhoot, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in that District.

The 7th March 1866.

Mr. W. W. Hunter, Assistant Magistrate and Collector, Nuddea, is transferred to Beerbhoom, and vested with the powers of a Magistrate and Deputy Collector in that District.

Mr. J. F. Stevens to be an Assistant to the Magistrate and Collector of Patna, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

Mr. J. B. S. Millie, Assistant Superintendent of Police, Lohardugga, officiated as District Superintendent of that District from the 5th November to the 21st December last.

The 8th March 1866.

The following Officers are vested with the powers described in Section 33 of Act XVIII. of 1854 for the trial of other than British subjects for offences punishable under that Act, *viz.*,—

Mr. H. Clark, Assistant Magistrate and Deputy Collector of Bood-Bood.

Mr. J. A. Hopkins, Assistant Magistrate and Deputy Collector of Raneegunge.

Mr. W. P. Davis to be a Municipal Commissioner for the Suburbs of Calcutta.

The following gentlemen to be Members of the Municipal Committee for the Jungypore Union, *viz.* :—

Baboo Bejoy Gobind Burral.
Mr. C. D. McSweeney.
Baboo Monoololl Chatterjee.

পশ্চাৎ লিখিত মহাশয়েরা আপন২ নামের পার্শ্বের লিখিত নগরে মুনিসিপল কমিস্যনর হইবেন, অর্থাৎ—

কাপ্তান শ্রীযুত জে সি সি ডান্ট সাহেব বি সি ... আরাতে।
মেজর শ্রীযুত সি রে সাহেব ... মজফরপুরে।
লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ বি বর্চ সাহেব ... বর্দ্ধমানে।

শ্রীযুত এ জে ফ্রেসর সাহেবের ছু প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত দেবগড়ের সব-আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত জে এম ব্লুমহার্ট সাহেব কিয়ৎকালের নিমিত্তে নালাশাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

ডুম্‌কার সব-আসিস্টান্ট কমিস্যনর শ্রীযুত ডি ওয়াইট সাহেব কিয়ৎকালের নিমিত্তে দেবগড়ে নিযুক্ত হইয়াছেন।

দেবগড়ের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত আর সি চন্দ্র আপন কর্ম্মাতিরিক্ত ঐ জিলাতে সব-আসিষ্টান্ট কমিসানরের কর্ম্ম করিবেন এবং অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ ত্রিহুতে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ৭ মার্চ।

নদীয়ার আসিস্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ ডবলিউ হন্টর সাহেব বীরভূমে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত জে এফ ষ্টীবন্স সাহেব পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টান্ট হইবেন, এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

লোহারডগার পোলীসের আসিস্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে বি এস মিলি সাহেব গত নবেম্বর মাসের ৫ তারিখ অবধি ডিসেম্বর মাসের ২১ তারিখ পর্য্যন্ত ঐ জিলার ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিয়াছেন।

১৮৬৬ সাল ৮ মার্চ।

ব্রিটনীয় প্রজাভিন্ন যাহারা অপরাধ করিলে ১৮৫৪ সালের ১৮ আইনমতে দণ্ডনীয় হয় তাহাদের বিচার করিতে পশ্চাৎ লিখিত কার্য্যকারকেরা উক্ত আইনের ৩৩ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা পাইয়াছেন, অর্থাৎ—

বুদ্‌বুদের আসিস্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ক্লার্ক সাহেব।

রাণীগঞ্জের আসিস্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এ হপ্‌কিন্স সাহেব।

শ্রীযুত ডবলিউ পি ডেবিস্ সাহেব কলিকাতার শাখানগরের এক জন মুনসিপল কমিস্যনর হইবেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা জঙ্গীপুর সংযোগের মুনসিপল কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত বাবু বিজয় গোবিন্দ বড়াল।
,, সি ডি মাকুস্যুইনী সাহেব।
,, বাবু মনুলাল চট্টোপাধ্যায়।

The 9th March 1866.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Balasore *viz.* :—

Mr. J. A. Windle.
,, A. C. Woodward.
Baboo Juggunnath Prosad Doss.

Baboo Brojokant Roy, Deputy Magistrate and Deputy Collector of Backergunge, is vested with the powers of a Magistrate in that District.

The 10th March 1866.

Mr. F. H. Elphinstone, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Nowadah, and to exercise the powers of a Magistrate in Gya.

Baboo Rashbehary Bose, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Khoolnah, and to exercise the powers of a Magistrate in Jessore. Baboo Rashbehary Bose will, however, continue to be employed under the Commissioner of the Sunderbuns until he is relieved.

LEAVE OF ABSENCE.

The 6th March 1866.

Mr. J. Armstrong, Assistant Magistrate and Deputy Collector of Jajipore, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Mr. A. J. Fraser, Sub-Assistant Commissioner, Nulla, in the Sonthal Pergunnahs, for three months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

The 7th March 1866.

Mr. R. L. Martin, Inspector of Schools, South-East Division, is allowed privilege leave of absence from the 20th January to the 13th February last, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, and six months' leave on private affairs, under paragraph 12, Clause 1 of those Rules, from the date on which he may avail himself of it.

The 8th March 1866.

Captain J. M. Graham, Deputy Inspector-General of Police, Second Circle, for fifteen days to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

The 9th March 1866.

Mr. C. W. M. O'Flaherty, Assistant Superintendent of Police, Durrung, for one month, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, No. 255, dated 8th November 1865, in extension of the leave sanctioned under orders of the 20th January last.

Mr. F. J. Cockburn, Judge of Sylhet, for one month, under Section 8 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave, making over charge of

১৮৬৬ সাল ৯ মার্চ।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা বালেশ্বরে সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত জে এ উইণ্ডল সাহেব।
,, এ সি উড্‌ওয়ার্ড সাহেব।
,, বাবু জগন্নাথপ্রসাদ দাস।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রজকান্ত রায় ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ১০ মার্চ।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ এচ এলফিন্‌ষ্টন সাহেব নবদহ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ও গয়াতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাসবেহারি বসু খুলনা শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, এবং যশোহরে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। কিন্তু তিনি যত কাল অবকাশ না পান তত কাল সুন্দরবনের শ্রীযুত কমিস্যনর সাহেবের অধীনে কর্ম্ম করিতে থাকিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ৬ মার্চ।

জাজিপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে আম্‌ষ্ট্রং সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

সাঁওতাল পরগনার অন্তর্গত নালার সব-আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত এ, জে ফ্রেসর সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারিকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ৭ মার্চ।

দক্ষিণপূর্ব্ব খণ্ডের বিদ্যালয়সমূহের তত্ত্বাবধারক শ্রীযুত আর এল মার্টিন সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে গত জানুআরি মাসের ২০ তারিখঅবধি ফেব্রুআরি মাসের ১৩ তারিখ পর্য্যন্ত অনুগ্রহের ছুটী, এবং ঐ বিধির ১২ ধারার ১ প্রকরণমতে নিজ প্রয়োজনের নিমিত্তে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ৮ মার্চ।

দ্বিতীয় চক্রের পোলীসের ডেপুটী ইন্‌স্পেক্টর জেনরল কাপ্তান শ্রীযুত জে এম গ্রেহাম সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ৯ মার্চ।

দরঙ্গের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি ডবলিউ, এম, ও'ফ্লাহর্টী সাহেব, গত জানুআরি মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের ২৫৫ নম্বরের আজ্ঞামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

শ্রীহট্টের জজ শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৮ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি ঐ জিলার প্রধান সদর-

the current duties of his office to the Principal Sudder Ameen of the District.

Erratum.

In the Orders of the 26th ultimo, published in the *Calcutta Gazette* of the 7th instant,

for

Baboo Gopeekissen Banerjee to officiate as Principal Sudder Ameen of *Rungpore,*

read

Baboo Gopeekissen Banerjee to officiate as Principal Sudder Ameen of *Dinagepore.*

NOTIFICATIONS.

The 8th March 1866.

The name of Mr. Richard Price Harrison is to be added to the List of the Justices of the Peace for Bengal, Behar, and Orissa published in the *Calcutta Gazette* of the 14th ultimo.

Mr. J. F. Browne, Superintendent of Survey, Second Division, having rejoined his appointment on the 27th January last, the unexpired portion of the leave granted to him under orders of the 10th October last is cancelled.

Mr. R. B. Smalley, Assistant Superintendent of Police, Balasore, having returned to his duties on the forenoon of the 23rd ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 3rd January last, and of which he availed himself on the 28th December 1865, is cancelled.

The leave granted under orders of the 18th October last to Baboo Anund Mohun Mozoomdar, Deputy Magistrate and Deputy Collector of Khoolna, then employed in the 24-Pergunnahs, is cancelled at his own request.

NOTIFICATIONS.

The 7th March 1866.

Information having been received of the outbreak of cholera among gangs of labourers recruited under Act III. (B. C.) of 1863, in the Midnapore District, on their way to the Presidency, the Lieutenant-Governor is pleased to notify that instructions have been issued to Magisterial Officers in that District prohibiting all recruiting operations until further orders.

A. EDEN,

Secy. to the Govt. of Bengal.

আমীনের প্রতি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভারার্পণ করিবেন।

অশুদ্ধ সংশোধন।

গত মাসের ২৬ তারিখের যে আজ্ঞা এই মাসের ১৩ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তন্মধ্যে "শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় রঙ্গপুরের প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন"

এই কথার পরিবর্ত্তে

"শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় দিনাজপুরের প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন" এই কথা পাঠ করিতে হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৮ মার্চ।

বঙ্গ, বেহার ও উড়িষ্যাদেশের শান্তিরক্ষার্থ জষ্টিসদের নামের যে ফর্দ্দ গত মাসের ২০ তারিখের বাঙ্গলাগেজেটে প্রকাশ হয় তন্মধ্যে শ্রীযুত রিচার্ড প্রাইস হারিসন সাহেবের নাম সংযোগ করিতে হইবে।

দ্বিতীয় খণ্ডের জরীপী কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে এফ ব্রোণ সাহেব গত জানুআরি মাসের ২৭ তারিখে আপন কর্ম্ম পুনর্গ্রহণ করাতে গত অক্টোবর মাসের ১০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

বালেশ্বরের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আর বি স্মলে সাহেব গত মাসের ২৩ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে, গত জানুআরি মাসের ৩ তারিখের আজ্ঞামতের যে ছুটী ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের ২৮ তারিখ অবধি গ্রহণ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

খুলনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু আনন্দমোহন মজুমদার গত অক্টোবর মাসের ১৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল। তৎকালে তিনি ২৪ পরগনায় নিযুক্ত ছিলেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৭ মার্চ।

মেদিনীপুর জিলায় যে সকল মজুরদল বঙ্গদেশের ১৮৬৩ সালের ৩ আইনমতে সংগৃহীত হইয়া রাজধানী আসিতে ছিল, তাহাদের মধ্যে পথে ওলাউঠা রোগের প্রাদুর্ভাব হইয়াছে এমত সংবাদ প্রাপ্ত হওয়াতে শ্রীযুত লেফ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ জিলার সকল মাজিষ্ট্রেটকে আদেশ করিয়াছেন যে, অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ জিলার মজুর সংগ্রহের কার্য্য স্থগিত থাকে।

এ ইডেন,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

PUBLIC WORKS RAILWAY DEPARTMENT,—BENGAL.

Fort William, the 8th March 1866.

NOTIFICATION.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up, at the public expense, for a public

বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্ক্স ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম, ১৮৬৬ সাল ৮ মার্চ।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেফ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে, রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ নদীয়া জিলার অন্তর্গত পঞ্চানন পরগনার মদনপুর গ্রামে রেলওয়ে

[*Government Gazette,* 20*th March* 1866.]

purpose, *viz.*, for constructing a Railway Station and approach Road at Muddonpore, Pergunnah Pounchnom, in the District of Nuddea, it is hereby declared that, for the above purpose, a plot of land comprising about 2 beegahs 9 cottahs and 15¼ chuttacks, more or less, is required. The land is bounded on the North by the Muddonpore Road; on the South by the land of Kalikristo Roy; on the East by the Eastern Bengal Railway line, and on the West by the lands of Boyddonauth Pal Chowdhry, Titto Chatterjee, and Boykant Mookerjee.

2. This Declaration is made, under the provisions of Section 2 of Act VI. of 1857, to all whom it may concern.

By Oorder of the Lieutentant-Governor of Bengal.

F. S. TAYLOR, *Captain, R. E.,*
Joint-Secy. to the Govt. of Beagal.

ষ্টেশন ও তথায় গমনের পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ২।৫৩/৫ ছটাক ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা মদনপুরের পথ, দক্ষিণ সীমা কালীকৃষ্ণ রায়ের ভূমি, পূর্ব্ব সীমা ইষ্টার্ণ বেঙ্গল রেলপথ, এবং পশ্চিম সীমা বৈদ্যনাথ পাল চৌধুরীর ও তিতু চট্টোপাধ্যায়ের ও বৈকুণ্ঠ মুখোপাধ্যায়ের ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

এফ এস টেলর, কাপ্তান, আর ই,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটারী।

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENT.

The 16th March 1866.

Baboo Khettur Pershad Mookerjee, B. L., to be Moonsiff of Serajgunge, Zillah Rajshahye.

LEAVE OF ABSENCE.

The 13th March 1866.

Baboo Joogul Pershad, Moonsiff of Sewan, Zillah Sarun, for one month, from 27th ultimo, under paragraph 11 of the Absentee Rules.

H. T. PRINSEP,
Registrar.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৬ সাল ১৬ মার্চ।

শ্রীযুত বাবু ক্ষেত্রপ্রসাদ মুখোপাধ্যায় B. L., রাজশাহী জিলার সেরাজগঞ্জের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬৬ সাল ১৩ মার্চ।

সারণ জিলার অন্তর্গত সেওয়ানের মুনসেফ শ্রীযুক্ত যুগলপ্রসাদ বাবু অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত মাসের ২৭ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

NOTICE.

PUBLISHED THIS-DAY.

No. XIV. of the Quarterly Civil List for the Lower Provinces of Bengal, shewing the names, designations, and emoluments of the Civil, Military, and Uncovenanted Servants of Government in all Departments.

Price—Rupees three (3) per copy in cash, or by a money order. Stamps cannot be received.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২০ মার্চ।]

বিজ্ঞাপন।

বঙ্গপ্রভৃতিদেশে নিযুক্ত কর্ম্মকারকদের নামাদির ১৪ নং নির্ঘণ্ট পুস্তক অদ্য প্রকাশ হইল। সেই পুস্তকে গবর্ণমেণ্টের সকল সিরিশতার দেওয়ানী ও ফৌজদারী ও সৈন্য সম্পর্কীয় ও অচিহ্নিত সকল কার্য্যকারকের নাম ও পদ ও বেতন প্রকটিত হইয়াছে।।

মূল্য ৩৲ টাকা মাত্র।

নগদ কি মনিঅর্ডর পাঠাইতে হইবে। ইষ্টাম্প অগ্রাহ্য।

SALT.

বিক্রী নেমকের মাসকাবারী হিসাব সন ১৮৬৬ সাল তারিখ ৩১ জানুআরি নিমক।

১	২	৩	৪	৫			৬
এজেন্সীর নাম	সন ১২৬৮ সাল অথবা ১৮৬১। ৬২ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ	সন ১২৬৮ সাল মোতাবকে ইং ১৮৬১। ৬২ সাল	সন ১২৬৯ সাল মোতাবকে ইং ১৮৬২। ৬৩ সাল	মৌজুদ নেমকের একুন			দর ফি ১০০/ মোন
				পাঙ্গা	করকচ	মোট একুন	
হিজলী।	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর	১,৪৫১/	৮৯,৬৬৮/	৩০,৫৪৬/	১,২১,৬৬৫/	০	১,২১,৬৬৫/	৩৯৮
ঐ ঐ কৃষ্ণনগর ...	১০,৩৯২/	২,১৭,৩৫৫/	০	২,২৭,৭৪৭/	০	২,২৭,৭৪৭/	
ঐ ঐ রামনগর ...	৩,২৮৮/	১,৩০,৯৫৯/	০	১,৩৪,২৪৭/	০	১,৩৪,২৪৭/	
ঐ ঐ কালীনগর ...	২,৭০৮/	২,১৫,০২১/	১৮,২৮৫/	২,৩৬,০১৪/	০	২,৩৬,০১৪/	
ঐ ঐ পুরীঘাটা ...	০	৩৮,৬৩৪/	০	৩৮,৬৩৪/	০	৩৮,৬৩৪/	
একুন	১৭,৮৩৯/	৬,৯১,৬৩৭/	৪৮,৮৩১/	৭,৫৮,৩০৭/	০	৭,৫৮,৩০৭/	
তমলুক।							
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর	০	৮,৯২৫/	৭,৬১২/	১৬,৫৩৭/	০	* ১৬,৫৩৭/	৩৯৮
ঐ ঐ রসুলপুর	২৬,২৯২/	৩৬,০৮৪/	০	৬২,৩৭৬/	০	৬২,৩৭৬/	৪০৮
একুন	২৬,২৯২/	৪৫,০০৯/	৭,৬১২/	৭৮,৯১৩/	০	৭৮,৯১৩/	

* বিক্রীর যোগ্য নহে। গত ঝড়ের লোকসানের জন্য রাখা হইল।

এজেন্সীর নাম শালিখা।	সন ১২৬৮ সাল অথবা ১৮৬১। ৬২ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ	সন ১২৬৮ সাল মোতাবকে ইং ১৮৬১। ৬২ সাল	সন ১২৬৯ সাল মোতাবকে ইং ১৮৬২। ৬৩ সাল	মৌজুদ নেমকের একুন			
				পাঙ্গা	করকচ	মোট একুন	দর ফি ১০০/ মোন
	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
করকচ নেমক মান্দ্রাজ পরমিট	৭,১৯,৮৪৯/	০	০	০	৭,১৯,৮৪৯/	৭,১৯,৮৪৯/	৩৯৬৲
ঐ ঐ চিলকা …	১,৪৪,৩১২/	০	০	০	১,৪৪,৩১২/	১,৪৪,৩১২/	৩৮৬৲
ঐ ঐ সিন্ধু …	৫,০০,০০০/	০	০	০	৫,০০,০০০/	৫,০০,০০০/	৪১৮৲
মিশ্রিত করকচ নেমক …	২,৬৭৯/	০	০	০	২,৬৭৯/	২,৬৭৯/	
পাঙ্গা নেমক কটক …	১,০৭,১৮৬/	০	০	১,০৭,১৮৬/	০	১,০৭,১৮৬/	৪২৯৲
ঐ ঐ বালেশ্বর …	১৪৪/	১,৫৫,০৩১/	০	১,৫৫,১৭৫/	০	১,৫৫,১৭৫/	
ঐ ঐ খোরদা …	১,৬৯,৯৬৯/	৫১,০৮৮/	০	২,২১,০৫৭/	০	২,২১,০৫৭/	
ঐ ঐ চিলকা …	২,০২,৮৮২/	৩৮,০৪৪/	০	২,৪০,৯২৬/	০	২,৪০,৯২৬/	
ঐ ঐ রামনগর …	৪৭,১৯০/	০	০	৪৭,১৯০/	০	৪৭,১৯০/	
ঐ ঐ পুরীঘাটা …	৮৩,২১৮/	৩৩,৩৬৯/	০	১,১৬,৫৮৭/	০	১,১৬,৫৮৭/	
ঐ ঐ কৃষ্ণনগর …	১,৩০,১২০/	০	০	১,৩০,১২০/	০	১,৩০,১২০/	
ঐ ঐ নারায়ণপুর …	২,৯৫,৬৯৬/	০	০	২,৯৫,৬৯৬/	০	২,৯৫,৬৯৬/	
একুন	২৪,০৩,২৪৫/	২,৭৭,৫৩২/	০	১৩,১৩,৯৩৭/	১৩,৬৬,৮৪০/	২৬,৮০,৭৭৭/	

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২০ মার্চ।]

এজেন্সীর নাম।	সন ১২৬৮ সাল অথবা ১৮৬১। ৬২ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৮ সাল মোতাবকে ইং ১৮৬১। ৬২ সাল	সন ১২৬৯ সাল মোতাবকে ইং ১৮৬২। ৬৩ সাল	মৌজুদ নেমকের একুন			দর কি ১০০৲ মোন
				পাঙ্গা	করকচ	মোট একুন	
ঘুষড়ি।	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
পাঙ্গা নেমক ঘাট কালীনগর	১,০০,৪১৩/	০	০	১,০০,৪১৩/	০	১,০০,৪১৩/	৪২১৲
ঐ ঐ রসুলপুর ...	৪৮,৫৯৩/	০	০	৪৮,৫৯৩/	০	৪৮,৫৯৩/	
মিশ্রিত ঐ ঐ রামনগর ...	৩৮,৪৭৩/	০	০	৩৮,৪৭৩/	০	৩৮,৪৭৩/	
সন ১২৬৫। ১২৬৬। ১২৬৭ সাল একুন	১,৮৭,৪৭৯/	০	০	১,৮৭,৪৭৯/	০	১,৮৭,৪৭৯/	
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক সদরঘাট ...	০	২,২৮৮/	০	২,২৮৮/	০	* ২,২৮৮/	৩৯৯৲
ঐ ঐ আরাকিন ...	০	১৬০/	৭০৭/	৮৬৭/	০	* ৮৬৭/	৪২৪৲
করকচ নেমক মান্দ্রাজ ...	০	৮৪,১৩৬/	০	০	৭৪,১৩৬/	৭৪,১৩৬/	৩৭৯৲
ঐ ঐ জেদ্দা ...	১,৯২৩/	০	০	০	১,৯২৩/	১,৯২৩/	
একুন	১,৯২৩/	৭৬,৫৮৪/	৭০৭/	৩,১৫৫/	৭৬,০৫৯/	৭৯,২১৪/	

* বিক্রীর যোগ্য নহে
গোলার ভাঙ্গির জন্য রাখা
হইল।

[*Government Gazette*, 20*th March* 1866.]

এজেন্সীর নাম		সন ১২৬৮ সাল অথবা ১৮৬১। ৬২ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৮ সাল মোতাবকে ইং ১৮৬১। ৬২ সাল	সন ১২৬৯ সাল মোতাবকে ইং ১৮৬২। ৬৩ সাল	মৌজুদ নেমকের একুন।			দর কি ১০০/ মোন
					পাঙ্গা।	করকচ	মোট একুন	
		মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
কটক।								
পাঙ্গা নেমক	...	০	০	০	১৩,৬৩/	০	১৩,৬৩/	৩৯৯
একুন		০	০	০	১৩,৬৩/	০	১৩,৬৩/	
পুরী।								
পাঙ্গা নেমক	...	০	০	০	২,১৭,৯৪৯/	০	২,১৭,৯৪৯/	৩৯৯
করকচ নেমক	...	০	০	০	০	৮,৫৯,৬৭৬/	৮,৫৯,৬৭৬/	৩৫৬
একুন		০	০	০	২,১৭,৯৪৯/	৮,৫৯,৬৭৬/	১০,৭৭,৬২৫/	
মোট একুন		২৬,৩৬,৭৭৮/	১০,৯০,৭৬২/	৫৭,১৫০/	২৫,৬১,১০৩/	২৩,০২,৫৭৫/	৪৮,৬৩,৬৭৮/	

মন্তব্য।—শহর কলিকাতার অন্তর্গত রেবিনিউ বোর্ডের দফ্তরখানাহইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায়, সেই রওয়ানা গোলাঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে, তাহাদিগকে ৬ ঘরের লিখিত দরে ১ ঘরের লিখিত সরকারী গোলাহইতে ৫০/ পঞ্চাশ মোন এবং তাহার ঊর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

আর বি চাপমান।
সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬৬ সাল তারিখ ১৫ মার্চ।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২০ মার্চ।]

নং ১৫৭।

নিমকের ইস্তেহার।

১ দফা। গবর্ণমেণ্টের হুকুমানুসারে ইস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৬ সালের ১ ডিসেম্বর তারিখে বাঙ্গালা ও উড়িষ্যা প্রদেশে ভিন্ন২ প্রকার সরকারি নিমক যাহা অবিক্রী থাকিবেক তাহার দর মাসুল ছাড়া ঐ তারিখহইতে নিম্ন লিখিতরূপে ন্যূন করা যাইবেক।

মোকামহায়।

প্রেসিডেন্সির শালিখা ও খুরঁড়িতে ...	পাঙ্গা নেমক	৯৬৲	টাকাহইতে	৭০৲	টাকা পর্য্যন্ত ন্যূন হইবেক।
	মান্দরাজ করকচ	৭১৲	ঐ	৫০৲	ঐ
	চিলকা ঐ	৬১৲	ঐ	৩৫৲	ঐ
	সিন্ধু ঐ	৯৩৲	ঐ	৫০৲	ঐ
হিজলি ...	... পাঙ্গা নেমক	৭৪৲	ঐ	৬০৲	ঐ
তমলুক (নারায়ণপুর)	... ঐ	৮৩৲	ঐ	৭০৲	ঐ
পুরী ...	... পাঙ্গা নেমক	৭৪৲	ঐ	৬০৲	ঐ
	করকচ ঐ	৩১৲	ঐ	১৫৲	ঐ

২ দফা। এই সকল দর সর্ব্বাপেক্ষা ন্যূন দর বলিয়া স্থির করা হইল ইহার অপেক্ষা পরে আর দর কমানো হইবেক না। কিন্তু সরকার বাহাদুরের ক্ষমতা রহিল যে সুযোগ হইলে দস্তুরমত সংবাদ দিয়া তাঁহারা রাজস্বের জন্য উক্ত দর সকল বৃদ্ধি করিতে পারিবেন।

৩ দফা। প্রকাশ্য নীলামের দ্বারা নিমক বিক্রয় করা বন্দ হইল।

বিঃ হুকুম সাহেবান আলিশান বোর্ড অফ রেবিনিউ সন ১৮৬৬ সাল তারিখ ১৭ ফিব্রুআরি।

টি ক্রস লেন।
ছোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা মেদিনীপুর।

ইশ্‌তাহার

সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৫৯। ১১ আইনের ৬ ছয় দফামতে সন ১৮৫৯ সালের ১০ আইন সুরত ৪৮৪ নং ডিক্রীজারির মোকদ্দমায় যাহাতে রাখালদাস মুখোপাধ্যায় ডিক্রীদার জানকী দেই দেনির জিলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নের লিখিত মহালের মধ্যে দেনির অংশের তঙ্কীব মঃ ১৬০৩৵৫ পাই অত্র জেলার কালেক্টরীতে সন ১৮৬৬ সালের ২৮ মার্চ আমলি সন ১২৭৩ সালের ১৭ চৈত্র তারিখে নীলাম হইবেক ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ১৯ ফেব্রুআরি।

ইষ্টেড বাডগেড নং তৌজী ১৫৯। পঃ সাহাপুর সদর জমা ৩২১৩৷৶২
মালিক শ্রীমতী জানকী দেই ওগেরহ

T. GRANT,
Covd. Dy. Collr. in charge of office for Collector.

জেলা নদীয়া

ইস্তেহার।

সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত মহাল সন ১৮৫৯ সাং ১১ আইনের বিধানমতে লা[illegible]ন্দী হইয়া সরকারি রাজস্ব বাকীর জন্য দাখিলের শেষ দিবস গত ১২ জানুআরি অবধারিত হইয়াছিল ঐ তারিখে সরকারি বাকী দাখিল না হওয়া প্রযুক্ত উক্ত আইনের ৬ ধারার বিধানক্রমে বর্ত্তমান ১৮৬৬ সাং ২৯ মার্চ মোং ১২৭২ সাং ১৭ চৈত্র বৃহস্পতি বার নীলামের দিন অবধারিত হইল উক্ত তারিখে প্রস্তাবিত মহাল জেলা নদীয়ার শ্রীযুত কালেক্টর সাহেবের হজুরে বিনা ওজরে নীলামে হরা যাইবেক সন ১৮৬৬ সাল তারিখ ১০ মার্চ।

নং তৌজী ২১৭৬ পং রাজপুর বিল মাদারা মালিক ৺ শ্রীশ্রীধর ঠাকুর সেবাইত মথুরানাথ আচার্য্য সদর জমা ৯১১৭৸৶১

H. ULICK BROWN,
Collector.

Paris Universal Exhibition of Agriculture, Industry, and Art of 1867.

NOTIFICATION.

WITH reference to the orders of Government, No. 6736, dated the 2nd November 1865, and published in the *Calcutta Gazette* of the 15th idem, parties desirous of sending Articles to the Paris Exhibition are invited to communicate their intentions either to the Central Committee for Bengal, or to any of the Commissioners of the Divisions named below,* and to forward an accurate description of the Articles intended to be sent.

2. A description of all Articles must first be submitted for the approval of the Central Committee, in order that it may be determined whether the same or such as, with reference to the objects of the Exhibition and other circumstances, the Government can undertake to transmit to Paris at the Public expense.

3. All Articles tendered for contribution by private individuals after being approved of by the Central Committee will be taken charge of and forwarded to Paris at the expense of Government, and after the close of the Exhibition they will be disposed of in such manner as may be agreed upon between the Central Committee and the respective contributors.

4. The nature and description of Articles admissible into the Exhibition may be learnt on application to the Central Committee, or to any of the Commissioners of Divisions, and it is particularly intimated that Articles tendered for contribution should be limited to works of Industry and Art locally produced.

5. Parties wishing to become contributors to the Paris Exhibition must signify their intentions within three months from this date, after which no application can be received.

By Order of the Central Committee,

A. M. DOWLEANS,
Secretary.

CALCUTTA,
The 10th January 1866.

১৮৬৭ সালে পারিস নগরে কৃষি ও অধ্যবসায়জনিত ও শিল্পঘটিত কার্য্যের যে মহা প্রদর্শন হইবে তদ্বিষয়ক বিজ্ঞাপন।

১৮৬৫ সালের নবেম্বর মাসের ২ তারিখের ৬৭৩৬ নম্বরের গবর্ণমেন্টের যে আজ্ঞা ঐ মাসের ২১ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তদুপলক্ষে জানান যাইতেছে যে, পারিস নগরের প্রদর্শনে যাঁহারা দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছুক আছেন তাঁহারা যে২ দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছা করেন তাহার প্রকৃত বৃত্তান্ত বঙ্গদেশের সদর কমিটীতে কিম্বা পশ্চাৎ লিখিত খণ্ডের* কোন কমিস্যনর সাহেবের নিকটে লিখিয়া পাঠাইবেন।

২। সদর কমিটীর সম্মতি পাইবার জন্যে প্রথমে সকল দ্রব্যের বৃত্তান্ত লিখিয়া পাঠাইতে হইবে, কেননা প্রদর্শনের উদ্দেশ্য বিবেচনায় সেই সকল দ্রব্য মনোনীত হইতে পারে কি না এবং বিষয়ান্তরে রাজকীয় ব্যয়ে গবর্ণমেণ্ট তাহা পারিস নগরে পাঠাইতে পারেন কি না ইহা স্থির করা আবশ্যক।

৩। সদর কমিটীর সম্মতি পাইলে পর ব্যক্তিবিশেষ কর্ত্তৃক যে সকল দ্রব্য দিবার প্রস্তাব হয় তাহা জিম্মায় লইয়া রাজকীয় ব্যয়ে পারিস নগরে পাঠান যাইবে, ও প্রদর্শন হইয়া গেলে পর সেই সকল দ্রব্য লইয়া সদর কমিটীর ও যাঁহারা সেই দ্রব্য দিয়াছেন তাঁহাদের পরস্পরের যদ্রূপে সম্মতি হইয়াছে তদ্রূপে কার্য্য হইবে।

৪। যেং ভাবের ও প্রকারের দ্রব্য প্রদর্শনে গ্রাহ্য হইবে তাহা সদর কমিটীর নিকটে কিম্বা খণ্ডের কোন কমিস্যনর সাহেবের নিকটে আবেদন করিলে জানা যাইতে পারিবে। আরো ইহা বিশেষমতে জানান যাইতেছে যে, অধ্যবসায়জনিত কি শিল্পঘটিত যে দ্রব্য স্থানবিশেষে উৎপন্ন হইয়াছে তদ্ভিন্ন কোন দ্রব্য পাঠাইবার প্রস্তাব না হয়।

৫। যাঁহারা পারিস নগরের প্রদর্শনে দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছা করেন তাঁহারা এই বিজ্ঞাপনের তারিখঅবধি তিন মাসের মধ্যে আপনাদের মনস্থ জ্ঞাত করিবেন, তিন মাসের পর তাঁহাদের আবেদন গ্রাহ্য হইবে না।

সদর কমিটীর আজ্ঞাক্রমে,

এ এম ডৌলিন্স,
সেক্রেটারী।

কলিকাতা,
১৮৬৬ সাল ১০ জানুআরি।

---

* Patna, Bhaugulpore, Rajshahye, Dacca, Nuddea, Chittagong, Burdwan, Cuttack, Chota Nagpore, Assam, Cooch Behar.

* পাটনা। ভাগলপুর। রাজশাহী। ঢাকা। নদীয়া। চট্টগ্রাম। বৰ্দ্ধমান। কটক। ছোট নাগপুর। আসাম। কুচবেহার।

[গবর্নমেন্ট গেজেট। ১৮৬৬। ২০ মার্চ।]

INSOLVENT COURT.

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ROBERT JOHN CARBERY, an Insolvent.

On Saturday, the 3rd day of March instant, upon an application of the Assignee in this matter it was ordered that the said Assignee do from and out of the sum of Rupees 3,664-5-4 in his hands pay a Dividend at the rate of one Rupee and 12 As. (which will amount to the sum of Rupees 3,350-10-7) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

OFFICIAL ASSIGNEE'S OFFICE;
Calcutta, 19*th March* 1866.

THE like Notice in the matter of ROBERT JOSEPH CARBERY, and ANNIE CARBERY, Insolvents. Wherein it was ordered that out of Rupees 3,764-7-2 a Dividend at 3 per cent. (amounting to Rupees 3,173-12) be paid.

THE like Notice in the matter of ALFRED BENJAMIN WILLIAMS and THEODORE EARNEST MANGEY, Insolvents. Wherein it was ordered that out of Rupees 2,300 a Dividend at 20 per cent. (amounting to Rupees 2,125-15-9) be paid.

THE like Notice in the matter of JOHN EMANUEL D'SILVA, an Insolvent. Wherein it was ordered that out of Rupees 1,867-0-8 a Dividend at 2½ per cent. (amounting to Rupees 1,572-11-7) be paid.

যোত্রহীনের আদালত।

কলিকাতা অক্ষম ঋণিদের উপকারার্থ আদালত।

যোত্রহীন রাবর্ট জান কারবেরি সাহেবের বিষয়ে।

আসৈনী সাহেব বর্ত্তমান মার্চ মাসের ৩ তারিখ শনিবারে এই বিষয়ে যে প্রার্থনা করেন তাহাতে আজ্ঞা হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলের যে সকল দাওয়া স্বীকার হইয়াছে, তাহা উক্ত আসৈনি সাহেবের হৃদ্বোধমতে প্রমাণ হইবামাত্র তাঁহার হাতে যে ৩৬৬৪৷৴৪ টাকা আছে তাহাহইতে তিনি উক্ত প্রত্যেক দাওয়ার উপর শতকরা ১৸০ আনার হিসাবে সর্ব্বসুদ্ধ ৩,৩৫০৷৷৵৭ টাকা ডিবিডেণ্ড দেন।

ইহাতে সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা।
কলিকাতা ১৮৬৬ সাল ১৯ মার্চ।

যোত্রহীন রবর্ট জোসেফ কারবেরি ও এন্নি কারবেরি সাহেবের বিষয়ে উক্ত প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে এই বিষয়ে আজ্ঞা হইল যে ৩৭৬৪৷৶২ টাকাহইতে শতকরা ৩৲ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ৩১৭৩৸০ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায়।

যোত্রহীন আলফ্রেড বেনজামিন উলিয়মস্ ও থিওডোর আরনেষ্ট মাঞ্জি সাহেবের বিষয়ে উক্ত প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে এই বিষয়ে আজ্ঞা হইল যে ২৩০০৲ টাকাহইতে শতকরা ২০৲ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ২১২৫৸৶৯ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায়।

যোত্রহীন জান ইমানুএল ডিসিলবা সাহেবের বিষয়ে উক্ত প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে এই বিষয়ে আজ্ঞা হইল যে ১৮৬৭৲৮ টাকাহইতে ২৷৷০ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ১৫৭২৷৷৶৭ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায়।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা যাইতেছে আমার নীলামে খরিদা জিলে ত্রিপুরার মোতালক পরগনে বরদাখাত হিস্যে ।৴১৭ — ক্রান্ত সরকার বাহাদুরের খাস মহাল জমিদারিসংক্রান্ত নীচের তফসিলের লিখিত মহালাত জরিপ ও হাশীল জমির জমানির্দ্দিষ্ট অনুসারিয় জমাহইতে শতকরা ১০৲ দশ টাকা তসীল আখেরাজাত বাদে বাকী জমায় ১২৭৩ সনের প্রথমহইতে ৫ পাঁচ সন ম্যাদি ইজারা অথবা ঐ জমার পাঁচগুণ সেলামিতে দাইমী পত্তনী বন্দবস্ত হইবেক অতএব যে কেহ ঐ প্রকার ইজারা অথবা পত্তনী বন্দবস্ত করার ইচ্ছুক তিনি বর্ত্তমান বর্ষের চৈত্র মাস মধ্যে আমার নিকট উপস্থিত হইয়া প্রার্থীত হইলে রীতিমতে জমানত দাখিলে

ইজারা অথবা পত্তনী গ্রাহক ব্যক্তিগণ সেলামি দাখিল করিলে পত্তনী বন্দবস্ত করিয়া লইতে পারিবেন মহালাতের জমিজমার বন্দবস্তের নিয়ম সিরিস্তা তদন্তে বিশেষরূপ জ্ঞাত হইতে পারিবেন ও ইহাও ব্যক্ত করা যাইতেছে যদি একি মহালের বন্দবস্ত গ্রাহক দুই তিন ব্যক্তি উপস্থিত হএন তবে যে কেহ উর্দ্ধ জমা ও সেলামী দিতে সম্মত হইবেন তাহাদের সহিত বন্দবস্ত করা যাইবেক ইতি।

নাম মহাল	হাশীল জমির জমা	বাদ তহসীলা আখেরাজাত	বাকী জমা
করিমপুর, রসুলপুর	৯৬০০৸৶	৯৬০/৬	৮৬৪০৵/৬
সূর্য্যপুর, কুটুম্বপুর	৮৪৫৯৷/	৮৪৫৸৵	৭৬০৪৷৶
পাহারপুর	৬৩৩৭৸৵	৬৩৩৸/	৫৭০৫/
ভৈশের কোট	১৯০৬৫৵	১৯০৬৷৷৵	১৭১৫৯৷৷০
আমপাল	৫৮২২৸০	৫৮২৷/	৪৩৮০৷৶
মিরবহরি	১৩৫৷৶	১৩৷৷/	১২১৸৵
দেবীঘার হিস্যে ৵ আনী	৫৬২৷৷/	৫৬৷০	৫০৬৷/
ধামঘর	৪০৬২৸০	৪০৬৷/	৩৬৫৬৷৶
ভুবনঘর	২০৩২৵	২০৩৶/৬	১৮২৮৸৵/৬
সুরেশ্বরদি	৩৭২০/	৩৭২৲	৩৩৪৮/
কামাল্লা	৬১৬৯৲	৬১৬৸৶	৫৫৫২/
পালাম্মতা	২৬০৩/	২৬০৷/	২৩৪২৸০
শ্রীরামপুর	৯৪৩৫৲	৯৪৩৷৷০	৮৪৯১৷৷০
লহরি	৫৭৭২৷৷৵	৫৭৭৷০	৫১৯৫৷৵
কপশদী	৪২৫৩৮৷৷৶	৪২৫৩৸/	৩৮২৮৪৸৵
হোসনাবাদ	১২৪০৯৷৷০	১২৪০৸৶	১১১৬৮৷৷/
পারিয়াকান্দী	১৮৭০৪/	১৮৭০৷৵	১৬৮৩৩৷৷৶
বাখরাবাদ, রামচন্দ্রপুর	৬৬৮৭৷৷৵	৬৬৮৸০	৬০১৮৸৵
বার বাখরাবাদ	১০৭২৯৸৵	১০৭২৸৶	৯৬৫৬৸৶
নুরপুর	৭৮১১৷৷৶	৭৮১৷/	৭০৩০৵
পাঁচপুখরিয়া	৩৬২৩৸/	৩৬২৷৵	৩২৬১৷৶
শুরামন্দি	২৭৪১৸/	২৭৪৵	২৪৬৭৷৷৶
বাশকাইট	১৬৩৯৷৵/৬	১৬৩৸৶	১৪৭৫৷৶/৬
উরিশ্বর	১৮৭০৶/৬	১৮৭৲	১৬৮৩৶/৬
পোলবা	১৭৬১৲	১৭৬৷০	১৫৮৪৸০
ফতেয়াবাদ	৭৩৪৭৸৶	৭৩৪৷৷৶	৬৬১৩৷০
আলিয়াবাদ	১৩৯৪৷৷৬	১৩৯৷৵	১২৫৫৵/৬
জারেরা	৩১৫৫৷৷৵	৩১৫৷৷/	২৮৪০/০
এছলামপুর	২০৮১/০	২০৮/০	১৮৭৩৲
কালঘরা	২৪২৭৲	২৪২৷৷৶	২১৮৪৷/
উত্তর বাজরা, হিস্যে ৷৷০ আনী	১৬০৫৷৷৵/৬	১৬০৷৷/	১৪৪৫/৬
	২৩১২৯৮৸৵	২১১২৯৸/	১৯০১৬৯/
মোতালকে ভর্পে পাঁচ ভাগ।			
ধৈলাব	৬৮৭৫৲	৮৮৭৷৷০	৬১৮৭৷৷০
আহ্লাদ নগর	১৭৫০৲	১৭৫৲	১৫৭৫৲
তাত্তেরদী, হিস্যে ৷৵ আনী	১৫০০৲	১৫০৲	১৩৫০৲
	১০১২৫৲	১২১২৷৷০	৮৯১২৷৷০
	২২১৪২৩৸৵	২২৩৪২৷/	১৯৯০৮১৷৷/

ঢাকা কুমারটুলী দপ্তরখানা।　　　　শ্রী খাজে আসানউল্লা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২০ মার্চ।]

হাই কোর্ট বিজ্ঞাপন।

রিসীবর আপীস।

জমিদারিদিগর ইজারা।

আশুতোষ দেদিগর — বাদী।
রাজকুমারী দাসীদিগর — প্রতিবাদী।
ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ১০ এপ্রেল মঙ্গলবার বেলা দুইপ্রহর এক ঘণ্টার সময় হাই কোর্টের রিসীবর শ্রীযুত চার্লস সুইন্টন হাগ সাহেব তাঁহার আপীসে মৃত কৃষ্ণানন্দ বিশ্বাসের ইস্টেটের দরুন নীচের লিখিত জমিদারিদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনে ইচ্ছুক হয়েন উপরোক্ত সময়ে উক্ত আপীসে উপস্থিত হইবেন ইতি।

জেলা ২৪ পরগনার অন্তঃপাতি মোং বারাসতের

মাজিষ্ট্রেটের অধীন।

১৪৬ নম্বর পরগনে আনরপুর রকম ।।০ আনার মধ্যে নীচের লিখিত ডিহি ও মৌজা ও কিসমতদিগর।

জায়।

ডিহি বিশ্বনাথপুর ডিহি সোহাইভাঙ্গা ডিহি বেলুড়িয়া ডিহি কতলসাহী ডিহি কৃষ্ণপুর ডিহি কালিকাপুর ডিহি বকুণ্ড ডিহি বাশুদেবপুর ডিহি বোদাই ডিহি চোরখাড়া ডিহি বেড়ুয়া ডিহি সাণ্ডেড়া ও মৌজে তালদাতিয়া মৌজে পানিহাড়া মৌজে বেহারী ও মৌজে বনমালিপুর মায কাছারিবাটী ও হাট ও বাজার ও পুষ্করিণী ও বাগান ও দোকানদিগর মুছল্লম হকুক সেওয়ায় মধুমুরারীর নিলকুঠীর নওয়াজিমা জিনিসদিগর।

১১৭৮ নম্বর কিসমত মাধবপুরদিগর দেবোত্তর বাজেআপ্তী বন্দবস্তী মহাল মায় কাছারিবাটী হাটইত্যাদি উপরের লিখিত মত।

ঐ জেলার অন্তঃপাতি ২৪ পরগনার মাজিষ্ট্রেটের অধীন ১৪৫ নম্বর মহাল মদরছা রকম ।।০ আট আনার মধ্যে নীচের লিখিত তরফ ও মৌজা কিসমতহায়।

জায়।

তরফ জঙ্গিড়া ও তরফ পাচুড়িয়া ও তরফ হালছু ও তরফ কোদালিয়া তরফ হাটগাছা ও মৌজে বনহুগলী ও কিসমত খড়দহ মায় কাছারিবাটী ও হাট বাজার পুষ্করিণী বাগান দোকানইত্যাদি উপরের লিখিত মত।

১৫৭ নম্বর পরগনে কলিকাতার অন্তঃপাতি তরফ বেঁওতা যাহাকে সচারাচার শ্রীবাটী বলে তাহার রকম ।।০ আনার মধ্যে নীচের লিখিত তরফ ও মৌজে ও কিসমত হায়।

জায়।

তরফ বৈরামপুর তরফ মৌশল ও তরফ রঘুনাথপুর মৌজে দুর্গাবাটী ও কিসমত খড়দহা মায় কাছারিবাটী ও হাট বাজার ইত্যাদি উপরের লিখিত মত।

১৬৯ নম্বর তরফ হাতিয়াড়া নীচের লিখিত তরফ ও মৌজা ও কিসমত হায়।

জায়।

তরফ নিজ হাতিয়াড়া তরফ খচম্বা ও মৌজে বরাখোলা আহরামপুর ও মৌজে গাতি ও বাইগাছিদিগর ও কিসমত সাইতগাছি ও দোনার আটী ও চাপরা মায় কাছারিবাটী ও হাট বাজার বাগান ইত্যাদি উপরের লিখিত মত।

২১৭ নম্বর কিসমত খড়দহর মধ্যে ৺ গোকুলচন্দ্র গোস্বামির নামিত তালুক /৫ এক আনা এক পাইয়ের মধ্যে রকম এক পাই মায় কাছারিবাটী ইত্যাদি উপরের লিখিত মত।

পরগনে কলিকাতা মহাল মদরছার অন্তঃপাতি তরফ হাদায়ার মৌজে নিজ হাদীয়া ও মৌজে খেয়াদা।

ঐ পরগনার মহল শ্রীবাটীর অন্তঃপাতি মৌজে কুমার পুখুরিয়া।

আরং বৃত্তান্ত রিসীবর আপীসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

কলিকাতা হাই কোর্ট রিসীবর আপীস ৫ নম্বর ইষ্ট্রীও রোড সন ১৮৬৬ সাল তারিখ ১৬ মার্চ।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্ত্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, MARCH 20, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২০ মার্চ।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জেলা ভাগলপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ভাগলপুর।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অত্র কালেক্টরি স্থিত নিম্নের ইস্টেটমেন্টের লিখিত খাস মহাে গবর্ণমেন্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৬৬ সালের ২৮ মার্চ মোতাবেক ফসলি ১২৭৩ সালের ২৭ চৈত্র বুধবা ভাগলপুর জেলার কালেক্টরিতে বিক্রয় হইবেক ইতি।

১। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহাদের এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডে সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয় নিয়মের অধীনে থাকিতে হইবেক।

রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর।	জেলার বহিতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	পরিমাণ যত একর	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				যত টাকা জমা ধার্য্য আছে।	রাস্তার টাকুস।	মোট।		
			এঃ রূঃ পঃ					
২০৪ ১৮৫৯	৯৪	জাগীর নাছের তওেল থানা উধুয়ানালা পরগনে কাঁকজোল ...	০।৩।৩৭ ৩ বিঘা	৸০	৶	৸৶	২॥০	

জেলা ভাগলপুর কাছারি কালেক্টরি তারিখ ১১ জানুয়ারি ১৮৬৬ সাল।

R. L. MANGLES,
Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত জামস জোন্স সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 20, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২০ মার্চ।

PUBLIC LIBRARY

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Report of a Select Committee, together with the Bill as settled by them, was presented to the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 13th April 1865 :—

REPORT.

We, the undersigned, the Members of the Select Committee of the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations, to whom the Bill for consolidating and amending the Laws relating to the Procedure of the Courts of Civil Judicature in British India, together with the communications noted in the annexed list, was referred, have the honor to report as follows :—

We have carefully revised the Bill, and have adopted a large number of the suggestions contained in the communications above-mentioned.

Before entering into the details of our revision we may premise that the alterations which we have made are to a great extent verbal, and that, with very few exceptions, they do not affect the general or fundamental principles of the Bill as introduced.

The most important alterations involving questions of principle are in the Sections relating to the specific performance of contracts, and in the part of the Code relating to Reviews of Judg-

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

বিশেষ মনোনীত কমিটীর পশ্চাৎ লিখিত রিপোর্ট ও তাঁহাদের সম্মতিক্রমে স্থিরীকৃত আইনের পাণ্ডুলিপি ১৮৬৫ সালের ১৩ আপ্রিল তারিখে ব্যবস্থা ও আইন প্রণয়নোপলক্ষে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সহকারি মন্ত্রিসভাতে অর্পিত হইয়াছিল।

রিপোর্ট।

ব্যবস্থা ও আইন প্রণয়নোপলক্ষে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সহকারি মন্ত্রিসভার বিশেষ মনোনীত কমিটীর অংশী নিম্ন লিখিত যে আমরা, আমাদিগের প্রতি ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী বিষয়ক ব্যবস্থা সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি ও ইহার শেষে সংযুক্ত ফর্দ্দে উল্লিখিত সকল কাগজপত্র সমর্পিত হইয়াছিল, অতএব আমাদের যাহা বক্তব্য তাহা তদ্বিষয়ে সমাদর পূর্ব্বক নিবেদন করিলাম।

আমরা অতিযত্ন পূর্ব্বক সেই পাণ্ডুলিপির সংশোধন করিয়াছি ও পূর্ব্বোক্ত সকল কাগজপত্রে পরিগৃহীত অনেক প্রস্তাব গ্রাহ্য করিয়াছি।

আমাদের কৃত সংশোধনের সবিশেষ বর্ণনা করিবার পূর্ব্বে আমরা ইহা জ্ঞাত করিতেছি যে আমাদের কৃত পরিবর্ত্তনের মধ্যে অধিকাংশ শব্দমাত্রের পরিবর্ত্তন, সুতরাং অত্যল্প স্থল ভিন্ন অন্য সকল স্থলে এই সভাতে আনীত পাণ্ডুলিপির মূলনিয়ম তাহাতে হ্রাস বৃদ্ধি পায় না।

মূলনিয়ম বিষয়ক কথাসম্বলিত যে কএকটি পরিবর্ত্তন কিছু গুরুতর, তাহা চুক্তিঘটিত বিশেষ ক্রিয়ার সাধন বিষয়ক ধারাতে এবং নিষ্পত্তির পর্য্যালোচন বিষয়ক খণ্ডে পাওয়া যায়।

We have provided that specific performance shall not be decreed of any contract, the complete performance of which is necessarily extended over a longer period than five years. When any such contract shall have been entered into before the passing of the Act, we propose that specific performance shall not be decreed for more than five years from the date of the decree.

We have altered Sections 131, 132, 133, 134 and 135 (a), and confined their operation to suits brought to enforce the specific performance of registered contracts. For the Procedure to enforce the *ex parte* order given under Section 133, we have provided that, on proof of service of the order, the Court shall receive the plaintiff's evidence, and, subject to certain conditions, pass a decree for specific performance. The conditions prescribed are these:—that the consideration is adequate; that the contract is reasonably certain; that the defendant is able to perform it, and that the performance will not impose extreme or immoderate hardship upon him. We have thus, we trust, met the objections of those who fear that the power of enforcing specific performance of contracts by the attachment of the property and the imprisonment of the party guilty of the breach of contract, may be used as an instrument of oppression. We have enabled the Court to decree damages in the event of the contract not being specifically performed, and provided for the execution of the decree.

The power given to the Judges of the subordinate Courts of reviewing, of their own authority, orders passed not only by themselves but by their predecessors, or by Judges for whom they are merely officiating, has, we understand, led to considerable abuse, and the Committee are strongly of opinion that the opportunity for this abuse should be taken away.

Under the Code, as it now stands, many orders passed in execution of a decree are not open to appeal. It has been suggested that in such cases either an appeal or a review of judgment should be allowed.

We have thought it better to adopt the latter alternative, subject to the proviso—which we propose should extend generally to reviews—that, when the review is granted by a Court subordinate to a District Court, it shall be with the previous sanction of such Court, and that, when granted by a District Court, it shall be with the previous sanction of the High Court.

যে চুক্তির সম্পূর্ণ সাধনে পাঁচ বৎসরের অধিক কাল অবশ্য লাগে, এমত চুক্তিঘটিত বিশেষ সাধনের ডিক্রী করিতে হইবে না, এমত বিধান আমরা করিয়াছি। এই আইন প্রবল হইবার পূর্ব্বে তদ্রূপ যে নিয়ম কৃত হইয়া থাকে, তাহার বিষয়ে আমরা এই প্রস্তাব করিলাম যে ডিক্রীর তারিখ অবধি পাঁচ বৎসরের অনধিক কাল পর্য্যন্ত বিশেষ কর্ম্ম সাধনের ডিক্রী হইতে পারে না।

আমরা ১৩১ ও ১৩২ ও ১৩৩ ও ১৩৪ ও ১৩৫ * এই কএক ধারার পরিবর্ত্তন করিয়া, যে চুক্তি রেজিষ্টরী হইয়াছে, তদ্ঘটিত বিশেষ কর্ম্ম সাধন করাইবার অভিপ্রায়ে যে মোকদ্দমা উপস্থিত করা যায়, কেবল সেই মোকদ্দমাতে তাহার প্রবলতা বর্ত্তাইয়াছি। ১৩৩ ধারামতের পক্ষৈকঘটিত আজ্ঞা প্রবল করণার্থ কার্য্যপ্রণালীর বিষয়ে আমরা এই বিধান করিয়াছি যে সেই আজ্ঞা সমর্পিত হইয়াছে ইহার প্রমাণ হইলে পর আদালত বাদির প্রমাণ গ্রাহ্য করিয়া বিশেষ২ নিয়মের অধীনে বিশেষ কর্ম্ম সাধনের ডিক্রী করিবেন। উক্ত নিয়ম এই২ অর্থাৎ, প্রচুর ও যুক্তিযুক্ত মতে নিশ্চিত পুরস্কার, ও তাহার সাধনে প্রতিবাদির সামর্থ্য, ও তৎসাধনদ্বারা তাহার দুঃসহ কি আত্যন্তিক ক্লেশ হইবার অসম্ভাবনা। ইহাতে বোধ হয় চুক্তি লঙ্ঘনে অপরাধি ব্যক্তির সম্পত্তি ক্রোক করণ ও তাহাকে কারাবদ্ধ করণদ্বারা চুক্তিঘটিত বিশেষ কর্ম্মের সাধন প্রবল করিবার ক্ষমতা অত্যাচারের উপায়রূপে ব্যবহার হইবে, এমত আশঙ্কা যাহারা করে তাহাদের আপত্তি নিরর্থক করিয়াছি। আমরা আদালতকে এই ক্ষমতাও দিয়াছি যে চুক্তিঘটিত বিশেষ কর্ম্মের সাধন না হইলে আদালত ক্ষতিপূরণের ডিক্রী করিতে পারিবেন, এবং সেই ডিক্রী প্রবল করিবার বিধানও করিয়াছি।

নিম্নতর আদালতের বিচারকর্ত্তাদিগকে স্বীয় বিবেচনামতে আপনাদের কি ভূতপূর্ব্ব বিচারকর্ত্তাদের, কি তাঁহারা যাঁহাদের পরিবর্ত্তে কিয়ৎকালার্থে কর্ম্ম করেন সেই বিচারকর্ত্তাদের প্রণীত নিষ্পত্তির পর্য্যালোচনা করিবার যে ক্ষমতা দেওয়া গিয়াছিল, তাহাতে অনেক মন্দ ফল উৎপন্ন হইয়াছে এমত শুনা গিয়াছে, অতএব সেই মন্দ ফলের হেতু উন্মূলন করা উচিত, এই কমিটীর এমত নিতান্ত বোধ হয়।

আইন এখন যেমন আছে তাহাতে ডিক্রীর সাধনক্রমে প্রচারিত অনেক আজ্ঞার উপর আপীল হইতে পারে না। এমত স্থলে আপীল করিবার অনুমতি কিম্বা বিচারের পুনরালোচনা হইবার অনুমতি দেওয়া উচিত, এমত প্রস্তাব করা গিয়াছে।

এই দুয়ের মধ্যে বিচারের আলোচনার অনুমতি দেওয়া আমাদের শ্রেয়ো বোধ হইল, কিন্তু ইহাতে এই বিশেষ উপনিয়ম করিয়াছি যে জিলার আদালতের অধীন কোন আদালত ঐ আলোচনার অনুমতি দিলে পূর্ব্বে জিলার আদালতের সম্মতি লওয়া আবশ্যক, ও জিলার আদালত ঐ অনুমতি দিলে অগ্রে হাই কোর্টের সম্মতি লওয়া আবশ্যক। এই উপনিয়ম সামান্যতঃ আলোচনার প্রতি বর্ত্তাইলে আমাদের মতে ভাল হইবে।

(a) The numbers in this Report refer to those of the Sections of the Bill as introduced and published in the *Gazette of India* for 29th April 1864.

* এই রিপোর্টে যত নম্বর লিখিত হয় তাহা সভাতে আনীত ও ১৮৬৪ সালের ২৯ নবেম্বর তারিখের অতিরিক্ত বাঙ্গালা গেজেটে প্রকাশিত পাণ্ডুলিপির ধারার নম্বর জানিবা।

We have armed the Civil Courts with power to punish witnesses for failing to attend when summoned, instead of leaving the cases of persons so offending to be dealt with by the Criminal Courts. The necessity for this provision in order to the due administration of justice has been strongly pressed by many Judges, some of them of long standing and of considerable experience.

We have introduced several changes in the Chapter relating to the High Courts, and exempted those Courts from the operation of some Sections, which, however well adapted to Courts in the Mofussil, have been found unnecessary, and, some instances, inconvenient in the High Courts with their superior judicial agency.

We will now specify some of the minor additions and alterations which we have thought necessary.

We have added definitions of 'Person,' 'Section,' Chapter,' 'Law,' 'Judgment,' 'Decree,' 'Immoveable Property,' 'Moveable Property,' 'Bond,' 'Document' and 'Subordinate Court.'

We have inserted a clause analogous to Section 3 of the Bill as introduced, providing that the Sections to which the letters 'R. C.' are affixed, shall extend to Revenue Courts.

We have provided that every person shall be entitled to sue except persons expressly prohibited from suing by any law. Executors and Administrators, trustees of express trusts, and next friends of lunatics and idiots may, on obtaining the permission of the Court, sue without joining with them the persons for whose benefit the suit is brought. Infants will sue by guardian or next friend, who will be admitted and may be removed by the Court, and who may be made liable for the costs of the suit. We have also provided that an infant defendant shall appear by guardian.

To Section 10 we have added explanations after the manner of the Indian Penal Code and the Indian Succession Act, 1865, as to the place in which a cause of action may be held to have arisen; as to the dwelling necessary to give jurisdiction; as to the place in which a Corporation or Company shall be deemed to carry on business; and as to the business contemplated in the Section. To Section [illegible] we have added an explanation of what shall be considered to constitute residence out of British India. We have also given explanations as to the adequacy of consideration and the certainty required for enforcing specific performance of a contract.

যে সাক্ষিরা সমন পাইলেও উপস্থিত হয় না, তাহাদিগের সেই দোষের দণ্ড করিবার ভার এখন ফৌজদারী আদালতের প্রতি বর্ত্তে, কিন্তু আমরা তাহাদের দণ্ড করিবার ক্ষমতা দেওয়ানী আদালতকে দিয়াছি। জজদের মধ্যে অনেকে, বিশেষতঃ দীর্ঘকালাবধি নিযুক্ত ও অনেক অভ্যাস প্রাপ্ত কএক ব্যক্তি ন্যায্য বিচারের সাধনার্থে এই বিধান যে আবশ্যক, এই মর্ম্মের অতি শক্ত অনেক কথা লিখিয়াছেন।

হাই কোর্ট বিষয়ক অধ্যায়ের মধ্যে আমরা অনেক কথার পরিবর্ত্তন করিয়াছি, বিশেষতঃ কোন২ ধারা মফঃসল আদালতের অত্যুপযুক্ত হইলেও উচ্চতর বিচারকর্ত্তৃত্ববিশিষ্ট হাই কোর্টের পক্ষে অনাবশ্যক ও কখন২ তাঁহার অসুবিধাজনক হয় বলিয়া সেই কএক ধারামতের কার্য্য করণহইতে হাই কোর্টকে মুক্ত করিয়াছি।

এখন ক্ষুদ্রতর যে নানা কথা যোগ করা কি সংশোধন করা আমাদের আবশ্যক বোধ হইয়াছে তাহা উল্লেখ করি।

ব্যক্তি ও ধারা ও অধ্যায় ও আইন ও নিষ্পত্তি ও ডিক্রী ও স্থাবর সম্পত্তি ও অস্থাবর সম্পত্তি ও খৎ ও লিপি ও নিম্নতর আদালত এই কএক শব্দের যে অর্থ তাহা আমরা নিরূপণ করিয়াছি।

যে পাণ্ডুলিপি মন্ত্রিসভাতে আনীত হইয়াছিল আমরা তাহার তৃতীয় ধারার সদৃশ এক ধারা দিয়াছি, তাহার মর্ম্ম এই যে যত ধারার শেষে "রা আ" এই২ অক্ষর সংযুক্ত হইয়াছে তাহা রাজস্ব সম্পর্কীয় আদালতে বর্ত্তিবে।

মোকদ্দমা উপস্থিত করা যাহার প্রতি আইনদ্বারা স্পষ্টাক্ষরে নিষিদ্ধ হয় নাই, এমত প্রত্যেক ব্যক্তি মোকদ্দমা উপস্থিত করিতে স্বত্ববান্ হইবে, এই মর্ম্মের বিধান আমরা করিয়াছি। আদালতের সম্মতি পাইলে অছিরা ও [illegible] ও স্পষ্ট আমানতের ট্রষ্টিরা ও শিশু কি জড়মতি লোকদের আত্মীয় স্বজনেরা যাহাদের পক্ষে মোকদ্দমা উপস্থিত করেন, তাহাদিগকে আপনা২ সঙ্গী না করিয়া মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন। অপ্রাপ্তব্যবহার ব্যক্তিরা অভিভাবক কি আত্মীয় স্বজনদ্বারা মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন। আদালত সেই অভিভাবককে কি স্বজনকে গ্রাহ্য ও পুনরায় অগ্রাহ্য ও মোকদ্দমাঘটিত খরচের দায়ী করিতে পারিবেন। প্রতিবাদী অপ্রাপ্তব্যবহার হইলে অভিভাবকের দ্বারা উপস্থিত হইতে পারিবে, এই মর্ম্মের বিধানও করিয়াছি।

ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ও ১৮৬৫ সালের ভারতবর্ষের উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের রীতিমতে আমরাও ইহার ১০ ধারাতে কএক বিষয়ের ব্যাখ্যা করিয়া যোগ করিয়াছি, অর্থাৎ যে স্থান বিবাদের হেতুর উৎপত্তিস্থান বলিয়া জ্ঞান হইতে পারে, ও বিচারাধিপত্য দিবার জন্যে যে প্রকারের বাসস্থান আবশ্যক, ও যে স্থান চার্টরপ্রাপ্ত কি অন্য প্রকারের সমাজের কার্য্য করিবার স্থান জ্ঞান হইতে পারে, ও যে প্রকারের ব্যবসায়ের বৃত্তান্ত ধারাতে উল্লিখিত হইয়াছে, এই কএক বিষয়ের ব্যাখ্যা করিয়াছি। ৬১ ধারাতে আমরা ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত বসতি কিসে হয়, তাহার ব্যাখ্যা করিয়াছি। এবং চুক্তির বিশেষ সাধন প্রবল করণোপলক্ষে প্রতিকারের পর্য্যাপ্ততা ও প্রয়োজনীয় নিশ্চিততার ব্যাখ্যা করিয়াছি।

We have introduced Sections declaratory of the tribunal in which suits not for immoveable property shall be brought against the Secretary of State, the Government of India, and the local Governments.

We have provided for the subscription and verification of the plaint in suits by Government or the Secretary of State.

We have extended Section 24 (as to declaratory suits) so as to enable the Court to make declarations of future rights, and to empower a trustee to obtain a declaration of the respective rights of the persons interested in a trust-estate. We have provided that no Court shall make any declaratory decree or order unless it could, if required, act upon it by giving consequential relief.

The extension of Railway communication has induced us to add to Section 73 a second exception to the rule, that no party resident more than fifty miles from the Court shall be ordered to appear in person. We have provided that if Railway communication exist between the place where the party reside and the place where the Court is held, or within a convenient distance from such places, the Court shall have a discretion as to making such order. A similar addition has been made to Section 280.

On the issue of a Summons for final disposal the parties will be required to produce their witnesses on the day fixed for hearing the suit; and we have provided a procedure where the Court cannot give judgment at the first hearing.

When the defendants are partners, and the suit relates to a partnership transaction, service on one defendant for himself and the others will be sufficient.

When the defendant fails to comply with an order under Section 113 to give security for his appearance, we have provided by express words that the Court may commit him to Jail.

We have added a clause to Section 120, providing that the Court, if satisfied of the plaintiff's inability to furnish the specification and valuation required by that Section, may dispense therewith.

We have provided that an award of compensation for arrest or attachment on insufficient grounds, or for the needless issue of an injunction shall be executed like a decree for money.

শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নামে ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের নামে ও স্থানীয় গবর্ণমেণ্টের নামে স্থাবর সম্পত্তি ভিন্ন অন্য বিষয়ের মোকদ্দমা উপস্থিত করিতে হইলে যেং আদালতে তাহা উপস্থিত করিতে হইবে তৎপ্রচারক কএক ধারা আমরা দিয়াছি।

গবর্ণমেণ্ট কি শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব যে মোকদ্দমা উপস্থিত করেন, তৎসম্পর্কীয় নালিশপত্রে স্বাক্ষর করিবার ও তাহা দৃঢ় করিবার বিধান করিয়াছি।

আমরা স্বত্ব নির্ণয়ার্থ মোকদ্দমা বিষয়ক (অর্থাৎ ২৪) ধারার বলবত্তা বাড়াইয়া ভাবিকালের স্বত্ব নির্ণয় করিবার ক্ষমতা আদালতকে দিয়াছি, ও সম্পদ আমানতের বিষয় হইলে তৎসম্পর্কবিশিষ্ট বিশেষং ব্যক্তির বিশেষং স্বত্বের নির্ণয় পাইবার ক্ষমতা ট্রষ্টিকে দিয়াছি। এবং যে নির্ণয়ার্থ ডিক্রী কি আজ্ঞামতে আবশ্যক হইলে কর্ম্ম করিয়া ফলদায়ক প্রতিকার করা আদালতের সাধ্য নাই, এমত স্বত্ব নির্ণয়ার্থ ডিক্রী কি আজ্ঞা কোন আদালত করিবেন না, এই বিধানও করিয়াছি।

রেইলওয়েতে যাতায়াতের উপায় বৃদ্ধি পাইতেছে ইহা বুঝিয়া, ৭৩ ধারাতে আদালতহইতে পঞ্চাশ মাইলের অধিক দূরে বাসকারি কোন ব্যক্তিকে স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা দেওয়া অনুচিত. এই যে বিধি আছে তাহার আর এক বর্জ্জিত স্থল করিয়াছি। ফলতঃ সেই ব্যক্তির বাসস্থান ও আদালতের অধিবেশন স্থানের মধ্যে কিম্বা সেই স্থানের সুবিধাজনক নৈকট্যে রেলওয়ে দিয়া যাতায়াত করিবার উপায় যদি থাকে, তবে আদালত স্বীয় বিবেচনামতে তদ্রূপ আজ্ঞা করিতে পারিবেন, এই মর্ম্মের বিধান করিয়াছি। এবং সেই মর্ম্মের কথা ২৮০ ধারাতেও যোগ করা গিয়াছে।

চূড়ান্ত নিষ্পত্তির জন্যে সমন জারী হইলে প[illegible] ব্যক্তিদের প্রতি এই আদেশ হইবে যে মোকদ্দমা শ্রবণের নিরূপিত দিনে তাঁহাদের আপনং সাক্ষিদিগকে উপস্থিত করিতে হইবে। এবং আদালত প্রথম শুনিবার সময়ে নিষ্পত্তি প্রচার করিতে না পারিলে যে কার্য্যপ্রণালী অবলম্বন করিতে হইবে, তাহার বিধান আমরা করিয়াছি।

যে মোকদ্দমার প্রতিবাদিরা পরস্পর সহাংশী, তাহা যদি সহাংশিত্ব সম্পর্কীয় ব্যাপার বিষয়ক মোকদ্দমা হয়, তবে এক জন প্রতিবাদিকে তাঁহার ও অন্যদের জন্যে সমন দিলে তাহা যথেষ্ট হইবে।

১১৩ ধারামতে উপস্থিত হইবার প্রতিভূ দেওনের আজ্ঞা হইলে যদি প্রতিবাদী তন্মত কর্ম্ম না করে, তবে আদালত তাহাকে জেলে সমর্পণ করিতে পারিবেন, এই মর্ম্মের বিধান আমরা স্পষ্টাক্ষরে করিয়াছি।

আমরা ১২০ ধারাতে নূতন এক প্রকরণ যোগ করিয়া এই বিধান করিয়াছি যে, ঐ ধারাতে নির্ণীত বিশেষ বৃত্তান্ত ও মূল্যের নিরূপণ করা বাদির অসাধ্য, ইহা যদি আদালত হৃদ্বোধমতে জানিতে পান, তবে সে বৃত্তান্ত ও মূল্য নিরূপণ অনাবশ্যক এমত আজ্ঞা করিতে পারিবেন।

পর্য্যাপ্ত কারণে আসেধ কি ক্রোক করাইলে [illegible] অনাবশ্যকমতে নিষেধাজ্ঞা জারী করাইলে তজ্জন্য ক্ষতিপূরণার্থ যে বিচারাজ্ঞা হয়, তাহা টাকার ডিক্রীর ন্যায় প্রবল করা যাইবে, এমত বিধান আমরা করিয়াছি।

A notice to produce documents when served on a party to a suit will, if the Court shall so order, have the force of a Summons.

We have altered Section 163, so as to enable the Court, when the defendant fails to appear, to dispense with strict proof of the service of the Summons; and we have provided that, if the Summons shall have been issued for the final disposal of the suit, the Court, if satisfied of the justice of the plaintiff's claim, may proceed to pass a decree in his favour *ex parte*. The written declaration (mentioned in Section 173) in support of the cause shewn for failure to appear will now be on stamp paper where a stamp is required for petitions.

As a preliminary to setting aside a decree *ex parte* in a suit involving a claim to money, we have considered it quite right to require the amount with costs to be paid into Court.

We have provided that, in the case of any party failing to present a written statement called for under Section 183, the Court may pass a decree against him, or make such order in relation to the suit as it may deem proper.

In order to bring the Code into harmony with the Stamp Act (X of 1862, Section 15) we have made the penalty payable on the reception of unstamped or insufficiently stamped documents treble, instead of double, the amount of the stamp duty or additional stamp duty which it should have borne.

We have added a proviso to Section 217 that when the hearing of evidence shall have once begun, the hearing of the suit shall not be adjourned at the application of any of the parties except from day to day, when all the witnesses cannot be examined on the same day. Great encouragement has been given to perjury and subornation of perjury, and other serious irregularities have arisen in consequence of the facility hitherto enjoyed of obtaining adjournments, especially in the hearing of evidence.

We have provided a procedure where cases, in which a District Court shall have given an opinion under Section 245 on the law of the religion or of the established customs of the parties, shall come on appeal before such Court.

We have made provision in Section 266 for the Judge's temporary inability to take down evidence as required in that Section.

We have empowered the Court to appoint any Government Officer, with the consent of his

নিদর্শনপত্র উপস্থিত করিবার সংবাদ মোকদ্দমার পক্ষ ব্যক্তির প্রতি সমর্পিত হইলে, আদালতের আজ্ঞাক্রমে তাহা সমনের ন্যায় বলবিশিষ্ট হইবে।

আমরা ১৬৩ ধারা অন্যথা করিয়া আদালতকে এই ক্ষমতা দিয়াছি যে, যদি প্রতিবাদী অনুপস্থিত থাকেন, তবে সমন সমর্পিত হইবার দৃঢ় প্রমাণ পাওয়া তাঁহার আবশ্যক নাই। এবং এই বিধানও করিয়াছি যে চূড়ান্ত নিষ্পত্তিজন্য সমন জারী হইলে পর যদি আদালত স্ববোধমতে জানেন যে বাদির দাওয়া যথার্থ বটে, তবে তাঁহার পক্ষে একতরফা ডিক্রী জারী করিতে পারিবেন। উপস্থিত না হইবার কারণ প্রতিপন্ন করণার্থে ১৭৩ ধারামতে যে লিখিত প্রতিজ্ঞা করিতে হয়, তাহা অদ্যাবধি ইষ্টাম্প কাগজে করিতে হইবে, অর্থাৎ যেখানে প্রার্থনাপত্রে ইষ্টাম্প লাগে সেই খানে ঐ প্রতিজ্ঞাপত্রে ইষ্টাম্প লাগিবে।

টাকা পাইবার দাওয়া সম্বলিত মোকদ্দমাক্রমে একতরফা ডিক্রী হইলে তাহা অসিদ্ধ করিবার প্রথমস্থলীয় উপায়রূপে আমরা এই আদেশ করা বিহিত বুঝিলাম যে প্রথমে সেই টাকা খরচের সহিত আদালতে দাখিল করিতে হইবে।

আমরা এই বিধানও করিয়াছি যে যদি কোন পক্ষ ব্যক্তি ১৮৩ ধারার আদেশমতে বর্ণনাপত্র দাখিল করিতে ত্রুটি করেন, তবে আদালত তাঁহার বিপক্ষ ডিক্রী জারী করিতে পারিবেন, কিম্বা সেই মোকদ্দমার বিষয়ে যেরূপ আজ্ঞা উপযুক্ত জ্ঞান করেন তদ্রূপ আজ্ঞা করিতে পারিবেন।

ইষ্টাম্প মাসুলের আইনের (অর্থাৎ ১৮৬২ সালের ১০ আইনের) ১৫ ধারার সহিত এই আইনের ঐক্য যেন হয়, তন্নিমিত্তে আমরা এই বিধান করিয়াছি যে ইষ্টাম্প বিহীন কি অপর্য্যাপ্ত মূল্যের ইষ্টাম্পযুক্ত কাগজপত্র পাওয়া গেলে যে অর্থদণ্ড করিতে হইবে, তাহা দাতব্য ইষ্টাম্পের কি অতিরিক্ত ইষ্টাম্পের দ্বিগুণ না হইয়া ত্রিগুণ হইবে।

আমরা ২১৭ ধারাতে এই মর্ম্মের উপনিয়ম যোগ করিয়াছি যে, প্রমাণ শুনিতে আরম্ভ হইলে পর যদি এক দিনে সমুদয় সাক্ষিদিগকে জিজ্ঞাসাবাদ করা অসাধ্য হয়, তবে এক পক্ষের প্রার্থনাক্রমে মোকদ্দমা শুনিবার অধিক বিলম্ব করা যাইতে পারিবে না, কেবল এক দিন অবধি তৎপরদিন পর্য্যন্ত বিলম্ব করা যাইতে পারিবে। অদ্যাপি বিলম্বের অনুমতি বিশেষতঃ প্রমাণ শ্রবণে বিলম্বের অনুমতি পাওয়া সহজ ছিল, তাহাতে মিথ্যা শপথ করিবার ও করাইবার বিলক্ষণ আশ্বাস হইয়াছে।

যে মোকদ্দমাক্রমে জিলার আদালত ২৪৫ ধারামতে পক্ষ ব্যক্তিদের ধর্ম্ম বিষয়ক কি চলিত দেশাচার বিষয়ক ব্যবস্থা বিষয়ে আপন মত দিয়াছেন, এমত মোকদ্দমা আপীলক্রমে সেই আদালতের সম্মুখে উপস্থিত হইলে যে প্রণালীমতে কার্য্য করিতে হয়, তাহার বিধান করিয়াছি।

২৬৬ ধারার আদেশমতে সাক্ষিদের প্রমাণ লেখা জজের কিয়ৎকাল পর্য্যন্ত অসাধ্য হইলে তদ্বিষয়ক বিধান করিয়াছি।

আমরা আদালতকে এই ক্ষমতা দিয়াছি যে স্থানীয় অনুসন্ধান করিবার আশয়ে, যে কোন রাজকীয় কার্য্য-

immediate superior, to be a Commissioner to make a local investigation.

We have provided a procedure *ex parte* when the parties do not appear before the Commissioner.

As to cost, we have provided that, at the time of disposing of any application, the Court may award to either party the costs of such application, or reserve the consideration of such costs for any future stage of the proceedings. We have further empowered the Court to set-off costs payable to one party by another against a sum which the former shall admit to be due from him to the latter. We have also provided that the Court may give interest on costs at six per cent., and direct that costs, with or without interest, be made a charge on the subject-matter of the suit. In case of the plaintiff's bankruptcy or insolvency, we have provided that the Court may award the defendant's cost to be recovered out of the plaintiff's estate; and, where the plaintiff withdraws from the suit without permission, he will be liable for such costs as the Court shall award. We have given the Courts power in rejecting a written statement and on re-admitting an appeal dismissed for default, to impose terms as to cost or otherwise.

We have by express words empowered the Courts to appoint the Assessors mentioned in Sections 298 and 299, and we have thought it inexpedient to require that the opinions of the Assessors shall always be given orally.

We have empowered the Court, with the consent of the parties, to put any of them or any other person on his oath or affirmation, and to decide the suit on the statement made under that sanction.

We have provided that, if the judgment in suits in which a regular appeal is not allowed be written in English, it shall not be necessary to translate it, unless any of the parties require a translation. In like manner the judgment of the Appellate Court need not be translated unless any party shall so require.

The judgment of a Court of Small Causes will not be required to give the reasons for the decision.

We have provided for the execution and, if necessary, the alteration of the conveyance or endorsement tendered under Section 327. We have also provided for the case of the Judge agreeing to a conveyance going beyond the terms

কারক হউন, আদালত তাঁহার অব্যবহিত উচ্চতর কার্য্যকারকের সম্মতি লইয়া তাঁহাকে কমিস্যনরের পদে নিযুক্ত করিতে পারিবেন।

পক্ষ ব্যক্তিরা যদি কমিস্যনরের সম্মুখে উপস্থিত না হন, তবে একতরফা বিচার চলিবে, এমত প্রণালী করিয়াছি।

খরচার বিষয়ে আমরা এই বিধান করিয়াছি যে কোন প্রার্থনা বিষয়ক আজ্ঞা করণ কালে আদালত অন্যতর পক্ষকে সেই টাকা পরিশোধ করিবার আজ্ঞা দিতে পারিবেন, অথবা বিচারকার্য্যের পশ্চাতের কোন সময় পর্য্যন্ত তদ্রূপ খরচের বিবেচনা স্থগিত রাখিতে পারিবেন। আরো আদালতকে এই ক্ষমতা দিয়াছি যে, যদি এক পক্ষ অন্য পক্ষকে খরচা দিতে বাধিত হয়, তবে আমার স্থানে ঐ প্রথম পক্ষের কিছু পাওনা আছে, দ্বিতীয় পক্ষ ইহা স্বীকার করিলে সেই পাওনা টাকাহইতে দেনা খরচা বাদ দেওয়া যাইতে পারিবে। আমরা এই বিধানও করিয়াছি যে আদালত খরচের উপরে শতকরা ছয় টাকা সুদ দিবার আজ্ঞা করিতে পারিবেন, এবং সুদ সমেত কি সুদ বিনা খরচা দিবার ভার মোকদ্দমার বিষয়ের প্রতি খাটিবে, এমত আদেশও করিতে পারিবেন। বাদী দেউলিয়া কি যোত্রহীন হইলে আমরা এই বিধান করিয়াছি যে প্রতিবাদির খরচ বাদির সম্পদহইতে আদায় হইতে পারিবে, এবং বাদী যদি অনুমতি না লইয়া মোকদ্দমা ত্যাগ করেন, তবে আদালত যত খরচের আজ্ঞা দিবেন, তত খরচ তাঁহাকে স্বীকার করিতে হইবে। এবং আদালতকে এই ক্ষমতাও দিযাছি যে বর্ণনাপত্র অগ্রাহ্য করণ কালে, কিম্বা অনুপস্থান প্রযুক্ত যে আপীল ডিসমিস হইয়াছে তাহা পুনর্গ্রাহ্য করণ কালে আদালত খরচা দিবার কি না দিবার নিয়ম করিতে পারিবেন।

২৯৮ ও ২৯৯ ধারাতে উল্লিখিত আসেসরদিগকে নিযুক্ত করিবার ক্ষমতা স্পষ্টাক্ষরে আদালতকে দিয়াছি, এবং আসেসরদিগের মত সর্ব্বদা কেবল বাক্যক্রমে প্রকাশিত হইবে, এমত আদেশ করা অবিহিত জ্ঞান করিয়াছি।

আমরা আদালতকে এই ক্ষমতা দিয়াছি যে, পক্ষ ব্যক্তিরা সম্মত হইলে, আদালত তাঁহাদের কোন এক জনকে কি অন্য কোন ব্যক্তিকে শপথ কি ধর্ম্মভাবের প্রতিজ্ঞা করাইয়া এমত প্রামাণ্য সংযুক্ত সাক্ষ্যানুসারে মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারিবেন।

যে সকল মোকদ্দমাতে নিয়মিত আপীল হইতে পারে না, এমত মোকদ্দমার নিষ্পত্তি ইংরাজী ভাষাতে লিখিত হইলে, যদি কোন পক্ষ ব্যক্তি তাহার অনুবাদের প্রার্থনা না করেন, তবে তাহার অনুবাদ করা অনাবশ্যক এমত বিধানও আমরা করিয়াছি। এবং আপীল আদালতের নিষ্পত্তির অনুবাদ যদি কোন পক্ষ ব্যক্তি না চাহেন, তবে তাহাও করিবার প্রয়োজন হইবে না।

ক্ষুদ্র মোকদ্দমার আদালতের কোন নির্দ্ধারণের যে হেতু ছিল, তাহা নিষ্পত্তিতে লিখিবার প্রয়োজন হইবে না।

৩২৭ ধারামতে যে হস্তান্তরীকরণের পত্র কি পৃষ্ঠলিপি সমর্পণ করিতে হয়, তাহা প্রস্তুত করিয়া তাহাতে স্বাক্ষর করণ অথবা আবশ্যক হইলে তাহা অন্যথা করণবিষয়ক বিধান আমরা করিয়াছি। এবং বিচারকর্ত্তা যে স্থলে ডিক্রীর নিয়মাতিক্রামক হস্তান্তরীকরণের পত্রে

of the decree, or refusing to agree to a conveyance in conformity with those terms.

A warrant for arrest of the defendant will direct the serving officer to bring him before the Court.

In Sections 369 and 400 we have authorized the immediate sale of perishable commodities.

Where there is a mortgage or lien on the attached property, we have provided that the attachment shall continue subject to the claim of the mortgagee or person entitled to the lien.

If the decree-holder purchase at an execution sale, we have provided that the amount of his decree may be taken in payment, in whole or in part, as the case may be.

৯ ধারা। যে ব্যক্তিদের মোকদ্দমা করা বিশেষ কোন আইনদ্বারা নিষিদ্ধ তাহারা ভিন্ন অন্য সকল ব্যক্তিরা মোকদ্দমা করিবার অধিকারী হইবে। অছি কি ধনাধ্যক্ষ কি স্পষ্ট আমানতের ট্রষ্টী কি অপ্রাপ্তব্যবহারের অভিভাবক কি নিকটবর্ত্তি বন্ধু কিম্বা ক্ষিপ্ত কি জড়মতি ব্যক্তির নিকট বন্ধু যদি আদালতের সম্মতি পান, তবে যাহার উপকারার্থে মোকদ্দমা উপস্থিত হয় সেই ব্যক্তিকে আপনার সঙ্গী না করিয়াও মোকদ্দমা করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[আদালতের বিচারাধিপত্যের কথা।]

১০ ধারা। টাকা কি অন্য বিষয়সম্বন্ধীয় সীমা হউক, কোন আইনে নির্দ্দিষ্ট সীমার মধ্যে এক২ শ্রেণীর আদালত তাদৃশ আদালতের বিচার্য্য তাবৎ মোকদ্দমা গ্রাহ্য করিয়া তাহার বিচার ও নিষ্পত্তি করিবেন। তথাপি ইহাতে আবশ্যক যে স্থাবর সম্পত্তি বিষয়ক মোকদ্দমা হইলে উক্ত সম্পত্তি সেই আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যবর্ত্তী হয়, কিম্বা অন্য কোন প্রকারের মোকদ্দমা হইলে উক্ত স্থানীয় সীমার মধ্যে বিবাদের হেতু উৎপন্ন হইয়া থাকে, কি মোকদ্দমার আরম্ভকালে প্রতিবাদী উক্ত স্থানীয় সীমার মধ্যে বাস করেন কি ব্যবসায় করেন কি লাভার্থে স্বয়ং পরিশ্রম করেন।

ব্যাখ্যা।—(ক) যে স্থানে কোন চুক্তি করা গিয়াছিল কি তাহা সাধন করিবার কথা হইয়াছিল কি তৎসম্পর্কীয় কোন গুরুতর কার্য্য করিবার কথা হইয়াছিল, সেই স্থান বিবাদের হেতুর উৎপত্তিস্থান বলিয়া গণ্য হইতে পারিবে।

(খ) যদি কোন ব্যক্তির এক স্থানে চির বাসস্থান ও অন্য স্থানে অচিরস্থায়ি অভিপ্রায়ঘটিত বাসা থাকে, তবে তাহার সেই অচিরস্থায়ি বাসার স্থানে উৎপন্ন কোন বিবাদের হেতুর সম্পর্কে তিনি ঐ উভয় স্থানবাসী বলিয়া গণ্য হইবেন।

(গ) চার্টর প্রাপ্ত কি একারবদ্ধের কোন সমাজ আপনার একমাত্র কি প্রধান কার্য্যালয়ে ব্যবসায়কারী, কিম্বা তাহার [illegible] কোন কার্য্যালয় থাকিলে তথায়

dinate Office in respect of any cause of action arising at such place.

(*d*) The business contemplated in this Section must be carried on at some fixed place for at least a certain time. (S. C. C.)

[Suits against Government.]

XI. Suits against the Local Government, or the Government of India, not being suits for immovable property, shall be brought in the Court having jurisdiction at the place which is the seat of such Government and competent in respect of the amount or value of the subject of the suit to try the same. (S. C. C.)

[Suits against Secretary of State.]

XII. Suits against the Secretary of State, not being suits for immovable property, shall be brought in the Court having jurisdiction at the place which is the seat of the Local Government for the Territories in which the cause of action arose, and competent in respect of the amount or value of the subject of the suit to try the same. (S. C. C.)

[Court in which suit to be instituted.]

XIII. Every suit shall be instituted in the Court of the lowest grade competent to try it where no option as to the selection of the Court is allowed by this Code or any other law. (S. C. C. & R. C.)

[Transfer of suits.]

XIV. The District Court may withdraw any suit instituted in any Court subordinate to such District Court and try the suit itself, or transfer it for trial to any other such subordinate Court competent in respect of the amount or value of the subject of the suit to try the same.

[High Court may transfer suits and appeals.]

XV. The High Court may order that the cognizance of any suit or appeal instituted in any subordinate Court other than a Court of Small Causes, shall be transferred to any other subordinate Court, not being a Court of Small Causes, competent in respect of the amount of value of the subject of the suit or appeal to try the same.

[Suit to include the whole claim. Relinquishment of part of claim.]

XVI. Every suit shall include the whole of the claim arising out of the cause of action; but a plaintiff may relinquish any portion of his claim in order to bring the suit within the jurisdiction of any Court. If a plaintiff relinquish or omit

উৎপন্ন বিবাদের হেতুর সম্পর্কে সেই স্থানেও ব্যবসায়কারী বলিয়া গণ্য হইবেন।

(ঘ) এই ধারাতে যে ব্যবসায়ের কথা হইতেছে তাহা অন্তত: নিশ্চিত কোন কালপর্য্যন্ত অবধারিত কোন স্থানে যে চালিত হয় ইহা আবশ্যক ইতি। (ক্ষু মো আ)

[গবর্ণমেন্টের বিপক্ষ মোকদ্দমার কথা।]

১১ ধারা। স্থানীয় গবর্ণমেন্টের বিপক্ষে কি ভারতবর্ষের গবর্ণমেন্টের বিপক্ষে স্থাবর সম্পত্তি ভিন্ন অন্য বিষয়ের মোকদ্দমা উপস্থিত করিতে গেলে উক্ত গবর্ণমেন্টের অধিবেশনস্থানে বিচারাধিপত্য বিশিষ্ট যে আদালত মোকদ্দমার বিষয়ের মোট কি মূল্য বুঝিয়া তাহা বিচার করিতে ক্ষমতাপন্ন আছেন সেই আদালতে তাহা উপস্থিত করিতে হইবে ইতি। (ক্ষু মো আ)

[শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের বিপক্ষ মোকদ্দমার কথা।]

১২ ধারা। শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের বিপক্ষে স্থাবর সম্পত্তি ভিন্ন অন্য বিষয়ের মোকদ্দমা করিতে গেলে, যে প্রদেশে বিবাদের হেতু উৎপন্ন হইয়াছিল তথাকার স্থানীয় গবর্ণমেন্টের অধিবেশনস্থানে বিচারাধিপত্য বিশিষ্ট যে আদালত মোকদ্দমার বিষয়ের মোট কি মূল্য বুঝিয়া তাহার বিচার করিতে ক্ষমতাপন্ন সেই আদালতে তাহা উপস্থিত করিতে হইবে ইতি। (ক্ষু মো আ)

[যে আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে তাহার কথা।]

১৩ ধারা। যদি আদালতকে মনোনীত করিবার অনুমতি এই আইনে কি অন্য কোন আইনে না দেওয়া যায়, তবে নিম্নতর শ্রেণীর আদালত যে মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন হন, তাহা উচ্চতর শ্রেণীর আদালতে উপস্থিত না করিয়া সেই আদালতে উপস্থিত করিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[মোকদ্দমা স্থানান্তর করিবার কথা।]

১৪ ধারা। জিলার আদালতের অধীন কোন আদালতে মোকদ্দমা উপস্থিত করা গেলে জিলার আদালত সেই মোকদ্দমা উঠাইয়া লইয়া আপনি তাহার বিচার করিতে পারিবেন, কিম্বা অধীন অন্য যে কোন আদালত মোকদ্দমার বিষয়ের মোট কি মূল্য বুঝিয়া তদ্বিচার করিতে ক্ষমতাপন্ন হন, সেই আদালতে বিচারার্থে তাহা অর্পণ করিতে পারিবেন ইতি।

[মোকদ্দমা কি আপীল স্থানান্তর করিতে হাইকোর্টের ক্ষমতার কথা।]

১৫ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালত ভিন্ন অন্য যে আদালত হাইকোর্টের অধীন আছে তাহার মধ্যে কোন মোকদ্দমা কি আপীল উপস্থিত করা গেলে, হাইকোর্ট তাহা উঠাইয়া ক্ষুদ্র মোকদ্দমার আদালত ভিন্ন অন্য যে অধীন আদালত মোকদ্দমার কি আপীলের বিষয়ের মোট কি মূল্য বুঝিয়া তাহার বিচার করিতে ক্ষমতাপন্ন, এমত আদালতে তাহার বিচার সমর্পণের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[মোকদ্দমায় সম্পূর্ণ দাওয়া ধরিবার কথা, ও দাওয়ার কোন অংশ ত্যাগ করিবার কথা।]

১৬ ধারা। বিবাদের হেতুতে যত দাওয়া হয় প্রত্যেক মোকদ্দমায় সেই সম্পূর্ণ দাওয়া ধরিতে হইবে, কিন্তু বাদী কোন বিশেষ আদালতের বিচারাধিপত্যের মধ্যে মোকদ্দমা আনাইবার জন্যে আপন দাওয়ার কোন অংশ ত্যাগ করিতে পারিবেন। বাদী আপন দাওয়ার

to sue for any portion of his claim, a suit for the portion so relinquished or omitted shall not afterwards be entertained. (S. C. C. & R. C.)

[Joinder of several claims in the same suit.]

XVII. Two or more claims founded on distinct causes of action by and against the same parties, and cognizable by the same Court, may be joined in the same suit, provided that in respect of the amount or value of the subject-matter in suit the entire claim does not exceed the jurisdiction of the Court, and where a stamp is required is covered by the stamp on which the plaint is written. (S. C. C. & R. C.)

[Court may in certain cases order separate trials of such claims.]

XVIII. If two or more claims founded on distinct causes of action be joined in one suit, and the Court shall be of opinion that they cannot conveniently be tried together, the Court may, at any stage of the suit, order such claims, or any of them, to be tried separately on the record as made up. (S. C. C. & R. C.)

[Claims for immovable property and for mesne profits may be deemed to be founded on distinct causes of action.]

XIX. A claim for immovable property and a claim for the mesne profits of such property may be deemed to be founded on distinct causes of action within the meaning of the last two preceding Sections.

[Suits for immovable property situate in single District, but within jurisdictions of different Courts.]

XX. If the suit be for immovable property situate within the limits of a single District, but within the jurisdiction of different Courts, the suit may be brought in the Court within whose jurisdiction any portion of the property is situate provided that, in respect of the value of the property in suit, the entire claim be cognizable by such Courts. In such case the Court in which the suit is brought shall apply to the District Court for authority to proceed with the same, and the District Court, after hearing the objections, if any, of the defendant, may grant such authority.

[Suits for immovable property situate in different Districts.]

XXI. If the immovable property be situate within the limits of different Districts, the suit may be brought in any Court, otherwise competent to try it, within whose jurisdiction any portion of the property is situate. In such case the

কোন অংশ ত্যাগ করিলে কি নালিশহইতে বর্জ্জন করিলে সেই ত্যক্ত কি বর্জ্জিত অংশের জন্যে কোন মোকদ্দমা আর গ্রাহ্য হইবে না ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[একই মোকদ্দমাতে কএক দাওয়া সংযোগ করিবার কথা।]

১৭ ধারা। একই বিপক্ষের নামে একই পক্ষের ভিন্ন২ বিবাদের হেতুমূলক দুই কি অধিক দাওয়া থাকিলে ও একই আদালতের বিচার্য্য হইলে সেই সকল দাওয়া একই মোকদ্দমায় সংযোগ করা যাইতে পারিবে, কিন্তু ইহাতে প্রয়োজন যে মোকদ্দমার বিষয়ের মোট কি মূল্যঘটিত সম্পূর্ণ দাওয়া সেই আদালতের বিচারাধিপত্য অতিক্রম না করে, এবং ইষ্টাম্পের প্রয়োজন হইলে নালিশপত্রে যে ইষ্টাম্প দেওয়া যায় তাহা সেই দাওয়ার মত উপযুক্ত মূল্যের ইষ্টাম্প হয় ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[বিশেষ২ স্থলে উক্ত প্রকার দাওয়ার স্বতন্ত্র২ বিচার হওনের আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।]

১৮ ধারা। ভিন্ন২ বিবাদের হেতুমূলক দুই কি অধিক দাওয়া এক মোকদ্দমায় সংযুক্ত হইলে যদি আদালতের বোধ হয় যে সকলের বিচার একসঙ্গে অক্লেশে হইতে পারে না, তবে মোকদ্দমার যে কোন সময়ে হউক, আদালত রচিত রিকার্ড অনুসারে সেই সকল দাওয়ার কি তাহার মধ্যে বিশেষ২ দাওয়ার স্বতন্ত্র২ বিচার করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[স্থাবর সম্পত্তির দাওয়া ও ওয়াসীলাতের দাওয়া ভিন্ন২ বিবাদের হেতুমূলক জ্ঞান হইবার কথা।]

১৯ ধারা। স্থাবর সম্পত্তির দাওয়া ও সেই সম্পত্তির ওয়াসীলাতের দাওয়া ইহার অব্যবহিত পূর্ব্বের দুই ধারার অর্থমতে ভিন্ন২ বিবাদের হেতুমূলক জ্ঞান হইবে ইতি।

[একই জিলার কিন্তু অনেক আদালতের বিচারাধিপত্যের অন্তর্গত যে স্থাবর সম্পত্তি থাকে তদ্বিষয়ক মোকদ্দমার কথা।]

২০ ধারা। স্থাবর সম্পত্তি বিষয়ক মোকদ্দমা হইলে যদি সেই সম্পত্তি একই জিলার সীমার, কিন্তু ভিন্ন২ আদালতের বিচারাধিপত্যের অন্তর্গত হয়, তবে যে কোন আদালতের বিচারাধিপত্যের সীমার মধ্যে সেই সম্পত্তির কোন অংশ থাকে, সেই আদালতে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে। কিন্তু ইহার নিমিত্তে আবশ্যক যে মোকদ্দমার বিষয় সম্পত্তির মূল্যসম্পর্কীয় সম্পূর্ণ দাওয়া সেই আদালতের বিচার্য্য হয়। আর তাহা করিতে গেলে যে আদালতে মোকদ্দমা উপস্থিত করা যায় সেই আদালত তদ্বিচার করণার্থে জিলার আদালতের অনুমতি প্রার্থনা করিবেন, এবং প্রতিবাদী তাহাতে আপত্তি করিলে জিলার আদালত তাহা শুনিয়া ঐ অনুমতি দিতে পারিবেন ইতি।

[ভিন্ন২ জিলার অন্তর্গত স্থাবর সম্পত্তি বিষয়ক মোকদ্দমার কথা।]

২১ ধারা। ঐ স্থাবর সম্পত্তি যদি ভিন্ন২ জিলার সীমার মধ্যে থাকে, তবে যে আদালতের বিচারাধিপত্যের সীমার মধ্যে সেই সম্পত্তির কোন অংশ থাকে, এমত যে কোন আদালত প্রকারান্তরে সেই মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন হন, সেই আদালতে মোক-

Court in which the suit is brought shall apply to the High Court for authority to proceed with the same. If the suit is brought in any Court subordinate to a District Court, the application shall be submitted through the District Court to which such Court is subordinate. The High Court after hearing the objectios, if any, of the defendant, may grant such authority.

[Suits for immovable property situate in Districts subject to different High Courts.]

XXII. If the Districts within the limits of which the immovable property is situate, are subject to different High Courts, the application shall be submitted to the High Court to which the District in which the suit is brought is subordinate; and such High Court may, after hearing the objections, if any, of the defendant give authority to proceed with the suit.

[Suit for immovable property situate on border of local jurisdiction of the Court and alleged by defendant to be within another local jurisdiction.]

XXIII. If in a suit for immovable property situate on the border of the local limits of the jurisdiction of the Court, the defendant object to the hearing of the suit on the ground that the property is not situate within such limits, the Court shall have power to determine the point; and if the Court shall find that the property is situate within such limits, it shall proceed to try the suit.

[Suit for specific performance of one act in case of contract to perform separate or successive acts.]

XXIV. If a contract shall have been entered into which involves for its performance separate or successive acts, a suit may be brought to enforce the performance of any one or more of such acts, without waiting for the time when the whole of the acts required to be performed under the contract ought to have been performed; and the Court may order the defendant specifically to perform any one or more of such acts without ordering him specifically to perform the entire contract, imposing such terms, if any, upon the plaintiff as shall seem to the Court to be just. (S. C. C.)

[Specific performance of contract requiring for complete performance more than five years—when made after Act. Of similar contract when made before Act.]

XXV. The Court shall not decree the specific performance of any contract, the complete performance of which is necessarily extended over a

দ্দমা উপস্থিত করা যাইতে পারিবে। কিন্তু তাহা করিতে গেলে যে আদালতে মোকদ্দমা উপস্থিত করা যায়, সেই আদালত তাহার বিচার করণার্থে হাই কোর্টের অনুমতি প্রার্থনা করিবেন। যদি জিলার আদালতের অধীন কোন আদালতে মোকদ্দমা উপস্থিত করা যায়, তবে সেই আদালত যাঁহার অধীন সেই জিলার আদালতদ্বারা ঐ প্রার্থনা করিবেন। প্রতিবাদী তাহাতে আপত্তি করিলে হাই কোর্ট তাহা শুনিয়া ঐ অনুমতি দিতে পারিবেন ইতি।

[ভিন্ন২ হাই কোর্টের অধীন ভিন্ন২ জিলাতে যে স্থাবর সম্পত্তি থাকে, তদ্বিষয়ক মোকদ্দমার কথা।]

২২ ধারা। ঐ স্থাবর সম্পত্তি যে২ জিলার সীমার মধ্যে থাকে, সেই২ জিলা যদি ভিন্ন২ হাই কোর্টের অধীন হয়, তবে যে জিলাতে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহা যে হাই কোর্টের অধীন, সেই হাই কোর্টের নিকটে প্রার্থনা করিতে হইবে। তাহাতে প্রতিবাদী কোন আপত্তি করিলে উক্ত হাই কোর্ট তাহা শুনিয়া মোকদ্দমার বিচার করিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

[স্থাবর সম্পত্তি এক আদালতের বিচারাধিপত্যের সীমান্তস্থানে থাকিলে তাহা অন্য আদালতের বিচারাধিপত্যের সীমান্তর্গত আছে, প্রতিবাদী এই কথা কহিলে তদ্বিষয়ক মোকদ্দমার কথা।]

২৩ ধারা। আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার প্রান্তভাগে স্থিত স্থাবর সম্পত্তি বিষয়ক মোকদ্দমা হইলে, যদি প্রতিবাদী সেই সম্পত্তি উক্ত সীমার বহির্ভূত বলিয়া মোকদ্দমা শ্রবণের প্রতি আপত্তি করেন, তবে সেই বিষয় নির্ণয় করিবার ক্ষমতা আদালতের থাকিবে, ও সেই সম্পত্তি উক্ত সীমার মধ্যে আছে, আদালত এমন নির্ণয় করিলে সেই মোকদ্দমার বিচার করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

[স্বতন্ত্র২ কি ক্রমাগত নানা ক্রিয়া সাধনের চুক্তি হইলে তাহার মধ্যে বিশেষ কোন এক ক্রিয়া সাধনার্থ মোকদ্দমার কথা।]

২৪ ধারা। যে চুক্তি সাধন করিবার জন্যে স্বতন্ত্র২ কি ক্রমাগত নানা ক্রিয়া করিতে হয়, এমত চুক্তি যদি হইয়া থাকে, তবে সেই চুক্তিক্রমে সাধনীয় সকল কার্য্যের সাধন যে কালের মধ্যে হওয়া উচিত ছিল, সেই কালের অবসান অপেক্ষা না করিয়া উক্ত সকল কার্য্যের মধ্যে বিশেষ এক কি অনেক কার্য্যের সাধন প্রবল করণার্থ মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে, এবং আদালত প্রতিবাদিকে সম্পূর্ণ চুক্তির সমুদয় কার্য্য সাধনের বিশেষ আজ্ঞা না দিয়া তাহার মধ্যে বিশেষ এক কি অনেক কার্য্য সাধনের আজ্ঞা দিতে পারিবেন, ও তদ্বিষয়ে বাদিকে কোন নিয়মদ্বারা বদ্ধ করিতে উপযুক্ত বুঝিলে আদালত যেরূপ নিয়ম ন্যায্য জ্ঞান করেন, সেইরূপ নিয়মদ্বারা বাদিকে বদ্ধ করিবেন ইতি। (ক্ষু মো আ:)

[এই আইনের পরে কৃত যে চুক্তির সম্পূর্ণ সাধনে পাঁচ বৎসরের অধিক কাল লাগে, তৎসাধনের বিশেষ আজ্ঞার কথা, ও এই আইনের পূর্ব্বে কৃত তদ্রূপ চুক্তির কথা।]

২৫ ধারা। যে কোন চুক্তির সম্পূর্ণ সাধনার্থে পাঁচ বৎসরের অধিক কাল নিতান্ত প্রয়োজনীয়, তাহার বিশেষ সাধনের ডিক্রী আদালত করিবেন না। কিন্তু

longer period than five years. This rule shall not apply to any contract which shall have been entered into before the passing of this Act; Provided that the Courts shall not decree the specific performance of any such contract for a longer period than five years from the date of the decree. (S. C. C.)

[Declaratory suit.]

XXVI. No suit shall be open to objection on the ground that a merely declaratory decree or order is sought thereby; and it shall be lawful for the Courts to make binding declarations of right, whether present or future, without granting consequential relief: Provided that no Court shall make any such decree or order unless it could, if required, act upon it by giving consequential relief. A trustee may institute a suit to obtain a declaration of the respective rights of the persons interested in the trust estates.

CHAPTER III.

General Rules.

[Appearances, acts and applications may be in person, by recognized agent, or by Advocate.]

XXVII. Any appearance, act, or application in or to any Court, made or done by a party to a suit in such Court, may, except when otherwise expressly provided by this Code, be made or done by the party in person or by his recognized agent, or by an Advocate duly appointed to act on his behalf: Provided that any such appearance shall be made by the party in person if the Court shall so direct. (S. C. C. & R. C.)

[Each of several plaintiffs or defendants may authorize any other to appear, plead and act for him. Authority to be in writing signed and filed.]

XXVIII. When there are more plaintiffs than one, any one or more of them may be authorized to appear, plead and act for any other of them: and in like manner when there are more defendants than one, any one or more of them may be authorized to appear, plead and act for any other of them: Provided that the authority shall be in writing signed by the parties giving it, and shall be filed in Court. (S. C. C. & R. C.)

এই আইন প্রচার হইবার পূর্ব্বে যে কোন চুক্তি হইয়া থাকে, এই বিধি তাহার প্রতি বর্ত্তিবে না, পরন্তু এমত চুক্তির বিশেষ সাধনের ডিক্রী করিতে হইলে আদালত সেই ডিক্রীর তারিখ অবধি পাঁচ বৎসরের অধিক কাল ব্যাপিয়া তৎসাধনের ডিক্রী করিবেন না ইতি। (ক্ষু মো আ)

[স্বত্ববিধায়ক মোকদ্দমার কথা।]

২৬ ধারা। কোন মোকদ্দমায় কেবল স্বত্ববিধায়ক ডিক্রী কি আজ্ঞা পাইবার চেষ্টা হইতেছে বলিয়া তাহার প্রতি আপত্তি হইবে না। আদালত ফলদায়ক প্রতিকার না করিয়াও বর্ত্তমান কি ভাবিকালের জন্যে স্বত্ববিধায়ক অবশ্যমন্তব্য আদেশ করিতে ক্ষমতাপন্ন হইবেন। পরন্তু এমত ডিক্রী কি আজ্ঞানুসারে ফলদায়ক প্রতিকার করা বিহিত হইলে যদি তাহা করা অসাধ্য হয়, তবে এমত ডিক্রী কি আজ্ঞা করা আদালতের অকর্ত্তব্য। ট্রষ্টির এমত ক্ষমতা থাকিবে যে ট্রষ্টঘটিত সম্পাদে যে ব্যক্তিদের সম্পর্ক আছে তাহাদের মধ্যে একং ব্যক্তির স্বত্বের নির্ণয় পাইবার জন্যে তিনি মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

তৃতীয় অধ্যায়।

সাধারণ বিধি।

[স্বয়ং কিম্বা স্বীকৃত এজেণ্ট কি আডবোকেটদ্বারা উপস্থান কি কার্য্য কি প্রার্থনা করিবার কথা।]

২৭ ধারা। এই আইনে অন্য প্রকারের স্পষ্ট বিধান না থাকিলে আদালতে উপস্থিত মোকদ্দমার পক্ষ কোন ব্যক্তিদ্বারা সেই আদালতে যে উপস্থান কি কার্য্য কি প্রার্থনা করা যায় তাহা স্বয়ং পক্ষ ব্যক্তিদ্বারা কি তাঁহার স্বীকৃত এজেণ্টের দ্বারা কি তাঁহার পক্ষে কার্য্য করণে উচিতমতে নিযুক্ত আডবোকেটের দ্বারা হইবে। কিন্তু আদালত সেই পক্ষ ব্যক্তিকে স্বয়ং উপস্থিত করিবার আজ্ঞা দিলে তাঁহাকে স্বয়ং উপস্থিত হইতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[অনেক বাদী কি প্রতিবাদী হইলে তাঁহাদের মধ্যে যে কেহ হউন তিনি আপনার জন্যে উপস্থিত হইবার ও সমর্থন ও কার্য্য করিবার ক্ষমতা আর এক জনকে দিতে পারেন। তদ্রূপ ক্ষমতা দিলে তাহা লিপিবদ্ধ করিয়া তাহাতে স্বাক্ষর দিয়া আদালতে দাখিল করিতে হইবে ইহার কথা।]

২৮ ধারা। এক জনের অধিক বাদী থাকিলে তাঁহাদের মধ্যে এক কি অধিক জনকে অন্য এক কি অধিক জনের নিমিত্তে উপস্থিত হইবার কি সমর্থন কি কার্য্য করিবার ক্ষমতা দেওয়া যাইতে পারিবে। এবং একের অধিক প্রতিবাদী থাকিলে তাঁহাদের মধ্যেও এক কি অধিক জনকে অন্য এক কি অধিক জনের নিমিত্তে উপস্থিত হইবার কি সমর্থন কি কার্য্য করিবার ক্ষমতা দেওয়া যাইতে পারিবে। কিন্তু পক্ষ যে ব্যক্তিরা তদ্রূপ ক্ষমতা দেন, তাঁহাদিগকে তাহা লিপিবদ্ধ করিয়া তাহাতে স্বাক্ষর করিয়া আদালতে তাহা দাখিল করিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[Recognized agents.]

XXIX. The recognized agents of parties by whom such appearances, acts and applications may be made or done are—

[Persons holding powers of attorney from parties out of jurisdiction.]

1st.—Persons holding general powers of attorney from parties not within the jurisdiction of the District Court within the limits of which the appearance or application is made, authorizing them to make and do such appearances, acts and applications on behalf of such parties.

[Persons carrying on trade or business for parties out of jurisdiction.]

2ndly.—Persons carrying on trade or business for and in the names of parties not within the jurisdiction of the District Court within the limits of which the appearance, act or application is made or done in matters connected with such trade or business only, where no other agent is expressly authorized to make and do such appearances, acts, and applications.

[Persons authorized to act for Government.]

3rdly.—Persons being *ex-officio* or otherwise authorized to act for Government in respect of any judicial proceeding.

[Persons specially appointed by Government to prosecute or defend a suit for a prince or chief.]

4thly.—Persons specially appointed by an order of Government, at the request of any Sovereign, Prince, or independent Chief, whether residing within or without British India, to prosecute or defend a suit on his behalf.

[Persons specially authorized by infirm persons to appear, sue, or defend.]

5thly.—Persons holding special powers of attorney from parties who, by reason of bodily infirmity, are unable without risk or serious inconvenience to attend the Court in person, authorizing them to appear, sue, or defend in a particular suit.

[Persons specially authorized to act for women exempt from appearing.]

6thly.—Persons holding special powers of attorney from women exempt under Section 41 from appearing in Court authorizing them to appear, sue, or defend in a particular suit. (S. C. C. & R. C.)

[Service of process on recognized agent.]

XXX. Processes served on a recognized agent relative to a suit shall be as effectual for all pur-

[স্বীকৃত এজেন্টের কথা।]

২৯ ধারা। পক্ষ ব্যক্তিদের যে স্বীকৃত এজেন্টদের দ্বারা উক্ত উপস্থান কি কার্য্য কি প্রার্থনা হইতে পারে, তাঁহারা এই২ প্রকারের লোক, অর্থাৎ—

[বিচারাধিপত্যের বহির্ভূত ব্যক্তিদের স্থানে মোক্তারনামা প্রাপ্ত লোকেরা।]

১। যে জিলার আদালতের সীমার মধ্যে উপস্থান কি প্রার্থনা হয়, সেই আদালতের বিচারাধিপত্যের বহির্ভূত পক্ষ ব্যক্তিরা যদ্দ্বারা আপনাদের নিমিত্তে উক্ত উপস্থান কি কার্য্য কি প্রার্থনা করণের ক্ষমতা প্রদান করেন এমত আম মোক্তারনামা প্রাপ্ত লোকেরা।

[বিচারাধিপত্যের বহির্ভূত ব্যক্তিদের নিমিত্তে ব্যবসায় কি বাণিজ্যকারি লোকেরা।]

২। উপস্থান কি কার্য্য কি প্রার্থনা যে জিলার আদালতের সীমার মধ্যে হয়, তাহার বিচারাধিপত্যের বহির্ভূত পক্ষ ব্যক্তিদের নামে যাঁহারা ব্যবসায় কি বাণিজ্য চালান, সেই লোকেরা কেবল ঐ ব্যবসায় কি বাণিজ্যের সম্পার্কে এজেন্ট হইবেন। আর ইহার নিমিত্তে আবশ্যক যে তদ্রূপ উপস্থান কি কার্য্য কি প্রার্থনা করিবার স্পষ্ট ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন এজেন্ট না থাকে।

[গবর্ণমেন্টের পক্ষে কার্য্য করিতে ক্ষমতাপন্ন লোকেরা।]

৩। কোন বিচারকার্য্য বিষয়ে গবর্ণমেন্টের পক্ষে কার্য্য করিতে স্বীয় পদের বলে কি প্রকারান্তরে ক্ষমতাপন্ন লোকেরা।

[কোন রাজার কি সরকারের পক্ষে মোকদ্দমা করিবার কি তাহার উত্তর দিবার কার্য্যে বিশেষমতে নিযুক্ত ব্যক্তিরা।]

৪। ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে কি বাহিরে নিবাসি কোন স্বাধীন রাজার কি অপরতন্ত্র সরদারের অনুরোধে তাঁহার পক্ষে মোকদ্দমা চালাইতে কি তাহার উত্তর দিতে গবর্ণমেন্টের বিশেষ আজ্ঞাক্রমে নিযুক্ত ব্যক্তিরা।

[দৌর্ব্বল্য বিশিষ্ট ব্যক্তিদের জন্যে উপস্থিত হইবার কি মোকদ্দমা চালাইবার কি তাহার উত্তর দিবার বিশেষ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিরা।]

৫। যাঁহাদের শারীরিক দৌর্ব্বল্যপ্রযুক্ত আদালতে স্বয়ং উপস্থিত হওয়া আশঙ্কার কি গুরুতর অসুবিধার স্থল, এমত পক্ষ ব্যক্তিদের স্থানে তাঁহাদের জন্যে বিশেষ কোন মোকদ্দমাক্রমে উপস্থিত হইবার কি নালিশ করিবার কি উত্তর দিবার ক্ষমতা প্রকাশক বিশেষ মোক্তারনামা প্রাপ্ত লোকেরা।

[উপস্থিত হইবার আবশ্যকতাহইতে মুক্ত স্ত্রীলোকদের জন্যে কার্য্য করিবার বিশেষ ক্ষমতা প্রাপ্ত ব্যক্তিরা।]

৬। ৪১ ধারার বলে যে স্ত্রীলোক আদালতে উপস্থিত হইবার আবশ্যকতাহইতে মুক্ত, তদ্রূপ স্ত্রীলোকের স্থানে বিশেষ কোন মোকদ্দমাক্রমে উপস্থিত হইবার কি নালিশ করিবার কি উত্তর দিবার ক্ষমতা প্রকাশক বিশেষ মোক্তারনামা প্রাপ্ত লোকেরা ইতি। (সু মে আ, ও রা আ)

[স্বীকৃত এজেন্টের প্রতি হুকুমনামা সমর্পণ করিবার কথা।]

৩০ ধারা। কোন মোকদ্দমাবিষয়ক হুকুমনামা স্বীকৃত এজেন্টের প্রতি সমর্পিত হইলে আদালতের অন

poses in relation to the suit as if the same had been given to or served on the party in person, unless the Court shall otherwise direct. The provisions of this Code relative to the service of process on a party to a suit shall be applicable to the service of process on such recognized agent. (S. C. C. & R. C.)

[Appointment of Advocate.]

XXXI. The appointment of an Advocate to make or do any appearance, act or application as aforesaid shall be in writing under the hand of the client and shall be filed in Court. When so filed, it shall be considered to be in full force until revoked by a writing filed in Court, or until the Advocate dies or the suit is determined. (S. C. C. & R. C.)

[Service of process on Advocate.]

XXXII. Processes served on the Advocate of any party or left at the Office or ordinary residence of such Advocate, relative to a suit, and whether the same be for the personal appearance of the party or not, shall be presumed to be duly communicated and made known to the party whom the Advocate represents, and, unless the Court shall otherwise direct, shall be as effectual for all purposes in relation to the suit as if the same had been given to or served on the party in person. (S. C. C. & R. C.)

[Service of process on a party who has not appointed an Advocate to act for him.

XXXIII. In all cases in which a party to a suit has not appointed an Advocate to act for him, all processes shall be served upon such party in the manner hereinafter provided for the service of a summons upon a defendant to appear and answer. (S. C. C. & R. C.)

[Agent to receive process. His appointment to be in writing and to be filed in Court.]

XXXIV. Besides the recognized agents described in Section 29, any person residing within the jurisdiction of the Court may be appointed an agent to receive processes. The appointment of such agent shall be in writing, signed by the principal, and the original appointment, or a copy thereof if the appointment be a general one, shall be filed in Court. (S. C. C. & R. C.)

[Agent of Government to receive process.]

XXXV. The person appointed to act as Advocate on the part of Government in any Court, shall be accounted the agent of the Government for the purpose of receiving processes against the Government or the Secretary of State for India,

আজ্ঞার অভাবে তাহা স্বয়ং পক্ষ ব্যক্তিকে দত্ত কি সমর্পিত হুকুমনামার ন্যায় মোকদ্দমাসম্পর্কীয় সকল অভিপ্রায়ে বলবৎ হইবে। এবং মোকদ্দমার পক্ষ কোন ব্যক্তির প্রতি হুকুমনামা সমর্পণ বিষয়ক যে সকল বিধান এই আইনে আছে, তাহা উক্ত স্বীকৃত এজেন্টের প্রতি হুকুমনামা সমর্পণের বিষয়ে বর্ত্তিবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[আড্‌বোকেট নিযুক্ত করিবার কথা।]

৩১ ধারা। পূর্ব্বোক্ত মতের উপস্থান কি কার্য্য কি প্রার্থনা করণার্থে আডবোকেটের নিয়োগ মওক্কেলের স্বাক্ষরীকৃত পত্রদ্বারা করিতে হইবে, ও সেই পত্র আদালতে দাখিল করিতে হইবে। দাখিল হইলে পর যাবৎ তাহা আদালতে দাখিল হওয়া অন্য পত্রদ্বারা রহিত না করা যায়, অথবা ঐ আড্‌বোকেট না [illegible] কিম্বা মোকদ্দমা সমাপ্ত না হয়, তাবৎ [illegible] পূর্ণরূপে বলবৎ জ্ঞান হইবে ইতি। ([illegible] মো আ, ও রা আ)

[আড্‌বোকেটের প্রতি হুকুমনামা সমর্পণ করিবার কথা।]

৩২ ধারা। পক্ষ ব্যক্তির স্বয়ং উপস্থিত হইবার জন্যে হউক কি না হউক, মোকদ্দমাসম্পর্কীয় কোন হুকুমনামা পক্ষ ব্যক্তির আডবোকেটের প্রতি সমর্পিত হইলে কিম্বা সেই আডবোকেটের কার্য্যালয়ে কি নিয়ত বাসগৃহে দত্ত হইলে, সেই আডবোকেট যে পক্ষ ব্যক্তির প্রতিনিধি, ঐ হুকুমনামা তাঁহার কাছে নিয়মিতরূপে জ্ঞাপিত ও প্রকাশিত বলিয়া গণ্য হইবে, এবং আদালতের অন্য আজ্ঞার অভাবে তাহা স্বয়ং সেই পক্ষ ব্যক্তিকে দত্ত কি তাঁহার প্রতি সমর্পিত হুকুমনামার ন্যায় মোকদ্দমাসম্পর্কীয় সকল অভিপ্রায়ে বলবৎ হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[যে ব্যক্তি আপনার পক্ষে কার্য্য করণে আডবোকেট নিযুক্ত করেন নাই তাঁহার প্রতি হুকুমনামা সমর্পণ করণের কথা।]

৩৩ ধারা। যেং স্থলে মোকদ্দমার পক্ষ কোন ব্যক্তি আপনার পরিবর্ত্তে কার্য্য করণার্থে আডবোকেট নিযুক্ত করেন নাই, সেই২ স্থলে উপস্থিত হইয়া উত্তর দিবার জন্যে প্রতিবাদির প্রতি সমন সমর্পণের যে প্রণালীর বিধান পশ্চাৎ লিখিত হইবে, সেই প্রণালী অনুসারে হুকুমনামা সকল ঐ পক্ষ ব্যক্তির প্রতি সমর্পণ করিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[হুকুমনামা গ্রহণে নিযুক্ত এজেন্টের কথা, এবং পত্রদ্বারা তাঁহাকে নিযুক্ত করিবার ও সেই পত্র আদালতে দাখিল করিবার কথা।]

৩৪ ধারা। ২৯ ধারাতে নির্দ্দিষ্ট স্বীকৃত এজেন্ট ব্যতিরেকে আদালতের বিচারাধিপত্যের সীমার মধ্যে নিবাসি অন্য কোন ব্যক্তি হুকুমনামা গ্রহণার্থে এজেন্টরূপে নিযুক্ত হইতে পারেন। এমত এজেন্টের নিয়োগ পত্রদ্বারা হইবে, এবং সেই নিয়োগপত্র, কিম্বা আম মোক্তারনামা হইলে তাহার প্রতিলিপি, আদালতে দাখিল করিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[হুকুমনামা গ্রহণে নিযুক্ত গবর্ণমেন্টের এজেন্টের কথা।]

৩৫ ধারা। যে ব্যক্তি কোন আদালতে গবর্ণমেন্টের পক্ষ আডবোকেটরূপে কার্য্য করণে নিযুক্ত হন, তিনি যে আদালতে গবর্ণমেন্টের আডবোকেট হন, সেই আদালতহইতে গবর্ণমেন্টের বিপক্ষে কিম্বা ভারতবর্ষ সম্পর্কীয় ষ্টেট সেক্রেটারী সাহেবের বিপক্ষে যে সকল

issuing out of the Court in which such person may be the Advocate of Government. (S. C. C. & R. C.)

[If there be no Government Advocate specially appointed.]

XXXVI. The person appointed to act as Advocate on the part of Government in any District Court shall, for the purpose of the last preceding Section, be considered the Advocate of Government in any Court in such District in which no person shall have been specially appointed Advocate on the part of Government in such Court. Processes issued by a Court to the Government Advocate of another Court may be forwarded to him by post. (S. C. C. & R. C.)

[Officers or Soldiers who cannot obtain leave may authorize any person to sue or defend for them.]

XXXVII. When any Officer or Soldier in the Military Service of the Government is a party to a suit, and cannot obtain leave of absence for the purpose of prosecuting or defending the suit in person, he may authorize any person to sue or defend in his stead. The authority shall be in writing and shall be signed by the Officer or Soldier in the presence of his Commanding Officer or of the next subordinate Officer, if the party be himself the Commanding Officer. Such Commanding or other Officer shall countersign the authority, which shall be filed in Court. When so filed, the countersignature of the Commanding Officer or of the next subordinate Officer, as the case may be, shall be sufficient proof that the authority was duly executed, and that the Officer or Soldier by whom it was granted could not obtain leave of absence for the purpose of prosecuting or defending the suit in person. (S. C. C. & R. C.)

[The person so authorized may act personally or appoint an Advocate.]

XXXVIII. Any person who shall be authorized by an Officer or Soldier to prosecute or defend a suit in his stead, shall be competent to prosecute or defend it in person in the same manner as the Officer or Soldier could do if present; or he may appoint an Advocate to prosecute or defend the suit on behalf of such Officer or Soldier. (S. C. C. & R. C.)

[Service on person so authorized, or on his Advocate, to be good service.]

XXXIX. Processes served upon any person who shall have been authorized by an Officer

হুকুমনামা বাহির হয়, তদ্গ্রহণাভিপ্রায়ে গবর্ণমেণ্টের এজেণ্টরূপে গণ্য হইবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[গবর্ণমেণ্টের বিশেষ কোন আডবোকেট নিযুক্ত না হইবার স্থলের কথা।]

৩৬ ধারা। জিলার আদালতে গবর্ণমেণ্টের পক্ষ আডবোকেটরূপে কার্য্য করণে নিযুক্ত কোন ব্যক্তি থাকিলে, যদি সেই জিলার অন্য আদালতে গবর্ণমেণ্টের পক্ষ আডবোকেটরূপে বিশেষমতে নিযুক্ত কেহ না থাকেন, তবে ইহার অব্যবহিত পূর্ব্ব ধারার অভিপ্রায় সাধনার্থে ঐ ব্যক্তি সেই আদালতেও গবর্ণমেণ্টের আডবোকেট বলিয়া গণ্য হইবেন। এক আদালতে নিযুক্ত গবর্ণমেণ্টের আডবোকেটের নামে অন্য আদালতহইতে হুকুমনামা বাহির হইলে তাহা ডাকযোগে তাঁহার নিকটে পাঠান যাইতে পারিবে ইতি। (ক্ষু মো,আ, ও রা আ)

[সেনাপতিরা কি সৈনিক পুরুষেরা ছুটী পাইতে না পারিলে আপনাদের পক্ষে মোকদ্দমা চালাইবার কি তাহার উত্তর দিবার ক্ষমতা কোন ব্যক্তিকে দিতে পারিবার কথা।]

৩৭ ধারা। গবর্ণমেণ্টের সামরিক কর্ম্মে নিযুক্ত কোন সেনাপতি কি সৈনিক পুরুষ কোন মোকদ্দমার অন্যতর পক্ষ হইলে যদি স্বয়ং সেই মোকদ্দমা চালাইবার কি তাহার উত্তর দিবার জন্যে ছুটী পাইতে অপারক হন, তবে তিনি আপনার পরিবর্ত্তে মোকদ্দমা চালাইবার অথবা তাহার উত্তর দিবার ক্ষমতা অন্য কোন ব্যক্তিকে দিতে পারিবেন। সেই ক্ষমতাদান পত্রদ্বারা হইবে, এবং সেই সেনাপতি কি সৈনিক পুরুষ আপনার নিয়ন্তা সেনাপতি সাহেবের সম্মুখে, অথবা যদি তিনি আপনি সেই নিয়ন্তা সেনাপতি হন, তবে আপনার অব্যবহিত অধীন সেনাপতির সম্মুখে সেই পত্রে স্বাক্ষর করিবেন। সেই নিয়ন্তা সেনাপতি কি অন্য সেনাপতি সাহেবও সেই ক্ষমতাপত্রে স্বাক্ষর করিবেন, ও তাহা আদালতে দাখিল করা যাইবে। দাখিল হইলে পর সেই ক্ষমতাপত্রে উচিত দস্তখৎ যে হইয়াছে, ও যিনি তাহা দিয়াছেন সেই সেনাপতি কি সৈনিক পুরুষ স্বয়ং মোকদ্দমা চালাইবার কি তাহার উত্তর দিবার জন্যে ছুটী পাইতে অপারক ছিলেন, নিয়ন্তা সেনাপতি সাহেবের কি তাঁহার অব্যবহিত অধীন সেনাপতির স্বাক্ষর ইহার প্রচুর প্রমাণ হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[সেইরূপ ক্ষমতাপন্ন ব্যক্তির স্বয়ং উপস্থিত হইতে কি আডবোকেট নিযুক্ত করিতে পারিবার কথা।]

৩৮ ধারা। সেনাপতি কি সৈনিক পুরুষ আপনার পরিবর্ত্তে মোকদ্দমা চালাইবার কি তাহার উত্তর দিবার ক্ষমতা যে ব্যক্তিকে দেন, ঐ সেনাপতি কি সৈনিক পুরুষ উপস্থিত হইলে যেমন করিতে পারিতেন তেমনি তিনি স্বয়ং মোকদ্দমা চালাইতে কি তাহার উত্তর দিতে ক্ষমতাপন্ন হইবেন, কিম্বা উক্ত সেনাপতির কি সৈনিক পুরুষের পক্ষে মোকদ্দমা চালাইবার কি তাহার উত্তর দিবার জন্যে কোন আডবোকেটকে নিযুক্ত করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[সেইরূপ ক্ষমতাপন্ন ব্যক্তির প্রতি কিম্বা তাঁহার আডবোকেটের প্রতি হুকুমনামা সমর্পিত হইলে উত্তমরূপে সমর্পিত হইবার কথা।]

৩৯ ধারা। পুর্ব্বধারার কথানুসারে কোন সেনাপতি কি সৈনিক পুরুষহইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির

or Soldier, as in the last preceding Section mentioned, or upon any Advocate who shall be appointed as aforesaid by such person to act for or on behalf of such Officer or Soldier, shall be as effectual for all purposes relative to the suit as if the same had been served on the party in person or on an Advocate appointed by him. (S. C. C. & R. C.)

[Suits by and against infants.]

XL. An infant shall sue by guardian or next friend who shall be admitted and may be removed by the Court and shall be liable for the costs of the suit. An infant shall be sued by guardian who shall be admitted and may be removed by the Court.

EXEMPTION FROM PERSONAL APPEARANCE.

[Exemption of certain women from personal appearance.

XLI. Women, who according to the customs and manners of the country ought not to be compelled to appear in public, shall be exempt from personal appearance in Court. (S. C. C. & R. C.)

[Local Government may exempt certain persons from personal appearance.]

XLII. The local Government may, at its discretion, exempt from personal appearance in Court any person whose rank, in the opinion of such Government, entitles him to the privilege of exemption, and may at its discretion withdraw such privilege. (S. C. C. & R. C.)

(List of names of persons exempted to be kept in the District Court.]

XLIII. The names of the persons exempted under the last preceding Section from personal appearance in Court, residing within the jurisdiction of the District Court, shall from time to time be forwarded to such Court by the local Government, and a list of such persons shall be kept in such Court and in the several subordinate Courts of the District. (S. C. C. & R. C.)

SERVICE OF PROCESS.

[Proof of due service and delivery of process sent by post.]

XLIV. Wherever this Code provides that any notice, summons, letter or other communication may be sent to the person to whom it is addressed by post, proof that the same was correctly ad-

প্রতি, কিম্বা উক্ত সেনাপতির কি সৈনিক পুরুষের পরিবর্ত্তে কি পক্ষে কার্য্য করণার্থে উক্ত মতে নিযুক্ত কোন আডবোকেটের প্রতি হুকুমনামা সমর্পিত হইলে, তাহা মোকদ্দমাবিষয়ক তাবৎ অভিপ্রায় সাধনার্থে সেই পক্ষ ব্যক্তির প্রতি কিম্বা তাঁহারই নিযুক্ত আডবোকেটের প্রতি সমর্পিত হুকুমনামার ন্যায় ফলবৎ হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[অপ্রাপ্তব্যবহার লোকদের পক্ষ কি বিপক্ষ মোকদ্দমার কথা।]

৪০ ধারা। অপ্রাপ্তব্যবহার ব্যক্তি আপন অভিভাবক কি নিকট বন্ধুদ্বারা মোকদ্দমা চালাইবেন। আদালত সেই অভিভাবককে কি বন্ধুকে গ্রাহ্য করিবেন এবং পদচ্যুত করিতে পারিবেন, ও মোকদ্দমাঘটিত খরচার দায় তাঁহার প্রতি বর্ত্তিবে। এবং অপ্রাপ্তব্যবহার কোন ব্যক্তির বিপক্ষে মোকদ্দমা করিতে হইলে তাহার অভিভাবকের বিপক্ষে মোকদ্দমা করিতে হইবে, এবং আদালত সেই অভিভাবককে গ্রাহ্য করিবেন এবং পদচ্যুত করিতে পারিবেন ইতি।

স্বয়ং উপস্থিত হইবার আবশ্যকতাহইতে মুক্তির কথা।

[কোন২ স্ত্রীলোকের নিজে উপস্থিত হইতে বাধ্য না হইবার কথা।]

৪১ ধারা। দেশের আচার ও রীতি অনুসারে যে স্ত্রীলোকদিগকে প্রকাশ্য স্থানে উপস্থিত করা উচিত নয়, তাঁহারা নিজে আদালতে উপস্থিত হইতে বাধিত হইবেন না ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[কোন২ লোককে স্বয়ং উপস্থিত হইবার আবশ্যকতাহইতে মুক্ত করিতে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।]

৪২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট বিশেষ কোন ব্যক্তির মান বুঝিয়া মুক্ত হইবার যোগ্য পাত্র জ্ঞান করিলে, স্বীয় বিবেচনামতে তাঁহাকে আদালতে স্বয়ং উপস্থিত হইবার আবশ্যকতাহইতে মুক্ত করিতে পারিবেন, ও স্বীয় বিবেচনামতে তাঁহার সেই মুক্তির অধিকার রহিত করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[সেইরূপ মুক্ত লোকদের নামের ফর্দ্দ জিলার আদালতে রাখিবার কথা।]

৪৩ ধারা। কোন জিলার আদালতের বিচারাধিপত্যের সীমার মধ্যে নিবাসি যে ব্যক্তিরা স্বয়ং আদালতে উপস্থিত হইবার আবশ্যকতাহইতে মুক্ত হন, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ তাঁহাদের নামের ফর্দ্দ উক্ত আদালতে পাঠাইবেন, এবং এমত ব্যক্তিদের নামের ফর্দ্দ উক্ত আদালতে ও সেই জিলার প্রত্যেক অধঃস্থ আদালতে রাখিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

হুকুমনামা সমর্পণের কথা।

[ডাকযোগে প্রেরিত হুকুমনামা উচিতমতে সমর্পি কি দত্ত হইয়াছে, ইহার প্রমাণের কথা।]

৪৪ ধারা। কোন সংবাদ কি সমন কি পত্র কি অন লিপিতে যাঁহার শিরোনামা দেওয়া যায়, তাঁহা নিকটে ডাকযোগে তাহা পাঠাইতে পারিবার বিধা এই আইনে থাকিলে, শিরোনামাতে তাঁহার নাম

dressed to such person at his place of residence, and that it was posted and registered according to any law for the management of the Post Office shall, in the absence of evidence to the contrary, be sufficient proof of the due service and delivery of the notice, summons, letter or other communication. (S. C. C. & R. C.)

[Process to be served at expense of party issuing it. Costs of service of process.]

XLV. Every process required to be issued under this Code, shall be served at the expense of the party at whose instance it is issued, unless the Court shall otherwise direct. The sum required to defray the cost of such service shall be paid into Court before the process is issued, within a period to be fixed by the Court issuing the process. Postage, where chargeable on any notice, summons, letter or other communication forwarded by post and the fee for registering the same shall be costs required to be paid as aforesaid within the meaning of this Section. In fixing the costs to be paid for service of process, regard shall be had to any law or to any rules issued by the High Court for fixing the amount of such costs. (S. C. C. & R. C.)

[Payment of cost of summons.]

XLVI. Whenever any person not a party to the suit, shall be summoned to give evidence or to produce any document in a suit otherwise than on the application of a party to the suit, the cost of summoning such person, including his travelling and other expenses, if not deposited by any party to the suit, shall (if the Court shall so direct) be paid by the Collector of the District, and shall be costs in the suit, and shall be paid out of any money recovered on account of costs in the suit whether at the instance of the Government or of any of the parties to the suit, before any other costs in the suit are paid. (S. C. C. & R. C.)

[Service within limits of local jurisdiction of High Courts, of process issued by Courts without those limits.]

XLVII. Whenever any process issued by any Court etablished beyond the local limits of the ordinary original Civil jurisdiction of a High Court is to be served within the local limits of such Court, it shall be delivered to the Court of Small Causes within whose jurisdiction the process is to be served, or to any Court other than the High Court which may now exist or which may hereafter be established with jurisdiction within the same local limits, and shall be executed by such Court of Small Causes or other Court in the same manner as if such process had been issued by such Court of Small Causes or other

বসতিস্থানে শুদ্ধরূপে লিখিত হইয়াছিল, ও তাহা ডাকের কার্য্যবিধানের কোন আইন অনুসারে ডাকে দেওয়া ও রেজিষ্টরী করা গিয়াছিল, এমত প্রমাণ যদি হয়, তবে তদ্বিপরীত প্রমাণের অভাবে তাহা সেই সংবাদ কি সমন কি পত্র কি অন্য লিপি উচিতরূপে সমর্পিত ও দত্ত হইবার প্রচুর প্রমাণ হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[যে পক্ষ হুকুমনামা জারী করায় তাহার খরচাতে তাহা সমর্পণ করিতে হইবার কথা, ও হুকুমনামা সমর্পণের খরচার কথা।]

৪৫ ধারা। এই আইনমতে যে কোন হুকুমনামা জারী হইবার আজ্ঞা হয়, তাহা যে পক্ষের প্রার্থনাক্রমে জারী হয়, আদালতের অন্য আজ্ঞার অভাবে সেই পক্ষের খরচাতে তাহা সমর্পণ করিতে হইবে। এবং হুকুমনামা জারী না হইতে অথচ যে আদালত তাহা জারী করেন সেই আদালতের নিরূপণীয় কালের মধ্যে ঐ সমর্পণের ব্যয় পোষণে প্রয়োজনীয় টাকা আদালতে দাখিল করিতে হইবে। কোন সংবাদ কি সমন কি পত্র কি অন্য লিপি ডাকযোগে পাঠাইলে তাহার উপরে ডাকের যে মাসুল ও রেজিস্টরী করণার্থ ফী লাগে, তাহাও এই ধারার অভিপ্রায়ানুসারে পূর্ব্বমত দাতব্য খরচার মধ্যে গণ্য হইবে। যখন হুকুমনামা সমর্পণের খরচা অবধারণ করা যায়, তখন উক্ত প্রকারের খরচার অবধারণ বিষয়ক আইন কি হাই কোর্টের প্রচারিত বিধি মানিয়া তাহা অবধারণ করিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[সমনের খরচা দিবার কথা।]

৪৬ ধারা। কোন মোকদ্দমার অন্যতর পক্ষের প্রার্থনা ভিন্ন অন্য কোন কারণক্রমে মোকদ্দমায় প্রমাণ দেওনার্থে কি কোন নিদর্শনপত্র উপস্থিত করণার্থে যদি মোকদ্দমার পক্ষ ভিন্ন অন্য কোন ব্যক্তিকে সমন করা যায়, তবে সেই ব্যক্তির পাথেয় প্রভৃতি খরচসুদ্ধ সমন করিবার খরচ মোকদ্দমার অন্যতর পক্ষদ্বারা দাখিল না হইলে আদালতের আজ্ঞানুসারে জিলার কালেকুটর সাহেব তাহা দিবেন, এবং তাহা মোকদ্দমা সম্পর্কীয় খরচার মধ্যে গণ্য হইবে। সেই মোকদ্দমাতে, গবর্ণমেণ্টের প্রার্থনাক্রমে হউক কি মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনাক্রমে হউক, খরচার হিসাবে যত টাকা আদায় হইবে, তাহাহইতে মোকদ্দমাঘটিত অন্য সকল খরচার অগ্রে এই খরচার পরিশোধ হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[হাই কোর্টের বিচারাধিপত্যের স্থানীয় সীমার বহির্ভূত আদালতহইতে যে হুকুমনামা জারী হয় তাহা উক্ত সীমার মধ্যে সমর্পণ করিবার কথা।]

৪৭ ধারা। হাই কোর্টের বিচারাধিপত্যের স্থানীয় সীমার বহির্ভূত কোন আদালত যে হুকুমনামা জারী করেন, তাহা যদি উক্ত হাই কোর্টের স্থানীয় সীমার মধ্যে সমর্পণ করিতে হয়, তবে যে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারাধিপত্যের সীমার মধ্যে তাহার সমর্পণ হইবার প্রয়োজন তাহার প্রতি, কিম্বা হাই কোর্ট ভিন্ন সেই স্থানীয় সীমার মধ্যে বিচারাধিপত্যবিশিষ্ট এখন স্থাপিত কি ভাবিকালে স্থাপনীয় অন্য কোন আদালতের প্রতি তাহা দিতে হইবে, এবং সেই ক্ষুদ্র মোকদ্দমার আদালত কি অন্য আদালত তাহা জারী করিলে যেমন তাহা সাধন করিতে হইত, তেমনি ঐ ক্ষুদ্র মোকদ্দমার আদালত কি অন্য আদালতদ্বারা তাহা সাধন করা যাইবে, ও সাধন করা গেলে পর যে আদালত-

Court, and after having been so executed, shall be returned to the Court by which it was issued. The delivery of the process to the Court required to execute the same and its return to the Court by which the process was issued, may be by an Officer of the Court which issued the process, or by post.

[Examinations to be on oath or affirmation.]

XLVIII. The examination of the parties to a suit or other proceeding when authorized under this Code, and the evidence of witnesses or other persons shall be upon oath or affirmation or otherwise according to the provisions of any law for the examination of witnesses. (S. C. C. & R. C.)

[Court may order any document to be impounded.]

XLIX. The Court may, if it see sufficient cause, direct any written document produced in Court in any suit to be impounded and kept in the custody of an Officer of the Court, for such period and subject to such conditions as to the Court shall seem fit. (S. C. C. & R. C.)

[When security is required, a deposit may be made instead.]

L. When security is required to be furnished by any person, the Court may permit such person to deposit a sum of money, Government Promissory Notes, or other valuable property to such amount as the Court may fix, in lieu of the security required. (S. C. C. & R. C.)

[Punishment for verifying false plaint, statement or declaration.]

LI. If any plaint, written statement, or declaration in writing required by this Code to be verified shall contain any averment which the person making the verification shall know or believe to be false, or shall not know or believe to be true, such person shall be subject to punishment according to the provisions of the law for the punishment of giving or fabricating false evidence. (S. C. C. & R. C.)

[On disposal of applications, Court may either award costs or reserve their consideration.]

LII. At the time of disposing of any application made under any provision of this Code, the Court may award to either party the costs of such application, or may reserve the consideration of such costs for any future stage of the proceedings.

হইতে তাহা জারী হইয়াছিল তাহার নিকটে প্রত্যর্পণ করা যাইবে। যে আদালতকে হুকুমনামা সাধন করিতে হয় তাঁহার প্রতি তৎসমর্পণ, ও যে আদালতহইতে তাহা জারী হইয়াছিল তাঁহার প্রতি তৎপ্রত্যর্পণ সেই জারীকারি আদালতের কোন কর্ম্মকারকের দ্বারা কিম্বা ডাকযোগে হইতে পারিবে ইতি।

[শপথ কি প্রতিজ্ঞা করাইয়া জিজ্ঞাসাবাদ করিবার কথা।]

৪৮ ধারা। মোকদ্দমার কি অন্য বিচারকার্য্যের পক্ষ ব্যক্তিদিগকে জিজ্ঞাসাবাদ করা যদি এই আইনমতে অনুমোদিত হয়, তবে তাহা এবং সাক্ষিদের কি অন্য ব্যক্তিদের প্রমাণ গ্রহণ, এই দুই কর্ম্ম সাক্ষিদের জিজ্ঞাসাবাদবিষয়ক আইনের বিধানানুসারে শপথ কি প্রতিজ্ঞা পূর্ব্বক কি প্রকারান্তরে করিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[কোন নিদর্শনপত্র আটক করিয়া রাখিবার আজ্ঞা দিতে আদালতের ক্ষমতার কথা।]

৪৯ ধারা। কোন মোকদ্দমাক্রমে যে কোন নিদর্শনপত্র আদালতে উপস্থিত করা যায়, আদালত উপযুক্ত কারণ দেখিলে তাহা আটক করিয়া, যে কাল ও যে নিয়ম আদালত উপযুক্ত জ্ঞান করেন, তত কাল পর্য্যন্ত ও সেই নিয়মানুসারে আদালতের কোন কার্য্যকারকের জিম্মায় রাখিবার আদেশ দিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিভূর প্রয়োজন হইলে তৎপরিবর্ত্তে আমানৎ রাখিতে পারিবার কথা।]

৫০ ধারা। কোন ব্যক্তির প্রতিভূ দেওনের আজ্ঞা হইলে, আদালত সেই ব্যক্তিকে ঐ আজ্ঞাপিত প্রতিভূর পরিবর্ত্তে নগদ কি গবর্ণমেণ্টের কাগজে যত টাকা কি অন্য মূল্যবান সম্পত্তি আদালত অবধারণ করিবেন, তত টাকা আমানৎ রাখিবার অনুমতি দিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[অসত্য নালিশ কি বর্ণনা কি প্রতিজ্ঞাপত্র দৃঢ়ীকরণের দণ্ডের কথা।]

৫১ ধারা। এই আইনমতে কোন নালিশপত্রের কি বর্ণনাপত্রের কি লিখিত প্রতিজ্ঞার দৃঢ়ীকরণ প্রয়োজনীয় হইলে যে ব্যক্তি তাহা দৃঢ় করেন, যদি তিনি জানেন কি বিশ্বাস করেন, যে তৎসম্বলিত কোন বিশেষ কথা অসত্য আছে, কিম্বা তাহা যে সত্য ইহা যদি তিনি না জানেন কি না প্রত্যয় করেন, তবে মিথ্যা প্রমাণ দিবার কি সাজাইবার যে দণ্ড আইনের বিধান অনুসারে হয়, ঐ ব্যক্তি সেই দণ্ডের পাত্র হইবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রার্থনাপত্র বিষয়ক নিষ্পত্তি হইলে আদালত খরচার আজ্ঞা দিতে কি পশ্চাৎ তাহার বিবেচনা করিতে পারিবেন ইহার কথা।]

৫২ ধারা। এই আইনের কোন বিধানানুসারে কোন প্রার্থনা করা গেলে আদালত তদ্বিষয়ক নিষ্পত্তি করণ কালে অন্যতর পক্ষকে সেই প্রার্থনাঘটিত খরচা দিবার আজ্ঞা দিতে পারিবেন, অথবা বিচারকার্য্যের পশ্চাতের কোন কাল পর্য্যন্ত সেই খরচার বিবেচনার বিষয়ে বিলম্ব করিতে পারিবেন ইতি।

CHAPTER IV.

OF A SUIT TILL DECREE.

OF THE INSTITUTION OF SUITS.

[Suits to be commenced by plaint containing certain particulars.]

LIII. Every suit shall be commenced by a plaint which shall contain the following particulars :—

1.—The name, description, and place of abode of the plaintiff.

2.—The name, description, and place of abode of the defendant, so far as they can be ascertained.

3. The relief sought for, the subject of the claim, the cause of action, and where and when it accrued; and, if the cause of action accrued beyond the period ordinarily allowed by any law for commencing such a suit, the ground upon which exemption from the law is claimed.

The following are instances :—

If the suit be for money due on a bond—payment of Rupees
due on a bond for the sum of Rupees
bearing date the day of 186
and payable on the day of 186
namely :—

Principal...	Rupees
Interest at the rate of per cent. ...	...Rupees
Amount paid (if any)	...Rupees
Balance due	...Rupees

If the suit be for the amount due on a bill of exchange drawn by the plaintiff and accepted by the defendant,—

Payment of Rupees being the amount of a bill of exchange for the sum of Rupees now overdue, drawn by the plaintiff on the day of 186, and accepted by the defendant with interest thereon at per cent. till payment.

If the suit be for the price of goods sold :—

Payment of Rupees on account of maunds of (*rice, indigo, sugar, or as the case may be*) sold on the day of , and the price of which became payable on the day of as per account at foot.

If the suit be for money due on an account :—

Payment of Rupees due [*or* being the balance due] to the plaintiff on the following account :—

To [*here state the debit side of the account*]	... Rupees
Cr.	

চতুর্থ অধ্যায়।

ডিক্রী পর্যন্ত মোকদ্দমার কথা।

মোকদ্দমা উপস্থিত করিবার কথা।

[বিশেষ২ কথার বৃত্তান্ত সম্বলিত নালিশপত্রদ্বারা মোকদ্দমার আরম্ভ হইবার কথা।]

৫৩ ধারা। প্রত্যেক মোকদ্দমার আরম্ভ নালিশের পত্রদ্বারা হইবে, তন্মধ্যে নিম্নলিখিত বিশেষ২ কথা নির্দ্দিষ্ট থাকিবে।

১। বাদির নাম ও পদাদির বৃত্তান্ত ও বাসস্থান।

২। যে পর্য্যন্ত জানা যাইতে পারে সেই পর্য্যন্ত প্রতিবাদির নাম ও পদাদির বৃত্তান্ত ও বাসস্থান।

৩। প্রার্থিত প্রতীকার ও দাওয়ার বিষয় ও বিবাদের হেতু ও সেই হেতু উৎপন্ন হইবার স্থান ও সময়, ও সেই রূপ মোকদ্দমা আরম্ভ করিবার জন্যে কোন আইনক্রমে সামান্যতঃ নিরূপিত মিয়াদের পূর্ব্বাবধি বিবাদের হেতু উৎপন্ন হইলে যৎপ্রযুক্ত আইনহইতে মুক্ত হইবার দাওয়া করা যায় সেই কারণ।

এই স্থলে কএকটী উদাহরণ দেওয়া যাইতেছে।

যদি খতের বলে প্রাপ্য টাকা আদায়ের জন্যে মোকদ্দমা হয়, তবে—

এত টাকা পাইবার বাবতে নালিশ।

সেই টাকা যে খতের বলে প্রাপ্য তাহা এত টাকার।

তাহার তারিখ ১৮৬ সালের অমুক মাসের অমুক তারিখ।

টাকা আদায়ের দিবস ১৮৬ সালের অমুক মাসের অমুক তারিখ, বিশেষতঃ,—

আসল.........................	টাকা।
শতকরা এত টাকা হারে সুদ	টাকা।
আদায় হইয়াছে............	টাকা।
বাকী পাওনা	টাকা।

যদি বাদির দত্ত ও প্রতিবাদির স্বীকৃত হুণ্ডির বলে প্রাপ্য টাকা আদায়ের জন্যে মোকদ্দমা হয়, তবে—

এত টাকা পাইবার বাবতে নালিশ।

১৮৬ সালের অমুক মাসের অমুক তারিখে এত টাকার যে হুণ্ডি বাদিদ্বারা দত্ত ও প্রতিবাদিদ্বারা স্বীকৃত হয় এই তাহার টাকা, ও পরিশোধ না হওন পর্য্যন্ত শতকরা এত টাকার হারে তাহার সুদ। উক্ত হুণ্ডির মিয়াদ অতীত হইয়াছে।

যদি বিক্রীত মালের মূল্য আদায়ের জন্যে মোকদ্দমা হয়, তবে—

এত টাকা পাইবার বাবতে নালিশ।

অমুক সালের অমুক মাসের অমুক তারিখে এত মণ চাউল (কি নীল কি চিনি প্রভৃতি) বিক্রয় হইয়াছিল, তৎক্রমে এত টাকা প্রাপ্য। সেই বিক্রয়ের টাকা অমুক সালের অমুক মাসের অমুক তারিখে দেনা ছিল। হিসাব এই ইত্যাদি।

যদি হিসাবের বলে প্রাপ্য টাকা আদায়ের জন্যে মোকদ্দমা হয়, তবে—

এত টাকা পাইবার বাবতে নালিশ।

সেই টাকা পশ্চাৎ লিখিত হিসাবের বলে (অথবা তাহার বাকী বলিয়া) বাদির পাওনা, অর্থাৎ—

জমা	টাকা

By [*here state the credit side in respect of payments and set-off, if any*] Rupees

Balance due ... Rupees

If the suit be for money payable for work done and materials provided :—

Payment of Rupees for [builder's, carpenter's, joiner's, plasterer's, or mason's, *or as the case may be*] work done at the premises in , and for materials thereon provided between the of 186 and the of 186 .

If the suit be for damages for any injury done :—Payment of Rupees on account of injury done to the plaintiff.

[*Here set out the nature of the injury, and the time at which it was inflicted, and state the particulars of the pecuniary loss* (*if any*).]

If the plaintiff claim exemption from any law of limitation, say—"The plaintiff was an infant (*or as the case may be*) from the day of 186 to the day of .

4.—When the claim is for any property other than money, its value estimated according to law.

The following is an instance :—

If the suit be for an estate or for a share in an estate paying revenue to Government ;—Possession of the estate (*or of* share in the estate) called , situate in the District of , the Government Revenue assessed on which is Rupees (*or* the estimated value of which is Rupees ,) of which the plaintiff was dispossessed (*or forcibly or fraudulently dispossessed, if the case be so*), on the day of 186 (*or* to which plaintiff became entitled by inheritance from *or*, by gift, purchase, *or otherwise, as the case may be*), on or about the day of 186 .

5.—When the claim is for land or for any interest in land, the nature of the tenure or interest shall be specified ; and if the claim be for land forming part of a village or other known division, or for a house, garden, or the like, its situation shall be described by the setting forth of boundaries, or in such other manner as may suffice for its identification.

6.—In suits by or against the Secretary of State for India, or the Government, or one of its Officers in his official capacity, or any Corporation or Company authorized to sue and be sued in the name of an Officer or of a Trustee, the

ওয়াসীল (কোন টাকা আদায় হইলে কি বাদ দিতে হইলে এই স্থানে তাহা লিখিতে হইবে) ... ... টাকা

বাকী টাকা

কর্ম্ম করিবার কি জিনিস যোগাইবার জন্যে যদি টাকা আদায় করিতে হয়, তবে—

এত টাকা পাইবার বাবতে নালিশ, অর্থাৎ ১৮৬ সালের অমুক মাসের অমুক তারিখ অবধি ১৮৬ সালের অমুক মাসের অমুক তারিখ পর্য্যন্ত অমুক স্থানের বাটীতে (রাজমিস্ত্রির কি ছুতারের কি ভাস্করের কর্ম্ম ইত্যাদি) যে কর্ম্ম হইয়াছে ও তজ্জন্য (ইষ্টক ইত্যাদি) যে জিনিস যোগান গিয়াছে তজ্জন্য এত টাকা পাওনা।

যদি ক্ষতিপূরণের নিমিত্তে মোকদ্দমা হয়, তবে—

বাদির যে ক্ষতি হইয়াছে (যে প্রকারের ক্ষতি হইল ও যে সময়ে হইল, এবং টাকা ক্ষতি হইলে তাহার বিশেষ এই স্থানে লিখিতে হইবে) তাহার জন্যে এত টাকা পাইবার বাবতে নালিশ।

যদি বাদী তামাদির কোন আইনহইতে মুক্ত হইবার দাওয়া করে, তবে এই কথা লিখিতে হইবে,—

১৮৬ সালের অমুক মাসের অমুক তারিখ অবধি ১৮৬ সালের অমুক মাসের অমুক তারিখ পর্য্যন্ত বাদী নাবালগ ছিল। (কি অন্য যে কারণ থাকে তাহা লিখিতে হইবে।)

৪। টাকা ভিন্ন অন্য কোন সম্পত্তির দাওয়া যদি হয়, তবে আইনমতে তাহার যে আনুমানিক মূল্য হয় তাহা লিখিতে হইবে।

ইহার উদাহরণ।

যদি সরকারের খেরাজী কোন মহালের কি মহালের কোন অংশের নিমিত্তে মোকদ্দমা হয়, তবে—

অমুক জিলার সীমান্তর্গত অমুক নামের অমুক মহালের (কিম্বা মহালের এত আনা অংশের) দখল পাইবার বাবতে নালিশ। উক্ত মহালের কি অংশের সদর জমা এত। (কিম্বা তাহার মূল্য অনুমান এত।) তাহাতে বাদী ১৮৬ সালের অমুক মাসের অমুক তারিখে বেদখল হইয়াছে (অথবা বলে কি ছলে বেদখল হইয়াছে)। কিম্বা ১৮৬ সালের অমুক মাসের অমুক তারিখে কি তাহার কিঞ্চিৎ পূর্ব্বে বা পরে অমুক উত্তরাধিকারিত্বক্রমে (অথবা দান কি ক্রয়প্রভৃতির বলে) বাদী তাহার অধিকার পাইতে স্বত্ববান্ হইল।

৫। যদি ভূমির নিমিত্তে কি ভূমিতে কোন সম্পর্কের নিমিত্তে দাওয়া হয়, তবে পাট্টা কি সম্পর্ক যে প্রকারের হয় তাহা সবিশেষ করিয়া লিখিতে হইবে, ও যদি গ্রামের কি অন্য নামে প্রসিদ্ধ ভূবিভাগের অংশ কোন ভূমির নিমিত্তে কি বাগান বাড়ীপ্রভৃতির নিমিত্তে দাওয়া হয়, তবে তাহার সীমা নির্দ্দিষ্ট করিয়া কিম্বা অন্য যে বর্ণনাতে তাহা নিশ্চয়মতে চেনা যাইতে পারে এমত বর্ণনা করিয়া তাহার বৃত্তান্ত লিখিতে হইবে।

৬। ভারতবর্ষের পক্ষ ষ্টেট সেক্রেটারী সাহেব কি গবর্ণমেণ্ট কি রাজকীয় পদের বলে তাঁহার কোন কার্য্যকারক, কি চার্টরপ্রাপ্ত কোন সমাজ, কি যাহার পক্ষে কি বিপক্ষে তাহার কোন কার্য্যকারকের কি ট্রষ্টির নাম ধরিয়া মোকদ্দমা হইতে পারে এমত কোন

words "The Secretary of State for India," "The Government," or "The Collector of ," (*or otherwise as the case may be*), or the name of the Corporation or the name of the Officer or Trustee of the Company shall be inserted in Nos. 1 and 2 instead of the name and description of the plaintiff or defendant. But in every other suit it shall be necessary to specify the names of all the parties. (S. C. C. & R. C.)

[Plaint to be subscribed and verified.]

LIV. The plaint shall be subscribed by the plaintiff and his Advocate (if any), and shall be verified at the foot by the plaintiff in the manner following, or to the like effect :—

I (A. B.) the plaintiff named in the above plaint do declare that what is stated therein is true to the best of my information, and belief. (S. C. C. & R. C.)

[In case of plaintiff's inability to subscribe and verify the plaint.]

LV. If the plaintiff, by reason of absence or for other good cause, be unable to subscribe and verify the plaint, the Court may allow the plaint to be subscribed and verified on his behalf by any person whom the Court may consider competent to make the verification. (S. C. C. & R. C.)

[In suits by Government or Secretary of State.]

LVI. In suits by the Government or the Secretary of State for India, it shall be sufficient if the plaint be subscribed and verified by the Government Advocate of the Court in which the suit is brought, or, where there is no such Advocate, by the Advocate by whom the plaint is filed. (S. C. C. & R. C.)

[In suits by a Corporation or Company.]

LVII. In suits by a Corporation or a Company authorized to sue and be sued in the name of an Officer or of a Trustee, the plaint may be subscribed and verified on behalf of the Corporation or Company by any Director, Secretary, or other principal Officer of the Corporation or Company who is able to depose to the facts of the case. (S. C. C. & R. C.)

[Cases in which the plaint may be rejected or amended.]

LVIII. The plaint may at the discretion of the Court, and at any time before the decree is passed, be rejected, returned for amendment within a time to be fixed by the Court, or amend-

সমাজ, ইহাদের মধ্যে কাহারো দ্বারা কি কাহারো বিপক্ষ মোকদ্দমা হইলে ঐ ১ ও ২ প্রকরণে বাদির কি প্রতিবাদির নাম ও পদাদির বৃত্তান্ত না লিখিয়া তাহার পরিবর্ত্তে "ভারতবর্ষের পক্ষ ষ্টেট সেক্রেটারী সাহেব" অথবা "গবর্ণমেণ্ট" অথবা "অমুক স্থানের কালেক্টর" কি অন্য কার্য্যকারক, অথবা চার্টরপ্রাপ্ত সমাজের নাম কি সেই অন্য সমাজের কার্য্যকারক কি ট্রষ্টির নাম লিখিতে হইবে। এতদ্ভিন্ন অন্য সকল মোকদ্দমায় যাবতীয় পক্ষ ব্যক্তিদের নাম সবিশেষে লেখা আবশ্যক হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[নালিশপত্রে স্বাক্ষর করিয়া তাহা দৃঢ়ী করণের কথা।]

৫৪ ধারা। নালিশপত্রে বাদী ও তাঁহার আডবোকেট থাকিলে সেই আডবোকেটও স্বাক্ষর করিবেন, ও তাহার নিম্নে বাদী পশ্চাৎ লিখিত পাঠে কি তাহার মর্ম্মমতে তাহা দৃঢ় করিবেন, যথা—

"উপরি লিখিত নালিশপত্রে নামলব্ধ বাদী অমুক আমি ইহা জানাইতেছি যে ইহার মধ্যে লিখিত কথা সকল আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য বটে" ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[বাদী নালিশপত্রে স্বাক্ষর করিয়া তাহা দৃঢ় করিতে না পারিবার স্থলের কথা।]

৫৫ ধারা। বাদী অনুপস্থিত থাকাতে কি অন্য উপযুক্ত কারণে যদি নালিশপত্রে স্বাক্ষর করিতে ও তাহা দৃঢ় করিতে না পারেন, তবে আদালত যে কোন ব্যক্তিকে ঐ দৃঢ়ীকরণে সক্ষম জ্ঞান করেন, তাঁহাকে বাদির পক্ষে ঐ নালিশপত্রে স্বাক্ষর করিয়া তাহা দৃঢ় করিবার অনুমতি দিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[গবর্ণমেণ্ট কি ষ্টেট সেক্রেটারী সাহেব যে মোকদ্দমা করেন তাহার কথা।]

৫৬ ধারা। গবর্ণমেণ্ট কিম্বা ভারতবর্ষের পক্ষ ষ্টেট সেক্রেটারী সাহেব যদি মোকদ্দমা করেন, তবে সেই মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা যায় সেই আদালতে নিযুক্ত গবর্ণমেণ্টের আডবোকেট অথবা তদ্রূপ আডবোকেটের অভাবে নালিশপত্র দাখিলকারী আডবোকেট যদি নালিশপত্রে স্বাক্ষর করিয়া তাহা দৃঢ় করেন, তবে তাহাই যথেষ্ট হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[চার্টরপ্রাপ্ত কি অন্য সমাজদ্বারা যে মোকদ্দমা হয় তাহার কথা।]

৫৭ ধারা। চার্টরপ্রাপ্ত কোন সমাজদ্বারা, কি যাহার পক্ষে কি বিপক্ষে তাহার কোন কার্য্যকারকের কি ট্রষ্টির নাম ধরিয়া মোকদ্দমা হইতে পারে, এমত কোন সমাজদ্বারা মোকদ্দমা হইলে, উক্ত চার্টরপ্রাপ্ত কি অন্য সমাজের যে কোন ডাইরেক্টর কি সেক্রেটারী কি অন্য প্রধান কার্য্যকারক মোকদ্দমা সম্পর্কীয় ঘটনার বিষয়ে সাক্ষ্য দিতে সমর্থ হন, তিনি সেই চার্টরপ্রাপ্ত কি অন্য সমাজের পক্ষে নালিশপত্রে স্বাক্ষর করিয়া তাহা দৃঢ় করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[যেং স্থলে নালিশপত্র অগ্রাহ্য হইবে কি তাহা সংশোধন করিতে হইবে তাহার কথা।]

৫৮ ধারা। নালিশপত্রের পশ্চাৎ লিখিত কোন দোষপ্রযুক্ত তাহা ডিক্রী জারী হইবার পূর্ব্ব কোন সময়ে আদালতের বিবেচনামতে অগ্রাহ্য হইতে পারিবে, অথবা আদালতের নিরূপণীয় কালের মধ্যে সংশো-

ed then and there, upon such terms as to the payment of costs occasioned by the amendment as the Court shall think fit.

(1.) If it do not state correctly and without prolixity the several particulars hereinbefore required to be specified therein.

(2.) If it contain any particulars other than those so required.

(3.) If it be not subscribed and verified as hereinbefore required.

(4.) If it do not disclose a cause of action; or

(5.) If the cause of action appear from the statement in the plaint to be barred by lapse of time. (S. C. C. & R. C.)

[Cases in which the plaint shall be returned to be presented in the proper Court.]

LIX. The plaint shall be returned to be presented to the proper Court in the following cases :—

(1.) If a suit shall have been instituted in a Court whose grade is lower or higher than that of the Court competent to try it where such Court exists, or where no option as to the selection of the Court shall be allowed by law.

(2.) If in a suit relating to immovable property, it appear that no part of such property is situate within the local limits of the Court.

(3.) If in a suit relating to immovable property, it appear that such property has been adjudged by competent authority to be situate within the local limits of the jurisdiction of another Court.

(4.) If in any other case it appear that the cause of action did not arise and that none of the defendants are dwelling or carrying on business or personally working for gain within the local limits of the jurisdiction of the Court. (S. C. C. & R. C.)

[Cases in which the plaint shall be rejected.]

LX. The plaint shall be rejected in the following cases :—

(1.) If the claim is under-valued and the plaintiff, on being required by the Court to correct the valuation within a time to be fixed by the Court, shall fail to do so.

(2.) If the claim is properly valued, but the plaint is written upon paper insufficiently stamped, and the plaintiff, on being required by the Court to supply the requisite stamp paper, within a time to be fixed by the Court, shall fail to do so.

খিত হইবার উপলক্ষে প্রত্যর্পিত হইতে পারিবে, অথবা তখনই সংশোধিত হইতে পারিবে। সংশোধনজন্য খরচ দিবার যে নিয়ম আদালত উপযুক্ত জ্ঞান করেন সেই নিয়ম করিতে পারিবেন। উক্ত দোষ এই২ অর্থাৎ—

(১) পূর্ব্বলিখিত বিধানানুসারে নালিশপত্রে বিশেষ যে২ কথার বৃত্তান্ত লিখিতে হয়, তাহা যথার্থ না হইলে কি নিষ্প্রয়োজনে বিস্তারিত হইলে।

(২) উক্ত বিধানমতে প্রয়োজনীয় কথা ভিন্ন অন্য কথার বৃত্তান্ত থাকিলে।

(৩) পূর্ব্বোক্ত বিধানমতে স্বাক্ষরীকৃত ও দৃঢ়ীকৃত না হইলে।

(৪) বিবাদের হেতু তাহাতে প্রকাশ না পাইলে।

(৫) নালিশপত্রের বৃত্তান্তদ্বারা বিবাদের হেতু কালাতিবাহনক্রমে অগ্রাহ্য বলিয়া প্রতীয়মান হইলে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)।

[যে২ স্থলে নালিশপত্র উপযুক্ত আদালতে উপস্থিত করণোপলক্ষে প্রত্যর্পণ করিতে হইবে তাহার কথা।]

৫৯ ধারা। পশ্চাৎ লিখিত কএক স্থলে নালিশপত্র উপযুক্ত আদালতে উপস্থিত করণোপলক্ষে প্রত্যর্পণ করিতে হইবে।

(১) মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন আদালত থাকিলেও কিম্বা বিশেষ কোন আদালত মনোনীত করিবার অনুমতি ব্যবস্থাদ্বারা দত্ত না হইলেও, যদি তদ্বিচার করিতে ক্ষমতাপন্ন আদালত অপেক্ষা উচ্চতর কি নিম্নতর শ্রেণীর আদালতে মোকদ্দমা উপস্থিত করা যায়।

(২) স্থাবর সম্পত্তি বিষয়ক মোকদ্দমা হইলে যদি ইহা প্রকাশ পায় যে উক্ত সম্পত্তির কোন অংশ সেই আদালতের স্থানীয় সীমার অন্তর্গত নয়।

(৩) অস্থাবর সম্পত্তি বিষয়ক মোকদ্দমা হইলে যদি ইহা প্রকাশ পায় যে সেই সম্পত্তি অন্য আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমান্তঃপাতী, ইহা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের বিচারাজ্ঞাতে স্থির হইয়াছে।

(৭) অন্য কোন স্থলে যদি ইহা প্রকাশ পায় যে আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে বিবাদের হেতু উৎপন্ন হয় নাই, ও প্রতিবাদিদের মধ্যে কেহ তথায় বাস করেন না কি ব্যবসায় চালান না কি লাভার্থে আপনি পরিশ্রম করেন না ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[যে২ স্থলে নালিশপত্র অগ্রাহ্য করিতে হইবে তাহার কথা।]

৬০ ধারা। পশ্চাৎ লিখিত কএক স্থলে নালিশপত্র অগ্রাহ্য করিতে হইবে।

(১) প্রকৃত মূল্য অপেক্ষা দাওয়ার ন্যূন মূল্য ধরা গেলে যদি আদালতের নিরূপণীয় কালের মধ্যে মূল্যের কথা সংশোধনের আজ্ঞা আদালতের স্থানে প্রাপ্ত হইয়াও বাদী তাহা না করেন।

(২) দাওয়ার উপযুক্ত মূল্য ধরা গেলে, কিন্তু নালিশপত্রে অপর্য্যাপ্ত মূল্যের ষ্ট্যাম্প দেওয়া গেলে যদি আদালতের নিরূপণীয় কালের মধ্যে উপযুক্ত ষ্ট্যাম্পের কাগজ দিবার আজ্ঞা আদালতের স্থানে পাইয়াও বাদী তাহা না দেন।

(3.) If in the case mentioned in Section 63, the plaintiff fail to furnish security for the payment of the costs that may be incurred by the defendants. (S. C. C. & R. C.)

[Procedure where there are several defendants, some of whom dwell without the jurisdiction.]

LXI. If in any suit there are more defendants than one, and at the date of the institution of the suit any of the defendants shall not dwell within the local limits of the jurisdiction of the Court in which the suit is brought, but one or more of the defendants shall dwell within such limits, the suit shall not be ejected as against the defendant or defendants so dwelling, by reason of any of the defendants not dwelling within the local limits of the jurisdiction of the Court. (S. C. C. & R. C.)

[When rejection of plaint does not preclude presentation of fresh plaint.]

LXII. The rejection of the plaint on any of the grounds hereinbefore mentioned shall not preclude the plaintiff from presenting a fresh plaint in respect of the same cause of action, if not barred by the law of limitations. (S. C. C. & R. C.)

[When security for costs is to be furnished by plaintiff at the time of presenting the plaint.]

LXIII. When the plaintiff ordinarily dwells out of British India, and does not possess any sufficient immovable property within British India independent of the property in suit, he shall, on presenting the plaint or within such time as the Court shall order, furnish security for the payment of the cost that may be incurred by the defendant. (S. C. C.)

[When security for costs may be required from the plaintiff at any stage of suit.]

LXIV. If at any subsequent stage of a suit it shall appear to the Court that a sole plaintiff is, or that all the plaintiffs (when there are more plaintiffs than one) are, residing out of British India, and such plaintiff or plaintiffs shall not possess any sufficient immovabe property within British India independent of the property in suit, the Court may order the plaintiff or plaintiffs, within a time to be fixed by the order, to give security for the payment of all costs incurred and likely to be incurred by the defendant. In the event of such security not being furnished within the time so fixed, the Court shall passa

(৩) যদি ৬৩ ধারার উল্লিখিত স্থলে প্রতিবাদিদের কর্ত্তৃক ব্যয়ঘটিত খরচা দিবার প্রতিভূ বাদী না দেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[অনেক প্রতিবাদী থাকিলে যদি তাঁহাদের মধ্যে কেহ২ বিচারাধিপত্যের বাহিরে বাস করেন, তবে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৬১ ধারা। যে মোকদ্দমাতে অনেক প্রতিবাদী আছেন, এমত মোকদ্দমা কোন আদালতে উপস্থিত করিলে, যদি মোকদ্দমা উপস্থিত করণের তারিখে প্রতিবাদিদের মধ্যে এক কি অনেক জন ঐ আদালতের স্থানীয় সীমার মধ্যে বাস না করেন, অথচ অপর এক কি অনেক জন প্রতিবাদী যদি উক্ত সীমার মধ্যে বাস করেন, তবে সেই মোকদ্দমা যে পর্য্যন্ত তত্র নিবাসি এক কি অনেক জন প্রতিবাদির বিপক্ষ মোকদ্দমা হয়, সেই পর্য্যন্ত এক কি অনেক জন প্রতিবাদির ঐ আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে বাস না করা প্রযুক্ত তাহা যে অগ্রাহ্য হইবে এমন নয় ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[যেং স্থলে নালিশপত্র অগ্রাহ্য হইলেও নূতন নালিশপত্র উপস্থিত হইবার বাধা হয় না তাহার কথা।]

৬২ ধারা। পূর্ব্বোক্ত কোন কারণে নালিশপত্র অগ্রাহ্য হইলেও সেই বিবাদের হেতুবিষয়ক নূতন নালিশপত্র উপস্থিত করিতে বাদির অন্য কোন বাধা হইবে না, কেবল তামাদির আইনদ্বারা বাধা জন্মিতে পারিবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[যেং স্থলে নালিশপত্র সমর্পণ কালে বাদিকর্ত্তৃক খরচার প্রতিভূ হয় তাহার কথা।]

৬৩ ধারা। যে বাদির নিয়ত বাসস্থান ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত, মোকদ্দমার বিষয় ভিন্ন তাঁহার অন্য প্রচুর স্থাবর সম্পত্তি যদি ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে না থাকে, তবে সেই মোকদ্দমাতে প্রতিবাদির যে খরচ হইবার সম্ভাবনা তৎপোষণার্থ প্রতিভূ নালিশপত্র সমর্পণ কালে কি আদালতের নিরূপণীয় সময়ের মধ্যে ঐ বাদির দিতে হইবে ইতি। (ক্ষু মো আ)

[যেং স্থলে মোকদ্দমা চলিবার কোন সময়ে খরচার প্রতিভূ দিবার আজ্ঞা বাদিকে দেওয়া যাইতে পারে তাহার কথা।]

৬৪ ধারা। কেবল এক জন বাদী হইলে তাঁহার, কিম্বা অনেক বাদী হইলে তাঁহাদের সকলের বাসস্থান যে ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত, এবং মোকদ্দমার বিষয় ভিন্ন তাঁহার কি তাঁহাদের অন্য প্রচুর স্থাবর সম্পত্তি ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে নাই, ইহা যদি মোকদ্দমা চলিবার কোন সময়ে আদালতের জ্ঞানগোচর হয়, তবে প্রতিবাদির যে সকল খরচা হইয়াছে ও হইবার সম্ভাবনা আছে, তৎপোষণার্থ প্রতিভূ আজ্ঞাতে নিরূপণীয় সময়ের মধ্যে দিবার আদেশ আদালত উক্ত বাদিকে কি বাদিদিগকে দিতে পারিবেন। সেই নিরূপিত কালের মধ্যে প্রতিভূ না দিলে যদি ১৪৩ ধারার বিধানানুসারে মোকদ্দমা হইতে নিবৃত্ত হইবার অনুমতি বাদিকে কি বাদিদিগকে

decree against the plaintiff or plaintiffs by default, unless he or they be permitted to withdraw from the suit under the provisions of Section 143.

Explanation.—A person is considered to be resident out of British India, within the meaning of the last two preceding Sections who leaves British India for a purpose which is likely to keep him abroad for such a length of time that there is no reasonable probability that he will be forthcoming when he may be called upon to pay the costs incurred by the defendant in the suit. (S. C. C.)

[Procedure in a suit for immovable property in different jurisdictions.]

LXV. If the suit be for immovable property situate partly within the jurisdiction of the Court and partly within the jurisdiction of some other Court, the Court shall proceed according to the rules contained in Section 20, Section 21, or Section 22, as the case may be.

[When the plaint is admissible, particulars to be entered in the Register. Form of the Register.]

LXVI. If the Court consider the plaint admissible, the particulars mentioned in Section 53 shall be entered in a book to be kept for the purpose, and called the Register of Civil suits. The entries shall be numbered in every year according to the order in which the plaint is presented. The Register shall be kept in the form contained in the Schedule B annexed to this Code. (S. C. C. & R. C.)

[Written document on which plaintiff sues, if in his own possession or power, to be produced when plaint is presented. And copy filed with plaint. If plaintiff wish, original may be filed instead of copy. List of other documents at foot of plaint.]

LXVII. If a plaintiff sue upon a written document in his own possession or power, he shall produce such document in Court when the plaint is presented, and shall at the same time deliver a copy of the document to be filed with the plaint. Such copy shall have the stamp prescribed for Petitions where a stamp is required for petitions. The plaintiff may, if he think proper, deliver the original document to be filed instead of a copy. If he rely on any other documents as evidence in support of his claim, he shall enter a list of such documents at the foot of the plaint. (S. C. C. & R. C.)

দেওয়া না যায়, তবে আদালত তাঁহার কি তাঁহাদের বিপক্ষে ত্রুটিঘটিত ডিক্রী করিবেন।

ব্যাখ্যা। কোন ব্যক্তি যে অভিপ্রায়ে ব্রিটনীয় ভারতবর্ষ ত্যাগ করেন, তৎক্রমে যদি তাঁহার এত বিলম্ব হইবার সম্ভাবনা হয়, যে মোকদ্দমার প্রতিবাদির কৃত খরচ দিবার আজ্ঞাপ্রাপ্তি কালে তাঁহার উপস্থিত হইবার যুক্তিসিদ্ধ প্রত্যাশা না থাকে, তবে ইহার অব্যবহিত পূর্ব্ব দুই ধারার অর্থানুসারে সেই ব্যক্তি ব্রিটনীয় ভারতবর্ষের বাহিরে বাসকারী বলিয়া গণ্য হইবেন ইতি। (ক্ষু মো আ)

[ভিন্ন২ বিচারাধিপত্যের সীমান্তর্গত স্থাবর সম্পত্তি বিষয়ক মোকদ্দমায় কার্য্যপ্রণালীর কথা।]

৬৫ ধারা। কোন আদালতে স্থাবর সম্পত্তি বিষয়ক মোকদ্দমা হইলে যদি সেই সম্পত্তির এক অংশ তাঁহার বিচারাধিপত্যের, ও অন্য অংশ অন্য আদালতের বিচারাধিপত্যের সীমার মধ্যে থাকে, তবে আদালত বিষয়বিশেষ বুঝিয়া ২০ কি ২১ কি ২২ ধারার বিধ্যনুসারে কার্য্য করিবেন ইতি।

[নালিশপত্র গ্রাহ্য হইলে তন্নির্দ্দিষ্ট বিশেষ২ কথা রেজিস্টরে লিখিবার কথা, ও সেই রেজিস্টরের পাঠের কথা।]

৬৬ ধারা। যদি আদালত নালিশপত্র গ্রাহ্য জ্ঞান করেন, তবে ৫৩ ধারার নির্দ্দিষ্ট সকল কথা বিশেষ এক বহীতে লিখিতে হইবে। এই বহী সেই অভিপ্রায়ে রাখা যাইবে, ও "দেওয়ানী মোকদ্দমার রেজিস্টর" তাহার এই নাম হইবে। প্রতি বৎসরের নালিশপত্র সকল যে ক্রমে দাখিল করা যায়, সেই ক্রমে নম্বর দিয়া এক২ নালিশের কথা লিখিতে হইবে। এই আইনের শেষভাগের B চিহ্নিত তফসীলের পাঠানুসারে সেই রেজিস্টর লিখিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[বাদী যে নিদর্শনপত্রের বলে নালিশ করেন, তাহা যদি তাঁহার হস্তে কি ক্ষমতাতে থাকে, তবে নালিশপত্র সমর্পণ কালে তাহা উপস্থিত করিবার, ও নালিশপত্রের সহিত তাহার প্রতিলিপি নথীতে দিবার কথা। ও বাদির ইচ্ছামতে প্রতিলিপির পরিবর্ত্তে আসল নিদর্শনপত্র নথীতে দিবার কথা, ও নালিশপত্রের শেষ ভাগে অন্যান্য নিদর্শনপত্রের ফর্দ্দ লিখিবার কথা।]

৬৭ ধারা। বাদী কোন নিদর্শনপত্রের উপর নালিশ করিলে যদি তাহা তাঁহার নিজ হস্তে কি ক্ষমতাতে থাকে, তবে তিনি নালিশপত্র সমর্পণ কালে সেই নিদর্শনপত্রও আদালতে উপস্থিত করিবেন, ও সেই সময়ে নালিশপত্রের সহিত গাঁথিয়া রাখিবার জন্যে নিদর্শনপত্রের প্রতিলিপি দাখিল করিবেন। প্রার্থনাপত্রে ইষ্টাম্প লাগিলে প্রার্থনাপত্রের জন্যে আজ্ঞাপিত ইষ্টাম্প সেই প্রতিলিপিতে দিতে হইবে। বাদির ভাল বোধ হইলে তিনি নথীতে গাঁথিয়া রাখিবার জন্যে প্রতিলিপি দাখিল না করিয়া আসল নিদর্শনপত্র দাখিল করিতে পারিবেন। যদি তিনি নিজ দাওয়ার পোষক প্রমাণরূপে অন্য২ নিদর্শনপত্রের উপর নির্ভর করেন, তবে নালিশপত্রের শেষভাগে তদ্রূপ সকল নিদর্শনপত্রের ফর্দ্দ লিখিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ

[Shop-book, &c., to be produced.]

LXVIII. If the document on which the plaintiff sues be an entry in a shop-book or other book, the plaintiff shall produce the book to the Court, together with a copy of the entry on which he relies. Such copy shall bear the stamp prescribed for petitions where a stamp is required for petitions. (S. C. C. & R. C.)

[Original document to be marked and returned.]

LXIX. The Court shall forthwith mark the document for the purpose of identification; and after examining and comparing the copy with the original, shall return the document to the plaintiff. (S. C. C. & R. C.)

[Document not produced when plaint filed inadmissible in evidence without leave of Court.]

LXX. No document required to be produced in Court by the plaintiff when the plaint is presented, or to be entered at the foot of the plaint, and not produced or entered accordingly, shall be received in evidence on his behalf at the hearing of the suit without the sanction of the Court. (S. C. C. & R. C.)

[Procedure to compel production of document in possession of defendant.]

LXXI. If the plaintiff require the production of any written document in the possession or power of the defendant, he may, at the time of presenting the plaint, deliver to the Court a description of the document, and apply that the defendant may be required to produce the same, and the Court shall have power to compel such production. (S. C. C. & R. C.)

Of Summoning the Defendant.

[On plaint being registered, summons to issue to defendant to appear and answer on a specified day.]

LXXII. After the plaint has been registered, a summons, under the signature of the Judge or of the Registrar or Clerk of the Court, and under the seal of the Court, shall be issued to the defendant to appear and answer the claim, on a day to be therein specified, in person or by an Advocate duly instructed and able to answer all material questions relating to the suit, or by an Advocate who shall be accompanied by some other person able to answer all such questions. (S. C. C. & R. C.)

[দোকানের খাতা ইত্যাদি উপস্থিত করিবার কথা।]

৬৮ ধারা। বাদী যাহার বলে নালিশ করেন সেই নিদর্শনপত্র যদি দোকানের খাতাতে কি অন্য বহীতে লিখিত কথা হয়, তবে বাদী সেই যে কথার উপর নির্ভর করেন তাহার এক খান প্রতিলিপির সহিত ঐ বহী আদালতে উপস্থিত করিবেন। প্রার্থনাপত্রে ইষ্টাম্প লাগিলে প্রার্থনাপত্রের জন্যে আজ্ঞাপিত ইষ্টাম্প সেই প্রতিলিপিতে দিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[আসল নিদর্শনপত্রে চিহ্ন দিয়া তাহা ফিরিয়া দিবার কথা।]

৬৯ ধারা। আদালত সেই নিদর্শনপত্র চিনিবার নিমিত্তে তৎক্ষণাৎ তাহাতে উপযুক্ত চিহ্ন দিবেন, এবং প্রতিলিপি দেখিয়া আসল লিপির সহিত মিলাইলে পর বাদিকে নিদর্শনপত্র ফিরিয়া দিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[নালিশপত্র সমর্পণকালে যে নিদর্শনপত্র উপস্থিত করা যায় নাই, আদালতের বিশেষ অনুমতি ব্যতিরেকে তাহা প্রমাণের অভিপ্রায়ে অগ্রাহ্য হইবে ইহার কথা।]

৭০ ধারা। নালিশপত্র সমর্পণকালে যে কোন নিদর্শনপত্র আদালতে উপস্থিত করা কিম্বা নালিশপত্রের শেষভাগের ফর্দ্দে উল্লেখ করা বাদির উচিত ছিল, তাহা সেই প্রকারে উপস্থিত করা না গেলে কি উল্লিখিত না হইলে মোকদ্দমা শ্রবণ কালে আদালতের অনুমতি বিনা তাহা বাদির পক্ষ প্রমাণরূপে গ্রাহ্য হইবে না ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিবাদির হস্তগত কোন নিদর্শনপত্র উপস্থিত করিবার কার্য্যপ্রণালীর কথা।]

৭১ ধারা। প্রতিবাদির হস্তে কি ক্ষমতাতে স্থিত কোন নিদর্শনপত্র উপস্থিত করান যদি বাদির আবশ্যক বোধ হয়, তবে তিনি নালিশপত্র সমর্পণকালে আদালতের নিকটে সেই নিদর্শনপত্রের বর্ণনা দাখিল করিয়া এই প্রার্থনা করিতে পারিবেন যে প্রতিবাদিকে তাহা উপস্থিত করণের আজ্ঞা দেওয়া যায়। তাহাতে আদালত আজ্ঞার বলে তাহা উপস্থিত করাইতে ক্ষমতাপন্ন হইবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

প্রতিবাদিকে সমন করিবার বিধি।

[নালিশপত্র রেজিষ্টরী করা গেলে নিরূপিত দিনে উপস্থিত হইয়া উত্তর দিবার সমন প্রতিবাদির নামে জারী করিতে হইবার কথা।]

৭২ ধারা। নালিশপত্র রেজিষ্টরী হইলে পর আদালতের বিচারকর্ত্তাদ্বারা অথবা আদালতের রেজিষ্ট্রার কি ক্লার্কদ্বারা স্বাক্ষরীকৃত ও আদালতের মোহরে মোহরাঙ্কিত সমন প্রতিবাদির নামে জারী করিতে হইবে, তদ্দ্বারা তাঁহার প্রতি এই আদেশ হইবে যে তন্মধ্যে নিরূপিত দিবসে নালিশের উত্তর দিবার জন্যে তিনি আপনি উপস্থিত হইবেন, অথবা যিনি যথোচিত আদেশপ্রাপ্ত ও মোকদ্দমাবিষয়ক গুরুতর প্রশ্ন সকলের উত্তর দেওনে সমর্থ, এমত কোন আডবোকেটদ্বারা, কিম্বা উক্ত সকল প্রশ্নের উত্তর দেওনে সমর্থ অন্য কোন ব্যক্তি যাঁহার সঙ্গী এমত কোন আডবোকেটদ্বারা উপস্থিত হইবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[Court may order defendant or plaintiff to appear in person.]

LXXIII. If the Court see reason to require the personal appearance of the defendant, the summons shall order him to appear in person in Court on the day therein specified. If the Court see reason to require the personal appearance of the plaintiff on the same day, it may make an order for such appearance. (S. C. C. & R. C.)

[Court may order personal appearance of a Director, Secretary or Officer in suits against a Corporation or Company.]

LXXIV. In suits by or against a Corporation or a Company authorized to sue and be sued in the name of an Officer or of a Trustee, the Court may require the personal appearance of any Director, Secretary, or other Principal Officer of the Corporation or Company who may be able to answer all material questions relating to the suit. (S. C. C. & R. C.)

[No party to be ordered to appear in person unless resident within 50 miles. Or within the local jurisdiction of the Court: or unless there be railway communication.]

LXXV. No plaintiff or defendant shall be ordered to appear in person, who at the time is *bonâ fide* residing at a distance of more than fifty miles from the place where the Court is held, unless he be resident within the local limits of the jurisdiction of the Court; or unless railway communication exist between the place where he resides and the place where the Court is held, or within a convenient distance from such places in which case the Court shall have a discretion as to making such order. (S. C. C. & R. C.)

[Summons to be either to settle the issues, or for final disposal.]

LXXVI. The Court shall determine, at the time of issuing the summons, whether it shall be for the settlement of issues only, or for the final disposal of the suit, and the summons shall contain a direction accordingly.

[In cases cognizable in Small Cause Courts, summons to be for final disposal.]

LXXVII. In every suit cognizable under any law by Courts of Small Causes, the summons to the defendant shall be for the final disposal of the suit. (S. C. C. & R. C.)

[Fixing day for appearance of defendant.]

LXXVIII. The day for the appearance of the defendant shall be fixed by the Court with refer-

[প্রতিবাদির কি বাদির স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা দিতে আদালতের ক্ষমতার কথা।]

৭৩ ধারা। প্রতিবাদী যেন স্বয়ং উপস্থিত হন, আদালত এমন আজ্ঞা দিবার প্রয়োজন দেখিলে সমনদ্বারা প্রতিবাদির প্রতি এই আদেশ হইবে যে তন্মধ্যে নিরূপিত দিনে তিনি স্বয়ং আদালতে উপস্থিত হইবেন। ও সেই দিনে বাদী যেন স্বয়ং উপস্থিত হন, আদালত এমত আজ্ঞা দিবার প্রয়োজন দেখিলে তাঁহাকেও স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা দিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[চার্টরপ্রাপ্ত কি অন্য সমাজের বিপক্ষ মোকদ্দমায় ডাইরেকটরকে কি সেক্রেটারীকে কি কার্য্যকারককে স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা দিতে আদালতের ক্ষমতার কথা।]

৭৪ ধারা। চার্টরপ্রাপ্ত কোন সমাজের নামে কিম্বা যাহার পক্ষে কি বিপক্ষে তাহার কোন কার্য্যকারকের কি ট্রষ্টির নাম ধরিয়া মোকদ্দমা হইতে পারে এমত কোন সমাজের পক্ষে কি বিপক্ষে মোকদ্দমা হইলে, সেই চার্টরপ্রাপ্ত কি অন্য সমাজের যে ডাইরেকটর কি সেক্রেটারী কি অন্য প্রধান কার্য্যকারক মোকদ্দমা বিষয়ক গুরুতর প্রশ্ন সকলের উত্তর দেওনে সমর্থ হন, তাঁহাকে আদালত স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা দিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[যে পক্ষ ব্যক্তির বাসস্থান পঞ্চাশ মাইলের অধিক দূর, তিনি আদালতের বিচারাধিপত্যের সীমার মধ্যে বাস না করিলে কিম্বা রেলওয়ে গাড়ীতে গমনাগমনের উপায় না থাকিলে, তাঁহাকে স্বয়ং আদালতে উপস্থিত হইবার আজ্ঞা দিতে হইবে না ইহার কথা।]

৭৫ ধারা। আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে বাসকারি ভিন্ন অন্য যে কোন বাদির কি প্রতিবাদির প্রকৃত বাসস্থান আদালতের অধিবেশনস্থানহইতে পঞ্চাশ মাইলের অধিক দূরবর্ত্তী, তাঁহাকে স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা দিতে হইবে না। তথাপি যদি তাঁহার বাসস্থান ও আদালতের অধিবেশনস্থানের মধ্যে কিম্বা উক্ত স্থানের সুবিধাজনক নৈকট্যে রেলওয়ের গাড়ীতে গমনাগমন করিবার উপায় থাকে, তবে আদালত স্বীয় বিবেচনামতে এমত আজ্ঞা দিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[ইস্যু অবধারণ অথবা মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করণের নিমিত্তে সমন হইবার কথা।]

৭৬ ধারা। কেবল ইস্যু অবধারণের নিমিত্তে কিম্বা মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে সমন হইবে, এই বিষয় আদালত সমন জারী করিবার সময়ে নিশ্চয় করিবেন, ও তদনুরূপ আদেশ সমনে লিখিত থাকিবে ইতি।

[ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য মোকদ্দমা হইলে কেবল চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে সমন হইবার কথা।]

৭৭ ধারা। যে মোকদ্দমা কোন আইনমতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য হয়, তাহাতে মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তেই প্রতিবাদির প্রতি সমন হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিবাদির উপস্থিত হইবার দিন নিরূপণের কথা।]

৭৮ ধারা। আদালত প্রতিবাদির বাসস্থান ও সমন সমর্পণার্থে প্রয়োজনীয় কাল বিবেচনা করিয়া তদনু-

ence to the place of residence of the defendant and the time necessary for the service of the summons; and the day shall be so fixed as to allow the defendant a sufficient time to enable him to appear and answer on such day. (S. C. C. & R. C.)

[Summons to appear and answer shall order defendant to produce documents required by plaintiff or relied on by defendant.]

LXXIX. The summons to appear and answer shall order the defendant to produce any written document in his possession or power, of which the plaintiff demands inspection, or upon which the defendant intends to rely in support of his case. (S. C. C. & R. C.)

[On issue of summons for final disposal, parties to be directed to produce their witnesses.]

LXXX. When the summons is for the final disposal of the suit, it shall direct the defendant to produce on the day fixed for his appearance the witnesses upon whose evidence he intends to rely in support of his case. A similar direction shall be given to the plaintiff at the time of issuing the summons. (S. C. C. & R. C.

[Form of summons.]

LXXXI. The summons shall be in the form contained in the Schedule C annexed to this Code or to the like effect and shall contain a demand of the costs incurred to the time of payment. (S. C. C. & R. C.)

SERVICE OF SUMMONS ON THE DEFENDANT.

[Summons shall be served by Officer of Court.]

LXXXII. The summons shall be delivered to the proper Officer of the Court, to be served by him or one of his subordinates. (S. C. C. & R. C.)

[Mode of service.]

LXXXIII. Service of the summons shall be made by delivering or tendering a copy thereof under the signature of the Judge or of the Registrar or Clerk of the Court and under the seal of the Court. (S. C. C. & R. C.)

[When there are several defendants.]

LXXXIV. When there are more defendants than one, service of the summons shall be made on each defendant: Provided that if the defendants

সারে প্রতিবাদির উপস্থিত হওনের দিবস নিরূপণ করিবেন, ফলতঃ প্রতিবাদিকে সেই দিনে উপস্থিত হইয়া উত্তর দিবার জন্যে উপযুক্ত অবকাশ দিয়া সেই দিন নিরূপণ করিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[উপস্থিত হইয়া উত্তর দিবার যে সমন তাহাতে বাদির প্রার্থিত কি প্রতিবাদির নির্ভর করিবার যোগ্য নিদর্শনপত্র উপস্থিত করিবার আজ্ঞা প্রতিবাদিকে দিবার কথা।]

৭৯ ধারা। বাদী যাহার নিরীক্ষণ প্রার্থনা করেন, কিম্বা যাহার উপরে নিজ মোকদ্দমাক্রমে নির্ভর করিতে প্রতিবাদির অভিপ্রায় আছে, এমত কোন নিদর্শনপত্র যদি প্রতিবাদির হস্তে কি ক্ষমতাতে থাকে, তবে যে সমনদ্বারা তাঁহার প্রতি উপস্থিত হইয়া উত্তর দিবার আদেশ হয় তদ্দ্বারা সেই নিদর্শনপত্রও উপস্থিত করিবার আজ্ঞা তাঁহাকে দেওয়া যাইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে সমন জারী হইলে উভয় পক্ষকে আপন২ সাক্ষী আনিবার আজ্ঞা দিবার কথা।]

৮০ ধারা। যদি মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত সমন হয়, তবে প্রতিবাদির উপস্থিত হইবার নিরূপিত দিনে প্রতিবাদী নিজ মোকদ্দমাক্রমে যাহাদের সাক্ষ্যের উপর নির্ভর করিবার মনস্থ করেন, আপনার সেই সাক্ষিদিগকে আনিবার আজ্ঞা সেই সমনদ্বারা প্রতিবাদিকে দিতে হইবে। এবং সমন জারী করণ সময়ে বাদিকেও তদ্রূপ আজ্ঞা দিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[সমনের পাঠ।]

৮১ ধারা। এই আইনের শেষভাগের C চিহ্নিত তফসীলের পাঠানুসারে কি তাহার মর্ম্মানুসারে সমন লিখিতে হইবে, এবং পরিশোধের কাল পর্য্যন্ত যে খরচ হয়, তাহার দাওয়াও তন্মধ্যে লিখিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

প্রতিবাদির প্রতি সমন সমর্পণের কথা।

[আদালতের কার্য্যকারকদ্বারা সমন সমর্পণের কথা।]

৮২ ধারা। সমনপত্র আদালতের উপযুক্ত কার্য্যকারককে দিতে হইবে, ও তিনি আপনি তাহা সমর্পণ করিবেন, নতুবা আপনার অধীন কোন কার্য্যকারকদ্বারা সমর্পণ করাইবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[সমন যে প্রকারে সমর্পণ করিতে হইবে তাহার কথা।]

৮৩ ধারা। বিচারকর্ত্তাদ্বারা কিম্বা আদালতের রেজিষ্ট্রার কি ক্লার্ক দ্বারা স্বাক্ষরীকৃত ও আদালতের মোহরে মোহরাঙ্কিত সমনের এমন এক খান প্রতিলিপি দেওনদ্বারা কি দিবার অভিপ্রায়ে দর্শানদ্বারা সমন সমর্পণ করিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[অনেক প্রতিবাদির স্থলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৮৪ ধারা। অনেক প্রতিবাদী থাকিলে প্রত্যেক প্রতিবাদির প্রতি সমন সমর্পণ করিতে হইবে। পরন্তু সেই প্রতিবাদিগণ সহাংশী হইলে যদি সহাংশিত্বমূলক কোন

are partners, and the suit relates to a partnership transaction, service on one defendant for himself and for the other defendants shall be sufficient, unless the Court shall otherwise direct. (S. C. C. & R. C.)

[Service to be on defendant in person, when practicable, or on duly empowered agent.]

LXXXV. Whenever it may be practicable, the service shall be on the defendant in person, unless he have an agent empowered to accept the service, in which case service on such agent shall be sufficient. (S. C. C. & R. C.)

[Service on agent by whom defendant carries on business.]

LXXXVI. In a suit relating to any business or work for gain, service on the servant or agent of the person carrying on such business or work shall be deemed to be good service upon such person, although he does not reside within the local limits of the jurisdiction of the Court from which the summons issues: Provided that such servant or agent at the time of service personally carries on the business or work for gain for such person within such limits. (S C. C.)

[If defendant cannot be found and has no agent, service may be made on a male member of his family.]

LXXXVII. If the defendant cannot be found and if he have no agent empowered to accept the service of the summons on his behalf, the service may be made on any adult male member of the family of the defendant who is residing with him.

Explanation.—A servant is not a member of the family within the meaning of this Section. (S. C. C. & R. C.)

[Person served to endorse the summons. Service sufficient though copy not affixed.]

LXXXVIII. When the summons is served on the defendant personally, or on an agent or other person on his behalf, the serving Officer shall require the signature of the person on whom the service shall be made, to an acknowledgment of service to be endorsed on the orginal summons or on a duplicate thereof signed and sealed as aforesaid. If such person refuse to sign the acknowledgment, the serving Officer may affix the copy of the summons on some conspicuous part of the house in which the defendant is dwelling, but the service of the summons shall be held sufficient if it be proved to the satisfaction of the Court, notwithstanding that a copy of the summons shall not have been so affixed. (S. C. C. & R. C.)

ব্যাপারের বিষয়ে মোকদ্দমা হয়, তবে আদালতের অন্য আজ্ঞার অভাবে এক জন প্রতিবাদিকে তাঁহার ও অন্য প্রতিবাদিদের জন্যে সমন সমর্পণ করিলে তাহা যথেষ্ট হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[সাধ্য হইলেই স্বয়ং প্রতিবাদিকে, নতুবা উচিত মতে ক্ষমতাপন্ন এজেন্টকে সমন সমর্পণ করিতে হইবার কথা।]

৮৫ ধারা। সাধ্য হইলেই স্বয়ং প্রতিবাদির প্রতি সমন সমর্পণ করিতে হইবে, কিন্তু সমন গ্রহণ করিবার ক্ষমতাপন্ন এজেন্ট তাঁহার থাকিলে সেই এজেন্টের প্রতি সমন সমর্পণ করিলে তাহা যথেষ্ট হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিবাদী যে এজেন্টের দ্বারা ব্যবসায় চালান তাঁহার প্রতি সমন সমর্পণ করিবার কথা।]

৮৬ ধারা। কোন ব্যবসায় কি লাভার্থ কর্ম্ম সম্পর্কীয় মোকদ্দমা হইলে, যে ব্যক্তি সেই ব্যবসায় কি কর্ম্ম চালান তাঁহার চাকরের কি এজেন্টের প্রতি সমন সমর্পণ করিলে তাহা সেই ব্যক্তির প্রতি উচিত সমর্পণ বলিয়া জ্ঞান হইবে। কিন্তু ইহার নিমিত্তে আবশ্যক যে সমন যে আদালতহইতে জারী হয় সেই ব্যক্তি তাঁহার বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে বাস না করিলে সমন সমর্পণ কালে সেই ব্যক্তির চাকর কি এজেন্ট তাঁহার পক্ষে উক্ত সীমার মধ্যে স্বয়ং সেই ব্যবসায় কি লাভার্থ কর্ম্ম চালান ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিবাদী অনুদ্দেশ্য হইলে ও তাঁহার এজেন্ট না থাকিলে তাঁহার পরিবারের কোন পুরুষের প্রতি সমন সমর্পিত হইতে পারিবার কথা।]

৮৭ ধারা। যদি প্রতিবাদির সন্ধান না পাওয়া যায় ও তাঁহার পক্ষে সমন গ্রহণ করিতে ক্ষমতাপন্ন এজেন্ট না থাকে, তবে তাঁহার পরিবারের মধ্যে বয়ঃপ্রাপ্ত যে কোন পুরুষ তাঁহার সঙ্গে বাস করেন, তাঁহার প্রতি সমন সমর্পিত হইতে পারিবে। (ক্ষু মো. আ, ও রা আ)

ব্যাখ্যা।—এই ধারার অর্থানুসারে চাকর পরিবারের মধ্যে গণ্য নন ইতি।

[যে ব্যক্তির প্রতি সমন সমর্পিত হইল, তাঁহাকে সমনপত্রের পৃষ্ঠে স্বাক্ষর করিতে হইবার কথা, ও প্রতিলিপি না লটকাইলেও সমর্পণ সিদ্ধ হইবার কথা।]

৮৮ ধারা। স্বয়ং প্রতিবাদির প্রতি কি তাঁহার প্রতিনিধিরূপে তাঁহার এজেন্টের কি অন্য ব্যক্তির প্রতি সমন সমর্পিত হইলে যে ব্যক্তির প্রতি তাহা সমর্পিত হইল তাঁহাকে সমর্পণকারি কার্য্যকারক এমত আজ্ঞা দিবেন যে তিনি সমর্পণের স্বীকারসূচক কথায় স্বাক্ষর করেন। উক্ত স্বীকারসূচক কথা আসল সমনপত্রের কিম্বা পূর্ব্বোক্তমতে স্বাক্ষরীকৃত ও মোহরাঙ্কিত তাহার এক খান প্রতিলিপির পৃষ্ঠে লিখিতে হইবে। উক্ত ব্যক্তি সেই স্বীকারসূচক কথায় স্বাক্ষর করিতে অসম্মত হইলে সমর্পণকারি কার্য্যকারক প্রতিবাদির তাৎকালিক বসতিগৃহের কোন প্রকাশ্য স্থানে উক্ত প্রতিলিপি লটকাইবেন। কিন্তু প্রতিলিপি উক্ত মতে লটকান না গেলেও যদি প্রকারান্তরে আদালতের সন্তোষমতে সমন সমর্পিত হইবার প্রমাণ পাওয়া যায়, তবে সেই সমর্পণ যথেষ্ট জ্ঞান হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[If summons cannot be served, copy be fixed on house.]

LXXXIX. If the defendant cannot be found and there is no agent empowered to accept the service of the summons on his behalf, nor any other person on whom the service can be lawfully made, the serving Officer shall fix the copy of the summons on some conspicuous part of the house in which the defendant is dwelling. (S. C. C. & R. C.)

[If defendant do not dwell in place mentioned, summons to be returned with endorsement of non-service. Proviso.]

XC. If the defendant is not dwelling in the place mentioned in the summons, the serving Officer shall return the summons to the Court from which it issued with an endorsement thereon that he has been unable to serve it: Provided that if the serving Officer is informed that the defendant is to be found or has his dwelling in a place within the local limits of the jurisdiction of the Court other than that mentioned in the summons, the Officer may proceed to that place to serve the summons, and may serve it there. (S. C. C. & R. C.)

[Endorsement of time and manner of service.]

XCI. The serving Officer shall, in all cases in which the summons has been served endorse on the original summons or on a duplicate thereof signed and sealed as aforesaid, the time when and the manner in which the summons was served, and such endorsement shall be evidence of the service of the summons. (S. C. C. & R. C.)

[When summons is returned unserved, Court to order substituted service if satisfied that defendant is avoiding service.]

XCII. When a summons is returned without having been served, if the plaintiff shall satisfy the Court that there is reasonable ground for believing that the defendant is keeping out of the way for the purpose avoiding the service, or if for any other reason the summons cannot be served, the Court shall order the summons to be served by affixing a copy thereof in some conspicuous place in the Court-house, and also upon some conspicuous part of the house in which the defendant shall have last resided, if it be known where he last resided; or that the summons shall be served in such other manner as the Court shall think proper. The service which shall be substituted by order of the Court, shall be as effectual as if it had been made in any of the modes hereinbefore mentioned. (S. C. C. & R. C.)

[সমন সমর্পণ করা অসাধ্য হইলে বসতিবাটীতে তাহার প্রতিলিপি লটকাইয়া দিবার কথা।]

৮৯ ধারা। যদি প্রতিবাদির সন্ধান না পাওয়া যায় ও তাঁহার পক্ষে সমন গ্রহণ করিতে ক্ষমতাপ্রাপ্ত কোন এজেন্ট কি যাঁহার প্রতি ব্যবস্থাসিদ্ধমতে তাহা সমর্পিত হইতে পারে এমত অন্য কোন ব্যক্তি না থাকেন, তবে সমর্পণকারি কার্য্যকারক প্রতিবাদির তাৎকালিক বসতিগৃহের কোন প্রকাশ্য স্থানে সমনের প্রতিলিপি খানি লটকাইয়া দিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিবাদী উল্লিখিত স্থানে বাস না করিলে সমন সমর্পিত হইল না, পৃষ্ঠে এমন কথা লিখিয়া তাহা ফিরিয়া দিবার কথা ও তদ্বিষয়ক উপনিয়ম।]

৯০ ধারা। সমনে যে স্থানের উল্লেখ হয়, প্রতিবাদী যদি সেই স্থানে বাস না করেন, তবে সমর্পণে নিযুক্ত কার্য্যকারক তাহার সমর্পণ অসাধ্য হইবার কথা তাহার পৃষ্ঠে লিখিয়া যে আদালতহইতে তাহা জারী হইয়াছিল সেই আদালতে তাহা ফিরিয়া দিবেন। পরন্তু সেই আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে অথচ সমনে নির্দ্দিষ্ট স্থান ভিন্ন অন্য কোন স্থানে প্রতিবাদির সন্ধান পাওয়া যায় কি তাঁহার বাসস্থান আছে, ইহা অবগত হইলে ঐ সমর্পণে নিযুক্ত কার্য্যকারক সমন সমর্পণার্থে সেই স্থানে গিয়া তাহা সমর্পণ করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[সমন যে সময়ে ও যে প্রকারে সমর্পিত হইল তাহা পৃষ্ঠে লিখিবার কথা।]

৯১ ধারা। কোন সমন সমর্পিত হইলে যে সময়ে ও যে প্রকারে তাহা সমর্পিত হইল তাহার কথা সমর্পণকারি কার্য্যকারক আসল সমনপত্রের পৃষ্ঠে কি পূর্ব্বোক্তমত[illegible]াক্ষরীকৃত ও মোহরাঙ্কিত তাহার একখান প্রতিলি[illegible]র পৃষ্ঠে লিখিবেন, ও সেই প্রতিলিপি সমন সমর্পিত হইবার প্রমাণ হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[সমন সমর্পিত না হইয়া ফিরিয়া আইলে ও প্রতিবাদী সমনের সমর্পণ এড়াইতে চেষ্টা করিতেছে ইহা আদালতের হৃদ্বোধমতে প্রতীয়মান হইলে প্রকারান্তরে তাহা সমর্পণ করিবার আজ্ঞা দিতে আদালতের ক্ষমতার কথা।]

৯২ ধারা। কোন সমন সমর্পিত না হইয়া ফিরিয়া আইলে, প্রতিবাদী সমনের সমর্পণ এড়াইবার অভিপ্রায়ে অনুদ্দেশ্য হইয়াছেন এমত প্রত্যয় করিবার যুক্তিসিদ্ধ কারণ আছে, ইহার প্রমাণ যদি বাদী আদালতের হৃদ্বোধমতে দেন, অথবা যদি অন্য কোন কারণে সমনের সমর্পণ অসাধ্য হয়, তবে আদালত এমন আজ্ঞা করিবেন যে সমনের একখান প্রতিলিপি বিচারালয়ের কোন প্রকাশ্য স্থানে, এবং প্রতিবাদী যে গৃহে শেষবার বাস করিয়াছেন তাহা জানা গেলে সেই গৃহের কোন প্রকাশ্য স্থানেও লটকাইয়া দেওনদ্বারা সমন সমর্পণ করিতে হইবে, কিম্বা অন্য যে কোন মত আদালতের ভাল বোধ হইবে সেই মতে ঐ সমন সমর্পণ করিতে হইবে। আদালতের আজ্ঞানুযায়ি মতবিনিময় পূর্ব্বক সমন সমর্পিত হইলে তাহা পূর্ব্বনির্দ্দিষ্ট কোন মতে সমর্পিত সমনের ন্যায় বলবৎ হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[Service of summons when defendant resides within jurisdiction of another Court and has no agent to accept service.]

XCIII. If the defendant is resident within the jurisdiction of any Court other than the Court in which the suit is instituted, and has no agent empowered to accept the service of the summons, the Court in which the suit is instituted shall send the summons, either by an Officer of the Court or by post, to any Court, not being a High Court, having jurisdiction at the place where the defendant resides, by which it can be most conveniently served, and shall fix such time for the appearance of the defendant as the case may require. The Court to which the summons is sent shall, upon receipt thereof, deliver it to the proper Officer of such Court, to be served in the manner hereinbefore directed. Upon the return of the summons by the serving Officer, it shall be sent back to the Court from which it originally issued. (S. C. C. & R. C.)

[Service of summons on defendant in Jail.]

XCIV. If the defendant be in Jail under either Civil or Criminal process, the summons shall be delivered to the Officer in charge of the Jail in which the defendant is confined, and such Officer shall cause the summons to be served upon the defendant. The summons shall be returned to the Officer from whom it was received with the acknowledgment of the defendant endorsed thereupon and countersigned by the Officer in charge of the Jail. (S. C. C. & R. C.)

[Procedure if Jail be in a different District.]

XCV. If the Jail in which the defendant is confined is not in the District in which the suit is brought, the summons may be sent by post or otherwise to the Officer in charge of such Jail, and such Officer shall cause the summons to be served upon the defendant, and shall return the summons to the Court from which it issued, with the acknowledgment of the defendant endorsed thereupon, and countersigned as provided in the last preceding Section. (S. C. C. & R. C.)

[Service of summons when defendant resides out of British India and has no agent to accept service.]

XCVI. If the defendant is resident out of British India, and has no agent empowered to accept the service, the summons shall be addressed to the defendant at the place where he is residing

[প্রতিবাদী অন্য আদালতের বিচারাধিপত্যের সীমার মধ্যে বাস করিলে তাঁহার পক্ষে সমন গ্রহণ করিতে ক্ষমতাপ্রাপ্ত এজেন্টের অভাবে যে প্রকারে সমন সমর্পণ করিতে হইবে তাহার কথা।]

৯৩ ধারা। যে আদালতে মোকদ্দমা উপস্থিত হইয়াছে যদি প্রতিবাদী তদ্ভিন্ন অন্য কোন আদালতের বিচারাধিপত্যের সীমার মধ্যে বাস করেন ও তাঁহার পক্ষে সমন গ্রহণ করিতে ক্ষমতাপ্রাপ্ত কোন এজেন্ট না থাকেন, তবে যে আদালতে মোকদ্দমা উপস্থিত হইয়াছে সেই আদালত প্রতিবাদির বাসস্থানে বিচারাধিপত্যবিশিষ্ট অথচ হাই কোর্ট ভিন্ন যে কোন আদালতদ্বারা অতি অনায়াসে সমন সমর্পিত হইবার সম্ভাবনা দেখেন, তাঁহার নিকটে আপনার কোন কার্য্যকারকদ্বারা কিম্বা ডাকযোগে ঐ সমন প্রেরণ করিবেন, ও স্থলবিশেষের প্রয়োজন বুঝিয়া প্রতিবাদির উপস্থিত হইবার সময় নিরূপণ করিবেন। যে আদালতের নিকটে সমন প্রেরিত হয়, সেই আদালত সমন পাইলে পূর্ব্ব নির্দ্দিষ্ট মতে তাহা সমর্পণ করাইবার জন্যে আপনার অধীন উপযুক্ত কার্য্যকারককে তাহা দিবেন। সমর্পণে নিযুক্ত কার্য্যকারকের দ্বারা সমন পুনরায় আনীত হইলে পর তাহা প্রথমে যে আদালতহইতে জারী হইয়াছিল সেই আদালতে পুনরায় প্রেরিত হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিবাদী কারাগারে থাকিলে তাঁহার প্রতি সমন সমর্পণ করিবার কথা।]

৯৪ ধারা। যদি প্রতিবাদী দেওয়ানী কি ফৌজদারী হুকুমনামাক্রমে কারাগারে থাকেন, তবে যে কারাগারে তিনি বদ্ধ আছেন সেই কারাগারের ভারপ্রাপ্ত কার্য্যকারককে সমনপত্র দিতে হইবে, এবং সেই কার্য্যকারক প্রতিবাদির প্রতি সমন সমর্পণ করাইবেন। পরে প্রতিবাদী তাহার পৃষ্ঠে স্বীকারসূচক কথায় স্বাক্ষর করিলে এবং কারাগারের ভারপ্রাপ্ত কার্য্যকারকও তাহাতে স্বাক্ষর করিলে, যে কার্য্যকারকহইতে তাহা পাওয়া গিয়াছিল তাঁহার নিকটে তাহা ফিরিয়া দিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[কারাগার অন্য জিলায় থাকিলে কার্য্যপ্রণালীর কথা।]

৯৫ ধারা। প্রতিবাদী যে জিলায় কারাবদ্ধ আছেন মোকদ্দমা যদি সেই জিলাভিন্ন অন্য জিলায় উপস্থিত হয়, তবে প্রতিবাদী যে কারাগারে বদ্ধ আছেন তাহার ভারপ্রাপ্ত কার্য্যকারকের নিকটে ডাকযোগে কি প্রকারান্তরে সমন পাঠান যাইতে পারিবে, ও সেই কার্য্যকারক প্রতিবাদির প্রতি সেই সমন সমর্পণ করাইবেন, ও ইহার অব্যবহিত পূর্ব্বধারার বিধানমতে প্রতিবাদী তৎপৃষ্ঠে স্বীকারসূচক কথায় স্বাক্ষর করিলে তিনিও তাহাতে স্বাক্ষর করিয়া যে আদালতহইতে সমন জারী হইয়াছিল সেই আদালতে তাহা ফিরিয়া পাঠাইবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিবাদী ব্রিটনীয় ভারতবর্ষের বাহিরে বাস করিলে ও তাঁহার পক্ষে সমন গ্রহণ করিতে এজেন্ট না থাকিলে যে প্রকারে সমন সমর্পণ করিতে হইবে তাহার কথা।]

৯৬ ধারা। প্রতিবাদী ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত স্থানে বাস করিলে যদি তাঁহার পক্ষে সমন গ্রহণ করিতে ক্ষমতাপন্ন এজেন্ট না থাকেন, তবে শিরোনামায় প্রতিবাদির নাম দিয়া, যে স্থানে তিনি বাস

and forwarded to him by post if there be a post to such place. (S. C. C.)

[Service through a British Resident or Agent of Government.]

XCVII. If there be a British Resident or Agent of Government in or for the Territory in which the defendant is residing, the summons may be sent to such Resident or Agent, by post or otherwise, for the purpose of being served upon the defendant; and if the Resident or Agent shall return the summons with his endorsement that the summons has been served on the defendant, such service shall be deemed good service. (S. C. C.)

[Time for appearance under Section 96 or 97. In case of non-appearance of defendant, Court may direct suit to proceed subject to conditions.]

XCVIII. In any case falling within the last two preceding Sections, the time for the appearance of the defendant shall be regulated by the time which may be required for communication by post or otherwise between the place at which the Court is held and the place where the defendant resides; and if on the day fixed for the hearing of the suit, or on any day to which the hearing shall have been adjourned, the defendant shall not appear, the plaintiff may apply to the Court, and the Court may direct that the plaintiff shall be at liberty to proceed with his suit in such manner and subject to such conditions as to the Court may seem meet. (S. C. C.)

[In suits for immovable property, service on agent in charge.]

XCIX. In a suit for immovable property, if the summons cannot be served on the defendant in person, and the defendant have no agent empowerd to accept the service of the summons, it may be served on any agent of the defendant in charge of such property. (R. C.)

[Service on Government servants.]

C. If the defendant be in the service of the Government, the Court may send a copy of the summons to the head Officer of the Office in which the defendant is employed, for the purpose of being served on him, if it shall appear to the Court that the summons may be most conveniently so served. (S. C. C. & R. C.)

[Service on Officers and Soldiers.]

CI. If the defendant be an Officer or Soldier in the Military Service of the Government, the Court shall transmit a copy of the summons to the Commanding Officer of such Officer or Soldier for the purpose of being served on him. The Officer

করেন সেই স্থানে ডাক গেলে, ডাকযোগে তাঁহার নিকটে সমন পাঠাইতে হইবে ইতি। (ক্ষু মো আ।)

[ব্রিটনীয় রেসিডেন্ট কিম্বা গবর্ণমেণ্টের এজেন্টের দ্বারা সমন সমর্পণ করাইবার কথা।]

৯৭ ধারা। প্রতিবাদী যে স্থানে বাস করেন, সেই স্থানে যদি কোন ব্রিটনীয় রেসিডেণ্ট কি গবর্ণমেণ্টের এজেন্ট সাহেব থাকেন, তবে প্রতিবাদির প্রতি সমন সমর্পণ করাইবার নিমিত্তে সেই রেসিডেন্টের কি এজেন্ট সাহেবের নিকটে ডাকযোগে কি প্রকারান্তরে সমন পাঠান যাইতে পারিবে, তাহাতে সেই রেসিডেণ্ট কি এজেন্ট সাহেব প্রতিবাদির প্রতি সমন সমর্পিত হইয়াছে, এই মর্ম্মের পৃষ্ঠলিপি সমনে লিখিয়া তাহা ফিরিয়া পাঠাইলে সমনের সমর্পণ উচিতমতে হইল এমত জ্ঞান হইবে ইতি। (ক্ষু মো আ।)

[৯৬ কি ৯৭ ধারানুসারে উপস্থিত হইবার সময় নিরূপণের কথা, এবং প্রতিবাদী উপস্থিত না হইলে বিশেষ নিয়মাধীনে মোকদ্দমা চালাইবার অনুমতি দিতে আদালতের ক্ষমতার কথা।]

৯৮ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব দুই ধারামতের কোন মোকদ্দমা হইলে, আদালতের অধিবেশনস্থান ও প্রতিবাদির বাসস্থানের মধ্যে ডাকযোগে কি প্রকারান্তরে গমনাগমনের নিমিত্তে প্রয়োজনীয় সময় বুঝিয়া প্রতিবাদির উপস্থিত হইবার সময় নিরূপণ করিতে হইবে। পরে মোকদ্দমা শ্রবণার্থে নিরূপিত দিনে, কিম্বা তৎকালে মোকদ্দমা স্থগিত হইলে পশ্চাতের যে দিনে তাহা শুনা যায় সেই দিনে যদি প্রতিবাদী উপস্থিত না হন, তবে বাদী আদালতের নিকটে প্রার্থনা করিলে আদালত যে প্রকার ও যে নিয়ম উপযুক্ত জ্ঞান করিবেন, বাদিকে সেই প্রকারে ও সেই নিয়মের অধীনে মোকদ্দমা চালাইবার অনুমতি দিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ।)

[স্থাবর সম্পত্তি বিষয়ক মোকদ্দমা হইলে তাহার ভারপ্রাপ্ত এজেন্টের প্রতি সমন সমর্পণ করিবার কথা।]

৯৯ ধারা। স্থাবর সম্পত্তি বিষয়ক মোকদ্দমা হইলে যদি কোন কারণ বশতঃ স্বয়ং প্রতিবাদির প্রতি সমন সমর্পিত হইতে না পারে ও প্রতিবাদির পক্ষে সমন গ্রহণ করিতে ক্ষমতাপ্রাপ্ত কোন এজেন্ট না থাকেন, তবে প্রতিবাদির যে এজেন্ট সেই সম্পত্তির ভারপ্রাপ্ত আছেন তাঁহার প্রতি সমন সমর্পিত হইতে পারিবে ইতি। (রা আ।)

[গবর্ণমেণ্টের কার্য্যকারকদের প্রতি সমন সমর্পণ করিবার কথা।]

১০০ ধারা। প্রতিবাদী যদি গবর্ণমেণ্টের কার্য্যকারক হন, তবে তিনি যে কার্য্যালয়ে কর্ম্ম করেন, তাহার প্রধান কার্য্যকারকের নিকটে সমনের একখান প্রতিলিপি প্রেরণ করিয়া প্রতিবাদির প্রতি সমর্পণ করাইলে সর্ব্বাপেক্ষা সহজে সমন সমর্পিত হইতে পারিবে, এমত বোধ হইলে আদালত তাহাই করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ।)

[সেনাপতি ও সৈনিক পুরুষদের প্রতি সমন সমর্পণ করিবার কথা।]

১০১ ধারা। প্রতিবাদী যদি গবর্ণমেণ্টের সামরিক কর্ম্মে নিযুক্ত সেনাপতি কি সৈনিক পুরুষ হন, তবে আদালত তাঁহার প্রতি সমন সমর্পণ করাইবার অভিপ্রায়ে উক্ত সেনাপতির কি সৈনিক পুরুষের নিয়ন্তা সেনাপতির নিকটে সমনের একখান প্রতিলিপি প্রেরণ

to whom the summons is transmitted, after causing the summons to be served on the person to whom it is addressed, if practicable, shall return it to the Court with the written acknowledgment of such person endorsed thereon. If from any cause the summons cannot be served upon the person to whom it is addressed, it shall be returned to the Court by which it was transmitted with information of the cause which has prevented the service. In such case the Court shall take such other means of serving the summons as it may think fit. (S. C. C. & R. C.)

[Service on a Corporation or Company.]

CII. When the suit is against a Corporation or a Company authorized to sue and be sued in the name of an Officer or of a Trustee, the summons may be served by leaving the same at the registered Office (if any) of the Corporation or Company, or sending it by post in a letter addressed to such Officer or Trustee at the Office of the Corporation or Company, or by giving it to any Director, Secretary, or other principal Officer of the Corporation or Company. (S. C. C. & R. C.)

[Substitution of letter f[illegible] summons.]

CIII. Nothing herein contained shall prevent the Court from substituting for the summons a letter signed by the Judge or Registrar or Clerk of the Court, and under the seal of the Court, when the person whose appearance is required is of a rank which entitles him to such mark of consideration. The letter shall contain all the particulars required to be stated in the summons, and, subject to the provisions contained in the next succeeding Section, shall be treated in all respects as a summons. (S. C. C. & R. C.)

[Mode of sending such letter.]

CIV. When a letter or other communication is substituted for a summons, it may be sent by post or by a special messenger selected by the Court, or in any other manner which the Court may direct: unless the party shall have an agent empowered to accept the service of the summons, in which case delivery to such agent shall be deemed good service. (S. C. C. & R. C.)

করিবেন। যে সেনাপতির নিকটে সমন পাঠান যায়, তিনি সাধ্য হইলে, যাঁহার নাম শিরোনামায় লিখিত থাকে, সেই ব্যক্তির প্রতি সমন সমর্পণ করাইয়া তৎপৃষ্ঠে লিখিত স্বীকারসূচক কথায় সেই ব্যক্তিকে স্বাক্ষর করাইয়া আদালতের নিকটে সমন ফিরিয়া পাঠাইবেন। শিরোনামায় যাঁহার নাম থাকে, সেই ব্যক্তির প্রতি সমনের সমর্পণ কোন কারণে অসাধ্য হইলে, সমর্পণ না হইবার কারণ জানাইয়া যে আদালতহইতে সমন প্রেরিত হইয়াছিল, সেই আদালতে তাহা ফিরিয়া পাঠাইতে হইবে। এমত স্থলে আদালত সমন সমর্পণ করাইবার অন্য যে কোন উপায় উপযুক্ত জ্ঞান করেন তাহা অবলম্বন করিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[চার্টরপ্রাপ্ত কি অন্য সমাজের প্রতি সমন সমর্পণ করণের কথা।]

১০২ ধারা। যদি চার্টরপ্রাপ্ত সমাজের বিপরীতে, কিম্বা যাহার পক্ষে কি বিপক্ষে তাহার কোন কার্য্যকারকের কি ট্রষ্টির নাম ধরিয়া মোকদ্দমা হইতে পারে এমত কোন সমাজের বিপরীতে মোকদ্দমা হয়, তবে সেই চার্টরপ্রাপ্ত কি অন্য সমাজের কার্য্যালয় রেজিষ্টরী করা গেলে সেই কার্য্যালয়ে সমন দেওনদ্বারা, নতুবা পত্রের মধ্যে দিয়া উক্ত কার্য্যকারকের কি ট্রষ্টির নাম শিরোনামায় লিখিয়া সেই চার্টরপ্রাপ্ত কি অন্য সমাজের কার্য্যালয়ে ডাকযোগে ঐ সমন প্রেরণদ্বারা, কিম্বা সেই চার্টরপ্রাপ্ত কি অন্য সমাজের কোন ডাইরেক্টরকে কি সেক্রেটারীকে কি অন্য প্রধান কার্য্যকারককে দেওনদ্বারা সমন সমর্পিত হইতে পারিবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[সমনের পরিবর্ত্তে পত্র দিবার কথা।]

১০৩ ধারা। যে ব্যক্তির প্রতি উপস্থিত হইবার আদেশ হয়, তাঁহার মান বুঝিয়া যদি তিনি এমত সমাদরের যোগ্য পাত্ররূপে গণ্য হন, তবে আদালত সমনের পরিবর্ত্তে বিচারকর্ত্তার কিম্বা আদালতের রেজিষ্ট্রার কি ক্লার্কের স্বাক্ষরীকৃত ও আদালতের মোহরে মোহরাঙ্কিত পত্র প্রেরণ করিতে পারিবেন, এ বিষয়ে ইহার কোন কথাদ্বারা বাধা হইবে না। সমনে যে সকল কথা লিখিবার বিধান আছে, উক্ত পত্রে তাহাও লিখিতে হইবে, তাহা হইলে এবং ইহার অব্যবহিত পরের যে ধারা তাহার বিধান মানিলে উক্ত পত্র সর্ব্বতোভাবে সমনের ন্যায় ব্যবহার্য্য হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[তদ্রূপ পত্র যে প্রকারে পাঠাইতে হইবে তাহার কথা।]

১০৪ ধারা। সমনের পরিবর্ত্তে পত্র কি অন্য লিপি প্রস্তুত হইলে ডাকযোগে কিম্বা আদালতের মনোনীত বিশেষ দূতের দ্বারা কিম্বা আদালতের বিবেচনায় উপযুক্ত অন্য কোন মতে তাহা পাঠান যাইতে পারিবে, বিশেষতঃ সেই ব্যক্তির পক্ষে সমন গ্রহণ করিতে ক্ষমতাপ্রাপ্ত কোন এজেন্ট থাকিলে সেই এজেন্টকে তাহা দিলে উচিতমতে সমর্পণ হইল এমত জ্ঞান হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

OF SUITS AGAINST GOVERNMENT AND PUBLIC OFFICERS.

[Service on Government Advocate.]

CV. If the suit be against the Secretary of State for India or against the Government, the summons shall be served on the Government Advocate of the Court in which the suit is instituted or on any other person appointed to receive process on behalf of the Government. (S. C. C. & R. C.)

[Appearance and answer by Secretary of State or Government.]

CVI. The Court, in fixing the day for the Secretary of State for India or the Government to answer to the plaint, shall allow a reasonable time for the necessary communication with the Government through the proper channels, and for the issue of instructions to the Government Advocate to appear and answer on behalf of the Secretary of State for India or the Government and may extend the time at its discretion on application being made for such extension. The Court may also in any case in which the Government Advocate is not accompanied by some person on the part of the Secretary of State for India or the Government who may be able to answer any material questions relating to the suit direct the attendance of such person. (S. C. C. & R. C.)

[In suits against Government Officers for alleged official acts, summons to be served on them as provided in Section 100.]

CVII. If the suit be against an Officer of the Government for an act which the plaintiff alleges to have been done by such Officer in his official capacity, the summons shall be served upon such Officer in the manner provided in Section 100. (S. C. C. & R. C.)

[Court may grant extension of time to enable Officer to make a reference to Government.]

CVIII. If the Officer on receiving the summons shall consider it proper to make a reference to the Government before answering to the plaint, he may apply to the Court to grant such extension of the time fixed in the summons as may be necessary to enable him to make such reference and to receive orders thereon through the proper channel; and the Court upon such application may extend the time for so long as shall appear to be requisite. (S. C. C. & R. C.)

গবর্ণমেণ্টের ও রাজকীয় কার্য্যকারকদের বিপক্ষ মোকদ্দমার কথা।

[গবর্ণমেণ্টের আডবোকেটের প্রতি সমন সমর্পণ করিবার কথা।]

১০৫ ধারা। ভারতবর্ষ সম্বন্ধীয় শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের কি গবর্ণমেণ্টের বিপক্ষ মোকদ্দমা যদি হয়, তবে যে আদালতে মোকদ্দমা উপস্থিত করা যায়, সেই আদালতে যে ব্যক্তি গবর্ণমেণ্টের আডবোকেট কিম্বা অন্য যে কোন ব্যক্তি গবর্ণমেণ্টের পক্ষে হুকুমনামা গ্রহণ করিতে নিযুক্ত হইয়াছেন, তাঁহার প্রতি সমন সমর্পণ করিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[ষ্টেট সেক্রেটারী সাহেবের কি গবর্ণমেণ্টের উপস্থিত হইয়া উত্তর দিবার কথা।]

১০৬ ধারা। ভারতবর্ষ সম্বন্ধীয় শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব কি গবর্ণমেণ্ট যে দিনে নালিশের উত্তর দিবেন সেই দিন নিরূপণ করিতে হইলে, আদালত উপযুক্ত প্রণালীতে গবর্ণমেণ্টের নিকটে পত্রাদি পাঠাইবার নিমিত্তে, এবং ভারতবর্ষ সম্বন্ধীয় শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের কি গবর্ণমেণ্টের পক্ষে উপস্থিত হইয়া উত্তর করিবার উপদেশ গবর্ণমেণ্টের আডবোকেটকে দিবার নিমিত্তে যুক্তিসিদ্ধ অবকাশ দিয়া তাহা নিরূপণ করিবেন, এবং অধিক অবকাশার্থ প্রার্থনা করা গেলে স্বীয় বিবেচনায় অবকাশ বাড়াইতে পারিবেন। আরো আদালত যদি উপযুক্ত বোধ করেন, তবে ভারতবর্ষ সম্পর্কীয় শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের কি গবর্ণমেণ্টের পক্ষে মোকদ্দমা সম্পর্কীয় গুরুতর সকল প্রশ্নের উত্তর দেওনে সমর্থ কোন ব্যক্তি গবর্ণমেণ্টের আডবোকেটের সঙ্গে না থাকিলে এমত কোন ব্যক্তিকে উপস্থিত হইবার আজ্ঞা দিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[রাজকীয় পদঘটিত কর্ম্মের বিষয়ে রাজকীয় কার্য্যকারকদের বিপক্ষে মোকদ্দমা হইলে ১০০ ধারার বিধানানুসারে তাঁহাদের প্রতি সমন সমর্পণ করিতে হইবার কথা।]

১০৭ ধারা। কার্য্যকারকের স্বীয় পদের বলে কৃত কর্ম্ম বলিয়া যে কর্ম্ম প্রযুক্ত বাদী গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের বিপক্ষে মোকদ্দমা করেন, তদ্বিষয়ক মোকদ্দমাতে ১০০ ধারার বিধানানুসারে উক্ত কার্য্যকারকের প্রতি সমন সমর্পণ করিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[গবর্ণমেণ্টের মানস জিজ্ঞাসার নিমিত্তে কার্য্যকারককে অতিরিক্ত অবকাশ দিতে আদালতের ক্ষমতার কথা।]

১০৮ ধারা। সেই কার্য্যকারক সমনপ্রাপ্ত হইলে পর যদি নালিশের উত্তর দিবার পূর্ব্বে গবর্ণমেণ্টের মানস জিজ্ঞাসা করা উপযুক্ত জ্ঞান করেন, তবে তিনি সেই জিজ্ঞাসা করিবার ও উপযুক্ত প্রণালীতে তদ্বিষয়ক আদেশ পাইবার নিমিত্তে প্রয়োজনীয় অবকাশার্থে সমনে নিরূপিত কালপরিমাণের বৃদ্ধির জন্যে আদালতের নিকটে প্রার্থনা করিতে পারিবেন, ও এমত প্রার্থনাক্রমে আদালত যত প্রয়োজনীয় বুঝিবেন, কালপরিমাণের তত বৃদ্ধি করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[If Government undertake defence, Government Advocate to appear and apply that note of his appearance be entered in Register.]

CIX. If the Government undertake the defence of a suit of the nature referred to in Section 107, the Government Advocate, upon being furnished with authority to appear and answer to the plaint, shall apply to the Court, and upon such application the Court shall cause a note of his authority to be entered in the Register. (S. C. C. & R. C.)

[If no such application made, case to proceed as in suit between private parties. But defendant not liable to arrest before judgment.]

CX. If such application shall not be made by the Government Advocate on or before the day fixed in the notice for the defendant to appear and answer to the plaint, the case shall proceed as in a suit between private parties, except that the defendant shall not be liable to arrest before judgment. (S. C. C. & R. C.)

[Exemption of Government Officers from personal appearance.]

CXI. If in a suit against an Officer of the Government the Court shall require the personal appearance of the defendant, and the defendant shall satisfy the Court that he cannot absent himself from his duty without detriment to the public service, the Court shall exempt him from appearing in person, but he shall be liable to be examined in any way in which an absent witness may be examined. (S. C. C. & R. C.)

OF MAKING PERSONS NOT BEFORE THE COURT PARTIES TO A SUIT.

[Court may direct that persons appearing to be interested in a suit shall be made parties, and may cause notices to be served on them.]

CXII. If it appear to the Court at any stage of a suit, that any person who may be entitled to, or who may claim some share or interest in the subject matter of the suit, and who may be likely to be affected by the result, has not been made a party to the suit, the Court may direct that such person shall be made either plaintiff or defendant in the suit as the case may be. In such case the Court shall issue a notice to such person in the manner hereinbefore provided to the service of a summons on a defendant. (S. C. C. & R. C.)

[গবর্ণমেন্ট উত্তর দিতে স্থির করিলে গবর্ণমেন্টের আড্‌বোকেট উপাস্থিত হইয়া নিজ উপস্থানের কথা যেন রেজিষ্টরে লিখিত হয় এমত প্রার্থনা করিবেন ইহার কথা।]

১০৯ ধারা। ১০৭ ধারাতে নির্দ্দিষ্ট প্রকারের মোকদ্দমা হইলে যদি গবর্ণমেন্ট তাহার উত্তর দিতে স্থির করেন, তবে গবর্ণমেন্টের আড্‌বোকেটকে উপস্থিত হইয়া নালিশের উত্তর দিবার ক্ষমতা দত্ত হইলে তিনি তদ্বিষয়ক আবেদন করিবেন, তাহাতে আদালত সেই আবেদনক্রমে তাঁহার ক্ষমতা বিষয়ক মন্তব্য কথা রেজিষ্টর বহীতে লেখাইবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[এমত আবেদনের অভাবে সামান্য পক্ষদ্বয়ের মোকদ্দমার ন্যায় মোকদ্দমা চলিবার কথা, কিন্তু নিষ্পত্তির পূর্ব্বে প্রতিবাদির আসেধ হইতে না পারিবার কথা।]

১১০ ধারা। প্রতিবাদির উপস্থিত হইয়া নালিশের উত্তর দিবার যে দিন সংবাদে নিরূপিত হইল, সেই দিনে কি তাহার পূর্ব্বে যদি গবর্ণমেন্টের আডবোকেট ঐরূপ আবেদন না করেন, তবে সামান্য পক্ষদ্বয়ের মোকদ্দমা হইলে যেমন উচিত, মোকদ্দমা তেমনি চলিবে, তথাপি নিষ্পত্তির পূর্ব্বে প্রতিবাদির আসেধ হইতে পারিবে না ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[স্বয়ং উপস্থিত হইবার আবশ্যকতাহইতে গবর্ণমেন্টের কার্য্যকারকের মুক্ত হইবার কথা।]

১১১ ধারা। গবর্ণমেন্টের কোন কার্য্যকারকের বিপক্ষ মোকদ্দমাক্রমে আদালত প্রতিবাদিকে স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা দিলে, যদি প্রতিবাদী আদালতের হৃদ্বোধমতে এমত প্রমাণ দেন যে আপনার কার্য্যে অনুপস্থিত থাকিলে অবশ্য রাজকীয় কর্ম্মের হানি হইবে, তবে আদালত স্বয়ং উপস্থিত হইবার আবশ্যকতাহইতে তাঁহাকে মুক্ত করিবেন, কিন্তু অনুপস্থিত সাক্ষির ন্যায় কোন প্রকারে তাঁহাকে জিজ্ঞাসাবাদ করিবার আজ্ঞা হইলে তিনি তাহাতে বদ্ধ হইবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

আদালতের অপ্রত্যক্ষ ব্যক্তিদিগকে মোকদ্দমার পক্ষ করিবার কথা।

[মোকদ্দমাতে যাঁহাদের সম্পর্ক দৃষ্ট হয় তাঁহাদিগকে মোকদ্দমার পক্ষ করিতে ও তাঁহাদের প্রতি সংবাদ সমর্পণ করাইতে আদালতের ক্ষমতার কথা।]

১১২ ধারা। মোকদ্দমার বিষয়ে যাঁহার অধিকার হইতে পারে, কি তাহার কোন অংশ কি সম্পর্ক যিনি দাওয়া করিতে পারেন, এমত ব্যক্তির ফলাফল মোকদ্দমাহইতে উৎপন্ন হইবার সম্ভাবনা থাকিলেও তিনি মোকদ্দমার পক্ষরূপে নিযুক্ত হন নাই, ইহা যদি মোকদ্দমা চলিবার কোন কালে আদালত জানিতে পান, তবে আদালত বিষয় বিশেষ বুঝিয়া সেই ব্যক্তি যে মোকদ্দমার বাদিরূপে অথবা প্রতিবাদিরূপে নিযুক্ত হন এমত আজ্ঞা করিতে পারিবেন। এমত স্থলে প্রতিবাদির প্রতি সমন সমর্পণ করিবার যে প্রণালী ইহার পূর্ব্বে এই আইনে নির্দ্দিষ্ট হইল, তদনুসারে আদালত সেই ব্যক্তির নামে সংবাদ জারী করাইবেন ইতি। (ক্ষ মো আ, ও রা আ)

OF ARREST BEFORE JUDGMENT.

[In suits for moveable property when defendant is about to leave the jurisdiction, &c., plaintiff may apply that security be taken.]

CXIII. If at any stage of a suit for moveable property the plaintiff shall satisfy the Court that the defendant, with intent to avoid or delay the plaintiff, or to obstruct or delay the execution of any decree that may be passed against him, has absconded, or is about to abscond or to leave the jurisdiction of the Court, or has disposed of or removed from the jurisdiction of the Court his property or any part thereof, the plaintiff may apply to the Court that security be taken for the appearance of the defendant to answer any decree that may be passed against him in the suit. (S. C. C. & R. C.)

[Order to bring up defendant to show cause why he should not give security.]

CXIV. If the Court, after examining the applicant, and making such further investigation as it may consider necessary, shall find that the defendant has absconded, or that there is good ground for believing that he is about to abscond or to leave the jurisdiction of the Court with the intent of avoiding or delaying the plaintiff, or that he has disposed of or removed from the jurisdiction of the Court his property or any part thereof with the intent to obstruct or delay the execution of any decree that may be passed against him, the Court may issue an order for bringing the defendant before the Court to show cause why he should not give security for his appearance. (S. C. C. & R. C.)

[If defendant fail to show cause, Court may order him to make deposit or give security.]

CXV. If the defendant fail to show such cause, the Court shall order him either to deposit in Court money or other property sufficient to answer the claim against him, or to give security for his appearance at any time when called upon while the suit is pending, and until execution or satisfaction of any decree that may be passed against him in the suit. The surety shall bind himself, in default of such appearance, to pay any sum of money that may be adjudged against the defendant in the suit, with cost. (S. C. C. & R. C.)

[Procedure where defendant fails to do so.]

CXVI. If the defendant fail to comply with such order to give security, the Court may commit him to Jail until the decision of the suit or for

নিষ্পত্তির পূর্ব্ব আসেধের কথা।

[অস্থাবর সম্পত্তি বিষয়ক মোকদ্দমায় প্রতিবাদী বিচারাধিপত্যের সীমা ছাড়িয়া যাইতে উদ্যত হইলে প্রতিভূ লইবার প্রার্থনা করিতে বাদির ক্ষমতার কথা।]

১১৩ ধারা। অস্থাবর সম্পত্তি বিষয়ক মোকদ্দমা হইলে যদি বাদী আদালতের সন্তোষজনক প্রমাণ দেন যে বাদিকে ফাঁকি দিবার কি বিলম্ব করাইবার অভিপ্রায়ে, কিম্বা প্রতিবাদির বিপক্ষ ডিক্রী হইলে তৎসাধনের বাধা কি বিলম্ব জন্মাইবার অভিপ্রায়ে প্রতিবাদী চম্পট দিয়াছেন, কিম্বা চম্পট দিতে কি আদালতের বিচারাধিপত্যহইতে স্থানান্তরে যাইতে উদ্যত হন, কিম্বা আপনার সম্পত্তি কি তাহার কোন অংশ হস্তান্তর কি আদালতের বিচারাধিপত্যহইতে স্থানান্তর করিয়াছেন, তবে বাদী আদালতের নিকটে এই প্রার্থনা করিতে পারিবেন যে মোকদ্দমাক্রমে প্রতিবাদির বিপক্ষ কোন ডিক্রী হইলে তাহার উত্তর দেওনার্থে প্রতিবাদির উপস্থিত হইবার প্রতিভূ লওয়া যায় ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিভূ না দিবার কারণ দর্শাইবার জন্যে প্রতিবাদিকে আনাইবার আজ্ঞার কথা।]

১১৪ ধারা। আদালত সেই প্রার্থনাকারিকে জিজ্ঞাসাবাদ করিয়া ও আপনার বিবেচনায় প্রয়োজনীয় অতিরিক্ত অনুসন্ধান করিয়া যদি জানিতে পান যে বাদিকে ফাঁকি দিবার কি বিলম্ব করাইবার অভিপ্রায়ে প্রতিবাদী চম্পট দিয়াছেন কিম্বা চম্পট দিবেন কি আদালতের বিচারাধিপত্যহইতে স্থানান্তরে যাইবেন, এমত বিশ্বাস করিবার প্রকৃত কারণ যে আছে, কিম্বা আপনার বিপক্ষ কোন ডিক্রী হইলে তৎসাধনের বাধা কি বিলম্ব জন্মাইবার অভিপ্রায়ে তিনি যে নিজ সম্পত্তি কি তাহার কোন অংশ হস্তান্তর কি আদালতের বিচারাধিপত্যহইতে স্থানান্তর করিয়াছেন, তবে উপস্থিত হইয়া প্রতিভূ না দেওনের কারণ দেখাইবার জন্যে প্রতিবাদিকে আদালতের সম্মুখে আনাইবার আজ্ঞা আদালত জারী করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিবাদী এমত কারণ না দেখাইলে তাঁহার আমানৎ করিবার কি প্রতিভূ দিবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।]

১১৫ ধারা। যদি প্রতিবাদী সেইরূপ কারণ না দেখান, তবে তাঁহার বিপক্ষ দাওয়ার পোষণে প্রচুর টাকা কি অন্য সম্পত্তি আদালতের নিকটে গচ্ছিত করিবার আজ্ঞা আদালত তাঁহাকে দিবেন, অথবা যাবৎ মোকদ্দমা অনিষ্পন্ন থাকে ও মোকদ্দমাতে তাঁহার বিপরীত কোন ডিক্রী হইলে যাবৎ তাহার সাধন কি শোধ না হয়, তাবৎ কালের মধ্যে যে কোন সময়ে হউক আদেশ মতে উপস্থিত হইবার প্রতিভূ দিতে তাঁহাকে আজ্ঞা করিবেন। সেই প্রতিভূ আপনাকে বদ্ধ করিয়া এমত প্রতিজ্ঞা করিবেন, যে মোকদ্দমার প্রতিবাদী অনুপস্থিত থাকিলে তাঁহার বিপক্ষে যত টাকার ডিক্রী হয়, খরচার সহিত সেই সকল টাকা আমি দিব ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিবাদী উক্ত আজ্ঞামতে কর্ম্ম না করিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১১৬ ধারা। প্রতিভূ দিবার উক্ত প্রকারের আজ্ঞা হইলে যদি প্রতিবাদী তদনুসারে কর্ম্ম না করেন, তবে আদালত মোকদ্দমার নিষ্পত্তি পর্য্যন্ত কিম্বা অন্য গত

such other time as the Court shall direct. (S. C. C. & R. C.)

[Procedure in case of application by surety to be discharged.]

CXVII. The surety for the appearance of the defendant may at any time apply to the Court in which he became such surety to be discharged from his obligation. On such application being made, the Court shall summon the defendant to appear, or if it shall think fit, may issue a warrant for his arrest in the first instance. On the appearance of the defendant pursuant to the summons or warrant, or on his voluntary surrender, the Court shall direct the surety to be discharged from his obligation, and shall call upon the defendant to find fresh security. (S. C. C. & R. C.)

[Defendant to be imprisoned if he cannot give security.]

CXVIII. In the event of the defendant not furnishing fresh security, the Court may commit him to Jail until the decision of the suit, or, if judgment be given against him, until the execution of the decree, or for such time as the Court shall direct. (S. C. C. & R. C.)

[Compensation where defendant arrested or suit instituted on insufficient grounds. Proviso.]

CXIX. If it shall appear to the Court that the arrest of the defendant was applied for on insufficient grounds, or if, after such arrest, the suit of the plaintiff is dismissed, or judgment is given against him by default or otherwise, and it shall appear to the Court that there was no probable ground for instituting the suit, the Court may, on the application of the defendant award against the plaintiff in its decree such amount, not exceeding the sum of one thousand Rupees, as it may deem a reasonable compensation to the defendant for any injury or loss which he may have sustained by reason of such arrest: Provided that the Court shall not award a larger amount of compensation under this Section than it is competent to such Court to decree in an action for damages. An award of compensation under this Section shall bar any suit for damages in respect of such arrest. (S. C. C. & R. C.)

[When defendant is about to leave India, similar application for security may be made.]

CXX. If in any suit the defendant is about to leave British India with intent to remain absent so long that the plaintiff will or may thereby be obstructed or delayed in the execution of any decree that may be passed against the defendant, the plaintiff may make an application to the Court to the effect and in the manner aforesaid,

কাল আদালত নির্দ্দিষ্ট করেন তত কাল পর্য্যন্ত তাঁহাকে কারাগারে সমর্পণ করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিভূ মুক্ত হইবার প্রার্থনা করিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১১৭ ধারা। যিনি যে আদালতে প্রতিবাদির দর্শন-প্রতিভূ হইয়াছেন, তিনি যে কোন সময়ে হউক স্বীয় প্রতিভূত্ব নির্ব্বন্ধহইতে মুক্ত হইবার নিমিত্তে সেই আদালতের নিকটে প্রার্থনা করিতে পারিবেন। তদ্রূপ প্রার্থনা করা গেলে আদালত প্রতিবাদিকে উপস্থিত হইবার সমন দিবেন, অথবা যদি উপযুক্ত বোধ করেন, তবে প্রথম স্থলেই তাঁহাকে আসেধ করিবার ওয়ারণ্ট জারী করিতে পারিবেন। সমন কি ওয়ারণ্টক্রমে প্রতিবাদী উপস্থিত হইলে কিম্বা ইচ্ছামতে ধরা দিলে আদালত উক্ত প্রতিভূকে প্রতিভূত্ব নির্ব্বন্ধহইতে মুক্ত করিয়া প্রতিবাদিকে নূতন প্রতিভূ দিবার আজ্ঞা করিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিবাদী নূতন প্রতিভূ দিতে না পারিলে তাঁহাকে কারাবদ্ধ করিবার কথা।]

১১৮ ধারা। যদি প্রতিবাদী নূতন প্রতিভূ না দেন, তবে মোকদ্দমার নিষ্পত্তি পর্য্যন্ত, কিম্বা প্রতিবাদির বিপক্ষ নিষ্পত্তি হইলে ডিক্রীর সাধন পর্য্যন্ত, কিম্বা আদালতের নিরূপিত কাল পর্য্যন্ত বদ্ধ থাকিবার জন্যে আদালত তাঁহাকে কারাগারে সমর্পণ করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[অনুপযুক্ত কারণে প্রতিবাদির আসেধ কি মোকদ্দমার আরম্ভ হইলে তৎপ্রতিকারের কথা ও উপনিয়ম।]

১১৯ ধারা। প্রতিবাদির আসেধার্থ প্রার্থনা অনুপযুক্ত কারণে হইয়াছিল, যদি আদালত এমন জ্ঞান করেন, কিম্বা তদ্রূপ আসেধের পরে বাদির মোকদ্দমা ডিসমিস হইলে কিম্বা অনুপস্থানক্রমে কি প্রকারান্তরে তাঁহার বিপক্ষে নিষ্পত্তি হইলে, মোকদ্দমা উপস্থিত করিবার অনুমানসিদ্ধ কোন কারণ ছিল না, যদি আদালত এমন জ্ঞান করেন, তবে প্রতিবাদির প্রার্থনাক্রমে আদালত প্রতিবাদির আসেধহইতে উৎপন্ন হানির কি ক্ষতির যুক্তিসিদ্ধ প্রতিকারার্থে এক সহস্রের অনধিক যত টাকা উপযুক্ত জ্ঞান করেন, বাদির বিপক্ষে তত টাকা দিবার আদেশ আপনার ডিক্রীতে লিখিতে পারিবেন। কিন্তু ক্ষতিপূরণ বিষয়ক মোকদ্দমাতে সেই আদালত যত টাকার ডিক্রী করিতে ক্ষমতাপন্ন, তাহার অধিক টাকা প্রতিকারের ডিক্রী এই ধারার বলে করিবেন না। এবং এই ধারামতে প্রতিকারের ডিক্রী হইলে সেই আসেধ জন্য ক্ষতিপূরণ বিষয়ক কোন মোকদ্দমা আর হইতে পারিবে না ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিবাদী ভারতবর্ষ ত্যাগ করিতে উদ্যত হইলে প্রতিভূর জন্যে সেই প্রকার প্রার্থনা করিতে পারিবার কথা।]

১২০ ধারা। কোন মোকদ্দমার প্রতিবাদী যদি ব্রিটনীয় ভারতবর্ষ ত্যাগ করিয়া এত কাল বিদেশে থাকিতে মনস্থ করেন যে প্রতিবাদির বিপক্ষ কোন ডিক্রী হইলে তৎসাধনে তদ্দ্বারা বাদির বাধা কি বিলম্ব জন্মে কি জন্মিতে পারে, তবে বাদী আদালতের নিকটে পূর্ব্বনির্দ্দিষ্ট মর্ম্মের ও প্রকারের প্রার্থনা করিতে পারিবেন, করিলে তদ্বিষয়ক কার্য্যের বিধান সর্ব্বতোভাবে এই

and the procedure thereupon shall be in all respects the same as hereinbefore provided. (S. C. C.)

OF ATTACHMENT BEFORE JUDGMENT.

[Application before judgment for security from defendant to fulfil decree, and in default, for an attachment of his property.]

CXXI. If in any suit the defendant, with intent to obstruct or delay the execution of any decree that may be passed against him, is about to dispose of the whole or any part of his property, or to remove the same from the jurisdiction of the Court in which the suit is pending, or if the defendant with like intent shall have quitted the jurisdiction, leaving therein property belonging to him, the plaintiff may at any stage of the suit apply to the Court to call upon the defendant to furnish security to fulfil any decree that may be passed against him in the suit, and, on his failing to give such security, to direct that any such property shall be attached until the further order of the Court. (S. C. C. & R. C.)

[Contents of application and declaration.]

CXXII. The application shall contain a specification of the property required to be attached, and estimated value of each article or item thereof; and the plaintiff shall, at the time of making the application, declare that the defendant is about to dispose of or remove his property with such intent as aforesaid. The declaration shall be in writing, and shall be verified in the manner hereinbefore provided for the verification of plaints: Provided that the the Court may dispense with the specification and valuation required by this Section if satisfied of the plaintiff's inability to furnish the same. (S. C. C. & R. C.)

[Court may call on defendant to furnish security or show cause.]

CXXIII. If the Court after examining the applicant, and making any further investigation which it may consider necessary, shall be satisfied that the defendant is about to dispose of or remove his property, with intent to obstruct or delay the execution of any decree that may be passed against him in the suit, the Court may call upon the defendant within a time to be fixed by the Court, either to furnish security in such sum as may be specified in the order, to produce and place at the disposal of the Court, when required, the said property or the value of the same, or such portion thereof as may be sufficient to fulfil the decree, or to appear and show cause why he should not furnish security. The Court may

আইনের পূর্ব্বনির্দ্দিষ্ট বিধানের সমান হইবে ইতি। (ক্ষু মো আ)

নিষ্পত্তির পূর্ব্বে সম্পত্তি ক্রোক করিবার কথা।

[নিষ্পত্তির পূর্ব্বে প্রতিবাদির নিকটে ডিক্রী সাধনের প্রতিভূ লইবার নিমিত্তে কি তদভাবে প্রতিবাদির সম্পত্তি ক্রোক করিবার নিমিত্তে প্রার্থনা করিবার কথা।]

১২১ ধারা। যদি প্রতিবাদী আপনার বিপক্ষে যে কোন ডিক্রী হয় তৎসাধনের বাধা কি বিলম্ব জন্মাইবার অভিপ্রায়ে আপনার সমস্ত সম্পত্তি কি তাহার কোন অংশ হস্তান্তর করিতে, কিম্বা যে আদালতে মোকদ্দমা চলিতেছে তাঁহার বিচারাধিপত্যহইতে স্থানান্তর করিতে উদ্যত হন, কিম্বা তাহার মধ্যে আপনার কোন সম্পত্তি রাখিয়াও যদি প্রতিবাদী তদ্রূপ অভিপ্রায়ে সেই বিচারাধিপত্যহইতে স্থানান্তরে গিয়া থাকেন, তবে বাদী মোকদ্দমা চলিবার যে কোন সময়ে হউক আদালতের নিকটে এমত প্রার্থনা করিতে পারিবেন যেন প্রতিবাদির প্রতি এই আদেশ হয় যে, মোকদ্দমাক্রমে তাঁহার বিপক্ষে কোন ডিক্রী হইলে তাহা সাধন করিবার প্রতিভূ তিনি দেন, এবং প্রতিভূ না দিলে আদালত যাবৎ অন্য আজ্ঞা না করেন, তাবৎ উক্ত প্রকারের কোন সম্পত্তি ক্রোক থাকিবার আজ্ঞা করেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[সেই প্রার্থনার ও আবেদনের মর্ম্মের কথা।]

১২২ ধারা। যে সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনা হয় তাহা কি, ও তাহার প্রত্যেক দ্রব্যের কি অংশের অনুমানসিদ্ধ মূল্য বা কি, তাহা প্রার্থনাপত্রে সবিশেষ করিয়া লিখিতে হইবে, এবং প্রতিবাদী যে পূর্ব্বোক্ত অভিপ্রায়ে আপন সম্পত্তি হস্তান্তর কি স্থানান্তর করিতে উদ্যত আছেন, বাদী প্রার্থনা করণ কালে এই আবেদনও করিবেন। এই আবেদন পত্রদ্বারা করিতে হইবে, এবং এই আইনের পূর্ব্বভাগে নালিশপত্র দৃঢ়ীকরণের যে বিধান লিখিত আছে তন্নির্দ্দিষ্ট মতে তাহা দৃঢ় করিতে হইবে। পরন্তু এই ধারার বিধানমতে সম্পত্তির সবিশেষ বর্ণনা ও তাহার মূল্য প্রকাশ করা যে বাদির অসাধ্য, ইহা যদি আদালত হৃদ্বোধমতে জানিতে পান, তবে তদ্বিষয়ের ক্ষমা করিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিভূ দিবার কি কারণ দেখাইবার আজ্ঞা প্রতিবাদিকে দিতে আদালতের ক্ষমতার কথা।]

১২৩ ধারা। আদালত সেই প্রার্থনাকারিকে জিজ্ঞাসাবাদ করিয়া ও আপনার বিবেচনার প্রয়োজনায় অতিরিক্ত অনুসন্ধান করিয়া যদি হৃদ্বোধমতে জানিতে পান যে মোকদ্দমাক্রমে প্রতিবাদির বিপক্ষে কোন ডিক্রী হইলে তৎসাধনের বাধা কি বিলম্ব জন্মাইবার অভিপ্রায়ে তিনি আপনার সম্পত্তি হস্তান্তর কি স্থানান্তর করিতে উদ্যত আছেন, তবে আদালত প্রতিবাদিকে এই আজ্ঞা দিতে পারিবেন যে উক্ত সম্পত্তি কি তাহার মূল্য কিম্বা তাহার যে অংশ ডিক্রী সাধনার্থে কুলাইবে এমত অংশ উপযুক্ত সময়ে আদালতে উপস্থিত করিয়া তাঁহার ক্ষমতাতে রাখিবার প্রতিভূরূপে তাঁহাকে আজ্ঞাপত্রে নির্দ্দিষ্ট পরিমাণের টাকা আদালতের নিরূপিত সময়ের মধ্যে দিতে হইবে, নতুবা স্বয়ং উপস্থিত হইয়া প্রতিভূ না দিবার কারণ দেখাইতে হইবে। সেই আজ্ঞাপত্রদ্বারা আদালত প্রার্থনাতে

also in the order direct the attachment of the whole or any portion of the property specified in the application. (S. C. C. & R. C.)

[Attachment if cause not shewn or security not furnished.]

CXXIV. If the defendant fail to show cause why he should not furnish security, or fail to furnish the security required within the time fixed by the Court, the Court may order that the property specified in the application or such portion thereof as shall appear to be sufficient to fulfil any decree which may be passed in the suit shall be attached, or it may order that the defendant be committed to custody until the decision of the suit or for such other time as the Court shall direct. (S. C. C. & R. C.)

[Withdrawal of attachment.]

CXXV. If the defendant show such cause or furnish the required security and the property specified in the application or any portion of it shall have been ordered to be attached, the Court shall order the attachment to be withdrawn. (S. C. C. & R. C.)

[Mode of making attachment.]

CXXVI. The attachment shall be made, according to the nature of the property to be attached, in the manner hereinafter provided for the attachment of property in execution of a decree for money. (S. C. C. & R. C.)

[Investigation of claims to property attached before judgment.]

CXXVII. If any claim be preferred to the property attached before judgment, such claims shall be investigated in the manner hereinafter provided for the investigation of claims to property attached in execution of a decree for money. (S. C. C. & R. C.)

[Removal of attachment when security furnished.]

CXXVIII. When an order of attachment before judgment is passed, the Court which passed the order shall at any time remove the attachment on the defendant furnishing the security required together with security for the costs of the attachment. (S. C. C. & R. C.)

[Compensation for obtaining attachment or instituting suit on insufficient grounds. Proviso.]

CXXIX. If it shall appear to the Court that the attachment was obtained on insufficient grounds or if after the attachment, the suit of the plaintiff is dismissed or judgment is given against him by default or otherwise, and it shall appear to the Court that there was no probable ground for instituting the suit, the Court may on the application of the defendant, award against the plaintiff

নির্দ্দিষ্ট সমস্ত সম্পত্তির কি তাহার কোন অংশের ক্রোক হইবার আদেশ দিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[কারণ না দেখাইলে কি প্রতিভূ না দিলে সম্পত্তি ক্রোক হইতে পারিবার কথা।]

১২৪ ধারা। যদি প্রতিবাদী প্রতিভূ না দিবার কারণ না দেখান কিম্বা নির্দ্দিষ্ট প্রতিভূ আদালতের নিরূপিত কালের মধ্যে না দেন, তবে প্রার্থনাপত্রে নির্দ্দিষ্ট সম্পত্তি, কিম্বা তাহার যে অংশ ঐ মোকদ্দমাঘটিত কোন ডিক্রী সাধনার্থে প্রচুর বোধ হয়, আদালত তাহার ক্রোক হইবার আজ্ঞা দিতে পারিবেন, অথবা মোকদ্দমার নিষ্পত্তি পর্য্যন্ত কিম্বা আদালত অন্য যত কাল নির্দ্দিষ্ট করেন তত কাল পর্য্যন্ত প্রতিবাদিকে হাজতে রাখিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[ক্রোক উঠাইয়া লইবার কথা।]

১২৫ ধারা। যদি প্রতিবাদী উক্ত প্রকারের কারণ দেখান কিম্বা আজ্ঞানুসারে প্রতিভূ দেন, তবে প্রার্থনাপত্রে নির্দ্দিষ্ট সম্পত্তি কি তাহার কোন অংশ ক্রোক করিয়া রাখিবার আজ্ঞা হইলে আদালত সেই ক্রোক উঠাইয়া লইবার আজ্ঞা করিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[সম্পত্তি যে প্রকারে ক্রোক হইবে তাহার কথা।]

১২৬ ধারা। যে সম্পত্তি ক্রোক করিতে হয় তাহার স্বরূপবিশেষ বুঝিয়া এই আইনের উত্তর ভাগে টাকার ডিক্রী সাধনক্রমে সম্পত্তি ক্রোক করণের যে বিধান আছে তদনুসারে ক্রোক করিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[নিষ্পত্তির পূর্ব্বে যে সম্পত্তি ক্রোক হয় তাহার উপর দাওয়া হইলে তদ্বিচারের কথা।]

১২৭ ধারা। নিষ্পত্তির পূর্ব্বে যে সম্পত্তি ক্রোক হয় যদি কেহ তাহার উপর কোন দাওয়া করে, তবে টাকার ডিক্রী সাধনক্রমে ক্রোক হওয়া সম্পত্তির উপর যে দাওয়া হয় তাহা অনুসন্ধান করণের যে বিধান এই আইনের উত্তরভাগে আছে, তদনুসারে সেই দাওয়ার অনুসন্ধান করিতে হইবে ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতিভূ দিলে ক্রোক উঠাইয়া লইবার কথা।]

১২৮ ধারা। নিষ্পত্তির পূর্ব্বে ক্রোক করিবার আজ্ঞা জারী হইলে পর কোন সময়ে যদি প্রতিবাদী আজ্ঞানুসারে প্রতিভূ ও ক্রোকের খরচার প্রতিভূ দেন, তবে যে আদালত সেই আজ্ঞা করিয়াছিলেন সেই আদালত ক্রোক উঠাইয়া লইবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[অনুপযুক্ত কারণে ক্রোকের আজ্ঞা পাইলে কি মোকদ্দমা উপস্থিত করিলে তৎপ্রতিকারের কথা ও উপনিয়ম।]

১২৯ ধারা। ক্রোকের আজ্ঞা অনুপযুক্ত কারণে পাওয়া গিয়াছিল, যদি আদালত এমন জ্ঞান করেন, কিম্বা ক্রোকের পরে বাদির মোকদ্দমা ডিস্মিস্ হইলে কিম্বা অনুপস্থানক্রমে কি প্রকারান্তরে তাঁহার বিপক্ষে নিষ্পত্তি হইলে, যদি আদালতের এমত বোধ হয় যে মোকদ্দমা উপস্থিত করিবার অনুমানসিদ্ধ কোন কারণ ছিল না, তবে প্রতিবাদির প্রার্থনাক্রমে আদালত প্রতিবাদির সম্পত্তি ক্রোক হইতে উৎপন্ন ক্ষ-

in its decree such amount, not exceeding the sum of one thousand Rupees, as it may deem a reasonable compensation to the defendant for the expense or injury occasioned to him by the attachment of his property: Provided that the Court shall not award a larger amount of compensation under this Section than it is competent to such Court to decree in an action for damages. An award of compensation under this Section shall bar any suit for damages in respect of such attachment. (S. C. C. & R. C.)

[Attachment not to effect rights of strangers or bar the decree-holder from applying for sale.]

CXXX. Attachment before judgment shall not effect the rights of persons not parties to the suit, nor bar any person holding a decree against the defendant from applying for the sale of the property under attachment in execution of such decree. (S. C. C. & R. C.)

[Court may stay sale of property already under attachment, when execution of a decree fraudulently obtained is applied for.]

CXXXI. If it shall appear to the Court by which the property shall have been ordered to be attached before judgment, that there is reasonable ground for supposing that the decree, in satisfaction of which the sale of the property is applied for under the provisions of the last preceding Section, was obtained by fraud or other improper means, the Court may refuse to allow the property to be sold in execution if the decree be a decree of that Court, or if it be decree of another Court, may stay the proceedings for a reasonable time to enable the person on whose application the property was ordered to be attached to adopt proceedings, to set aside the decree. (S. C. C. & R. C.)

[Case in which party may be put in immediate possession of land the subject of suit.]

CXXXII. When land paying revenue to Government, or a tenure liable to summary sale, forms the subject of a suit, if the party in possession of such land or tenure shall neglect to pay the Government revenue, or the rent due to the proprietor of the tenure, as the case may be, and a sale shall in consequence be ordered to take place, the party to the suit not in possession shall, upon payment of the revenue or rent due previously to the sale (and with or without security at the discretion of the Court), be put in immediate possession of the land or tenure; and the Court in its decree may award against the defendant the amount so paid, with interest thereupon as

য়ের কি ক্ষতির যুক্তিসিদ্ধ প্রতিকারার্থে এক সহস্রের অনধিক যত টাকা উপযুক্ত জ্ঞান করেন, বাদির বিপক্ষে তত টাকা দিবার আদেশ আপনার ডিক্রীতে লিখিতে পারিবেন। কিন্তু ক্ষতিপূরণ বিষয়ক মোকদ্দমাতে সেই আদালত যত টাকার ডিক্রী করিতে ক্ষমতাপন্ন তাহার অধিক টাকা প্রতিকারের ডিক্রী এই ধারার বলে করিবেন না। এবং এই ধারাক্রমে প্রতিকারের ডিক্রী হইলে সেই ক্রোকজন্য ক্ষতিপূরণ বিষয়ক কোন মোকদ্দমা আর হইতে পারিবে না ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[অপর ব্যক্তিদের যে স্বত্ব আছে, ক্রোকদ্বারা তাহার হানি, কি বিক্রয়ের প্রার্থনা করিতে ডিক্রীদারের বাধা না জন্মিবার কথা।]

১৩০ ধারা। নিষ্পত্তির পূর্ব্বে যে ক্রোক হয় তদ্দারা মোকদ্দমার পক্ষ ভিন্ন অন্য ব্যক্তিদের স্বত্বের কোন হানি জন্মিবে না, ও প্রতিবাদির বিপক্ষ কোন ডিক্রীদার যাহাতে ডিক্রী সাধনক্রমে সেই ক্রোক করা সম্পত্তির বিক্রয়ার্থে প্রার্থনা করিতে না পারেন এমত বাধাও জন্মিবে না ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[প্রতারণাক্রমে যে ডিক্রী পাওয়া যায় তাহার সাধন হইবার প্রার্থনা হইলে ক্রোক হওয়া সম্পত্তির বিক্রয় স্থগিত রাখিতে আদালতের ক্ষমতার কথা]

১৩১ ধারা। কোন আদালতের আজ্ঞাক্রমে নিষ্পত্তির পূর্ব্বে সম্পত্তি ক্রোক হইলে পর ইহার অব্যবহিত পূর্ব্বধারার বিধান অনুসারে যে ডিক্রীর শোধার্থে সেই সম্পত্তি বিক্রয় হইবার প্রার্থনা হয়, সেই ডিক্রী যে প্রতারণাক্রমে কি অন্য অনুচিত উপায়ক্রমে পাওয়া গিয়াছে, এমত অনুমান করণের উপযুক্ত কারণ যদি ঐ ক্রোকের আজ্ঞাকারি আদালত দেখেন, তবে সেই আদালতের ডিক্রী হইলে আদালত ডিক্রীর সাধনক্রমে সম্পত্তি বিক্রয় হইবার অনুমতি অস্বীকার করিতে পারিবেন, অথবা অন্য আদালতের ডিক্রী হইলে, যে ব্যক্তির প্রার্থনাক্রমে সম্পত্তি ক্রোক হইয়াছে তাঁহাকে সেই ডিক্রী অসিদ্ধ করাইবার উপায়াবলম্বনার্থে অবকাশ দিবার জন্যে উপযুক্ত কাল পর্য্যন্ত মোকদ্দমার কার্য্য স্থগিত রাখিতে পারিবেন ইতি। (ক্ষু মো আ, ও রা আ)

[ভূমিবিষয়ক মোকদ্দমা হইলে যে স্থলে পক্ষ ব্যক্তিকে অগৌণে দখল দেওয়া বিহিত এমত স্থলবিশেষের কথা।]

১৩২ ধারা। গবর্ণমেণ্টের খেরাজী ভূমি কিম্বা সরাসরী বিক্রয়ের অধীন পাট্টাই ভূমি বিষয়ক মোকদ্দমা হইলে সেই ভূমি কি পাট্টাই ভূমি যে পক্ষের দখলে আছে, তিনি যদি রাজস্ব দিতে অথবা মহালের স্বামিকে তাঁহার প্রাপ্য খাজানা দিতে ত্রুটি করেন ও তৎপ্রযুক্ত বিক্রয়ের আজ্ঞা হয়, তবে মোকদ্দমার যে পক্ষ দখীলকার নহেন তিনি বিক্রয়ের পূর্ব্বে সেই রাজস্ব কি খাজানা দিলে, এবং আদালতের বিবেচনানুসারে প্রতিভূও দিলে কি না দিলে, ঐ ভূমির কি পাট্টাই ভূমির দখল তাঁহাকে অগৌণে দত্ত হইবে, ও সেইরূপে যত টাকা দেওয়া গেল, তাহা ও তাহার উপর যে হারের সুদ ধরা আদালতের উপযুক্ত বোধ হয় সেই হারের সুদ, এতদুভয় দিবার আজ্ঞা আদালত প্রতিবাদির বিপক্ষে আপনার ডিক্রীতে লিখিতে

such rate as the Court may think fit, or may charge the amount so paid, with interest thereupon at such rate as the Court may order, in any adjustment of accounts which may be directed in the decree passed in the suit.

Of ex parte Orders to perform a Contract.

[*Ex parte* order for specific performance of registered contract.]

CXXXIII. In any suit brought under Section 24 on a contract which shall have been registered under any law for the registration of assurances, the Court may, on the application of the plaintiff at the time of the institution of the suit, and if satisfied that the contract is capable of being performed by the defendant, that the plaintiff is likely to be materially prejudiced by any delay in such performance, and that the application is in good faith, make an order *ex parte* calling upon the defendant within a time to be fixed by the Court to perform the contract, or to appear and show cause why its immediate performance should not be enforced (S. C. C.)

[Enforcement of order.]

CXXXIV. If the defendant shall not, within the time fixed by the Court, either perform the contract, or appear and show cause why the immediate performance of the contract should not be enforced, and if it shall be proved to the satisfaction of the Court that the said order was duly served upon him in any of the modes of service hereinbefore provided, the Court shall proceed at once to take such evidence as the plaintiff shall adduce in support of his claim, and subject to the conditions contained in Section 314, thereupon give judgment and pass a decree on the judgment so given as provided in the same Section. (S. C. C.)

Of Injunctions.

[Cases in which an injunction to stay waste, &c., may be granted.]

CXXXV. If it be shewn to the satisfaction of the Court that any property which is in dispute in a suit is in danger of being wasted, damaged or alienated by any party to the suit, the Court may issue an injunction to such party, commanding him to refrain from doing the particular act complained of, or threatened, or give such other order for the purpose of staying and preventing the wasting, damaging or alienation of the property as to the Court may seem meet.

পারিবেন, কিম্বা মোকদ্দমাঘটিত ডিক্রীর মধ্যে যে কোন হিসাবের নিষ্পত্তির আদেশ থাকিবে, সেই হিসাবে ঐ পরিশোধ করা টাকা ও তাহার যে হারে সুদ ধরিবার আজ্ঞা আদালত করিবেন সেই হারের সুদ এতদুভয় খরচে লিখিতে পারিবেন ইতি।

চুক্তিবিশেষের সাধনার্থে একতরফা আজ্ঞার কথা।

[রেজিষ্টরী হওয়া চুক্তিবিশেষের সাধনার্থে একতরফা আজ্ঞার কথা।]

১৩৩ ধারা। নিদর্শনপত্র রেজিষ্টরী করিবার কোন আইনমতে যে চুক্তি রেজিষ্টরী করা গিয়াছে তাহার বিষয়ে ২৪ ধারানুসারে যে মোকদ্দমা উপস্থিত হয়, তাহা উপস্থিত করণ কালে বাদী প্রার্থনা করিলে, সেই চুক্তি অবিলম্বে সাধন করা যে প্রতিবাদির সাধ্য, এবং তদ্বিষয়ক আজ্ঞা করিবার বিলম্ব হইলে বাদির গুরুতর ক্ষতি হইবার সম্ভাবনা আছে, এবং সরল ভাবে প্রার্থনা করা যাইতেছে, এই সকল বিষয় যদি আদালত হৃদ্বোধমতে জানিতে পান, তবে আদালত একতরফা আজ্ঞা করিয়া প্রতিবাদিকে এমত আদেশ দিতে পারিবেন, যে তাঁহাকে আদালতের নিরূপিত সময়ের মধ্যে সেই চুক্তি সাধন করিতে, অথবা অগৌণে তাহার সাধন প্রবল করিতে না হইবার কারণ দেখাইবার জন্যে উপস্থিত হইতে হইবে ইতি। (ক্ষু মো আ)

[আজ্ঞা প্রবল করিবার কথা।]

১৩৪ ধারা। প্রতিবাদী যদি আদালতের নিরূপিত সময়ের মধ্যে চুক্তি সাধন না করেন কিম্বা অগৌণে তৎসাধন প্রবল করিতে না হইবার কারণ দেখাইতে উপস্থিত না হন, এবং সমর্পণ করিবার যে২ রীতি ইহার পূর্ব্বে এই আইনে নির্দ্দিষ্ট হইয়াছে তাহার কোন রীতানুসারে উক্ত আজ্ঞা উচিত মতে তাঁহার প্রতি সমর্পিত হইয়াছে, ইহার প্রমাণ যদি আদালতের হৃদ্বোধমতে দেওয়া যায়, তবে বাদী নিজ দাওয়া প্রতিপাদনের যে প্রমাণ দেন আদালত অবিলম্বে সেই প্রমাণ লইবেন, ও তৎক্রমে ৩১৪ ধারার নির্দ্দিষ্ট নিয়মের অধীনে নিষ্পত্তি করিবেন, ও উক্ত ধারার বিধানানুসারে সেই নিষ্পত্তিক্রমে ডিক্রী প্রচার করিবেন ইতি। (ক্ষু মো আ)

নিষেধাজ্ঞার বিধি।

[অপচয় প্রভৃতির নিবারণার্থ নিষেধাজ্ঞা যে স্থলে হইতে পারে তাহার কথা।]

১৩৫ ধারা। কোন মোকদ্দমায় যে সম্পত্তির বিষয়ে বিবাদ হয়, মোকদ্দমার পক্ষ কোন ব্যক্তিদ্বারা তাহার অপচয় কি ক্ষতি হইবার কি হস্তান্তর হইবার আশঙ্কা থাকে, ইহা যদি আদালতের হৃদ্বোধমতে দেখান যায়, তবে আদালত সেই পক্ষ ব্যক্তির নামে নিষেধাজ্ঞা জারী করিয়া এমন আদেশ করিতে পারিবেন যে তাঁহার যে বিশেষ কার্য্য করণ কি করিবার উদ্যোগ দেখাওন বিষয়ে নালিশ হইয়াছে, সেই কার্য্য করণহইতে তিনি নিবৃত্ত হন, অথবা আদালত সেই সম্পত্তির অপচয় কি ক্ষতি কি হস্তান্তরীকৃত হওন বন্ধ করণের কি নিবারণের অভিপ্রায়ে অন্য যে প্রকার আজ্ঞা উপযুক্ত জ্ঞান করেন সেই প্রকার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[Before granting injunction, Court may direct notice to be given to opposite party.]

CXXXVI. The Court may before granting an injunction, direct notice of the application for the same to be given to the opposite party.

[Receiver or Manager of immovable property.]

CXXXVII. Whenever it may appear to the Court to be necessary for the preservation or the better management or custody of any immovable property which is in dispute in a suit, it shall be lawful for the Court to appoint a Receiver or Manager of such property, on such terms as to security or otherwise as to the Court shall seem fit, and if need be to remove the person in whose possession or custody the property may be from the possession or custody thereof, and to commit the same to the custody of such Receiver or Manager, and to grant to such Receiver or Manager such fee or commission on the rents and profits of the property by way of remuneration, and all such powers as to bringing and defending suits, and for the management, protection, preservation, and improvement of the property, and the collection of the rents and profits thereof, and the application and disposal of such rents and profits, as the Court may think fit.

[When the Collector may be appointed Receiver.]

CXXXVIII. If the property be land paying revenue to Government, and the Court shall consider that the interests of those concerned will be promoted by the management of the Collector, the Court may appoint the Collector to be Receiver and Manager of such land, unless the Government shall by any general order prohibit the appointment of Collectors for such purpose, or shall in any particular case prohibit appointment of the Collector to be such Receiver and Manager.

[Injunction to restrain repetition or continuance of breach.]

CXXXIX. In any suit for restraining the defendant from committing a breach of contract or other injury, and whether damages be claimed in the suit or not, the plaintiff may, at any time after the commencement of the suit, and either before or after judgment, apply to the Court for an injunction to restrain the defendant from the repetition or the continuance of the breach of contract or wrongful act complained of, or the committing of any breach of contract or injury of a like kind arising out of the same contract or relating to the same property or

[নিষেধাজ্ঞা দেওনের পূর্ব্বে বিপক্ষ পক্ষকে সংবাদ দেওয়া যাইবে এমত আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।]

১৩৬ ধারা। কোন নিষেধাজ্ঞা করণে সম্মতি দিবার পূর্ব্বে তদ্বিষয়ক প্রার্থনা যে হইয়াছে ইহার সংবাদ বিপক্ষ পক্ষকে দেওয়া যাইবে, আদালত এমত আদেশ করিতে পারিবেন ইতি।

[স্থাবর সম্পত্তিতে অর্থাদায়িকে কি সরবরাহকারকে নিযুক্ত করণের কথা।]

১৩৭ ধারা। কোন মোকদ্দমায় যে স্থাবর সম্পত্তির বিষয়ে বিবাদ হয় তাহার রক্ষা কি উৎকৃষ্ট তত্ত্বাবধারণ করিবার কি উত্তমরূপে তাহা জিম্মায় রাখিবার জন্যে আদালতের আবশ্যক বোধ হইলে, আদালত সেই সম্পত্তিতে এক জন অর্থাদায়ী কি সরবরাহকারকে নিযুক্ত করিতে পারিবেন, ও করিলে প্রতিভূ দিবার কি না দিবার যেরূপ নিয়ম উপযুক্ত জ্ঞান করেন সেই রূপ নিয়ম করিবেন, এবং সেই সম্পত্তি যে ব্যক্তির দখলে কি জিম্মায় থাকে, আবশ্যক হইলে তাঁহার দখল কি জিম্মাহইতে তাহা লইয়া উক্ত অর্থাদায়ির কি সরবরাহকারের জিম্মায় রাখিতে পারিবেন, এবং আদালতের যাহা উচিত বোধ হয় তদনুসারে অর্থাদায়িকে কি সরবরাহকারকে তাঁহার পুরস্কাররূপে ঐ সম্পত্তির খাজানা প্রভৃতি উপস্বত্বহইতে উপযুক্ত ফী কি কমিসান দিতে পারিবেন, এবং মোকদ্দমা চালাইবার ও তাহার উত্তর দিবার ও সম্পত্তির সরবরাহ ও তত্ত্বাবধারণ ও রক্ষা ও উন্নতির নিমিত্তে এবং তদীয় খাজানা প্রভৃতি উপস্বত্ব আদায় ও প্রয়োগ কি ব্যয় করিবার নিমিত্তে উপযুক্ত ক্ষমতাও দিতে পারিবেন ইতি।

[যে স্থলে কালেক্টর সাহেব অর্থাদায়ির পদে নিযুক্ত হইতে পারেন তাহার কথা।]

১৩৮ ধারা। সেই সম্পত্তি যদি গবর্ণমেণ্টের খেরাজী ভূমি হয়, ও কালেক্টর সাহেবের তত্ত্বাবধারণে থাকিলে যাঁহাদের ঐ ভূমিতে সম্পর্ক থাকে তাঁহাদের পক্ষে ভাল হইবে এমত যদি বোধ হয়, তবে আদালত কালেক্টর সাহেবকে সেই ভূমির অর্থাদায়ি ও সরবরাহকারের কর্ম্মে নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু গবর্ণমেণ্ট সাধারণ আজ্ঞাদ্বারা সেই অভিপ্রায়ে কালেক্টর সাহেবের নিয়োগ কিম্বা স্থলবিশেষে অর্থাদায়ির ও সরবরাহকারের পদে তথাকার কালেক্টর সাহেবের নিয়োগ নিষেধ করিলে আদালত তাহা করিতে পারিবেন না ইতি।

[চুক্তি ভঙ্গ পুনরায় করিবার কি করিতে থাকিবার নিবারণার্থে নিষেধাজ্ঞা দেওনের কথা।]

১৩৯ ধারা। কোন চুক্তিভঙ্গ কি অন্য ক্ষতি করণহইতে প্রতিবাদিকে নিবারণার্থে মোকদ্দমা হইলে, সেই মোকদ্দমাতে ক্ষতিপূরণের কোন দাওয়া হউক কি না হউক, মোকদ্দমার আরম্ভ হইবার পর কোন সময়ে ও নিষ্পত্তি হইবার পূর্ব্বে কি পরে বাদী আদালতের নিকটে এমত নিষেধাজ্ঞার প্রার্থনা করিতে পারিবেন, যদ্দ্বারা প্রতিবাদির যে চুক্তিভঙ্গ কি অন্যায়কর্ম্মের বিষয়ে নালিশ হইল, তাহা পুনরায় করণ কি করিতে থাকনহইতে কিম্বা সেই চুক্তিঘটিত কি সেই সম্পত্তি বা স্বত্ব সম্পর্কীয় কোন চুক্তিভঙ্গ কি তাদৃশ ক্ষতিজনক কর্ম্ম করণহইতে তিনি নিবারিত হন। আর ঐ নিষেধাজ্ঞার প্রবল থাকিবার কাল ও হিসাব

right. Such injunction may be granted by the Court on such terms as to the duration of the injunction, keeping an account, giving security, or otherwise, as to the Court shall seem proper. In case of disobedience, an injunction granted under this Section or Section 135 may be enforced by the imprisonment of the defendant or the attachment of his movable property or both.

[Order for injunction may be discharged, varied or set aside.]

CXL. Any order for an injunction may be discharged or varied or set aside by the Court, on application made thereto by any party dissatisfied with such order.

[Compensation to defendant for issue of injunction or institution of suit on insufficient grounds. Proviso.]

CXLI. If it shall appear to the Court that the injunction was applied for on insufficient grounds, or if after the issue of the injunction, the claim of the plaintiff is dismissed or judgment is given against him by default or otherwise, and it shall appear to the Court that there was no probable ground for instituting the suit, the Court may, on the application of the defendant, award against the plaintiff in its decree such sum, not exceeding one thousand rupees, as it may deem a reasonable compensation to the defendant for the expense or injury occasioned to him by the issue of the injunction: Provided that the Court shall not award a larger amount of compensation under this Section than it is competent to such Court to decree in an action for damages. An award of compensation under this Section shall bar any suit for damages in respect of the issue of the injunction.

[Execution of award of compensation.]

CXLII. An award of compensation under Section 119, Section 129, or Section 141, shall be executed in the manner hereinafter provided for the execution of decrees for money.

OF THE WITHDRAWAL AND ADJUSTMENT OF SUITS.

যে কোন ব্যক্তি স্বয়ং উপস্থিত হন কি আদালতে বর্ত্তমান আছেন তাঁহাকে কিম্বা মোকদ্দমা বিষয়ক গুরুতর প্রশ্ন সকলের উত্তর দেওনে সমর্থ অন্য কোন ব্যক্তি তাঁহার সঙ্গে কি তাঁহার উকিলের সঙ্গে থাকিলে সেই ব্যক্তিকে আদালত বাক্যক্রমে জিজ্ঞাসাবাদ করিতে ক্ষমতাপন্ন হইবেন। সেই প্রশ্নোত্তরের সারকথা লিপিবদ্ধ করিতে হইবে ও তাহা মোকদ্দমার কাগজপত্রের এক অংশ হইবে ইতি। (ক্ষু. মো. আ, ও রা. আ.)

[কোন পক্ষ উত্তর না দিলে তাহার ফলের কথা।]

১৮৭ ধারা। মোকদ্দমার যে কোন পক্ষ স্বয়ং উপস্থিত হন কি আদালতে বর্ত্তমান থাকেন, তাঁহাকে আদালত মোকদ্দমা বিষয়ক কোন গুরুতর কথা জিজ্ঞাসা করিতে উচিত বোধ করিলে যদি তিনি ব্যবস্থাসিদ্ধ গ্রাহ্য হেতুর অভাবে ও তাহার উত্তর না দেন তবে আদালত তাঁহার বিপক্ষে ডিক্রী করিতে পারিবেন, অথবা মোকদ্দমা বিষয়ক অন্য যে আজ্ঞা উপযুক্ত জ্ঞান করেন তাহা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[উকিল উত্তর না দিলে কি দিতে অপারক হইলে তাহার ফলের কথা।]

১৮৮ ধারা। মোকদ্দমার কোন পক্ষের যে প্রশ্নের উত্তর দেওয়া আদালতের বিবেচনানুসারে কর্ত্তব্য এবং স্বয়ং তাঁহাকেই জিজ্ঞাসা করিলে যাহার উত্তর দিতে তিনি সমর্থ হইতে পারেন, সেই ব্যক্তি উকিল দ্বারা উপস্থিত হইলে যদি সেই উকিল মোকদ্দমা বিষয়ক এমত কোন গুরুতর প্রশ্নের উত্তর না দেন কি দিতে অপারক হন, তবে আদালত মোকদ্দমা শ্রবণ স্থগিত রাখিয়া তাহার অন্য কোন দিন নিরূপণ করিয়া ঐ ব্যক্তির প্রতি সেই দিনে স্বয়ং উপস্থিত হইবার আদেশ করিতে পারিবেন। যে ব্যক্তির প্রতি উপস্থিত হইবার এমত আদেশ হয় তিনি যদি ব্যবস্থাসিদ্ধ হেতু না থাকিলেও সেই নিরূপিত দিনে স্বয়ং উপস্থিত হইতে ত্রুটি করেন, তবে আদালত তাঁহার বিপক্ষে ডিক্রী করিতে পারিবেন, অথবা মোকদ্দমা বিষয়ক অন্য যে আজ্ঞা উপযুক্ত জ্ঞান করেন তাহা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

নিদর্শনপত্র উপস্থিত করিবার বিধি।

[প্রথমে মোকদ্দমা শুনিবার সময়ে লিখিত প্রমাণ উপস্থিত করিবার কথা।]

১৮৯ ধারা। কোন মোকদ্দমার উভয় পক্ষ বিবিধ প্রমাণোপযোগি যে২ নিদর্শনপত্রের উপরে নির্ভর করিতে মনস্থ করেন, তাহার মধ্যে যে২ পত্র পূর্ব্বে আদালতে অর্পিত হয় নাই সেই সকল পত্র, এবং মোকদ্দমা শ্রবণের পূর্ব্বে যুক্তিযুক্ত সময়ের মধ্যে প্রচারিত সংবাদদ্বারা উভয় পক্ষের কিম্বা তাঁহাদের কোন জনের প্রতি যাহা উপস্থিত করিবার আদেশ হইয়াছে সংবাদে নির্দ্দিষ্ট সেই সকল পত্র কি অন্য বস্তু প্রথমে মোকদ্দমা শ্রবণ কালে আদালতের আজ্ঞাক্রমে উপস্থিত করিতে হইবে। পশ্চাৎ মোকদ্দমা চলিবার কোন সময়ে উভয় পক্ষ কিম্বা তাহারদের কোন ব্যক্তি যদি কোন লিখিত প্রমাণ উপস্থিত করিতে বাঞ্ছা করেন, তবে প্রথম শ্রবণ কালে তাহা উপস্থিত না করিবার যোগ্য কারণ আদালতের হৃদ্বোধমতে না দেখাইলে

duction thereof at the first hearing. (S. C. C. & R. C.)

[Documents to be received by Court. Rejection of irrelevant or inadmissible documents.]

CXC. The Court shall receive the documents produced by the parties. The Court may at any stage of the suit reject any document which it considers irrelevant or otherwise inadmissible, recordnig the grounds of such rejection. (S. C. C. & R. C.)

[Admitted documents to be marked and filed. Entries in shop-books.]

CXCI. When a document is admitted in evidence at any stage of the suit, it shall be endorsed with the number and title of the suit, the name of the person producing it, and the date on which it was produced and shall be filed as part of the record : Provided that, if the document be an entry in a shop-book, or other book, the party on whose behalf such book is produced may furnish a copy of the entry, which may be on unstamped paper : the copy may be endorsed as aforesaid, and shall be filed as part of the record, and the book shall be returned to the person producing it. (S. C. C. & R. C.)

[Rejected documents to be marked and returned. Unless detained by Court.]

CXCII. When a document is rejected by the Court, it shall be endorsed in the manner specified in the last preceding Section with the addition of the word "rejected," and the endorsement shall be signed by the Judge. The document shall then be returned to the party who produced it, unless the Court shall think proper, on suspicion of the document having been fabricated, or for any other reason, to order that it be detained. (S. C. C. & R. C.)

[Court may receive in evidence, unstamped documents on payment of proper stamp duty and penalty.]

CXCIII. If a document not bearing the stamp prescribed by law, be produced in evidence, the Court, if satisfied that the omission or neglect to execute such document on paper bearing the proper stamp did not arise from any intention to evade payment of the stamp duty prescribed for such document or otherwise to defraud the Government, may receive in evidence such document, on payment into Court of the proper stamp duty and (as a penalty) treble the amount of such stamp duty ; or if the document shall be insufficiently stamped, on payment into Court of such sum as with the

তাহা গ্রাহ্য হইবে না ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[নিদর্শণপত্র আদালতের গ্রহণ করিবার কিন্তু অপ্রাসঙ্গিক কি অগ্রাহ্য পত্র গ্রহণ না করিবার কথা।]

১৯০ ধারা। মোকদ্দমার উভয় পক্ষ যে সকল নিদর্শনপত্র উপস্থিত করেন, আদালত তাহা গ্রহণ করিবেন। আদালত যে কোন নিদর্শনপত্র মোকদ্দমার অসম্বন্ধ কি প্রকারান্তরে অগ্রাহ্য বোধ করেন তাহা মোকদ্দমা চলিবার কোন সময়ে অগ্রাহ্য করিবার হেতু লিপিবদ্ধ করিয়া অগ্রাহ্য করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[গৃহীত নিদর্শনপত্রে চিহ্ন দিয়া রাখিবার কথা, ও দোকানের খাতার লিখিত বিষয়ের কথা।]

১৯১ ধারা। মোকদ্দমা সম্পাদনের কোন সময়ে কোন নিদর্শনপত্র প্রমাণরূপে গৃহীত হইলে পর তাহার পৃষ্ঠে মোকদ্দমার নম্বর ও খ্যাতি ও উপস্থিতকারি ব্যক্তির নাম ও অর্পিত হইবার তারিখ লিখিয়া তাহা কাগজপত্রের অংশস্বরূপে রাখিতে হইবে। কিন্তু যদি সেই পত্র দোকানের খাতার কি অন্য বহীর লিখিত কথা হয়, তবে যে ব্যক্তির পক্ষে সেই বহী উপস্থিত করা যায়, তিনি সেই লিখিত কথার এক খানি প্রতিলিপি অর্পণ করিতে পারিবেন সেই প্রতিলিপি ইষ্টাম্পা কাগজে করিবার প্রয়োজন নাই। পরে সেই প্রতিলিপির পৃষ্ঠে পুর্ব্বোক্ত মতের কথা লিখিত হইয়া মোকদ্দমার কাগজপত্রের অংশস্বরূপে তাহা রাখিতে হইবে ও যে ব্যক্তি বহী উপস্থিত করিয়াছিলেন তাঁহাকে তাহা ফিরিয়া দেওয়া যাইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[নিদর্শনপত্র অগ্রাহ্য হইলে যদি আদালত তাহা না রাখেন, তবে ফিরিয়া দিবার কথা।]

১৯২ ধারা। যদি আদালত কোন নিদর্শনপত্র অগ্রাহ্য করেন, তবে ইহার অব্যবহিত পূর্ব্বধারার নির্দ্দিষ্টমতে তাহাতে পৃষ্ঠলিপি দিয়া সেই পৃষ্ঠলিপির শেষে "অগ্রাহ্য হইল" এই শব্দ লিখিতে হইবে, এবং বিচারকর্ত্তা ঐ পৃষ্ঠলিপিতে স্বাক্ষর করিবেন। পরে যে ব্যক্তি সেই নিদর্শনপত্র উপস্থিত করিয়াছিলেন তাঁহার প্রতি তাহা প্রত্যর্পণ করিতে হইবে। কিন্তু নিদর্শনপত্র খানি কৃত্রিম এমত সন্দেহ প্রযুক্ত কি অন্য কোন কারণে আদালত যদি তাহা আটক করা উচিত জ্ঞান করেন, তবে তাহা আটক করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[যে নিদর্শনপত্রে ইষ্টাম্পা নাই তাহার উপর উপযুক্ত ইষ্টাম্পের মাসুল ও অর্থদণ্ড লইয়া তাহা গ্রাহ্য করিতে আদালতের ক্ষমতার কথা।]

১৯৩ ধারা। কোন নিদর্শনপত্র প্রমাণস্বরূপে উপস্থিত করা গেলে যদি তাহাতে আইনের নির্দ্দিষ্ট ইষ্টাম্পা না থাকে, তবে উক্ত প্রকারের নিদর্শনপত্রের যে মূল্যের ইষ্টাম্পা নিৰ্দ্ধার্য্য হইয়াছে, তাহা ছলে না দিবার কি গবর্ণমেন্টকে প্রকারান্তরে প্রবঞ্চনা করিবার অভিপ্রায়ে উপযুক্ত মূল্যের ইষ্টাম্পা কাগজে সেই পত্র প্রস্তুত করিতে ত্রুটি কি অবহেলা হয় নাই, যদি আদালত ইহা হৃদ্বোধমতে অবগত হন তবে উপযুক্ত ইষ্টাম্পের মাসুল ও দণ্ডরূপে সেই ইষ্টাম্পা মাসুলের ত্রিগুণ মূল্যের টাকাও আদালতে অর্পণ করা গেলে, কিম্বা সেই পত্রে অল্পতর মূল্যের ইষ্টাম্প থাকিলে সেই ইষ্টাম্পের অতিরিক্ত যত টাকা দিলে সেই নিদর্শনপত্রের উপর দাতব্য

amount of the stamp upon such document shall suffice to complete the prescribed amount, and (as a penalty) treble the sum required to complete the same. The proper amount to be paid into Court under this Section shall in each case be determined by the Court, whose decision on the point shall be final. (S. C. C. & R. C.)

[Entry of payments under preceding Section to be made in book and endorsed.]

CXCIV. An entry of every payment under the last preceding Section, setting forth the amount thereof, shall be made in a book to be kept by the Court, and shall also be endorsed on the back of the document in respect of which it is made, and shall be signed by the Court or by the Registrar or Clerk of the Court. (S. C. C. & R. C.)

[Judge to make monthly return to Collectors of stamp duty received by the Court. Contents of return.]

CXCV. The Judge shall at the end of every month make a return to the Collector of the Stamp Revenue of the District, of the money (if any) which the Court has received under the provisions of Section 193, distinguishing between the sums received by way of penalty and the sums received by way of duty. The return shall state the number and title of the suit, the name of the party from whom such money was received, and the date, if any, and description of the document. The Judge shall pay over the money so received to such Collector or to such person as the Collector may appoint to receive the same. (S. C. C. & R. C.)

[Collector to stamp document duly endorsed under Section 194.]

CXCVI. The Collector or other proper authority shall, upon the production of a document in respect of which a payment of stamp duty shall have been made under Section 193, with the endorsement hereinbefore mentioned, cause it to be stamped with a stamp of the amount paid into Court on account of such duty. (S. C. C. & R. C.)

[After lapse of time for appeal document admitted in evidence may be returned.]

CXCVII. In suits in which an appeal is allowed, when the time for preferring an appeal from the decree has elapsed, or, if an appeal has been preferred, then after the appeal has been disposed of, any person, whether a party to the suit or not, who may be desirous of receiving back any document produced by him in the suit, shall be entitled, on application to the Court in which such document may be, to receive back the same. (R. C.)

ইষ্টাম্পের মূল্য সম্পূর্ণ হয়, তত টাকা এবং দণ্ডরূপে সেই বাকীর ত্রিগুণ টাকাও আদালতে অর্পণ করা গেলে আদালত সেই নিদর্শনপত্র প্রমাণস্বরূপে গ্রাহ্য করিতে পারিবেন। এই ধারার বলে প্রত্যেক স্থলে যত টাকা দিতে হইবে, তাহা আদালত অবধারণ করিবেন, এবং এই বিষয়ে তাঁহার অবধারণ চূড়ান্ত হইবে ইতি। (স্মৃ. মো. আ, ও রা. আ.)

[পূর্ব্বধারানুসারে যে টাকা পাওয়া যায় তাহা বিশেষ বহীতে এবং নিদর্শনপত্রের পৃষ্ঠে লিখিবার কথা।]

১৯৪ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্বধারানুসারে যত বার টাকা পাওয়া যায় তত বার আদালতে এক খান বিশেষ বহীতে সেই টাকার কথা, বিশেষতঃ সেই টাকা কত ইহার কথা লিখিতে হইবে, এবং যে নিদর্শনপত্রের বিষয়ে টাকা পাওয়া হইল তাহার পৃষ্ঠেও সেই কথা লিখিতে হইবে, এবং আদালত কিম্বা সেই আদালতের রেজিষ্ট্রার কি ক্লার্ক তাহাতে স্বাক্ষর করিবেন ইতি। (স্মৃ. মো. আ, ও রা. আ.)

[আদালত যে ইষ্টাম্পের মাসুল পান তাহার মাসিক রিটর্ণ কালেক্টরকে দিবার ও তাহার মধ্যে যাহা লিখিবেন তাহার কথা।]

১৯৫ ধারা। আদালত ১৯৩ ধারার বিধানানুসারে যদি কোন টাকা পান, তবে অর্থদণ্ডস্বরূপ টাকার ও মাসুল স্বরূপ টাকার মধ্যে প্রভেদ করিয়া যত টাকা পান তাহার এক রিটর্ণ প্রতি মাসের শেষে জিলার ইষ্টাম্পা জন্য রাজস্ব সংগ্রহ করণে নিযুক্ত কালেক্টরের নিকটে পাঠাইবেন। সেই রিটর্ণের মধ্যে মোকদ্দমার নম্বর ও খ্যাতি ও যে ব্যক্তি টাকা দিয়াছেন তাঁহার নাম এবং নিদর্শনপত্রখানির বৃত্তান্ত এবং তারিখ থাকিলে সেই তারিখও লিখিতে হইবে। আদালত পূর্ব্বোক্ত প্রকারে যে সকল টাকা পান তাহা উক্ত কালেক্টরকে কিম্বা তদ্‌গ্রহণার্থে কালেক্টরের নিযুক্ত অন্য ব্যক্তিকে দিবেন ইতি। (স্মৃ. মো. আ, ও রা. আ.)

[১৯৪ ধারামতে উপযুক্ত পৃষ্ঠলিপি সম্বলিত নিদর্শনপত্রে কালেক্টর কর্ত্তৃক ইষ্টাম্পা ছাপাইবার কথা।]

১৯৬ ধারা। যে কোন নিদর্শনপত্রের বিষয়ে ১৯৩ ধারানুসারে ইষ্টাম্পের মাসুল দত্ত হইয়াছে তাহা পূর্ব্বোক্ত পৃষ্ঠলিপি সমেত অর্পণ করা গেলে কালেক্টর কি উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক যত টাকা মাসুল আদালতে অর্পণ হইয়াছে তত টাকার ইষ্টাম্পা তাহাতে ছাপাইয়া দিবেন ইতি। (স্মৃ. মো. আ ও রা. আ.)

[আপীল করিবার সময় অতীত হইলে প্রমাণার্থে গৃহীত নিদর্শনপত্র ফিরিয়া দিবার কথা।]

১৯৭ ধারা। যে মোকদ্দমার উপর আপীল হইতে পারে এমত মোকদ্দমার ডিক্রীর উপর আপীল করিবার সময় অতীত হইলে পর, অথবা যদি আপীল হয় তবে সেই আপীল নিষ্পন্ন হইলে পর, মোকদ্দমার পক্ষ হউক কি না হউক যে কোন ব্যক্তি সেই মোকদ্দমাক্রমে যে কোন নিদর্শনপত্র উপস্থিত করিয়াছিলেন তিনি যদি তাহা ফিরিয়া পাইতে চাহেন, তবে যে আদালতের নিকট সেই পত্র থাকে তাঁহার নিকটে প্রার্থনা করিলে তিনি তাহা ফিরিয়া পাইতে স্বত্ববান্ হইবেন ইতি। (রা. আ.)

[If no appeal, document may be returned as soon as decree is made.]

CXCVIII. In suits in which an appeal is not allowed, the document may be returned, on application to the Court at any time after the suit has been disposed of. (S. C. C. & R. C.)

[Document may for special reasons be returned before time limited.]

CXCIX. A document may be returned before the time mentioned in Section 197 or Section 198, if the Court in which the document may be shall think proper, for any special reason, to order its return. (S. C. C. & R. C.).

[Document not to be returned in certain cases.]

CC. No document shall be returned the further use of which has been superseded by the terms of the decree, or which the Court has directed to be detained for purposes of public justice. (S. C. C. & R. C.)

[Certified copy to be kept.]

CCI. When a document is returned, a certified copy, made at the expense of the applicant, and bearing the stamp prescribed by law for copies of documents, shall be substituted for the original in the record of the suit. (S. C. C. & R. C.)

[Receipt to be given for returned document.]

CCII On the return of a document which has been admitted in evidence, a receipt shall be given by the party receiving the document, in a receipt-book to be kept for the purpose. (S. C. C. & R. C.)

[Court may send for papers from its own records or from other public offices or Courts. Except State papers.]

CCIII. The Court may, of its own accord, or upon the application of any of the parties to a suit, if the Court shall consider such application reasonable and proper, send for either from its own records or from any other Court or public Office, the record of any other suit or case, or any other official paper, not being a document relating to affairs of State the production of which may be contrary to good policy, and inspect the same. (S. C. C. & R. C.)

OF THE SETTLEMENT OF ISSUES.

[Framing of Issues.]

CCIV. At the first hearing of the suit, the Court shall enquire upon what question of law

[যে মোকদ্দমার উপর আপীল নাই তাহার ডিক্রী হইবামাত্র নিদর্শনপত্র ফিরিয়া দিবার কথা।]

১৯৮ ধারা। যে মোকদ্দমার উপর আপীলের অনুমতি নাই তাহা নিষ্পন্ন হইলে পর যে কোন সময়ে হউক পূর্ব্বোক্তমতে আদালতের নিকটে প্রার্থনা হইলে নিদর্শনপত্র ফিরিয়া দেওয়া যাইতে পারিবে ইতি। (ক্ষু. মো. আ, ও রা. আ.)

[বিশেষ কারণ থাকিলে সেই নিরূপিত সময়ের পূর্ব্বে নিদর্শনপত্র ফিরিয়া দিবার কথা।]

১৯৯ ধারা। যে আদালতে নিদর্শনপত্র থাকে সেই আদালত যদি বিশেষ কোন কারণে তাহা ফিরিয়া দিবার আজ্ঞা করা উচিত জ্ঞান করেন, তবে ১৯৭ কি ১৯৮ ধারার নিরূপিত সময়ের পূর্ব্বেও সেই কাগজপত্র ফিরিয়া দেওয়া যাইতে পারিবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[স্থলবিশেষে নিদর্শনপত্র ফিরিয়া না দিবার কথা।]

২০০ ধারা। ডিক্রীর নিয়মক্রমে যে পত্র অকর্ম্মণ্য বলিয়া ব্যর্থ হইল, কিম্বা আদালত সদ্বিচার করণ অভিপ্রায়ে যে নিদর্শনপত্র আটক হইবার আজ্ঞা করেন, এমত কোন নিদর্শনপত্র ফিরিয়া দেওয়া যাইবে না ইতি। (ক্ষু. মো. আ, ও রা. আ.)

[সংশিত প্রতিলিপি রাখিবার কথা।]

২০১ ধারা। যদি কোন নিদর্শনপত্র ফিরিয়া দেওয়া যায় তবে আইনের বিধানানুসারে নিদর্শনপত্রের প্রতিলিপির উপযুক্ত ইষ্টাম্প বিশিষ্ট তাহার একখান প্রতিলিপি প্রার্থকের ব্যয়ে প্রস্তুত ও সংশিত হইয়া সেই প্রতিলিপি মোকদ্দমার কাগজপত্রের মধ্যে প্রকৃত নিদর্শনপত্রের পরিবর্ত্তে রাখা যাইবে ইতি। (ক্ষু. মো. আ, ও রা. আ.)

[নিদর্শনপত্র ফিরিয়া দিলে তাহার রসীদ লইবার কথা।]

২০২ ধারা। কোন নিদর্শনপত্র সাক্ষ্যস্বরূপে গ্রাহ্য হইয়া পশ্চাৎ ফিরিয়া দেওয়া গেলে, তদ্রূপ পত্রের রসীদ লিখিবার একখানি বহী আদালতে রাখা যাইবে। যে ব্যক্তি ঐ নিদর্শনপত্র গ্রহণ করেন তিনি ঐ বহীতে রসীদ লিখিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আদালতের নিজ কাগজপত্রহইতে কি অন্য কোন রাজকীয় কার্য্যালয়ের কি আদালতের কাগজপত্রহইতে রাজ্যসম্পর্কীয় পত্র ভিন্ন অন্য পত্র আনাইতে পারিবার কথা।]

২০৩ ধারা। আদালত আপনার ইচ্ছাক্রমে, কিম্বা মোকদ্দমার কোন পক্ষ প্রার্থনা করিলে যদি আদালত তাঁহার প্রার্থনা যুক্তিযুক্ত ও উপযুক্ত বোধ করেন তবে আপনার কাগজপত্রহইতে কি অন্য কোন আদালত কি রাজকীয় কার্য্যালয়হইতে অন্য কোন মোকদ্দমা কি বিবাদসম্পর্কীয় কাগজপত্র কি রাজকীয় কার্য্যসম্পর্কীয় অন্য পত্র আনিতে প্রেরণ করিতে পারিবেন, কেবল রাজকার্য্যবিষয়ক যে নিদর্শনপত্র প্রকাশ হইলে সুনীতি বিরুদ্ধ হয় তাহা আনাইতে পারিবেন না ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

ইসু (অর্থাৎ বিবাদাস্পদ) অবধারণের কথা।

[ইসু নিরূপণের কথা।]

২০৪ ধারা। উভয় পক্ষের মধ্যে ব্যবস্থাঘটিত কি বৃত্তান্তঘটিত যে বিশেষ কথা বিবাদাস্পদ হয়, আ-

or of fact the parties are at issue, and shall thereupon proceed to frame and record the issues of law and act on which the right decision of the case shall appear to the Court to depend.

[Issues may be framed from oral statements of parties and others.]

CCV. The Court may frame the issues from the allegations of fact which it collects from the oral examination of the parties or of any persons present on their behalf or from the representations of their Advocates, notwithstanding any difference between such allegations of fact and the allegations of fact contained in the written statements, if any, tendered in the suit.

[Court may examine witnesses or documents before framing issues.]

CCVI. If the Court shall be of opinion that the issues cannot be correctly framed without the examination of some person not before the Court, or without the inspection of some document not produced in the suit, it may adjourn the framing of the issues to a future day, to be fixed by the Court, and may compel the attendance of any person or the production of any document by the person in whose hands it may be, by summons or other process.

[Amendment of issues. Additional issues.]

CCVII. The Court may at any time before passing a decree amend the issues or frame additional issues on such terms as it shall think fit, and all such amendments as may be necessary for the purpose of determining the real question or controversy between the parties shall be so made.

OF ISSUES BY AGREEMENT OF PARTIES.

(Questions of fact or law may by agreement be stated in the form of an issue.]

CCVIII. When the parties to a suit are agreed as to the question of fact or of law to be decided between them, they may state the same in the form of an issue, and enter into an agreement in writing, which shall not be subject to stamp duty, that upon the finding of the Court in the affirmative or the negative of such issue, a sum of money specified in the agreement, or to be ascertained by the Court upon a question inserted in the issue for that purpose, shall be paid by one of the parties to the other of them, or that upon such finding some property specified in the agreement and in dispute in the suit shall be delivered by one of the parties to the other of them;

দালত মোকদ্দমা প্রথমে শুনিবার সময়ে তাহার অনুসন্ধান করিবেন, ও তদনুসারে আদালতের বিবেচনায় ব্যবস্থাঘটিত ও বৃত্তান্তঘটিত যেং ইস্যুর উপর মোকদ্দমার যথার্থ নিষ্পত্তি নির্ভর করে, তাহা নিরূপণ করিয়া লিপিবদ্ধ করিতে প্রবৃত্ত হইবেন ইতি।

[উভয় পক্ষের ও অন্যেরদের বাচনিক বর্ণনাক্রমে ইস্যু নিরূপণ করিবার কথা।]

২০৫ ধারা। মোকদ্দমার উভয় পক্ষ কি তাঁহাদের পক্ষে উপস্থিত কোন ব্যক্তিরা বাচনিক প্রশ্নের উত্তরে বৃত্তান্তস্বরূপে যাহাং কহেন, তাহাহইতে কিম্বা তাহাদের সপক্ষীয় উকীলদের বচনহইতে যে বৃত্তান্ত বুঝিতে পান তদ্বিবেচনায় আদালত ইস্যু নিরূপণ করিতে পারিবেন। ঐ মোকদ্দমাতে কোন বর্ণনাপত্র অর্পণ করা গেলে সেই পত্রে যে বৃত্তান্ত ব্যক্ত আছে, তাহার সহিত ঐ বাচনিক বৃত্তান্তের অনৈক্য হইলেও আদালত ঐ বাচনিক কথা হইতে ইস্যু নিরূপণ করিতে পারিবেন ইতি।

[ইস্যু নিরূপণের পূর্ব্বে সাক্ষিদের পরীক্ষা লইতে কি কাগজপত্র দেখিতে আদালতের ক্ষমতার কথা।

২০৬ ধারা। আদালতে অনুপস্থিত কোন ব্যক্তির নিকটে সন্ধান না লইলে কিম্বা মোকদ্দমাতে অনর্পিত কোন নিদর্শনপত্র দৃষ্টি না করিলে, ইস্যু যথার্থমতে নিরূপণ হইতে পারে না যদি আদালতের এমত বোধ হয়, তবে আদালত তখন ইস্যু নিরূপণ স্থগিত করিয়া পশ্চাৎ তাহা করিবার জন্যে অন্য দিন নিরূপণ করিতে পারিবেন, এবং সমন কি অন্য আজ্ঞাপত্রদ্বারা কোন ব্যক্তিকে বলপূর্ব্বক উপস্থিত করাইতে কিম্বা ঐ নিদর্শনপত্র যাঁহার হস্তগত থাকে তাঁহাদ্বারা তাহা আনাইতে পারিবেন ইতি।

[ইস্যু সংশোধন ও অতিরিক্ত ইস্যু নিরূপণ করিবার কথা।]

২০৭ ধারা। নিষ্পত্তির পূর্ব্বে কোন সময়ে আদালত যে নিয়ম উপযুক্ত জ্ঞান করেন তদনুসারে ইস্যু সংশোধন কি অতিরিক্ত ইস্যু নিরূপণ করিতে পারিবেন। পক্ষদ্বয়ের মধ্যে প্রকৃত সন্দেহের কি বিবাদের কথা নিশ্চয় করণের অভিপ্রায়ে উক্ত প্রকারের যেং সংশোধন করা আবশ্যক তাহাও তদ্রূপে করিতে হইবে ইতি।

পক্ষদ্বয়ের সম্মতিক্রমে ইস্যুর কথা।

[উভয় পক্ষের সম্মতিক্রমে বৃত্তান্ত কি ব্যবস্থাঘটিত প্রশ্ন ইস্যুরমতে লিপিবদ্ধ করিবার কথা।]

২০৮ ধারা। মোকদ্দমার উভয় পক্ষের মধ্যে বৃত্তান্ত কি ব্যবস্থাঘটিত বিবাদীয় কথার বিষয়ে যদি উভয়ের এক বাক্য হয়, তবে তাঁহারা ইস্যুর মতে তাহা লিপিবদ্ধ করিয়া তদ্বিষয়ে লিখিত প্রতিজ্ঞা করিতে পারিবেন। সেই প্রতিজ্ঞালিপিতে ইষ্টাম্পের মাসুল লাগিবে না। প্রতিজ্ঞার মর্ম্ম এই, আদালত কর্তৃক ইস্যুর স্থিরীকরণ কি নিরস্ত করণ যে নিষ্পত্তি হয় তদনুসারে ঐ প্রতিজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট টাকা, অথবা ইস্যুতে টাকা নির্দ্দেশার্থ প্রশ্ন লিখিত হইলে তদর্থে আদালত যত টাকা নিরূপণ করেন তত টাকা, এক পক্ষ অন্য পক্ষকে দিবেন, অথবা পূর্ব্বোক্ত নিষ্পত্ত্যনুসারে প্রতিজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট, অথচ মোকদ্দমাতে বিবাদীয় কোন সম্পত্তি এক পক্ষকর্ত্তৃক অন্য পক্ষকে সমর্পিত হইবে, অথবা সেই নিষ্পত্ত্যনুসারে উভয়ের পক্ষে কোন এক কি

or that upon such finding one or more of the parties shall do or abstain from doing some particular act, specified in the agreement, and relating to the matter in dispute.

[Court if satisfied that the agreement was executed *boná fide* may give judgment.]

CCIX. If the Court shall be satisfied, after making such enquiry as it may be deem proper, that the agreement was duly executed by the parties, and that they have a *boná fide* interest in the decision of such question as aforesaid, and that the same is fit to be tried and decided, it may proceed to record and try the issue, and deliver its finding or opinion thereon in the same manner as if the issue had been framed by the Court, and may upon the finding or decision on such issue, give judgment for the sum so agreed on or so ascertained as foresaid, or otherwise according to the terms of the agreement and upon the judgment which shall be so given, decree shall follow and may be executed in the same way as if the judgment had been pronounced in a contested suit.

WHEN THE SUIT MAY BE DISPOSED OF AT THE FIRST HEARING.

[If the parties are not at issue on any question of law or fact.]

CCX. If at the first hearing of a suit it shall appear that the parties are not at issue on any question of law or of fact, the Court may at once give judgment.

[If one of several defendants be not at issue with the plaintiff on any question of law or fact.]

CCXI. Where there are more defendants than one, and any one of the defendants is not at issue with the plaintiff on any question of law or fact, the Court may at once give judgment for or against such defendant, and the suit shall proceed only against the other defendants.

[If the parties are at issue on questions of law or fact. Court may determine the issues and given judgment.]

CCXII. When the parties are at issue on some question of law or of fact and issues have been framed by the Court as hereinbefore provided, if the Court shall be satisfied that no further argument or evidence than such as the parties can at once supply is required upon any such of the issues or law or of fact as may be sufficient for the decision of the suit, and that no injustice will result from proceeding with the suit forthwith, the Court may proceed to determine such issue or issues, and if the finding thereon is sufficient for the decision, may pronounce judgment according-

অধিক ব্যক্তি ঐ প্রতিজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট অথচ বিবাদীয় বিষয় সম্পর্কীয় কোন ক্রিয়াবিশেষ করিবেন কি করিতে নিবৃত্ত হইবেন ইতি।

[সেই প্রতিজ্ঞা সরল ভাবে করা গেল, ইহা আদালত হৃদ্বোধমতে জানিলে, নিষ্পত্তির ক্ষমতার কথা।]

২০৯ ধারা। আদালত যে প্রকার অনুসন্ধান উপযুক্ত জ্ঞান করেন তাহা করিয়া যদি হৃদ্বোধমতে জানিতে পান যে সেই প্রতিজ্ঞাপত্র উভয় পক্ষকর্ত্তৃক নিয়মিতরূপে সম্পাদিত হইয়াছে, ও পূর্ব্বোক্ত প্রস্তাবের নিষ্পত্তিতে উভয় পক্ষের প্রকৃত ভাবে স্বার্থ আছে, এবং সেই কথা বিচারিত ও নিষ্পন্ন হইবার যোগ্য, তবে আদালত সেই ইস্যু রিকার্ড করিয়া আপনার নিরূপিত ইস্যুর ন্যায় তাহার বিচার করিয়া তদ্বিষয়ে আপনার নিষ্পত্তি কি মত প্রচার করিতে পারিবেন, এবং সেই ইস্যুর উপর যাহা নির্ণয় কি নিষ্পত্তি করেন তদনুসারে প্রতিজ্ঞাত কি পূর্ব্বোক্ত প্রকারে অবধারিত টাকার আজ্ঞা কিম্বা প্রতিজ্ঞাপত্রের নিয়মানুযায়ি অন্য আজ্ঞা করিতে পারিবেন, ও তদ্রূপে যে আজ্ঞা করা যায়, তদর্থে ডিক্রী হইবে, ও সেই ডিক্রী সাধন হইবে, অর্থাৎ কোন মোকদ্দমায় উভয় পক্ষ প্রতিপক্ষতা করিলে যদ্রূপ হয়, তদ্রূপই হইবে ইতি।

প্রথম শ্রবণ কালে কোনং মোকদ্দমা নিষ্পন্ন করিবার বিধি।

[ব্যবস্থা কি বৃত্তান্তঘটিত কোন কথা বিবাদাস্পদ না হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

২১০ ধারা। ব্যবস্থা কি বৃত্তান্তঘটিত কোন বিশেষ কথা পক্ষদ্বয়ের বিবাদাস্পদ নয় ইহা যদি মোকদ্দমা প্রথমে শ্রবণ কালে প্রকাশ পায়, তবে আদালত একেবারে নিষ্পত্তি করিতে পারিবেন ইতি।

[বাদির সঙ্গে বিবাদিগণের এক জনের ব্যবস্থা কি বৃত্তান্তঘটিত বিবাদাস্পদ না হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

২১১ ধারা। অনেক প্রতিবাদী থাকিলে যদি বাদির সঙ্গে একি জন প্রতিবাদির ব্যবস্থা কি বৃত্তান্তঘটিত কোন কথার বিষয়ে বিবাদ না হয়, তবে আদালত একেবারে সেই প্রতিবাদির পক্ষে কি বিপক্ষে নির্ণয় করিতে পারিবেন, ও মোকদ্দমা কেবল অবশিষ্ট প্রতিবাদিদের সম্পর্কে সম্পাদন হইবে ইতি।

[ব্যবস্থা কি বৃত্তান্তঘটিত কোন কথা পক্ষদ্বয়ের বিবাদাস্পদ হইলে ইস্যু অবধারণ করিয়া নির্ণয়পাদ করিতে আদালতের ক্ষমতার কথা।]

২১২ ধারা। পক্ষদ্বয়ের মধ্যে ব্যবস্থা কি বৃত্তান্তঘটিত কোন কথা বিবাদাস্পদ হইলে যদি আদালত পূর্ব্বলিখিত বিধানমতে ইস্যু নিরূপণানন্তর হৃদ্বোধমতে জানিতে পান যে, মোকদ্দমার নিষ্পত্তির জন্যে ব্যবস্থা কি বৃত্তান্তঘটিত যে ইস্যু প্রচুর, তদ্বিষয়ে উভয় পক্ষ যাহা অবিলম্বে উপস্থিত করিতে পারেন তদ্ভিন্ন অন্য কোন হেতুবাদের কি প্রমাণের প্রয়োজন নাই, এবং মোকদ্দমার অগোণে সম্পাদন হইলে অন্যায় হইবে না, তবে আদালত সেই এক কি অধিক ইস্যু অবধারণ করিতে প্রবৃত্ত হইতে পারিবেন, ও সেই ইস্যু বিষয়ে যাহা নির্ণয় করেন তাহা যদি নিষ্পত্তি করণার্থে প্রচুর হয়, তবে আহ্বানপত্র কেবল ইস্যু অবধারণার্থে কি

ly, whether the summons shall have been issued for the settlement of issues only or for the final disposal of the suit; otherwise the Court shall postpone the further hearing of the suit, and shall fix a day for the production of such further evidence, or for such further argument as the case may require.

[If either party fails to produce his evidence, Court may make decree.]

CCXIII. If the summons shall have been issued for the final disposal of the suit, and either party shall fail without sufficient cause to produce the evidence on which he relies, the Court may at once give judgment. (S. C. C. & R. C.)

[Procedure where Court cannot give judgment at first hearing.]

CCXIV. After the issue of such summons, if the Court is unable to give judgment at the first hearing of the suit by reason of additional evidence being required, or for any other cause, the Court shall frame the issues of law and fact requiring to be determined as provided in Section 204.

OF ADJOURNMENTS.

[Court may grant time, or adjourn hearing. Costs of adjournment.]

CCXV. The Court may, if sufficient cause be shown, of any stage of the suit, grant time to the parties, or to either of them, and may from time to time adjourn the hearing of the suit. In all such cases the Court shall fix a day for the further hearing of the suit: Provided that the party applying for time shall pay the costs occasioned by such adjournment, unless the Court shall otherwise direct: Provided also that when the hearing of evidence shall have once begun, the hearing of the suit shall not be adjourned at the application of any of the parties except from day to day when all the witnesses cannot be examined on the same day. (S. C. C. & R. C.)

[Procedure if parties fail to appear on day fixed.]

CCXVI. If, on any day to which the hearing of the suit is adjourned, the parties or either of them shall not appear, the Court may proceed to dispose of the suit in the manner specified in Section 160, Section 162, or Section 166, as the case may be, or make such other order as may seem proper. (S. C. C. & R. C.)

[Court may proceed notwithstanding either party fails to produce proofs or witnesses.]

CCXVII. If either party to a suit to whom time may have been granted shall fail to produce

মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্ত্যর্থে প্রচারিত হউক আদালত তদনুসারে নির্ণয়পাদ করিবেন। নতুবা আদালত মোকদ্দমা শ্রবণ বিলম্ব রাখিয়া অতিরিক্ত যে প্রমাণ কি অতিরিক্ত যে হেতুবাদ প্রয়োজনীয় হয় সেই প্রমাণ উপস্থিত করিবার কি সেই হেতুবাদের জন্যে অন্য দিন নিরূপণ করিবেন ইতি।

[অন্যতর পক্ষ স্বীয় প্রমাণ দিতে ত্রুটি করিলে আদালতের ডিক্রী করিতে পারিবার কথা।]

২১৩ ধারা। যদি মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে আহ্বানপত্র প্রচার হয় ও অন্যতর পক্ষ যে প্রমাণের উপর নির্ভর করেন, তাহা যদি উপযুক্ত কারণ বিনা উপস্থিত না করেন, তবে আদালত একেবারে নিষ্পত্তি করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আদালত প্রথম শ্রবণ কালে নির্ণয়পাদ করিতে না পারিলে ইতিকর্ত্তব্যতার কথা।]

২১৪ ধারা। উক্ত প্রকারের আহ্বানপত্র প্রচার হইলে পর যদি অধিক প্রমাণের প্রয়োজন হেতু কি অন্য কোন কারণে আদালত মোকদ্দমার প্রথম শ্রবণ কালে নির্ণয়পাদ করিতে না পারেন, তবে ব্যবস্থা ও বৃত্তান্তঘটিত যে বিবাদাস্পদ অবধারণ করা প্রয়োজন আদালত তাহা ২০৪ ধারার বিধানমতে নির্ণয় করিবেন ইতি।

অন্য দিন পর্য্যন্ত মোকদ্দমা স্থগিত রাখিবার বিধি।

[অবকাশ দিতে কি অন্য দিন পর্য্যন্ত মোকদ্দমা স্থগিত রাখিতে আদালতের ক্ষমতার কথা ও ব্যয়ের নিয়ম।]

২১৫ ধারা। উপযুক্ত কারণ দর্শান গেলে আদালত মোকদ্দমা সম্পাদনের কোন সময়ে উভয় পক্ষকে কি অন্যতর পক্ষকে অবকাশ দিতে ও মোকদ্দমা শুনিবার কার্য্য সময়ে২ অন্য কোন দিন পর্য্যন্ত স্থগিত রাখিতে পারিবেন। তদ্রূপ প্রত্যেক স্থলে আদালত মোকদ্দমা পুনঃ শ্রবণের দিন নিরূপণ করিবেন, কিন্তু যে পক্ষ অবকাশ প্রার্থনা করেন, আদালতের অন্য প্রকার আজ্ঞার অভাবে সেই পক্ষ মোকদ্দমা স্থগিত করণ জন্য ব্যয় দিবেন, এবং প্রমাণ শ্রবণের কার্য্য এক বার আরম্ভ হইলে পর, কোন পক্ষের প্রার্থনাক্রমে মোকদ্দমা শ্রবণ কার্য্য স্থগিত হইবে না। কেবল সকল সাক্ষির পরীক্ষা এক দিনে হইতে না পারিলে দিনে দিনে ক্রমশঃ হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[উভয় পক্ষ সেই নিরূপিত দিনে অনুপস্থিত থাকিলে আদালতের ইতিকর্ত্তব্যতার কথা।]

২১৬ ধারা। মোকদ্দমার শ্রবণ স্থগিত হইলে তাহার জন্যে অন্য যে দিন নিরূপিত হয় সেই দিনে যদি উভয় কি অন্যতর পক্ষ অনুপস্থিত থাকেন, তবে আদালত ১৬০ ধারার নির্দ্দিষ্টমতে কি বিষয়বিশেষে ১৬২ ধারামতে কি ১৬৬ ধারামতে মোকদ্দমার কার্য্য নিষ্পাদন করিতে প্রবৃত্ত হইতে পারিবেন, অথবা অন্য যে আজ্ঞা উপযুক্ত বোধ করেন সেই আজ্ঞা করিতে পারিবেন. ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[অন্যতর পক্ষ প্রমাণ কি সাক্ষিদিগকে উপস্থিত না করিলেও আদালতের কার্য্য চলিবার কথা।]

২১৭ ধারা। মোকদ্দমার যে পক্ষকে অবকাশ দেওয়া গিয়াছে সেই পক্ষ যদি আপনার প্রমাণ উপস্থিত

his proofs, or to cause the attendance of his witnesses, or to perform any other act necessary to the further progress of the suit, for which time may have been allowed, the Court may proceed to a decision of the suit on the record, notwithstanding such default. (S. C. C. & R. C.)

OF SUMMONING PERSONS, TO GIVE EVIDENCE OR PRODUCE DOCUMENTS.

[Summons to attend to give evidence or produce documents.]

CCXVIII. The parties may, at any time after the issue of the summons to the defendant if the summons be for the final disposal of the suit, or after the issues have been recorded, if the summons to the defendant be for the settlement of issues only, obtain, on application to the Court, summonses to persons to attend either to give evidence or to produce a document, and in any such summons the names of any number of persons may be inserted. (S. C. C. & R. C.)

[Expenses of witnesses to be paid into Court on applying for summons.]

CCXIX. The person applying for a summons shall pay into Court such a sum of money as shall appear to the Court to be reasonable to defray the travelling and other expenses of the person mentioned in the summons, in passing to and from the Court in which he may be required to attend, and for one day's attendance. (S. C. C. & R. C.)

[Scale of expenses.]

CCXX. If the Court be a subordinate Court, regard shall be had, in fixing the scale of such expenses, to the rules (if any) laid down by the Court to which such Court shall be subordinate. (S. C. C. & R. C.)

[Tender of expenses to witness.]

CCXXI. The sum so paid into Court shall be tendered to the person named in the summons at the time of serving the summons if it can be served personally. (S. C. C. & R. C.)

[Procedure where insufficient sum paid in.]

CCXXII. If it shall appear to the Court that the sum paid into Court on account of the travelling and other expenses of the person named in the summons in passing to and from the Court is not sufficient to cover such expenses, and for one day's attendance, the Court may direct such further sum to be paid to such person as may appear to be necessary on that account; and, in case of default in payment, may order such sum to be levied by attachment and sale of the goods

করিতে কি আপনার সাক্ষিদিগকে উপস্থিত করাইতে কি মোকদ্দমা সম্পাদনার্থ প্রয়োজনীয় অন্য যে কোন কার্য্যের নিমিত্তে অবকাশ দত্ত হইয়াছে সেই কর্ম্ম করিতে ত্রুটি করেন, তবে তাঁহার এমত ত্রুটি হইলেও আদালত নথীর কাগজপত্র দেখিয়া মোকদ্দমার নিষ্পত্তি করিতে প্রবৃত্ত হইবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

সাক্ষ্যদান কি প্রমাণপত্র উপস্থিত করণার্থে ব্যক্তিদিগকে সমন করিবার বিধি।

[সাক্ষ্যদিবার কি নিদর্শনপত্র দেখাইবার জন্যে ব্যক্তিদিগকে উপস্থিত হইবার সমন দিবার কথা।।

২১৮ ধারা। যদি মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে আহ্বানপত্র হইয়া থাকে, তবে প্রতিবাদির নামে সেই পত্র নিঃসারিত হইবার পর কোন সময়ে অথবা যদি কেবল ইস্ম অবধারণের নিমিত্তে প্রতিবাদির নামে আহ্বানপত্র হইয়া থাকে, তবে ইস্ম লিপিবদ্ধ হইলে পর কোন সময়ে উভয় পক্ষ আদালতের নিকটে প্রার্থনা করিয়া সাক্ষ্য দিবার কিম্বা নিদর্শনপত্র আনিয়া দেখাইবার জন্যে কোন ব্যক্তিদের উপস্থিত হইবার আহ্বানপত্র পাইতে পারিবেন। তদ্রূপ কোন পত্রে যত লোকের হউক সকলের নাম লেখা যাইতে পারিবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আহ্বানপত্র প্রার্থনা করণকালে সাক্ষিদের ব্যয় দিবার কথা।]

২১৯ ধারা। যে আদালতে আহ্বানপত্রনির্দ্দিষ্ট ব্যক্তির উপস্থিত হইবার আদেশ হয়, তথায় যাইতে ও তথাহইতে ফিরিয়া আসিতে তাহার যে পথখরচ কি অন্য ব্যয় হয় তাহা এবং এক দিনের অবস্থান পোষণার্থে আদালত যত টাকা যুক্তিসিদ্ধ জ্ঞান করেন, আহ্বানপত্র প্রার্থনাকারি ব্যক্তি তত টাকা আদালতে অর্পণ করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ব্যয়ের হারের কথা।]

২২০ ধারা। অধঃস্থ আদালত হইলে তাহা অন্য যে আদালতের অধীন সেই আদালত যদি উক্ত ব্যয়ের বিধি স্থির করিয়া থাকেন, তবে ব্যয়ের হার অবধারণে সেই বিধি মানিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[সাক্ষির প্রতি ব্যয় দিবার প্রস্তাবের কথা।]

২২১ ধারা। যে ব্যক্তির নামে আহ্বানপত্র হয় স্বয়ং সেই ব্যক্তিকে দিতে পারিলে যে সময়ে তাঁহাকে ঐ পত্র দেওয়া যায় সেই সময়ে আহ্বানপত্রের লিখিত ব্যক্তিকে আদালতে অর্পিত ঐ টাকা দিবার প্রস্তাব হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[সেই টাকা অপ্রচুর হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

২২২ ধারা। আহ্বানপত্রের লিখিত ব্যক্তির আদালতে গমনের ও তথাহইতে প্রত্যাগমনের পথখরচ কি অন্য ব্যয় হেতুক যে টাকা আদালতে অর্পিত হইল তাহাতে সেই ব্যয় ও তথায় এক দিন অবস্থানের ব্যয় পোষণ হয় না ইহা যদি আদালত জানিতে পান, তবে তজ্জন্যে অধিক যত টাকা প্রয়োজনীয় জ্ঞান করেন সেই ব্যক্তির তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন। ও সেই টাকা দিবার ত্রুটি হইলে যাঁহার প্রতি তাহা দিবার আদেশ হইয়াছিল সেই ব্যক্তির সম্পত্তি ক্রোক ও বিক্রয়দ্বারা ঐ টাকা

of the person ordered to pay the same; or the Court may discharge the person summoned without requiring him to give evidence. (S. C. C. & R. C.)

[Expenses if witness detained more than one day.]

CCXXIII. If it shall be necessary to detain the person summoned for a longer period than one day, the Court may from time to time order the party at whose instance he was summoned, to pay into Court such sum as may be sufficient to defray the expenses of his detention for such further period, and in default of such deposit being made, may order him to be discharged without requiring him to give evidence. (S. C. C. & R. C.)

[Time, place, and purpose of attendance to be specified in summons.]

CCXXIV. Every summons for the attendance of a person to give evidence or produce a document shall specify the time and place at which he is required to attend, and also whether his attendance is required for the purpose of giving evidence or to produce a document, or for both purposes; and any particular document which the person summoned may be called on to produce, shall be described in the summons with convenient certainty. (S. C. C. & R. C.)

[Summons to produce a document.]

CCXXV. Any person, whether a party to the suit or not, may be summoned to produce a document, without being summoned to give evidence; and any person, summoned merely to produce a document, shall be deemed to have complied with the summons, if he cause such document to be produced instead of attending personally to produce the same. (S. C. C. & R. C.)

[Form of summons to give evidence or produce documents.]

CCXXVI. The summons shall be in the form contained in the Schedule D to this Code annexed or to the like effect. (S. C. C. & R. C.)

আদায় করিবার আজ্ঞা করিতে পারিবেন, অথবা আদালত সেই ব্যক্তিকে সাক্ষ্য দিবার আদেশ না করিয়া তাহাকে বিদায় করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[সাক্ষিকে একদিনের অধিক থাকিতে হইলে ব্যয়ের কথা।]

২২৩ ধারা। যে ব্যক্তিকে আহ্বান করা গেল তাহাকে যদি এক দিবসের অধিক কাল রাখা আবশ্যক হয়, তবে যে পক্ষের যত্নক্রমে সেই সাক্ষি আহূত হইল তাহার প্রতি আদালত সময়েং এমত আদেশ করিতে পারিবেন যে সেই কালবিলম্ব জন্য যত টাকাতে ব্যয়ের পোষণ হইতে পারে, তিনি তত টাকা আদালতে অর্পণ করেন, এবং সেই টাকা অর্পণ করিতে ত্রুটি হইলে আদালত ঐ ব্যক্তিকে সাক্ষ্য দিবার আদেশ না করিয়া বিদায় করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আহ্বানপত্রে উপস্থিত হইবার সময় ও স্থান ও অভিপ্রায় নির্দ্দেশের কথা।]

২২৪ ধারা। সাক্ষ্য দিবার কি প্রমাণপত্র দেখাইবার জন্যে কোন ব্যক্তির উপস্থিত হইবার যে আহ্বানপত্র দেওয়া যায়, যে সময়ে ও যে স্থানে তাহাকে উপস্থিত হইতে হইবে ইহার কথা, ও সাক্ষ্য দিবার কি কোন নিদর্শনপত্র দেখাইবার অভিপ্রায়ে কি উভয় কারণে তাঁহাকে উপস্থিত হইতে হইবে এই কথা সেই পত্রে লেখা থাকিবে। এবং সেই ব্যক্তির প্রতি কোন বিশেষপত্র আনিবার আদেশ হইলে আহ্বানপত্রের মধ্যে সেই পত্র নিশ্চয়ার্থক লক্ষণের যথোচিত বর্ণনা করিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[নিদর্শনপত্র দেখাইবার কথা।]

২২৫ ধারা। মোকদ্দমার পক্ষ হউক কি না হউক কোন ব্যক্তির নামে সাক্ষ্য দিবার আহ্বানপত্র না হইয়া নিদর্শন দেখাইবার জন্যে আহ্বানপত্র হইতে পারিবে, এবং কোন ব্যক্তির নামে কেবল নিদর্শনপত্র উপস্থিত করিবার আহ্বানপত্র হইলে তিনি তাহা দেখাইবার জন্যে আপনি উপস্থিত না হইলেও, যদি সেই নিদর্শনপত্র উপস্থিত করান, তবে আহ্বানপত্রানুসারি কর্ম্ম করিয়াছেন এমত জ্ঞান হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[সাক্ষ্য দিবার কি নিদর্শনপত্র দেখাইবার জন্যে আহ্বানপত্রের পাঠের কথা।]

২২৬ ধারা। এই আইনের শেষভাগের D চিহ্নিত তফসীলের পাঠে কি তাহার মর্ম্মানুসারে আহ্বানপত্র লিখিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

SERVICE OF SUMMONS ON PERSONS REQUIRED TO GIVE EVIDENCE OR PRODUCE DOCUMENTS.

[How and when summons shall be served.]

CCXXVII. Every summons to a person to give evidence or produce a document shall be served by exhibiting the original, and delivering or tendering a copy to him. (S. C. C. & R. C.)

সাক্ষ্য দিবার কি নিদর্শনপত্র দেখাইবার জন্যে যাঁহাদের উপস্থিত হওয়া প্রয়োজন তাহাদিগকে আহ্বানপত্র দিবার বিধি।

[আহ্বানপত্র যেরূপে ও যে সময়ে দেওয়া যাইবে তাহার কথা।]

২২৭ ধারা। সাক্ষ্য দিবার কি নিদর্শনপত্র দেখাইবার জন্যে কোন ব্যক্তির নামে যে আহ্বানপত্র হয় তাহা দিবার নিয়ম এই। প্রকৃত আহ্বানপত্র তাহাকে দর্শাইয়া তাহার প্রতিলিপি তাহাকে দেওয়া যাইবে কি দিবার প্রস্তাব হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[Service to be made in sufficient time before date of attendance.]

CCXXVIII. The service shall in all cases be made a sufficient time before the time specified in the summons for the attendance of the person summoned to allow him a reasonable time for preparation, and for travelling to the place at which his attendance is required. (S. C. C. & R. C.)

[Service to be on witness, or adult male member of his family.]

CCXXIX. Whenever it may be practicable the service of the summons shall be upon the person thereby required to attend; but when such person cannot be found, the service may be made on an adult male member of his family residing with him. (S. C. C. & R. C.)

[When summons cannot be serevd, to be returned to Court.]

CCXXX. When the person required to attend cannot be found and there is no adult male member of his family on whom the summons can be served the serving Officer shall return the summons to the Court from which it issued with an endorsement thereon that he has been unable to serve it.

Explanation.—A servant is not a member of the family within the meaning of this or the last preceding Section. (S. C. C. & R. C)

[Time and manner of service to be endorsed on summons.]

CCXXXI. The serving Officer shall, in all cases in which the summons has been served, endorsed on the original summons the time when and the manner in which it was served. (S. C. C. & R. C.)

[Service of summons on witness resident in another jurisdiction.]

CCXXXII. If the person required to attend be resident within the jurisdiction of any Court other than that in which the suit is pending, the summons shall be transmitted by the Court in which the suit is pending to any Court other than a High Court having jurisdiction at the place where the witness resides, by which it can be most conveniently served; and the Court to which the summons is sent shall, upon receipt thereof, deliver the same to the proper Officer of such Court, to be served in the manner above directed. Upon the return of the summons by the serving Officer, it shall be sent to the Court from which it originally issued. (S. C. C. & R. C.)

[Attachment of property of absconding witness.]

CCXXXIII. If the summons for the attendance of a person either to give evidence or to pro-

[উপস্থিত হইবার নিরূপিত দিনের পূর্ব্বে উপযুক্ত অবকাশ দিয়া আহ্বানপত্র দিবার কথা।]

২২৮ ধারা। কোন আহ্বানপত্র দিতে গেলে আহূত ব্যক্তির প্রস্তুত হইবার ও যে স্থানে তাঁহাকে উপস্থিত হইতে হয় সেই স্থানে গমন করিবার যুক্তিসিদ্ধমতে অবকাশ দিয়া ঐ ব্যক্তির উপস্থিত হইবার নিরূপিত সময়ের পূর্ব্বে উপযুক্ত সময়ে আহ্বানপত্র দিতে হইবে ইতি। (ক্ষু॰ মো॰ আ॰ ও রা॰ আ॰)

[সাক্ষিকেই কি তাঁহার পরিবারের কোন পুরুষকে আহ্বানপত্র দিবার কথা।]

২২৯ ধারা। কোন আহ্বানপত্রে যে ব্যক্তির উপস্থিত হইবার আদেশ হয় সাধ্য হইলে তাঁহাকেই সেই পত্র দর্শান যাইবে। যদি সেই ব্যক্তির সন্ধান না পাওয়া যায়, তবে তাঁহার পরিবারের প্রাপ্তব্যবহার যে কোন পুরুষ তাঁহার সঙ্গে বাস করেন তাঁহাকে দর্শান যাইতে পারিবে ইতি। (ক্ষু॰ মো॰ আ॰ ও রা॰ আ॰)

[আহ্বানপত্র দর্শন করাণ অসাধ্য হইলে আদালতে তাহা ফিরিয়া দিবার কথা।]

২৩০ ধারা। যে ব্যক্তির উপস্থিত হইবার আদেশ হয় তাঁহার সন্ধান যদি না পাওয়া যায়, ও যাহাকে আহ্বানপত্র দর্শান যাইতে পারে তাঁহার পরিবারের মধ্যে যদি এমত কোন বয়ঃপ্রাপ্ত পুরুষ না থাকে, তবে আহ্বানপত্র দর্শাইতে নিযুক্ত কার্য্যকারক পত্রের পৃষ্ঠে তাহা দর্শাইতে না পারিবার কথা লিখিয়া যে আদালতহইতে বাহির হইয়াছিল সেই আদালতে তাহা ফিরিয়া দিবেন।

ব্যাখ্যা। এই ধারার কি ইহার পূর্ব্ব ধারার অর্থ করণে পরিবারের লোকের মধ্যে চাকর গণ্য নহে ইতি। (ক্ষু॰ মো॰ আ॰ ও রা॰ আ॰)

[আহ্বানপত্র যে সময়ে ও যে প্রকারে দর্শান গেল তাহা ঐ পত্রের পৃষ্ঠে লিখিবার কথা।]

২৩১ ধারা। যেং স্থলে আহ্বানপত্র দর্শান গিয়াছে সেই সকল স্থলে ঐ পত্র যে সময়ে ও যে প্রকারে দর্শান গিয়াছে তাহা ঐ পত্রদর্শয়িতা কার্য্যকারক প্রকৃত আহ্বানপত্রের পৃষ্ঠে লিখিবেন ইতি। (ক্ষু॰ মো॰ আ॰ ও রা॰ আ॰)

[অন্য বিচারাধিপত্যের সীমাবাসি সাক্ষিকে আহ্বানপত্র দিবার কথা।]

২৩২ ধারা। মোকদ্দমা যে আদালতে চলিতেছে, উপস্থিত হইবার আজ্ঞা প্রাপ্ত ব্যক্তি যদি সেই আদালতভিন্ন অন্য আদালতের আধিপত্যের মধ্যে বাস করেন, তবে যে আদালতে মোকদ্দমা হইতেছে সেই আদালত সেই সাক্ষির বাসস্থানে বিচারাধিপত্য বিশিষ্ট হাই কোর্টভিন্ন অন্য যে কোন আদালতদ্বারা অতি অনায়াসে আহ্বানপত্র দেওয়া যাইতে পারে সেই আদালতে ঐ পত্র প্রেরণ করিবেন। যে আদালতের নিকটে আহ্বানপত্র প্রেরিত হয় সেই আদালত তাহা পাইলে পূর্ব্ব নির্দ্দিষ্টমতে প্রবল করাইবার জন্যে ঐ আদালতের উপযুক্ত কার্য্যকারকের প্রতি তাহা সমর্পণ করিবেন। আহ্বানপত্র দর্শয়িতা কার্য্যকারকদ্বারা তাহা পুনরায় আনীত হইলে পর, প্রথমে যে আদালতহইতে বাহির হইয়াছিল সেই আদালতে পুনরায় প্রেরিত হইবে ইতি। (ক্ষু॰ মো॰ আ॰ ও রা॰ আ॰)

[পলাতক সাক্ষির সম্পত্তি আহরণ করিবার কথা।]

২৩৩ ধারা। কোন ব্যক্তির নামে সাক্ষ্য দিবার কি নিদর্শনপত্র দেখাইবার জন্যে উপস্থিত হইবার আ-

duce a document, cannot be served in either of the ways hereinbefore specified, the Court, on being certified thereof by the return of the serving Officer, and upon being satisfied that the evidence of such person or the production of the document is material, and that he is absconding or keeping out of the way for the purpose of avoiding the service of the summons, may cause a proclamation required his attendance to give evidence, or produce the document, at a time and place to be named therein, to be affixed on some conspicuous place of the house in which he is dwelling; and if he shall not attend at the time and place named in such proclamation, the Court may, at the instance of the party on whose application the summons was issued, make an order for the attachmet of the movable property of the person whose attendance is required to such amount as the Court shall deem reasonable, not being in excess of the amount of the costs of attachment and of any fine to which he may be liable under the provisions of Section 235. (S. C. C. & R. C.)

[If witness appears attachment may be withdrawn.]

CCXXXIV. If on the attachment of his property, such person shall appear and satisfy the Court that he did not abscond or keep out of the way to avoid service of the summons, and that he had not notice of the proclamation in time to attend at the time and place named therein, the Court shall direct that the property be released from attachment, and shall make such order in regard to the costs of the attachment as it shall deem fit. (S. C. C. & R. C.)

[Procedure if witness fails to appear.]

CCXXXV. If the person whose attendance is required shall not appear, or appearing, shall fail to satisfy the Court that he did not abscond or keep out of the way to avoid service of the summons, and that he had not notice of the proclamation in time to attend at the time and place named therein, the Court may order the property attached, or any part thereof, to be sold for the purpose of satisfying all costs incurred in consequence of such attachment, together with the amount of any fine which the Court may impose upon such person under the provisions of the Indian Penal Code or any other law for the punishment of a witness who may abscond or keep out of the way in order to avoid the service of a summons. If the person whose attendance is required shall pay into Court the costs and fine as aforesaid, the Court shall order the property to be released from attachment. (S. C. C. & R. C.)

হ্বানপত্র হইলে, যদি পুর্ব্বোক্ত কোন প্রকারে তাহা প্রবল করা অসাধ্য হয়, তবে ঐ পত্রদর্শয়িতা কার্য্যকারকের রিটর্ণদ্বারা সেই কথা সংশিত হইলে, এবং সেই ব্যক্তির সাক্ষ্য গ্রহণ কিম্বা সেই নিদর্শনপত্র দৃষ্টিকরণ আবশ্যক আছে, ও সেই ব্যক্তি আহ্বানপত্র দর্শান এড়াইবার অভিপ্রায়ে পলাইয়াছে কি অনুদ্দেশ্য হইয়াছে, আদালত ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে, সেই ব্যক্তি যে গৃহে বাস করিত সেই গৃহের কোন সুপ্রকাশ স্থানে একখান ঘোষণাপত্র লটকাইয়া দিয়া তদ্দ্বারা সেই ব্যক্তির প্রতি এমত আদেশ করিতে পারিবেন যে, তিনি ঘোষণাপত্রের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে সাক্ষ্য দিবার কি নিদর্শনপত্র দেখাইবার নিমিত্তে উপস্থিত হন। যদি ঐ ঘোষণাপত্রের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে উপস্থিত না হন, তবে যাঁহার প্রার্থনামতে আহ্বানপত্র প্রচারিত হইল তাঁহার যত্নক্রমে আদালত সেই আহূত ব্যক্তির যত টাকার অস্থাবর সম্পত্তি আহরণ করা যুক্তিসিদ্ধ জ্ঞান করেন, তাঁহার তত টাকার সম্পত্তি আহরণ করিবার আজ্ঞা করিতে পারিবেন, কিন্তু ২৩৫ ধারার বিধানানুসারে সেই ব্যক্তির ঐ সম্পত্তি আহরণে যত ব্যয়, ও তাঁহার যত টাকা অর্থদণ্ড হইতে পারে তত টাকার অধিক সম্পত্তি আহরণ করিবেন না ইতি। (ক্ষু মো. আ. ও রা. আ.)

[সাক্ষী উপস্থিত হইলে আহৃত সম্পত্তি মুক্ত করণের কথা।]

২৩৪ ধারা। সেই ব্যক্তির সম্পত্তি আহরণ হইলে যদি তিনি উপস্থিত হন এবং আহ্বানপত্র দর্শান এড়াইবার অভিপ্রায়ে পলাই নাই কি অনুদ্দেশ্য হই নাই, এবং ঘোষণাপত্রের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে উপস্থিত হইবার উপযুক্ত অবকাশ থাকিতে ঐ ঘোষণাপত্রের সম্বাদ পাই নাই, ইহা আদালতের হৃদ্বোধমতে জানান, তবে আদালত সেই সম্পত্তি মুক্ত করিবার আজ্ঞা করিয়া তদাহরণের ব্যয়ের বিষয়ে যেরূপ আজ্ঞা উপযুক্ত জ্ঞান করেন তাহা করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[সাক্ষী উপস্থিত না হইলে ইতি কর্ত্তব্যতার কথা।]

২৩৫ ধারা। যে ব্যক্তির উপস্থিত হইবার আজ্ঞা হয় তিনি যদি অনুপস্থিত থাকেন, কিম্বা উপস্থিত হইলেও আহ্বানপত্রের দর্শান এড়াইবার অভিপ্রায়ে পলায়ন করেন নাই কি অনুদ্দেশ্য হন নাই, এবং ঘোষণাপত্রের নির্দ্দিষ্ট স্থানে ও সময়ে উপস্থিত হইবার উপযুক্ত অবকাশ থাকিতে ঐ ঘোষণাপত্রের সম্বাদ পান নাই, এতদ্বিষয় যদি আদালতের হৃদ্বোধ করিতে না পারেন, তবে উক্ত সম্পত্তি আহরণের সকল ব্যয় পোষণের নিমিত্তে এবং আহ্বানপত্র প্রবল হইতে না পারে এই জন্যে কোন সাক্ষী পলায়ন করিলে কি অনুদ্দেশ্য হইলে আদালত তাঁহার দণ্ডার্থে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের কি অন্য কোন আইনের বিধানমতে যে অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারেন, তাহা আদায়ের নিমিত্তে ঐ আহৃত সম্পত্তি কি তাহার কোন অংশ বিক্রয় করিবার আজ্ঞা করিতে পারিবেন। যে ব্যক্তির উপস্থিত হইবার আজ্ঞা হয় তিনি যদি পূর্ব্বোক্ত ব্যয় ও দণ্ডের টাকা আদালতে অর্পণ করেন, তবে আদালত সম্পত্তি মুক্ত করিবার আজ্ঞা করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

OF THE EXAMINATION OF PARTIES AS WITNESSES.

[Party appearing in person may be examined as witness.]

CCXXXVI. When a party to suit appears in person at any hearing of the suit, he may be examined as a witness, either on his own behalf or on behalf of any other party to the suit, in the same manner as if he were not a party. (S. C. C. & R. C.)

[Special application to enforce appearance of party as witness.]

CCXXXVII. If a party to a suit shall require to enforce the appearance of any other party thereto as a witness, he shall make a special application to the Court for an order requiring the appearance of such party, and shall show, to the satisfaction of the Court, sufficient ground in support of such application otherwise a summons shall not be issued. (S. C. C. & R. C.)

[Court may first give notice fixing a day to show cause why he should not appear.]

CCXXXVIII. The Court before making such order, may cause notice to be given to the party whose appearance is required, fixing a day for him to show cause why he should not appear and give evidence; and may also from time to time, for sufficient reason enlarge the time for such purpose. (S. C. C. & R. C.)

[Written declaration in support of cause shown.]

CCXXXIX. In support of the cause shown, the Court shall receive any declaration in writing of the party on unstamped paper, signed by him and verified in the manner hereinbefore provided for the verification of plaints. (S. C. C. & R. C.)

[If no sufficient cause shown, order to issue.]

CCXL. If no sufficient cause be shown on the day fixed, or upon any subsequent day to which the Court shall enlarge the time for that purpose, the Court shall issue its order requiring the party to appear and give evidence. (S. C. C. & R. C.)

[Court may of its own accord summon and examine any party as a witness.]

CCXLI. If the Court shall think it necessary to examine any party to the suit or to inspect any document in his possession or power, the Court may, of its own accord at any stage of the suit, cause him to be summoned to appear as a witness to give evidence or to produce such document if in his possession or power on a day to be appointed in the summons, and may examine him as a witness, or may cause him to be examined in such other

সাক্ষিস্বরূপে বাদিপ্রতিবাদির পরীক্ষার বিধি।

[কোন পক্ষ স্বয়ং উপস্থিত হইলে সাক্ষিস্বরূপ তাঁহার পরীক্ষা হইতে পারিবার কথা।]

২৩৬ ধারা। মোকদ্দমার কোন পক্ষ মোকদ্দমা শুনিবার কোন সময়ে স্বয়ং উপস্থিত হইলে মোকদ্দমার এক পক্ষ না হওনমতে তাঁহার নিজপক্ষীয় কি মোকদ্দমার অন্য কোন পক্ষের পক্ষীয় সাক্ষিস্বরূপে তাঁহার পরীক্ষা লওয়া যাইতে পারিবে ইতি। (ক্ষু মো. আ. ও রা. আ.)

[কোন পক্ষকে সাক্ষিস্বরূপে উপস্থিত করাইবার জন্যে বিশেষ প্রার্থনার কথা।]

২৩৭ ধারা। যদি মোকদ্দমার কোন পক্ষ মোকদ্দমার অন্য কোন পক্ষকে সাক্ষিস্বরূপে উপস্থিত করাণ প্রয়োজনীয় জ্ঞান করেন, তবে তিনি উক্ত ব্যক্তিকে উপস্থিত করিবার আজ্ঞার নিমিত্তে আদালতের নিকটে বিশেষ প্রার্থনা করিবেন, এবং সেই প্রার্থনার পোষকতায় আদালতের হৃদ্বোধমত উপযুক্ত হেতু দর্শাইবেন, নতুবা আহ্বানপত্র প্রচারিত হইবে না ইতি। (ক্ষু মো আ ও রা আ)

[তাঁহার উপস্থিত না হইবার কারণ দর্শাওনার্থে আদালতের দিবস নিরূপণপূর্ব্বক সম্বাদ দিবার কথা।]

২৩৮ ধারা। সেই আজ্ঞা করিবার পূর্ব্বে, যে পক্ষের উপস্থিত হওয়ার প্রার্থনা হইল আদালত দিন নিরূপণ করিয়া তাঁহার উপস্থিত হইয়া সাক্ষ্য না দেওয়ার কারণ দর্শাইবার আজ্ঞাপত্র তাঁহাকে দেওয়াইতে পারিবেন। এবং উপযুক্ত কারণে সেই হেতু দর্শাইবার কাল সময়েং বৃদ্ধি করিতে পারিবেন ইতি। ক্ষু. মো. আ. ও রা. আ)

[উক্ত কারণ প্রতিপন্ন করণাভিপ্রায়ে আবেদনপত্রের কথা।]

২৩৯ ধারা। প্রদর্শিত হেতুর পোষকতায় আদালত ইষ্টাম্প না হওয়া কাগজে ঐ পক্ষের কোন আবেদনপত্র গ্রাহ্য করিবেন, কিন্তু আর্জিদোয়াপত্র সত্য করণের যে বিধি এই আইনের পূর্ব্বভাগে হইয়াছে ঐ ব্যক্তির সেই আবেদনপত্রে স্বাক্ষর করিয়া সেই প্রকারে তাহা সত্য করিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[উপযুক্ত কারণ না দেখাইলে ঐ আজ্ঞা হওনের কথা।]

২৪০ ধারা। কারণ দেখাইবার নিরূপিত দিবসে, কিম্বা আদালত অধিক অবকাশ দিলে তজ্জন্যে নিরূপিত পশ্চাতের কোন দিবসে যদি উপযুক্ত কারণ দেখান না যায়, তবে আদালত সেই ব্যক্তির উপস্থিত হইয়া সাক্ষ্য দিবার আজ্ঞাপত্র প্রচার করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আদালতের স্বেচ্ছাক্রমে কোন পক্ষকে স্বাক্ষিস্বরূপে আহ্বান করিয়া তাঁহার পরীক্ষা গ্রহণের কথা।]

২৪১ ধারা। যদি আদালত মোকদ্দমার কোন পক্ষের পরীক্ষা করা কিম্বা তাঁহার অধিকার কি ক্ষমতাগত কোন নিদর্শনপত্র নিরীক্ষণ করা আবশ্যক জ্ঞান করেন, তবে আদালত মোকদ্দমা চলনের কোন সময়ে আপনার ইচ্ছাক্রমে ঐ ব্যক্তিকে আহ্বানপত্রের নিরূপিত দিনে সাক্ষ্য দিবার জন্যে কিম্বা সেই নিদর্শনপত্র তাঁহার হস্তে কি ক্ষমতাতে থাকিলে তাহা দেখাইবার জন্যে সাক্ষিরূপে উপস্থিত হওনার্থে আহ্বান করাইতে পারিবেন। এবং সাক্ষিস্বরূপে

manner as the Court may direct. (S. C. C. & R. C.)

Of the Examination by the Court of Strangers to the Suit.

[Court may of its own accord summon as witnesses strangers to suit.]

CCXLII. If the Court shall at any time think it necessary to examine any person other than a party to the suit, and not named as a witness by a party to the suit, the Court may, of its own accord, cause such person to be summoned as a witness to give evidence, or to produce any document in his possession on a day to be appointed, and may examine such person as a witness. (S. C. C. & R. C.)

Of Questions respecting Religion or Custom.

[Provision as to question arising in Court subordinate to District Court, relating to the law of the religion or customs of any suitor.]

CCXLIII. In any suit pending in any Court subordinate to the District Court, in which any question relating to the law of the religion or the established customs of the parties or any of them shall arise, the Court may either take the evidence of any person learned in such law or customs, or may refer to any recognized authority thereupon, or may receive from any of the parties, a written opinion of any other person quoting or referring to any such authority; or the Court may, of its own accord, or on the application of any of the parties, refer the question, with a statement of such of the circumstances of the case as may appear necessary for the elucidation of the same, for the opinion of the District Court.

[Procedure of District Court when such question referred to it.]

CCXLIV. The District Court may either decide the question so referred to it on evidence or on any recognized authority or opinion as aforesaid taken, referred to, or received by it; or may of its own motion, or on the application of any of the parties, refer the question, with the statement of the case received from the Court below, for the opinion of the High Court.

[And when arising in suit pending in such Court.]

CCXLV. The District Court may proceed in the manner aforesaid in respect to any question [illegible] law relating to the religion or customs of the parties or any of them, arising in any suit pending in such Court.

তাঁহার পরীক্ষা গ্রহণ করিতে কিম্বা আদালতের আদেশানুযায়ি অন্য কোন প্রকারে তাঁহার পরীক্ষা করাইতে পারিবেন ইতি। (সু. মো. আ. ও রা. আ.)

আদালত কর্ত্তৃক মোকদ্দমার নিঃসম্বন্ধ ব্যক্তিরদের পরীক্ষা লওনের বিধি।

[মোকদ্দমার নিঃসম্বন্ধ ব্যক্তিদিগকে সাক্ষিস্বরূপে আদালতের স্বেচ্ছামতে আহ্বান করিবার ক্ষমতার কথা।]

২৪২ ধারা। যে ব্যক্তি মোকদ্দমার পক্ষ নয়, এবং মোকদ্দমার কোন পক্ষ সাক্ষী বলিয়া যাঁহার নাম উল্লেখ করেন নাই, এমত কোন ব্যক্তির পরীক্ষা করা যদি আদালত কোন সময়ে আবশ্যক জ্ঞান করেন, তবে সেই ব্যক্তিকে সাক্ষিস্বরূপে নিরূপিত দিনে সাক্ষ্য দেওনার্থে কিম্বা আপনার হস্তগত কোন নিদর্শনপত্র দেখাইবার জন্যে স্বেচ্ছাক্রমে আহ্বান করাইয়া সাক্ষিস্বরূপে তাঁহার পরীক্ষা লইতে পারিবেন ইতি। (সু. মো. আ. ও রা. আ.)

ধর্ম্ম কি আচার সম্পর্কীয় বিবাদের বিধি।

[জিলার আদালতের অধীন কোন আদালতে কোন বাদির কি প্রতিবাদির ধর্ম্ম কি আচারের ব্যবস্থা-সম্পর্কীয় বিবাদ হইলে তাহার বিধানের কথা।]

২৪৩ ধারা। জিলার আদালতের অধীন কোন আদালতের বিচারাধীন কোন মোকদ্দমায়, যদি উভয় পক্ষের কি কোন পক্ষের ধর্ম্মের কি স্থাপিত কুলাচারের ব্যবস্থাবিষয়ক কোন বিবাদ উপস্থিত হয়, তবে আদালত সেই ব্যবস্থা কি আচার অভিজ্ঞ কোন ব্যক্তির সাক্ষ্য লইতে, কি তদ্বিষয়ক সর্ব্বসম্মত কোন প্রামাণিক গ্রন্থ দেখিতে, কিম্বা তদ্রূপ প্রামাণিক কোন গ্রন্থের বিশেষ স্থান উল্লেখকারি কি চুম্বক কথা উদ্ধারকারি ব্যবস্থাবেত্তাদের মত অন্যতর পক্ষের নিকটে গ্রাহ্য করিতে পারিবেন। কিম্বা মোকদ্দমার ভাব স্পষ্টরূপে জ্ঞাত করিবার জন্যে যাহা প্রয়োজন বোধ হয় আদালত মোকদ্দমার এমত বিবরণ লিখিয়া স্বেচ্ছামতে কি অন্যতর পক্ষের প্রার্থনাক্রমে জিলার আদালতের মত আনিবার নিমিত্তে ঐ বিবাদীয় প্রশ্ন পাঠাইতে পারিবেন ইতি।

[তদ্রূপ প্রশ্ন প্রেরিত হইলে জিলার আদালতের ইতিকর্ত্তব্যতার কথা।]

২৪৪ ধারা। জিলার আদালত হয় সাক্ষ্যক্রমে, না হয় পূর্ব্বোক্ত প্রকারের সর্ব্বসম্মত কোন প্রামাণিক গ্রন্থ দেখিয়া, কি ব্যবস্থাবেত্তাদের মত লইয়া ঐ প্রেরিত প্রশ্নের নিষ্পত্তি করিতে পারিবেন, কিম্বা অধঃস্থ আদালতহইতে গৃহীত বিবরণ সহিত সেই প্রশ্ন স্বেচ্ছামতে কি অন্যতর পক্ষের প্রার্থনাক্রমে হাই কোর্টের মত আনিবার জন্যে পাঠাইতে পারিবেন ইতি।

[ঐ আদালতের বিচারাধীন মোকদ্দমায় তদ্রূপ প্রশ্ন হইলে তাহার কথা।]

২৪৫ ধারা। জিলার আদালতের বিচারাধীন কোন মোকদ্দমায় উভয় কি এক পক্ষের ধর্ম্ম কি আচারের ব্যবস্থা বিষয়ক কোন প্রশ্ন উত্থাপন হইলে জিলার আদালত পূর্ব্বোক্ত মতে কার্য্য করিতে পারিবেন ইতি।

[Procedure of High Court as to such questions, either referred or arising in suit pending in such Court.]

CCXLVII. Whenever any such question as aforesaid may be referred for the opinion of the High Court, or whenever any such question as aforesaid may arise in any suit pending before the High Court, such Court may take the evidence of any person learned in the particular law or custom to which the question relates, or refer to any recognized authority thereupon, or receive from the parties or any of them a written opinion of any other person quoting or referring to any such authority.

[Court referring any such question to stay decision pending receipt of opinion of Higher Court.]

CCXLVII. Whenever any question may be referred as aforesaid for the opinion of the District Court, or of the High Court, the Court making such reference shall postpone its decision in the suit in which such question shall have arisen, until the receipt of the opinion of the District Court or of the High Court as the case may be, upon the question so referred.

[Hearing of reference by Court to which it is made.]

CCXLVIII. The Court to which the question is referred shall fix an early day for determining the same, which day shall be notified by a proclamation to be fixed up in the Court House. The parties to the suit in which such reference is made may appear and be heard on the question referred.

[Transmission of decision of Court, and proceeding thereupon.]

CCXLIX. The Court shall transmit a copy of its decision, under the signature of the Judge or Registrar or Clerk of the Court and under the seal of the Court to the Court by which the reference was made, and such Court shall proceed to dispose of the question so referred conformably to such decision.

[Decision of High Court to be communicated through District Court to subordinate Court.]

CCL. If the suit is pending in a Court subordinate to the District Court, and the District Court shall have made a reference to the High Court, the decision of the High Court shall be communicated to the Court in which the suit is pending, through the District Court by which the reference was made.

[Costs of reference.]

CCLI. Costs, if any, consequent on a reference under the foregoing provisions, shall be costs in the suit.

[হাই কোর্টের বিচারাধীন কোন মোকদ্দমায় উত্থাপিত কি তাঁহার নিকটে প্রেরিত তদ্রূপ কোন প্রশ্নের বিষয়ে হাই কোর্টের ইতিকর্ত্তব্যতার কথা।]

২৪৬ ধারা। যখন হাই কোর্টের মত জানিবার নিমিত্তে পূর্ব্বোক্ত প্রকারের কোন প্রশ্ন পাঠান যায়, কিম্বা হাই কোর্টের বিচারাধীন কোন মোকদ্দমায় পূর্ব্বোক্ত প্রকারের কোন প্রশ্নের উত্থাপন হয়, তখন সেই প্রশ্ন যে বিশেষ ব্যবস্থা কি আচারসম্পর্কীয় হয়, হাই কোর্ট তদভিজ্ঞ কোন ব্যক্তির প্রমাণ লইতে কি তদ্বিষয়ক সর্ব্বসম্মত কোন প্রামাণিক গ্রন্থ দেখিতে, কিম্বা উভয় পক্ষের কি এক পক্ষের নিকটে তদ্রূপ প্রামাণিক কোন গ্রন্থের বিশেষ স্থান উল্লেখকারি কি চুম্বক কথা উদ্ধারকারি ব্যবস্থাবেত্তাদের মত গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

[উচ্চতর আদালতের মত প্রাপ্তি পর্য্যন্ত প্রশ্ন অর্পণকারি আদালতের নিষ্পত্তি স্থগিত রাখিবার কথা।]

২৪৭ ধারা। কোন প্রশ্ন জিলার আদালতের কি হাই কোর্টের মত জানিবার জন্যে পূর্ব্বোক্ত প্রকারে পাঠান গেলে পর, যে আদালত উক্ত প্রশ্ন পাঠাইয়াছেন তিনি যাবৎ সেই প্রেরিত প্রশ্নের বিষয়ে জিলার আদালতের কি স্থলবিশেষে হাই কোর্টের মত প্রাপ্ত না হন, তাবৎ যে মোকদ্দমাতে সেই প্রশ্ন উত্থাপন হইয়াছিল তাহার নিষ্পত্তি স্থগিত রাখিবেন ইতি।

[যে আদালতে প্রশ্ন পাঠান যায় সেই আদালতকর্ত্তৃক তৎশ্রবণের কথা।]

২৪৮ ধারা। যে আদালতে প্রশ্ন পাঠান যায় সেই আদালত তাহার উত্তর অবধারণার্থে অগৌণের দিন নিরূপণ করিবেন, ও বিচারালয়ে ঘোষণাপত্র লটকাইয়া সেই দিনের সংবাদ প্রকাশ করিবেন। যে মোকদ্দমার উপলক্ষে ঐ প্রশ্ন প্রেরিত হইয়াছিল তাহার উভয় পক্ষ তথায় উপস্থিত হইতে পারিবেন, ও সেই প্রশ্ন বিষয়ে তাঁহাদের কথা শুনা যাইতে পারিবে ইতি।

[আদালতের নিষ্পত্তি প্রেরণের ও তন্মত কার্য্য হইবার কথা।]

২৪৯ ধারা। আদালতের নিষ্পত্তির প্রতিলিপিতে আদালতের জজ কি রেজিষ্ট্রার কি ক্লার্ক সাহেবের স্বাক্ষর হইলে, ও তাহাতে আদালতের মোহর মুদ্রিত হইলে, আদালত সেই প্রতিলিপি প্রশ্ন প্রেরণকারি আদালতে পাঠাইবেন, ও উক্ত আদালত সেই নিষ্পত্তি অনুসারে উক্ত অর্পিত বিষয় নিষ্পাদন করিবেন ইতি।

[অধঃস্থ আদালতের নিকটে হাই কোর্টের নিষ্পত্তি জিলার আদালতের দ্বারা পাঠাইবার কথা।]

২৫০ ধারা। সেই মোকদ্দমা জিলার আদালতের অধীন কোন আদালতের বিচারাধীন থাকিতে যদি জিলার আদালত তদ্বিষয়ক প্রশ্ন হাই কোর্টে পাঠাইয়া থাকেন, তবে যে আদালতে ঐ মোকদ্দমা উপস্থিত আছে তাঁহার নিকটে ঐ প্রেরণকারি জিলার আদালতদ্বারা হাই কোর্টের নিষ্পত্তি প্রেরিত হইবে ইতি।

[প্রশ্ন পাঠাইবার ব্যয়ের কথা।]

২৫১ ধারা। পূর্ব্ব লিখিত বিধান মতে প্রশ্ন পাঠাইতে যদি খরচ লাগে, তবে তাহা মোকদ্দমার খরচার মধ্যে গণ্য হইবে ইতি।

[Procedure where case in which a District Court shall have given an opinion comes on appeal before such Court.]

CCLII. When any case in which the District Court shall have given an opinion on a question referred to it under Section 243 shall come in appeal before such Court, and the same point shall arise upon the hearing of such appeal, the opinon so given shall be treated as binding upon the Court. Provided that if the Judge shall see reason to alter such opinion, or if the parties to the suit agree in requiring him to refer the point for the decision of the High Court, he may refer such point accordingly with his own opinion thereon.

[High Court not to be bound by opinion given on reference.]

CCLIII. In any case in which the High Court may have given an opinion on a question referred to such Court under Section 244 or Section 245, the opinion so given shall not be treated as binding upon the High Court in the event of the case coming thereafter before the Court in either regular or special appeal.

[Questions referred to High Court to be determined by two or more Judges.]

CCLIV. Questions referred under Section 244 and Section 245 for the opinion of the High Court shall be determined by not less than two Judges of such Court sitting together.

ATTENDANCE OF WITNESSES AND CONSEQUENCE OF NON-ATTENDANCE.

[Persons summoned to give evidence must attend.]

CCLV. Any person, who shall be summoned to appear and give evidence in a suit, shall be bound to attend at the time and place named in the summons for that purpose. (S. C. C. & R. C.)

[Consequences of non-attendance by witness.]

CCLVI. If any person on whom a summons to give evidence or produce a document shall have been served shall, without lawful excuse, fail to comply with the summons, the Court may order such person to be apprehended and brought before the Court. If such person abscond or keep out of the way, so that he cannot be apprehended and brought before the Court, his property shall be liable to attachment and sale in the manner and subject to the rules provided in Sections 233, 234, and 235, with respect to any person on whom the service of summons cannot be effected. (S. C. C. & R. C.)

[জিলার আদালত যে মোকদ্দমায় স্বীয় মত জ্ঞাত করিয়াছেন, সেই মোকদ্দমা আপীলক্রমে সেই আদালতে উপস্থিত করা গেলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

২৫২ ধারা। কোন মোকদ্দমায় কোন প্রশ্ন ২৪৩ ধারামতে জিলার আদালতে প্রেরিত হইলে যদি ঐ আদালত তদ্বিষয়ে আপনার মত জ্ঞাপন করেন, ও সেই মোকদ্দমা আপীলক্রমে পশ্চাৎ সেই আদালতে উপস্থিত করা যায়, ও আপীল শ্রবণ কালে বিবাদীয় সেই প্রশ্ন উত্থাপিত হয়, তবে তদ্রূপে প্রদত্ত মত সেই আদালতের অবশ্য মান্য জ্ঞান হইবে। কিন্তু জজ সাহেব যদি স্বীয় মত পরিবর্ত্তন করিবার হেতু দৃষ্টি করেন, অথবা যদি মোকদ্দমার উভয় পক্ষ একবাক্য হইয়া হাই কোর্টের নিষ্পত্ত্যর্থে সেই বিষয় অর্পণ করিতে তাঁহার নিকটে প্রার্থনা করেন, তবে তিনি সেই বিষয়ে স্বীয় মত লিখিয়া সেই প্রার্থনানুসারে তাহা অর্পণ করিবেন ইতি।

[প্রেরিত প্রশ্ন বিষয়ে হাই কোর্ট যে মত দেন তদ্দ্বারা তাঁহার বদ্ধ না হইবার কথা।]

২৫৩ ধারা। কোন মোকদ্দমায় ২৪৪ কি ২৪৫ ধারামতে কোন প্রশ্ন হাই কোর্টে প্রেরিত হইলে, যদি হাই কোর্ট তদ্বিষয়ক মত দেন, ও পশ্চাৎ সেই মোকদ্দমা নিয়মিত কি বিশেষ আপীলক্রমে সেই কোর্টের সম্মুখে উপস্থিত করা যায়, তবে তাঁহার দত্ত সেই মত হাই কোর্টের অবশ্য মান্য জ্ঞান হইবে না ইতি।

[হাই কোর্টে প্রশ্ন প্রেরিত হইলে দুই কি অধিক জন বিচারকর্ত্তার তাহা শুনিবার কথা।]

২৫৪ ধারা। হাই কোর্টের মত জানিবার নিমিত্তে ২৪৪ ও ২৪৫ ধারামতে যে সকল প্রশ্ন পাঠান যায় তাহার উত্তর ঐ আদালতের দুই কি অধিক জন বিচারকর্ত্তা একসঙ্গে উপবিষ্ট হইয়া নিশ্চয় করিবেন ইতি।

সাক্ষিদের উপস্থানের বিধি ও অনুপস্থানের ফল।

[যাহাদিগকে সাক্ষ্য দেওনার্থে আহ্বান করা যায় তাহাদের উপস্থিত হইতে হইবার কথা।]

২৫৫ ধারা। কোন মোকদ্দমায় কোন ব্যক্তিকে উপস্থিত হইয়া সাক্ষ্য দেওনার্থে আহ্বান করা গেলে তিনি তদভিপ্রায়ে আহ্বানপত্রের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে উপস্থিত হইতে বদ্ধ হইবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[সাক্ষী উপস্থিত না হইলে তাহার ফলের কথা।]

২৫৬ ধারা। যে কোন ব্যক্তিকে সাক্ষ্য দিবার কি নিদর্শনপত্র দেখাইবার জন্যে আহ্বানপত্র প্রদত্ত হয়, তিনি যদি আইনসিদ্ধ কোন বাধা না থাকিলেও আহ্বানপত্রানুসারে কার্য্য করিতে ত্রুটি করেন, তবে আদালত সেই ব্যক্তিকে ধৃত করিয়া আদালতের সম্মুখে আনিবার আজ্ঞা করিতে পারিবেন। সেই ব্যক্তি পলায়ন করাতে কি অনুদ্দেশ্য হওয়াতে যদি তাঁহাকে ধৃত করিয়া আদালতের সাক্ষাতে উপস্থিত করা যাইতে না পারে, তবে যাঁহাকে আহ্বানপত্র প্রদত্ত হইতে না পারে তাহার বিষয়ে ২৩৩ ও ২৩৪ ও ২৩৫ ধারাতে যে প্রকারে কার্য্য হইবার বিধি আছে সেই প্রকারে ও সেই বিধি মতে উক্ত ব্যক্তির সম্পত্তি ক্রোক ও বিক্রয় হইতে পারিবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[Consequences of refusal to give evidence or produce documents.]

CCLVII. If any person attending or being present in Court shall, without lawful excuse, refuse to give evidence, or to produce any document in his custody or possession named in such summons as aforesaid, upon being required by the Court so to do, the Court may commit him to Jail for such time as it may deem proper, unless he shall, in the mean time, consent to give his evidence or to produce the document. If after the expiration of such time he shall persist in his refusal, the Court may proceed to deal with him according to the provisions of the Indian Penal Code or any other law for the punishment of persons refusing to give evidence. (S. C. C. & R. C.)

[Consequences of party's non-attendance, refusal to give evidence or produce documents.]

CCLVIII. If any person being a party to the suit, who shall be ordered to attend to give evidence or produce a document shall, without lawful excuse, fail to comply with such order, or attending or being present in Court shall, without lawful excuse, refuse to give evidence or to produce any document in his custody or possession named in such summons as aforesaid, upon being required by the Court so to do, the Court may either pass a decree against him, or make such other order in relation to the suit as the Court may deem proper. (S. C. C. & R. C.)

[Any person present in Court may be called upon to give evidence though not summoned.]

CCLIX. Any person present in Court whether a party to the suit or not, may be called upon by the Court to give evidence and to produce any document then and there in his actual possession or in his power, in the same manner and subject to the same rules as if he had been summoned to attend and give evidence or to produce such document, and shall be liable to be dealt with by the Court in the same manner as a party or witness, as the case may be, would be liable, under any of the provisions hereinbefore contained, to be dealt with for any refusal to obey the order of the Court. (S. C. C. & R. C.)

OF THE EXAMINATION OF WITNESSES.

[Witnesses to be examined at hearing in open Court.]

CCLX. On the day appointed for the hearing of the suit or on any other day to which the hearing may be adjourned, the evidence of the

[সাক্ষ্য না দিবার কি নিদর্শনপত্র না দেখাইবার ফলের কথা।]

২৫৭ ধারা। যে কোন ব্যক্তি আদালতে উপস্থিত হন কি বর্ত্তমান থাকেন তিনি আদালতের আজ্ঞাপ্রাপ্ত হইলে যদি আইনসিদ্ধ কোন বাধা না থাকিলেও সাক্ষ্য না দেন কি আপনার রক্ষণ কি অধিকারগত যে কাগজপত্র পূর্ব্বোক্ত প্রকারের আহ্বানপত্রে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা না দেখান, তবে আদালত যত কাল উপযুক্ত জ্ঞান করেন তত কালের জন্যে সেই সাক্ষিকে কারাবদ্ধ করিতে পারিবেন। ইতিমধ্যে যদি সেই সাক্ষী প্রমাণ দিতে কি কাগজপত্র দেখাইতে সম্মত হন, তবে মুক্ত হইবেন। পূর্ব্বোক্ত কাল অতীত হইলেও যদি সেই সাক্ষী পূর্ব্ববৎ অস্বীকার করিতে থাকেন, তবে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের বিধানমতে কিম্বা প্রমাণ দিতে অসম্মত ব্যক্তির দণ্ডবিধায়ক অন্য কোন আইনক্রমে আদালত ঐ সাক্ষির প্রতি ব্যবহার করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[মোকদ্দমার কোন পক্ষের উপস্থিত না হইবার কি প্রমাণ দিতে কি নিদর্শনপত্র দেখাইতে অস্বীকার করিবার ফলের কথা।]

২৫৮ ধারা। মোকদ্দমার পক্ষ যে কোন ব্যক্তির প্রতি সাক্ষ্য দিবার কি নিদর্শনপত্র দেখাইবার জন্যে উপস্থিত হইবার আদেশ হয়, তাঁহার আইনসিদ্ধ বাধা না থাকিলেও যদি তিনি সেই আদেশানুসারে কার্য্য করিতে ত্রুটি করেন, কিম্বা আদালতে উপস্থিত হইয়া কি বর্ত্তমান থাকিয়া যদি আদালতের আজ্ঞা পাইলেও আইনসিদ্ধ বাধা বিনা সাক্ষ্য দিতে কি আপনার রক্ষণ কি অধিকারগত যে কোন কাগজপত্র পূর্ব্বোক্ত প্রকারের আহ্বানপত্রে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা না দেখান, তবে আদালত তাঁহার বিপরীতে নিষ্পত্তি করিতে পারিবেন, নতুবা মোকদ্দমা সম্পর্কীয় অন্য যে আজ্ঞা উপযুক্ত জ্ঞান করেন তাহা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা, আ.)

[আহূত না হইলেও যে কেহ আদালতে বর্ত্তমান থাকেন তাহার প্রতি সাক্ষ্য দিবার আজ্ঞা হইতে পারিবার কথা।]

২৫৯ ধারা। আদালতে যে কোন ব্যক্তি উপস্থিত থাকেন, তিনি মোকদ্দমার এক পক্ষ হইলে কি না হইলেও, আদালত তাঁহাকে সাক্ষ্য দিতে এবং তৎকালে তৎস্থানে তাঁহার অধিকার কি ক্ষমতাগত কোন নিদর্শনপত্র দেখাইতে আজ্ঞা করিতে পারিবেন, অর্থাৎ সাক্ষ্য দিবার কিম্বা ঐ নিদর্শনপত্র দেখাইবার জন্যে উপস্থিত হইবার আহ্বানপত্র প্রাপ্ত হইলে যদ্রূপে ও যে বিধিমতে আজ্ঞা করিতে পারিতেন তদ্রূপে ও সেই বিধিমতে করিতে পারিবেন। এবং কোন পক্ষ কিম্বা বিষয় বিশেষে কোন সাক্ষী কোন বিষয়ে আদালতের আজ্ঞা পালন না করিলে তাহার প্রতি পূর্ব্ব লিখিত কোন বিধানমতে যদ্রূপ কার্য্য হইতে পারিত সেই ব্যক্তির প্রতিও আদালতের তদ্রূপ কার্য্য হইতে পারিবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

সাক্ষিদিগের পরীক্ষা লওনের বিধি।

[শ্রুতিকালে সাক্ষিদের পরীক্ষা মুক্তদ্বার আদালতে লইবার কথা।]

২৬০ ধারা। মোকদ্দমা শুনিবার নিরূপিত দিনে কিম্বা তখন স্থগিত হইলে তৎশ্রবণার্থে নিরূপিত অন্য কোন দিনে যে সাক্ষিরা বর্ত্তমান হন তাঁহারদিগের

witnesses in attendance shall be taken orally in open Court, in the presence and hearing and under the personal direction and superintendence of the Judge. (S. C. C. & R. C.)

[A witness may for sufficient cause be examined immediately.]

CCLXI. If a witness be about to leave the jurisdiction of the Court or if other sufficient cause be shown to the satisfaction of the Court why his examination should be taken immediately, the Court may, upon the application of either party or of the witness, at any time after the institution of the suit, take the examination of such witness forthwith or on any day that may be fixed for that purpose, of which due notice shall be given to the parties if the day be fixed in their absence. The witness shall be examined, and his evidence shall be taken down in writing, in the manner hereinafter provided for the examination of witnesses; and the evidence so taken down may be read in evidence at any hearing of the suit. (S. C. C. & R. C.)

[How evidence shall be taken in appealable cases.]

CCLXII. In cases in which a regular appeal is allowed, the evidence of each witness shall be taken down in writing, in the language in ordinary use in proceedings before the Court, by or in the presence and under the personal direction and superintendence of the Judge, not ordinarily in the form of question and answer, but in that of a narrative, and, when completed, shall be read over in the presence of the Judge and of the witness, and shall, if necessary, be corrected, and shall be signed by the Judge. (R. C.)

[Local Government may direct evidence to be taken down by Judge in his vernacular language.]

CCLXIII. The Local Government may order that the evidence of witnesses in any District or in any class of Courts in any District included in the Territories of such Local Government shall be taken down by the Judge with his own hand in his vernacular language. When any such Judge is prevented by any sufficient reason from taking down the evidence of any witness, he shall record the reason of his inability to do so, and shall cause the evidence to be taken down in writing from his dictation in open Court. Any such order may be cancelled. (R. C.)

[When witness may require his deposition to be interpreted.]

CCLXIV. If the evidence be taken down in a language different from that in which it shall have been given, and the witness does not under-

বাচনিক সাক্ষ্য মুক্তদ্বার আদালতে বিচারকর্ত্তার সাক্ষাতে ও শ্রুতিগোচরে ও তাঁহার নিজ আদেশানুসারে ও তত্ত্বাধীনে লওয়া যাইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[উপযুক্ত কারণ থাকিলে সাক্ষির প্রমাণ অগোণে লইবার কথা।]

২৬১ ধারা। যদি কোন সাক্ষী আদালতের আধিপত্যহইতে স্থানান্তরে যাইতে উদ্যত হন, অথবা যদি কোন সাক্ষির অগোণে পরীক্ষা লইবার জন্য বিশিষ্ট কারণ আদালতের হৃদ্বোধমতে প্রদর্শন করা যায়, তবে মোকদ্দমা উপস্থিত করিবার পর কোন সময়ে আদালত অন্যতর পক্ষের কি সেই সাক্ষির প্রার্থনাক্রমে অবিলম্বে কিম্বা পরীক্ষা গ্রহণার্থ নিরূপিত কোন দিনে, সেই সাক্ষির পরীক্ষা লইতে পারিবেন। যদি উভয় পক্ষের অনুপস্থানে ঐ দিন নিরূপণ হয়, তবে সেই দিনের উপযুক্ত সংবাদ তাঁহাদিগকে দেওয়া যাইবে। সাক্ষিদের পরীক্ষা লওনের যে বিধি পশ্চাৎ নির্দ্দিষ্ট হইল তদনুসারে ঐ সাক্ষির পরীক্ষা লওয়া যাইবে ও তাহার সাক্ষ্য লিপিবদ্ধ হইবে, ও তদ্রূপে লিখিত সাক্ষ্য মোকদ্দমা শ্রবণের কোন সময়ে প্রমাণস্বরূপে পাঠ করা যাইতে পারিবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[যে মোকদ্দমার উপর আপীল হইতে পারে তাহাতে সাক্ষ্য লইবার নিয়মের কথা।]

২৬২ ধারা। যে মোকদ্দমার উপর নিয়মিত আপীল হইতে পারে সেই মোকদ্দমায় আদালতের সম্মুখস্থ বিচারকার্য্যে সাধারণতঃ যে ভাষার ব্যবহার হয় সেই ভাষাতে প্রত্যেক জন সাক্ষির সাক্ষ্য বিচারকর্ত্তারদ্বারা কিম্বা তাঁহার সাক্ষাতে ও তাঁহার নিজ আদেশক্রমে ও তত্ত্বাধীনে, সামান্যতঃ প্রশ্নোত্তর ভাবে নয় কিন্তু বৃত্তান্তভাবে লিখিয়া লওয়া যাইবে, ও সাক্ষ্য লেখা সমাপ্ত হইলে তাহা বিচারকর্ত্তার ও সাক্ষির সাক্ষাতে পুনরায় পাঠ করা যাইবে। পরে আবশ্যকমতে সংশোধিত হইলে বিচারকর্ত্তা তাহাতে স্বাক্ষর করিবেন ইতি। (রা. আ.)

[বিচারকর্ত্তার মাতৃভাষায় তাঁহার স্বহস্তে সাক্ষ্য লিখিবার আজ্ঞা করিতে স্থানবিশেষের গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।]

২৬৩ ধারা। স্থান বিশেষের গবর্ণমেণ্ট আপনার অধীন দেশান্তর্গত কোন জিলাতে, কিম্বা কোন জিলার অন্তর্গত কোন শ্রেণীর সকল আদালতে সাক্ষিদের সাক্ষ্য বিচারকর্ত্তার স্বহস্তে ও স্বীয় মাতৃভাষায় লিখিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। যদি তদ্রূপ কোন বিচারকর্ত্তা বিশিষ্ট কোন কারণে কোন সাক্ষির সাক্ষ্য লিখিয়া লইতে না পারেন, তবে যে কারণে অপারক হইলেন সেই কারণ লিখিয়া রাখিবেন, এবং মুক্তদ্বার আদালতে আপনার কথনমতে ঐ সাক্ষ্য লেখাইয়া লইবেন। তদ্রূপ কোন আজ্ঞা রহিত করা যাইতে পারিবে ইতি। (রা. আ.)

[যে স্থলে সাক্ষী আপনার নিকটে আপনার সাক্ষ্যের অর্থ করিবার আদেশ করিতে পারেন তাহার কথা।]

২৬৪ ধারা। সাক্ষ্য যে ভাষাতে দেওয়া গেল যদি তদ্ভিন্ন অন্য ভাষায় লিপিবদ্ধ হয়, ও সে ভাষাতে লিপিবদ্ধ হইল তাহা যদি ঐ সাক্ষী না বুঝেন, তবে

stand the language in which it is taken down, the evidence as taken down in writing shall be interpreted to him in the language in which it was given. (R. C.)

[When evidence may be taken in English.]

CCLXV. If in a Court in which English is not the language in ordinary use the parties to the suit who are present, and the Advocates of such as are absent, consent to have such evidence as is given in English taken down in that language, the Judge may take down the evidence in English with his own hand. (R. C.)

[Any particular question and answer may be taken down.]

CCLXVI. It shall be in the discretion of the Court or take down or cause to be taken down, any particular question and answer if there shall appear any special reason for so doing, or if any party to the suit or his Advocate shall require it. (R. C.)

[Questions objected to.]

CCLXVII. If any question put to a witness be objected to, the question, whether the Court allow or forbid it to be put, shall be taken down. The answer shall also be taken down if the Court allow the question to be put; and the objection and the name of the party making it shall be noticed in taking down the evidence, together with the decision of the Court upon the objection. (R. C.)

[Court may record remarks on demeanour of witnesses.]

CCLXVIII. The Court may record such remarks as it my think material respecting the demeanour of any witness while under examination. (R. C.)

[Memorandum when evidence is not taken down by Judge.]

CCLXIX. In cases in which the evidence is not taken down in writing by the Judge, he shall be bound, as the examination of each witness proceeds, to make a memorandum of the substance of what each witness deposes, and such memorandum shall be written and signed by the Judge with his own hand, and shall form part of the record. (R. C.)

[Memorandum of evidence in unappealable cases.]

CCLXX. In cases in which a regular appeal is not allowed, it shall not be necessary to take down the evidence of the witnesses in writing at length; but the Judge, as the examination of each witness proceeds, shall make a memorandum of the substance of what each witness deposes, and such memorandum shall be written and signed

সাক্ষ্য যে ভাষাতে দত্ত হইয়াছিল সেই ভাষাতে অনুবাদিত হইয়া তাঁহার নিকটে পাঠ করা যাইবে ইতি। (রা. আ.)

[যে স্থলে ইংরেজী ভাষাতে সাক্ষ্য লইতে হয় তাহার কথা।]

২৬৫ ধারা। যে আদালতে ইংরেজী ভাষা সামান্যতঃ প্রচলিত নাই, এমন আদালতে ইংরেজী ভাষাতে যে সাক্ষ্য দেওয়া যায় সেই ভাষাতে তাহার লিপিবদ্ধ হওন বিষয়ে যদি মোকদ্দমার উপস্থিত ব্যক্তিরা ও অনুপস্থিত ব্যক্তিদের উকীলেরা সম্মত হন, তবে বিচারকর্ত্তা ইংরেজী ভাষাতে স্বহস্তে সাক্ষ্য লিখিয়া লইতে পারিবেন ইতি।

[বিশেষ২ প্রশ্নোত্তর লিখিয়া লইবার কথা।]

২৬৬ ধারা। যদি বিশেষ কোন প্রশ্নোত্তর লিখিয়া লইবার কোন বিশেষ কারণ প্রকাশ পায়, কিম্বা যদি মোকদ্দমার কোন পক্ষ কি তাহার উকীল এমত প্রার্থনা করেন, তবে আদালত স্বীয় বিবেচনামতে সেই প্রশ্নোত্তর লিখিয়া কি লেখাইয়া লইতে পারিবেন ইতি।

[কোন প্রশ্নের প্রতি আপত্তি হইবার কথা।]

২৬৭ ধারা। কোন সাক্ষিকে যে বিশেষ কথা জিজ্ঞাসা করা যায় তদ্বিষয়ে আপত্তি হইলে আদালত সেই জিজ্ঞাসা করিবার অনুমতি দিউন কি নিষেধ করুন সেই প্রশ্ন লিখিয়া রাখা যাইবে। আদালত যদি সেই কথা জিজ্ঞাসা করিবার অনুমতি দেন, তবে উত্তরও লিখিয়া রাখা যাইবে। এবং সাক্ষ্য লিখিবার সময়ে সেই আপত্তি ও আপত্তিকারকের নাম ও সেই আপত্তির উপর আদালতের নিষ্পত্তিও নির্দ্দিষ্ট করিতে হইবে ইতি। (রা. আ.)

[সাক্ষিদের চাইল বিষয়ক মন্তব্য আদালতের লিখিতে পারিবার কথা।]

২৬৮ ধারা। কোন সাক্ষির পরীক্ষা দেওন সময়ে তাঁহার যে চাইল দেখা যায় তদ্বিষয়ে আদালত যে কথা লিখিবার যোগ্য জ্ঞান করেন তাহা লিপিবদ্ধ করিতে পারিবেন ইতি। (রা. আ.)

[বিচারকর্ত্তা আপনি সাক্ষ্য না লিখিলে তদ্বিষয়ক স্মারক লিপির কথা।]

২৬৯ ধারা। যে২ স্থলে বিচারকর্ত্তা স্বহস্তে সাক্ষ্য না লিখেন সেই২ স্থলে প্রত্যেক সাক্ষির পরীক্ষাগ্রহণ কালে তিনি প্রত্যেক সাক্ষির কথার সারাংশ লিখিতে বদ্ধ হইবেন, ও সেই সারাংশ বিচারকর্ত্তার নিজ হস্তে লিখিত ও স্বাক্ষরিত হইবে, পরে তাহা কাগজপত্রের অংশ হইবে ইতি। (রা. আ.)

[যে মোকদ্দমার উপর আপীল নাই সেই মোকদ্দমাতে সাক্ষ্যের সারাংশের কথা।]

২৭০ ধারা। যে২ মোকদ্দমার উপর নিয়মিত আপীলের অনুমতি নাই সেই সকল মোকদ্দমায় সাক্ষিদের সাক্ষ্য বিস্তারিতরূপে লিখিবার আবশ্যক হইবে না, কিন্তু প্রত্যেক সাক্ষির পরীক্ষাগ্রহণ কালে বিচারকর্ত্তা প্রত্যেক স্বাক্ষির কথার সারাংশ লিখিবেন, ও সেই সারাংশ বিচারকর্ত্তার নিজ হস্তে লিখিত ও স্বাক্ষরিত হইবে, পরে তাহা

by the Judge with his own hand, and shall form part of the record. (S. C. C. & R. C.)

[Judge unable to make such memorandum to record reason of his inability.]

CCLXXI. If the Judge shall be prevented from making a memorandum as above required, he shall record the reason of his inability to do so, and in cases in which a regular appeal is not allowed, he shall cause such memorandum to be made in writing from his dictation in open Court and shall sign the same, and such memorandum shall form part of the record. (S. C. C. & R. C.)

OF COMMISSIONS TO EXAMINE ABSENT WITNESSES, TO MAKE LOCAL ENQUIRIES, AND TO INVESTIGATE ACCOUNTS.

[Witness not bound to appear if residing beyond a certain distance from Court.]

CCLXXII. No person shall be bound to appear in person to give evidence in a Court if e reside at a place distant more than fifty miles om the place at which the Court is held, unless he Court shall specially order that he shall ppear, nor in any case if he reside at a place istant more than one hundred miles from the lace at which the Court is held: Provided that if Railway communication exist between the place t which he resides and the place where the Court is held, or within a convenient distance from such places, the Court shall have a discretion as to making such order. (S. C. C. & R. C.)

[Reasons to be recorded, of order for attendance of witness at a distance exceeding fifty miles.]

CCLXXIII. The Court, on making an order for the attendance of a witness residing at a distance exceeding fifty miles by the ordinary means of communication from the place where the Court is held, shall record the reasons for making such order. (S. C. C. & R. C.)

[Cases in which Court may issue Commission to examine witness.]

CCLXXIV. The Court may order a Commission to issue for the examination on interrogatories or otherwise of any person who, under Section 272, is not bound to attend the Court, or who is required to give evidence only on a question relating to the law of the religion or established customs of the parties or any of them under Section 243, or Section 244, or Section 246, or who is from sickness or infirmity unable to attend, or who is a person exempted by any law for the time being in force, by reason of rank

কাগজপত্রের অংশ হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[তদ্রূপ সারাংশ লেখা বিচারকর্ত্তার অসাধ্য হইলে সেই অসাধ্যতার কারণ লিপিবদ্ধ করিবার কথা।]

২৭১ ধারা। যদি পূর্ব্ব লিখিত বিধানানুসারে সারাংশ লেখা জজ সাহেবের অসাধ্য হয়, তবে তাঁহাকে সেই অসাধ্যতার কারণ লিপিবদ্ধ করিতে হইবে, ও যে মোকদ্দমার উপর নিয়মিত আপীলের অনুমতি নাই এমন মোকদ্দমা হইলে তিনি ঐ সারাংশ মুক্তদ্বার আদালতে আপনার কথনমতে অন্যের দ্বারা লেখাইয়া লইবেন, ও আপনি তাহাতে স্বাক্ষর করিবেন, পরে সেই সারাংশ কাজগপত্রের অংশ হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ)

অনুপস্থিত সাক্ষিদিগের পরীক্ষাগ্রহণ ও স্থানীয় অনুসন্ধান করণের ও হিসাবের তদন্ত লইবার কমিসান অর্থাৎ ক্ষমতাপত্র প্রদানের বিধি।

[সাক্ষী আদালতহইতে নির্দ্দিষ্ট কএক ক্রোশের অধিক দূর বাস করিলে তাঁহার উপস্থিত হইতে বদ্ধ না হইবার কথা।]

২৭২ ধারা। যে স্থানে আদালতের অধিবেশন হয় সেই স্থানহইতে ৫০ মাইলের অধিক দূরে বাসকারি কোন ব্যক্তিকে আদালত উপস্থিত হইবার বিশেষ আজ্ঞা না দিলে তিনি সেই আদালতে সাক্ষ্য দিবার নিমিত্তে স্বয়ং উপস্থিত হইতে বদ্ধ হইবেন না। যদি আদালতের অধিবেশন স্থানহইতে এক শত মাইলের অধিক দূরে বাস করেন, তবে কোন ক্রমেই স্বয়ং উপস্থিত হইতে বদ্ধ হইবেন না। কিন্তু ঐ ব্যক্তির বাসস্থান এবং যে স্থানে আদালতের অধিবেশন হয় এই দুই স্থানের মধ্যে, কিম্বা এই দুই স্থানহইতে অক্লেশে গমনীয় স্থানে, যদি রেলরোডের গাড়ি গমনাগমন করিয়া থাকে, তবে আদালত স্বীয় বিবেচনামতে সেই আজ্ঞা করিবেন কি না করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ)

[৫০ মাইলের অধিক দূর হইতে সাক্ষির আসিবার আজ্ঞা হইলে তাহার হেতু লিপিবদ্ধ করিবার কথা।]

২৭৩ ধারা। যে সাক্ষী আদালতের অধিবেশন স্থানহইতে লোকদের সচরাচর গমনাগমনের নিয়মমতে পঞ্চাশ মাইলের অধিক দূরে বাস করেন, তাঁহার উপস্থিত হইবার আজ্ঞা দিলে আদালত সেই আজ্ঞা করণের হেতু লিখিয়া রাখিবেন ইতি। (ক্ষু. মো আ. ও রা. আ.)

[আদালত যেং স্থলে ক্ষমতাপত্র সাক্ষিদের পরীক্ষা লইবার প্রদান করিতে পারিবেন তাহার কথা।]

২৭৪ ধারা। যে ব্যক্তি ২৭২ ধারামতে আদালতে উপস্থিত হইতে বদ্ধ নহেন, কিম্বা যে ব্যক্তি ২৪৩ কি ২৪৪ কি ২৪৬ ধারামতে উভয় পক্ষের কি এক পক্ষের ধর্ম্ম কি অবধারিত আচার সম্পর্কীয় ব্যবস্থাবিষয়ক কোন প্রশ্ন মাত্রের সাক্ষ্য দিতে আদেশ পান, কিম্বা যে ব্যক্তি পীড়া কি দুর্ব্বলতা প্রযুক্ত উপস্থিত হইতে না পারেন, কিম্বা সম্ভ্রান্ত কি স্ত্রীলোক প্রযুক্ত তৎকালীন প্রচলিত কোন আইনদ্বারা আদালতে যাঁহারা প্রবেশন হইতে মুক্তি হইয়াছেন, আদালত এমত কোন সাক্ষির প্রশ্নোত্তরক্রমে কি প্রকারান্তরে পরীক্ষা গ্রহণার্থে কমিসান অর্থাৎক্ষমতাপত্র প্রদা-

or sex, from appearing in Court. (S. C. C. & R. C.)

[Order for Commission may be made either on application of parties or by Court of its own accord.]

CCLXXV. Such order as aforesaid may be made by the Court either of its own motion or on the application of any party to the suit or of the witness. The Court may, by the same or any subsequent order, give such directions as to taking the examination of an absent witness as shall seem proper. (S. C. C. & R. C.)

[When witness resides within Court's jurisdiction.]

CCLXXVI. If a Commission be issued for the examination of a person who is resident within the jurisdiction of the Court issuing the Commission, the Commission may be issued to any Officer of the Court or to any Court subordinate to such Court, or to any other person whom the Court issuing the Commission may think proper to appoint to execute the same. (S. C. C. & R. C.)

[When witness resides beyond Court's jurisdiction, but in British India.]

CCLXXVII. If the person be resident at some place in British India beyond the jurisdiction of the Court issuing the Commission, the Commission shall ordinarily be issued to any Court, not being a High Court, within whose jurisdiction he may reside and which can most conveniently execute the same: Provided that, under special circumstances, the Commission may be issued to any person whom the Court issuing it may think proper to appoint. (S. C. C. & R. C.)

[When witness is within local limits of ordinary original Civil jurisdiction of a High Court.]

CCLXXVIII. If the person be resident beyond the jurisdiction of the Court issuing the Commission and within the local limits of the ordinary original Civil jurisdiction of any High Court, the Commission shall be issued to the Court of Small Causes within whose jurisdiction the witness resides, or to any Court other than a High Court which may now exist or may hereafter be established with jurisdiction within the same local limits: Provided that, under special circumstances, the Commission may be directed to any person whom the Court issuing the Commission may think proper to appoint. (S. C. C. & R. C.)

নের আজ্ঞা করিতে পারিবেন ইতি। (ক্ষু মো. আ. ও রা. আ.)

[আদালতের স্বেচ্ছামতে কিম্বা কোন পক্ষের প্রার্থনাক্রমে কমিসানের আজ্ঞা হইতে পারিবার কথা।]

২৭৫ ধারা। আদালত নিজ ইচ্ছাক্রমে কিম্বা মোকদ্দমার কোন পক্ষের কি সাক্ষির প্রার্থনাক্রমে পূর্ব্বোক্ত প্রকারের আজ্ঞা করিতে পারিবেন। ঐ আজ্ঞাদ্বারা কি পশ্চাৎকৃত কোন আজ্ঞাদ্বারা আদালত অনুপস্থিত কোন সাক্ষির পরীক্ষা লওন বিষয়ে যেরূপ আদেশ উপযুক্ত বোধ করেন তাহা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[সাক্ষী আদালতের আধিপত্যের মধ্যে বাস করিলে তাহার কথা।]

২৭৬ ধারা। যে আদালত উক্ত কমিস্যন প্রদান করেন যদি তাঁহার আধিপত্যের মধ্যে বাসকারি কোন সাক্ষির পরীক্ষার্থে ঐ কমিসীন প্রদানকরা যায়, তবে সেই আদালতের কোন কার্য্যকারকের কি সেই আদালতের অধীন কোন আদালতের নামে ঐ কমিস্যন দেওয়া যাইতে পারিবে, কিম্বা যে আদালত ঐ কমিস্যন প্রদান করেন তিনি তৎসাধনার্থে অন্য যে কোন ব্যক্তিকে নিযুক্ত হইবার যোগ্য জ্ঞান করেন তাঁহার নামে ঐ কমিস্যন দেওয়া যাইতে পারিবে ইতি। (ক্ষু মো. আ. ও রা. আ.)

[সাক্ষী আদালতের বিচারাধিপত্যের বহির্ভূত স্থানে অথচ ব্রিটনীয় ভারতবর্ষেয় মধ্যে বাস করিলে তাহার কথা।]

২৭৭ ধারা। যে আদালত ঐ কমিস্যন প্রদান করেন তাঁহার আধিপত্যের বহির্ভূত অথচ ব্রিটনীয় ভারতবর্ষের সীমান্তর্গত কোন স্থানে যদি সেই সাক্ষী বাস করেন, তবে সেই সাক্ষির বাস স্থানে হাই কোর্ট ভিন্ন অন্য যে কোন আদালত বিচারাধিপত্য বিশিষ্ট ও সেই কমিস্যন অতি অনায়াসে সফল করিতে সক্ষম হন, সামান্যতঃ সেই আদালতের নামে ঐ কমিস্যন প্রদত্ত হইবে। কিন্তু যে আদালত কমিস্যন প্রদান করেন, তিনি তৎসাধনে যে কোন ব্যক্তিকে নিযুক্ত হইবার যোগ্য জ্ঞান করেন বিশেষ কোন২ স্থলে তাঁহার নামে ঐ কমিস্যন প্রদান করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা অদৌ গ্রাহ্য করিবার সাধারণ ক্ষমতাধীন স্থানের মধ্যে সাক্ষির বাস হইলে তাহার কথা।]

২৭৮ ধারা। যে আদালত ঐ কমিস্যন প্রদান করেন যদি সেই ব্যক্তির নিবাস সেই আদালতের আধিপত্যের বহির্ভূত কিন্তু কোন হাই কোর্টের সামান্যতঃ দেওয়ানী মোকদ্দমা অদৌ গ্রাহ্য করিবার ক্ষমতাধীন দেশের মধ্যে হয়, তবে সাক্ষী ক্ষুদ্র মোকদ্দমার যে আদালতের আধিপত্যে বাস করেন সেই আদালতের, কিম্বা সেই স্থানের সীমার মধ্যে হাই কোর্ট ভিন্ন বিচারাধিপত্য প্রাপ্ত অন্য যে আদালত বর্ত্তমান আছে কি পশ্চাৎ স্থাপিত হইবে সেই আদালতের নামে ঐ-কমিস্যন প্রদত্ত হইবে। কিন্তু যে আদালত ঐ পত্র প্রদান করেন, তিনি যে কোন ব্যক্তিকে তৎকর্ম্মে নিযুক্ত করিবার যোগ্য বোধ করেন, স্থলবিশেষে তাঁহাকে ঐ কমিস্যন প্রদান হইতে পারিবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[When witness is not within British India, but within territories of friendly Native Prince or State.]

CCLXXIX. In the case of a person resident at some place not within British India, but within the territories of a Native Prince or State in alliance with the British Government, the Court, if satisfied that the evidence of such person is necessary, may, of its own motion or on the application of any of the parties to the suit, issue a Commission for his examination: Provided that, if the suit be pending in any Court subordinate to the District Court, such subordinate Court shall not issue the Commission, but the District Court may issue the Commission on the application of the subordinate Court. (S. C. C. & R. C.)

[When witness is not in British India, nor within territories of friendly Native Prince or State.]

CCLXXX. In the case of a person resident at some place neither within British India nor within the territories of a Native Prince or State in alliance with the British Government, the High Court, if the suit in which the evidence of the witness is required be pending in that Court, and the Court be satisfied that such evidence is necessary, may, of its own motion or on the application of any of the parties to the suit, issue a Commission for his examination. If the suit be pending in a Court subordinate to the High Court, the High Court may issue the Commission on the application of the Court in which the suit is pending. In all such cases the Commission may be issued to any person whom the High Court may think proper to appoint.

[Commission to examine witness in jail.]

CCLXXXI. If a person whether he be a party to the suit or not, whose evidence is required, is in jail, the Court may issue a Commission to any Officer of the Court or other person to take the evidence of such person either upon written interrogatories or otherwise, and the Commissioner shall proceed to the jail in which such person is confined, and take his evidence in accordance with the instructions given by the Court in any of the jail which the Officer in charge of the jail shall appoint. (S. C. C. & R. C.)

[Persons in whose presence such examination to be held.]

CCLXXXII. The examination of the person in jail whose evidence is required shall be taken in the presence of the parties to the suit or their Advocates or Agents or any of them, and such

[সাক্ষী ব্রিটনীয় ভারতবর্ষের বাহিরে অথচ ব্রিটনীয় গবর্ণমেণ্টের মিত্র কোন এতদ্দেশীয় রাজাপ্রভৃতি শাসনকর্ত্তার দেশে বাস করিলে তাহার কথা।]

২৭৯ ধারা। যদি সাক্ষী ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত অথচ ব্রিটনীয় গবর্ণমেণ্টের সহিত সন্ধিবদ্ধ কোন এতদ্দেশীয় রাজার কি শাসনকর্ত্তার দেশের সীমান্তর্গত কোন স্থানে বাস করেন, তবে সেই সাক্ষির সাক্ষ্য আবশ্যক, আদালত ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে নিজ ইচ্ছাক্রমে কিম্বা মোকদ্দমার কোন পক্ষের নিবেদনক্রমে সেই সাক্ষির পরীক্ষার্থে কমিস্যন প্রদান করিতে পারিবেন। কিন্তু যদি মোকদ্দমা জিলার আদালতের অধীন কোন আদালতে উপস্থিত থাকে তবে ঐ কমিস্যন সেই অধঃস্থ আদালতকর্ত্তৃক নয় কিন্তু তাঁহার প্রার্থনাক্রমে জিলার আদালতকর্ত্তৃক প্রদত্ত হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[সাক্ষী ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে, এবং ব্রিটনীয় গবর্ণমেণ্টের মিত্র এতদ্দেশীয় রাজার কি শাসনকর্ত্তার দেশের মধ্যেও বাস না করিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

২৮০ ধারা। যদি সাক্ষির বাসস্থান ব্রিটনীয় ভারতবর্ষের সীমান্তর্গত না হয় এবং ব্রিটনীয় গবর্ণমেণ্টের সহিত সন্ধিবদ্ধ এতদ্দেশীয় কোন রাজার কি শাসনকর্ত্তার দেশের সীমান্তর্গতও না হয়, তবেঐ সাক্ষির সাক্ষ্য যে মোকদ্দমাতে প্রয়োজনীয় সেই মোকদ্দমা হাই কোর্টে উপস্থিত থাকিলে যদি উক্ত হাই কোর্ট হৃদ্বোধমতে সেই প্রমাণ আবশ্যক জানেন, তবে নিজ ইচ্ছাক্রমে কি মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনাক্রমে সেই সাক্ষির পরীক্ষা করণার্থ কমিস্যন প্রদান করিতে পারিবেন। যদি সেই মোকদ্দমা হাই কোর্টের অধীন কোন আদালতে উপস্থিত থাকে, তবে সেই আদালতের প্রার্থনাক্রমে হাই কোর্ট ঐ কমিস্যন প্রদান করিতে পারিবেন। তদ্রূপ সকল স্থলে হাই কোর্ট যে কোন ব্যক্তিকে তৎসাধনে নিযুক্ত হইবার যোগ্য জ্ঞান করেন তাঁহাকে ঐ কমিস্যন প্রদান করিতে পারিবেন ইতি।

[কারাবদ্ধ সাক্ষির পরীক্ষার্থে কমিস্যন দিবার কথা।]

২৮১ ধারা। যে ব্যক্তির সাক্ষ্য লওয়া প্রয়োজন তিনি মোকদ্দমার এক পক্ষীয় হইলে কি না হইলেও যদি কারাগারে বদ্ধ থাকেন, তবে আদালত লিখিত প্রশ্নোত্তরক্রমে কি প্রকারান্তরে সেই ব্যক্তির প্রমাণ লইবার অভিপ্রায়ে আপনার কোন কার্য্যকারককে কি অন্য ব্যক্তিকে কমিস্যন প্রদান করিতে পারিবেন। তাহাতে সাক্ষী যে কারাগারে বদ্ধ আছেন আমীন সেই কারাগারে গমন করিবেন এবং সেই কারাগারের রক্ষক সেই কার্য্যের উপলক্ষে কারাগারের যে কোন স্থান নিরূপণ করিবেন আমীন সেই স্থানে আদালতের উপদেশানুসারে ঐ কারাবদ্ধ সাক্ষির প্রমাণ লইবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[যাহাদের সাক্ষাতে ঐ পরীক্ষা গ্রহণ করিতে হয় তাহারদের কথা।]

২৮২ ধারা। কারাবদ্ধ যে ব্যক্তির সাক্ষ্য লইবার প্রয়োজন তাঁহার পরীক্ষা মোকদ্দমার উভয় পক্ষের সাক্ষাতে কি তাঁহাদের উকীলদিগের কি মোক্তারদের সাক্ষাতে কিম্বা তাঁহাদের মধ্যে কাহারও সাক্ষাতে

parties, Advocates or Agents, shall be allowed to cross-examine such person. The Officer in charge of the jail or some person appointed by him shall be present during the examination. (S. C. C. & R. C.)

[Commission to examine witness in jail outside local limits.]

CCLXXXIII. If the jail in which the person whose evidence is required is confined, is not within the local limits of the jurisdiction of the Court in which the suit is brought, the Court may issue a Commission to any Court, other than a High Court, having jurisdiction at the place where such jail is situated, and the Court to which the Commission is issued shall proceed as provided in Section 281, the provisions of which as well as of Section 282 shall apply in such case. (S. C. C. & R. C.)

[Commission when executed to be returned to Court issuing it with depositions of witnesses.]

CCLXXXIV. After the Commission has been duly executed it shall be returned, together with the evidence taken under it to the Court out of which it issued, unless the order for issuing the Commission shall have otherwise directed, in which case the Commission shall be returned in terms of such order, and the Commission and the return thereto, and the evidence taken under it, shall form part of the record of the suit. (S. C. C. & R. C.)

[When depositions may be read in evidence.]

CCLXXXV. Evidence taken under a Commission shall not be read as evidence in the suit without the consent of the party against whom the same may be offered, unless it be proved that the person who gave the evidence is beyond the jurisdiction of the Court, or dead or unable from sickness or infirmity to attend to be personally examined, or exempted by reason of rank or sex or by the provisions of Section 272 from personal appearance in Court, or unless the evidence is on a question relating to the law of the religion or established customs of the parties or any of them. (S. C. C. & R. C.)

[Court may dispense with proof of circumstances mentioned in last Section.]

CCLXXXVI. The Court may at its discretion dispense with the proof of any of the circumstances mentioned in the last preceding Section, or may authorize the evidence of any person being read as evidence in the suit, notwithstanding proof that the cause for taking such evidence by Com-

গ্রহণ করিতে হইবে, এবং সেই পক্ষ ব্যক্তিরা কি উকীলেরা কি মোক্তারেরা দ্বিতীয়বার উক্ত সাক্ষিদের সূক্ষ্ম পরীক্ষা করিতে পারিবেন। কারাগারের রক্ষক কি তাঁহার নিযুক্ত কোন ব্যক্তি সেই পরীক্ষা গ্রহণ কালে উপস্থিত থাকিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আদালতের আধিপত্যের বহির্ভূত কারাগারে বদ্ধ সাক্ষির পরীক্ষা গ্রহণার্থে কমিসান প্রদানের কথা।]

২৮৩ ধারা। যে আদালতে মোকদ্দমা উপস্থিত হইয়াছে সেই আদালতের বিচারাধিপত্যের স্থানীসীমার বহির্ভূত কারাগারে বদ্ধ কোন ব্যক্তির সাক্ষ্য লইবার প্রয়োজন হইলে, হাই কোর্ট ভিন্ন অন্য যে কোন আদালত ঐ কারাগারের স্থানে বিচারাধিপত্যবিশিষ্ট আছেন সেই আদালতকে ঐ প্রথম আদালত কমিসান প্রদান করিতে পারিবেন। তাহাতে যে আদালতকে কমিসান প্রদত্ত হয় তিনি ২৮১ ধারার বিধানানুসারে কার্য্য করিতে প্রবৃত্ত হইবেন। উক্ত ২৮১ ও ২৮২ এই দুই ধারার বিধান এমন স্থলে বর্ত্তিবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা আ.)

[কমিসান অনুসারি কার্য্য সাধন হইলে সাক্ষিদের সাক্ষ্য সুদ্ধ আদালতে ফিরিয়া দিবার কথা।]

২৮৪ ধারা। কমিসান নিয়মিতরূপে সফল হইলে পর তদনুসারে যে সাক্ষ্য গৃহীত হইয়াছে তৎসহ সেই কমিসান যে আদালতহইতে দেওয়া গিয়াছিল সেই আদালতে ফিরিয়া দেওয়া যাইবে। কিন্তু যে আজ্ঞাদ্বারা কমিসান প্রদান হইল সেই আজ্ঞাতে যদি প্রকারান্তরের আদেশ থাকে, তবে সেই আজ্ঞানুসারে কমিসান প্রত্যর্পণ করিতে হইবে। পরে উক্ত কমিসান ও তৎপ্রত্যর্পণের কথা ও সেই কমিসানক্রমে যে সাক্ষ্য লওয়া গিয়াছিল তাহাও সেই মোকদ্দমার কাগজপত্রের অংশ হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[যে২ স্থলে সাক্ষ্য প্রমাণরূপে পাঠ হইতে পারে তাহার কথা।]

২৮৫ ধারা। কোন কমিসানক্রমে যে সাক্ষ্য লওয়া যায় তাহা যে পক্ষের বিপরীতে উপস্থিত করিবার মানস হয়, সেই পক্ষের সম্মতি বিনা মোকদ্দমায় সাক্ষ্যস্বরূপে পাঠ করা যাইবে না। কিন্তু যে ব্যক্তি ঐ সাক্ষ্য দিয়াছেন তিনি আদালতের বিচারাধিপত্যের বহির্ভূত, কি মরিয়াছেন, কিম্বা পীড়া কি দুর্ব্বলতাপ্রযুক্ত স্বয়ং পরীক্ষা দেওনার্থে উপস্থিত হইতে পারেন না, কিম্বা সম্ভ্রান্ত লোক কি স্ত্রীলোক হওয়াতে কি ২৭২ ধারার বিধানের বলে আদালতে স্বয়ং প্রবেশন হইতে মুক্ত হন ইহার যদি প্রমাণ দেওয়া যায়, কি যদি সেই সাক্ষ্য উভয় পক্ষের কি এক পক্ষের ধর্ম্ম কি অবধারিত আচারের ব্যবস্থাসম্পর্কীয় প্রশ্নবিষয়ে হয়, তবে উক্ত সাক্ষ্য মোকদ্দমার সাক্ষ্যস্বরূপে পাঠ হইতে পারিবে, ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[পূর্ব্বধারার উল্লিখিত বিশেষ২ কথার প্রমাণ অগ্রহণে আদালতের ক্ষমতার কথা।]

২৮৬ ধারা। আদালত স্বীয় বিবেচনামতে ইহার পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট ভাবগতিকের প্রমাণ না লইয়া কার্য্য করিতে পারিবেন, কিম্বা কোন ব্যক্তির সাক্ষ্য মোকদ্দমায় সাক্ষ্যস্বরূপে পাঠ করিবার অনুমতি দিতে পারিবেন। যদিও তাহা পাঠ করণ সময়ে কমিসানক্রমে সেই সাক্ষ্য লওয়ার প্রয়োজন রহিত হইবার

mission has ceased at the time of reading the same (S. C. C & R. C)

[Commission to make local investigations.]

CCLXXXVII. In any suit in which the Court may deem a local investigation to be requisite or proper for the purpose of elucidating any matter in dispute, or of ascertaining the amount of any mesne profits or damages, the Court may issue a Commission to an Officer of the Court appointed to execute such Commissions, or if there be no such Officer, to any suitable person, directing him to make such investigation and to report thereon to the Court. (S. C. C. & R. C.)

[Appointment of Government Officer as Commissioner.]

CCLXXXVIII. If in any case it shall appear desirable to employ an Officer of Government other than the Officer of the Court appointed to execute such Commissions, the Court may, with the consent of the immediate superior of the Officer whom the Court shall wish to employ, appoint him to make such investigation and report. (S. C. C. & R. C.)

[Commissioner may examine parties and witnesses and call for papers.]

CCLXXXIX. The Commissioner unless otherwise directed by the order of appointment, shall have power to examine the parties themselves and any witness whom they or any of them may produce, and any other person whom the Commissioner may think proper to call upon to give evidence in the matter referred to him. The Commissioner may also call for and examine documents and other papers relevant to the subject of enquiry. The Commissioner, after such local inspection as he may deem necessary, and after reducing to writing in the manner hereinbefore prescribed for taking the evidence of witnesses in the presence of the Judge, the evidence taken by him, shall return such evidence, together with his report in writing, subscribed with his name, to the Court. (S. C. C. & R. C.)

[Report and depositions to be evidence in suit. Commissioner may be examined in person.]

CCCXLVI. Notice of an application under the last preceding Section shall be given to the person named therein as the representative of the deceased or as the person in charge of his estate, and if the Court after hearing such representative or other person against the application, shall think proper to grant the same, the execution may be proceeded with against such representative or estate. (S. C. C. & R. C)

[Execution of decree against representative.]

CCCXLVII. If a decree be ordered to be executed against the representative of the party against whom the decree was made, it shall be executed in the manner provided in Section 335

সেই প্রকারে ও সেই নিয়মাধীনে সাধন করা যাইতে পারিবে ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[পরস্পর বিপক্ষ ডিক্রীর কথা।]

৩৪৩ ধারা। যদি দুই পক্ষের টাকা দিবার পরস্পর বিপক্ষ ডিক্রী আদালতে উপস্থিত করা যায়, তবে সেই উভয় পক্ষের কোন পক্ষ আদৌ ডিক্রীদার হউন কি হস্তান্তরক্রমে ডিক্রী প্রাপ্ত ব্যক্তি হউন যাঁহার অধিক টাকার ডিক্রী কেবল তিনিই ডিক্রী সাধনের পত্র লইতে পারিবেন, তিনিও সমস্ত টাকার জন্যে নহে, কিন্তু অন্য ডিক্রীর অল্পতর টাকা বাদ দিয়া অবশিষ্ট টাকার নিমিত্তে ডিক্রী সাধন হইবার প্রার্থনা করিবেন, এবং অল্পতর টাকার ডিক্রী সাধন হইয়াছে এই কথা অধিকতর টাকার এবং ঐ অল্পতর টাকার ডিক্রীর উপর লিপিবদ্ধ হইবে। যদি সমান টাকার দুই ডিক্রী হয়, তবে উভয় ডিক্রীর উপর সেই২ ডিক্রী সাধনের কথা লেখা যাইবে ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[ডিক্রীদারের ও ডিক্রীমত উত্তমর্ণের মধ্যে উপস্থিত মোকদ্দমার নিষ্পত্তি পর্য্যন্ত ডিক্রী প্রবল করণ স্থগিত রাখিবার কথা।]

১৪৪ ধারা। কোন আদালতে যে ব্যক্তির বিপক্ষে ডিক্রী হইল, ডিক্রীদারের নামে সেই ব্যক্তির মোকদ্দমা কি আপীল সেই আদালতে উপস্থিত আছে এমন স্থলে আদালত সেই অনিষ্পন্ন মোকদ্দমার কি আপীলের নিষ্পত্তি যেপর্য্যন্ত না হয় সেই পর্য্যন্ত ঐ ডিক্রীর সাধন সম্যকরূপে কি বিশেষ নিয়মের অধীনে স্থগিত রাখিতে পারিবেন ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[যাঁহার বিপক্ষে ডিক্রী হয় ডিক্রী সাধন না হইতে তাঁহার মৃত্যু হইলে স্থলাভিষিক্তের কি সম্পদের উপর ডিক্রী সাধনার্থ প্রার্থনার কথা।]

৩৪৫ ধারা। যে ডিক্রী যে কোন ব্যক্তির বিপক্ষে হইয়াছে সেই ডিক্রী সম্পূর্ণরূপে সাধন না হইলেও যদি সেই ব্যক্তি মরেন, তবে তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তির কি সম্পদের বিপক্ষে ডিক্রী সাধন করিবার প্রার্থনা হইতে পারিবে ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[স্থলাভিষিক্তকে প্রার্থনার সংবাদ দিবার কথা।]

৩৪৬ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্বধারামতে প্রার্থনা হইলে সেই প্রার্থনাতে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত কি তদীয় সম্পদের ভারপ্রাপ্ত বলিয়া যে ব্যক্তির নাম নির্দ্দিষ্ট হয়, তাঁহাকে তদ্বিষয়ক সংবাদ দেওয়া যাইবে, এবং আদালত সেই প্রার্থনার বিপক্ষে সেই স্থলাভিষিক্ত কি অন্য ব্যক্তির প্রতিবাদ শুনিলে পর, যদি ঐ প্রার্থনানুযায়ি কার্য্য করা বিহিত জ্ঞান করেন, তবে সেই স্থলাভিষিক্ত ব্যক্তির কি সম্পদের বিপক্ষে ডিক্রী সাধনের কার্য্য চলিতে পারিবে ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[স্থলাভিষিক্তের বিপক্ষে ডিক্রী সাধন করিবার কথা।]

৩৪৭ ধারা। ডিক্রী যাঁহার বিপরীতে হইয়াছিল যদি তাঁহার স্থলাভিষিক্তের বিপক্ষে তাহা সাধন করিবার আজ্ঞা হয়, তবে ৩৩৫ ধারার বিধানে কোন মৃত ব্যক্তির সম্পদ হইতে টাকার ডিক্রী সাধন করিবার

for the execution of a decree for money to be paid out of the property of a deceased person. (S. C. C. & R. C.)

[Form of application for execution of decree.]

CCCXLVIII. The application for the execution of a decree shall be in writing, and shall contain in a tabular form the following particulars, namely, the number of the suit; the names of the parties; the date of the decree; whether any appeal has been preferred from the decree, and whether any and what adjustment of the matter in dispute has been made between the parties subsequently to the decree; the amount of the debt or damage with the interest, if any, due upon the decree, or other relief granted by the decree; the amount of costs, if any were awarded; the name of the person against whom the enforcement of the decree is sought, and the mode in which the assistance of the Court is required; whether by the delivery of property specifically decreed, by the arrest and imprisonment of the person named in the application, or by the attachment of his property or otherwise. (S. C. C. & R. C.)

[Further particulars when application is for attachment of immovable property.]

CCCXLIX. If the application be for the attachment of any immovable property belonging to the defendant, the application shall contain at the foot such a description of the property as may be sufficient to identify it, and also a specification of the share or interest of the defendant therein to the best of the belief of the applicant and so far as he has been able to ascertain the same.

[In certain cases application to be accompanied by extract from Collector's Register.]

CCCL. If the property be land which, whether it pays revenue to Government or not, is registered in the Collector's Office, the application for attachment shall be accompanied by an authenticated extract from the register of such Office, specifying the persons registered as proprietors of, or as possessing any transferable interest in, the land or its revenue, and (where registered) the shares of the registered proprietors.

[Application for attachment of movable property may be general, or may be accompanied with inventory of property to be attached.]

CCCLI. An application for an attachment of the movable property of the defendant or any part thereof, may be accompanied with an inventory or list of the property to be attached, containing a reasonably accurate description of the same; or the decree-holder may apply for a general attachment of the movable property of the defen-

যে প্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে সেই প্রণালীতে ঐ ডিক্রী সাধন করা যাইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ডিক্রী সাধন করিবার প্রার্থনার পাঠ।]

৩৪৮ ধারা। ডিক্রী সাধন করিবার প্রার্থনা লিখিয়া দিতে হইবে, ও তাহাতে টেবিলের পাঠানুসারে মোকদ্দমার নম্বর, ও উভয় পক্ষের নাম, ও ডিক্রীর তারিখ, ও ডিক্রীর উপর আপীল হইয়াছে কি না, ও ডিক্রীর পরে পক্ষদ্বয়ের মধ্যে বিবাদাস্পদের সামঞ্জস্য হইয়াছে কি না, হইলে সে কিরূপ, ও ডিক্রীক্রমে ঋণ কি ক্ষতিপূরণস্বরূপ কত টাকা, ও সুদের আজ্ঞা হইলে সুদসুদ্ধ কত টাকা প্রাপ্য হয়, কিম্বা ডিক্রীক্রমে অন্য যে উপকার প্রদত্ত হয়, ও খরচার আজ্ঞা হইলে তাহা কত ও যে ব্যক্তির বিপক্ষে ডিক্রী প্রবল করণার্থ প্রার্থনা হয় তাঁহার নাম, এবং ডিক্রীর নির্দ্দিষ্ট বিশেষ সম্পত্তি সমর্পণ, কি প্রার্থনাতে উল্লিখিত ব্যক্তির আসেধ ও কারাদণ্ড, কি তাঁহার সম্পত্তি ক্রোক করণের জন্যে কি অন্য যে প্রকারে আদালতের সাহায্য প্রার্থনা হয় এই২ কথা ব্যক্ত হইবে, ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ)

[স্থাবর সম্পত্তি ক্রোক করণার্থ প্রার্থনা হইলে অধিকতর কথা।]

৩৪৯ ধারা। যদি প্রতিবাদির কোন স্থাবর সম্পত্তি ক্রোক করণের প্রার্থনা হয়, তবে ঐ সম্পত্তি যাহাতে চেনা যাইতে পারে এমত উপযুক্ত বৃত্তান্ত, ও প্রার্থকের প্রত্যয়মতে ও অনুসন্ধানদ্বারা লব্ধ জ্ঞানমতে সেই সম্পত্তিতে প্রতিবাদির যে অংশ কি স্বার্থ থাকে তাহার বিশেষ বর্ণন ঐ প্রার্থনাপত্রের তলভাগে লিখিত হইবে ইতি।

[কোন২ স্থলে প্রার্থনাপত্রের সহিত কালেকুটরের রেজিষ্টরহইতে উদ্ধৃত লিপি সমর্পণের কথা।]

৩৫০ ধারা। সেই সম্পত্তি ভূমি হইয়া গবর্নমেণ্টের রাজস্ব দায়ী হইলে কি না হইলেও যদি কালেকুটর সাহেবের কার্য্যালয়ে রেজিষ্টর হইয়া থাকে, তবে তাঁহার কার্য্যালয়ের রেজিষ্টরহইতে উদ্ধৃত ও তাঁহার স্বাক্ষর দ্বারা সত্যাকৃত একখান লিপিও ক্রোক করণার্থ প্রার্থনাপত্রের সহিত দিতে হইবে, সেই লিপিতে ভূম্যধিকারিস্বরূপ কিম্বা ভূমিতে কি তাহার রাজস্বে যে স্বত্ব হস্তান্তর হইতে পারে তাহার ভোগিস্বরূপ যাঁহাদের নাম রেজিষ্টর হইয়াছে তাঁহারা ও রেজিষ্টরী ভূম্যধিকারিদের অংশ রেজিষ্টর হইলে সেই অংশও নির্দ্দিষ্ট থাকিবে ইতি।

[অস্থাবর সম্পত্তি ক্রোক করণের প্রার্থনা সাধারণ হইবার, কিম্বা ক্রোকের যোগ্য সম্পত্তির নির্ঘণ্ট সহিত দিবার কথা।]

৩৫১ ধারা। যদি প্রতিবাদির অস্থাবর সম্পত্তি কি তাহার কোন অংশ ক্রোক করিবার প্রার্থনা হয়, তবে ক্রোক হইবার যোগ্য সম্পত্তির যুক্তিসিদ্ধমতে যথার্থ বর্ণনাসূচক আবলি কি সংখ্যাপত্র ঐ প্রার্থনাপত্রের সহিত দেওয়া যাইতে পারিবে। কিম্বা ডিক্রীর মূল্য ও খরচা যাহাতে পরিশোধ হয় প্রতিবাদির এমত অস্থাবর সম্পত্তি যে স্থানে পাওয়া যায় ডিক্রীদার

dant wheresoever the same can be found, to the amount of the decree and costs. (S. C. C. & R. C.)

[Procedure on receiving application for execution of decree.]

CCCLII. The Court, on receiving an application for the execution of a decree containing the particulars mentioned in Section 348, or such of them as may be applicable to the case, shall enter in the register of the suit a note of the application and the date on which it was made. (S. C. C. & R. C.)

[Procedure if particulars do not correspond with decree.]

CCCLIII. If the particulars do not correspond with the decree, the Court shall either return the application for correction to the person making it, or shall, with his consent, cause the necessary correction to be made. (S. C. C. & R. C.)

[If application admitted, execution ordered.]

CCCLIV. If the application be admitted, the Court shall order execution of the decree according to the nature of the application. (S. C. C. & R. C.)

MEASURES REQUIRED IN CERTAIN CASES PRELIMINARY TO THE ISSUE OF THE WARRANT.

[When notice to show cause why decree should not be executed shall be issued. Proviso.]

CCCLV. If more than one year shall have elapsed between the date of the decree and the application for its execution, or if the enforcement of the decree be applied for against the representative of a party to the suit in which the decree was made, the Court shall issue a notice to the party against whom execution is applied for, requiring him to show cause, within a period to be fixed by the Court, why the decree should not be executed against him: Provided that no such notice shall be necessary in consequence of more than one year having elapsed between the date of the decree and the application for execution, if the application be made within one year from the date of the last order passed on any previous application for execution: Provided also that no such notice shall be necessary in consequence of the application be against the representative of the party against whom the decree was made, if upon a previous application for execution against the same person, the Court shall have ordered execution to issue against him. (S. C. C. & R. C.)

তাহা সাধারণমতে ক্রোক করিবার প্রার্থনা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ডিক্রী প্রবল করণার্থ প্রার্থনা গ্রাহ্য হইলে পর যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৩৫২ ধারা। ৩৪৮ ধারার নির্দ্দিষ্ট সকল কথা কিম্বা তাহার মধ্যে যাহা ঐ মোকদ্দমাতে বর্ত্তে সেই সকল কথা যে প্রার্থনাপত্রে উল্লিখিত আছে, আদালত ডিক্রী সাধন করণার্থ এমত কোন প্রার্থনাপত্র প্রাপ্ত হইলে তৎপ্রাপ্তির কথা ও যে তারিখে প্রার্থনা হইল সেই তারিখ মোকদ্দমার রেজিষ্টরে লিখিয়া দিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[প্রার্থনাপত্র লিখিত বৃত্তান্ত ডিক্রীর সহিত না মিলিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৩৫৩ ধারা। উক্ত-বিশেষ কথার বৃত্তান্ত যদি ডিক্রীর সহিত না মিলে, তবে আদালত সেই প্রার্থনাপত্র সংশোধনার্থে প্রার্থককে ফিরিয়া দিবেন, কিম্বা সেই ব্যক্তির সম্মতি লইয়া আপনি প্রয়োজনমতে সংশোধন করাইবেন ইতি। ক্ষু. মো. আ. ও রা. আ.)

[প্রার্থনা গ্রাহ্য হইলে ডিক্রী সাধনের আজ্ঞা করিবার কথা।।

৩৫৪ ধারা। যদি প্রার্থনা গ্রাহ্য হয়, তবে আদালত সেই প্রার্থনার ভাবানুসারে ডিক্রী সাধন করিবার আজ্ঞা করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

ওয়ারণ্ট দিবার পূর্ব্বে কোনং স্থলের প্রয়োজনীয় কার্য্যের বিধি।

[যে স্থলে ডিক্রী সাধন না হওনের কারণ দেখাইবার সংবাদ দিতে হয় তাহার কথা ও উপনিয়ম।]

৩৫৫ ধারা। ডিক্রী হইবার তারিখ অবধি তাহা সাধন করিবার প্রার্থনা হওন পর্য্যন্ত যদি এক বৎসরের অধিক কাল অতীত হইয়া থাকে, কিম্বা যে মোকদ্দমাক্রমে ডিক্রী হইয়াছিল যদি সেই মোকদ্দমার পক্ষীয় কোন ব্যক্তির স্থলাভিষিক্তের উপর ডিক্রী সাধন করিবার প্রার্থনা হয়, তবে যাঁহার উপর ডিক্রী সাধন করিবার প্রার্থনা হয় আদালত সেই ব্যক্তিকে তদ্বিষয়ক সংবাদ দিয়া আদেশ করিবেন যে তাঁহার বিপক্ষে ঐ ডিক্রী সাধনীয় না হইবার কারণ আদালতের নিরূপিত সময়ের মধ্যে দর্শান। কিন্তু যদি ডিক্রী সাধন করিবার প্রার্থনা তৎপূর্ব্বে হইয়া থাকে, তবে সেই প্রার্থনাক্রমে শেষবার যে আজ্ঞা হইয়াছিল, সেই আজ্ঞার তারিখের পর এক বৎসরের মধ্যে যদি ঐ প্রার্থনা হয়, তবে ডিক্রীর তারিখ অবধি তাহা সাধন করিবার এই নূতন প্রার্থনা পর্য্যন্ত এক বৎসরের অধিক কাল অতীত হওয়াপ্রযুক্ত পূর্ব্বোক্ত প্রকারের সংবাদ দেওয়া আবশ্যক হইবে না। আরো ডিক্রী মোকদ্দমার যে পক্ষের বিপরীত হয় তাঁহার স্থলাভিষিক্তের উপর ডিক্রী সাধন করিবার প্রার্থনাক্রমে যদি আদালত পূর্ব্বে একবার তাঁহার উপর ডিক্রী সাধন করিবার আজ্ঞা করিয়া থাকেন, তবে সেই স্থলাভিষি[illegible] বিপক্ষে পুনরায় প্রার্থনা হইলেও পূর্ব্বোক্ত প্রকারে সংবাদ দেওয়া আবশ্যক হইবে না ইতি। (ক্ষু. মো. আ ও রা. আ.)

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 27, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২৭ মার্চ।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 12th March 1866, and is hereby promulgated for general information :—

ACT No. XI OF 1866.

An Act to repeal Act No. IV of 1855 *(for incorporating for a further period, and for giving further powers to the Assam Company).*

[Preamble.]

WHEREAS the Assam Tea Company is to be incorporated by a local Act of Parliament made and passed in the 28th and 29th years of the reign of Her Majesty, cap. CXXIX; but, under or by virtue of the second Section of the said Act of Parliament, its operation is deferred until the expiration of two months next after the day of the passing by the Governor General of India in Council of an Act to repeal the Act of the Legislative Council of India, No. IV of 1855 ; and whereas it is expedient to repeal the same Act in order that the said Act of Parliament may be brought into operation ; It is hereby enacted as follows :—

[Repeal of Act IV of 1855.]

1. Act No. IV of 1855 is hereby repealed, except as to the repeal of Act No. XIV of 1854

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের পশ্চাৎ লিখিত আইনেতে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৬ সালের ১২ মার্চ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন, অতএব তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৬ সালের ১১ আইন।

১৮৫৫ সালের ৪ আইন (অর্থাৎ আসাম কোম্পানিকে অধিক কাল চার্টর দিবার ও অধিক ক্ষমতা দিবার আইন) রহিত করণার্থ আইন।

[হেতুবাদ।]

শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যশাসনের ২৮ ও ২৯ বৎসরে পার্লিমেণ্টের প্রণীত ও প্রচারিত ১২৯ অধ্যায়ের স্থানীয় আইনমতে আসামের চা কোম্পানিকে সমাবেত করিতে হইবে। কিন্তু পার্লিমেণ্টের উক্ত আইনের ২ ধারার এই বিধান যে, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ভারতবর্ষের ব্যবস্থাপক মন্ত্রিসভার ১৮৫৫ সালের ৪ আইন রহিত করণার্থ আইন প্রচলিত করিলে পর, অব্যবহিত দুই মাস গত না হওন পর্য্যন্ত পার্লিমেণ্টের ঐ আইনের কার্য্য স্থগিত থাকিবে। ফলতঃ উক্ত আইন প্রচলিত হয় এই কারণে ১৮৫৫ সালের উক্ত ৪ আইন রহিত করা বিহিত, এই হেতু পশ্চাৎ লিখিত বিধান করা গেল।

[১৮৫৫ সালের ৪ আইন রহিত হইবার কথা।]

১ ধারা। ১৮৫৫ সালের ৪ আইন ইহাতে রহিত হইল। কিন্তু তদ্দ্বারা ১৮৫৪ সালের যে ১৪ আইন রহিত

affected thereby, and except as to contracts made, acts done, and liabilities incurred before the passing of this Act.

[For two months the powers, rights, and liabilities of Assam Company not to be affected.

II. For the period of two months next after the day of the passing of this Act, the incorporation, powers, rights, and liabilities of the said Company shall continue as if this Act had not been passed.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

হইল তৎসম্পর্কে এবং এই আইন প্রবল হইবার পূর্ব্বে যে সকল চুক্তি ও ক্রিয়া করা গিয়াছে ও যে সকল দায় বর্ত্তিয়াছে তৎসম্পর্কে উক্ত আইন রহিত হইবে না ইতি।

[আসাম কোম্পানির ক্ষমতা ও স্বত্ব ও দায় দুই মাস পর্য্যন্ত পর্ব্ব না হইবার কথা।]

২ ধারা। এই আইন প্রবল হইবার তারিখ অবধি দুই মাস পর্য্যন্ত উক্ত কোম্পানির সমবায় ও ক্ষমতা ও স্বত্ব ও দায়, এই আইন প্রবল না হওনমতে দৃঢ়তর থাকিবে ইতি।

উইটলি ষ্টোক্স,
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Traslator.*

No. 3 OF 1866.

A Bill to amend Act No. XVI of 1864 (to provide for the Registration of Assurances.)

[Continued from page 332.]

PART XIII.

Of Refusal to register.

[Reasons for refusal to register to be recorded by Registrar or Sub-Registrar.]

LXXVIII. Every Registrar or Sub-Registrar who shall refuse to register a document, and every Registrar who shall refuse to order a document to be registered, shall record his reasons for so refusing, and endorse the words "Registration refused" on the document; and on application made by any person executing or claiming under the document and on his furnishing a stamped paper of the value of eight annas, shall give him a copy of the reasons so recorded. No Registering Officer shall accept for registration a document so endorsed unless and until an appeal shall have been presented under the provisions herein contained and decided in favor of the appellant.

[Registrar may alter or revise orders of Sub-Registrar refusing registration.]

LXXIX. An appeal shall lie against an order of a Sub-Registrar refusing to admit a document to registration (whether the registration of such document is compulsory or optional) to the Registrar to whom such Sub-Registrar is subordinate if presented to such Registrar within thirty days from the date of the order, and the Registrar may alter or revise such order: Provided that whenever the Registrar shall himself as Sub-Registrar have passed the order appealed against, the appeals shall lie to the Registrar-General.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ মার্চ।]

১৮৬৬ সালের ৩ নম্বর।

১৮৬৪ সালের ১৬ আইন (অর্থাৎ নিদর্শনপত্র রেজিষ্টরী করণের বিধান করিবার আইন) সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

[৩৩২ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ত্রয়োদশ খণ্ড।

রেজিষ্টর করিতে অসম্মতির বিধি।

[রেজিষ্টর না করিবার হেতু রেজিষ্ট্রারের কি সব-রেজিষ্টারের লিপিবদ্ধ করিতে হইবার কথা।]

৭৮ ধারা। যদি কোন রেজিষ্ট্রার কি সব-রেজিষ্ট্রার কোন লেখ্য রেজিষ্টর করিতে অসম্মত হন, এবং যদি রেজিষ্ট্রার কোন লেখ্য রেজিষ্টর করাইবার আজ্ঞা করিতে অসম্মত হন, তবে তিনি আপনার তদ্রূপ অসম্মতির হেতু লিপিবদ্ধ করিয়া সেই লেখ্যের পৃষ্ঠে "রেজিষ্টরী করিতে অসম্মত" এই কথা লিখিবেন। এবং যে ব্যক্তি ঐ লেখ্যেতে স্বাক্ষর করেন কি ঐ লেখ্য ক্রমে দাওয়া করেন, তিনি প্রার্থনা করিলে ও আট-আনা মূল্যের ইষ্টাম্প কাগজ দিলে রেজিষ্ট্রার তাঁহাকে আপনার লিপিবদ্ধ হেতুর প্রতিলিপি দিবেন। এই খণ্ডের লিখিত বিধানানুসারে যত কাল আপীল না করা যায়, ও আপেলাণ্টের পক্ষে যত কাল নিষ্পত্তি না হয়, তত কাল রেজিষ্টরী কোন কার্য্যকারক ঐ পৃষ্ঠলিপিযুক্ত লেখ্য রেজিষ্টর করিবার জন্যে গ্রাহ্য করিবেন না ইতি।

[সব-রেজিষ্ট্রার রেজিষ্টর করিতে সম্মত না হইলে রেজিষ্ট্রারকর্ত্তৃক সেই আজ্ঞা পরিবর্ত্ত কি পুনর্দৃষ্টি হইতে পারিবার কথা।]

৭৯ ধারা। কোন লেখ্য অবশ্য কি স্বেচ্ছাধীনে রেজিষ্টর করা কর্ত্তব্য হউক, সব-রেজিষ্ট্রার তাহা রেজিষ্টর করণার্থে গ্রাহ্য করিতে স্বীয় অসম্মতিসূচক যে আজ্ঞা করেন, তিনি যে রেজিষ্ট্রারের অধীন হন, তাঁহার নিকটে ঐ আজ্ঞার তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে আপীল হইলে, সেই আপীল গ্রাহ্য হইতে পারিবে, এবং রেজিষ্ট্রার সেই আজ্ঞা পরিবর্ত্ত কি সংশোধন করিতে পারিবেন। কিন্তু যে আজ্ঞার উপর আপীল হয়, যদি রেজিষ্ট্রার আপনি সব-রেজিষ্ট্রারের পদে থাকিয়া ঐ আজ্ঞা করেন তবে রেজিষ্ট্রার জেনরলের নিকটে আপীল হইবে ইতি।

[Procedure where Registrar refuses to register documents falling under Section 17 or Section 18, Clause 1, 2 or 3.]

LXXX. If a Registrar shall refuse to register any document falling within the provisions of Section 17, Clauses 1, 2, 3 and 4, or Section 18, Clauses 1, 2, 3 and 4, or if he shall on appeal refuse to direct the registration of such document, it shall be lawful for any person claiming thereunder to institute in the District Court, within thirty days after such refusal, a regular suit to which the said Registrar may be a party, in order to establish his right to have such document registered, and the document shall be admissible in evidence on the hearing of such suit. The Court may, if it shall think proper, and if the requirements of the law for the time being in force have been complied with so as to entitle the document to registration, order such Registrar to register the document, or direct its registration in the proper manner, and he shall thereupon obey such order, and the registration pursuant to such order shall take effect as if the document had been duly registered when it was presented for registration to the Officer so refusing as aforesaid. The plaint in any suit instituted under this Section shall bear a stamp of the value of eight annas.

[Registering Officer not to be liable for any thing *bonâ fide* done or refused in his official capacity.]

LXXXI. Nothing contained in this Act shall be construed as rendering a Registering Officer liable to any suit or any claim or demand by reason of any thing *bonâ fide* done or refused in his official capacity.

PART XIV.

Miscellaneous.

[Registry of instruments executed by Government Officers or certain public functionaries.]

LXXXII. Notwithstanding anything herein contained, it shall not be necessary for any Officer of Government, or for the Administrator-General of Bengal, Madras, or Bombay, or for any Official Trustee, or for the Receiver or Registrar of a High Court, to appear on the presentation in any Registry Office of any instrument executed by him in his official capacity, or to sign the endorsement mentioned in Section 61; but when any instrument is so executed, the Registering Officer to whom such instrument is presented for registration may, if he think fit, refer to any Secretary of Government, or to such Officer of

[রেজিষ্ট্রার ১৭ কি ১৮ ধারার ১, ২, কি ৩ প্রকরণানুযায়ি লেখ্য রেজিষ্টর করিতে সম্মত না হইলে ইতিকর্ত্তব্যতার কথা ।]

৮০ ধারা । যদি রেজিষ্ট্রার ১৭ ধারার ১, ২, ৩ ও ৪ প্রকরণের এবং ১৮ ধারার ১, ২, ৩ ও ৪ প্রকরণের বিধানের অন্তর্গত কোন লেখ্য রেজিষ্টর করিতে সম্মত না হন, কিম্বা আপীল হইলে যদি তদ্রূপ লেখ্য রেজিষ্টর করাইবার আজ্ঞা করিতে সম্মত না হন, তবে তৎক্রমে দাওয়াদার আপনার সেই লেখ্য রেজিষ্টর করাইবার স্বত্ব স্থাপনার্থে সেই অসম্মতির পর ত্রিশ দিনের মধ্যে জিলার আদালতে নিয়মমত মোকদ্দমা উপস্থিত করিয়া উক্ত রেজিষ্ট্রারকে ঐ মোকদ্দমার এক পক্ষ করিতে পারিবেন, এবং সেই মোকদ্দমা শ্রবণ কালে সেই লেখ্য প্রমাণ স্বরূপ গ্রাহ্য হইতে পারিবে । যদি আদালত উপযুক্ত বোধ করেন, এবং তৎকালে যে আইন প্রবল থাকে সেই আইনের আদেশানুসারে কার্য্য হওয়াতে যদি লেখ্য রেজিষ্টরী হইবার যোগ্য হয়, তবে আদালত ঐ রেজিষ্ট্রারকে সেই লেখ্য রেজিষ্টর করিবার আজ্ঞা করিতে পারিবেন, অথবা তাহা উপযুক্তরূপে রেজিষ্টর হইবার আজ্ঞা করিতে পারিবেন, তাহাতে তিনি সেই আজ্ঞা পালন করিবেন । এবং যে কার্য্যকারক সেই লেখ্য রেজিষ্টর করিতে তদ্রূপে অসম্মত ছিলেন তাঁহার নিকটে উপস্থিত করণকালেই তিনি তাহা নিয়মিতরূপে রেজিষ্টর করিলে যে ফল হইত ঐ আজ্ঞানুসারে রেজিষ্টর করা তদ্রূপ ফলদে হইবে । এই ধারামত কোন মোকদ্দমার নালিশপত্র আট আনা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে ইতি ।

[রেজিষ্টরী কার্য্যকারক স্বীয় পদোপলক্ষে সরল ভাবে যে কোন কার্য্য করেন কি করিতে অসম্মত হন, তজ্জন্যে দায়ী না হইবার কথা ।]

৮১ ধারা । রেজিষ্টরী কার্য্যকারক স্বীয় কর্ম্মোপলক্ষে সরলভাবে যে কোন কার্য্য করেন কি করিতে অসম্মত হন, তদ্ধেতুক তাঁহার নামে কোন মোকদ্দমা কি দাওয়া কি দাবা হইতে পারিবে, এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবে না ইতি ।

চতুর্দ্দশ খণ্ড ।

বিবিধ বিধি ।

[গবর্ণমেণ্টের কার্য্যকারকদিগের কি রাজকীয় কার্য্যকারকদিগের সম্পাদিত লেখ্য রেজিষ্টর করিবার কথা ।]

৮২ ধারা । গবর্ণমেণ্টের কোন কার্য্যকারক কিম্বা বঙ্গ কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের আড্মিনিষ্ট্রেটর জেনরল সাহেব কিম্বা রাজকীয় কোন ট্রষ্টী অথবা হাইকোর্টের কোন রিসীবর কি রেজিষ্ট্রার আপনার রাজকীয় পদোপলক্ষে যে কোন লেখ্যে স্বাক্ষর করিয়াছেন, সেই লেখ্য কোন রেজিষ্টরী কার্য্যালয়ে আনা গেলে এই আইনের মধ্যে বিপক্ষ বিধি থাকিলেও তাঁহার তৎস্থানে উপস্থিত হইবার কিম্বা ৬১ ধারার লিখিত পৃষ্ঠলিপিতে স্বাক্ষর করিবার আবশ্যক হইবে না । কিন্তু কোন লেখ্য তদ্রূপে সম্পাদিত হইলে, তাহা রেজিষ্টর করিবার জন্যে যে রেজিষ্টরী কার্য্যকারকের নিকটে আনা যায়, তিনি উপযুক্ত বোধ করিলে তদ্বিষয়ের জ্ঞান প্রাপণার্থে গবর্ণমেণ্টের কোন সেক্রেটারীকে কিম্বা

Government, Administrator-General, Official Trustee, Receiver or Registrar, as the case may be, for information respecting the same, and on being satisfied of the execution thereof shall register the instrument.

[Penalty for incorrectly copying, translating, abstracting or registering documents with intent to injure.]

LXXXIII. Every Registering Officer appointed under this Act, and every person employed in his Office for the purposes of this Act, who, being charged with the copying, translating, abstracting or registering of any document presented or deposited under the provisions of this Act, shall copy, translate, abstract or register such document in a manner which he knows or believes to be incorrect, intending thereby to cause, or knowing it to be likely that he may thereby cause, injury as defined in the Indian Penal Code to any person, shall be punished with imprisonment of either description, as defined in such Code, for a term which may extend to three years, or with fine, or with both.

[Penalty for making false statements before Registering Officer.]

LXXXIV. Whoever shall wilfully make any false statement in any deposition or declaration before any Officer acting in execution of this Act, in any proceeding or enquiry under the 37th or any other Section of this Act, shall be deemed to have committed the offence defined in Section 199 of the Indian Penal Code, whether such statement shall have been made upon oath or not

[Registers kept under former enactments to be transferred to Registrar of the District]

LXXXV. All Registry Books kept under the said Act No. XVI of 1864, or any Act or Regulation repealed thereby, shall be transferred to the Registrar of the District in which they are now preserved, and all rules contained in, or made pursuant to, this Act shall, so far as they may be applicable, apply to the books so transferred as aforesaid.

[References to Act No. XVI of 1864 to be read as if made to this Act.]

LXXXVI. All references to the said Act No. XVI of 1864 in Acts passed previous to the date of this Act coming into operation shall be read as if made to this Act.

[Commencement of Act in Bengal, Madras, and Bombay. Power to extend Act to other Territories. Time for registering instruments executed in such Territories before extension.]

LXXXVII. This Act shall come into operation

বিষয়বিশেষে গবর্ণমেণ্টের ঐ কার্য্যকারককে কি আডমিনিষ্ট্রেটর জেনরলকে কিম্বা রাজকীয় ট্রষ্টীকে কি রিসীবরকে কি রেজিষ্ট্রারকে জিজ্ঞাসা করিতে পারিবেন। এবং তৎসম্পাদনের বিষয় হৃদ্বোধমতে জ্ঞাত হইলে ঐ লেখ্য রেজিষ্টর করিবেন ইতি।

[হানি করণাভিপ্রায়ে লেখ্যের প্রতিলিপি কি অনুবাদ কি চুম্বক কি রেজিষ্টরী করণ অশুদ্ধরূপে করিবার দণ্ডের কথা।]

৮৩ ধারা। এই আইনমতে নিযুক্ত যেং রেজিষ্টরী কার্য্যকারকের প্রতি, ও এই আইনের কার্য্যোপলক্ষে তাঁহার কার্য্যালয়ে নিযুক্ত যেং ব্যক্তির প্রতি এই আইনের বিধানমত আনীত কি গচ্ছিত কোন লেখ্যের প্রতিলিপি কি অনুবাদ কি চুম্বক কি রেজিষ্টরী করণের ভার অর্পিত হয়, তিনি যাহা অশুদ্ধ জানেন কি বিশ্বাস করেন, ঐ লেখ্যের এমত অশুদ্ধ প্রতিলিপি কি অনুবাদ কি চুম্বক কি রেজিষ্টরী করণদ্বারা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে হানি শব্দের যে অর্থ নির্দ্দিষ্ট হইয়াছে তদনুসারে যদি হানি করণের অভিপ্রায়ে, কি হানি হইবার সম্ভাবনা জানিয়া ঐ লেখ্যের প্রতিলিপি কি অনুবাদ কি চুম্বক কি রেজিষ্টরী কার্য্য অশুদ্ধরূপে করেন, তবে তিনি তিন বৎসরের অনধিক কোন কালের নিমিত্তে ঐ আইনের নির্দ্দিষ্ট একতর প্রকারে কারাদণ্ড কি অর্থদণ্ড কি ঐ উভয় দণ্ড পাইবেন ইতি।

[রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে মিথ্যা উক্তি করিবার দণ্ডের কথা।]

৮৪ ধারা। কোন কার্য্যকারক এই আইন সম্পাদনকালে এই আইনের ৩৭ কি অন্য কোন ধারামত কোন ব্যবহারঘটিত কার্য্য কি অনুসন্ধান করিতেছেন এমন সময়ে যদি কোন ব্যক্তি কোন সাক্ষ্য দেওন কি আবেদন করণ কালে ইচ্ছাপূর্ব্বক কোন মিথ্যা উক্তি করেন, তবে শপথ করণ কি না করণপূর্ব্বক সেই উক্তি করিলেও, তিনি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৯৯ ধারার নির্দ্দিষ্ট অপরাধ করিয়াছেন জ্ঞান হইবে ইতি।

[ভূতপূর্ব্ব আইনমতে যে সকল রেজিষ্টর করা গিয়াছে তাহাও ডিষ্ট্রিক্টের রেজিষ্ট্রারের প্রতি অর্পণ করিবার কথা।]

৮৫ ধারা। ১৮৬৪ সালের উক্ত ১৬ আইনক্রমে কিম্বা তদ্দ্বারা রহিত কোন আইনঅনুসারে যে সকল রেজিষ্টরী বহী রাখা গিয়াছে, তাহা এইক্ষণে যে ডিষ্ট্রিক্টে রক্ষিত আছে তথাকার রেজিষ্ট্রারের হস্তে অর্পণ করা যাইবে, এবং এই আইনের মধ্যে কিম্বা এই আইন অনুসারে যে সকল বিধি প্রণীত হয়, তাহা যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে পূর্ব্বোক্তমতে হস্তান্তরিত পুস্তকের প্রতি সেই পর্য্যন্ত বর্ত্তিবে ইতি।

[১৮৬৪ সালের ১৬ আইনের উল্লেখ এই আইনের উল্লেখের ন্যায় পাঠ্য হইবার কথা।]

৮৬ ধারা। এই আইন যে তারিখে প্রচলিত হয় তৎপূর্ব্বে প্রচলিত কোন আইনে ১৮৬৪ সালের উক্ত ১৬ আইনের যে উল্লেখ তাহা এই আইনের উল্লেখ হওয়ার ন্যায় পাঠ্য হইবে ইতি।

[বঙ্গ ও মান্দ্রাজ ও বোম্বাই দেশে এই আইনের প্রারম্ভের কথা ও অন্যান্য প্রদেশে এই আইন বর্ত্তাইবার ক্ষমতার কথা, ও সেইং দেশে বর্ত্তাইবার পূর্ব্বে যে লেখ্য সম্পাদন হইয়াছে তাহা রেজিষ্টর করিবার সময়ের কথা।]

৮৭ ধারা। এই আইন বঙ্গ ও মান্দ্রাজ ও বোম্বাই

on the first day of July 1866 in the Presidencies of Bengal, Madras, and Bombay. This Act may be extended to any other part of British India by an order of the Local Government, to be notified in the Official Gazette; and no instrument of the descriptions mentioned in Sections 17 and 18 of this Act, which shall have been executed in any such part before the date on which this Act shall come into operation therein, shall be accepted for registration, unless it be presented for registration within twelve months from such date

---

STATEMENT OF OBJECTS AND REASONS.

This Bill repeals and re-enacts the law relating to the Registration of Assurances contained in Act XVI of 1864 and Act IX of 1865, with such alterations and additions as a year's experience has shewn to be absolutely necessary or highly desirable, in order to clear up the doubts and remove the difficulties which have been felt in working the existing law.

The more important of these alterations and additions will be conveniently mentioned under the different Titles into which the law has been distributed.

In PART I, *Preliminary*, several definitions have been added. "Lease," for instance, is defined as including a counter-part, a kabuliyat, an agreement to lease: this will prevent any doubt as to the registrability of such documents. "Representative" is defined to include the committee of a lunatic and the manager of his estate: this will meet the difficulty which has arisen in the case, where a person has become a lunatic between the date of executing an instrument and that of presenting it for registration. Lastly, "Civil Court" is defined as including Revenue Court, but as excluding a Court for the relief of insolvent debtors. The object of this exclusion is to relieve an insolvent Court on making a vesting order from the necessity of sending a memorandum of it to an office the situation of which cannot in general be then determined.

PART II.—*Of the Registration Establishment.*—The principal addition made to the law on this head consists in empowering the Local Government, with the previous sanction of the Governor General of India, to establish a Branch General Registry Office. The head of such Office is to have all the powers of a Registrar General, excepting his power to frame rules.

রাজধানীতে ১৮৬৬ সালের জুলাই মাসের প্রথম দিবসাবধি প্রচলিত হইবে। স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে আজ্ঞা প্রকাশ-করণের দ্বারা ব্রিটনীয় ভারতবর্ষের অন্য কোন স্থানে এই আইন প্রচলিত করিতে পারিবেন। এবং এই আইন সেই স্থানে প্রচলিত হইবার তারিখের পূর্ব্বে এই আইনের ১৭ ও ১৮ ধারার লিখিত প্রকারের যে কোন লেখ্য সম্পাদন হইয়াছে, তাহা ঐ তারিখ অবধি দ্বাদশ মাসের মধ্যে রেজিষ্টর করিবার জন্যে আনীত না হইলে, রেজিষ্টরী হইবার জন্যে গ্রাহ্য হইবে না ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

রেজিষ্টর করণ বিষয়ক বর্ত্তমান আইনমতে কার্য্য সম্পাদন কালে অনেক সংশয় জন্মিয়াছে ও কষ্ট হইয়াছে, তাহা ভঞ্জন ও নিবারণ করা কর্ত্তব্য। এবং গত দ্বাদশ মাসাবধি ঐ আইনানুসারে কার্য্য সম্পাদন করত আইনের কোনং অংশ পরিবর্ত্তন কি বৃদ্ধি করা অত্যাবশ্যক অথবা অত্যন্ত শ্রেয় বোধ হইয়াছে। এই হেতুক ১৮৬৪ সালের ১৬ আইনে ও ১৮৬৫ সালের ৯ আইনেতে নিদর্শনপত্র রেজিষ্টর করণ বিষয়ক যে ব্যবস্থা প্রণয়ন হইয়াছে তাহা রহিত হইয়া পুনশ্চ বিধিবদ্ধ হইল।

এই বিধি নানা খণ্ডে বিভক্ত হইয়াছে, অতএব সেই বিধির পরিবর্ত্তন কি বৃদ্ধি করা গেল তাহা সেই২ খণ্ড ক্রমে উল্লেখ করিলে সুবিধা হইবে।

প্রথমখণ্ড। পরিভাষা।—এই খণ্ডে পূর্ব্বাপেক্ষা অধিক শব্দের অর্থ করা গিয়াছে। যথা "পাট্টা" শব্দের যে অর্থ হইয়াছে তন্মধ্যে অনুলিপি ও কবুলিয়ৎ ও পাট্টার সম্মতিপত্রও ধরা যায়। ইহাতে সেই২ লেখ্য রেজিষ্টর করণ যোগ্য কি না এই বিষয়ের সন্দেহ থাকিলে তাহা ঘুচিবে। "স্থলাভিষিক্ত" এই শব্দের যে অর্থ হইয়াছে তন্মধ্যে ক্ষিপ্ত ব্যক্তি রক্ষার্থ কমিটী ও তাহার সম্পত্তির অধ্যক্ষকে ধরা যাইবে। ফলতঃ কোন স্থলে কোন ব্যক্তি লেখ্য সম্পাদন করিবার পর তাহা রেজিষ্টর করিবার জন্যে উপস্থিত করণের পূর্ব্বে ক্ষিপ্ত হন, এমন স্থলে যে কষ্ট হয় তাহা উক্ত বিধিতে নিবৃত্ত হইয়াছে। "দেওয়ানী আদালত" এই শব্দের অর্থকরণে তন্মধ্যে রাজস্ব সম্পর্কীয় আদালত ধরিবার বিধি হইয়াছে। কিন্তু ধনহীন ঋণিদের উপকারার্থ আদালত ধর্ত্তব্য নয়। ফলতঃ ঐ আদালত যে সময়ে কোন সম্পত্তি বর্ত্তাইবার আজ্ঞা করেন সেই সময়ে রেজিষ্টরী কার্য্যালয় কোথায় আছে তাহা সর্ব্বদা বলিতে পারেন না, অতএব এমন কার্য্যালয়ে সেই আজ্ঞার মর্ম্মাত্মক লিপি প্রেরণের আবশ্যক না হয়, এই কারণে ঐ আদালত বর্জ্জিত হইয়াছে।

দ্বিতীয়খণ্ড। রেজিষ্টরী করণের কার্য্যকারকাদির বিধি।—এই খণ্ডে ব্যবস্থা বর্দ্ধনপূর্ব্বক এই মুখ্য বিধি হইয়াছে, যে স্থানীয় গবর্ণমেণ্ট ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে শাখা জেনরল রেজিষ্টরী আফিস স্থাপন করিতে পারিবেন। সেই কার্য্যালয়ের প্রধান কার্য্যকারক বিধি প্রণয়ন করিবার ক্ষমতাভিন্ন রেজিষ্ট্রার জেনরলের সমস্ত ক্ষমতা প্রাপ্ত হইবেন।

PART III.—*Of registrable Documents.*—Endorsements upon, and transfers of, debentures issued by Land Companies have, like shares in such Companies, been exempted from compulsory registration, and awards relating to immovable property have been expressly added to those of which the registration is optional. Words have also been added providing, practically, for the optional registration of every document likely to be met with in Indian practice. Much difficulty has arisen from the frequent imperfection of the descriptions of parcels in instruments relating to immovable property. The Bill accordingly provides that no such instrument shall be accepted for registration unless it contains a description of the property sufficient, in the opinion of the Registering Officer, to identify the same. The Bill also gives directions for the framing of such descriptions. As to documents in languages not understood by the Registering Officer, the provisions of the Act have been somewhat modified. Under the Bill the Registering Officer may refuse to register the instrument unless it be accompanied by a copy and a translation into the language commonly used in the District. The copy will be filed and the translation registered; and for the purpose of making the copies and abstracts required by the other parts of the Bill, the translation will be treated as if it were the original.

PART IV.—*Of the time of Registration.*—The Bill provides for the case, left unnoticed in the present enactments, of an instrument being executed by several persons at different times, and, in cases where delay in presentation is unavoidable, enables the acceptance of the document. The Registrar, who will generally be the Collector or Judge, or some Officer of experience, may accept the document on payment of a penalty, provided the delay does not exceed six months. This will enable him to mitigate the hardships which now occasionally result from non-registration owing to such unavoidable accidents as sudden departure to England from sickness. Provision is also made where the last day of the period fixed for registration falls on a holiday. And a Section has been introduced saving the time prescribed by Statute for the registration of the certificate of a creditor's assignee and other documents.

PART V.—*Of the place of Registration.*—A discretionary power is here given to a Registrar (as the District Registrar is called in the Bill) to receive and register instruments relating to im-

তৃতীয় খণ্ড। রেজিষ্টর করিবার যোগ্য লেখ্যের বিধি।—ভূমি সম্পর্কীয় কোম্পানির ঋণশোধনের প্রতিজ্ঞাপত্রের পৃষ্ঠলিপি ও হস্তান্তর করণপত্র, ঐ কোম্পানির অংশের ন্যায় রেজিষ্টরী করণের আবশ্যকতা হইতে মুক্ত হইয়াছে। ও যে২ লেখ্যের রেজিষ্টর করা স্বেচ্ছাধীন, তন্মধ্যে স্থাবর সম্পত্তি সম্পর্কীয় জয়পত্র স্পষ্ট ধরা গিয়াছে। ভারতবর্ষীয় ব্যবহারেতে যত প্রকারের লেখ্য হওয়া সম্ভাবনা তাহা স্বেচ্ছাধীনে রেজিষ্টর করিবার বিধায়ক কথাও সংযোগ হইয়াছে। স্থাবর সম্পত্তির লেখ্যেতে অনেকবার খণ্ড২ ভূমির অশুদ্ধ বর্ণনা হওয়াতে অধিক ক্লেশ হইয়াছে। অতএব পাণ্ডুলিপির এই বিধি যে, তদ্রূপ লেখ্যেতে সম্পত্তির যে বর্ণনা আছে তাহা যদি রেজিষ্টরী কার্য্যকারকের বিবেচনায় ঐ সম্পত্তি নিরূপণার্থে প্রচুর না হয়, তবে তিনি তাহা রেজিষ্টর করিবার জন্যে গ্রাহ্য করিবেন না। এই পাণ্ডুলিপিতে সেই বর্ণনা লিখিবার ধারারও উপদেশ আছে। রেজিষ্টরী কার্য্যকারকের অজ্ঞাত ভাষায় যে লেখ্য লেখা হয় তৎসম্পর্কে আইনের বিধান কিঞ্চিৎ মতান্তরিত হইয়াছে। বিশেষতঃ এই পাণ্ডুলিপিমতে তদ্রূপ লেখ্যের প্রতিলিপি এবং প্রদেশের চলিত ভাষায় তাহার অনুবাদ ঐ লেখ্য সহিত আনীত না হইলে, রেজিষ্টরী কার্য্যকারক তাহা রেজিষ্টর করিতে অস্বীকার করিতে পারিবেন। প্রতিলিপি কার্য্যালয়ে গোচান যাইবে ও অনুবাদের রেজিষ্টরী হইবে। এবং এই পাণ্ডুলিপির অন্য২ অংশে যে২ প্রতিলিপি ও চুম্বক করিবার আদেশ হইয়াছে তাহা করণার্থে ঐ অনুবাদ মুখ্যপত্রস্বরূপ জ্ঞান হইবে।

চতুর্থ খণ্ড। রেজিষ্টর করিবার সময়ের বিধি।—ভিন্ন২ সময়ে ভিন্ন২ ব্যক্তিকর্তৃক যে লেখ্য সম্পাদনীয়, বর্ত্তমান আইনেতে তাহার কোন কথা নাই। এই পাণ্ডুলিপিতে তাহার বিধান হইয়াছে। এবং তাহা উপস্থিত করিবার অগত্যা বিলম্ব হইলেও সেই লেখ্য গ্রাহ্য করিবার অনুমতি হইয়াছে। বিশেষতঃ যদি ছয় মাসের অধিক বিলম্ব না হয়, তবে রেজিষ্ট্রার দণ্ডের টাকা গ্রহণ পুর্ব্বক ঐ লেখ্য গ্রাহ্য করিবেন। সাধারণ্যে কালেকুটর সাহেব কি জজ সাহেব কিম্বা প্রবীণ কোন কর্ম্মকারক সেই রেজিষ্টরী পদে নিযুক্ত হইবেন। কোন২ সময়ে পীড়াপ্রযুক্ত হঠাৎ ইংলণ্ডে গমনাদি অনিবার্য্য ঘটনা হেতুক লেখ্য রেজিষ্টর করা অসাধ্য হওয়াতে অনেক ক্লেশ হয়, এইক্ষণে রেজিষ্ট্রার তাহা অনেকাংশে লঘু করিতে পারিবেন। রেজিষ্টরী করিবার অবধারিত কালের শেষ দিন ছুটীর দিন হইলে তাহারও বিধান হইল। এবং উত্তমর্ণের আসৈনীর সংশিতপত্র ও অন্য২ লেখ্য রেজিষ্টর করিবার যে সময় ইংলণ্ডীয় আইনেতে অবধারিত হইয়াছে সেই সময় রক্ষা করিবারও বিধান হইল।

পঞ্চম খণ্ড। রেজিষ্টর করিবার স্থানের বিধি—কোন সব-রেজিষ্ট্রার রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে স্থাবর সম্পত্তি বিষয়ক যে লেখ্য রেজিষ্টর করিতে পারেন, এই পাণ্ডুলিপিতে রেজিষ্ট্রারের প্রতি সেই লেখ্য স্বেচ্ছাক্রমে গ্রাহ্য ও রেজিষ্টর করিবার ক্ষমতা অর্পিত হইয়াছে। বর্ত্তমান পাণ্ডুলিপিতে ডিষ্ট্রিক্ট রেজি-

movables which might be registered by any Sub-Registrar (the Deputy Registrar) in his district.

PART VI.—*Of the presentation of Instruments for registry*, and PART VII.—*Of the enforcement of attendance of executants and witnesses.*—Every document to be registered is to be presented by some person executing *or claming* under it, or by his representative, assign, or agent ; but all the persons executing the instrument, or their representatives, assigns, or duly authorized agents, are, as at present, to appear before the Registering Officer and admit execution. The Registering Officer may examine any one then present in his Office, and such examination may, if he pleases, be upon oath. Any person presenting (not "any party to") an instrument is enabled to procure the attendance of any other person required to attend on presentation, or whose testimony is necessary for the registration of the instrument. The power of attorney required to authorize a person to present a document for a principal residing out of British India is to be executed before, and authenticated by, a Notary Public, or any Court, Judge, Consul or Magistrate ; and every power of attorney authorizing a person to present a document may, as in the Civil Courts, be proved by its production when it purports on its face to have been duly executed and authenticated.

PART VIII.—*Of the registration of Memoranda of decrees and orders affecting immovable property and sent by the Court to the Office.*—These memoranda are to be sent to every Registrar within whose district any part of the property is situate ; and the costs of their registration are to be costs in the cause.

PART IX relates to the registration of Wills and authorities to adopt. As to the persons entitled to register such instruments the Bill provides that the testator, or any person claiming as executor or otherwise under a Will, may register the Will, and that the donor or donee of any authority to adopt or the adoptive son may register any such authority. The depositor of sealed covers containing Wills or authorities to adopt may withdraw them on applying to the Registrar in whose Office they may have been deposited, and need no longer incur the expense and delay of presenting a petition to the District Court.

PART X.—*Of the fees for registration, searches, and Copies.*—The table of fees mentioned in the

ষ্ট্রার রেজিষ্ট্রার নামে, ও ডেপুটী রেজিষ্ট্রার সব-রেজিষ্ট্রার নামে ব্যক্ত হইয়াছেন।

ষষ্ঠ খণ্ড। রেজিষ্টর করণার্থে লেখ্য উপস্থিত করিবার বিধি ও সপ্তম খণ্ড,।—স্বাক্ষরকারিদিগকে ও সাক্ষিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইবার বিধি।—যেং লেখ্য রেজিষ্টর করা যাইবে তাহা যে ব্যক্তি সম্পাদন করেন কিম্বা তাহার বলে দাওয়া করেন তিনি কিম্বা তাঁহার স্থলাভিষিক্ত কি আসৈনি কি এজেন্ট কি মোক্তার ঐ লেখ্য উপস্থিত করিবেন। কিন্তু যে সকল ব্যক্তি কোন লেখ্য সম্পাদন করেন তাঁহাদের সকলের কিম্বা তাঁহাদের স্থলাভিষিক্ত কি আসৈনিগণের কিম্বা নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত মোক্তারদের রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে উপস্থিত হইয়া লেখ্য সম্পাদন স্বীকার করিবার যে বিধি আছে তাহা প্রবল থাকিল। তৎকালে রেজিষ্টরী কার্য্যকারক আপনার কার্য্যালয়ে বর্ত্তমান কোন ব্যক্তির পরীক্ষা লইতে পারিবেন এবং যদি চাহেন, তবে শপথক্রমেও পরীক্ষা লইতে পারিবেন। কোন লেখ্য উপস্থিত করণকালে অপর যে ব্যক্তির বর্ত্তমান থাকা প্রয়োজন, কিম্বা লেখ্য রেজিষ্টর করণার্থে যাঁহার সাক্ষ্য আবশ্যক, এমত কোন ব্যক্তিকে পূর্ব্ববৎ ঐ লেখ্যের এক পক্ষীয় কোন লোক উপস্থিত করাইতে পারিবেন না কিন্তু যে ব্যক্তি ঐ লেখ্য আনেন তিনি উপস্থিত করাইতে পারিবেন। লেখ্যের মুখ্য ব্যক্তি ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত স্থানে বাস করিলে অন্য ব্যক্তি যে মোক্তারনামাক্রমে সেই লেখ্য আনিবার ক্ষমতাপন্ন হইতে পারেন সেই মোক্তারনামা নোটেরি পবলিকের কিম্বা কোন আদালতের কি বিচারকর্ত্তার কি কন্সলের কি মাজিষ্ট্রেটের সম্মুখে সম্পাদিত হওয়া ও তৎকর্ত্তৃক সত্যাকৃত হওয়া আবশ্যক এবং কোন মোক্তারনামার অভিমুখেই যদি তাহা নিয়মিতরূপে সম্পাদিত ও সত্যাকৃত হওয়ার মত দর্শায়, তবে দেওয়ানী আদালতে যেমন হইয়া থাকে তেমনি তাহা উপস্থিত করণই তাহার প্রমাণ হইবে।

অষ্টম খণ্ড। স্থাবর সম্পত্তি বিষয়ক ডিক্রীর ও আজ্ঞার যে মর্ম্মাত্মক লিপি আদালত কর্ত্তৃক রেজিষ্টরী কার্য্যালয়ে প্রেরিত হয় তাহা রেজিষ্টর করিবার বিধি।—সম্পত্তির কোন অংশ যেং রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে সেইং ডিষ্ট্রিক্টের প্রত্যেক রেজিষ্ট্রারের নিকটে ঐ মর্ম্মাত্মকলিপি পাঠাইতে হইবে এবং রেজিষ্টরী করণের খরচ মোকদ্দমার খরচার মধ্যে ধরা যাইবে।

নবম খণ্ড। চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র রেজিষ্টর করিবার বিধি।—ঐং লেখ্য রেজিষ্টর করিবার ক্ষমতাপন্ন ব্যক্তিদের বিষয়ে পাণ্ডুলিপির বিধি এই। চরমপত্রকারক কিম্বা চরমদান সাধকস্বরূপে কি প্রকারান্তরে যে কোন ব্যক্তি চরমপত্রক্রমে স্বত্বপ্রকাশ করেন তিনি চরমপত্র রেজিষ্টর করিতে পারিবেন এবং দত্তকগ্রহণের অনুমতিপত্রদাতা কি গ্রহীতা কিম্বা দত্তকপুত্র তদ্রূপকোন অনুমতিপত্র রেজিষ্টর করিতে পারিবেন। যে ব্যক্তি মোহরাঙ্কিত খামেবদ্ধ চরমপত্র কি দত্তকগ্রহণের অনুমতিপত্র গচ্ছিত করেন তিনি যাঁহার কার্য্যালয়ে তাহা গচ্ছিত করেন সেই রেজিষ্ট্রারের নিকটে প্রার্থনা করিয়া ঐং পত্র ফিরিয়া লইতে পারিবেন এবং জিলার আদালতে দরখাস্ত করিতে যে ব্যয় ও বিলম্ব হয় তাহা এক্ষণে আর হওয়ার প্রয়োজন নাই।

দশম খণ্ড। রেজিষ্টর ও অনুসন্ধান ও প্রতিলিপি করিবার শুল্কের বিধি।—প্রচলিত আইনেতে যে শুল্ক

[*Government Gazette,* 27*th March* 1866.]

present Act is to include the extra or additional fees payable for discretionary registration by a Registrar-General or a Registrar, for special registration of obligations for payment of money, for the issue of commissions, for filing translations of documents in languages not understood by the Registering Officer, and for attendance at private residences.

Part XI.—*Of the effect of registration and non-registration.*—This Part, with a few verbal changes, contains little but Section 67, the Clause as to the effect of non-registration comprised in Section 12, Section 68, and Section 51 of Act XVI of 1864. The Bill, however, imports a Section from the Limitation Act which, there is reason to believe, has been generally overlooked, and which provides that registration doubles the period of limitation in suits under a written contract for money lent, or interest or breach of contract.

Part XII.—*Of the duties and powers of Registering Officers*—Brings together the provisions on this head which are scattered throughout the various Sections of Act XVI of 1864. This Part is sub divided into six heads, (*a*) as to the Registry books, (*b*) as to procedure on admitting to registration, (*c*) as to the special duties of the Sub-Registrars, (*d*) as to the special duties of the Registrars, (*e*) of the Registrar-General, and (*f*) of the controlling powers of Registrars and Registrars-General. Experience has suggested some changes in the number and nature of the Books. The Bill provides that in all Registry Offices four Books shall be kept, (1) a Register of instruments affecting immovable propety; (2) Register of decrees and orders of Court affecting immovable property; (3) Register of deposits of Wills and Adoption-Instruments, and (4) Register of Wills and Adoption-Instruments. Registrars and Sub-Registrars will further keep (5) Register of obligations for payment of money specially registered; (6) a Miscellaneous Register; (7) a record of powers of attorney, and (8) a record of reasons for refusing to register. The Registrar-General and all Registrars will, lastly, keep a Book (9) entitled "Register of Abstracts," in which the Registrar will enter abstracts of instruments relating to immovable property situate in several districts, of which copies shall have been forwarded to him by a Sub-Registrar, or by the Registrar-General, and the Registrar-General will enter abstracts of entries made in any register and forwarded to him. The indexes to be kept under the Bill will, in addition to the particulars shewn by the indexes under the Act, contain the names (if any) and descriptions of all persons claiming under a registered document.

পত্র দেওয়া গিয়াছে তম্মধ্যে এই২ কার্য্যের অতিরিক্ত কি অধিক শুল্ক ধরা যাইবে বিশেষতঃ রেজিষ্ট্রার জেনরলের কিম্বা রেজিষ্ট্রারের স্বেচ্ছাধীনে যে লেখ্য রেজিষ্টর হইতে পারে তাহা রেজিষ্টর করণার্থে ও ঋণ শোধনের প্রতিজ্ঞাপত্রের বিশেষ রেজিষ্টর করণার্থে ও কমিসান প্রদানার্থে ও রেজিষ্টরী কার্য্যকারকের অজ্ঞাত ভাষা লিখিত লেখ্যের অনুবাদ অর্পণার্থে ও সাধারণ ব্যক্তিদের বাটীতে গমনার্থে শুল্ক।

একাদশ অধ্যায়। রেজিষ্টর করিবার ও না করিবার ফলের কথা।—কএক শব্দমাত্র পরিবর্ত্তনপূর্ব্বক ১৮৬৪ সালের ১৬ আইনের ৬৭ ধারার কথা এবং ১২ ধারাতে রেজিষ্টর না করিবার ফলের প্রকরণ ও ৬৮ ধারা ও ৫১ ধারার কথা হইতে এই খণ্ড সংগৃহীত হইয়াছে, কিন্তু প্রায় অনেক লোক মোকদ্দমা করিবার মিয়াদের আইনের যে এক ধারা ভ্রান্তিক্রমে উপেক্ষা করিয়া থাকেন সেই ধারা এই পাণ্ডুলিপিতে গৃহীত হইয়াছে, বিধান এই যে, ঋণের কি সুদের লিখিত চুক্তিক্রমে, কিম্বা ঐ চুক্তি ভঙ্গহেতুক, মোকদ্দমা করিবার যে মিয়াদ আছে ঐ চুক্তি রেজিষ্টর করিলে মিয়াদ দ্বিগুণ হইবে।

দ্বাদশ খণ্ড। রেজিষ্টরী কার্য্যকারকদের কর্ত্তব্য কর্ম্মের ও ক্ষমতার বিধি।—এতদ্বিষয়ের যে সকল বিধান ১৮৬৪ সালের ১৬ আইনের নানা ধারার মধ্যে বিকীর্ণ আছে তাহা সমুদয় এই খণ্ডে সংগ্রহ করা গিয়াছে। এই খণ্ডের ষড়ংশ। যথা (*a*) রেজিষ্টরী বহীর কথা। (*b*) রেজিষ্টর হওনার্থে গ্রাহ্য হইলে ইতিকর্ত্তব্যতার কথা। (*c*) সব-রেজিষ্ট্রারদের বিশেষ কর্ত্তব্য কর্ম্মের কথা। (*d*) রেজিষ্ট্রারদের বিশেষ কর্ত্তব্য কর্ম্মের কথা। (*e*) রেজিষ্ট্রার জেনরলের ঐ। (*f*) রেজিষ্ট্রার ও রেজিষ্ট্রার জেনরলদিগের তত্ত্বাবধানের ক্ষমতার কথা। কর্ম্মানুশীলনে পুস্তকের সংখ্যা ও ভাব পরিবর্ত্তন করা পরামর্শ্য বোধ হইয়াছে। পাণ্ডুলিপির বিধান এই, সকল রেজিষ্টরী কার্য্যালয়ে চারিখান পুস্তক থাকিবে (১) স্থাবর সম্পত্তি বিষয়ক লেখ্যের রেজিষ্টর (২) স্থাবর সম্পত্তি বিষয়ক আদালতের ডিক্রীর ও আজ্ঞার রেজিষ্টর (৩) গচ্ছিত চরমপত্রের ও দত্তক গ্রহণের অনুমতিপত্রের রেজিষ্টর (৪) চরমপত্রের ও দত্তক গ্রহণের অনুমতিপত্রের রেজিষ্টর। রেজিষ্ট্রার ও সব-রেজিষ্ট্রারেরা ততোধিক এই২ পুস্তক রাখিবেন (৫) বিশেষমতে রেজিষ্টর করা ঋণ শোধনের প্রতিজ্ঞাপত্রের রেজিষ্টর (৬) বিবিধ রেজিষ্টর (৭) মোক্তারনামার লিপির, ও (৮) রেজিষ্টর করিতে অস্বীকার করিবার হেতু লিপির রেজিষ্টর। রেজিষ্ট্রার জেনরল ও সকল রেজিষ্ট্রার (৯) চুম্বকের রেজিষ্টর নামে এক বহী রাখিবেন। ভিন্ন২ জিলার অন্তর্গত স্থাবর সম্পত্তিবিষয়ক যে লেখ্যের প্রতিলিপি সব-রেজিষ্ট্রার কিম্বা রেজিষ্ট্রার জেনরল কর্তৃক তাঁহাদের নিকটে প্রেরিত হয় রেজিষ্ট্রার সেই বহীতে ঐ প্রতিলিপির চুম্বক লিখিবেন, এবং কোন রেজিষ্টরে লিখিত যে কথা রেজিষ্ট্রার জেনরলের নিকটে প্রেরিত হয় তিনিও সেই কথার চুম্বক ঐ বহীতে লিখিবেন। আইন অনুসারে যে সূচীপত্র রাখিতে হয় তন্মধ্যে যেং বিবরণ লিখিত হইয়া থাকে তদতিরিক্ত পাণ্ডুলিপির অনুযায়ি সূচীপত্রেতে রেজিষ্টরী লেখ্যক্রমে যে সকল ব্যক্তি দাওয়া করেন তাঁহাদের নাম ও বাসাদি বর্ণনা লিখিতে হইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২১ মার্চ।]

Copies of entries in Registry Books Nos. 3, 5, and 6 will be given to any person executing or claiming under the documents to which the entries respectively refer, but the requisite search for such entries will be made only by the Registering Officer.

On admitting to registration, the Registering Officer, when the statements made before him are conflicting, is empowered to record a note of the substance of the statement made by every person whom he may have examined.

The endorsement on every document admitted to registration is to state, not only any payment of money or delivery of goods, but also any admission of receipt of consideration made in the presence of the Registering Officer in reference to the execution of the document.

Registrations *bonâ fide* made by any Registering Officer are not to be deemed invalid merely by reason of defect or irregularity in the appointment of, or in the procedure followed by, such Officer.

Every Registering Officer may at his discretion administer an oath (which is defined to include a solemn affirmation) to any person examined by him.

The Registrar-General is empowered to make rules, not only relating to the subjects mentioned in Section 64 of Act XVI of 1864, but also as to the languages in which, and the materials on, in, and with which documents presented for registration are to be written or printed, the size of such documents, and the extent of blank space to be left thereon, and as to the holidays to be observed in the Registry Offices.

PART XIII.—*Of refusal to register.*—When a Registrar or Sub-Registrar refuses to register a document, he is to endorse thereon "registration refused," and no Registering Officer is to accept for registration a document so endorsed unless and until an appeal shall have been presented and decided in favor of the appellant. The procedure where a Registrar refuses to register a document relating to immovable property is somewhat altered. If a Registrar refuse to register any document relating to immovable property, or if he shall on appeal refuse to direct registration, any person claiming thereunder may institute a regular suit, to which the Registrar may be a party. But nothing contained in the proposed Act is to be considered as rendering a Registering Officer liable for any thing *bonâ fide* done or refused in his official capacity. In practice it has been found that the Civil Courts have sometimes directed registration to take place in cases where the requirements of the law have not been

(5.) For continued wilful disobedience to lawful commands or continued wilful neglect of duty, he shall be liable to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labour, and also at the discretion of the Court to forfeit for every twenty-four hours' continuance of such disobedience or neglect, either a sum not exceeding six days' pay or any expenses which have been properly incurred in hiring a substitute:

[Assault on officers.]

(6.) For assaulting any master or mate, he shall be liable to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labour:

[Combining to disobey.]

(7.) For combining with any other or others of the crew to disobey lawful commands, or to neglect duty, or to impede the navigation of the ship, or the progress of the voyage, he shall be liable to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labour:

[Wilful damage and embezzlement.]

(8.) For wilfully damaging the ship, embezzling, or wilfully damaging any of her stores or cargo, he shall be liable to forfeit out of his wages a sum equal in amount to the loss thereby sustained, and also at the discretion of the Court to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labour:

[Act of smuggling, causing loss to owner.]

(9.) For any act of smuggling of which he is convicted and whereby loss or damage is occasioned to the master or owner, he shall be liable to pay to such master or owner such a sum as is sufficient to reimburse the master or owner for such loss or damage; and the whole, or a proportionate part of his wages may be retained in satisfaction or on account of such liability, without prejudice to any further remedy.

[জাহাজ শক্ত করিয়া বাঁধা যাইবার আগে ছুটী না পাইয়া চলিয়া গেলে।]

৩। জাহাজের মাল যে বন্দরে নামান যাইবে জাহাজ সেই বন্দরে পঁহুছিয়া, লঙ্গর করিয়া ভালমতে রক্ষিত হইবার পূর্ব্বে যদি কোন নাবিক ছুটী না লইয়া ছাড়িয়া যায়, তবে তাহার এক মাসের অনধিক বেতন কাটা যাইতে পারিবে।

[আজ্ঞা না মানিলে।]

৪। ন্যায্যমতের কোন আজ্ঞা যদি ইচ্ছাপূর্ব্বক না মানে, তবে সে চারি সপ্তাহের অনধিক কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে, ও আদালতের বিবেচনামতে তাহার দুই দিনের অনধিক বেতন কাটা যাইতে পারিবে।

[আজ্ঞা নিয়ত অমান্য করিতে থাকিলে।]

৫। যদি ন্যায্যমত আজ্ঞা ইচ্ছাপূর্ব্বক অমান্য করিতে থাকে, কিম্বা কর্ত্তব্য কর্ম্ম করিতে ইচ্ছাপূর্ব্বক শৈথিল্য করিতে থাকে, তবে সে বারো সপ্তাহের অনধিক কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে, ও যত কাল আজ্ঞা অমান্য কি কর্ম্মে শৈথিল্য করিয়াছে তত কাল আদালতের বিবেচনামতে চব্বিশ২ ঘণ্টা প্রতি তাহার ছয়২ দিনের অনধিক বেতন কাটা যাইতে পারিবে, অথবা তাহার পরিবর্ত্তে অন্য লোক নিযুক্ত করিবার যত খরচ হয় তাহার বেতনহইতে ঐ খরচ দেওয়া যাইতে পারিবে।

[মালিমপ্রভৃতির উপর আক্রমণ করিলে।]

৬। যদি অধ্যক্ষের কি মালিমের উপর আক্রমণ করে, তবে বারো সপ্তাহের অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে।

[আজ্ঞা অমান্য করিতে যোগ করিলে।]

৭। ন্যায্যমতের আজ্ঞা অমান্য করিতে, কি কর্ত্তব্য কর্ম্মে শৈথিল্য করিতে, কিম্বা জাহাজের গমনের কি যাত্রায় অগ্রসর হওয়ার বাধা করিতে, যদি অন্য নাবিকের কি নাবিকদের সঙ্গে যোগ করে, তবে সে বারো সপ্তাহের অনধিক কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে।

[ইচ্ছাপূর্ব্বক ক্ষতি ও হরণ করিলে।]

৮। যদি ইচ্ছাপূর্ব্বক জাহাজের ক্ষতি করে কিম্বা জাহাজের দ্রব্যসামগ্রী কি মাল অপহরণ করে কি ইচ্ছাপূর্ব্বক ক্ষতি করে, তবে তাহাতে যত টাকার ক্ষতি হয় তাহার বেতনহইতে তত টাকা কাটিয়া লওয়া যাইতে পারিবে, ও আদালতের বিবেচনামতে সে বারো সপ্তাহের অনধিক কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে।

[স্বামির ক্ষতিকররূপে মাসুল বঞ্চনা করিলে।]

(৯) যদি ভাঁড়াইয়া মাসুল না দিবার কোন দোষ প্রমাণ হয় ও তাহাতে অধ্যক্ষের কি স্বামির কিছু ক্ষতি হয় তবে, যত টাকাতে ক্ষতি পরিশোধ হইতে পারে ঐ অধ্যক্ষকে কি স্বামিকে তাহার তত টাকা দিতে হইবে। ও তাহার পরিশোধে কিম্বা সেই দায়ের জন্যে তাহার বেতনের সমুদয় কিম্বা এক অংশ আটক করিয়া রাখা যাইতে পারিবে, ইহাতে ক্ষতিপূরণের অন্য কোন উপায়ের ব্যাঘাত হইবে না ইতি।

[Entry of offences to be made in official log, and to be read over, or a copy given to the offender: his reply, if any, to be also entered.]

CCIII. Upon the commission of any of the offences enumerated in the last preceding Section, an entry thereof shall be made in the official log-book, and shall be signed by the master, and also by the mate or one of the crew; and the offender, if still in the ship, shall, before the next subsequent arrival of the ship at any port, or if she is at the time in port, before her departure therefrom, either be furnished with a copy of such entry, or have the same read over distinctly and audibly to him, and may thereupon make such reply thereto as he thinks fit. A statement that a copy of the said entry has been so furnished, or that the same has been so read over as aforesaid, and the reply (if any) made by the offender, shall likewise be entered and signed in manner aforesaid. In any subsequent legal proceeding the entries hereinbefore required shall if practicable be produced or proved, and in default of such production or proof, the Court hearing the case may at its discretion refuse to receive evidence of the offence.

[Seamen whom masters of ships are compelled to convey, and persons going to sea in ships without leave, to be subject to penalties for breach of discipline.]

CCIV. Every seafaring person whom the master of any ship is under the authority of this Act or any law compelled to take on board and convey, and every person who goes to sea in any ship without the consent of the master or owner or other person entitled to give such consent, shall so long as he remains in such ship, be subject to the same laws and regulations for preserving discipline, and to the same penalties and punishments for offences constituting or tending to a breach of discipline, to which he would be subject if he were a member of the crew and had signed the agreement.

[Master or owner may apprehend deserters without warrant.]

CCV. Whenever, either at the commencement or during the progress of any voyage, any seaman or apprentice neglects or refuses to join, or deserts from or refuses to proceed to sea in any ship in which he is duly engaged to serve, or is found otherwise absenting himself therefrom without leave, the master or any mate, or the owner, ship's husband or consignee, may, with or without the assistance of Police officers, who are hereby directed to give the same if required,

[অপরাধের কথা রাজকীয় টপনামায় লেখা যাইবার ও অপরাধির নিকটে তাহা পাঠ করা যাইবার কিম্বা তাহাকে প্রতিলিপি দিবার ও তাহাতে সে উত্তর করিলে তাহাও লিখিবার কথা।]

২০৩ ধারা। পূর্ব্ব ধারার লিখিত কোন অপরাধ করা গেলে, সেই কথা রাজকীয় টপনামায় লিখিতে হইবে ও তাহাতে অধ্যক্ষ ও মালিম কিম্বা নাবিকেরদের এক জন স্বাক্ষর করিবে। ও অপরাধী যদি তৎকালে জাহাজে থাকে, তবে জাহাজ তৎপরে যে সময়ে কোন বন্দরে পঁহুছিবে তাহার পূর্ব্বে, কিম্বা তৎকালে জাহাজ কোন বন্দরে থাকিলে সেই বন্দরহইতে ছাড়িয়া যাইবার আগে, ঐ অপরাধিকে টপনামার লিখিত কথার প্রতিলিপি দেওয়া যাইবে, কিম্বা সেই কথা তাহার নিকটে স্পষ্ট ও শ্রাব্যরূপে পাঠ করা যাইবে। তাহাতে সে যে উত্তর করিতে চাহে করিতে পারিবে। আরও ঐ লিখিত কথার প্রতিলিপি তাহাকে দেওয়া গিয়াছে, কিম্বা তাহা উক্ত প্রকারে তাহার নিকট পাঠ করা গিয়াছে এই কথা, ও অপরাধী কিছু উত্তর করিলে তাহার সেই উত্তর উক্ত প্রকারে টপনামায় লেখা যাইবে, ও তাহাতে স্বাক্ষর করা যাইবে, ও তাহার পর কোন মোকদ্দমা হইলে এই ধারাতে যে কথা লিখিবার আজ্ঞা হইয়াছে তাহা উপস্থিত করা যাইতে পারিলে উপস্থিত করা যাইবে কিম্বা তাহার প্রমাণ করা যাইবে, ও সেই প্রকারে উপস্থিত না করা গেলে কি তাহার প্রমাণ না হইলে, যে আদালত ঐ মোকদ্দমা শুনেন সেই আদালত আপনার বিবেচনামতে ঐ অপরাধের প্রমাণ লইতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

[যে নাবিকদিগকে অধ্যক্ষদের লইয়া যাওয়া আবশ্যক ও যাহারা অনুমতি বিনা জাহাজে যায়, তাহাদের সুশাসনের বিধি লঙ্ঘনের দণ্ড হইবার কথা।]

২০৪ ধারা। কোন জাহাজের অধ্যক্ষ এই আইনের কিম্বা কোন আইনের শক্তিক্রমে সমুদ্রে গমনশীল যে লোককে জাহাজে লইয়া যাইতে বদ্ধ হন, ও অধ্যক্ষের কিম্বা স্বামির স্থানে কিম্বা জাহাজে যাইবার অনুমতি দিবার ক্ষমতাপন্ন অন্য ব্যক্তির স্থানে যে কেহ অনুমতি না পাইয়া কোন জাহাজে সমুদ্রে যায়, সেই ব্যক্তি আপনি নাবিক হইয়া নিয়মপত্রে স্বাক্ষর করিলে তাহার সুশাসন রক্ষা করিবার যে সকল আইন ও বিধি মানিতে হইত, যত কাল জাহাজে থাকে তত কাল সেই আইন ও বিধি মানিবে, ও যাহাতে সুশাসনের লংঘন হয় কি হইতে পারে এমত অপরাধ করিলে নাবিকের যে অর্থদণ্ড ও দণ্ড হইতে পারে তাহারও সেই অর্থদণ্ড ও দণ্ড হইবে ইতি।

[আজ্ঞাপত্র বিনা পলাতকদিগকে ধৃত করিবার কথা।]

২০৫ ধারা। কোন নাবিক কি শিক্ষার্থী নিয়মিতরূপে যে কোন জাহাজে সমুদ্রে যাইতে নিযুক্ত হইয়াছে, সে যদি জাহাজের কোন যাত্রার আরম্ভে কি যাত্রার কোন সময়ে জাহাজে যাইতে শৈথিল্য করে কি স্বীকার না করে, কি জাহাজহইতে পলায় কিম্বা ঐ জাহাজে সমুদ্রে যাইতে স্বীকার না করে, কিম্বা ছুটী না পাইয়াও অন্য প্রকারে অনুপস্থিত থাকে, তবে অধ্যক্ষ কি কোন মালিম, কি স্বামী, কি জাহাজের কর্ম্মকর্ত্তা, কি কানসাইনী, আজ্ঞাপত্র বিনা পোলীসের কার্য্যকারকদের সাহায্য লইয়া কি তাহা

apprehend him without first procuring a warrant; and may thereupon in any case, and shall, in case he so requires and it is practicable, convey him before some Court capable of taking cognizance of the matter, to be dealt with according to law; and may for the purpose of conveying him before such Court detain him in custody for a period not exceeding twenty-four hours or such shorter time as may be necessary; or may, if he does not so require or if there is no such Court at or near the place, at once convey him on board. If any such apprehension appears to the Court before which the case is brought to have been made on improper or on insufficient grounds, or if it shall appear that any such neglect, refusal or absence was owing to a reasonable apprehension that the ship is in such a state or so loaded as to endanger the life of the seaman or apprentice, the master, mate, owner, ship's husband or consignee who makes the apprehension or causes the same to be made, shall incur a penalty not exceeding two hundred rupees; but such penalty, if inflicted, shall be a bar to any suit for false imprisonment in respect of such apprehension.

[Deserters may be sent on board in lieu of being imprisoned.]

CCVI. Whenever any seaman or apprentice is brought before any Court on the ground of his having neglected or refused to join, or to proceed to sea in any ship in which he is engaged to serve, or of having deserted or otherwise absented himself therefrom without leave, such Court may, if the master or the owner or his agent so requires, instead of committing the offender to prison, cause him to be conveyed on board for the purpose of proceeding on the voyage, or deliver him to the master or any mate of the ship, or the owner or his agent to be by him so conveyed, and may in such case order any costs and expenses properly incurred by or on behalf of the master or owner by reason of the offence to be paid by the offender, and if necessary to be deducted from any wages which he has then earned, or which by virtue of his then existing engagement he may afterwards earn.

[Seamen imprisoned for desertion or breach of discipline, may be sent on board before termination of sentence.]

CCVII. If any seaman or apprentice is imprisoned on the ground of his having neglected or refused to join, or to proceed to sea in any ship in which he is engaged to serve, or of having de-

বিনা তাহাকে ধৃত করিতে পারিবেন। ও পোলীসের কর্ম্মকারকদের সাহায্য চাহিলে এই ধারাক্রমে তাঁহাদের সাহায্য করিবার আজ্ঞা হইল। ও ঐ নাবিককে লইয়া আইনমতে কার্য্য হয় এই কারণে তাহাকে ঐ বিষয়ের বিচার করিবার ক্ষমতাপন্ন কোন আদালতে লইয়া যাইতে পারিবেন, কিম্বা সেই নাবিক আপনি চাহিলে, ও আদালতে লইয়া যাইতে পারিলে, অবশ্য লইয়া যাইবেন। ও সেই আদালতে প্রেরণ করিবার জন্যে তাহাকে চব্বিশ ঘন্টার অনধিক কিম্বা তাহার ন্যূন যত কাল আবশ্যক তত কাল আসেধে রাখিতে পারিবেন। কিম্বা যদি সেই লোক তদ্রূপ প্রার্থনা না করে, কিম্বা সে স্থানে কি তন্নিকটে সেই প্রকারের আদালত না থাকে, তবে তাহাকে একেবারে জাহাজে লইয়া যাইবেন। ঐ বিষয় যে আদালতে উপস্থিত করা যায় সেই আদালত যদি ঐ নাবিককে অনুপযুক্ত কিম্বা অপ্রচুর কারণে ধৃত করা গিয়াছে বোধ করেন, অথবা জাহাজের অবস্থা দৃষ্টে কিম্বা জাহাজে যদ্রূপে মাল বোঝাই করা গেল তদ্বিবেচনায় ঐ নাবিক কি শিক্ষার্থী প্রাণআশঙ্কার যুক্তিমত সম্ভাবনাপ্রযুক্ত সেইরূপ শৈথিল্য কি অস্বীকার করিয়াছে কি অনুপস্থিত হইয়াছে ইহা যদি দৃষ্ট হয়, তবে যে অধ্যক্ষ, কি মালিম, কি স্বামী, কি জাহাজের যে কর্ম্মকর্ত্তা, কি কানসাইনী তাহাকে ধৃত করিয়াছিলেন কি করাইয়াছিলেন, তাঁহার দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু যদি সেই অর্থদণ্ডের আজ্ঞা হয়, তবে আসেধপ্রযুক্ত অকারণে কারাবদ্ধ করিবার নালিশ হইতে পারিবে না ইতি।

[পলাতকদিগকে কারাবদ্ধ না করিয়া জাহাজে পাঠান যাইবার কথা।]

২০৬ ধারা। কোন নাবিক কি শিক্ষার্থী যে জাহাজে সমুদ্রে যাইতে নিয়মিতরূপে ভর্ত্তি হইয়াছে সেই জাহাজে যাইতে শৈথিল্য করিয়াছে কি যাইতে স্বীকার করে না, কিম্বা সমুদ্রে যাইতে স্বীকার করে না, কি পলাইয়াছে, কিম্বা ছুটী না লইয়া প্রকারান্তরে অনুপস্থিত হইয়াছে বলিয়া, যদি তাহাকে কোন আদালতের সম্মুখে আনা যায়, তবে অধ্যক্ষ কি স্বামী কি তাঁহার মোক্তার প্রার্থনা করিলে, ঐ আদালত সেই অপরাধিকে কারাবদ্ধ না রাখিয়া, তাহাকে যাত্রায় যাইবার নিমিত্তে জাহাজে চালান করিতে পারিবেন, কিম্বা সেই প্রকারে চালান করিবার নিমিত্তে তাহাকে অধ্যক্ষের কি জাহাজের কোন মালিমের কিম্বা স্বামির কি তাঁহার মোক্তারের হাতে অর্পণ করিবেন। এমত স্থলে, ঐ অপরাধপ্রযুক্ত অধ্যক্ষের কি স্বামির, কিম্বা তাঁহারদের পক্ষে, উপযুক্তমতে যে খরচ হইয়া থাকে, তাহা ঐ অপরাধির দিতে আজ্ঞা করিবেন। ও যদি আবশ্যক হয়, তবে তৎকালে তাহার প্রাপ্য বেতনহইতে, কিম্বা তৎকালে তাহার যে নিয়মপত্র থাকে তৎক্রমে তাহার যে বেতন পরে প্রাপ্য হইবে, তাহাহইতে ঐ টাকা কাটিয়া লইবার আজ্ঞা করিবেন ইতি।

[কোন নাবিক পলাতক হইয়া কি সুশাসনের বিধি লঙ্ঘন করিয়া কারাবদ্ধ হইলে তাহার কারাবাসের কাল শেষ হইবার আগে তাহাকে জাহাজে পাঠাইবার কথা।]

২০৭ ধারা। কোন নাবিক কি শিক্ষার্থী যে জাহাজে সমুদ্রে যাইতে নিয়ম করিয়াছে, সেই জাহাজে যাইতে শৈথিল্য করণ, কি স্বীকার না করণ, কিম্বা সমুদ্রে যাইতে স্বীকার না করণ, কিম্বা পলায়ন, কি ছুটী না

serted or otherwise absented himself therefrom without leave, or of his having committed any other breach of discipline, and if during such imprisonment and before his engagement is at an end, his services are required on board his ship, any Magistrate may, at the request of the master or of the owner or his agent, cause such seaman or apprentice to be conveyed on board his said ship for the purpose of proceeding on the voyage, or to be delivered to the master or any mate of the ship, or to the owner or his agent, to be by him so conveyed notwithstanding that the termination of the period for which he was sentenced to imprisonmet has not arrived. The officer in charge of the gaol in which such seaman or apprentice is confined, shall obey all orders given by a Magistrate under this Section.

[Entries and certificates of desertion abroad to be copied, sent home, and admitted in evidence.]

CCVIII. In all cases of desertion from any ship registered at a port or place in British India, while such ship is at any place out of British India, the master shall produce the entry of such desertion in the official log-book to the person or persons required by the Merchant Shipping Act, 1854, to endorse on the agreement a certificate of such desertion. Such person or persons shall thereupon make and certify a copy of such entry and also a copy of the said certificate of desertion. The master shall forthwith transmit such copies to the Superintendent of the Mercantile Marine Officer at the port where such seaman was engaged, who shall, if required, cause the same to be produced in any legal proceeding. Such copies, if purporting to be so made and certified as aforesaid, shall in any legal proceeding relating to such desertion be received as evidence of the entries therein appearing.

[Facilities for proving desertion so far as concerns forfeiture of wages.]

CCIX. Whenever a question arises whether the wages of any seaman or apprentice are forefeited for desertion, it shall be sufficient for the party insisting on the forfeiture to show that such seaman or apprentice was duly engaged in, or that he belonged to the ship from which he is alleged to have deserted, and that he quitted such ship before the completion of the voyage or engagement, or if such voyage was to terminate at any port or place in British India and the ship has not returned, that he is absent from her, and that an entry of the desertion has been duly made in the official log-book. Thereupon the desertion shall, so far as relates to any forfeituer

লইয়া প্রকারান্তরে অনুপস্থিত হওন কিম্বা প্রকারান্তরে সুশাসনের বিধি লঙ্ঘনপ্রযুক্ত যদি তাহাকে কারাবদ্ধ করা যায়, ও সেই কারাবদ্ধ থাকিবার কালে, ও তাহার কর্ম্মের নিয়মের কাল অতীত হইবার আগে, যদি জাহাজে তাহার প্রয়োজন হয়, তবে অধ্যক্ষের কি স্বামির কি তাঁহার মোক্তারের প্রার্থনা হইলে, ঐ নাবিকের কি শিক্ষার্থির যত কাল করাবদ্ধ থাকিবার আজ্ঞা হইয়াছে সেই কাল অতীত না হইলেও, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে ঐ যাত্রায় গমনের নিমিত্তে উক্ত জাহাজে চালান করিতে পারিবেন, কিম্বা সেই প্রকারে চালান হইবার জন্যে তাহাকে ঐ জাহাজের অধ্যক্ষের কি কোন মালিমের কিম্বা স্বামির কি তাঁহার মোক্তারের হাতে অর্পণ করিতে পারিবেন, মাজিষ্ট্রেট সাহেব এই ধারামতের যে সকল আজ্ঞা করেন ঐ নাবিক কি শিক্ষার্থি যে কারাগারে বদ্ধ থাকে তাহার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক তাহা মান্য করিবেন ইতি।

[বিদেশে পলায়ন করিবার যে কথা টপনামায় লেখা যায় তাহার, ও সর্টিফিকটের প্রতিলিপি স্বদেশে পাঠাইবার, ও প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবার কথা।]

২০৮ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যে জাহাজের রেজিষ্টরী হইয়াছে, ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে থাকনকালে যদি ঐ জাহাজের কোন লোক পলায়, তবে রাজকীয় টপনামায় তাহার পলায়নের যে কথা লেখা যায় বাণিজ্য জাহাজের ১৮৫৪ সালের আইনমতে নিয়মপত্রের পৃষ্ঠে তাহার পালাইবার সর্টিফিকট যে ব্যক্তির কি ব্যক্তিদের প্রতি লিখিবার আজ্ঞা হয়, অধ্যক্ষ টপনামার লিখিত ঐ কথা তাঁহার কি তাঁহারদের নিকটে দেখাইবেন। তাহাতে সেই ব্যক্তি কি ব্যক্তিরা ঐ টপনামার লিখিত কথার প্রতিলিপি ও পলাইবার উক্ত সর্টিফিকটেরও প্রতিলিপি করিয়া স্বাক্ষর করিবেন। সেই নাবিক যে বন্দরে জাহাজে ভর্ত্তি হইয়াছিল, অধ্যক্ষ সেই বন্দরের মরকান্টাইল মরীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে ঐ প্রতিলিপি অগৌণে পাঠাইবেন, ও তিনি প্রয়োজনমতে সেই প্রতিলিপি কোন মোকদ্দমাতেও দেখাইবেন। সেই পলায়নসম্পর্কীয় কোন মোকদ্দমাতে ঐ প্রতিলিপি উক্ত প্রকারে করা গেল ও স্বাক্ষর করা গেল বলিয়া উপস্থিত করা গেলে ঐ প্রতিলিপির লিখিত কথার প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবে ইতি।

[বেতন দণ্ডসম্পর্কে পলায়নের প্রমাণ করিবার উপায়ের কথা।]

২০৯ ধারা। কোন নাবিকের কি শিক্ষার্থির পলায়ন করাপ্রযুক্ত বেতনদণ্ড কর্ত্তব্য কি না যদি এই বিষয়ের বিবাদ হয়, তবে যে ব্যক্তি ঐ বেতনদণ্ড কর্ত্তব্য কহেন তিনি এই২ কথা দর্শাইতে পারিলে প্রচুর হইবে, অর্থাৎ যে জাহাজহইতে ঐ নাবিকের কি শিক্ষার্থির পলাইবার কথা ব্যক্ত হইয়াছে সে সেই জাহাজে নিয়মমতে ভর্ত্তি হইয়া, কিম্বা সেই জাহাজের লোক হইয়া সেই জাহাজের যাত্রার শেষ না হইলে কিম্বা সেই নিয়মের কাল অতীত না হইলেও ঐ জাহাজ ছাড়িয়া গিয়াছিল, কিম্বা যদি ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে পঁহুছিলে ঐ যাত্রার শেষ হইবার নিয়ম হইয়া থাকে, তবে জাহাজ সেই স্থানে না পঁহুছিলেও ঐ লোককে জাহাজে পাওয়া গেল না ও রাজকীয় টপনামায় তাহার পলাইবার কথা নিয়মিত-

of wages or emoluments under the provisions hereinbefore contained, be deemed to be proved, unless the seaman or apprentice can produce a proper certificate of discharge, or can otherwise show to the satisfaction of the Court that he had sufficient reasons for leaving his ship.

Explanation.—By desertion the wages for the whole voyage which was not completed at the time of the desertion are forfeited, but not the wages of any other completed voyage.

[Costs of procuring imprisonment may to the extent of thirty rupees be deducted from wages.]

CCX. Whenever, in any proceeding relating to seaman's wages, it is shown that any seaman or apprentice has in the course of the voyage been convicted of any offence by any competent tribunal and rightfully punished therefor by imprisonment or otherwise, the Court hearing the case may direct a part of the wages due to such seaman, not exceeding thirty rupees, to be applied in reimbursing any costs property incurred by the master in procuring such conviction and punishment.

[Ascertainment of amount of forfeiture when seamen contract for the voyage.]

CCXI. Whenever any seaman contracts for wages by the voyage, or by the run, or by the share, and not by the month or other stated period of time the amount of forfeiture to be incurred under this Act shall be taken to be an amount bearing the same proportion to the whole wages or share as the period hereinbefore mentioned in fixing the amount of such forfeiture (as the case may be) bears to the whole time spent in the voyage. If the whole time spent in the voyage does not exceed the period for which the pay is to be forfeited, the forfeiture shall extend to the whole wages or share.

[Application of forfeitures.]

CCXII. All clothes, effects, wages and emoluments which under the provisions hereinbefore contained are forfeited for desertion, shall be applied in the first instance in or towards the reimbursement of the expenses occasioned by such desertion to the master or owner of the ship from which the desertion has taken place, and may, if earned subsequently to the desertion, be recovered by such master, or by the owner or his agent, in the same manner as the deserter might have recovered the same if they had not been

রূপে লেখা হইয়াছে। যদি এই সকল কথা দেখাইতে পারেন, তবে এই আইনের লিখিত বিধানমতে তাহার বেতন কি উপরি টাকা দণ্ড হওয়ার উপলক্ষে ঐ কথা তাহার পলায়নের প্রমাণ জ্ঞান হইবে। যদি ঐ নাবিক কি শিক্ষার্থী বিদায় হইবার উপযুক্ত সর্টিফিকট দেখাইতে পারে, কিম্বা তাহার জাহাজ ছাড়িবার উপযুক্ত কারণ ছিল, ইহা যদি প্রকারান্তরে আদালতের হৃদ্বোধমতে দর্শাইতে পারে, তবে তাহার বেতন দণ্ড হইবে না ইতি।

ব্যাখ্যা। জাহাজের যে যাত্রাকালে পলায়ন করা যায়, সেই যাত্রা সম্পূর্ণরূপে সমাপ্ত না হইয়া যদি নাবিক পলায়ন করে, তবে সেই যাত্রার বেতন পাইবে না। অন্য যে যাত্রা পূর্ব্বে সমাপ্ত হইয়াছে তাহার বেতন জব্দ হইবে না।

[কারাবদ্ধ করাইবার ত্রিশ টাকাপর্য্যন্ত খরচ বেতন হইতে কাটিয়া লইবার কথা।]

২১০ ধারা। নাবিকদের বেতন সম্পর্কীয় কোন মোকদ্দমাতে যদি ইহা দর্শান যায় যে জাহাজের যাত্রাকালে কোন নাবিকের কি শিক্ষার্থির কোন দোষ উপযুক্ত কোন আদালতে সপ্রমাণ হইয়াছে, ও তৎপ্রযুক্ত তাহার ন্যায্যমতে কারাবদ্ধ কি অন্য কোন দণ্ড হইয়াছে, তবে যে আদালত ঐ মোকদ্দমার বিচার করেন তিনি ঐ নাবিকের পাওনা বেতনের ত্রিশ টাকাপর্য্যন্ত কাটিয়া লইয়া, ঐ দোষ সপ্রমাণ করাইবার ও দণ্ড করাইবার জন্যে অধ্যক্ষের যুক্তিসিদ্ধ যত খরচ হইয়াছে তাহার পরিশোধ করা যায় এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[নাবিকেরা যাত্রার নিমিত্তে চুক্তি করিলে তাহাদের যে বেতন দণ্ড করিতে হইবে তাহা নিরূপণের কথা।]

২১১ ধারা। যদি কোন নাবিক মাসে২ কিম্বা নিরূপিত অন্য কালে বেতন লইবার নিয়ম না করিয়া, যাওয়া আসার কালের নিমিত্তে, কি এক স্থানহইতে অন্য স্থানে যাইবার কালের নিমিত্তে, কিম্বা অংশের হিসাবে চুক্তি করিয়া থাকে, তবে এই আইনমতে যত বেতন দণ্ড হইবে ইহার হিসাব করিবার নিয়ম এই। বিষয়বিশেষে যত বেতনদণ্ড হইবে তন্নিরূপণার্থ যে কাল পূর্ব্বে ব্যক্ত হইয়াছে তাহা ঐ যাত্রার সমুদয় কালের যে অংশ হয় তদনুসারে হিসাব করিয়া সমুদয় বেতনের কি অংশের এক ভাগের দণ্ড হইবে। ও যত কালের বেতন দণ্ড হইবে তাহাহইতে যদি ঐ যাওয়া আসার সমুদয় কাল অধিক না হয়, তবে সমুদয় বেতন কি অংশ দণ্ড হইবে ইতি।

[দণ্ডিত দ্রব্য লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

২১২ ধারা। পূর্ব্ব বিধানমতে পলায়ন করাপ্রযুক্ত যে সকল বস্ত্র ও দ্রব্যসামগ্রী ও বেতন ও উপরি টাকা দণ্ড হয় যে জাহাজহইতে পলায়ন হইয়াছে, ঐ পলায়নপ্রযুক্ত সেই জাহাজের অধ্যক্ষের কি স্বামির যে অর্থ ব্যয় হইল ঐ টাকাতে প্রথমে তাহার পরিশোধ হইবে, কি তাহা পরিশোধের নিমিত্তে দেওয়া যাইবে। পলায়ন করিবার পরে যদি তাহার সেই বেতনপ্রভৃতি প্রাপ্য হয়, তবে দণ্ড না হইলে ঐ পলাতক যে প্রকারে তাহা আদায় করিতে পারিত, সেই প্রকারে ঐ অধ্যক্ষ কি স্বামী কিম্বা তাঁহার একেণ্ট তাহা আদায় করিতে পারিবেন। ও সেই বেতনসম্পর্কীয় কোন মোকদ্দমা

forfeited; and in any legal proceeding relating to such wages, the Court may order the same to be paid accordingly; and subject to such re-imbursement, the same shall be paid into the public treasury and carried to the account of Government. In all other cases of forfeiture of wages under the provisions hereinbefore contained, the forfeiture shall, in the absence of any specific directions to the contrary, be for the benefit of the master or owner by whom the wages are payable.

[Questions of forfeiture may be decided in suits or wages.]

CCXIII. Any question concerning the forfeiture or deductions from the wages of any seaman or apprentice, may be determined in any proceeding lawfully instituted with respect to such wages, notwithstanding that the offence in respect of which such question arises, though hereby made punishable by imprisonment as well as forfeiture, has not been made the subject of any criminal proceeding.

[Penalty for false statement as to last ship or name.]

CCXIV. If any seaman, on or before being engaged, wilfully and fraudulently makes a false statement of the name of his last ship or last alleged ship, or wilfully and fraudulently makes a false statement of his own name, he shall incur a penalty not exceeding fifty rupees. Such penalty may be deducted from any wages he may earn by virtue of such engagement as aforesaid, and shall, subject to re-imbursement of the loss and expenses (if any) occasioned by any previous desertion, be paid and applied in the same manner as other penalties payable under this Act.

[Fines to be deducted from wages and paid to Superintendent.]

CCXV. Whenever any seaman commits an act of misconduct for which his agreement imposes a fine, and which it is intended to punish by enforcing such fine, an entry thereof shall be made in the official log-book, and a copy of such entry shall be furnished or the same shall be read over to the offender, and an entry of such reading over, and of the reply (if any) made by the offender, shall be made in the manner and subject to the conditions hereinbefore specified with respect to the offences against discipline specified in and punishable under this Act. Such fine shall be deducted and paid over as follows; (that is to say), if the offender is discharged at any port or place in British India, and the offence and other entries in respect thereof as aforesaid are proved, in the case of a foreign-going ship to the satisfaction of

হইলে, আদালত তদনুসারে সেই বেতন প্রভৃতি দিবার আজ্ঞা করিতে পারিবেন। ও সেইরূপে পরিশোধের অপেক্ষায়, ঐ টাকা রাজকীয় ত্রেজুরীতে গচ্ছিত করা যাইবে ও গবর্ণমেণ্টের খাতে জমা হইবে। পূর্ব্বলিখিত বিধানমতে অন্য কোন প্রকারে যে বেতন দণ্ড হয় বিশেষ আজ্ঞা না থাকিলে, যে অধ্যক্ষের কি স্বামির ঐ বেতন দিতে হইত তাঁহারই প্রাপ্তি হইবে ইতি।

[বেতন পাইবার মোকদ্দমাতে দণ্ডের কথা নিষ্পত্তি হইবার কথা।]

২১৩ ধারা। কোন নাবিকের কি শিক্ষার্থির বেতন দণ্ড করিবার কি কাটিবার বিষয়ে বিবাদ হইলে, ঐ বিবাদ যে অপরাধের উপলক্ষে উত্থিত হয়, তজ্জন্যে এই আইনে সম্পত্তিদণ্ড সহিত কারাদণ্ড নিরূপণ হইলেও সেই অপরাধ হেতুক ফৌজদারী মোকদ্দমা না হইলেও বেতনের নিমিত্তে আইনমত উপস্থিত কোন মোকদ্দমাতে ঐ বিবাদের নিষ্পত্তি হইতে পারিবে ইতি।

[জাহাজের কি নামের কোন মিথ্যা কথা কহিবার দণ্ডের কথা।]

২১৪ ধারা। কোন নাবিক নিয়মক্রমে ভর্ত্তি হইবার সময়ে কি তৎপুর্ব্বে শেষে যে জাহাজে কর্ম্ম করিয়াছিল কি তাহার কথামতে যে জাহাজে কর্ম্ম করিয়াছিল যদি ঐ জাহাজের কোন মিথ্যা নাম কিম্বা ইচ্ছাপুর্ব্বক ও প্রতারণা করিয়া আপনার কোন মিথ্যা নাম জানায়, তবে তাহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। ও উক্তমতে ভর্ত্তি হওয়াতে তাহার পরিশ্রমজন্যে যে বেতন পাওনা হয়, তাহাহইতে ঐ দণ্ডের টাকা বাদ দেওয়া যাইতে পারিবে। যদি কোন জাহাজহইতে পুর্ব্বে পলায়ন করিয়া থাকে, তবে তাহাতে যে ক্ষতি ও ব্যয় হয় তাহা পরিশোধ করিয়া এই আইনমতের অন্য দণ্ডের টাকা লইয়া যেরূপে করিতে হয়, ঐ দণ্ডেরও টাকা লইয়া সেইরূপ করিতে হইবে ইতি।

[অর্থদণ্ডের টাকা বেতনহইতে বাদ দিয়া সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে দিবার কথা।]

২১৫ ধারা। কোন নাবিক দোষ করিলে যদি নিয়মপত্রমতে তাহার সেই দোষ হেতুক অর্থদণ্ড দিতে হয়, ও সেই দণ্ডের টাকা আদায় করিবার অভিপ্রায় থাকে, তবে সেই কথা রাজকীয় টপনামায় লিখিতে হইবে। ও সেই টপনামার লিখিত কথার প্রতিলিপি ঐ অপরাধিকে দেওয়া যাইবে, কিম্বা তাহার নিকটে পাঠ করা যাইবে। এই আইনের নির্দ্দিষ্ট ও এই আইনমতে দণ্ডনীয় সুশাসনলঙ্ঘন অপরাধ বিষয়ে যে নিয়ম হইয়াছে সেই নিয়মাধীনে ও তদনুসারে অপরাধির নিকট ঐ অপরাধের লিখিত কথা পাঠ করা গেল এই কথা ও যে উত্তর করিলে ঐ উত্তর লিখিতে হইবে। সেই অর্থদণ্ডের টাকা বেতনহইতে বাদ দিয়া এইং প্রকারে প্রয়োগ হইবে, অর্থাৎ যদি অপরাধী ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে বিদায় হয়, ও ভিন্নদেশগমনীয় জাহাজ হইলে যে মরকাণ্টাইল মারিন আফিসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে অপরাধিকে বিদায় করা যায় যদি তাঁহার বোধমতে, ও [illegible]

[Authority to surveyors to go on board steamers for the purpose of surveying. Penalty for hindering them in making the survey, or withholding required information.]

CCXXXVII. It shall be lawful for the said surveyors in the execution of their duties to go on board any steam-vessel liable to be surveyed under this Chapter, as soon as reasonably may be after the arrival of such steam-vessel in any port, harbour, river or water to which this Chapter applies, but not so as unnecessarily to hinder the loading or unloading of such steam-vessel, or to detain or delay her from proceeding on any voyage or service, and to inspect such steam-vessel or any part thereof and any of the machinery, equipments, or articles on board thereof. The owner, master, and officers serving on board of such vessel shall be bound to afford to the surveyors all reasonable facility for such inspection or survey, and to afford them all such imformation respecting such vessel and her machinery and equipments, or any part thereof, respectively, as may be reasonably required by the surveyors. Any person who shall refuse access to the surveyors, or shall otherwise hinder them in the performance of their duty, or shall refuse or neglect to give any information which may reasonably be required of them and which they have it in their power to give, shall be liable for each offence to a penalty of five hundred rupees, or to one month's imprisonment.

[Surveyors to grant certificate and declaration when they can with propriety do so.]

CCXXXVIII. When any survey is made under this Chapter, the surveyors making such survey shall forthwith, if satisfied that they can with propriety do so, and on payment by the owner or master of the fees hereinafter mentioned, give to the owner or master of the steam-vessel surveyed, a certificate and declaration signed by them and framed as nearly as the circumstances of each case will admit in the form set forth in the fourth Schedule to this Act.

[No clearance to be given to a steamer for a voyage for which she has not got a certificate from the surveyors.]

CCXXXIX. No officer of Customs shall grant a clearance, nor shall any pilot be assigned to any steam-vessel liable to be surveyed under this Chapter, which shall not have been duly furnished with a certificate and declaration under the provisions of this Chapter, applicable to the voyage on which she is about to proceed or the service on which she is about to be employed. If any steam-

[অনুসন্ধান করণার্থে ষ্টীমরে সরবেয়রদের যাইবার ক্ষমতার কথা। ও সেই কার্য্যে তাঁহাদের বাধা দিবার কিম্বা প্রয়োজনীয় সংবাদ না দিবার দণ্ডের কথা।]

২৩৭ ধারা। এই অধ্যায়মতে যে ষ্টীমরের অবস্থার অনুসন্ধান করা যাইতে পারে এই অধ্যায় যে বন্দরের কি বন্দরবাড়ীর কি নদীর কি জলের প্রতি বর্ত্তে তাহাতে সেই ষ্টীমর পঁহুছিলে পর, ঐ সরবেয়রেরা যুক্তিমতে যত ত্বরায় হইতে পারে ঐ ষ্টীমরে আপনাদের কর্ম্ম করিবার জন্যে যাইতে পারিবেন। কিন্তু ইহাতে সেই ষ্টীমরে মাল তুলিবার কি তাহাহইতে নামাইবার অনাবশ্যক্রমতে বাধা না জন্মে কিম্বা সেই ষ্টীমর কোন স্থানে কি কোন কর্ম্মোপলক্ষে গমনোদ্যত হইলে তাহার অনাবশ্যকমতে আটক কি বিলম্ব না হয়। তাঁহারা ঐ ষ্টীমর কি তাহার কোন অংশ কিম্বা তদন্তঃর্গত কোন কল কি সরঞ্জাম কি দ্রব্য দৃষ্টি করিতে পারিবেন। সরবেয়রদের সেই দৃষ্টি কি অনুসন্ধান কার্য্যে ঐ জাহাজের স্বামী ও অধ্যক্ষ ও মালিমপ্রভৃতি কর্ম্মকারক সর্ব্ব প্রকারে ঐ সরবেয়রদের যুক্তিমত সাহায্য করিতে বদ্ধ আছেন ও সরবেয়রেরা ঐ ষ্টীমরের ও তাহার কলের ও সরঞ্জামের কি তাহার কোন অংশের যে কোন কথা যুক্তিমতে অবগত হইতে চাহেন তাহা অবশ্য জ্ঞাত করিবেন। যদি কোন ব্যক্তি ঐ সরবেয়রদিগকে যাইতে না দেন কিম্বা প্রকারান্তরে তাঁহাদের কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিবার বাধা দেন কিম্বা তাঁহারা যুক্তিমতে যে কথা জিজ্ঞাসা করিতে পারেন তাহা জ্ঞাত করিতে পারিলেও যদি জ্ঞাত করিতে অস্বীকার কি ত্রুটি করেন, তবে সেই ব্যক্তির তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকা দণ্ড কি এক মাস কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[সরবেয়রেরা সর্টিফিকট ও জ্ঞাপনপত্র উপযুক্তমতে দিতে পারিলে তাঁহাদের তাহা দিবার কথা।]

২৩৮ ধারা। যখন এই অধ্যায়মতে অবস্থার অনুসন্ধান কার্য্য করা যায় তখন যে সরবেয়রেরা অনুসন্ধান লইয়াছেন তাঁহারা সর্টিফিকট ও প্রতিজ্ঞাপত্র উপযুক্তমতে দিতে পারেন ইহা স্ববোধমতে জ্ঞাত হইলে যে ষ্টীমরের অবস্থার অনুসন্ধান হইয়াছে তাহার স্বামী কি অধ্যক্ষ পশ্চাৎলিখিত ফী দিলে পর তাঁহাকে আপনাদের স্বাক্ষরিত সর্টিফিকট ও জ্ঞাপনপত্র দিবেন. সেই সর্টিফিকট ও জ্ঞাপনপত্র, বিষয় বুঝিয়া এই আইনের চতুর্থ তফসীলের নির্দ্দিষ্ট পাঠে কি তদনুসারে লিখিতে হইবে ইতি।

[সরবেয়রদের সর্টিফিকট না হইলে ষ্টীমরের কোন স্থানে গমনের অনুমতিপত্র প্রাপ্ত না হইবার কথা।]

২৩৯ ধারা। এই অধ্যায়মতে যে কোন ষ্টীমরের অবস্থার অনুসন্ধান হইতে পারে সেই ষ্টীমর কোন স্থানে গমন করিতে উদ্যত, কি কোন কর্ম্মোপলক্ষে নিযুক্ত হইলে সেই গমন কি কর্ম্ম বিষয়ে যাহা বর্ত্তিতে পারে এই অধ্যায়ের বিধানমতে এমত সর্টিফিকট ও জ্ঞাপনপত্র নিয়মিতরূপে প্রাপ্ত না হইলে কষ্টমের কোন কর্ম্মকারক ঐ ষ্টীমরের গমন করিবার অনুমতিপত্র দিবেন না, ও কোন আড়কাটী সেই ষ্টীমরে নিযুক্ত

vessel liable to be surveyed under this Chapter shall leave or attempt to leave any port, harbour, river or water to which this Chapter applies, without such certificate and declaration applicable to the voyage on which she is about to proceed or the service on which she is about to be employed, the owner or master of such steam-vessel shall be liable to a fine not exceeding one thousand rupees for each offence; and if there be any officer of Customs or any pilot on board of such steam-vessel, he may detain her until she is duly furnished with such certificate and declaration.

[Master or officer who is a licensed pilot attempting to take his ship out of port without a proper certificate liable to lose his license.]

CCXL. If the commander or any other officer of a tug-steamer or of any other steam-vessel liable to be surveyed under this Chapter is a licensed pilot, and shall leave or attempt to leave any such port, harbour, river or water, in such tug-steamer or steam-vessel without such tug-steamer or steam-vessel being duly furnished with a certificate and declaration under the provisions of this Chapter, applicable to the voyage on which she is about to proceed or the service on which she is about to be employed, such commander or other officer shall be liable to have his license as a pilot taken away from him entirely, or suspended for any period by the Local Government as to such Government may seem fit.

[Special survey may be ordered by Government of any British steamer in port.]

CCXLI. It shall be lawful for the Local Government to give special directions to the surveyors under this Chapter for the survey by them of any British steamer lying in any such port, harbour, river or water and plying between any port in British India and any port or ports whatever, and the provisions of this Chapter shall apply (so far as the same are in any way applicable) to every vessel so specially directed, to be surveyed, and the owner, master, and officers thereof.

[Local Government may make rules as to mode and time of conducting survey.]

CCXLII. The Local Government is hereby empowered to frame rules as to the manner in which the surveys shall be made, and the times and places of such surveys, and the duties of the surveyors: Provided that such rules shall not be inconsistent with the provisions of this Chapter.

হইবেন না। যে বন্দরের কি নঙ্গরবাড়ীর, কি নদীর কি জলের প্রতি এই অধ্যায় বর্ত্তে এই অধ্যায়মতে অনুসন্ধান হইবার যোগ্য কোন ষ্টীমর যে যাত্রায় গমন করিবে কিম্বা যে কর্ম্মোপলক্ষে নিযুক্ত হইল যদি তৎসংক্রান্ত সর্টিফিকট ও প্রতিজ্ঞাপত্র প্রাপ্ত না হইয়াও ঐ বন্দরাদি হইতে গমন করে কি করিতে উদ্যত হয়, তবে সেই ষ্টীমরের স্বামির কি অধ্যক্ষের তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে এক সহস্র টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। যদি সেই ষ্টীমরে কষ্টমের কোন কর্ম্মকারক কি কোন আড়কাটী থাকেন, তবে তদ্রূপ সর্টিফিকট ও প্রতিজ্ঞাপত্র নিয়মিতরূপে প্রাপ্ত না হওয়া পর্য্যন্ত তিনি ঐ ষ্টীমর আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

[উপযুক্ত সর্টিফিকট না হইলেও অধ্যক্ষ কি মালিম অনুমতি প্রাপ্ত আড়কাটী হইয়া বন্দরহইতে জাহাজ লইয়া যাইবার উদ্যোগ করিলে তাঁহার সেই অনুমতিপত্র হরণ হইবার কথা।]

২৪০ ধারা। কোন টগ-ষ্টীমরের (অর্থাৎ অন্য জাহাজ আকর্ষণ কার্য্যে যে ষ্টীমর নিযুক্ত হইয়া থাকে তাহার) কিম্বা এই অধ্যায়মতে অন্য যে ষ্টীমরের অবস্থার অনুসন্ধান করা যাইতে পারে তাহার অধ্যক্ষ কি অন্য কর্ম্মকারক যদি অনুমতিপত্র প্রাপ্ত আড়কাটী হন, এবং সেই টগ-ষ্টীমর কি ষ্টীমর যে যাত্রায় গমন করিতে কি যে কর্ম্মে নিযুক্ত হইতে উদ্যত তাহার প্রতি যাহা বর্ত্তিতে পারে এই অধ্যায়ের বিধানক্রমে এমত সর্টিফিকট ও প্রতিজ্ঞাপত্র নিয়মিতরূপে প্রাপ্ত না হইলেও যদি সেই অধ্যক্ষ কি অন্য কর্ম্মকারক ঐ টগ ষ্টীমরে কি অন্য বাষ্পীয় জাহাজে উক্ত বন্দর কি নঙ্গরবাড়ী কি নদী কি জলহইতে গমন করেন কি করিবার উদ্যোগ করেন, তবে ঐ অধ্যক্ষ কি অন্য কর্ম্মকারক আড়কাটীস্বরূপে যে অনুমতিপত্র প্রাপ্ত হইয়াছেন তাহা স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক একেকালে তাঁহাহইতে লওয়া যাইতে পারিবে কিম্বা উক্ত গবর্ণমেণ্ট যত কাল উচিত বোধ করেন ততকাল স্থগিত হইবে ইতি।

[বন্দরে ব্রিটনীয় ষ্টীমর থাকিলে তাহার অবস্থার বিশেষ অনুসন্ধান বিষয়ে গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।]

২৪১ ধারা। ব্রিটনীয় যে ষ্টীমর উক্ত কোন বন্দরে কি নঙ্গরবাড়ীতে কি নদীতে কি জলে থাকে ও ব্রিটনীয় ভারতবর্ষের ও অন্য কোন বন্দরের মধ্যে গমনাগমন করিয়া থাকে, স্থানীয় গবর্ণমেণ্ট এই অধ্যায়মত সরবেয়রদিগকে সেই ষ্টীমরের অবস্থার অনুসন্ধানের বিষয়ে বিশেষ আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপে যে ষ্টীমরের বিশেষ অনুসন্ধান হইবার আজ্ঞা হয় তাহার প্রতি ও তৎস্বামির ও অধ্যক্ষের ও কর্ম্মকারকদের প্রতি এই অধ্যায়ের বিধান যত দূর বর্ত্তান যাইতে পারে বর্ত্তিবে ইতি।

[অনুসন্ধান করিবার নিয়মের ও সময়ের বিধি স্থানীয় গবর্ণমেণ্টের করিবার কথা।]

২৪২ ধারা। যেরূপে, যে সময়ে ও যে স্থানে অনুসন্ধান করা যাইবে তদ্বিষয়ের ও সরবেয়রদের কর্ত্তব্য কর্ম্মের বিধি করিতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি এতৎক্রমে ক্ষমতা দেওয়া গেল। কিন্তু সেই বিধি এই অধ্যায়ের বিধানের অসঙ্গত না হয় ইতি।

[Penalty for surveyor who receives fees, &c., for making a survey.]

CCXLIII. Any surveyor demanding or receiving directly or indirectly from the owner, master or officer of any ship surveyed by him under the provisions of this Chapter, any fee or remuneration otherwise than as provided by this Chapter shall be liable to dismissal in addition to any other penalty to which he may by law be liable.

[Fees to be paid for every survey made.]

CCXLIV. For every survey made under this Chapter, the owner or master of the steam-vessel surveyed shall pay to the surveyors making the same, a fee calculated on the tonnage of the vessel according to the rates in the fifth Schedule to this Act.

[Certificates to be always hung up in conspicuous part of vessel.]

CCXLV. Each certificate and declaration granted by surveyors under this Chapter shall be hung up and remain at all times suspended in some conspicuous part of the vessel for which the same is granted, where the same may be easily read; and in default of compliance with this provision, every owner or master shall be liable to a penalty not exceeding one hundred rupees for each offence.

[Certificate to be in force only six months: and to be delivered up when expired or revoked. Proviso in case of vessels absent from part when certificate expires.]

CCXLVI. No certificate or declaration shall be held to be in force for the purposes of this Chapter after the expiration of six calendar months from the date thereof: Provided that, if any steam-vessel is absent when her certificate and declaration expire, no penalty shall be incurred for the want of a certificate and declaration, until she first begins to ply or is about to ply after her next subsequent return to any port, harbour, river or water to which this Chapter applies. And the Local Government, or any officer appointed by such Government for that purpose, may require any certificate and declaration which has expired or has been revoked or cancelled, to be delivered up as may be directed; and any owner or master or other person who, without reasonable cause, neglects or refuses to comply with such requirement, shall incur a penalty not exceeding one hundred rupees for each offence.

[Certificate and declaration may be cancelled by Local Government.]

CCXLVII. The Local Government or any officer appointed or authorized by such Government

[সরবেয়র অনুসন্ধান কার্য্যের নিমিত্তে ফী প্রভৃতি গ্রহণ করিলে তাঁহার দণ্ডের কথা।]

২৪৩ ধারা। কোন সরবেয়র এই অধ্যায়ের বিধানমতে কোন জাহাজের অবস্থার অনুসন্ধান করিলে এই অধ্যায়ের বিধানমতে যে ফী গ্রহণ করিতে পারেন যদি তদ্ভিন্ন ঐ জাহাজের স্বামির কি অধ্যক্ষের কি কর্ম্মকারকের স্থানে স্পষ্টরূপে কি চক্রান্তে কোন ফী কি পুরস্কার চাহেন কি গ্রহণ করেন, তবে তিনি পদচ্যুত হইতে পারিবেন, তদ্ভিন্ন আইনমতে অন্য যে দণ্ডের যোগ্য হন তাঁহার সেই দণ্ড হইবে ইতি।

[যতবার অনুসন্ধান হইবে ততবার ফী দিতে হইবার কথা।]

২৪৪ ধারা। এই অধ্যায়মতে যত বার কোন স্টীমরের অবস্থার অনুসন্ধান করা যায় তত বার তৎস্বামী কি অধ্যক্ষ ঐ সরবেয়রদিগকে ফী দিবেন অর্থাৎ স্টীমরে যত টন ধরে তাহার হিসাব করিয়া এই আইনের পঞ্চম তফসীলের হারানুসারে ফী দিবেন ইতি।

[সর্টিফিকট জাহাজের প্রকাশস্থানে সর্ব্বদা লটকাইয়া রাখিবার কথা।]

২৪৫ ধারা। সরবেয়রেরা এই অধ্যায়মতে যে সর্টিফিকট ও জ্ঞাপনপত্র দেন তাহা যে জাহাজসংক্রান্ত হয়, তন্মধ্যে প্রকাশ্য যে স্থানে অনায়াসে পাঠ হইতে পারে এমত স্থানে সর্ব্বদাই লটকাইয়া রাখিতে হইবে। ও এই বিধানমতে কর্ম্ম হইবার ত্রুটি হইলে স্বামির কি অধ্যক্ষের প্রত্যেক অপরাধের জন্যে এক শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[সর্টিফিকট কেবল ছয় মাস প্রবল থাকিবার কথা, ও মিয়াদ গত কি নিবৃত্ত হইলে তাহা ফিরিয়া দিবার কথা, ও সর্টিফিকটের মিয়াদ অতীত হওন সময়ে জাহাজ বন্দরে না থাকিলে তাহার বিধান।]

২৪৬ ধারা। কোন সর্টিফিকটের কি জ্ঞাপনপত্রের তারিখ অবধি ইংলণ্ডীয় পঞ্জিকামতের ছয় মাস অতীত হইলে পর তাহা এই অধ্যায়ের কার্য্যার্থে প্রবল জ্ঞান হইবে না। কিন্তু যদি স্টীমরের অনুপস্থিত কালে সর্টিফিকটের ও জ্ঞাপনপত্রের মিয়াদ অতীত হয়, তবে ঐ সর্টিফিকট ও জ্ঞাপনপত্র না থাকা হেতু কোন দণ্ড হইবে না। কিন্তু যে বন্দরে কি নঙ্গরবাড়াতে কি নদীতে কি জলে এই অধ্যায় বর্ত্তে তাহাতে প্রত্যাগমনের পর যখন গমনাগমন করে কি করিতে উদ্যত হয় তখন তদ্রূপ সর্টিফিকট ও জ্ঞাপনপত্র না থাকিলে দণ্ড হইবে। কোন সর্টিফিকটের কি জ্ঞাপনপত্রের মিয়াদ অতীত হইলে পর কিম্বা তাহা নিবৃত্ত কি রহিত করা গেলে স্থানীয় গবর্ণমেণ্ট কিম্বা তৎকার্য্যার্থে তাঁহার নিযুক্ত কোন কার্য্যকারক সাহেব স্বীয় আদেশমতে তাহা ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। যদি কোন স্বামী কি অধ্যক্ষ কি অন্য ব্যক্তি যুক্তিযুক্ত হেতু না থাকিলেও ঐ আজ্ঞাক্রমে কর্ম্ম করিতে শৈথিল্য কি অস্বীকার করেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার এক শত টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[সর্টিফিকট ও জ্ঞাপনপত্র স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা রহিত হইতে পারিবার কথা।]

২৪৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কিম্বা পশ্চাৎ লিখিত কর্ম্মে তৎকর্ত্তৃক নিযুক্ত কি ক্ষমতাপ্রাপ্ত কোন

for that purpose, may revoke and cancel any certificate and declaration granted under this Chapter in any case in which such Government or officer has reason to believe—

(1.) That the certificate and declaration of the sufficiency and good condition of the hull, equipments, and machinery of any steam-vessel, or either of them, have or has been fraudulently or erroneously given or made: or

(2.) That such certificate and declaration or either of them, have or has otherwise been issued upon false or erroneous information: or

(3.) That since the giving and making of such certificate and declaration or either of them, the hull, equipments, or machinery of such ship have sustained any injury or are otherwise insufficient:

And in every such case the Local Government or such officer as last aforesaid may, if it or he thinks fit, require the owner or master to have such steam-vessel again surveyed as herein provided.

[If the correctness of a survey is doubted, Local Government may order a second survey by other surveyors.]

CCXLVIII. If any steam-vessel shall be surveyed under the provisions of this Chapter, and if the surveyors shall decline to give any certificate or declaration, or shall give a certificate or declaration with which the owner or master of the steam-vessel shall be dissatisfied, the Local Government may, on the application of such owner or master appoint two other competent surveyors to survey the said steam-vessel. The surveyors so appointed shall forthwith survey the said steam-vessel, and shall either decline to give any certificate and declaration, or shall give such certificate and declaration as under the circumstances may seem to them proper. Every survey made under this Section shall be made subject to all the provisions and rules both as to the payment of fees and otherwise which are applicable to surveys made in ordinary cases under this Chapter. If the surveyors appointed under this Section unanimously refuse to give any certificate and declaration, or agree as to the terms of their certificate and declaration, such refusal or such certificate and declaration shall be final and conclusive; but if they do not agree, the refusal orignally made or the certificate and declaration originally granted by the surveyors who surveyed the said steam-vessel in the first instance, shall remain and be of full force and effect.

কার্য্যকারক যদি উপযুক্ত কারণে বিশ্বাস [illegible] যে,—

(১) কোন ষ্টীমরের ও তাহার সরঞ্জামের ও কলের কিম্বা তন্মধ্যে কোন বিষয়ের যথাযোগ্যতার ও সদবস্থার সর্টিফিকট ও জ্ঞাপনপত্র প্রতারণা কি ভ্রমক্রমে দেওয়া কি করা গিয়াছে, কিম্বা

(২) ঐ সর্টিফিকট ও জ্ঞাপনপত্র কি তন্মধ্যে কোন পত্র প্রকারান্তরে মিথ্যা কি ভ্রমাত্মক সম্বাদক্রমে দেওয়া গিয়াছে, কিম্বা

(৩) ঐ সর্টিফিকট ও জ্ঞাপনপত্র কিম্বা তন্মধ্যের কোন পত্র দিবার ও করিবার পরে ঐ ষ্টীমরের কি তাহার সরঞ্জামের কি কলের কোন হানি হইয়াছে কিম্বা প্রকারান্তরে যথা যোগ্য নহে, তবে তিনি এই অধ্যায়মতের দত্ত কোন সর্টিফিকট ও জ্ঞাপনপত্র নিবৃত্ত কি রহিত করিতে পারিবেন।

তদ্রূপ প্রত্যেক স্থলে স্থানীয় গবর্ণমেণ্ট কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক উপযুক্ত বোধ করিলে ষ্টীমরের স্বামিকে কি অধ্যক্ষকে এই বিধানমতে সেই ষ্টীমরের অবস্থার পুনশ্চ অনুসন্ধান করাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[অনুসন্ধান কার্য্য শুদ্ধরূপে না হওয়ার সন্দেহ থাকিলে অন্য সরবেয়রদের দ্বারা দ্বিতীয়বার অনুসন্ধান করিতে স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।]

২৪৮ ধারা। এই অধ্যায়ের বিধানমতে কোন ষ্টীমরের অনুসন্ধান হইয়া যদি সরবেয়রেরা কোন সর্টিফিকট কি প্রতিজ্ঞাপত্র না দেন কিম্বা যাহা দেন তাহাতে যদি ঐ ষ্টীমরের স্বামী কি অধ্যক্ষ সন্তুষ্ট না হন, তবে সেই স্বামী কি অধ্যক্ষ দরখাস্ত করিলে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ ষ্টীমরের অবস্থার অনুসন্ধান করণার্থে অন্য দুই জন উপযুক্ত সরবেয়রকে নিযুক্ত করিতে পারিবেন। তদ্রূপ নিযুক্ত সরবেয়রেরা অবিলম্বে সেই ষ্টীমরের অবস্থার অনুসন্ধান করিয়া, হয় সর্টিফিকট ও জ্ঞাপনপত্র দিতে অস্বীকার করিতে পারিবেন, অথবা বিষয় বুঝিয়া যে প্রকারের সর্টিফিকট ও জ্ঞাপনপত্র তাঁহাদের বিবেচনায় উপযুক্ত তাহ দিবেন। এই অধ্যায়মত সাধারণ স্থলে যে অনুসন্ধান হয় তদ্বিষয়ে ফী প্রভৃতি দিবার যে সকল বিধান ও বিধি খাটে তাহা এই ধারামত সকল অনুসন্ধান কার্য্যের প্রতি খাটিবে। এই ধারামতে নিযুক্ত সরবেয়রেরা যদি এক বাক্য হইয়া সর্টিফিকট ও জ্ঞাপনপত্র দিতে স্বীকার না করেন কিম্বা সর্টিফিকটে ও জ্ঞাপন পত্রে যে কথা লিখিতে হইবে তদ্বিষয়ে একমত হন, তবে সেই অস্বীকার করণ কিম্বা সেই সর্টিফিকট ও জ্ঞাপনপত্র চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে। কিন্তু যে কথা লিখিতে হইবে তদ্বিষয়ে যদি তাঁহারা সম্মত না হন, তবে যে সরবেয়রেরা প্রথমে উক্ত ষ্টীমরের অবস্থার অনুসন্ধান করিয়াছেন তাঁহারা প্রথমে যে অস্বীকার করিলেন কিম্বা প্রথমে যে সর্টিফিকট ও জ্ঞাপন পত্র দিলেন তাহাই সম্পূর্ণরূপে বলবৎ ও [illegible] হইয়া থাকিবে ইতি।

[When witness is not within British India, but within territories of friendly Native Prince or State.]

CCLXXIX. In the case of a person resident at some place not within British India, but within the territories of a Native Prince or State in alliance with the British Government, the Court, if satisfied that the evidence of such person is necessary, may, of its own motion or on the application of any of the parties to the suit, issue a Commission for his examination: Provided that, if the suit be pending in any Court subordinate to the District Court, such subordinate Court shall not issue the Commission, but the District Court may issue the Commission on the application of the subordinate Court. (S. C. C. & R. C.)

[When witness is not in British India, nor within territories of friendly Native Prince or State.]

CCLXXX. In the case of a person resident at some place neither within British India nor within the territories of a Native Prince or State in alliance with the British Government, the High Court, if the suit in which the evidence of the witness is required be pending in that Court, and the Court be satisfied that such evidence is necessary, may, of its own motion or on the application of any of the parties to the suit, issue a Commission for his examination. If the suit be pending in a Court subordinate to the High Court, the High Court may issue the Commission on the application of the Court in which the suit is pending. In all such cases the Commission may be issued to any person whom the High Court may think proper to appoint.

[Commission to examine witness in jail.]

CCLXXXI. If a person whether he be a party to the suit or not, whose evidence is required, is in jail, the Court may issue a Commission to any Officer of the Court or other person to take the evidence of such person either upon written interrogatories or otherwise, and the Commissioner shall proceed to the jail in which such person is confined, and take his evidence in accordance with the instructions given by the Court in any of the jail which the Officer in charge of the jail shall appoint. (S. C. C. & R. C.)

[Persons in whose presence such examination to be held.]

CCLXXXII. The examination of the person in jail whose evidence is required shall be taken in the presence of the parties to the suit or their Advocates or Agents or any of them, and such

[সাক্ষী ব্রিটনীয় ভারতবর্ষের বাহিরে অথচ ব্রিটনীয় গবর্ণমেণ্টের মিত্র কোন এতদ্দেশীয় রাজাপ্রভৃতি শাসনকর্ত্তার দেশে বাস করিলে তাহার কথা।]

২৭৯ ধারা। যদি সাক্ষী ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত অথচ ব্রিটনীয় গবর্ণমেণ্টের সহিত সন্ধিবদ্ধ কোন এতদ্দেশীয় রাজার কি শাসনকর্ত্তার দেশের সীমান্তর্গত কোন স্থানে বাস করেন, তবে সেই সাক্ষির সাক্ষ্য আবশ্যক, আদালত ইহা স্ববোধমতে জানিতে পাইলে নিজ ইচ্ছাক্রমে কিম্বা মোকদ্দমার কোন পক্ষের নিবেদনক্রমে সেই সাক্ষির পরীক্ষার্থে কমিসান প্রদান করিতে পারিবেন। কিন্তু যদি মোকদ্দমা জিলার আদালতের অধীন কোন আদালতে উপস্থিত থাকে তবে ঐ কমিসান সেই অধঃস্থ আদালতকর্ত্তৃক নয় কিন্তু তাঁহার প্রার্থনাক্রমে জিলার আদালতকর্ত্তৃক প্রদত্ত হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[সাক্ষী ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে, এবং ব্রিটনীয় গবর্ণমেণ্টের মিত্র এতদ্দেশীয় রাজার কি শাসনকর্ত্তার দেশের মধ্যেও বাস না করিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

২৮০ ধারা। যদি সাক্ষির বাসস্থান ব্রিটনীয় ভারতবর্ষের সীমান্তর্গত না হয় এবং ব্রিটনীয় গবর্ণমেণ্টের সহিত সন্ধিবদ্ধ এতদ্দেশীয় কোন রাজার কি শাসনকর্ত্তার দেশের সীমান্তর্গতও না হয়, তবে ঐ সাক্ষির সাক্ষ্য যে মোকদ্দমাতে প্রয়োজনীয় সেই মোকদ্দমা হাই কোর্টে উপস্থিত থাকিলে যদি উক্ত হাই কোর্ট স্ববোধমতে সেই প্রমাণ আবশ্যক জানেন, তবে নিজ ইচ্ছাক্রমে কি মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনাক্রমে সেই সাক্ষির পরীক্ষাকরণার্থ কমিসান প্রদান করিতে পারিবেন। যদি সেই মোকদ্দমা হাই কোর্টের অধীন কোন আদালতে উপস্থিত থাকে, তবে সেই আদালতের প্রার্থনাক্রমে হাই কোর্ট ঐ কমিসান প্রদান করিতে পারিবেন। তদ্রূপ সকল স্থলে হাই কোর্ট যে কোন ব্যক্তিকে তৎসাধনে নিযুক্ত হইবার যোগ্য জ্ঞান করেন তাঁহাকে ঐ কমিসান প্রদান করিতে পারিবেন ইতি।

[কারাবদ্ধ সাক্ষির পরীক্ষার্থে কমিসান দিবার কথা।]

২৮১ ধারা। যে ব্যক্তির সাক্ষ্য লওয়া প্রয়োজন তিনি মোকদ্দমার এক পক্ষীয় হইলে কি না হইলেও যদি কারাগারে বদ্ধ থাকেন, তবে আদালত লিখিত প্রশ্নোত্তরক্রমে কি প্রকারান্তরে সেই ব্যক্তির প্রমাণ লইবার অভিপ্রায়ে আপনার কোন কার্য্যকারককে কি অন্য ব্যক্তিকে কমিসান প্রদান করিতে পারিবেন। তাহাতে সাক্ষী যে কারাগারে বদ্ধ আছেন আমীন সেই কারাগারে গমন করিবেন এবং সেই কারাগারের রক্ষক সেই কার্য্যের উপলক্ষে কারাগারের যে কোন স্থান নিরূপণ করিবেন আমীন সেই স্থানে আদালতের উপদেশানুসারে ঐ কারাবদ্ধ সাক্ষির প্রমাণ লইবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[যাহাদের সাক্ষাতে ঐ পরীক্ষা গ্রহণ করিতে হয় তাহারদের কথা।]

২৮২ ধারা। কারাবদ্ধ যে ব্যক্তির সাক্ষ্য লইবার প্রয়োজন তাঁহার পরীক্ষা মোকদ্দমার উভয় পক্ষের সাক্ষাতে কি তাঁহাদের উকীলদিগের কি মোক্তারদের সাক্ষাতে কিম্বা তাঁহাদের মধ্যে কাহারও সাক্ষাতে

parties, Advocates or Agents, shall be allowed to cross-examine such person. The Officer in charge of the jail or some person appointed by him shall be present during the examination. (S. C. C. & R. C.)

[Commission to examine witness in jail outside local limits.]

CCLXXXIII. If the jail in which the person whose evidence is required is confined, is not within the local limits of the jurisdiction of the Court in which the suit is brought, the Court may issue a Commission to any Court, other than a High Court, having jurisdiction at the place where such jail is situated, and the Court to which the Commission is issued shall proceed as provided in Section 281, the provisions of which as well as of Section 282 shall apply in such case. (S. C. C. & R. C.)

[Commission when executed to be returned to Court issuing it with depositions of witnesses.]

CCLXXXIV. After the Commission has been duly executed it shall be returned, together with the evidence taken under it to the Court out of which it issued, unless the order for issuing the Commission shall have otherwise directed, in which case the Commission shall be returned in terms of such order, and the Commission and the return thereto, and the evidence taken under it, shall form part of the record of the suit. (S. C. C. & R. C.)

[When depositions may be read in evidence.]

CCLXXXV. Evidence taken under a Commission shall not be read as evidence in the suit without the consent of the party against whom the same may be offered, unless it be proved that the person who gave the evidence is beyond the jurisdiction of the Court, or dead or unable from sickness or infirmity to attend to be personally examined, or exempted by reason of rank or sex or by the provisions of Section 272 from personal appearance in Court, or unless the evidence is on a question relating to the law of the religion or established customs of the parties or any of them. (S. C. C. & R. C.)

[Court may dispense with proof of circumstances mentioned in last Section.]

CCLXXXVI. The Court may at its discretion dispense with the proof of any of the circumstances mentioned in the last preceding Section, or may authorize the evidence of any person being read as evidence in the suit, notwithstanding proof that the cause for taking such evidence by Com-

গ্রহণ করিতে হইবে, এবং সেই পক্ষ ব্যক্তিরা কি উকীলেরা কি মোক্তারেরা দ্বিতীয়বার উক্ত সাক্ষিদের সূক্ষ্ম পরীক্ষা করিতে পারিবেন। কারাগারের রক্ষক কি তাঁহার নিযুক্ত কোন ব্যক্তি সেই পরীক্ষা গ্রহণ কালে উপস্থিত থাকিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আদালতের আধিপত্যের বহির্ভূত কারাগারে বদ্ধ সাক্ষির পরীক্ষা গ্রহণার্থে কমিসান প্রদানের কথা।]

২৮৩ ধারা। যে আদালতে মোকদ্দমা উপস্থিত হইয়াছে সেই আদালতের বিচারাধিপত্যের স্থানীসীমার বহির্ভূত কারাগারে বদ্ধ কোন ব্যক্তির সাক্ষ্য লইবার প্রয়োজন হইলে, হাই কোর্ট ভিন্ন অন্য যে কোন আদালত ঐ কারাগারের স্থানে বিচারাধিপত্যবিশিষ্ট আছেন সেই আদালতকে ঐ প্রথম আদালত কমিসান প্রদান করিতে পারিবেন। তাহাতে যে আদালতকে কমিসান প্রদত্ত হয় তিনি ২৮১ ধারার বিধানানুসারে কার্য্য করিতে প্রবৃত্ত হইবেন। উক্ত ২৮১ ও ২৮২ এই দুই ধারার বিধান এমন স্থলে বর্ত্তিবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা আ.)

[কমিসান অনুযায়ি কার্য্য সাধন হইলে সাক্ষিদের সাক্ষ্য সুদ্ধ আদালতে ফিরিয়া দিবার কথা।]

২৮৪ ধারা। কমিসান নিয়মিতরূপে সফল হইলে পর তদনুসারে যে সাক্ষ্য গৃহীত হইয়াছে তৎসহ সেই কমিসান যে আদালতহইতে দেওয়া গিয়াছিল সেই আদালতে ফিরিয়া দেওয়া যাইবে। কিন্তু যে আজ্ঞাদ্বারা কমিসান প্রদান হইল সেই আজ্ঞাতে যদি প্রকারান্তরের আদেশ থাকে, তবে সেই আজ্ঞানুসারে কমিসান প্রত্যর্পণ করিতে হইবে। পরে উক্ত কমিসান ও তৎপ্রত্যর্পণের কথা ও সেই কমিসানক্রমে যে সাক্ষ্য লওয়া গিয়াছিল তাহাও সেই মোকদ্দমার কাগজপত্রের অংশ হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[যে২ স্থলে সাক্ষ্য প্রমাণরূপে পাঠ হইতে পারে তাহার কথা।]

২৮৫ ধারা। কোন কমিসানক্রমে যে সাক্ষ্য লওয়া যায় তাহা যে পক্ষের বিপরীতে উপস্থিত করিবার মানস হয়, সেই পক্ষের সম্মতি বিনা মোকদ্দমায় সাক্ষ্যস্বরূপে পাঠ করা যাইবে না। কিন্তু যে ব্যক্তি ঐ সাক্ষ্য দিয়াছেন তিনি আদালতের বিচারাধিপত্যের বহির্ভূত, কি মরিয়াছেন, কিম্বা পীড়া কি দুর্ব্বলতা প্রযুক্ত স্বয়ং পরীক্ষা দেওনার্থে উপস্থিত হইতে পারেন না, কিম্বা সম্ভ্রান্ত লোক কি স্ত্রীলোক হওয়াতে কি ২৭২ ধারার বিধানের বলে আদালতে স্বয়ং প্রবেশন হইতে মুক্ত হন ইহার যদি প্রমাণ দেওয়া যায়, কি যদি সেই সাক্ষ্য উভয় পক্ষের কি এক পক্ষের ধর্ম্ম কি অবধারিত আচারের ব্যবস্থাসম্পর্কীয় প্রশ্নবিষয়ে হয়, তবে উক্ত সাক্ষ্য মোকদ্দমার সাক্ষ্যস্বরূপে পাঠ হইতে পারিবে, ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[পূর্ব্বধারার উল্লিখিত বিশেষ২ কথার প্রমাণ অগ্রহণে আদালতের ক্ষমতার কথা।]

২৮৬ ধারা। আদালত স্বীয় বিবেচনামতে ইহার পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট ভাবগতিকের প্রমাণ না লইয়া কার্য্য করিতে পারিবেন, কিম্বা কোন ব্যক্তির সাক্ষ্য মোকদ্দমায় সাক্ষ্যস্বরূপে পাঠ করিবার অনুমতি দিতে পারিবেন। যদিও তাহা পাঠ করণ সময়ে কমিসানক্রমে সেই সাক্ষ্য লওয়ার প্রয়োজন রহিত হইবার

mission has ceased at the time of reading the same. (S. C. C & R. C)

[Commission to make local investigations.]

CCLXXXVII. In any suit in which the Court may deem a local investigation to be requisite or proper for the purpose of elucidating any matter in dispute, or of ascertaining the amount of any mesne profits or damages, the Court may issue a Commission to an Officer of the Court appointed to execute such Commissions, or if there be no such Officer, to any suitable person, directing him to make such investigation and to report thereon to the Court. (S. C. C. & R. C.)

[Appointment of Government Officer as Commissioner.]

CCLXXXVIII. If in any case it shall appear desirable to employ an Officer of Government other than the Officer of the Court appointed to execute such Commissions, the Court may, with the consent of the immediate superior of the Officer whom the Court shall wish to employ, appoint him to make such investigation and report. (S. C. C. & R. C.)

[Commissioner may examine parties and witnesses and call for papers.]

CCLXXXIX. The Commissioner unless otherwise directed by the order of appointment, shall have power to examine the parties themselves and any witness whom they or any of them may produce, and any other person whom the Commissioner may think proper to call upon to give evidence in the matter referred to him. The Commissioner may also call for and examine documents and other papers relevant to the subject of enquiry. The Commissioner, after such local inspection as he may deem necessary, and after reducing to writing in the manner hereinbefore prescribed for taking the evidence of witnesses in the presence of the Judge, the evidence taken by him, shall return such evidence, together with his report in writing, subscribed with his name, to the Court. (S. C. C. & R. C.)

[Report and depositions to be evidence in suit. Commissioner may be examined in person.]

CCXC. The report of the Commisioner and the evidence taken by him shall be evidence in the suit and shall form part of the record; but it shall be competent to the Court or to the parties to the suit or any of them, with the permission of the Court, to examine the Commissioner personally in open Court touching any of the matters referred to him or mentioned in his report, or as to the manner in which he may have conducted the investigation. (S. C. C. & R. C.)

প্রমাণ হয়, তথাপি সেই অনুমতি দিতে পারিবেন ইতি। (ক্ষু মো. আ. ও রা. আ.)

[স্থানীয় অনুসন্ধানার্থ কমিসানের কথা।]

২৮৭ ধারা। যদি আদালত কোন মোকদ্দমায় কোন বিবাদের বিষয় স্পষ্টতররূপে বুঝিবার কিম্বা ওয়াসীলাৎ কি ক্ষতির পরিমাণ নিশ্চয় করিবার নিমিত্তে স্থানীয় অনুসন্ধান আবশ্যক কি উপযুক্ত জ্ঞান করেন, তবে আদালত ঐ অনুসন্ধান ও আদালতে তদ্বিষয়ের রিপোর্ট করিবার জন্যে তদ্রূপ কমিসান সাধনার্থে নিযুক্ত আদালতের কার্য্যকারককে কিম্বা তদ্রূপ কার্য্যকারকের অভাবে অন্য কোন উপযুক্ত ব্যক্তিকে কমিসান প্রদান করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[গবর্ণমেণ্টের কোন কার্য্যকারককে আমীনস্বরূপ পাঠাইবার কথা।]

২৮৮ ধারা। যদ্যপি সেই কমিসানের কার্য্য সাধনার্থে নিযুক্ত আদালতের কার্য্যকারক ভিন্ন গবর্ণমেণ্টের কোন কার্য্যকারককে সেই কর্ম্মে নিযুক্ত করা উচিত বোধ হয়, তবে আদালত উক্ত যে কার্য্যকারককে নিযুক্ত করিতে মনস্থ করেন তাঁহার অব্যবহিত উপরিস্থ কার্য্যকারকের অনুমতিপ্রাপ্ত হইয়া তাঁহাকে সেই অনুসন্ধান ও রিপোর্ট করণার্থে নিযুক্ত করিতে পারিবেন ইতি। (ক্ষু মো. আ. ও রা. আ.)

[উভয় পক্ষের ও সাক্ষিদিগের পরীক্ষা লইতে ও পত্রাদি আনাইতে আমীনের ক্ষমতার কথা।]

২৮৯ ধারা। ঐ আমীন যদি আপন নিয়োগের আজ্ঞাক্রমে অন্য প্রকার উপদেশ না পাইয়া থাকেন, তবে আপনি উভয় পক্ষীয় ব্যক্তিদিগের কিম্বা তাঁহারা কি তাঁহাদের মধ্যে কেহ যে কোন সাক্ষিকে উপস্থিত করেন তাঁহার পরীক্ষা লইতে, কিম্বা আপনার প্রতি সমর্পিত বিষয়ে সাক্ষ্য দেওনার্থে অন্য যে কোন ব্যক্তিকে আহ্বান করা উপযুক্ত জ্ঞান করেন তাঁহার পরীক্ষা লইতে ক্ষমতাপন্ন হইবেন। অধিকন্তু ঐ আমীন সেই অনুসন্ধানীয় বিষয় সম্পর্কীয় নিদর্শনপত্র ও অন্যান্য পত্রাদি আনিবার আজ্ঞা করিয়া তাহা দৃষ্টি করিতে পারিবেন। ঐ আমীন স্থানীয় যে নিরীক্ষণ করা প্রয়োজনীয় জ্ঞান করেন তাহা করিলে পর, এবং এই আইনের পূর্ব্বভাগে বিচারকর্ত্তার সম্মুখে সাক্ষিদের প্রমাণ লইবার যে প্রণালী নির্দ্দিষ্ট হইল, সেই প্রণালী অনুসারে আপনার গৃহীত সাক্ষ্য লিপিবদ্ধ করিলে পর, তিনি সেই সাক্ষ্য সহিত আপনার লিখিত ও স্বহস্তে স্বাক্ষরিত রিপোর্ট আদালতে অর্পণ করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ঐ রিপোর্ট ও মোকদ্দমার সাক্ষ্যস্বরূপে গণ্য হইবার, এবং ঐ আমীনেরই পরীক্ষা লইতে পারিবার কথা।]

২৯০ ধারা। ঐ আমীন যে রিপোর্ট করেন ও যে সাক্ষ্য লন তাহা মোকদ্দমাসংক্রান্ত সাক্ষ্য হইয়া কাগজপত্রের অংশস্বরূপে থাকিবে। কিন্তু আদালত কিম্বা আদালতের অনুমতিক্রমে মোকদ্দমার উভয় পক্ষ কি তাঁহাদের মধ্যে এক কি অধিক ব্যক্তি সেই আমীনের প্রতি সমর্পিত কি তাঁহার রিপোর্টে উল্লিখিত কোন বিষয়ে, কি তাঁহার কৃত অনুসন্ধানের প্রণালী বিষয়ে স্বয়ং ঐ আমীনকে মুক্তদ্বার আদালতে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[Commissioner to investigate and adjust accounts.]

CCXCI. In any suit in which an investigation or adjustment of accounts may be necessary, the Court may appoint such Officer or other person as aforesaid to be a Commissioner for the purpose of making such investigation or adjustment. (S. C. C. & R. C.)

[Court to give Commissioner necessary instructions.]

CCXCII. The Court shall furnish the Commissioner with such part of the proceedings and such detailed instructions as may appear necessary, and the instructions shall distinctly specify whether the Commissioner is merely to transmit the proceedings which he may hold on the enquiry or also to report his own opinion on the point referred for his investigation. (S. C. C. & R. C.)

[Proceedings of Commissioner may be received in evidence, but Court may make further enquiry if dissatisfied.]

CCXCIII. The proceedings of the Commissioner shall be received in evidence in the suit, unless the Court may have reason to be dissatisfied with them, in which case the Court shall direct such further enquiry as may be requisite, and shall make such decree or order as may appear to be proper. (S. C. C. & R. C.)

[Expenses of Commission to be paid into Court.]

CCXCIV. Whenever a Commission is issued under any of the foregoing provisions, the Court, before issuing the Commission, may order such sum as may be thought reasonable for the expenses of the Commission to be paid into Court by the party at whose instance or for whose benefit the Commission is issued (S. C. C. & R. C.)

[Attendance, examination, and punishment of witnesses summoned by Commission.]

CCXCV. The provisions of this Code relating to the summoning, attendance, and examination of witnesses and to the remuneration of, and penalties to be imposed upon, witnesses, shall apply to persons required to give evidence or to produce documents under the foregoing provisions relating to Commissions to examine persons whether parties to the suit or not, or make local enquiries, or to investigate or adjust accounts. Any penalty to which a witness may be liable under this Section, shall be imposed by the Court from which the Commission issued on the application of the Commissioner. The Commissioner shall have the same powers so far as he can exercise the same, as regards the summoning, examination, and remuneration of witnesses as the Court issuing the Commission. (S. C. C. & R. C.)

[হিসাব নিরীক্ষণ ও নিষ্পত্তি করণার্থে আমীনকে নিযুক্ত করিবার কথা।]

২৯১ ধারা। কোন মোকদ্দমায় যদি হিসাবের নিরীক্ষণ কি নিষ্পত্তি হইবার প্রয়োজন হয়, তবে আদালত সেই অনুসন্ধান কি নিষ্পত্তি করণার্থে পূর্ব্বোক্ত কার্য্যকারককে কি পূর্ব্বোক্ত প্রকারের অন্য ব্যক্তিকে আমীনস্বরূপে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[আদালত হইতে ঐ আমীনকে প্রয়োজনীয় উপদেশ দিবার কথা।]

২৯২ ধারা। আমীনের জ্ঞান ও উপদেশার্থে আদালত বিবাদঘটিত পত্রাদির যে অংশ ও যে বিস্তারিত উপদেশ প্রয়োজনীয় বোধ করেন তাহা তাঁহাকে দিবেন, বিশেষতঃ আমীন সেই অনুসন্ধানক্রমে যে২ কার্য্য করেন কেবল তাহার বৃত্তান্ত প্রেরণীয় হইবে, কিম্বা অনুসন্ধানার্থে তাঁহার প্রতি সমর্পিত বিষয়ে তাঁহার নিজ মতও জ্ঞাত করিতে হইবে, এই কথা ঐ উপদেশের মধ্যে অতি স্পষ্টরূপে নির্দ্দিষ্ট থাকিবে ইতি। (ক্ষুঃ মো. আ. ও রা. আ.)

[ঐ আমীনের কার্য্যবৃত্তান্ত প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবার এবং আদালত অসন্তুষ্ট হইলে অতিরিক্ত অনুসন্ধান করিতে পারিবার কথা।]

২৯৩ ধারা। ঐ আমীনের কার্য্যবৃত্তান্ত মোকদ্দমাসংক্রান্ত প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবে, কিন্তু যদি তাহাতে আদালতের অসন্তুষ্ট হইবার কারণ থাকে, তবে অধিক যে অনুসন্ধান করা আবশ্যক, আদালত তাহা করিবার আজ্ঞা করিয়া যে ডিক্রী কি আজ্ঞা উচিত বোধ হয় তাহা করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[কমিসান প্রদানের পূর্ব্বে তাহার ব্যয় আদালতে দিতে হইবার কথা।]

২৯৪ ধারা। ইহার পূর্ব্বে লিখিত কোন বিধানানুসারে যখন কোন কমিসান প্রদান করা যাইবে, তখন যে পক্ষের যত্নক্রমে কি যাঁহার উপকারার্থে প্রদত্ত হয় আদালত কমিসান দিবার পূর্ব্বে ঐ কমিসানের ব্যয় পোষণার্থে যত টাকা যুক্তিসিদ্ধ বোধ হয় তাঁহাকে তত টাকা আদালতে অর্পণ করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[কমিসানের বলে আহূত সাক্ষিদিগের উপস্থানের ও পরীক্ষার ও দণ্ডের কথা।]

২৯৫ ধারা। সাক্ষিদিগকে আহ্বান করণ ও তাঁহাদিগের উপস্থিত হওন ও পরীক্ষা গ্রহণ ও সাক্ষিদের ক্ষতিপূরণ ও দণ্ডবিষয়ক যে সকল বিধান এই আইনে নির্দ্দিষ্ট আছে, তাহা মোকদ্দমার কোন পক্ষের কি উদাসীন ব্যক্তিদের পরীক্ষা গ্রহণ কি স্থানীয় অনুসন্ধান করণ কিম্বা হিসাব নিরীক্ষণ কি নিষ্পত্তি করণার্থ কমিসানসম্পর্কীয় পূর্ব্বোক্ত বিধানানুসারে যে ব্যক্তিদিগকে সাক্ষ্য দিবার কিম্বা নিদর্শনপত্র দেখাইবার আজ্ঞা দেওয়া যায় তাঁহাদের প্রতিও বর্ত্তে। এই ধারানুসারে কোন সাক্ষী দণ্ডের যোগ্য হইলে, যে আদালত হইতে কমিসান প্রদত্ত হয় সেই আদালত আমীনের প্রার্থনামতে সেই দণ্ডের আজ্ঞা করিবেন। যে আদালত কমিসান প্রদান করেন, সাক্ষিদিগের আহ্বান ও পরীক্ষা করণ ও ক্ষতিপূরণ করার বিষয়ে সেই আদালতের যে ক্ষমতা আছে, আমীনও সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে যে পর্য্যন্ত সক্ষম সেই পর্য্যন্ত সেই ক্ষমতাপন্ন হইবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[Procedure *ex parte* where parties do not appear.]

CCXCVI. Whenever a Commission shall be issued under the provisions of this Chapter, the Court shall direct that the parties to the suit shall appear before the Commission in person or by their Agents or Advocates. If the parties do not so appear the Commissioner may proceed *ex parte*. (S. C. C. &. R. C.)

OF ASSESSORS.

[In certain Courts suits may be heard before Assessors.]

CCXCVII. In any Court to which the provisions of this Section and of the next succeeding Section shall be extended by an order of the Local Government to be notified in the Official Gazette, the Court may order the hearing of any suit to be conducted in the presence and with the aid of two or more Assessors as members of the Court. The Court shall have power to appoint such Assessors. (S. C. C.)

[Opinion of Assessors how to be given and recorded.]

CCXCVIII. The opinion of each Assessor, if given orally, shall be recorded in writing by the Court; but such opinion shall be in no way binding upon the Judge, with whom exclusively the decision of the suit shall rest. (S. C. C.)

OF THE OATH OF THE PARTIES.

[Power to decide suit on statement on oath.]

CCXCIX. If the parties shall agree in writing that the decision shall rest on the statement whether on oath, affirmation or otherwise of any one or more of the parties or of any other person, the Court may pass a decree accordingly. Such agreement may be on plain paper.

OF JUDGMENT AND DECREE.

[When judgment to be pronounced. Judgment to be pronounced in open Court.]

CCC. The Court after inspecting the documentary evidence and examining the witnesses of the parties and hearing the parties in person or by their respective Advocates, shall pronounce judgment in open Court either at once or on some future day, of which due notice shall be given to the parties or their Advocates. (S. C. C. & R. C.)

[Judgment to be written in Judge's vernacular language. Proviso.]

CCCI. The judgment shall be written in the vernacular language of the Judge: Provided that

[উভয়পক্ষ উপস্থিত না হইলে, পক্ষৈক কার্য্য হইবার কথা।]

২৯৬ ধারা। এই অধ্যায়ের বিধানানুসারে কমিসান দেওয়া গেলে, মোকদ্দমার উভয় পক্ষ স্বয়ং কিম্বা মোক্তারের কি উকীলের দ্বারা আমীনের সম্মুখে উপস্থিত হন, আদালত এমত আজ্ঞা করিবেন। যদি উভয় পক্ষ তদনুসারে উপস্থিত না হন, তবে আমীন এক পক্ষ লইয়া কার্য্য করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

আসেসর (অর্থাৎ সহকারিগণ) বিষয়ক বিধি।

[কোন২ আদালতে আসেসরদিগের সম্মুখে মোকদ্দমা শুনিবার কথা।]

২৯৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া এই ধারার ও ইহার অব্যহিত পশ্চাৎ ধারার বিধান যে কোন আদালতে বর্ত্তান, তাহাতে আদালতের মেম্বর দুই কি ততোধিক জন আসেসরের সাক্ষাতে ও সাহায্যক্রমে কোন মোকদ্দমার শ্রুতি কার্য্য নির্ব্বাহ হয় আদালত এমত আজ্ঞা করিতে পারিবেন। আদালত ঐ আসেসরদিগকে নিযুক্ত করিতে সক্ষম হইবেন ইতি। (ক্ষু. মো. আ.)

[আসেসরদিগের মত জ্ঞাত করিবার নিয়মের ও তাহা লিপিবদ্ধ করিবার কথা।]

২৯৮ ধারা। প্রত্যেক আসেসর যদি বাচনিক মত দেন, তবে আদালত তাহা লিপিবদ্ধ করিয়া রাখিবেন, কিন্তু বিচারকর্ত্তা তাঁহাদের সেই মতে কোন ক্রমে বদ্ধ হইবেন না। মোকদ্দমার নিষ্পত্তির ভার কেবল তাঁহারই প্রতি বর্ত্তে। (ক্ষু. মো. আ.)

উভয় পক্ষের শপথের বিধি।

[শপথপূর্ব্বক বৃত্তান্তক্রমে মোকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতার কথা।]

২৯৯ ধারা। যদি উভয় পক্ষ সম্মত হইয়া এই মর্ম্মের সম্মতিপত্র লেখেন যে, মোকদ্দমার পক্ষীয় কোন এক কি অধিক ব্যক্তি কিম্বা অন্য কোন ব্যক্তি শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা পূর্ব্বক কি প্রকারান্তরে যে বর্ণনা করেন তদনুসারেই নিষ্পত্তি হইবে, তবে আদালত তদনুসারে ডিক্রী করিবেন। সেই সম্মতিপত্র শাদা কাগজে লেখা যাইতে পারিবে ইতি।

নিষ্পত্তির ও ডিক্রীর বিধি।

[নিষ্পত্তি প্রচার করিবার সময়ের কথা ও মুক্ত দ্বার আদালতে প্রচার করিবার কথা।]

৩০০ ধারা। আদালত লেখ্য প্রমাণ দৃষ্টি করণ ও উভয় পক্ষের সাক্ষিদের পরীক্ষা গ্রহণ ও উভয় পক্ষের নিজ কি স্ব২ উকীল দ্বারা ব্যক্ত কথা শ্রবণানন্তর তৎকালে কিম্বা ভবিষ্যৎ কোন দিনে মুক্ত দ্বার আদালতে নিষ্পত্তি প্রচার করিবেন। যদি অন্য দিনে করেন, তবে উভয় পক্ষকে কি তাঁহাদের উকীলদিগকে সেই দিনের উপযুক্ত সম্বাদ দেওয়া যাইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[বিচারকর্ত্তার স্বদেশীয় ভাষাতে নিষ্পত্তি লিখিতে হইবার কথা ও উপনিয়ম।]

৩০১ ধারা। বিচারকর্ত্তার স্বদেশীয় ভাষাতে নিষ্পত্তি লিখিতে হইবে। কিন্তু যে বিচারকর্ত্তার স্বদেশীয়

if such language be not English and the Judge be sufficiently conversant with the English language to be able to write a decision in that language, and prefer so to write it, the judgment may be written in English. (S. C. C. & R. C.)

[Translation of Judgment.]

CCCII. Whenever the judgment is written in any language other than that in ordinary use in proceedings before the Court, the judgment shall be translated into the language in ordinary use in such proceedings, and the translation shall also be signed by the Judge: Provided that if the judgment be written in English, it shall not be necessary to make a translation of it in suits in which a regular appeal is not allowed, unless any of the parties shall require such translation. (S. C. C. & R. C.)

[Judgment to be dated and signed.]

CCCIII. The judgment shall be dated and signed by the Judge in open Court at the time of pronouncing it. (S. C. C. & R. C.)

[Judgments of Small Cause Courts. Judgments of other Courts.]

CCCIV. The judgments of the Courts of Small Causes shall not be required to contain more than the points for determination and the decision thereupon. The judgments of all other Courts shall, in addition to the points for determination and the decision thereon, contain the reasons for such decision. (S. C. C. & R. C.)

[Court to state its decision on each issue. Exception.]

CCCV. In suits in which issues have been framed, the Court shall state its finding or decision, with the reasons thereof, upon each separate issue unless the finding upon any one or more of the issues be sufficient for the decision of the suit.

[Judgment to direct by whom costs are to be paid.]

CCCVI. The judgment shall direct by whom the costs of each party are to be paid, whether by himself or by any other party to the suit, and whether in whole or in what part or proportion. The Court shall have full power to award and apportion the costs in any manner it may deem proper. (S. C. C. & R. C.)

[Costs may be set-off against sum admitted to be due.]

CCCVII. The Court may direct that the costs payable to one party by another shall be set-off against a sum which the former shall admit to be due from him to the latter. (S. C. C. & R. C.)

ভাষা ইংরেজী নয়, তিনি যদি ইংরেজী ভাষাতে এমত ব্যুৎপন্ন হন যে সেই ভাষাতে নিষ্পত্তি লিখিতে পারেন ও তাহা তদ্রূপ লিখিতে শ্রেয় জ্ঞান করেন, তবে সেই নিষ্পত্তি ইংরেজী ভাষাতে লেখা যাইতে পারিবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[নিষ্পত্তির অনুবাদ করিবার কথা।]

৩০২ ধারা। আদালতের সম্মুখস্থ বিচারকার্য্যে সমান্যতঃ যে ভাষার ব্যবহার হয়, তদ্ভিন্ন যদি নিষ্পত্তি ভাষান্তরে লেখা যায়, তবে পূর্ব্বোক্ত কার্য্যে সামান্যতঃ যে ভাষার ব্যবহার হয় সেই ভাষাতে ঐ নিষ্পত্তির অনুবাদ করিতে হইবে, ও বিচারকর্ত্তা সেই অনুবাদে স্বাক্ষর করিবেন। কিন্তু ঐ নিষ্পত্তি ইংলণ্ডীয় ভাষায় লিখিত হইলে, যে মোকদ্দমায় নিয়মিত মত আপীল হইবার অনুমতি আছে সেই মোকদ্দমার পক্ষীয় কোন ব্যক্তি যদি তদ্রূপ অনুবাদ প্রার্থনা না করেন, তবে অনুবাদ করণের প্রয়োজন নাই ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[নিষ্পত্তিপত্রে তারিখ লিখিয়া স্বাক্ষর করিবার কথা।]

৩০৩ ধারা। নিষ্পত্তি প্রচার করিবার সময়ে বিচারকর্ত্তা মুক্তদ্বার আদালতে সেই নিষ্পত্তিপত্রে তারিখ লিখিয়া স্বাক্ষর করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ও অন্যান্য আদালতের নিষ্পত্তির কথা।]

৩০৪ ধারা। নির্ণয়ার্থ বিষয় ও তদুপরি যে নিষ্পত্তি হয়, ইহার অধিক ক্ষুদ্র মোকদ্দমার আদালতের নিষ্পত্তিপত্রে লিখিবার প্রয়োজন নাই। অন্য সকল আদালতের নিষ্পত্তিপত্রে নির্ণয়ার্থ বিষয় ও তদুপরি নিষ্পত্তির অতিরিক্ত সেই নিষ্পত্তির হেতুও লিখিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আদালতের প্রত্যেক ইস্যু বিষয়ক নির্ণয় লিখিতে হইবার কথা ও বর্জ্জিত কথা।]

৩০৫ ধারা। যে২ মোকদ্দমায় ইস্যু অবধারণ হইয়াছে তাহার এক কি অধিক ইস্যুর উপর আদালত যাহা নির্ণয় করেন তাহা যদি মোকদ্দমার নিষ্পত্তির নিমিত্তে প্রচুর না হয়, তবে আদালত ভিন্ন২ প্রত্যেক ইস্যুর উপর যাহা নির্ণয় কি নিষ্পত্তি করেন তাহা এবং তাহার হেতুও ব্যক্ত করিবেন ইতি।

[কে খরচা দিবে তাহা নিষ্পত্তিতে নির্দ্দিষ্ট করিতে হইবার কথা।]

৩০৬ ধারা। এক২ পক্ষের ব্যয়াদি কে দিবে, অর্থাৎ তিনি আপনি দিবেন কি মোকদ্দমার পক্ষ অন্য কোন ব্যক্তি দিবেন, ও সমুদয় না কোন্ অংশ বা কি হারানুসারে দিবেন, এই২ বিষয়ের আদেশ নিষ্পত্তিতে থাকিবে। আদালত যেমতে উপযুক্ত বোধ করেন সেই মতে খরচা কে দিবেন ও কে কত দিবেন ইহার আজ্ঞা করিতে সম্পূর্ণ ক্ষমতাপন্ন হইবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[টাকা দেনা আছে স্বীকার হইলে তাহা হইতে ব্যয় বাদ দিবার কথা।]

৩০৭ ধারা। মোকদ্দমার এক পক্ষীয় ব্যক্তিকে অন্য পক্ষের ব্যয়াদি দিবার আজ্ঞা হইলে, যদি সেই প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষের নিকটে ঋণ স্বীকার করেন, তবে আদালত ঐ ব্যয়াদিহইতে সেই ঋণের টাকা বাদ দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[Interest on costs. Costs may be charged on subject-matter of suit.]

CCCVIII. The Court may give interest on costs at six per cent. per annum, and direct that costs, with or without interest, be made a charge on the subject-matter of the suit. (S. C. C. & R. C.)

[Date of decree.]

CCCIX. The decree shall bear date the day on which the judgment was pronounced. (S. C. C. & R. C.)

[Contents of decree.]

CCCX. The decree shall contain the number of the suit, the names and descriptions of the parties, and particulars of the claim, as stated in the Register of the suit, and shall specify clearly the relief granted or other determination of the suit. It shall also state the amount of costs incurred in the suit and by what parties and in what proportions they are to be paid, and shall be signed by the Judge and sealed with the seal of the Court. (S. C. C. & R. C)

[Decree for recovery of portion of immovable property.]

CCCXI. When the suit is for immovable property with specified boundaries, if the decree be for the recovery of a portion only of such property, it shall specify the boundaries of the land or other property decreed.

[Memorandum of decree to be sent to District Registrar.]

CCCXII. A memorandum of such decree shall in pursuance of the forty-fifth Section of Act XVI. of 1864 *(to provide for the Registration of Assurances)* be sent to every District Registrar within the local limits of whose jurisdiction such immovable property or any part thereof is situate.

[Decree for delivery of movable property.]

CCCXIII. When the suit is for movable property, if the decree be for the delivery of such property, it shall also state the amount of money to be paid as an alternative if delivery cannot be had. (S. C. C. & R. C.)

[Circumstances in which specific performance may be enforced.]

CCCXIV. When a suit has been brought to compel specific performance of a contract, if it appear to the Court that the consideration is adequate, that the contract is reasonably certain, that the defendant is able to perform it, and that the performance would not impose extreme and immoderate hardship upon him, the Court may declare that the contract shall be specifically performed, and decree the same accordingly (S. C. C.)

[ব্যয়াদির উপর সুদের কথা, ও বিবাদাস্পদের উপর ব্যয়াদির আজ্ঞা হইতে পারিবার কথা।]

৩০৮ ধারা। আদালত ব্যয়াদির উপর বৎসরে শতকরা ৬ টাকার হারে সুদ ধার্য্য করিতে পারিবেন। এবং যে বিষয় লইয়া মোকদ্দমা হয় সেই বিষয়ের উপর সুদসহিত কি সুদবিনা সেই ব্যয়াদির দায় থাকিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ডিক্রীর তারিখের কথা।]

৩০৯ ধারা। নিষ্পত্তি যে দিনে প্রচারিত হইল সেই দিনের তারিখ ডিক্রীতে লিখিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ডিক্রীতে যাহা নির্দ্দিষ্ট থাকিবে তাহার কথা।]

৩১০ ধারা। মোকদ্দমার নম্বর ও উভয়পক্ষীয় ব্যক্তিদের নাম ও বাসাদি ও দাওয়ার যে সকল বিশেষ কথা মোকদ্দমার রেজিষ্টরে লিখিত আছে তাহা ডিক্রীতে নির্দ্দিষ্ট থাকিবে, ও যে প্রতিকার করা গেল কিম্বা মোকদ্দমার অন্য যে নির্ণয়পাদ হয় তাহা সবিশেষে লিখিত হইবে। অধিকন্তু সেই মোকদ্দমাতে কত খরচ হইয়াছে ও কোন্ পক্ষের ও কাহার কত দিতে হইবে, এই কথাও ডিক্রীতে লিখিতে হইবে, এবং তাহা বিচারকর্ত্তাদ্বারা স্বাক্ষরীকৃত ও আদালতের মোহরে মোহরাঙ্কিত হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[স্থাবর সম্পত্তির অংশ পাইবার ডিক্রীর কথা।]

৩১১ ধারা। অবধারিত সীমাবদ্ধ স্থাবর সম্পত্তিবিষয়ক মোকদ্দমা হইলে, যদি সেই সম্পত্তির অংশমাত্র পাইবার ডিক্রী হয়, তবে যে ভূমির কি সম্পত্তির ডিক্রী হইল ডিক্রীতে তাহার চতুঃসীমা নির্দ্দিষ্ট করিতে হইবে ইতি।

[ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের নিকটে ডিক্রীর মর্ম্মাত্মক লিপি প্রেরণের কথা।]

৩১২ ধারা। সেই স্থাবর সম্পত্তি কি তাহার কোন অংশ যে২ ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের ক্ষমতাধীন স্থানের সীমার অন্তর্গত থাকে, (নিদর্শনপত্র রেজিষ্টর করণের বিধায়ক) ১৮৬৪ সালের ১৬ আইনের ৪৫ ধারামতে তাঁহাদের প্রত্যেকের নিকটে ঐ ডিক্রীর মর্ম্মাত্মক লিপি প্রেরণ করা যাইবে ইতি।

[অস্থাবর সম্পত্তি সমর্পণের ডিক্রীর কথা।]

৩১৩ ধারা। অস্থাবর সম্পত্তিবিষয়ক মোকদ্দমাতে যদি সেই সম্পত্তি সমর্পণের ডিক্রী হয়, তবে সমর্পণক্রমে তাহা পাওয়া অসাধ্য হইলে তদ্বিপর্য্যায়ে যত টাকা দিতে হইবে তাহাও সেই ডিক্রীতে নির্দ্দিষ্ট করিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[যে স্থলে উদ্দিষ্ট কার্য্য বলপূর্ব্বক সাধন করাইতে পারিবে তাহার কথা।]

৩১৪ ধারা। যদি চুক্তিমত উদ্দিষ্ট কোন কর্ম্ম বলপূর্ব্বক সাধন করাইবার জন্যে মোকদ্দমা হয়, তবে আদালতের বিবেচনাতে সেই কর্ম্মের বেতন উপযুক্ত, ও চুক্তি যুক্তিমত নিশ্চিত, ও প্রতিবাদী তাহা সাধন করিতে সক্ষম, এবং সেই কর্ম্ম তাহার অত্যন্ত ও অপরিমিত কষ্টসাধ্য নয়, তবে আদালত আজ্ঞা করিতে পারিবেন যে সেই চুক্তি উদ্দিষ্টমতে সাধিত হয়, ও তদনুসারে ডিক্রী করিবেন। (ক্ষু. মো. আ.)

[Decree in alternative for damages in suit for specific performance.]

CCCXV. The Court may also declare that, in the event of the contract not being specifically performed, the defendant shall pay to the plaintiff as damages a sum of money to be assessed by the Court in substitution for such performance. Such damages shall be recoverable at the option and on the application of the plaintiff. (S. C. C.)

[Damages when contract not specifically performed.]

CCCXVI. If it shall appear that the defendant is unable to perform the contract, or that, though he may be able to perform it, the consideration is greatly inadequate, or that the contract is not reasonably certain, or that the result of performing it would impose extreme and immoderate hardship upon him, the Court may declare that the defendant shall pay to the plaintiff damages to be assessed in such manner as the Court shall direct: Provided that the Court may decree as liquidated damages any sum that the parties may have agreed should be paid in the event of a breach of the contract, without reference to the extent of the injury sustained.

Explanations (*a.*)—The adequacy of the consideration is to be judged with reference to the time at which the contract was made.

(*b.*)—The certainty required must be a reasonable one having regard to the subject-matter of the contract, and the circumstances in and with reference to which it was entered into. (S. C. C.)

[Decree in alternative for specific performance in suit for damages for breach of contract.]

CCCXVII. When the suit is for damages for breach of contract, it it appear that the defendant is able to perform the contract, the Court, with the consent of the plaintiff, may decree the specific performance of the contract within a time to be fixed by the Court, and in such case shall award an amount of damages to be paid as an alternative if the contract is not performed. (S. C. C.)

[In suits for money, decree may order certain interest to be paid on principal sum adjudged.]

CCCXVIII. When the suit is for a sum of money due to the plaintiff, the Court may, in the decree order interest at such rate as the Court may think proper to be paid on the principal sum adjudged from the date of suit to the date of the decree in addition to any interest adjudged on such principal sum for any period prior to the date of suit, with further interest on the aggregate sum so adjudged and on the costs of the suit from the date of the decree to the date of payment. (S. C. C. & R. C.)

[উদ্দিষ্টমতে সাধনের মোকদ্দমায় বিপর্য্যায়ে ক্ষতিপূরণের ডিক্রীর কথা।]

৩১৫ ধারা। আদালত আরো ইহা প্রকাশ করিতে পারিবেন যে, ঐ চুক্তি উদ্দিষ্টমতে সাধিত না হইলে আদালত তৎসাধনের পরিবর্ত্তে যত টাকা ধার্য্য করেন বাদিকে প্রতিবাদী ক্ষতিপূরণস্বরূপে তত টাকা দিবেন। বাদির স্বেচ্ছাক্রমে ও তাঁহার প্রার্থনামতে ঐ ক্ষতিপূরণের টাকা আদায় হইতে পারিবে ইতি। (ক্ষু. মো. আ.)

[চুক্তি উদ্দিষ্টমতে সাধন না হইলে ক্ষতিপূরণের কথা।]

৩১৬ ধারা। প্রতিবাদী চুক্তি সাধন করিতে অক্ষম, কিম্বা যদিও সক্ষম তথাপি কর্ম্মের বেতন অতি ন্যূন, অথবা চুক্তি যুক্তিমত নিশ্চিত নহে, কিম্বা সেই কর্ম্ম তাঁহার অত্যন্ত ও অপরিমিত কষ্ট সাধ্য, ইহা যদি দৃষ্ট হয়, তবে আদালত প্রকাশ করিতে পারিবেন যে প্রতিবাদী বাদির ক্ষতিপূরণার্থ টাকা দেন। আদালত যেরূপে আজ্ঞা করেন ক্ষতিপূরণ সেইরূপে নির্ণীত হইবে। কিন্তু চুক্তিভঙ্গ হইলে যাঁহার যত ক্ষতি সম্ভাবনা এই বিষয় লক্ষ না করিয়া যদি উভয়পক্ষের মধ্যে ক্ষতিপূরণস্বরূপ এত টাকা দিবার কোন নিয়ম পূর্ব্বে হইয়া থাকে, তবে আদালত শোধিত ক্ষতিপূরণস্বরূপ সেই টাকার ডিক্রী করিতে পারিবেন ইতি।

অর্থ। (ক) চুক্তি যে সময়ে করা গেল সেই সময়ের ভাবানুসারে বেতনের উপযুক্ততা কি ন্যূনতা নির্ণয় হইবে।

(খ) যে নিশ্চিতত্বা প্রয়োজন তাহা চুক্তির লিখিত বিষয়সম্বন্ধে, এবং যে অবস্থায় ও যদুপলক্ষে চুক্তি করা গিয়াছিল তৎসম্বন্ধে যুক্তিমত হওয়া আবশ্যক। (ক্ষু. মো. আ.)

[চুক্তিভঙ্গহেতুক ক্ষতিপূরণের মোকদ্দমায়, উদ্দিষ্ট কার্য্যসাধনের ডিক্রী হইতে পারিবার কথা।]

৩১৭ ধারা। চুক্তিভঙ্গ জন্য ক্ষতিপূরণ বিষয়ক মোকদ্দমা হইলে যদি প্রকাশ পায় যে প্রতিবাদী সেই চুক্তি সাধন করিতে পারেন, তবে আদালত বাদির সম্মতি লইয়া আদালতের নিরূপণীয় সময়ের মধ্যে ঐ চুক্তির উদ্দিষ্ট কর্ম্ম সাধনের ডিক্রী করিতে পারিবেন। তাহা করিলে, ঐ চুক্তির উদ্দিষ্ট কর্ম্ম সাধন না হইলে তৎবিপর্য্যায় ক্ষতিপূরণার্থে যত টাকা দিতে হইবে, তৎকালে তাহারও ডিক্রী করিবেন ইতি। (ক্ষু. মো. আ.)

[টাকাবিষয়ক মোকদ্দমাতে ডিক্রীর দ্বারা মূল টাকার উপর সুদ দিবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।]

৩১৮ ধারা। বাদির প্রাপ্য টাকার জন্যে মোকদ্দমা হইলে, মোকদ্দমার তারিখের পূর্ব্বের কোন কালের নিমিত্তে মূল টাকার উপর যত সুদ দিবার আজ্ঞা হইল তদতিরিক্ত ডিক্রীক্রমে মূল যত টাকা ধার্য্য হইল তাহার উপর আদালত যে হার উপযুক্ত বোধ করেন মোকদ্দমা হইবার তারিখ অবধি ডিক্রীর তারিখ পর্য্যন্ত সেই হারে সুদ দিবার আজ্ঞা করিতে পারিবেন, ও তদ্রূপে সর্ব্বসুদ্ধ যত টাকার ডিক্রী হইল তাহার উপর ও ডিক্রীর তারিখ অবধি পরিশোধের তারিখ পর্য্যন্ত মোকদ্দমার খরচার উপর অতিরিক্ত সুদও দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[Payment by instalments.]

CCCXIX. In all decrees for the payment of money, the Court may for any sufficient reason order that the amount shall be paid by instalments with or without interest. (S. C. C. & R. C.)

[In suits for land, Court may decree payment of mesne profits with interest.]

CCCXX. When the suit is for land or other property paying rent, the Court may provide in the decree for the payment of mesne profits or rent in respect of such property from the date of the suit until the date of delivery of possession to the party in whose favour the decree is made, with interest thereupon at such rate as the Court may think proper.

[Court may determine amount of mesne profits prior to passing decree or may reserve enquiry.]

CCCXXI. When the suit is for land and for mesne profits which have accrued on the land during a period prior to the date of suit, and the amount of such profits is disputed, the Court may either determine the amount prior to passing a decree for the land or may pass a decree for the land and reserve the enquiry into the amount of mesne profits for the execution of the decree according as may appear most convenient.

[If set-off be allowed. Effect of decree.]

CCCXXII. If the defendant shall have set-off the amount of a debt against the claim of the plaintiff, the decree shall state what amount is due to the plaintiff and what amount (if any) is due to the defendant, and shall be for the recovery of any sum which shall appear to be due to either party. The decree of the Court with respect to any sum awarded to the defendant shall have the same effect and be subject to the same rules in respect of appeal or otherwise as if such sum had been claimed by the defendant in a separate suit against the plaintiff. (S. C. C.)

[If decree be for a sum of money not exceeding Rs. 1,000, Court may on verbal application direct immediate execution.]

CCCXXIII. When a decree is passed for a sum of money only and the amount decreed shall not exceed the sum of one thousand rupees, the Court may, at the same time that it passes the decree, on the verbal application of the party in whose favour the decree is made, order immediate execution thereof by the issue of a warrant direct either against the person of the defendant if he is within the local limits of the jurisdiction of the Court, or against the personal property of the defendant within the same limits. (S. C. C. & R. C.)

[কিস্তিবন্দী করিয়া পরিশোধ করিবার কথা।]

৩১৯ ধারা। আদালত উপযুক্ত কারণ দেখিলে টাকা দিবার সকল ডিক্রীর মধ্যে এমত আজ্ঞা করিতে পারিবেন যে সুদ সমেত কি সুদ ছাড়া ঐ টাকা কিস্তি করিয়া দেওয়া যায় ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ভূমিবিষয়ক মোকদ্দমার সুদ সমেত ওয়াসীলাৎ দিবার ডিক্রী করিতে আদালতের ক্ষমতার কথা।]

৩২০ ধারা। যদি ভূমি কি সকর অন্য সম্পত্তির মোকদ্দমা হয়, তবে আদালত ডিক্রীতে এই বিধান করিতে পারিবেন যে, মোকদ্দমার তারিখ অবধি ডিক্রীদারকে দখল দেওনের তারিখ পর্য্যন্ত সেই সম্পত্তিসম্পর্কীয় ওয়াসীলাৎ কি কর ও তাহার উপর সুদের যে হার আদালতের উপযুক্ত বোধ হয়, সেই হারে সুদ দেওয়া যায় ইতি।

[যত টাকা ওয়াসীলাৎ হইয়াছে তাহা আদালতের ডিক্রী করিবার পূর্ব্বে নির্ণয় করিবার কিম্বা পশ্চাৎ অনুসন্ধান করিবার ক্ষমতার কথা।]

৩২১ ধারা। ভূমির জন্যে এবং মোকদ্দমার তারিখের পূর্ব্ব কতক কাল পর্য্যন্ত ঐ ভূমির উপর যে ওয়াসীলাৎ হইয়াছে তাহার জন্যে মোকদ্দমা হইলে, সেই ওয়াসীলাৎ কত টাকা এই বিষয়ের যদি বিবাদ হয়, তবে আদালত ভূমির ডিক্রী করিবার পূর্ব্বে তাহা নির্ণয় করিতে পারিবেন, নতুবা সুবিধাজনক জ্ঞান করিলে ভূমির ডিক্রী করিয়া, ঐ ওয়াসীলাৎ কত হয় এই কথার অনুসন্ধান ডিক্রী প্রবল হওনের সময় পর্য্যন্ত স্থগিত রাখিতে পারিবেন ইতি।

[দাওয়া খণ্ডাইবার জন্যে অন্য দাওয়া গ্রাহ্য হইলে ডিক্রীর যে ফল হইবে তাহার কথা।]

৩২২ ধারা। যদি বাদির দাওয়ার প্রতিরোধে প্রতিবাদী তাঁহার নিকটে প্রাপ্য ঋণের দাওয়া করেন, তবে বাদির যত পাওনা, ও প্রতিবাদির পাওনা থাকিলে তাঁহারও যত পাওনা এই কথা ডিক্রীতে নির্ণীত হইবে, এবং বাকী কাটিয়া যে পক্ষের যত পাওনা আছে তাঁহার তাহা আদায় করিবার ডিক্রী হইবে। প্রতিবাদী ঐ টাকার দাওয়া প্রযুক্ত বাদির বিপক্ষে স্বতন্ত্র মোকদ্দমা করিলে ডিক্রী যে বল বিশিষ্ট ও যে বিধির অধীন হইত, প্রতিবাদিকে টাকা দিবার আজ্ঞা সম্পর্কে আদালতের ডিক্রী সেই বলবিশিষ্ট ও সেই বিধির অধীন হইবে ইতি। (ক্ষু. মো. আ.)

[এক সহস্রের অনধিক টাকার ডিক্রী হইলে বাচনিক প্রার্থনাক্রমে আদালতের তৎক্ষণাৎ ডিক্রী সাধনের আজ্ঞা করিবার কথা।]

৩২৩ ধারা। কেবল টাকার ডিক্রী হইলে যদি এক সহস্রের অনধিক টাকার ডিক্রী হয়, তবে যে ব্যক্তির পক্ষে হইল তাঁহার বাচনিক প্রার্থনাক্রমে আদালত ডিক্রী করণ সময়ে, তৎসাধনের আজ্ঞা করিবেন। বিশেষতঃ প্রতিবাদী আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে থাকিলে তাঁহারই বিপক্ষে, কিম্বা সেই সীমার মধ্যবর্ত্তী তাঁহার অস্থাবর সম্পত্তির বিপক্ষে পরওয়ানা জারী করাইয়া অগৌণে ঐ ডিক্রী সাধনের আজ্ঞা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[Warrant against the movable property may be general or special.]

CCCXXIV. If the warrant be directed against the movable property of the defendant, it may be general against any of his movable property wherever it may be found within the local limits of the jurisdiction of the Court, or special against any of his movable property within the same limits which shall be indicated by the party in whose favor the decree is made. (S. C. C. & R. C.)

[Certified copies of decree and judgment to be furnished.]

CCCXXV. Certified copies of the decree and judgment or of either the decree or judgment shall be furnished to the parties on application to the Court, and on the production of the necessary stamp paper for making such copies where a stamp is required by law. The application may be made either orally or by writing on unstamped paper. Copies of the decree and judgment may be taken on the same sheet of stamp paper if it be capable of containing them. (S. C. C. & R. C.)

CHAPTER V.

OF THE EXECUTION OF DECREES.

[Decree for immovable property.]

CCCXXVI. If the decree be for any immovable property, possession thereof shall be delivered over to the party to whom it shall have been adjudged. (R. C.)

[Decree for specific movable.]

CCCXXVII. If the decree be for any specific movable, it shall be enforced by the seizure, if practicable, of the specific movable and by the delivery thereof to the party to whom it shall have been adjudged.

[Enforcement by attachment or imprisonment of decree for specific performance.]

CCCXXVIII. A decree for specific performance of a contract may be enforced by the imprisonment of the party against whom the decree is made, or by the attachment of his property, or by both the imprisonment of the party and the attachment of his property. The imprisonment and attachment may be continued until the party against whom the decree is made shall comply with the terms of it, or for such time as the Court shall order: Provided that no person shall be imprisoned under this Section for a longer period than six months. (S. C. C.)

[Payment of money ordered to be paid under Section 313, 315, or 316, how to be enforced.]

CCCXXIX. Payment of a sum of money ordered to be paid under Section 313, Section

অস্থাবর সম্পত্তির বিপক্ষ সাধারণ কি বিশেষ পরওয়ানা হইতে পারিবার কথা।]

৩২৪ ধারা। প্রতিবাদির অস্থাবর সম্পত্তির উপর পরওয়ানা হইলে, তাহা সাধারণ, অর্থাৎ আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে কোন স্থানে প্রতিবাদির যে কোন অস্থাবর সম্পত্তি পাওয়া যায় তাহার উপর, কিম্বা বিশেষ, অর্থাৎ ডিক্রীদার সেই স্থানীয় সীমার মধ্যে প্রতিবাদির যে বিশেষ সম্পত্তি দেখাইয়া দেন কেবল তাহার বিপক্ষে পরওয়ানা হইতে পারিবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ডিক্রীর ও নিষ্পত্তির সংশিত প্রতিলিপি দিবার কথা।]

৩২৫ ধারা। আদালতের নিকটে প্রার্থনা হইলে এবং আইনমতে ইস্টাম্প কাগজে প্রতিলিপি করিবার আজ্ঞা থাকিলে, আবশ্যকমত ইস্টাম্প কাগজ অর্পিত হইলে, উভয় পক্ষকে ডিক্রীর ও নিষ্পত্তির কিম্বা কেবল ডিক্রীর কি নিষ্পত্তির সংশিত প্রতিলিপি দেওয়া যাইবে। তজ্জন্য বাক্যক্রমে কি শাদা কাগজে লিখিত পত্রদ্বারা প্রার্থনা হইতে পারিবে। যদি এক কেতা ইস্টাম্প কাগজে ডিক্রী ও নিষ্পত্তি উভয়ের প্রতিলিপি ধরে, তবে তাহাতে উভয়ের প্রতিলিপি করা যাইতে পারিবে ইতি (ক্ষু. মো. আ. ও রা. আ.)

পঞ্চম অধ্যায়।

ডিক্রী সাধন করিবার বিধি।

[স্থাবর সম্পত্তির ডিক্রীর কথা।]

৩২৬ ধারা। স্থাবর সম্পত্তির ডিক্রী হইলে যে ব্যক্তির পক্ষে হয়, তাঁহাকে সেই সম্পত্তির অধিকার দেওয়া যাইবে ইতি। (রা. আ.)

[অস্থাবর নির্দ্দিষ্ট সম্পত্তির ডিক্রীর কথা।]

৩২৭ ধারা। যদি কোন অস্থাবর নির্দ্দিষ্ট সম্পত্তির ডিক্রী হয়, তবে সাধ্য হইলে সেই নির্দ্দিষ্ট অস্থাবর সম্পত্তি ধৃত করিয়া, যে ব্যক্তির পক্ষে ডিক্রী হইল তাহাকে সম্প্রদান করণক্রমে ঐ ডিক্রী প্রবল হইবে ইতি।

[উদ্দিষ্ট কার্য্য সাধনের ডিক্রী সম্পত্তি আটক করণ কি ব্যক্তিকে কারাবন্ধন দ্বারা প্রবল করিবার কথা।]

৩২৮ ধারা। যদি চুক্তিমূলক উদ্দিষ্ট কার্য্য সম্পাদনের ডিক্রী হয়, তবে যাঁহার বিপক্ষে ডিক্রী হইল তাঁহার কারাদণ্ডদ্বারা কি তাঁহার সম্পত্তি আটক করণদ্বারা কিম্বা কারাদণ্ড ও সম্পত্তি আটক এতদুভয়দ্বারা ডিক্রী প্রবল করা যাইতে পারিবে। যাঁহার বিপক্ষে ডিক্রী হইয়াছে, তিনি যাবৎ তন্নির্দ্দিষ্ট নিয়মানুসারে কার্য্য না করেন, কিম্বা আদালত যত কাল আজ্ঞা না করেন, তত কাল কারাবদ্ধ থাকিবেন, ও তাঁহার সম্পত্তি আটক থাকিবে। পরন্তু এই ধারার বলে কোন ব্যক্তি ছয় মাসের অধিক কাল কারাবদ্ধ হইবে না ইতি। (ক্ষু. মো. আ.)

[৩১৩ কি ৩১৫ কি ৩১৬ ধারানুসারে টাকা দিবার ডিক্রী হইলে তৎসাধনের কথা।]

৩২৯ ধারা। ৩১৩ কি ৩১৫ কি ৩১৬ ধারামতে টাকা দিবার আজ্ঞা হইলে টাকার ডিক্রী প্রবল করণের যে

315, or Section 316 shall be enforced in the manner hereinafter provided for the execution of a decree for money. (S. C. C. & R. C.)

[Decree for money.]

CCCXXX. If the decree be for money, it shall be enforced by the imprisonment of the party against whom the decree is made, or by the attachment and sale of his property, or by both. (S. C. C. & R. C.)

[Enforcement of decree for money against a plaintiff.]

CCCXXXI. If in any suit a decree for money is passed against a plaintiff, the decree may be enforced against him in the same manner as a decree may be enforced against a defendant. (S. C. C.)

[Decree for execution of conveyances, or endorsement of negotiable instruments.]

CCCXXXII. If the decree be for the execution of a conveyance, or for the endorsement of a negotiable instrument, and the party ordered to execute such conveyance or endorse such instrument shall neglect or refuse to comply with the order, the party in whose favour the decree is made may prepare the draft of a conveyance or endorsement in accordance with the terms of the decree, and deliver a copy of the draft to the party so ordered to execute or endorse and tender another copy of the same to the Court for execution upon the proper stamp paper if a stamp is required by law. The Court shall thereupon execute such draft conveyance or endorsement and if it think fit, may alter the same in accordance with the terms of the decree and execute the conveyance or endorsement so altered: Provided that if either party object to the draft so tendered as aforesaid, his objections shall within eight days of such delivery be stated in writing and argued before the Court, and the Court shall thereupon pass such order as it may think fit and execute or alter and execute the draft in accordance therewith. (S. C. C. & R. C.)

[Form and effect of execution of conveyance by Court.]

CCCXXXIII. The execution of conveyance or the endorsement of a negotiable instrument by the Court under the last preceding Section shall be in the following form—" C. D. Judge of the Court of (*or as the case may be*) for A. B., in a suit by E. F. against A. B.—" and shall have the same effect as the execution of the

বিধি পশ্চাৎ লিখিত হইতেছে সেই বিধিমতে ঐ আজ্ঞা প্রবল হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[টাকার ডিক্রীর কথা।]

৩৩০ ধারা। টাকার ডিক্রী হইলে যে ব্যক্তির বিপক্ষে ডিক্রী হয় তাহার কারাদণ্ডদ্বারা কি তাহার সম্পত্তি আটক ও বিক্রয় করণদ্বারা কি এতদুভয়দ্বারা তাহা প্রবল করিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[বাদির বিপক্ষে টাকার ডিক্রী বলবৎ করণের কথা।]

৩৩১ ধারা। যদি কোন মোকদ্দমায় বাদির বিপক্ষে টাকার ডিক্রী হয়, তবে প্রতিবাদির বিপক্ষে ডিক্রী প্রবল করণের নিয়মমতে তাঁহার বিপক্ষে ঐ ডিক্রী প্রবল হইবে ইতি। (ক্ষু. মো. আ.)

[হস্তান্তর করণপত্রে স্বাক্ষর করিবার কি ক্রয়বিক্রয়ের যোগ্য নিদর্শনপত্রের পৃষ্ঠলিপিতে স্বাক্ষর করিবার ডিক্রীর কথা।]

৩৩২ ধারা। যদি হস্তান্তর করণপত্রে কিম্বা ক্রয়বিক্রয়ের যোগ্য নিদর্শনপত্রের পৃষ্ঠলিপিতে স্বাক্ষর করিবার ডিক্রী হয়, তবে যে ব্যক্তির প্রতি সেই হস্তান্তর করণপত্রে, কি সেই ক্রয়বিক্রয়ের যোগ্য নিদর্শনপত্রের পৃষ্ঠলিপিতে, স্বাক্ষর করিবার আদেশ হইল, তিনি সেই আদেশানুসারে কার্য্য না করিলে কি করিতে সম্মত না হইলে, যে ব্যক্তির পক্ষে ডিক্রী হয় তিনি ডিক্রীর নিয়মানুসারে হস্তান্তর করণপত্রের কিম্বা নিদর্শনপত্রের পৃষ্ঠলিপির পাণ্ডুলিপি প্রস্তুত করিয়া স্বাক্ষর কি পৃষ্ঠলিপি করিতে যাঁহার প্রতি আজ্ঞা হইয়াছে তাঁহাকে ঐ পাণ্ডুলিপির প্রতিলিপি দিবেন, এবং যদি আইনমতে কোন ষ্টাম্পের প্রয়োজন হয়, তবে ঐ পাণ্ডুলিপির অন্য একখান প্রতিলিপি ইষ্টাম্প কাগজে লেখাইয়া স্বাক্ষর করিবার জন্যে আদালতে অর্পণ করিবেন। তাহা হইলে পর আদালত সেই হস্তান্তর করণপত্রের কি পৃষ্ঠলিপির পাণ্ডুলিপিতে স্বাক্ষর করিবেন, ও যদি উপযুক্ত বোধ করেন, তবে ডিক্রীর নিয়মানুসারে তাহা পরিবর্ত্তন করিবেন, ও তদ্রূপ পরিবর্ত্তিত হস্তান্তরকরণপত্রে কি পৃষ্ঠলিপিতে স্বাক্ষর করিবেন। পরন্তু যদি কোন পক্ষ পূর্ব্বোক্ত মতে অর্পিত পাণ্ডুলিপিতে আপত্তি করেন, তবে পূর্ব্বোক্তমতে সমর্পণের পর আট দিনের মধ্যে তাঁহার সেই আপত্তি লিপিবদ্ধ হইয়া আদালতের সম্মুখে তাহার বাদানুবাদ হইবে। তাহা হইলে আদালত যে আজ্ঞা উচিত বোধ করেন তাহা করিয়া তদনুসারে ঐ পাণ্ডুলিপিতে স্বাক্ষর করিবেন, কিম্বা তাহা পরিবর্ত্তন করিয়া স্বাক্ষর করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আদালতকর্ত্তৃক হস্তান্তর করণপত্রে স্বাক্ষর করণের পাঠ ও ফলের কথা।]

৩৩৩ ধারা। আদালত ইহার পূর্ব্ব ধারামতে হস্তান্তর করণপত্রে কিম্বা ক্রয়বিক্রয়যোগ্য নিদর্শনপত্রের পৃষ্ঠলিপিতে যখন স্বাক্ষর করেন, তখন এই পাঠ করিবেন, যথা, "ক খর নামে গ ঘর মোকদ্দমায় ক খর পক্ষে অমুক স্থানের আদালতের জজ চ ছ।" ও যাঁহার প্রতি ঐ হস্তান্তর করণপত্রে কি নিদর্শনপত্রের পৃষ্ঠলিপিতে স্বাক্ষর করিবার আজ্ঞা হইয়াছিল তাঁহার

conveyance or endorsement of the instrument by the party ordered to execute or endorse the same. (S. C. C. & R. C.)

[If decree be against Government or Officer on behalf of Government.]

CCCXXXIV. If the decree be against Government or against an Officer acting on behalf of Government, and the Officer against whom execution is applied for neglect or refuse to satisfy the decree, the Court, if it be a subordinate Court, shall report the case through the High Court for the orders of the Local Government. If any such decree be passed by the High Court on its original side, the High Court shall in case of such neglect or refusal report the case for the orders of the Local Government. Execution shall not issue on the decree unless the decree shall remain unsatisfied for the period of three months calculated from the date of such report. (S. C. C.)

[Decree against representative of deceased person for money to be paid out of deceased's property.]

CCCXXXV. If the decree be against a party as the representative of a deceased person, and the decree be for money to be paid out of the property of the deceased person, it may be executed by the attachment and sale of any such property, or if no such property can be found and the defendant fail to satisfy the Court that he has duly applied for such property of the deceased as shall be proved to have come into his possession, the decree may be executed against the defendant to the extent of the property not duly applied by him, in the same manner as if the decree had been against him personally. (S. C. C. & R. C.)

[Decree against surety.]

CCCXXXVI. Whenever a person has become liable as surety for the performance of a decree or of any part thereof, the decree may be executed against such person to the extent to which he has rendered himself liable, in the same manner as a decree may be executed against a defendant. (S. C. C. & R. C.)

[Property liable to attachment and sale in execution of decree.]

CCCXXXVII. The following property is liable to attachment and sale in execution of a decree, namely, lands, houses or other buildings, goods, money, bank-notes, cheques, bills of exchange, promissory notes, Government securities, bonds or other securities for money, debts, shares in the capital or joint-stock of any Railway, Banking or other Public Company or Corporation, and all other property whatsoever,

স্বাক্ষরের যে ফল হইত, বিচারকর্ত্তা স্বাক্ষর করিলে সেই ফল হইবে ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[গবর্ণমেণ্টের বিপরীত কি গবর্ণমেণ্টের পক্ষ কোন কার্য্যকারকের বিপরীত ডিক্রীর কথা।]

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইশ্‌তেহারের লিখিত পরিমাণ আফিম ভিন্ন বর্ত্তমান বর্ষে সন ১৮৬৪। ৬৫ সালের উৎপন্ন নীচের লিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদি দৈবাৎ কোন হেতু প্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৬ সাল	তারিখ	১১ মে	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	১১ জুন	সোমবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯ জুলাই	সোমবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯ আগস্ট	বৃহস্পতিবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	১০ সেপ্টেম্বর	সোমবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৪ আকুটোবর	বৃহস্পতিবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯ নবেম্বর	শুক্রবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৫ ডিসেম্বর	বুধবার	ঐ	২,০০০	১,৩৭০	৩,৩৭০
				একুন	১৬,০০০	১০,৬৮০	২৬,৬৮০

টি ক্রুপ লেন
ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
কোর্ট উইলিয়ম সন ১৮৬৬ সাল তারিখ ১৯ মার্চ।

Paris Universal Exhibition of Agriculture, Industry, and Art of 1867.

NOTIFICATION.

WITH reference to the orders of Government, No. 6736, dated the 2nd November 1865, and published in the *Calcutta Gazette* of the 15th idem, parties desirous of sending Articles to the Paris Exhibition are invited to communicate their intentions either to the Central Committee for Bengal, or to any of the Commissioners of the Divisions named below,* and to forward an accurate description of the Articles intended to be sent.

2. A description of all Articles must first be submitted for the approval of the Central Committee, in order that it may be determined whether the same or such as, with reference to the objects of the Exhibition and other circumstances, the Government can undertake to transmit to Paris at the Public expense.

3. All Articles tendered for contribution by private individuals after being approved of by the Central Committee will be taken charge of and forwarded to Paris at the expense of Government, and after the close of the Exhibition they will be disposed of in such manner as may be agreed upon between the Central Committee and the respective contributors.

4. The nature and description of Articles admissible into the Exhibition may be learnt on application to the Central Committee, or to any of the Commissioners of Divisions, and it is particularly intimated that Articles tendered for contribution should be limited to works of Industry and Art locally produced.

5. Parties wishing to become contributors to the Paris Exhibition must signify their intentions within three months from this date, after which no application can be received.

By Order of the Central Committee,

A. M. DOWLEANS,
Secretary.

CALCUTTA,
The 10th January 1866.

---

* Patna, Bhaugulpore, Rajshahye, Dacca, Nuddea, Chittagong, Burdwan, Cuttack, Chota Nagpore, Assam, Cooch Behar.

১৮৬৭ সালে পারিস নগরে কৃষি ও অধ্যবসায়জনিত ও শিল্পঘটিত কার্য্যের যে মহা প্রদর্শন হইবে তদ্বিষয়ক বিজ্ঞাপন।

১৮৬৫ সালের নবেম্বর মাসের ২ তারিখের ৬৭৩৬ নম্বরের গবর্ণমেন্টের যে আজ্ঞা ঐ মাসের ২১ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তদুপলক্ষে জানান যাইতেছে যে, পারিস নগরের প্রদর্শনে যাঁহারা দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছুক আছেন তাঁহারা যেং দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছা করেন তাহার প্রকৃত বৃত্তান্ত বঙ্গদেশের সদর কমিটীতে কিম্বা পশ্চাৎ লিখিত খণ্ডের* কোন কমিস্যনর সাহেবের নিকটে লিখিয়া পাঠাইবেন।

২। সদর কমিটীর সম্মতি পাইবার জন্যে প্রথমে সকল দ্রব্যের বৃত্তান্ত লিখিয়া পাঠাইতে হইবে, কেমনা প্রদর্শনের উদ্দেশ্য বিবেচনায় সেই সকল দ্রব্য মনোনীত হইতে পারে কি না এবং বিষয়ান্তরে রাজকীয় ব্যয়ে গবর্ণমেণ্ট তাহা পারিস নগরে পাঠাইতে পারেন কি না ইহা স্থির করা আবশ্যক।

৩। সদর কমিটীর সম্মতি পাইলে পর ব্যক্তি বিশেষ কর্ত্তৃক যে সকল দ্রব্য দিবার প্রস্তাব হয় তাহা জিম্মায় লইয়া রাজকীয় ব্যয়ে পারিস নগরে পাঠান যাইবে, ও প্রদর্শন হইয়া গেলে পর সেই সকল দ্রব্য লইয়া সদর কমিটীর ও যাঁহারা সেই দ্রব্য দিয়াছেন তাঁহাদের পরস্পরের যদ্রূপে সম্মতি হইয়াছে তদ্রূপে কার্য্য হইবে।

৪। যেং ভাবের ও প্রকারের দ্রব্য প্রদর্শনে গ্রাহ্য হইবে তাহা সদর কমিটীর নিকটে কিম্বা খণ্ডের কোন কমিস্যনর সাহেবের নিকটে আবেদন করিলে জানা যাইতে পারিবে। আরো ইহা বিশেষমতে জানান যাইতেছে যে, অধ্যবসায়জনিত কি শিল্পঘটিত যে দ্রব্য স্থানবিশেষে উৎপন্ন হইয়াছে তদ্ভিন্ন কোন দ্রব্য পাঠাইবার প্রস্তাব না হয়।

৫। যাঁহারা পারিস নগরের প্রদর্শনে দ্রব্যাদি পাঠাইতে ইচ্ছা করেন তাঁহারা এই বিজ্ঞাপনের তারিখ অবধি তিন মাসের মধ্যে আপনাদের মনস্থ জ্ঞাত করিবেন, তিন মাসের পর তাঁহাদের আবেদন গ্রাহ্য হইবে না।

সদর কমিটীর আজ্ঞাক্রমে,

এ এম ডৌলিন্স,
সেক্রেটারী।

কলিকাতা,
১৮৬৬ সাল ১০ জানুআরি।

---

* পাটনা। ভাগলপুর। রাজশাহী। ঢাকা। নদীয়া চট্টগ্রাম। বর্দ্ধমান। কটক। ছোট নাগপুর। আসাম। কচবেহার।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২৭ মার্চ।]

NOTICE.

Any persons holding the Left-half of the Government Currency Note $\frac{A}{9}$36005, for Rupees 20, dated 11th July 1861, or the Right-half of the Government Currency Note $\frac{A}{9}$79853, for Rupees 20, dated 11th July 1861, are requested to communicate with the undersigned.

W. WAVELL,
Offg. Joint-Magistrate of Rungpore.

বিজ্ঞাপন।

১৮৬১ সালের ১১ জুলাই তারিখের $\frac{A}{৯}$৩৬০০৫ নম্বরের ২০৲ টাকার গবর্ণমেণ্ট করেন্সী নোটের প্রথমার্দ্ধ কিম্বা ১৮৬১ সালের ১১ জুলাই তারিখের $\frac{A}{৯}$৭৯৮৫৩ নম্বরের ২০৲ টাকার গবর্ণমেণ্ট করেন্সী নোটের দ্বিতীয়ার্দ্ধ যাঁহার কাছে থাকে তিনি নিম্নে স্বাক্ষরকারিকে সংবাদ দিবেন।

ডবলিউ ওয়েবেল।
রঙ্গপুরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট।

LAND ADVERTISEMENTS. ভুমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা মেদিনীপুর।

ইশ্‌তাহার

সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৫৯। ১১ আইনের ৬ ছয় দফামতে সন ১৮৫৯ সালের ১০ আইন সুরত ৪৮৪ নং ডিক্রীজারির মোকদ্দমায় যাহাতে রাখালদাস মুখোপাধ্যায় ডিক্রীদার জানকী দেই দেনির জিলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নের লিখিত মহালের মধ্যে দেনির অংশের তক্সীম মঃ ১৬০৩৶৫ পাই অত্র জেলার কালেক্টরীতে সন ১৮৬৬ সালের ২৮ মার্চ আমলি সন ১২৭৩ সালের ১৭ চৈত্র তারিখে নীলাম হইবেক ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ১৯ ফেব্রুআরি।

ইষ্টেড বাডগেড নং তৌজী ১৫৯। পং সাহাপুর সদর জমা ৩২১৩৷৶২
মালিক শ্রীমতী জানকী দেই ওগেরহ

T. GRANT,
Cord. Dy. Collr. in charge of office for Collector.

জেলা নদীয়া

ইস্তেহার।

সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত মহাল সন ১৮৫৯ সাং ১১ আইনের বিধানমতে লাটবন্দী হইয়া সরকারি রাজস্ব বাকীর জন্য দাখিলের শেষ দিবস গত ১২ জানুআরি অবধারিত হইয়াছিল ঐ তারিখে সরকারি বাকী দাখিল না হওয়া প্রযুক্ত উক্ত আইনের ৬ ধারার বিধানক্রমে বর্ত্তমান ১৮৬৬ সাং ২৯ মার্চ মোং ১২৭২ সাং ১৭ চৈত্র বৃহস্পতি বার নীলামের দিন অবধারিত হইল উক্ত তারিখে প্রস্তাবিত মহাল জেলা নদীয়ার শ্রীযুত কালেক্টর সাহেবের হজুরে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক সন ১৮৬৬ সাল তারিখ ১০ মার্চ।

নং তৌজী ২১৭৬ পং রাজপুর বিল মাদীয়া মালিক ৺ শ্রীশ্রীধর ঠাকুর সেবাইত মথুরানাথ আচার্য্য সদর জমা ৯১৭৸৶১

H. ULICK BROWNE,
Collector.

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা যাইতেছে আমার নীলাম খরিদা জিলে ত্রিপুরার মোতালক পরগনে বরদাখাত হিস্যে ৷৷৵১৩৷ — ক্রান্ত সরকার বাহাদুরের খাস মহাল জমিদারিসংক্রান্ত নীচের তপসিলের লিখিত মহালাত জরিপ ও হাশীল জমির জমাবন্দি অনুসারিয় জমাহইতে শতকরা ১০৲ দশ টাকা তহসীল আখেরাজাত বাদে বাকী জমায় ১২৭৩ সনের প্রথমহইতে ৫ পাঁচ সন ম্যাদি ইজারা অথবা ঐ জমার পাঁচগুণ সেলামিতে দাইমী পত্তনী বন্দবস্ত হইবেক অতএব যে কেহ ঐ প্রকার ইজারা অথবা পত্তনী বন্দবস্ত করার ইচ্ছুক তিনি বর্ত্তমান বর্ষের চৈত্র মাস মধ্যে আমার নিকট উপস্থিত হইয়া প্রার্থীত হইলে রীতিমতে জমানত দাখিলে

ইজারা অথবা পত্তনী গ্রাহক ব্যক্তিগণ সেলামি দাখিল করিলে পত্তনী বন্দবস্ত করিয়া লইতে পারিবেন মহালাতের জমিজমার বন্দবস্তের নিয়ম সিরিস্তা তদন্তে বিশেষরূপ জ্ঞাত হইতে পারিবেন ও ইহাও ব্যক্ত করা যাইতেছে যদি একি মহালের বন্দবস্ত গ্রাহক দুই তিন ব্যক্তি উপস্থিত হএন তবে যে কেহ ঊর্দ্ধ জমা ও সেলামী দিতে সম্মত হইবেন তাহাদের সহিত বন্দবস্ত করা যাইবেক ইতি ।

নাম মহাল			হাশীল্ জমির জমা	বাদ তহসীলা আখেরাজাত	বাকী জমা
করিমপুর, রছুলপুর	...	...	৯৬০০৸৶	৯৬০/৬	৮৬৪০৸/৬
সূর্য্যপুর, কুটুম্বপুর	...	...	৮৪৪৯।/	৮৪৪৸৵	৭৬০৪।৶
পাহারপুর	...	...	৬৩৩৭৸৵	৬৩৩৸/	৫৭০৪/
ভৈভশের কোট	...	...	১৯০৬২৵	১৯০৬।।৵	১৭১৫৯।।০
আমপাল	...	...	৪৮২২৸০	৪৮২।/	৪৩৪০।৶
মিরবহরি	...	...	১৩৫।৶	১৩।।/	১২২৸৵
দেবীদ্বার হিস্যে ৵ আনী	...	...	৫৬২।।/	৫৬।০	৫০৬।/
ধামঘর	...	...	৪০৬২৸০	৪০৬।/	৩৬৫৬।৶
ভুবনঘর	...	...	২০৩২৵	২০৩৶/৬	১৮২৮৸৵/৬
সুরেশ্বরদি	...	...	৩৭২০/	৩৭২৲	৩৩৪৮/
কামাল্লা	...	...	৬১৬৯৲	৬১৬৸৶	৫৫৫২/
পালাম্মুতা	...	...	২৬০৩/	২৬০।/	২৩৪২৸০
শ্রীরামপুর	...	...	৯৪৩৫৲	৯৪৩।।০	৮৪৯১।।০
লহরি	...	...	৫৭৭২।।৵	৫৭৭।০	৫১৯৫।৵
কপশদী	...	...	৪২৫৩৮।।৶	৪২৫৩৸/	৩৮২৮৪৸৵
হোসনাবাদ	...	...	১২৪০৯।।০	১২৪০৸৶	১১১৬৮।।/
পারিয়াকান্দী	...	...	১৮৭০৪/	১৮৭০৵	১৬৮৩৩।।৶
বাথরাবাদ, রামচন্দ্রপুর	...	...	৬৬৮৭।।৵	৬৬৮৸০	৬০১৮৸৵
বার বাথরাবাদ	...	...	১০৭২৯৸৵	১০৭২৸৶	৯৬৫৬৸৶
সুরপুর	...	...	৭৮১১।।৶	৭৮১।/	৭০৩০৵
পাঁচপুখরিয়া	...	...	৩৬২৩৸/	৩৬২।৵	৩২৬১।৶
শুরানন্দি	...	...	২৭৪১৸/	২৭৪৵	২৪৬৭।।৶
বাশকাইট	...	...	১৬৩৯।৵৬	১৬৩৸৶	১৪৭৫।৶/৬
উরিশ্বর	...	...	১৮৭০৶/৬	১৮৭৲	১৬৮৩৶/৬
পোলবা	...	...	১৭৬১৲	১৭৬।০	১৫৮৪৸০
ফতেয়াবাদ	...	...	৭৩৪৭৸৶	৭৩৪।।৶	৬৬১৩।০
আলিয়াবাদ	...	...	১৩৯৪।।৬	১৩৯।৵	১২৫৫৵/৬
জারেরা	...	..	৩[illegible]১৫।৵	৩১৫।।/	২৮৪০/০
এছলামপুর	...	...	২০৮[illegible]/০	২০৮/০	১৮৭৩৲
কালঘরা	...	...	২৪২৭৲	২৪২।।৶	২১৮৪।/
উত্তর বাঙ্গরা, হিস্যে ।।০ আনী		...	১৬০৫।।৵৬	১৬০।।/	১৪৪৫/৬
			২১১২৯৮৸৵	২১১২৯৸/	১৯০১৬৯/
মোতালকে তর্পে পাঁচ ভাগ ।					
ঢৈলাব	...	...	৬৮৭৫৲	৬৮৭।।০	৫৯৮৭।।০
আছাদ নগর	...	...	১৭৫০৲	১৭৫৲	১৫৭৫৲
ভাত্তেরদী, হিস্যে ।৵ আনী	...	...	১৫০০৲	১৫০৲	১৩৫০৲
			১০১২৫৲	১২১২।।০	৮৯১২।।০
			২২১৪২৩৸৵	২২৩৪২।/	১৯৯[illegible]

ঢাকা কুমারটুলী দপ্তরখানা ।

শ্রী খাজে আসা

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬৬ । ২৭ মার্চ ।]

হাই কোর্ট বিজ্ঞাপন।

রিসীবর আপীস।

জমিদারিদিগর ইজারা।

আশুতোষ দেদিগর বাদী।
রাজকুমারী দাসীদিগর প্রতিবাদী।
ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ১০ এপ্রেল মঙ্গলবার বেলা দুইপ্রহর এক ঘণ্টার সময় হাই কোর্টের রিসীবর শ্রীযুত চার্লস সুইন্টন হাগ সাহেব তাঁহার আপীসে মৃত কৃষ্ণানন্দ বিশ্বাসের ইস্টেটের দরুন নীচের লিখিত জমিদারিদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনে ইচ্ছুক হয়েন উপরোক্ত সময়ে উক্ত আপীসে উপস্থিত হইবেন ইতি।

জেলা ২৪ পরগনার অন্তঃপাতি মোং বারাসতের

মাজিষ্ট্রেটের অধীন।

১৪৬ নম্বর পরগনে আনরপুর রকম ||০ আনার মধ্যে নীচের লিখিত ডিহি ও মৌজা ও কিসমতদিগর।

জায়।

ডিহি বিশ্বনাথপুর ডিহি সোহাইভাঙ্গা ডিচি বেলুড়িয়া ডিহি কতলসাহী ডিহি কৃষ্ণপুর ডিহি কালিকাপুর ডিহি বকুণ্ড ডিহি বাশুদেবপুর ডিহি বোদাই ডিহি চোরথাড়া ডিহি বেড়ুয়া ডিহি সাহেড়া ও মৌজে তালশাতিয়া মৌজে পানিহাড়া মৌজে বেহারী ও মৌজে বনমালিপুর মায় কাছারিবাটী ও হাট ও বাজার ও পুষ্করিণী ও বাগান ও দোকানদিগর মুচল্লম হকুক সেওয়ায় মধুমুরারীর নিলকুঠীর নওয়াজিমা জিনিসদিগর।

১১৭৮ নম্বর কিসমত মাধবপুরদিগর দেবোত্তর বাজেআপ্তী বন্দবস্তী মহাল মায় কাছারিবাটী হাটইত্যাদি উপরের লিখিত মত।

ঐ জেলার অন্তঃপাতি ২৪ পরগনার মাজিষ্ট্রেটের অধীন ১৪৫ নম্বর মহাল মদরছা রকম ||০ আট আনার মধ্যে নীচের লিখিত তরফ ও মৌজা কিসমতহায়।

জায়।

তরফ জজিড়া ও তরফ পাচুড়িয়া ও তরফ হালতু ও তরফ কোদালিয়া তরফ হাটগাছা ও মৌজে বনহুগলী ও কিসমত খড়দহ মায় কাছারিবাটী ও হাট বাজার পুষ্করিণী বাগান দোকানইত্যাদি উপরের লিখিত মত।

১৫৭ নম্বর পরগনে কলিকাতার অন্তঃপাতি তরফ বৈঁওতা যাহাকে সচারাচার শ্রীবাটী বলে তাহার রকম ||০ আনার মধ্যে নীচের লিখিত তরফ ও মৌজে ও কিসমত হায়।

জায়।

তরফ বৈরামপুর তরফ মৌশল ও তরফ রঘুনাথপুর মৌজে দুর্গাবাটী ও কিসমত খড়দহা মায় কাছারিবাটী ও হাট বাজার ইত্যাদি উপরের লিখিত মত।

১৬৯ নম্বর তরফ হাতিযাড়া নীচের লিখিত তরফ ও মৌজা ও কিসমত হায়।

জায়।

তরফ নিজ হাতিয়াড়া তরফ খচম্বা ও মৌজে বরাখোলা আহমামপুর ও মৌজে গাতি ও বাইগাছিদিগর ও কিসমত সাইতগাছি ও দোনার আটী ও চাপরা মায় কাছারিবাটী ও হাট বাজার বাগান ইত্যাদি উপরের লিখিত মত।

২১৭ নম্বর কিসমত খড়দহর মধ্যে ৺ গোকুলচন্দ্র গোস্বামির নামিত তালুক /৫ এক আনা এক পাইয়ের মধ্যে রকম এক পাই মায় কাছারিবাটী ইত্যাদি উপরের লিখিত মত।

পরগনে কলিকাতা মহাল মদরছার অন্তঃপাতি তরফ হাদীয়ার মৌজে নিজ হাদীয়া ও মৌজে খেয়াদা।

ঐ পরগনার মহল শ্রীবাটীর অন্তঃপাতি মৌজে কুমার পুখুরিয়া।

আর২ বৃত্তান্ত রিসীবর আপীসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

কলিকাতা হাই কোর্ট রিসীবর আপীস ৫ নম্বর ইষ্ট্রাণ্ড রোড সন ১৮৬৬ সাল তারিখ ১৬ মার্চ।

বিজ্ঞাপন।

আপিলেন্ট ঠাকুরাণী দাসীর জমারদ্ধির মোকদ্দমায় হাইকোর্টের এজলাস কামালের নিষ্পত্তির বাঙ্গালা মূল্য ২৲ টাকা। কলিকাতা বহুবাজারস্থ ১৭২ সংখ্যক ষ্ট্যানহোপ প্রেসে পাওয়া যায়।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত ডামস জোন্স সাহেবকর্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, MARCH 27, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২৭ মার্চ।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়া ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হই বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিব বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাক দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যা পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনা গমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করে সেই২ তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জেলা ভাগলপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্‌টরি জেলা ভাগলপুর।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অত্র কালেক্‌টরি স্থিত নিম্নের ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৬৬ সালের ২৮ মার্চ মোতাবেক ফসলি ১২৭৩ সালের ২৭ চৈত্র বুধবার ভাগলপুর জেলার কালেক্‌টরিতে বিক্রয় হইবেক ইতি।

১। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহাদের এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয় নিয়মের অধীনে থাকিতে হইবেক।

রাজকীয় মহালের তৌজিতের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	পরিমাণ যত একর	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				যত টাকা জমা ধার্য্য আছে।	রাস্তার টাকুস।	মোট।		
			এঃ রুঃ পঃ					
২০৪ ১৮৫৯	৯৪	জাগীর নাছের তগেল থানা উধয়ানালা পরগনে কাঁকজোল ...	০।৩।৩৭ ৩ বিঘা	১০	৩	১৩	২॥০	

জেলা ভাগলপুর কাছারি কালেক্‌টরি তারিখ ১১ জানুআরি ১৮৬৬ সাল।

R. L. Mangles,
Collector.

বাঙ্গলা সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 3, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৩ আপ্রিল।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 1st March 1866, and having been assented to by His Excellency the Governor General on the 14th idem, is hereby promulgated for general information:—

ACT No. II OF 1866.

An Act to provide for the better regulation of the Police within the Suburbs of the Town of Calcutta.

[Preamble.]

WHEREAS it is expedient to exclude the Suburbs of the Town of Calcutta from the General Police District of Bengal, and to make provision for the better regulation of the Police within the limits so excluded; It is enacted as follows:—

[The Suburbs may be excluded from the general Police District.]

I. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal to exclude the Suburbs of the Town of Calcutta, or any portion thereof, from the general Police District of the Provinces subject to his control, and the limits of the tract of country so excluded shall be defined in a Notification to be published in the Calcutta Gazette, and the

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক কর্ম্মবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইনে উক্ত মান্যবর ১৮৬৬ সালের ১ মার্চ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবও ঐ মাসের ১৪ তারিখে তদ্বিষয়ে সম্মতি প্রকাশ করাতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৬ সালের ২ আইন।

কলিকাতার শাখা নগরে পোলীসের সুবিধান করিবার আইন।

[হেতুবাদ।]

কলিকাতার শাখানগর বঙ্গদেশীয় পোলীসের সাধারণ নিয়মের বহিষ্কৃত করা, এবং সেই বহির্ভূত সীমার মধ্যে পোলীসের সুনিয়মের বিধান করা বিহিত। এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান হইতেছে।—

[পোলীসের সাধারণ নিয়মহইতে শাখা নগর বহির্ভূত হইতে পারিবার কথা।]

১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব, আপনার কর্তৃত্বাধীন প্রদেশের পোলীসের সাধারণ নিয়মহইতে কলিকাতার শাখা নগর কিম্বা তাহার কোন অংশ বহির্ভূত করিতে সক্ষম হইবেন। এবং তদ্রূপ বহির্ভূত প্রদেশের সীমা কলিকাতা গেজেটে প্রকাশ্য জ্ঞাপনপত্রে নির্দ্দিষ্ট হইবে ও কেবল সেই সীমান্তর্গত স্থানে এই আইন প্রচলিত হইবে,

operation of this Act shall be confined to such limits. Provided that it shall be lawful for the said Lieutenant-Governor from time to time to alter such limits by such Notification as aforesaid.

[A Police Force to be constituted for the Suburbs.]

II. For the Suburbs of the Town of Calcutta so defined as aforesaid there shall be a Police Force, which shall consist of such number of Officers and men, and shall be otherwise constituted in such manner, as shall be from time to time ordered by the Lieutenant-Governor of Bengal

[The Police Force to be under the control of the Commissioner of Police for Calcutta.]

III. The Police Force of the Suburbs of the Town of Calcutta shall be under the exclusive direction and control of the Commissioner of Police for the Town of Calcutta, who may from time to time, subject to the approbation of the said Lieutenant-Governor, frame such orders and regulations as he shall deem expedient relative to the general government of the Force, the places of residence, the classification, rank, distribution, and and particular service of the several members thereof, their inspection, and the description of arms, accoutrements, and other necessaries to be furnished to them; and all such other orders and and regulations relative to the said Police Force as the said Commissioner shall, from time to time, deem expedient for preventing neglect or abuse, and for rendering such Force efficient in the discharge of all its duties.

[Appointment, &c., of the Force to rest with the Commissioner.]

IV. The appointment of the members of the Police Force shall rest with the Commissioner of Police, and he may, at any time, suspend or dismiss any member of the Force whom he shall think remiss or negligent in the discharge of his duty, or otherwise unfit for the same.

[Commissioner may fine for lesser breaches of discipline.]

V. For any lesser breach of discipline, or other misconduct not requiring the suspension or dismissal of the offender, a member of the Police Force may be fined by the Commissioner in any sum not exceeding one-half of his mothly pay.

[Additional penalties for neglect of duty, &c.]

VI. For neglect or violation of duty in his office, and for any breach of the orders and regulations framed as aforesaid, every member of the Police Force, besides being suspended or dismissed from his employment, at the discretion of the Commissioner, shall be liable, on conviction

পরন্তু উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়েং পূর্ব্বোক্তমতের জ্ঞাপনপত্রদ্বারা ঐ সীমার পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

[শাখানগরের জন্যে পোলীসের দল সংস্থাপন করিবার কথা।]

২ ধারা। কলিকাতার শাখানগরের যে সীমা পূর্ব্বোক্তমতে নির্দ্দিষ্ট হইবে, তাহার নিমিত্তে পোলীসের দল নিযুক্ত হইবে। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়েং যে আজ্ঞা করেন, তাহাতে যত সেনাপতি ও সেনা অবধারণ করেন এবং প্রকারান্তরের যেং বিধান করেন তদনুসারে ঐ দল বদ্ধ হইবে ইতি।

[কলিকাতার পোলীসের কমিসানর সাহেবের কর্ত্তৃত্বাধীনে পোলীসের দল থাকার কথা।]

৩ ধারা। কলিকাতার শাখানগরীয় পোলীসের দল কলিকাতা নগরের পোলীসের কমিসানর সাহেবের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীনে থাকিবে, অন্য কাহারো নয়। সেই দলের সাধারণমত শাসনের ও দলগত কর্ম্মকারকদিগের বাসস্থানের এবং বর্গের ও শ্রেণীর যে প্রতিবিধান, এবং তাহাদের স্থান বিলি ও কর্ত্তব্যকর্ম্ম ও তত্ত্বাবধান, ও তাহাদিগের যে প্রকারের অস্ত্রশস্ত্র ও সজ্জা ও আবশ্যক অন্যং দ্রব্য দেওয়া যাইবেক, এই সকল বিষয়ের তিনি যেং আজ্ঞা ও বিধান বিহিত বোধ করেন, তাহা সময়েং করিতে পারিবেন। আরো শৈথিল্য ও অত্যাচার নিবারণার্থে, ও সেই কর্ম্মকারকদিগের কর্ত্তব্য সকল কর্ম্মেতে তাহাদিগকে ফলোপযোগী করণার্থে, উক্ত কমিসানর সাহেব ঐ পোলীসের কর্ম্মকারকদিগের বিষয়ে যে সকল আজ্ঞা ও বিধান বিহিত বোধ করেন, তাহা সময়েং করিতে পারিবেন। এই সকল বিষয়ে উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মতির অপেক্ষা ইতি।

[কর্ম্মকারকদিগের নিয়োগাদি কার্য্যের ভার কমিসানর সাহেবের প্রতি থাকিবার কথা।]

৪ ধারা। পোলীসের দলগত ব্যক্তিদিগকে নিযুক্ত করিবার ভার পোলীসের কমিসানর সাহেবের প্রতি বর্ত্তিবে। তিনি ঐ দলভুক্ত কোন ব্যক্তিকে আপন কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করণে শিথিল কি অমনোযোগী, কিম্বা কারণান্তরে ঐ কর্ম্মের অযোগ্য জ্ঞান করিলে, তাহাকে কোন সময়ে কিয়ৎকালের নিমিত্তে কি এককালে পদচ্যুত করিতে পারিবেন ইতি।

[ক্ষুদ্রতর দোষহেতুক কমিসানর সাহেবকর্ত্তৃক অর্থদণ্ডের কথা।]

৫ ধারা। ক্ষুদ্রতররূপে নিয়মভঙ্গের দোষহেতুক, কি যে অসদাচরণপ্রযুক্ত অপরাধিকে কিয়ৎকাল কি এককালে পদচ্যুত করা অপ্রয়োজন এমত অন্য অসদাচরণহেতুক কমিসানর সাহেব পোলীসের দলভুক্ত কোন ব্যক্তির অৰ্দ্ধ মাসিক বেতনের অনধিক অর্থদণ্ড করিতে পারেন ইতি।

[কর্ত্তব্য কর্ম্মে শৈথিল্যাদি হেতুক অধিক দণ্ডের কথা।]

৬ ধারা। পোলীসের দলভুক্ত কোন ব্যক্তি আপন পদসম্পর্কীয় কর্ত্তব্য কর্ম্মে শৈথিল্য করিলে কি সেই কর্ম্ম অতিক্রম করিলে, এবং কোন ব্যক্তি পূর্ব্বোক্তরূপে নিবদ্ধ আজ্ঞা ও বিধান কোন প্রকারে লঙ্ঘন করিলে, যদি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার অপরাধের প্রমাণ হয়, তবে কমিসানর সাহেবের বিবেচনা-

before a Magistrate, to a fine not exceeding one hundred Rupees, (which may be deducted from any salary then due to such offender,) or to imprisonment, simple or rigorous, for any term not exceeding three months.

[Police Officers not to resign without notice.]

VII. No member of the Police Force to be enrolled under this Act shall be at liberty to resign his office, or to withdraw himself from the duties thereof, unless expressly allowed so to do in writing by the Commissioner, or unless he shall have given to the Commissioner six months' notice of his intention if a member of the Mounted Branch of the said Force, and two months' notice if a member of any other Branch; and every member of the said Force who shall so resign or withdraw himself without such leave or notice shall be liable, on the order of the Commissioner, to forfeit all arrears of pay then due to him; and, on the sentence of a Magistrate, to pay a fine not exceeding fifty Rupees, or to undergo imprisonment of either description for any term not exceeding two months.

[On enrolment, Police Officer to receive a Certificate.]

VIII. Every member of the Police Force shall receive on his enrolment a Certificate in the form hereunto annexed under the signature of the Commissioner of Police, by virtue of which he shall be vested with the powers, functions, and privileges of a Police Officer. Such Certificate shall cease to have effect whenever the person named in it is suspended or dismissed, or otherwise removed from employment in the Force.

[Penalty for dismissed members not delivering up clothing, &c.]

IX. Every member of the Police Force who shall be dismissed from or shall cease to hold and and exercise his office, and who shall not forthwith deliver up his Certificate and all the clothing, accoutrements, and appointments, and other necessaries which may have been supplied to him for the execution of his duty, to the Commissioner or to such person and at such time and place as shall be directed by the said Commissioner, shall be liable, on conviction before a Magistrate, to imprisonment of either description for any term not exceeding one month. And it shall be lawful for the Commissioner, or for any Magistrate, to issue his warrant to search for and seize all the clothing, accoutrements, appointments, and other necessaries which shall not be so delivered over wherever the same may be found.

[*Government Gazette*, 3rd *April* 1866.]

মতে সেই ব্যক্তির ঐ অপরাধ হেতুক কিয়ৎকাল কি এককালেই পদচ্যুত হওনের অতিরিক্ত এক শত টাকার অনধিক অর্থদণ্ড অথবা তিন মাসের অনধিক কোন কালের নিমিত্তে বিনা পরিশ্রমে কি কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড হইতে পারিবে। অর্থদণ্ড হইলে অপরাধির তৎকালে যে বেতন পাওনা হয় তাহাহইতে ঐ টাকা কাটিয়া লওয়া যাইতে পারিবে ইতি।

[সম্বাদ না দিয়া পোলীসের কর্ম্মকারকদিগের কর্ম্ম না ছাড়িবার কথা।]

৭ ধারা। এই আইনঅনুযায়ি নামাবলিতে পোলীসের দলস্থ যে কোন ব্যক্তির নাম লেখা যায়, সেই ব্যক্তি কমিস্যনর সাহেবের লিখনক্রমে স্পষ্ট অনুমতি না পাইলে, কিম্বা উক্ত দলের অশ্বারোহি শাখার অন্তর্গত লোক হইয়া কমিস্যনর সাহেবকে ছয় মাস অগ্রে সম্বাদ না দিলে, এবং অন্য কোন শাখার অন্তর্গত লোক হইয়া দুই মাস অগ্রে সম্বাদ না দিলে, আপনার পদ ত্যাগ করিতে কিম্বা পদের কর্ম্মহইতে অপসর হইতে পারিবে না। যদি উক্ত দলভুক্ত কোন ব্যক্তি তদ্রূপ অনুমতি না পাইয়া কি সম্বাদ না দিয়া কর্ম্মত্যাগ করে কি অপসর হয়, তবে কমিস্যনর সাহেবের আজ্ঞাক্রমে তাহার তৎকালীন প্রাপ্য সকল বেতন দণ্ড হইতে পারিবে, এবং মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাক্রমে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে কিম্বা দুই মাসের অনধিক কোন কালের নিমিত্তে একতর প্রকারে কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[নামাবলিতে নাম লেখা গেলে পোলীসের কর্ম্মকারকদিগের সংশিতপত্র পাইবার কথা।]

৮ ধারা। পোলীসের দলভুক্ত প্রত্যেক ব্যক্তির নাম নামাবলিতে লেখা গেলে, তাহাকে পশ্চাৎ লিখিত পাঠে পোলীসের কমিস্যনর সাহেবের স্বাক্ষরিত এক সংশিতপত্র দেওয়া যাইবে। সেই পত্রের বলে সেই ব্যক্তি পোলীসের কর্ম্মকারকের শক্তি ও কর্ম্ম ও অধিকার প্রাপ্ত হইবে। ঐ সংশিতপত্রে যে ব্যক্তির নাম লিখিত হয়, সেই ব্যক্তি কিয়ৎকাল কি এককালে পদচ্যুত কিম্বা প্রকারান্তরে দলগত কর্ম্মচ্যুত হইলে তাহার ঐ সংশিতপত্র তৎক্ষণেই বলহীন হইবে ইতি।

[কর্ম্মচ্যুত ব্যক্তিরা বস্ত্রাদি ফিরিয়া না দিলে তাহাদের দণ্ডের কথা।]

৯ ধারা। পোলীসের দলভুক্ত যে কোন ব্যক্তি কর্ম্মচ্যুত হয়, কিম্বা পদধারণে ও তৎসম্পর্কীয় কার্য্য করণে স্থগিত হয়, সে আপনার ঐ সংশিতপত্র, এবং কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনের জন্যে তাহাকে যে সকল বস্ত্র ও সজ্জা ও অস্ত্রশস্ত্র ও আবশ্যক অন্য২ বিষয় দেওয়া গিয়াছিল, তাহা কমিস্যনর সাহেবকে, কিম্বা কমিস্যনর সাহেব অন্য যে ব্যক্তিকে যে সময়ে ও যে স্থানে দিতে আজ্ঞা করেন তাঁহাকে সেই সময়ে ও স্থানে দিবে। যদি তৎক্ষণাৎ না দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে, তাহার এক মাসের অনধিক কোন কালের নিমিত্তে একতর প্রকারে কারাদণ্ড হইতে পারিবে। এবং কমিস্যনর সাহেব কিম্বা কোন মাজিষ্ট্রেট তাহার ফিরিয়া না দেওয়া সকল বস্ত্র ও সজ্জা ও অস্ত্রশস্ত্র এবং আবশ্যক অন্য২ বিষয়ের অন্বেষণ করিয়া যে স্থানে পাওয়া যায় সেই স্থানহইতে আনাইবার আজ্ঞাপত্র দিতে পারিবেন ইতি।

[Superannuation Fund. Proviso.]

X. There shall be deducted from the pay of every member of the Police Force of a class not entitled to the benefit of the Uncovenanted Service Pension Rules a sum after such rate as the said Lieutenant-Governor shall direct, not exceeding one anna in the Rupee, which sum so deducted shall from time to time be invested in such manner, and in such securities, as the said Lieutenant-Governor may in writing direct, and the said sum so invested, together with the interest and dividends thereof, shall form a Fund, to be called "The Police Superannuation Fund," and shall be applied from time to time to payment of such Superannuation or retiring allowances or gratuities as may be ordered by the said Lieutenant-Governor at any time to any of the aforesaid members of the Police Force. Provided that any Police Officer may be dismissed or removed without a superannuation allowance, and that no Police Officer shall be entitled as of right to any allowance from the said Fund, or shall retain any right to a refund of any deduction made from his pay while he shall have been a Police Officer.

[Disposal of the proceeds of certain fines, &c.]

XI. The moneys accruing from stoppages from members of the Police Force during absence from sickness or other cause, and from fines imposed on members thereof for misconduct, and from fines imposed by Magistrates upon drunken persons, or for assaults upon Police Officers, and all moneys from the sale of worn or cast-off clothing, or other articles supplied for the use of the Police, shall be applied in aid of any fund applicable to Police purposes.

[Appointment of Special Police Officers.]

XII. The Commissioner of Police may, of his own authority, appoint Special Police Officers to assist on any temporary emergency.

[Powers of Special Police Officers.]

XIII. Every Special Police Officer so appointed shall have the same powers, privileges, and protection, and shall be liable to perform the same duties, and shall be amenable to the same penalties, and be subordinate to the same authorities, as the ordinary Officers of Police.

[Penalty for Special Police Officer neglecting or refusing to serve, &c.]

XIV. If any person, being appointed a Special Police Officer as aforesaid, shall, without sufficient excuse, neglect or refuse to serve as such, or to

[বার্দ্ধক্যকালীন পেনস্যন ফণ্ডের কথা।]

১০ ধারা। পোলীসের যে শ্রেণীর কর্ম্মকারকেরা অচিহ্নিত কার্য্যকারকদের পেনস্যনের বিধিমতে সাহায্য পাইতে না পারে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে হার আজ্ঞা করেন সেই হারমতে তাহাদের প্রত্যেক জনের বেতনহইতে টাকা প্রতি এক আনার অনধিক বাদ দেওয়া যাইবে। ঐ টাকা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব লিখনক্রমে যে প্রকারে ও যেরূপ নিদর্শনগ্রহণে গচ্ছিত করিতে আজ্ঞা করেন সেই প্রকারে ও সেই রূপ নিদর্শনগ্রহণে সময়ে২ গচ্ছিত করা যাইবে। এবং গচ্ছিত সেই টাকা ও তাহার সুদ ও ডিবিডেণ্ড, সঙ্কলিত হইয়া ফণ্ড হইবে। ঐ ফণ্ড পোলীসের বার্দ্ধক্যকালীন পেনস্যন ফণ্ড নামে খ্যাত হইবে। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পোলীসদলের পূর্ব্বোক্ত কোন ব্যক্তিকে বার্দ্ধক্য কালে কিম্বা কর্ম্ম ত্যাগ করণ কালে কোন সময়ে যে পেনসান কি পারিতোষিক দিতে আজ্ঞা করেন তাহা সেই ফণ্ডহইতে পশ্চাৎ লিখিত বিধানমতে সময়েং দেওয়া যাইবে। পরন্তু পোলীসের কোন কর্ম্মকারক বার্দ্ধক্যকালীন বৃত্তি বিনা কর্ম্মচ্যুত কি অপসৃত হইতে পারিবেন। এবং পোলীসের কোন কর্ম্মকারক উক্ত ফণ্ডহইতে কোন বৃত্তি পাইবার স্বত্ববান বলিয়া তাহার দাওয়া করিতে পারিবেন না। এবং পোলীসের কর্ম্মকারকের পদে থাকিতে তাঁহার বেতনহইতে যাহা বাদ দেওয়া গিয়াছিল তাহার কোন অংশ তাঁহার ফিরিয়া পাইবার স্বত্ব থাকিবে না ইতি।

[কোনং অর্থদণ্ড প্রভৃতি লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

১১ ধারা। পোলীসের কোন কর্ম্মকারকেরা পীড়াপ্রযুক্ত কি অন্য কারণে অনুপস্থিত থাকিলে তাহাদের বেতন কর্ত্তন হইয়া যে সকল টাকা সঞ্চয় হয়, ও ঐ কর্ম্মকারকদের দোষপ্রযুক্ত যে অর্থদণ্ড হয়, এবং মাজিষ্ট্রেটেরা মত্ত ব্যক্তিদের যে অর্থদণ্ড ও পোলীসের কর্ম্মকারকদের উপর আক্রমণের জন্যে যে অর্থদণ্ডের আজ্ঞা করেন, ও পোলীসের কর্ম্মকারকদের ব্যবহারার্থ পরিচ্ছদ কি অন্য দ্রব্য জীর্ণ কি ত্যাজ্য হইলে তাহা বিক্রয় করিয়া যে সকল টাকা উৎপন্ন হয় ঐ সমস্ত টাকা পোলীসের কার্য্য সম্পর্কীয় কোন ফণ্ডের বর্দ্ধনার্থে দেওয়া যাইবে ইতি।

[পোলীসের বিশেষ কর্ম্মকারকদিগের নিযুক্ত হইতে পারিবার কথা।]

১২ ধারা। অত্যাবশ্যক স্থলে কিঞ্চিৎকালের জন্যে পোলীসের কমিস্যনর সাহেব পোলীস দলের সাহায্যের নিমিত্তে নিজ ক্ষমতামতে বিশেষ কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[পোলীসের বিশেষ কর্ম্মকারকদিগের ক্ষমতার কথা।]

১৩ ধারা। পোলীসের যেং বিশেষ কর্ম্মকারক তদ্রূপে নিযুক্ত হন, তাঁহারা পোলীসের সাধারণ কর্ম্মকারকদিগের তুল্য অধিকার ও ক্ষমতা ও রক্ষা প্রাপ্ত হইবেন, ও তত্তুল্য কর্ম্ম করিতে দায়ী হইবেন, ও তাহাদের ন্যায় দণ্ডের যোগ্য ও উপরিস্থ কার্য্যকারকদিগের অধীন হইবেন ইতি।

[পোলীসের বিশেষ কর্ম্মকারক কর্ম্মে শৈথিল্য করিলে কি কর্ম্ম করিতে অস্বীকার প্রভৃতি করিলে তাঁহার দণ্ডের কথা।]

১৪ ধারা। কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে পোলীসের বিশেষ কর্ম্মকারকস্বরূপে নিযুক্ত হইয়া যদি উপযুক্ত হেতু বিনা তদ্রূপে কর্ম্ম করিতে শৈথিল্য কি অস্বীকার

obey such lawful order or direction as may be given to him for the perfomance of his duties, he shall be liable, upon conviction before a Magistrate, to a fine not exceeding fifty Rupes for every such neglect, refusal, or disobedience.

[Appointment of additional Police Officers on the application of private individuals.]

XV. The Commissioner of Police may also, if he shall think fit, on the application of any person shewing the necessity of it, appoint any additional number of Police Officers to keep the peace at any place within the limits of the operation of this Act, at the charge of the person applying, but subject to the orders of the said Commissioners and for such time as he shall think fit, and every such Police Officer shall receive a Certificate, by virtue of which he shall be vested with all the powers, privileges, and duties of the Police Officers belonging to the ordinary Force. Provided that the person upon whose application such appointment shall have been made may, upon giving one month's notice in writing to the Commissioner of Police, require that the Police Officers so appointed at his expense shall be discontinued, and thereupon the said Commissioner shall discontinue such additional Police Officers, and all moneys received by the Commissioner for the payment of any such additional Police Officers shall be accounted for by him.

[Apprehension and punishment of reputed thieves, &c.]

XVI. A Police Officer may arrest without a warrant any person found, between sun-set and sun-rise, armed with any dangerous or offensive instrument whatsoever, with intent to commit any offence against the person or property of another; any reputed thief found, between sun-set and sun-rise, on board any vessel or boat, or lying or loitering in any bazaar, street, road, yard, thoroughfare, or other place, who shall not give a satisfactory account of himself; any person found, between sun-set and sun-rise, having his face covered or otherwise disguised with intent to commit any such offence as aforesaid; any person found, between sun-set and sun-rise, in any dwelling-house or other building whatsoever without being able satisfactorily to account for his presence therein; and any person having in his possession, without lawful excuse, (the proof of which excuse shall be on such person,) any implement of house-breaking; and such person shall be liable to imprisonment, with or without hard labour, for a term not exceeding three months.

করে, কিম্বা কর্ম্ম সম্পাদন বিষয়ে আইনঅনুযায়ি যে আজ্ঞা কি আদেশ করা যায়, তাহা মানিতে যদি শৈথিল্য কি অস্বীকার করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে, তাহার শৈথিল্য কি অস্বীকার কি অমানন এই প্রত্যেক দোষের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[বিশেষ ব্যক্তিদের প্রার্থনামতে পোলীসের অতিরিক্ত কর্ম্মকারকদিগকে নিযুক্ত করণের কথা।]

১৫ ধারা। আরো এই আইন যে স্থানে প্রচলিত হয় সেই স্থানের সীমার মধ্যে শান্তিরক্ষার জন্যে পোলীসের অধিক কর্ম্মকারকের নিযুক্ত হওয়া আবশ্যক, কোন ব্যক্তি প্রার্থনা করিয়া ইহা দর্শাইলে, যদি কমিসানর সাহেব উচিত বোধ করেন, তবে শান্তিরক্ষার জন্যে অধিক পোলীসের যত জন কর্ম্মকারককে চাহেন নিযুক্ত করিতে পারিবেন। তাহাদের ব্যয় ঐ প্রার্থনাকারির দিতে হইবে। কিন্তু তাহারা উক্ত কমিসানর সাহেবের আজ্ঞার অধীন থাকিবে, ও তিনি যত কাল উচিত বোধ করেন তত কাল তাহারা নিযুক্ত থাকিবে। ও পোলীসের সেইরূপ প্রত্যেক কার্য্যকারক এক২ সংশিতপত্র পাইবে, তাহার বলে সাধারণ পোলীসের দলভুক্ত কর্ম্মকারকদের সকল শক্তি ও অধিকার ও কর্ত্তব্য কর্ম্ম তাহার প্রতি অর্পিত হইবেক। পরন্তু যে ব্যক্তির প্রার্থনামতে তাহাদিগকে নিযুক্ত করা যায় তিনি পোলীসের কমিসানর সাহেবের নিকটে এক মাস থাকিতে সংবাদ লিখিয়া এই প্রার্থনা করিতে পারিবেন যে তাঁহার ব্যয়ে নিযুক্ত সেই প্রকারের কর্ম্মকারকদিগকে বিদায় করা যায়। তাহাতে উক্ত কমিসানর সাহেব পোলীসের সেই অতিরিক্ত কর্ম্মকারকদিগকে বিদায় করিবেন। কমিসানর সাহেব পোলীসের ঐ অতিরিক্ত কর্ম্মকারকদিগের বেতনের নিমিত্তে যত টাকা পান তাহার হিসাব তাঁহার দিতে হইবে ইতি।

[প্রসিদ্ধ চোর প্রভৃতিকে ধৃত ও দণ্ড করণের কথা।]

১৬ ধারা। অন্য ব্যক্তির কি সম্পত্তির উপর কোন অপরাধ করিবার অভিপ্রায়ে সূর্য্যের অস্ত ও উদয় হওনের মধ্য কোন কালে আশঙ্কা কি আঘাতজনক কোন অস্ত্রশস্ত্রেতে সজ্জিত যে কোন ব্যক্তিকে পাওয়া যায়, ও প্রসিদ্ধ যে কোন চোরকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কোন কালে কোন জাহাজ কি নৌকাতে পাওয়া যায় কিম্বা কোন বাজারে কি রাস্তায় কি পথে কি প্রাঙ্গণে কি অপ্রতিরোধ পথে কি অন্য স্থানে শুইয়া থাকিতে কি অকারণে বেড়াইতে দেখা যায় ও সে আপনার বৃত্তান্ত সন্তোষমতে কহিতে না পারে তাহাকে, ও পূর্ব্বোক্ত কোন অপরাধ করিবার অভিপ্রায়ে মুখ আচ্ছাদন কি অন্য প্রকারে বিবর্ণ করিয়া রহিয়াছে এমত যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কোন কালে পাওয়া যায় তাহাকে, ও যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কোন কালে বসতি বাটীতে কিম্বা অন্য কোন প্রকারের ঘরে পাওয়া যায়, যদি সেই ব্যক্তি আপনার সেই ঘরে থাকিবার কারণ সন্তোষমতে জানাইতে না পারে, তবে সেই ব্যক্তিকে, ও আইনসিদ্ধ হেতু না থাকিলেও যাহার নিকটে পরগৃহ প্রবেশের কোন যন্ত্র পাওয়া যায়, (ও সেই হেতুর প্রমাণ করিবার ভার সেই ব্যক্তির প্রতি থাকিবেক) সেই ব্যক্তিকে পোলীসের কোন কর্ম্মকারক আজ্ঞাপত্র বিনা ধৃত করিতে পারিবে ও সেই ব্যক্তি কঠিন পরিশ্রম সহিত কি তাহা বিনা তিন মাসের অনধিককাল কারাবদ্ধ হইবার যোগ্য হইবেক ইতি।

[Brothels.]

XVII. On proof to the satisfaction of the Commissioner of Police, or of a Magistrate, that a house is used as a common brothel, or lodging-house for prostitutes or disorderly persons of any description, such Commissioner or Magistrate may summon the owner or tenant of the house to answer the complaint, and on being satisfied that the house is so used, and is a source of annoyance and offence to the neighbours, may order the owner or tenant to discontinue such use of it, and if he shall fail to comply with such order within five days, may impose upon him a fine to the extent of twenty-five Rupees for every day thereafter that the house shall be so used.

[Penalty for keeping a hotel, &c., without a license.]

XVIII. Whoever has or keeps any hotel, tavern, punch-house, ale-house, arrack or toddy shop, or place for the sale or consumption of gunja, chundoo, or other preparation of opium, hemp, or other intoxicating drug, plant, or substances, or has or keeps any coffee-house, boarding-house, eating-house, lodging-house, or other place of public resort and entertainment wherein provisions, liquors, or refreshments are sold or consumed (whether the same be kept or retailed therein or procured elsewhere) without a license to be obtained in the manner hereinafter mentioned, shall be liable to a fine not exceeding fifty Rupes for every day that the said house or place of entertainment is kept open, or the sale of provisions, liquors, or refreshments is continued without the necessary license. Provided that nothing in this Act shall apply to the sale, in reasonable quantities, of any drug, plant, or substance in any chemist's or druggist's shop for medicinal purposes only.

[Excise license not to be granted without Certificate of Commissioner of Police.]

XIX. No license shall be granted under the provisions of Act XXI of 1856 *(to consolidate and amend the Law relating to the Abkaree Revenue in the Presidency of Fort William in Bengal,)* unless the person applying for such license shall produce a Certificate from the Commissioner of Police, stating that a license may be granted to him for the sale of spirituous liquors or intoxicating drugs, as the case may be, without risk or detriment to the preservation of peace and good order, and containing a full statement of such conditions as may have been imposed and shall have remained in force under the provisions

[বেশ্যালয়ের কথা।]

১৭ ধারা। কোন ঘর সামান্য বেশ্যালয় কিম্বা বেশ্যাদের কি অনিয়মিতাচারি কোন প্রকার লোকদের বাসা স্বরূপ ব্যবহার হয়, পোলীসের কমিস্যনর সাহেবের কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে ইহার প্রমাণ হইলে, সেই কমিস্যনর কি মাজিষ্ট্রেট সাহেব ঐ ঘরের স্বামিকে কি অধিকারিকে সেই অভিযোগের উত্তর দিতে আহ্বান করিতে পারিবেন, ও সেই ঘরের সেই প্রকারে ব্যবহার হয় ও তৎপ্রযুক্ত প্রতিবাসিদের অত্যন্ত ক্লেশ ও অনিষ্ট জন্মে ইহা হৃদ্বোধমতে জানিলে তিনি ঐ স্বামিকে কি অধিকারিকে ঐ ঘরের তদ্রূপ ব্যবহার নিবৃত্ত করিবার আজ্ঞা করিতে পারিবেন। যদি সেই লোক পাঁচ দিনের মধ্যে সেই আজ্ঞামতে কার্য্য না করে, তবে তাহার পরে যত দিন ঐ ঘরের সেইরূপ ব্যবহার হইতে থাকে তাহার দিন প্রতি তাহার পঁচিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড করিতে পারিবেন ইতি।

[অনুমতিপত্র বিনা হোটেল প্রভৃতি রাখিবার দণ্ডের কথা।]

১৮ ধারা। কোন উত্তরণ গৃহ কি গঞ্জা কি পঞ্চঘর কি এলঘর কি আরকের কি তাড়ির দোকান কিম্বা গাঁজা কি চণ্ডু কি আফীমে প্রস্তুত অন্য দ্রব্য কি সিদ্ধি কিম্বা মাদক অন্য কোন দ্রব্য কি পত্রাদি কি বিষয় বিক্রয়ের কি সেবনের স্থান কিম্বা কোন কাফী হৌস কি বোর্ডিং হৌস কি আহারার্থ ঘর কি লজিং হৌস কিম্বা সর্ব্বসাধারণের গমনাগমন ও আহার বিলাসাদি করিবার জন্য যে স্থানে আহারীয় দ্রব্য কি মদ্য কি মিষ্টান্ন প্রভৃতি বিক্রয় কি আহারপানাদি হয় (সেই দ্রব্য সেই স্থানে রাখা গিয়া থাকুক কি তথায় খুজরা বিক্রয় হউক কি অন্য স্থানহইতে আনা যাউক) যদি কোন ব্যক্তি পশ্চাৎ লিখিতমতে অনুমতিপত্র না পাইয়া এমত কোন স্থান রাখে কিম্বা অনুমতিপত্র বিনা যদি কোন ব্যক্তির তদ্রূপ স্থান থাকে, তবে তদ্রূপের ঘর কি অন্য স্থান যত দিন প্রয়োজনীয় অনুমতিপত্র বিনা খোলা রাখা যায় কিম্বা সেই আহারীয় দ্রব্য কি মদ্য কি মিষ্টান্ন প্রভৃতি যত দিন বিক্রয় হইতে থাকে, তাহার দিন প্রতি সেই ব্যক্তির ৫০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু কোন ড্রগিস্ট কি কেমিস্টের দোকানে অর্থাৎ ঔষধালয়ে যে কোন মাদক দ্রব্য কি পত্রাদি কি বিষয় কেবল ঔষধ স্বরূপে যুক্তিসিদ্ধ পরিমাণে বিক্রয় হয় তাহার প্রতি এই আইনের কোন কথা বর্ত্তিবে না ইতি।

[পোলীসের কমিস্যনর সাহেবের সংশিতপত্র বিনা মদ্য বিক্রয়ের অনুমতিপত্র না দিবার কথা।]

১৯ ধারা। যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে অনুমতিপত্র প্রার্থনা করেন, তবে শান্তি ও সুধারা রক্ষা করিবার আশঙ্কা কি আপদ বিনা সেই ব্যক্তির মদ্য কিম্বা বিষয় বিশেষে মাদক দ্রব্য বিক্রয় করিবার অনুমতিপত্র দেওয়া যাইতে পারিবে, পোলীসের কমিস্যনর সাহেবের সেই মর্ম্মের সংশিতপত্র না দেখাইলে তাঁহাকে ১৮৫৬ সালের ২১ আইনের (অর্থাৎ বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর মধ্যে আবকারীর রাজস্বের আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইনের) বিধানমতে অনুমতিপত্র দেওয়া যাইবে না, আরো যে নিয়ম পূর্ব্বে অবধারিত হইয়া পশ্চাৎ লিখিত বিধানানুসারে সেই অনুমতিপত্র প্রদানের তারিখ পর্য্যন্ত বলবৎ রহিয়াছে তাহার সম্পূর্ণ বিবরণ ঐ সংশিতপত্রে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৩ আপ্রিল।]

hereinafter contained at the date when such license shall be granted. No license so granted shall be renewable without a fresh Certificate as aforesaid, previously obtained from the Commissioner of Police, subject to the order and control of the said Lieutenant-Governor.

[Duration and conditions of license.]

XX. It shall be competent to the Commissioner of Police, subject to the direction and control of the said Lieutenant-Governor, to limit, in such Certificate as aforesaid, the period for which the license may be granted, and also to fix such conditions as he may deem necessary for securing the good behaviour of the keepers of the house and places of entertainment as aforesaid, and for the prevention of drunkenness and disorder among the persons frequenting the same, and from time to time to vary such conditions, subject to such direction and control as aforesaid; and no license granted under the said Act XXI of 1856 shall be valid unless it shall contain such conditions as shall have been imposed and shall remain in force for the time being under this Section.

[Penalty for keeping up a sign-board or notice after expiry of license.]

XXI. Whenever any license granted as aforesaid shall have ceased to have effect, it shall be lawful for the Commisioner of Police to order the person to whom such license shall have been granted to remove or cause to be removed any sign-board or other notice which such person might have been theretofore bound, under the terms of his said license, to keep affixed on or near the house or place of public resort or entertainment for which such license had been granted; and any person who shall fail to obey any such order forthwith shall be liable, on conviction, to a fine of ten Rupees for every day thereafter during which he shall so fail.

[Commissioner of Police may grant licenses for places for which no licenses are required under Act XXI of 1856.]

XXII. The Commissioner of Police may, at his discretion, from time to time, grant licenses to the keepers of such houses or places of public resort and entertainment as aforesaid for which no such license as is specified in the said Act XXI of 1856 is required, upon such conditions, to be inserted in every such license, as he, with the sanction of the said Lieutenant-Governor from time to time, shall order for securing the good behaviour of the keepers of the said houses or places of public resort or entertainment, and the prevention of drunkenness and disorder

[*Government Gazette*, 3rd *April* 1866.]

লেখা থাকিবে। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞা ও কর্ত্তৃত্বাধীনে পোলীসের কমিস্যনর সাহেবের স্থানে নূতন সংশিতপত্র অগ্রে না পাওয়া গেলে তদ্রূপ দত্ত অনুমতিপত্র নূতন দেওয়া যাইতে পারিবে না ইতি।

[অনুমতিপত্র যত কাল ও যে নিয়মে প্রবল থাকিবে তাহার কথা।]

২০ ধারা। পোলীসের কমিস্যনর সাহেব পূর্ব্বোক্ত সংশিতপত্রে উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশ ও কর্ত্তৃত্বাধীনে ঐ অনুমতিপত্র প্রবল থাকিবার কাল নিরূপণ করিতে পারিবেন এবং পূর্ব্বোক্ত প্রকারের ঘর ও আহার বিলাসাদির স্থান রক্ষকদের সদাচারিতা এবং সেই স্থানগামি ব্যক্তিদের মত্ততা ও কোলাহল নিবারণার্থে যে২ নিয়ম আবশ্যক জ্ঞান হয় তাহা নিরূপণ করিতে পারিবেন, এবং পূর্ব্বোক্ত আদেশ ও কর্ত্তৃত্বাধীনে সময়ে২ সেই নিয়ম পরিবর্ত্তন করিতে পারিবেন, এবং ১৮৫৬ সালের উক্ত ২১ আইনমতে যে কোন অনুমতিপত্র দেওয়া যায় তাহাতে যদি এই ধারামত অবধারিত নিয়ম না থাকে ও তৎকালে প্রবল না হয়, তবে তাহা বলবৎ হইবে না ইতি।

[অনুমতিপত্রের নির্দ্ধারিত কালের পর সাইনবোর্ড কি নোটিস টাঙ্গাইয়া রাখিলে দণ্ডের কথা।]

২১ ধারা। যখন পূর্ব্বোক্তমতে দত্ত কোন অনুমতিপত্রের বল রহিত হয়, তখন যে ব্যক্তিকে ঐ অনুমতিপত্র দেওয়া গিয়াছে, তাঁহাকে পোলীসের কমিস্যনর সাহেব আজ্ঞা করিতে পারিবেন যে সর্ব্বসাধারণের গমনীয় কি আহার বিলাসাদির যে ঘরের কি স্থানের নিমিত্তে ঐ অনুমতিপত্র দেওয়া গিয়াছে, তাহাতে কি তাহার নিকটে তাঁহার সেই অনুমতিপত্রের নিয়মানুসারে তৎকালপর্য্যন্ত যে সাইন বোর্ড কি নোটিস টাঙ্গাইয়া রাখিতে বদ্ধ ছিলেন, তাহা স্থানান্তর করেন কি করান্। যদি কোন ব্যক্তি তৎক্ষণাৎ তদ্রূপ কোন আজ্ঞা না মানেন, তবে দোষ প্রমাণ হইলে পর যত দিন তদ্রূপে না মানেন, তাহার দিন প্রতি তাঁহার দশ টাকা অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[১৮৫৬ সালের ২১ আইনমতে যে২ স্থানের অনুমতিপত্রের প্রয়োজন নাই পোলীসের কমিস্যনর সাহেবের সেই২ স্থানের অনুমতিপত্র দিতে পারিবার কথা।]

২২ ধারা। ১৮৫৬ সালের উক্ত ২১ আইনেতে যে প্রকারের অনুমতিপত্র নির্দ্দিষ্ট হইয়াছে, সর্ব্বসাধারণের গমনার্থ ও আহারবিলাসাদি করণের যে২ ঘরের কি স্থানের নিমিত্তে সেই প্রকারের অনুমতিপত্রের প্রয়োজন নাই সেই২ ঘরের কি স্থানের নিমিত্তে পোলীসের কমিস্যনর সাহেব স্বীয় বিবেচনানুসারে সময়ে২ অনুমতিপত্র দিতে পারিবেন, বিশেষতঃ শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক সর্ব্বসাধারণের গমন কি আহার বিলাসাদি করিবার সেই ঘরের কি স্থানের রক্ষকদিগের সদাচারিতার, এবং সেই২ গৃহাদিতে নিত্য গমনকারি কি ব্যবহারিদেরমধ্যে মত্ততা ও অনিয়মিতাচরণের নিবারণ হইবার প্রতিভূ-

among the persons frequenting or using the same; and the said licenses may be granted by the said Commissioner for any term not exceeding one year.

[Penalty for a breach of any condition of a license.]

XXIII. Any person committing a breach of any of the conditions of a license granted either under Section XIX or Section XXII of this Act shall, on conviction before a Magistrate, be punishable by a fine not exceeding one hundred Rupees, and such fine shall be recovered from the person licensed, notwithstanding that such breach may have been owing to the default or carelessness of the servant or other person in charge of the shop or place of sale. Any person so convicted shall also be liable to the forfeiture of his license, at the descretion of the Commissioner of Police, subject to the direction and control of the said Lieutenant-Governor.

[Fee for certificates.]

XXIV. For every certificate or license granted by the Commissioner of Police under this Act there shall be levied a fee of two Rupees.

[Penalty for owning or keeping, or having charge of, a common gaming-house, &c.]

XXV. Whoever, being the owner or occupier, or having the use, of any house, room, or place, shall keep or use the same as a common gaming-house; and whoever, being the owner or occupier of any house or room, shall knowingly and wilfully permit the same to be kept or used by any other person as a common gaming-house; and whoever shall have the care or management of, or in any manner assist in conducting, the business of any house, room, or place so kept or used; and whoever shall advance or furnish money for the purpose of gaming with persons frequenting such house, room, or place, shall be liable to a fine not exceeding two hundred Rupees, or to imprisonment of either description for any term not exceeding three months.

[Penalty for being found playing in a common gaming-house.]

XXVI. Whoever shall be found in any such house, room, or place playing or gaming with cards, dice, counters, money, or other instruments of gaming, or shall be found there present for the purpose of gaming, whether playing for any money, wager, stake, or otherwise, shall be liable to a fine not exceeding one hundred Rupees, or to imprisonment of either description for any term not exceeding one month; and any person found in any common gaming-house during any gaming or

স্বরূপ যে২ নিয়ম সময়ে২ আজ্ঞা করেন, সেই২ নিয়মানুসারে ঐ অনুমতিপত্র দিবেন। ঐ নিয়ম অনুমতিপত্রে লিখিত হইবে। উক্ত কমিস্যনর সাহেব এক বৎসরের অনধিক কোন কালের নিমিত্তে ঐ অনুমতিপত্র দিতে পারিবেন ইতি।

[অনুমতিপত্রের কোন নিয়মভঙ্গের দণ্ডের কথা।]

২৩ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের ১৯ কি ২২ ধারাক্রমে দত্ত অনুমতিপত্রের কোন নিয়ম ভঙ্গ করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অপরাধ প্রমাণ হইলে তাহার একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, যদিও চাকরের কিম্বা দোকান কি পণ্যশালার কর্ম্মের ভারপ্রাপ্ত অন্য ব্যক্তির ত্রুটি কি অমনোযোগ ক্রমে ঐ নিয়মভঙ্গ হয়, তথাপি সেই অনুমতিপত্র প্রাপ্ত ব্যক্তিরই স্থানে অর্থদণ্ড আদায় হইবে। যাহার দোষ তদ্রূপে সপ্রমাণ হয় পোলীসের কমিস্যনর সাহেবের বিবেচনামতে উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশের ও তত্ত্বের অধীনে, তাহার সেই অনুমতিপত্রও দণ্ড হইবে ইতি।

[সংশিতপত্রের শুল্কের কথা।]

২৪ ধারা। পোলীসের কমিস্যনর সাহেব এই আইনঅনুসারে যে সংশিতপত্র কি অনুমতিপত্র দেন, তাহার প্রত্যেকের নিমিত্তে দুই টাকা শুল্ক আদায় হইবে ইতি।

[সামান্য জুয়াখেলা প্রভৃতির ঘরের স্বামি হওনের কি রক্ষণ কি তত্ত্বাবধান করণের দণ্ডের কথা।]

২৫ ধারা। যদি কোন ব্যক্তি কোন ঘরের কি কুঠরীর কি স্থানের স্বামী কি অধিকারী হইয়া কিম্বা তাহার ব্যবহার পাইয়া সেই গৃহাদি সামান্য জুয়াখেলার ঘরস্বরূপে রাখে কি ব্যবহার করে এবং যদি কোন ব্যক্তি কোন গৃহের কি কুঠরীর স্বামী কি অধিকারী হইয়া জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক অন্য কোন ব্যক্তিকর্ত্তৃক সাধারণ জুয়াখেলার ঘরস্বরূপে সেই ঘর রাখিবার কি ব্যবহার করিবার অনুমতি দেয়, এবং যদি কোন ব্যক্তি তদ্রূপে রক্ষিত কি ব্যবহৃত কোন ঘরের কি কুঠরীর কি স্থানের রক্ষক কি তত্ত্বাবধারক কিম্বা কোন প্রকারে ঐ গৃহাদির কর্ম্ম চালাইবার সহায় হয় ও সেই গৃহে কি কুঠরীতে কি স্থানে যে লোকেরা গিয়া থাকে তাহাদের সঙ্গে যদি কেহ জুয়াখেলা করিবার নিমিত্তে টাকা আগাম দেয় কি যোগায়, তবে সেই ব্যক্তি দুই শত টাকার অনধিক অর্থদণ্ডের অথবা তিন মাসের অনধিক কোন কাল অন্যতর প্রকারে কারাদণ্ডের যোগ্য হইবে ইতি।

[জুয়াখেলার ঘরে খেলিবার সময়ে ধৃত হইলে দণ্ডের কথা।]

২৬ ধারা। যদি কোন ব্যক্তিকে তদ্রূপ কোন ঘরে কি কুঠরীতে কি স্থানে তাস কি পাশা কি ঘুটি কি টাকা কিম্বা জুয়াখেলার অন্য দ্রব্যেতে খেলা করিতে কি দ্যূতক্রীড়া করিতে দেখা যায়, কিম্বা টাকার কি পণ করা কি বাজি রাখা বিষয়ের জন্যে কি প্রকারান্তরে খেলা করুক কি না করুক যদি সেই ব্যক্তিকে জুয়াখেলার অভিপ্রায়ে সেই ঘরে বিদ্যমান দেখা যায়, তবে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক অর্থদণ্ডের কিম্বা এক মাসের অনধিক কোন কাল পর্য্যন্ত একতর প্রকারে কারাদণ্ডের যোগ্য হইবে। আর সাধারণ

playing therein shall be presumed, until the contrary be proved, to have been there for the purpose of gaming.

[Commissioner or Magistrate may authorise certain Police Officers to enter any common gaming-house for the purpose of search and seizure.]

XXVII. If the Commissioner of Police or Magistrate, upon information on oath, and after such enquiry as he may think necessary, shall have reason to believe that any house, room, or place is used as a common gaming-house, he may, by his warrant, give authority to any superior Officer of Police to enter, with such assistance as may be found necessary, by night or by day, and by force if necessary, any such house, room, or other place; and to take into custody all persons whom he finds therein, whether or not then actually gaming; and to seize all instruments of gaming, and all moneys, and securities for money, and articles of value, reasonably suspected to have been used or intended to be used for the purpose of gaming, which are found therein; and to search all parts of the house, room, or place which he shall have so entered when he shall have reason to believe that any instruments of gaming are concealed therein, and also the persons of those whom he so takes into custody; and to seize and take possession of all instruments of gaming found upon such search.

[Evidence of house being common gaming-house.]

XXVIII. When, under the provisions of the last preceding Section, any cards, dice, gaming table, or cloth, board, or other instruments of gaming shall be found in any house, room, or place, or about the person of any of those who are found therein, it shall be evidence, until the contrary shall be made to appear, that such house, room, or place is used as a common gaming-house, and that the persons found therein were there present for the purpose of gaming, although no play was actually seen by the Police Officer or any of his assistants.

[On conviction for keeping a common gaming-house instruments of gaming to be destroyed, &c Proof of playing for stakes unnecessary.]

XXIX. On conviction of any person for keeping any such common gaming-house, or being present therein for the purpose of gaming, all the instruments of gaming found therein shall be

জুয়াখেলার ঘরে যে সময়ে কোন দ্যূতক্রীড়া কি জুয়াখেলা হইতেছে সেই সময়ে যে কোন ব্যক্তিকে সেই ঘরে পাওয়া যায়, যাবৎ বিপরীত প্রমাণ না হয় তাবৎ সেই ব্যক্তি জুয়াখেলা করিবার অভিপ্রায়ে সেই ঘরে আছে এমত জ্ঞান হইবে ইতি।

[পোলীসের কর্ম্মকারকদিগকে অনুসন্ধান ও ধৃত করিবার জন্যে জুয়াখেলার ঘরে প্রবেশ করিতে কমিসানর কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা দিবার কথা।]

২৭ ধারা। যদি পোলীসের কমিসানর কি মাজিষ্ট্রেট সাহেব শপথপূর্ব্বক সম্বাদ প্রাপ্ত হইয়া এবং যদ্রূপ অনুসন্ধান আবশ্যক বোধ হয় তাহা করিয়া বোধ করেন যে, কোন ঘর কি কুঠরী কি স্থান সামান্য জুয়াখেলার ঘরস্বরূপ ব্যবহার হইতেছে, তবে তিনি পোলীসের কোন উচ্চপদস্থ কার্য্যকারককে আজ্ঞাপত্র দিয়া তাঁহার সাহায্যের জন্যে যাহাদের আবশ্যক হয় তাহাদিগকে লইয়া সেই প্রকারের কোন ঘরে কি কুঠরীতে কি অন্য স্থানে রাত্রিতে কি দিনে ও আবশ্যক হইলে বলপূর্ব্বক প্রবেশ করিতে, ও সেই স্থানে যাহাদিগকে পায় তাহারা সেই সময়ে নিতান্ত খেলা করুক কি না করুক তাহাদের সকলকে ধৃত করিতে, ও সেই স্থানে দ্যূতক্রীড়া করিবার যে সকল দ্রব্য পাওয়া যায় তাহা, ও যে সকল টাকা ও টাকার নিদর্শনপত্র ও মূল্যবান্ দ্রব্য দ্যূতক্রীড়ার জন্যে ব্যবহার হইয়াছে কিম্বা হইবার অভিপ্রায়ে আছে এমত সন্দেহ উপযুক্তমতে হইতে পারে, তাহা ধৃত করিতে, ও যে ঘরে কি কুঠরীতে কি স্থানে উক্ত প্রকারে প্রবেশ করিয়াছে তাহাতে দ্যূতক্রীড়া করিবার কোন দ্রব্য লুকাইয়া রাখা গিয়াছে তাঁহার এমত বুঝিবার কারণ থাকিলে ঐ গৃহাদির সকল স্থানে অনুসন্ধান করিতে, ও সেই প্রকারে যে ব্যক্তিদিগকে আবেধ করে তাহাদের বস্ত্রাদিতে অন্বেষণ করিতে, ও সেই প্রকারের অন্বেষণ করিয়া দ্যূতক্রীড়া করিবার যে সকল দ্রব্য পায় তাহা ধৃত করিয়া লইতে ক্ষমতা দিতে পারিবেন ইতি।

[সামান্য দ্যূতক্রীড়ার ঘর হওয়ার প্রমাণের কথা।]

২৮ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানানুসারে কর্ম্ম হইলে, যদি কোন ঘরে কি কুঠরীতে কি স্থানে কিম্বা সেই গৃহাদিতে ধৃত কোন ব্যক্তির বস্ত্রাদিতে তাস কি পাশা কি জুয়াখেলার মেজ কি ছক কি তক্তা কি জুয়াখেলার অন্য দ্রব্য পাওয়া যায়, তবে পোলীসের কর্ম্মকারক কিম্বা তাহার সহকারির কোন লোক নিতান্ত খেলা না দেখিলেও, সেই দ্রব্য তাহাতে পাওয়া গেল বলিয়া, যাবৎ বিপরীত প্রমাণ না হয় তাবৎ তাহাই ঐ ঘরের কি কুঠরীর কি স্থানের সামান্য দ্যূতক্রীড়ার ঘরের ন্যায় ব্যবহার হইবার, ও তন্মধ্যে যে সকল লোককে পাওয়া গেল দ্যূতক্রীড়ার নিমিত্তে তাহাদের সেই স্থানে বর্ত্তমান থাকার প্রমাণ হইবে ইতি।

[জুয়াখেলার ঘর রাখিবার দোষ সপ্রমাণ হইলে তাস আদি নষ্ট করিবার এবং পণ রাখিয়া খেলার প্রমাণের অনাবশ্যক হওয়ার কথা।]

২৯ ধারা। কোন ব্যক্তির তদ্রূপ কোন সামান্য জুয়াখেলার ঘর রাখা কিম্বা জুয়াখেলার নিমিত্তে তথায় উপস্থিত থাকা প্রমাণ হইলে, সেই ঘরের মধ্যে জুয়াখেলার যে সকল দ্রব্য পাওয়া যায় তাহা মাজি-

destroyed by order of the Magistrate, who may also order all or any of the securities for money and other articles seized, not being instruments of gaming, to be sold and converted into money, and the proceeds thereof, with all moneys seized therein, to be forfeited; or, in his discretion, may order any part thereof to be returned to the persons appearing to have been severally thereunto entitled. It shall not be necessary, in order to convict any person of keeping a common gaming-house, or of being concerned in the management of any common gaming-house, to prove that any person found playing at any game was playing for any money, wager, or stake.

[Witnesses indemnified.]

XXX. Any person who shall have been concerned in gaming contrary to this Act, and who shall be examined as a witness before a Magistrate on the trial of any person for a breach of any of the provisions of this Act relating to gaming, and who, upon such examination, shall make true and faithful discovery, to the best of his knowledge, of all things as to which he shall be so examined, and who shall thereupon receive from the said Magistrate a certificate in writing to that effect, shall be freed from all prosecutions under this Act for any thing done before that time in respect of such gaming.

[Portion of fine may be paid to informer.]

XXXI. The Magistrate may direct any portion, not exceeding one-fourth, of any fine which shall be levied under Sections XXV and XXVI of this Act, or any part of the moneys or proceeds of articles seized and ordered to be forfeited under Section XXIX, to be paid to an informer.

[Gambling in the streets.]

XXXII. A Police Officer may apprehend without warrant any person found gaming with cards, dice, counters, money, or other instruments of gaming, in any public street, place, or thoroughfare; and such person shall be liable to a fine not exceeding twenty Rupees, or to imprisonment of either description for any term not exceeding one month; and such instruments of gaming and money shall be forfeited.

[Pawn-brokers and money-changers to report stolen property under a penalty for neglect.]

XXXIII. If any property answering the description set forth in any information which shall be given by any Police Officer to any pawn-broker or dealer in second-hand property, or money-changer regarding property stolen or fraudulently obtained, shall then be, or thereafter come into

ষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে নষ্ট করা যাইবেক। আরো জুয়াখেলার দ্রব্যভিন্ন টাকার যে নিদর্শনপত্র ও অন্য দ্রব্য ধৃত হইয়াছে তাহার সমুদয় কি তাহার মধ্যে কোন দ্রব্য বিক্রয় হওয়া তদুৎপন্ন টাকা, ও সেই ঘরে যে সকল নগদ টাকা ধৃত হইয়াছে তাহা দণ্ড হইবার আজ্ঞা করিতে পারিবেন, কিম্বা যেং ব্যক্তির ঐ টাকা পাইবার স্বত্ব আছে বোধ হয় তাহাদিগকে তিনি স্বীয় বিবেচনামতে কোন অংশ ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। কোন ব্যক্তির সামান্য জুয়াখেলার ঘর রাখা কিম্বা কোন সামান্য জুয়াখেলার ঘরের তত্ত্বাবধানে লিপ্ত থাকার দোষ প্রমাণ করণার্থে, যাহাকে খেলা করিতে দেখা গিয়াছিল এমত কোন লোক কিছু টাকার কি বাজি রাখা কি পণ করা দ্রব্যের নিমিত্তে খেলা করিতেছিল এই কথার প্রমাণের আবশ্যক নাই ইতি।

[সাক্ষিদিগের ক্ষতি নিবারণের কথা।]

৩০ ধারা। এই আইনের অন্তর্গত জুয়াখেলাসম্পর্কীয় কোন নিয়ম লঙ্ঘনহেতুক কোন ব্যক্তির বিচার সময়ে, যদি এই আইনের বিপক্ষে জুয়াখেলার কার্য্যে লিপ্ত অন্য ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাক্ষিস্বরূপে সাক্ষ্য দেয়, ও যেং বিষয়ে তাহার সাক্ষ্য লওয়া যায় সেই ব্যক্তি যদি পরীক্ষা দিবার সময়ে সেই সকল বিষয় আপনার জ্ঞাতসারপর্য্যন্ত সত্য ও বিশ্বস্তরূপে প্রকাশ করে, ও তাহা করাতে যদি সেই ব্যক্তি উক্ত মাজিষ্ট্রেট সাহেবের স্থানে সেই মর্ম্মের সংশিতপত্র প্রাপ্ত হয়, তবে ঐ জুয়াখেলার সম্পর্কে তৎকালের পূর্ব্বে যে কোন কার্য্য হইয়াছে তদ্ধেতুক সেই ব্যক্তি এই আইনমতে তদ্ঘটিত সকল অভিযোগহইতে মুক্ত হইবে ইতি।

[অর্থদণ্ডের একাংশ সন্ধানবাদিকে দিবার কথা।]

৩১ ধারা। এই আইনের ২৫ ও ২৬ ধারামতে যে অর্থদণ্ড আদায় হয় তাহার চতুর্থাংশের অনধিক কোন অংশ, কিম্বা ২৯ ধারামতে যে টাকা কি দ্রব্য ধৃত হইয়া রাজাহৃত হইবার আজ্ঞা হয় সেই টাকার কি সেই দ্রব্যের উৎপন্ন টাকার কোন অংশ গোয়েন্দাকে দেওয়া যায় মাজিষ্ট্রেট সাহেব এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[পথে জুয়াখেলা করিবার কথা।]

৩২ ধারা। রাজকীয় কোন পথে কি স্থানে কি অপ্রতিরোধ পথে কোন ব্যক্তিকে তাস, কি পাশা কি ঘুটি কি টাকা কিম্বা জুয়াখেলার অন্য দ্রব্য লইয়া জুয়াখেলা করিতে দেখা গেলে, পোলীসের কর্ম্মকারক আজ্ঞাপত্র বিনাও তাহাকে ধৃত করিতে পারিবে। ও সেই ব্যক্তির বিশ টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা এক মাসের অনধিক কোন কাল অন্যতর প্রকারে কারাদণ্ড হইতে পারিবে, ও জুয়াখেলার সেই দ্রব্য ও টাকা দণ্ড হইবে ইতি।

[বন্ধকী দ্রব্যের মহাজনের ও পোদ্দারের চোরা দ্রব্যের রিপোর্ট করিবার ও না করিলে তাহাদের দণ্ডের কথা।]

৩৩ ধারা। কোন দ্রব্য চুরি হইয়াছে কি প্রবঞ্চনাপূর্ব্বক হরণ হইয়াছে বলিয়া, পোলীসের কোন কর্ম্মকারক বন্ধকী দ্রব্যের মহাজনকে কিম্বা পুরাতন বস্তুর দালালকে কিম্বা পোদ্দারকে যে কোন দ্রব্যের সংবাদ দেয়, তদনুরূপ কোন দ্রব্য যদি সেই সময়ে কি তৎপরে সেই বন্ধকী দ্রব্যের মহাজনের কি দালালের কি

the possession of, or be offered in pawn, or for sale, or change, to such pawn-broker, dealer, or money-changer, he shall, without unnecessary delay, give information to that effect at the nearest Police Office, and shall also state the name and address given by the party by whom the same was offered; or from whom the same was received; provided always that, in the case of wearing apparel or other articles which it may be difficult for such pawn-broker or dealer to trace out and identify, no fine shall be exigible in respect of not reporting such articles, unless it shall appear to the Magistrate that such articles had been knowingly concealed by such pawn-broker or dealer.

[Manufacture or possession of Gunpowder.]

XXXIV. Whoever shall manufacture Gunpowder, or, without a license from the Commissioner of Police, shall have in his possession, in any house, shop, ware-house, or other building, at any one time, a greater quantity of Gunpowder than ten pounds, shall be liable to a fine not exceeding five hundred Rupees, and also to forfeit such Gunpowder so manufactured or possessed, together with the vessel or receptacle in which it may be contained.

[Licenses by Commissioner of Police for sale and deposit of Gunpowder, &c.]

XXXV. The Commissioner of Police may grant to any person a license for the sale or keeping in deposit of any quantity of Gunpowder not exceeding fifty pounds, on such conditions, and for such term, not exceeding one year, as shall be specified in the license: and any person who shall be guilty of a breach of any of such conditions shall, on conviction before a Magistrate, be liable to a fine not exceeding two hundred Rupees, and to forfeit all Gunpowder so kept in deposit contrary thereto, and the vessels containing it, and also, in the discretion of the Magistrate or of the Commissioner, to forfeit his license.

[Licenses for conveying and removing Gunpowder.]

XXXVI. The Commissioner of Police may grant to any person a license for the transit and carrying of Gunpowder from one place to another, in such manner and in such quantity as he may deem advisable: and any person, not being duly licensed in that behalf, who shall carry or convey a greater quantity of Gunpowder than one pound from one place to another, shall be liable to a fine not exceeding fifty Rupees.

[Commissioner of Police may issue warrant to search for Gunpowder, &c.]

XXXVII. The Commissioner of Police, on credible information laid before him on oath, may

পোদ্দারের অধিকারে থাকে কি আইসে, কিম্বা তাহাকে বন্ধকরূপে দিবার কি বিক্রয় করিবার কিম্বা অন্য বস্তুর পরিবর্ত্তে দিবার প্রস্তাব হয়, তবে সেই ব্যক্তি অনাবশ্যক বিলম্ব না করিয়া পোলীসের অতি নিকট কার্য্যালয়ে সেই মর্ম্মের সম্বাদ দিবে। আর যে ব্যক্তি সেই দ্রব্য দিবার প্রস্তাব করিয়াছে কিম্বা যাহার স্থানে পাওয়া গিয়াছে সে আপনার যে নাম ও বাসস্থান জানাইয়াছে তাহাও জ্ঞাত করাইবে। পরন্তু বস্ত্রের কিম্বা অন্য যে দ্রব্যের সন্ধান লইয়া উক্ত দালালের কি বন্ধকী দ্রব্যের মহাজনের নিশ্চিতমতে জানা কঠিন হইতে পারে এমত দ্রব্যের রিপোর্ট না করণপ্রযুক্ত কোন অর্থদণ্ড হইতে পারিবে না। কিন্তু যদি মাজিস্ট্রেট সাহেব বোধ করেন যে বন্ধকী দ্রব্যের ঐ মহাজন কি দালাল সেই প্রকারের দ্রব্য জানিয়া শুনিয়া লুকাইয়া রাখিয়াছে তবে তাহার অর্থদণ্ড হইবে ইতি।

[বারুদ প্রস্তুত করিবার কি নিকটে রাখিবার কথা।]

৩৪ ধারা। যদি কোন ব্যক্তি বারুদ প্রস্তুত করে কিম্বা পোলীসের কমিস্যানর সাহেবের স্থানে অনুমতিপত্র না পাইয়া কোন ঘরে কি দোকানে কি গোলাতে কি অন্য বাটীতে একি কালে দশ পৌণ্ড অর্থাৎ পাঁচ শেরের অধিক বারুদ নিকটে রাখে, তবে সেই ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবে, ও সেই প্রকারে প্রস্তুত কি অধিকৃত বারুদ ও তাহা যে পাত্রে কি আধারে থাকে তাহা সমুদয় দণ্ড হইবার যোগ্য হইবে ইতি।

[বারুদ প্রভৃতি বিক্রয় ও সঞ্চয় করিবার নিমিত্তে পোলীসের কমিস্যানর সাহেবের অনুমতিপত্রের কথা।]

৩৫ ধারা। পোলীসের কমিস্যানর সাহেব কোন ব্যক্তিকে অনুমতিপত্রের নির্দ্দিষ্ট নিয়মে ও এক বৎসরের অনধিক যত কাল অনুমতিপত্রে নির্দ্দিষ্ট থাকে তত কালের নিমিত্তে পঞ্চাশ পৌণ্ডের অনধিক বারুদ বিক্রয় করিবার কি সঞ্চিত করিয়া রাখিবার অনুমতিপত্র দিতে পারিবেন। যদি কোন ব্যক্তি সেই প্রকারের কোন নিয়ম লঙ্ঘনের দোষী হয়, তবে মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে তাহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও সেই নিয়ম বিরুদ্ধে তদ্রূপ যত বারুদ সঞ্চিত করা গিয়াছে ও সেই বারুদ যে পাত্রে থাকে তাহা সমুদয় দণ্ড হইবে, এবং মাজিস্ট্রেট সাহেবের কিম্বা কমিস্যানর সাহেবের বিবেচনামতে তাহার সেই অনুমতিপত্রও দণ্ড হইবে ইতি।

[বারুদ চালান ও স্থানান্তর করণের অনুমতিপত্রের কথা।]

৩৬ ধারা। পোলীসের কমিস্যানর সাহেব যে প্রকারে যত বারুদ উপযুক্ত জ্ঞান করেন, কোন ব্যক্তিকে সেই প্রকারে তত বারুদ এক স্থান হইতে অন্য স্থানে চালান করিবার ও বহিয়া লইবার অনুমতিপত্র দিতে পারিবেন। যদি কোন ব্যক্তি সেই কর্ম্ম করিবার উপযুক্ত অনুমতিপত্র না পাইয়া এক স্থান হইতে অন্য স্থানে এক পৌণ্ডের অধিক বারুদ বহিয়া কি চালান করে, তবে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবে ইতি।

[বারুদ প্রভৃতির অনুসন্ধানার্থে পোলীসের কমিস্যানর সাহেবের আজ্ঞাপত্র দিবার কথা।]

৩৭ ধারা। পোলীসের কমিস্যানর সাহেবের নিকটে শপথক্রমে বিশ্বাসযোগ্য সম্বাদ দেওয়া গেলে, তিনি

issue his warrant authorising a Police Officer to search in the day-time any house, shop, magazine, or other building or place in which he shall have reasonable ground to suspect that any Gunpowder is manufactured, sold, or kept, or any boat, carriage, cart, or other vehicle in which any Gunpowder may be suspected to be carried, or any person suspected of carrying the same contrary to the provisions of this Act; and all Gunpowder found on such search shall, together with the vessels or receptacles in which it may be stored, be immediately seized and kept pending the judgment of a Magistrate.

[Act not to apply to Government Gunpowder, &c.]

XXXVIII. None of the four last preceding Sections shall extend to any Government magazine, or store, or building for the making or deposit of Gunpowder under the authority or for the use of the Government, or to any Gunpowder belonging to Governmet.

[Commissioner may make rules for the conduct of assemblies and processions.]

XXXIX. The Commissioner of Police, from time to time, as occasion may require, may, subject to the orders of the said Lieutenant-Governor, make rules for the conduct of all assemblies and processions in the public roads, streets, or thoroughfares within the limits aforesaid, prescribing the routes by which, and the times at which, such processions may pass, and for keeping order in the public road, streets, thoroughfares, ghauts, and landing places, and all other places of public resort, and preventing obstructions thereof, on the occasion of such assemblies and processions in the neighbourhood of places of worship during the time of public worship; and in any case when the roads, streets, thoroughfares, ghauts, or landing places may be thronged, or may be liable to be obstructed; and may give licenses for the use of music in the streets on the occasion of native festivals and ceremonies. Every person opposing or not obeying the orders so issued by the Commissioner of Police, or violating the conditions of such license, shall be liable to a fine not exceeding one hundred Rupees.

[Penalty for the following offences in public streets, &c.]

XL. Whoever, within such limits as shall be from time to time defined by the Commissioner of Police, with the sanction of the said Lieutenant-Governor, in any public street, road, thoroughfare, or place of public resort, shall commit any of the following offences, shall be liable to a fine not exceeding fifty Rupees:—

[Driving, &c., elephant or camel.]

1. Whoever shall drive, ride, or lead any

পোলীসের কোন কর্ম্মকারককে আজ্ঞাপত্র দিয়া, তাহার যুক্তিসিদ্ধ অনুভবমতে যে কোন ঘরে কি দোকানে কি বারুদখানায় কি অন্য বাটীতে কি স্থানে বারুদ প্রস্তুত কি বিক্রয় হয় কি রাখা যায় কিম্বা তাহার অনুভবমতে যে নৌকাতে কি গাড়িতে কি গোরুর গাড়িতে কি অন্য বাহনে কিছু বারুদ বহন হইতেছে কিম্বা যে কোন ব্যক্তির প্রতি এই আইনের বিধানের বিরুদ্ধ বারুদ লইয়া যাইবার সন্দেহ থাকে সেই ঘর প্রভৃতিতে দিনমানে অনুসন্ধান করিবার ক্ষমতা দিতে পারিবেন। তদ্রূপ অনুসন্ধান দ্বারা যে সকল বারুদ পাওয়া যায় ও তাহা যে সকল পাত্রেতে কি আধারে থাকে তাহা সমুদয় তৎক্ষণাৎ ধৃত হইয়া মাজিষ্ট্রেট সাহেবের বিচারের অপেক্ষাতে রাখা যাইবে ইতি।

[এই আইন গবর্ণমেন্টের বারুদ প্রভৃতির উপর না খাটিবার কথা।]

৩৮ ধারা। গবর্ণমেন্টের কোন বারুদখানার কি গোলার উপর কিম্বা গবর্ণমেন্টের অনুমতিমতে কি ব্যবহারের নিমিত্তে বারুদ প্রস্তুত করিবার কি সংগ্রহ করিয়া রাখিবার ঘরের উপর কিম্বা গবর্ণমেন্টের বারুদের উপর ইহার পূর্ব্ব চারি ধারার কোন ধারা খাটিবে না ইতি।

[সাধারণ লোকদের যাত্রাপ্রভৃতির বিধান কমিস্যনর সাহেবের করিবার কথা।]

৩৯ ধারা। পোলীসের কমিস্যনর সাহেব প্রয়োজনানুসারে সময়ে২ শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাধীনে উক্ত সীমার অন্তর্গত রাজকীয় রাস্তায় ও পথে ও অপ্রতিরোধ পথে মেলার ও যাত্রার নিয়ম করিবার বিধি করিতে পারিবেন, ও যে পথ দিয়া ও যে সময়ে সেই যাত্রা চলিবে তাহা নির্দ্দিষ্ট করিবেন, এবং সেই মেলা ও যাত্রা কালে, এবং ঈশ্বরারাধনা কালে ভজনালয়ের নিকটস্থ স্থানে, ও অন্য যে সময়ে পথে কি রাস্তায় কি অপ্রতিরোধ পথে কি ঘাটে কি উত্তরিবার স্থানে বহু লোক সমাগম কি পথ অবরোধ হইবার সম্ভাবনা হয়, সেই সময়ে রাস্তায় ও পথে ও অপ্রতিরোধ পথে ও ঘাটে ও উত্তরিবার স্থানে ও সর্ব্বসাধারণের গমনীয় অন্য সকল স্থানে সুনিয়ম রক্ষা করিবার ও সেই রাস্তা প্রভৃতির অবরোধ নিবারণ করিবার বিধি করিতে পারিবেন। এবং এদেশীয় লোকদের উৎসব ও পূজার সময়ে পথে বাদ্য বাজাইবার অনুমতিপত্র দিতে পারিবেন। পোলীসের কমিস্যনর সাহেব সেই প্রকারে যে সকল আজ্ঞা প্রচার করেন কোন ব্যক্তি তাহার বিপক্ষতা করিলে, কি সেই আজ্ঞা অমান্য করিলে, কিম্বা সেই অনুমতিপত্রের নিয়ম লঙ্ঘন করিলে, তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবেক ইতি।

[রাজকীয় পথপ্রভৃতিতে নীচের লিখিত অপরাধের দণ্ডের কথা।]

৪০ ধারা। পোলীসের কমিস্যনর সাহেব উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে সময়ে২ যে সীমা নির্দ্ধার্য্য করেন, যদি কোন ব্যক্তি সেই সীমার অন্তর্গত কোন রাজপথে কি রাস্তায় কি অপ্রতিরোধ পথে কিম্বা সর্ব্বসাধারণের গমনীয় স্থানে পশ্চাৎ লিখিত কোন অপরাধ করে, তবে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবেক, অর্থাৎ—

[হস্তী কি উষ্ট্র চালাওনপ্রভৃতির কথা।]

১। যদি পোলীসের কমিস্যনর সাহেবের অনু-

elephant or camel without permission from the Commissioner of Police.

[Driving a vehicle without a sufficient light.]

2. Whoever shall drive any vehicle of any description, at any time between three quarters of an hour after sun-set, and one hour before sun-rise, without a sufficient light, except when, in the opinion of the Magistrate, there may be sufficient moonlight to render such light unnecessary.

[Driving vehicle otherwise than on left side of the road.]

3. Whoever, without reasonable cause, shall drive a carriage, cart, or other vehicle otherwise than on the left or near side of the road.

[Exposing for show horses, or cleaning or repairing conveyances, or training horses in places not allowed by the Commissioner.]

4. Whoever shall expose for show, hire, or sale any horse or other animal, or any carriage; or shall clean or dress any horse or other animal; or shall clean any carriage or other conveyance; or shall make or repair any part of any cart or carriage, except in cases of accident where repair on the spot is necessary; or shall train or break any horse except in such place and at such times as may be allowed by the Commissioner.

[Negligence in driving cattle.]

5. Whoever, by negligence or ill-usage in driving cattle, shall cause any mischief to be done by such cattle; or shall in any wise misbehave himself in the driving, management, or care of such cattle, so as to cause mischief or obstruction.

[Leaving cart, &c., without control.]

6. Whoever, being in charge of a cart, carriage, or horse, shall leave it at such a distance as not to have the same under due control.

[Obstructing road or thoroughfare by carriage, &c.]

7. Whoever shall cause any cart or truck, with or without horses, or cattle, to remain or stand longer than may be necessary for loading or unloading, except at places lawfully appointed for the purpose; or shall leave any cart, carriage, or truck, or fasten any horse or other aminal, so as to cause any obstruction in any thoroughfare.

[Obstructing foot-way.]

8. Whoever shall lead or ride any horse or other animal, or draw or drive any cart, carriage, or truck upon any foot-way, or shall fasten any

মতি না পাইয়া কোন হস্তী কি উষ্ট্র চালায় কি তাহার উপর চড়িয়া যায় কি তাহা লইয়া চলে।

[উপযুক্ত আলো না লইয়া গাড়ি চালাওনের কথা।]

২। যে সময়ে উপযুক্ত জ্যোৎস্না থাকাপ্রযুক্ত মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনাতে গাড়িতে বাত্তী দিবার প্রয়োজন নাই, এমন সময়ছাড়া যদি সূর্য্যাস্ত হইবার পর তিন পোয়া ঘন্টার ও সূর্য্যোদয় হইবার পূর্ব্ব এক ঘন্টার মধ্য কোন সময়ে কোন প্রকারের গাড়িতে উপযুক্ত আলো না দিয়া তাহা চালায়।

[পথের বাম পার্শ্বে গাড়ি না চালাইবার কথা।]

৩। যদি উপযুক্ত কারণ বিনা গাড়ি কি গোরুর গাড়ি কি অন্য প্রকারের যানবাহন পথের বামপার্শ্বভিন্ন অন্যত্র চালায়।

[কমিস্যনর সাহেবের অননুমতির স্থানে ঘোড়া দেখাইবার কি গাড়ি পরিষ্কার করিবার কি সারাইবার জন্যে রাখিলে কি ঘোড়াকে শিখাইলে তাহার কথা।]

৪। কমিস্যনর সাহেব যে২ স্থানের ও সময়ের অনুমতি করেন তদ্ভিন্ন অন্য সময়ে কি স্থানে যদি কোন ঘোড়াকে কিম্বা অন্য পশুকে কিম্বা কোন গাড়ি দেখাইবার কি ভাড়া দিবার কি বিক্রয় করিবার জন্যে বাহির করে, কিম্বা কোন ঘোড়াকে কি অন্য পশুকে পরিষ্কার করে কি সাজায় কিম্বা কোন গাড়ি কি অন্য যানবাহন পরিষ্কার করে, কিম্বা দুর্ঘটনা হইলে তৎস্থানেই সারাইবার আবশ্যক ভিন্ন কোন গোরুর গাড়ির কি গাড়ির কোন অংশ প্রস্তুত করে কি সারায় কি কোন ঘোড়াকে গাড়ি টানিতে শিখায় কি অভ্যাস করায়।

[ঘোটকাদি চালাইবার সময়ে অমনোযোগের কথা।]

৫। যদি কোন ঘোটকাদি অনবধানে চালাইবাতে কিম্বা সেই জন্তুর প্রতি কঠিন ব্যবহার করাতে সেই ঘোটকাদিদ্বারা কোন ক্ষতি করায় কিম্বা সেই প্রকার ঘোটকাদি চালাওনের কি তাহার তত্ত্ব লওনের কি রক্ষণাবেক্ষণের কার্য্যেতে কোন প্রকারে এমত অনুচিত কর্ম্ম করে যে তদ্দ্বারা কোন ক্ষতি কি পথাবরোধ হয়।

[তত্ত্ববিনা গোরুরগাড়ি প্রভৃতি রাখিয়া যাওনের কথা।]

৬। কোন গোরুরগাড়ি কি গাড়ি কি ঘোড়া যে ব্যক্তির রক্ষণে থাকে সে যদি তাহা রাখিয়া এমন দূরে যায় যে তাহার উপর উপযুক্ত কর্তৃত্ব না থাকে।

[গাড়ি প্রভৃতির দ্বারা রাস্তা কি পথ অবরোধ করণের কথা।]

৭। যদি কেহ আইনের নির্দ্দিষ্ট স্থানভিন্ন অন্য কোন স্থানে বোঝাই করিবার কি মাল তুলিবার নিমিত্তে যত কাল আবশ্যক তাহার অধিক কাল ঘোড়া কি বলদ যোতাইয়া কি অমনি কোন গোরুর গাড়ি কি ট্রক রাখে কি দাঁড় করায় কিম্বা যদি কেহ কোন গরুরগাড়ি কি গাড়ি কি ট্রক এমত রাখে কি কোন ঘোড়াকে কি অন্য পশুকে এমত বাঁধিয়া রাখে যে তাহাতে কোন মতে পথের অবরোধ হয়।

[মনুষ্যপথ অবরোধ করণের কথা।]

৮। যদি কেহ লোকদের পদব্রজে গমনের পথে কোন ঘোড়াকে কি অন্য পশুকে লইয়া যায় কি তাহার উপর চড়িয়া যায় কিম্বা কোন বলদগাড়ি কি গাড়ি কি

horse or animal so that it can stand across or upon any foot-way.

[Beating drums, tom-toms, &c.]

9. Whoever shall beat a drum or tom-tom, or blow a horn or trumpet, or beat or sound any brass or other metal instrument or utensil, except at such times and places as shall be from time to time be allowed by the Commissioner of Police.

[Lighting fires and discharging guns, fire-works, &c.]

10. Whoever shall set fire to or burn any straw or other matter, or light any bon-fire, or wantonly discharge any fire-arm or air-gun, or let off or throw any fire-work, or send up any fire-balloon, except at such times and places as shall from time to time be allowed by the Commissioner of Police.

[Driving a cart with insufficiently greased wheels.]

11. Whoever, by driving a hackery or cart with insufficiently greased wheels, shall create a noise which is reasonably calculated to cause annoyance to persons frequenting or residing near the thoroughfare in which such hackery or cart is driven.

[Illuminations.]

12. Whoever, without the consent of the Commissioner of Police, shall put up any post or other thing on the side of any public street, for the purpose of affixing thereon lamps to illuminate the street.

[Affixing bills or otherwise defacing houses, &c.]

13. Whoever, without the consent of the owner or occupier, shall affix any bill or notice, or any paper, against or upon any building, wall, or fence or shall write upon, deface, or mark any such building, wall, or fence with chalk, or paint, or in any way whatsoever.

[Bathing, &c., in public street or aqueduct.]

14. Whoever shall bathe, or wash himself in any public street, or in, upon, or by the side of any public tank, reservoir, or aqueduct, not being a place set apart for such purpose.

[Obstructing persons at bathing places.]

15. Whoever shall obstruct or incommode a person bathing at any place set apart as a bathing place, by wilful intrusion, or by using such place as a landing-place, or by anchoring or otherwise fastening or keeping boats, or by washing horses, cattle, or dogs at or near such place, or in any other way.

ট্রেক টানিয়া লয় কি চালায়, কিম্বা কোন ঘোড়াকে কি পশুকে এমত বাঁধে যে সেই ঘোড়া প্রভৃতি আড়ভাবে কি অন্য প্রকারে সেই পথে দাঁড়াইতে পারে।

[ঢোল কি তবলা প্রভৃতি বাজাইবার কথা।]

৯। পোলীসের কমিস্যনর সাহেব সময়ে২ যেং সময় ও স্থানের অনুমতি করেন তদ্ভিন্ন যদি অন্য সময়ে ও স্থানে ঢোল কি তবলা কিম্বা শিঙ্গা কি তুরী বাজায় কিম্বা পিত্তলের কি অন্য ধাতুর কোন যন্ত্র কি বস্তু বাজায়।

[বড় আগুণ করণ কি বন্দুক কি আতশবাজী ছুড়ন প্রভৃতি।]

১০। পোলীসের কমিস্যনর সাহেব সময়ে২ যে সময়ের ও স্থানের অনুমতি দেন যদি তদ্ভিন্ন সময়ে ও স্থানে, খড় কি অন্য বিষয়ে অগ্নি দেয় কি তাহা পোড়ায় কি অগ্নি রাশি করে, কিম্বা কোন বন্দুকপ্রভৃতি আগ্নেয়াস্ত্র কি বায়ুপূর্ণ বন্দুক ছুড়ে কিম্বা কোন আতশবাজী ছুড়ে কি ফেলে কিম্বা কোন আগ্নেয় বেলুন ঊর্দ্ধগমন করায়।

[গরুর গাড়ির চক্রে কম চরবি দিয়া গাড়ি চালাইবার কথা।]

১১। যদি কোন ছকড়া গাড়ি কি গরুর গাড়ি চালায় এবং যে পথ দিয়া চালান যায় চক্রে উপযুক্তমতে চরবি না দেওয়াতে সেই পথে গমনাগমনকারি কি তন্নিকট নিবাসি ব্যক্তিদের সেই চক্রের শব্দেতে যুক্তিসিদ্ধমতে ক্লেশ সম্ভাবনা।

[আলো দেওনের কথা।]

১২। পোলীসের কমিস্যনর সাহেবের অনুমতি না পাইয়া যদি পথে আলো দিবার জন্যে রাজকীয় কোন পথের পার্শ্বে বাত্তী বসাইবার কোন থাম কি অন্য দ্রব্য বসায়।

[সম্বাদের লিপি লটকাইয়া কি প্রকারান্তরে ঘর প্রভৃতির বিকৃতাকার করণের কথা।]

১৩। যদি ঘরের স্বামির কি অধিকারির অনুমতি না পাইয়া কোন ঘরে কি প্রাচীরে কি বেড়াতে কোন সম্বাদের লিপি কি ঘোষণাপত্র কিম্বা কোন লিপি লাগাইয়া দেয়, কিম্বা কোন ঘরে কি প্রাচীরে কি বেড়াতে খড়ি কি রঙ্গ দিয়া কি অন্য কোন প্রকারে লেখে কি তাহা বিকৃতাকার করে কি তাহাতে দাগ দেয়।

[রাজপথে কি নর্দ্দমাতে স্নান প্রভৃতির কথা।]

১৪। যদি স্নান করিবার নিরূপিত স্থানভিন্ন রাজকীয় কোন পথে কি রাজকীয় কোন পুকুরে কি জলাশয়ে কি নর্দ্দমাতে কি তাহার উপর কি ধারে স্নান করে কি গা ধোয়।

[স্নান করিবার স্থানে লোকদের বাধা দেওনের কথা।]

১৫। স্নান করিবার নিমিত্তে যে স্থান নির্ণীত হয় যদি জানিয়া শুনিয়া সেই স্থানে প্রবেশ করিয়া, কিম্বা উত্তরিবার স্থান স্বরূপ সেই স্থানের ব্যবহার করিয়া, কিম্বা সেই স্থানে কি তাহার নিকটে নৌকার লঙ্গর ফেলিয়া কি অন্য প্রকারে নৌকা লাগাইয়া কি রাখিয়া, কিম্বা ঘোড়া কি গোরু প্রভৃতি কি কুকুরকে স্নান করাইয়া, কি অন্য কোন প্রকারে স্নাতাদিগের বাধা কি ক্লেশ জন্মায়।

[Cruelty to animals.]

16. Whoever shall cruelly beat, ill-treat, abuse, or torture, or shall cause or procure to be cruelly beaten, ill-treated, abused, or tortured any animal.

[Beggars.]

17. Whoever, in any public road, street, thoroughfare, or place, shall beg or apply for alms, or shall expose or exhibit any sores, wounds, bodily ailment, or deformity, with the object of exciting charity, or of obtaining alms; or shall seek for or obtain alms by means of any false statement or pretences.

[Exposing person, &c.]

18. Whoever wilfully and indecently exposes his person, or commits a nuisance by easing himself.

[Penalty for drunkenness in public.]

XLI. Whoever is found drunk and incapable of taking care of himself in any street or thoroughfare, or in any place of public amusement or resort, shall be liable to a fine not exceeding ten Rupees, or to imprisonment of either description for a term not exceeding twenty-four hours.

[Stray dogs.]

XLII. It shall be lawful for the Commissioner of Police, by order in writing to be affixed at the Principal Police Stations, and also to be published in some public newspaper, to appoint from time to time certain periods within which any dogs found straying in the streets, or beyond the enclosures of the houses of the owners of such dogs, may be destroyed.

[Police Officer may arrest without warrant on view of offence.]

XLIII. Any Police Officer may arrest without a warrant any person committing in his veiw any offence against this Act if the name and address of such person be unknown to such Police Officer and cannot be ascertained by him.

[Arrest of person committing offence with respect to person or property of another.]

XLIV. Whoever commits an offence on or with respect to the person or property of another or, in committing an offence under this Act, injures or damages the person or property of another, may, if his name and address be unknown, be apprehended by the person injured, or by any person who may be using the property to which the injury may be done, or by the servant of either of such persons, or by any person authorised by or acting in aid of him, and may be detained until he give his name and address and satisfy such person that the name and address so given are

[পশুর প্রতি নিষ্ঠুরাচরণের কথা।]

১৬। যদি কোন পশুকে নির্দ্দয়ভাবে প্রহার করে কি পশুর প্রতি নিষ্ঠুর কি কুব্যবহার করে কি করায় কি করিতে প্রবৃত্তি দেয়, কি তাহাকে যন্ত্রণা দেয়, কি দেওয়ায় কি দিবার প্রবৃত্তি দেয়।

[ভিক্ষুকের কথা।]

১৭। যদি কোন রাজপথে কি রাস্তায় কি অপ্রতিরোধ পথে কি স্থানে ভিক্ষা মাঙ্গে কি দান চাহে কিম্বা দয়া জন্মাইবার কিম্বা দান পাইবার অভিপ্রায়ে কোন ঘা কি ক্ষত কি শারীরিক রোগ কি বিকৃত অঙ্গ প্রকাশ করে কি দেখায়, কিম্বা যদি মিথ্যা কহিয়া কি ছল করিয়া দান চাহে কি পায়।

[অঙ্গ প্রকাশাদির কথা।]

১৮। যদি ইচ্ছাপূর্ব্বক ও নির্লজ্জরূপে আপনার অঙ্গ অনাবৃত করে কি মলত্যাগ করিয়া অনিষ্ট জন্মায় ইতি।

[প্রকাশস্থানে মত্ত হওয়ার দণ্ডের কথা।]

৪১ ধারা। যদি কোন রাস্তায় কি পথে কিম্বা সাধারণের বিলাসাদির কি গমনের কোন স্থানে, কোন ব্যক্তিকে মত্ত ও আত্মরক্ষার অক্ষম দেখা যায়, তবে সে দশ টাকার অনধিক অর্থদণ্ডের কিম্বা চব্বিশঘণ্টার অনধিক কোন কাল অন্যতর প্রকারে কারাদণ্ডের যোগ্য হইবে ইতি।

[ভ্রমণকারি কুকুরদিগের কথা।]

৪২ ধারা। পোলীসের কমিসনর সাহেব পোলীসের প্রধান২ থানায় হস্ত লিখিত আজ্ঞাপত্র লটকাইয়া ও সাধারণ কোন সম্বাদপত্রেতে প্রকাশ করিয়া সময়ে২ কোন বিশেষ কাল নিরূপণ করিতে পারিবেন, সেই কালের মধ্যে যদি কোন কুকুরকে পথে কিম্বা সেই কুকুরের স্বামির ঘরের বেড়ার কি প্রাচীরের বাহিরে ভ্রমণ করিতে দেখা যায়, তবে সেই কুকুরকে নষ্ট করা যাইবেক ইতি।

[পোলীসের কর্ম্মকারকের চক্ষুর গোচরে অপরাধ হইলে আজ্ঞাপত্র বিনা ধৃত করিতে পারিবার কথা।]

৪৩ ধারা। যদি কোন ব্যক্তি পোলীসের কোন কর্ম্মকারকের চক্ষুর গোচরে এই আইনের বিপরীত কোন অপরাধ করে, তবে পোলীসের ঐ কর্ম্মকারক সেই ব্যক্তির নাম ও বাসস্থান না জানিলে ও জানিতে না পারিলে তাহাকে আজ্ঞাপত্র বিনা ধৃত করিতে পারিবে ইতি।

[অপর ব্যক্তির কি সম্পত্তির উপর অপরাধিকে আসেধ করিবার কথা।]

৪৪ ধারা। যদি কোন ব্যক্তি অপর ব্যক্তির কি তাহার সম্পত্তির প্রতি কি তৎসম্পর্কে অপরাধ করে, কিম্বা এই আইনের উল্লিখিত অপরাধ করণ কালে অপর ব্যক্তির কি তদীয় সম্পত্তির অপকার কি হানি করে, তবে তাহার নাম ও নিবাসাদি অজ্ঞাত থাকিলে ক্ষতিগ্রস্ত ব্যক্তি, কিম্বা যে ব্যক্তি অপকৃত সম্পত্তির ব্যবহার করেন তিনি, কিম্বা উক্ত উভয়ের মধ্যে কোন ব্যক্তির চাকর, কিম্বা তাঁহাহইতে আজ্ঞাপ্রাপ্ত কি তাঁহার সহায় কোন ব্যক্তি তাহাকে ধৃত করিয়া যত কাল সেই ব্যক্তি আপনার নাম ও নিবাসাদি না জানায় ও সে নাম ও নিবাসাদি জানায় তাহা যথার্থ, ইহা যত কাল সেই ধৃতকারির হৃদ্বোধ না হয়, কিম্বা যতকাল

[*Government Gazette*, *3rd April* 1866.]

correct, or until he can be delivered into the custody of a Police Officer.

[Persons taken into custody by a Police Officer without warrant may be detained in Police Office until brought before a Magistrate or bailed.]

XLV. Every person taken into custody without a warrant by a Police Officer under this Act shall be taken to the nearest Police Station House, in order that such person may be detained until he can be brought before the Magistrate, or until he shall enter into recognizances, with or without sureties, for his appearance before the Magistrate. Any person so detained and not entering into recognizances, with or without sureties, shall be carried before the Magistrate within twenty-four hours from the time of his being taken into custody.

[Power to take recognizance at the Station House upon certain charges.]

XLVI. Whenever any person shall be brought to a Station House charged with any offence against this Act, it shall be lawful for the Officer in charge of such Station House, or any superior Officer of Police, if he shall deem it prudent, to enlarge such person on his own recognizance, with or without sureties, conditioned as hereinafter mentioned.

[Condition of recognizance.]

XLVII. Every recognizance so taken shall be without fee or reward, and shall be conditioned for the appearance of the person thereby bound before a Magistrate at his next sitting, and all the persons executing the said recognizance shall acknowledge themselves jointly and severally bound in the sum—not exceeding one thousand Rupees—thereby acknowledged, and the time and place of appearance shall be specified in the said recognizance, or in the condition thereof; and the Officer taking the recognizance shall enter in a book, to be kept for the purpose, the name, residence, and occupation of the party, and his surety or sureties (if any) entering into such recognizance, together with the condition thereof, and the sum thereby acknowledged, and shall return every such recognizance to the Magistrate present at the time and place when and where the party is bound to appear.

[Recovery and appropriation of fines. Imprisonment in lieu of fine.]

XLVIII. All fines imposed under the authority of this Act shall be recoverable in the manner prescribed by Section 61 of the Code of Criminal Procedure, and the amount so levied shall

তাঁহাকে পোলীসের কর্ম্মকারকের হস্তে অর্পণ করিতে না পারেন, ততকাল তাহাকে আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

[কোন ব্যক্তি পোলীসের কর্ম্মকারকের দ্বারা আজ্ঞাপত্রবিনা আসিদ্ধ হইলে, মাজিষ্ট্রেটের সম্মুখে আনীত না হওন কিম্বা দর্শনপ্রতিভূ না দেওন পর্য্যন্ত তাহাকে পোলীস থানায় রাখিবার কথা।]

৪৫ ধারা। এই আইনমতে পোলীসের কোন কর্ম্মকারক যে কোন ব্যক্তিকে আজ্ঞাপত্রবিনা আসেধ করে তাহাকে নিকটস্থ পোলীস থানার আনা যাইবে। তাহাতে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে যত কাল উপস্থিত করা যাইতে না পারে অথবা সেই লোক মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইবার প্রতিভূ সহিত কি প্রতিভূ ভিন্ন যত কাল প্রতিজ্ঞাপত্র লিখিয়া না দেয়, তত কালপর্য্যন্ত তাহাকে তথায় রাখা যাইবে। তদ্রূপে আসিদ্ধ কোন ব্যক্তি যদি প্রতিভূ সহিত কি তদ্ভিন্ন প্রতিজ্ঞাপত্র লিখিয়া না দেন, তবে আসেধ করিবার পর চব্বিশ ঘণ্টার মধ্যে তাহাকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনাইতে হইবে ইতি।

[কোন২ অভিযোগ হইলে থানায় প্রতিজ্ঞাপত্র লইবার ক্ষমতার কথা।]

৪৬ ধারা। যখন কোন ব্যক্তিকে এই আইনের বিপক্ষ কোন অপরাধের অভিযোগক্রমে থানায় আনা যায়, তখন সেই থানার প্রধান কর্ম্মকারক কি পোলীসের উচ্চ পদস্থ কোন কর্ম্মকারক যদি বিহিত বোধ করেন, তবে সেই লোক প্রতিভূক্রমে কি প্রতিভূ বিনা পশ্চাৎ লিখিত নিয়ম সম্বলিত প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিলে, তিনি তাহাকে ছাড়িয়া দিতে পারিবেন ইতি।

[প্রতিজ্ঞাপত্রের নিয়মের কথা।]

৪৭ ধারা। তদ্রূপে যে২ প্রতিজ্ঞাপত্র লওয়া যায় তাহার কিছু শুল্ক কি পারিতোষিক লাগিবে না। তাহাতে এই প্রতিজ্ঞা থাকিবে। সেই সময়ের পর মাজিষ্ট্রেট সাহেব যখন প্রথম অধিবেশন করেন, তখন সেই প্রতিজ্ঞাপত্রে বদ্ধ লোক তাঁহার সম্মুখে উপস্থিত হইবে। এবং যে সকল ব্যক্তি উক্ত প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করেন তাঁহারা সেই পত্রের নির্দ্দিষ্ট সহস্র টাকার অনধিক সেই টাকা দিবার নিমিত্তে আপনাদিগকে একত্রে ও স্বতন্ত্রে বদ্ধ স্বীকার করিবেন। আর সেই প্রতিজ্ঞাপত্রে কি তাহার নিয়মের মধ্যে সেই লোকের উপস্থিত হইবার সময় ও স্থান নির্দ্দিষ্ট থাকিবে। যে কর্ম্মকারক সেই প্রতিজ্ঞাপত্র লন তিনি তজ্জন্যে এক পুস্তক রাখিয়া তাহার মধ্যে ঐ লোকের নাম ও বাসস্থান ও ব্যবসায়, আর যদি সেই প্রতিজ্ঞাপত্রক্রমে কোন প্রতিভূ বদ্ধ হন, তবে সেই প্রতিভূর কি প্রতিভূদের নাম ও বাসস্থান ও ব্যবসায় ও সেই প্রতিজ্ঞার নিয়ম ও তাহাতে যত টাকা স্বীকার হইয়াছে তাহা লিখিবেন। আর সেই লোক যে সময়ে ও স্থানে উপস্থিত হইতে বদ্ধ হয় সেই সময়ে সেই স্থানে যে মাজিষ্ট্রেট সাহেব বর্ত্তমান থাকেন তাঁহাকে সেই প্রতিজ্ঞাপত্র অর্পণ করিবেন ইতি।

[দণ্ডের টাকা আদায় ও প্রয়োগ করিবার কথা ও অর্থদণ্ডের পরিবর্ত্তে কারাদণ্ডের কথা।]

৪৮ ধারা। এই আইনের বলে যে সকল অর্থদণ্ড অবধারিত হয়, তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬১ ধারার নির্দ্ধারিত প্রকারে আদেয় হইবে। ও তদ্রূপে যত টাকা আদায় হয় তাহা

be appropriated to any fund applicable to Police purposes. Provided that it shall be lawful for the Magistrate, when it shall appear to him that the fine cannot be realized by recourse to the provisions above-mentioned, to sentence the offender to imprisonment in lieu of any fine to which such offender is liable under this Act, and the term of such imprisonment shall be fixed in accordance with the scale laid down in Section 67 of the Indian Penal Code.

[Powers of Joint and other Magistrates.]

XLIX. Any Joint-Magistrate, or other Officer duly authorized to exercise the powers of a Magistrate, and any Assistant vested with the powers of a Subordinate Magistrate of the First Class, in cases referred to him by the Magistrate, may exercise all the powers vested in a Magistrate by this Act.

[And of the Deputy Commissioner.]

L. The Deputy Commissioner of Police for the Town of Calcutta may, under the orders of the Commissioner, excise all or any of the powers vested in the latter by the provisions of this Act.

[Interpretation.]

LI. The following words and expressions in this Act shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction (that is to say)—

["Property."]

The word "property" shall include any chattel, money, or valuable security.

["Person."]

The word "person" shall include a corporation.

["Month."]

The word "month" shall mean calendar month.

["Oath."]

The word "oath" shall include any affirmation or declaration lawfully substituted for an oath.

["Common gaming-house."]

The words "common gaming-house" shall be taken to mean any house, room, or place in which cards, dice, tables, or other instruments of gaming are kept or used for the profit or gain of the person owning or keeping such house, room, or place, whether by way of charge for the use of the instruments of gaming, or of the house, room, or place, or otherwise howsoever.

["Cattle."]

The word "cattle" shall, besides horned cattle, include horses, asses, mules, sheep, goats, and swine.

পোলীসের কার্য্যের উপলক্ষে কোন কণ্ডে প্রয়োগ হইবে। কিন্তু পূর্ব্বোক্ত বিধানানুসারে কার্য্য করিলেও ঐ দণ্ডের টাকা আদায় হইতে পারে না যদি মাজিষ্ট্রেট সাহেব ইহা দেখিতে পান, তবে এই আইনঅনুসারে ঐ অপরাধী যে অর্থদণ্ডের যোগ্য হয়, তিনি তৎপরিবর্ত্তে তাহার কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন, এবং সেই কারাদণ্ডের কাল ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৬৭ ধারার ক্রমানুসারে অবধারিত হইবে ইতি।

[জাইণ্ট ও অন্য মাজিষ্ট্রেটদিগের ক্ষমতার কথা।]

৪৯ ধারা। যে কোন জাইণ্ট মাজিষ্ট্রেট কি অন্য কর্ম্মকারক নিয়মিতরূপে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করিতে শক্তি পান তিনি, এবং মাজিষ্ট্রেট সাহেবকর্ত্তৃক অর্পিত মোকদ্দমায় যে কোন আসিষ্টাণ্ট অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হন তিনি, এই আইনক্রমে মাজিষ্ট্রেটের প্রতি অর্পিত সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

[ডেপুটী কমিস্যনরদের ক্ষমতার কথা।]

৫০ ধারা। এই আইনের বিধানমতে কমিস্যনর সাহেবের প্রতি যে২ ক্ষমতা অর্পিত হইয়াছে, তাঁহারই আজ্ঞাক্রমে কলিকাতা নগরের পোলীসের ডেপুটী কমিস্যনর সাহেব সেই সমস্ত কি কোন২ ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

[অর্থ করণের ধারা।]

৫১ ধারা। এই আইনের পশ্চাৎ লিখিত শব্দের ও কথার যে অর্থ এই ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে, যদি বিষয় কি পূর্ব্বাপর কথার সহিত সেই অর্থ অসঙ্গত না হয়, তবে তাহার সেই অর্থ হইবে। যথা,

["সম্পত্তি।"]

সম্পত্তি শব্দের মধ্যে কোন সামগ্রী ও টাকা ও মূল্যবান নিদর্শনপত্রও ধরিতে হইবে।

[ব্যক্তি।]

ব্যক্তি শব্দের মধ্যে সমাবায়িত সমাজ ধর্ত্তব্য।

[মাস।]

মাস শব্দে ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামত মাস বুঝায়।

[শপথ।]

শপথের পরিবর্ত্তে যে কোন সত্য উক্তি কি প্রতিজ্ঞা ব্যবহার্য্য হয় তাহাও শপথ শব্দের মধ্যে গণ্য।

[সামান্য জুয়াখেলার ঘর।]

কোন ব্যক্তি যে ঘরের কি কুঠরির কি স্থানের স্বামী হন কিম্বা যে ঘর কি কুঠরী কি স্থান রাখেন তাহাতে যদি আপন লাভের নিমিত্তে তাস কি পাশা কি ছক কি দ্যূতক্রীড়ার অন্য দ্রব্য রাখেন কি ব্যবহার করেন, তবে সেই ব্যক্তি দ্যূতক্রীড়ার দ্রব্যের ব্যবহারের নিমিত্তে কি সেই ঘরের কি কুঠরীর কি স্থানের ব্যয়ের নিমিত্তে কি অন্য যেরূপে ঐ লভ্য প্রাপ্ত হউন সামান্য জুয়াখেলার ঘর শব্দে সেই ঘর কি কুঠরী কি স্থান বুঝাইবে।

[পশু।]

পশু শব্দে গোরুকে ও তদতিরিক্ত ঘোড়া ও গাধা ও খচর ও মেষ ও ছাগল ও শূকরকে বুঝাইবে।

[Number.]

Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number.

[Gender.]

Words importing the masculine gender shall include females.

[Act XXI of 1857 repealed so far as regards the Suburbs of Calcutta.]

LII. Act XXI of 1857 *(to make better provision for the order and good government of the Suburbs of Calcutta and of the Station of Howrah)* is hereby repealed so far as it applies to such portion of the Suburbs of the Town of Calcutta as shall, for the time being, be subject to the operation of this Act.

FORM OF CERTIFICATE.—*(Referred to in Section VIII.)*

A. B. has been appointed a (Superintendent, Inspector, Jemandar, Darogah, or Peon, *as the case may be)* in the Suburban Police Force, and is vested with the powers, functions, and privileges of a Police Officer.

WALKER MARSHALL,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Dept.

[বচন ।]

এক বচনান্ত শব্দের মধ্যে বহু বচনান্ত শব্দ ও বহুবচনান্ত শব্দে এক বচনান্ত শব্দও গণ্য ।

[লিঙ্গ ।]

পুংলিঙ্গ বোধক শব্দের মধ্যে স্ত্রীগণও গণ্য ইতি ।

[কলিকাতার শাখানগর সম্বন্ধে ১৮৫৭ সালের ২১ আইন রহিত হইবার কথা ।]

৫২ ধারা । এই আইন যৎকালে কলিকাতার শাখানগরের কোন অংশে প্রচলিত হয় তৎকালে সেই অংশ সম্বন্ধে ১৮৫৭ সালের ২১ আইন (অর্থাৎ কলিকাতার শহরতলীর ও হাবড়া মোকামের সুধারা ও সুশাসন হইবার জন্যে আরো উত্তম বিধান করিবার আইন এই ধারাক্রমে রহিত করা গেল ।

৮ ধারার উল্লিত সর্টিফিকটের পাঠ ।

ক খ শাখানগরের পোলীস দলে শ্রীঅমুক সুপরিন্টেণ্ডেন্টের (অথবা বিষয় বিশেষে ইন্‌স্পেক্টরের কি জমাদারের কি দারোগার কি পেয়াদার) পদ প্রাপ্ত হইয়াছেন ও তাঁহার প্রতি পোলীসের কর্ম্মকারকের শক্তি ও কর্ম্ম ও অধিকার প্রদান হইয়াছে ।

ওয়াকর মারসেল,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিস্টান্ট সেক্রেটারী ।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(Civil Side.)

No. 6.

From H. T. PRINSEP Esq., Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to the Judges of Small Cause Courts.—(dated Calcutta, the 5th March 1866.)

I AM directed to forward to you the accompanying copy of a letter, No. 3, dated 16th ultimo, from the Judge of the Small Cause Court, Dacca, and, with reference thereto, to enquire whether you are aware of any objection to the destruction of old records immediately after the final execution of the decrees.

By Order, &c.,

(Sd.) H. T. PRINSEP,
Registrar.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলর অর্ডর ।

(দেওয়ানী পক্ষ ।)

৬ নম্বর ।

ক্ষুদ্র মোকদ্দমার সকল আদালতের জজের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র ।
কলিকাতা । ১৮৬৬ সাল ৫ মার্চ ।

ঢাকার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের গত মাসের ১৬ তারিখের ৩ নং পত্রের প্রতিলিপি তোমার নিকট আজ্ঞাক্রমে প্রেরণ করিলাম । ও তদুপলক্ষে জিজ্ঞাসা হইতেছে যে পুরাতন কাগজ পত্র ডিক্রীর চরম সাধনের পরেই নষ্ট করার কোন আপত্তি জ্ঞাত আছ কি না ।

আজ্ঞাক্রমে,

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার ।

No. 3.

From Baboo Obhoya Coomar Dutt, Judge of Small Cause Court, Dacca, to the Registrar of the High Court, Calcutta,—(dated the 16th February 1866.)

I have the honor to submit the following report for the consideration and orders of the Hon'ble Court:—

There is no special rule for the destruction of useless records of the Small Cause Courts. The Nuthees, though containing only a few papers each, *viz.*, plaint, vakalutnama, summons, &c., may in time form a mass, so as to occupy shelves without adequate advantage.

On my taking charge of this Court I issued instructions to the Clerk to destroy papers coming under the List B. of the late Sudder Court's Circular No. 167, dated 3rd March 1852, which, I regret, have not yet been carried out. The matter, however, is such as would suggest the advisability of a rule for general observance.

In my humble opinion, the papers of a Small Cause Court case are not of any importance to render their retention at all necessary after expiration of the time allowed for a review, or at latest after the decree is *finally executed.* The khattahs and accounts filed are taken back by the suitors. Bonds, notes, and other deeds, which form the basis of most of the Small Cause Court cases, are of a nature and character as to be of no further use to the parties. Small Cause Court cases can seldom form the subject of reference in future litigation between the parties to the suit or between others, and most of the papers come under B. Class, which, even in the ordinary Courts, are not required to be kept after the expiration of a year, not to mention the cases, generally a large number, adjusted amicably or dismissed on default, the papers of which are of no use whatever.

The only records worth preservation in a Small Cause Court are the Register and Summons Book,* containing, as they do, the names of parties, particulars of demand, date, decree, &c., &c. The latter also contains the evidence and the judgment, and serves the purpose of execution, as well as other matters of reference, if any. Should it happen that an important document, worth future use, is filed in any Small Cause Court case, the party filing it may give notice of the same to the Clerk, or take it back within a fixed time after the disposal of the case. If,

---

* Prescribed by the Printed Rules of Practice, dated 1st June 1861.

৩ নম্বর।

কলিকাতার হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে ঢাকার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুক্ত বাবু অভয়াকুমার দত্তের পত্র।

ঢাকা ১৮৬৬ সাল ১৬ ফেব্রুআরি।

মানাবর কোর্টের বিবেচনার্থে ও তদ্বিষয়ে তাঁহাদের আজ্ঞা জানিবার নিমিত্তে নিম্ন লিখিত রিপোর্ট সম্মান পূর্ব্বক অর্পণ করিতেছি।

ক্ষুদ্র মোকদ্দমার আদালতের অকর্ম্মণ্য কাগজ পত্র নষ্ট করিবার কোন স্পষ্ট বিধি নাই। নথীর মধ্যে নালিশপত্র ও ওকালৎনামা ও আহ্বানপত্র প্রভৃতি কএকখানি মাত্র কাগজ আছে, তথাপি ক্রমে২ রাশি হইয়া তাহাতে অনেক সেল্ফ পূর্ণ হইতে পারে, অথচ তাদৃশ লাভও হয় না।

এই আদালতের কর্ম্মের ভার গ্রহণ কালে আমি ক্লার্ককে আদেশ করিয়াছিলাম যে, ভূতপূর্ব্ব সদর আদালতের ১৮৫২ সালের ৩ মার্চ তারিখের ১৬৭ নম্বরের সরক্যুলর অর্ডরের B চিহ্নিত আবলীর মধ্যে যত পত্র গণ্য হয় তাহা সমুদয় নষ্ট করা যায়। কিন্তু আক্ষেপ পূর্ব্বক কহিতেছি যে আমার সেই আজ্ঞা অদ্যাপি সাধন হয় নাই। তথাচ তদ্বিষয়ে সর্ব্বসাধারণের মানিবার উপযুক্ত বিধি করা শ্রেয় বোধ হয়।

আমার বিবেচনা এই। ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যে২ মোকদ্দমার বিচার হয় তাহার পুনর্দৃষ্টি হইবার উপযুক্ত সময় অতীত হইলে পর, কিম্বা অন্ততঃ ডিক্রী চূড়ান্তরূপে সাধন হইলে পর, ঐ মোকদ্দমার কাগজপত্র এমন গুরুতর নয় যে তাহা রক্ষা করা আবশ্যক। যে খাতা বহী ও হিসাব অর্পণ করা যায় তাহা অর্থি প্রত্যর্থিরা ফিরিয়া লন। খত ও স্মারকলিপি ও অন্যান্য লেখ্য ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য অধিকাংশ মোকদ্দমার মূল, ও তাহার ভাব বিবেচনায় তাহা বিবাদিদের পক্ষে আর কার্য্যোপযোগী নয়। ফলতঃ ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য মোকদ্দমায় অর্থি প্রত্যর্থিরদের কি অন্য ব্যক্তিদের মধ্যে ভাবিকালীন কোন বিবাদে উক্ত মোকদ্দমার প্রতি দৃষ্টি করার আবশ্যক সম্ভাবনা নাই, এবং অধিকাংশপত্র B চিহ্নিত পত্রাবলির মধ্যে গণ্য। সেই পত্র সাধারণ সকল আদালতে এক বৎসরের অধিককাল রাখা প্রয়োজন নাই। তদ্ভিন্ন অনেক২ মোকদ্দমা মৈত্রভাবে নিষ্পত্তি হয়, অথবা ত্রুটি হেতুক ডিস্মিস হয়, তদ্রূপ মোকদ্দমার কাগজপত্র সুতরাং অকর্ম্মণ্য।

রেজিস্টর ও আহ্বানপত্রের পুস্তকের * মধ্যে অর্থি প্রত্যর্থিদের নাম ও দাওয়ার মর্ম্ম ও তারিখ ও ডিক্রী প্রভৃতি লিখিত হইয়া থাকে। তদ্ভিন্ন ক্ষুদ্র মোকদ্দমার আদালতে অন্য কোন কাগজপত্র রাখিবার প্রয়োজন নাই। আহ্বানপত্রের পুস্তকেও প্রমাণ ও নিষ্পত্তি লেখা গিয়া থাকে, অতএব দর্শন যোগ্য বিষয়ের উপলক্ষে প্রয়োজনীয় এবং ডিক্রী সাধনার্থেও কর্ম্মণ্য হয়। যদি কোন সময়ে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের কোন মোকদ্দমায় গুরুতর এবং ভাবিকালের সম্ভাবিত উপকারের কোন লেখ্য অর্পিত হয় তবে যে ব্যক্তি তাহা অর্পণ করেন তিনি ক্লার্কের নিকটে সেই কথা জ্ঞাত করিতে পারিবেন। কিম্বা মোকদ্দমা

---

* ১৮৬১ সালের ১ জুনের ব্যবহারার্থ মুদ্রিত বিধিতে নির্দ্ধারিত হইল।

[*Government Gazette, 3rd April* 1866.]

however, the preservation of any paper for a particular period be deemed necessary, it rests with the Court to decide whether that period should exceed three years,—the time allowed for execution. But I beg to state that even execution is issued in reference to the Summons Book alone; the papers of the Nuthee never consulted.

Permit me to add that, during the last year, 2,698 Small Cause Court cases were disposed of by this Court, a rate in which the number of disposals would in five years come to 13,490, and in ten to 26,980, and these exclusive of execution cases. Now, whatever paper, if any, be kept of a case, the same must need a list, that is to say, a list for each and every case, and a General Register from year to year, and the cases ought to be arranged and placed by years and months. The Court may well imagine the amount of labour and attention this would entail, and to what advantage. The papers of cases decided by Small Cause Courts in certain Districts are sent for deposit to the Judge's Record Office, which I fear, not only would augment inconvenience, but may very likely cause confusion.

(Sd.) Obhoya Coomar Dutt,
Judge.

CCCLXXXI. If the property consist of money or of any security in deposit in any Court of Justice or in the hand of any Officer of Government, which is or may become payable or deliverable to the defendant or on his behalf, the attachment shall be made by a notice to such Court or Officer requesting that the money or security and any interest or dividend becoming payable thereon may be held subject to the further orders of the Court: Provided that if such money or security is in deposit in a Court of Justice, any question of title or priority which may arise between the decree-holder and any other person, not being the defendant, claiming to be interested in such money or security by virtue of any assignment, attachment, or otherwise, shall be determined by the Court in which such money or security is in deposit. (S. C. C. & R. C.)

[Attachment of negotiable instruments.]

CCCLXXXII. If the property consist of a negotiable instrument, the attachment shall be made by actual seizure, and the instrument shall be brought into Court and shall be held subject to the further orders of the Court. (S. C. C. & R. C.)

[Notification of prohibitory order in case of debt.]

CCCLXXXIII. If the property consist of a debt, a copy of the order shall be fixed up in some conspicuous part of the Court-house, and a copy of the order shall also be delivered or sent registered by post to the debtor, or to each debtor

[অস্থাবর সম্পত্তি প্রতিবাদির অধিকারে না থাকিলে প্রতিষেধক আজ্ঞার কথা।]

৩৭৯ ধারা। যদি অস্থাবর সম্পত্তি প্রতিবাদির অধিকারে না থাকে, তবে ঐ আজ্ঞার প্রতিলিপি আদালত ঘরের কোন প্রকাশ্য স্থানে লট্‌কাইয়া দিতে হইবে, ও সেই সম্পত্তি যে ব্যক্তির অধিকারে আছে তাঁহার নিকটে ঐ আজ্ঞার এক খান প্রতিলিপি দেওয়া যাইবে কি রেজিষ্টরী করিয়া ডাগযোগে প্রেরিত হইবে ইতি (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[স্থাবর সম্পত্তির তদ্রূপ অবস্থার কথা।]

৩৮০ ধারা। যদি স্থাবর সম্পত্তির সেই অবস্থা হয়, তবে সেই সম্পত্তির কি তাহার সন্নিকট কোন স্থানে ঐ আজ্ঞা উচ্চৈস্বরে পাঠ করা যাইবে ও তাহার প্রতিলিপি আদালত ঘরের কোন প্রকাশ্য স্থানে লট্‌কাইয়া দেওয়া যাইবে। যদি ঐ সম্পত্তি ভূমি কিম্বা ভূমিতে কোন সম্পর্কবিশিষ্ট হয়, তবে সেই ভূমি যে জিলার মধ্যে থাকে সেই জিলার কালেক্টর সাহেবের কার্য্যালয়েও ঐ আজ্ঞার প্রতিলিপি লট্‌কাইয়া দেওয়া যাইবে ইতি। (রা. আ.)

[আদালতে কিম্বা কোন রাজকীয় কার্য্যকারকের নিকটে গচ্ছিত টাকার কি নিদর্শনপত্রের ক্রোক সংবাদ দ্বারা করিবার কথা ও উপনিয়ম।]

৩৮১ ধারা। সেই সম্পত্তি যদি কোন আদালতে কি গবর্ণমেন্টের কোন কার্য্যকারকের নিকটে গচ্ছিত টাকা কি নিদর্শনপত্র হয়, এবং প্রতিবাদিকে কিম্বা তাঁহার পক্ষে অন্য ব্যক্তিকে দেয় কি প্রদানের যোগ্য হয় তবে আদালতের আজ্ঞান্তর না হওনপর্য্যন্ত ঐ আদালত কি কার্য্যকারক ঐ টাকা কি নিদর্শনপত্র এবং তাহার উপর যে কোন সুদ কি ডিবিডেণ্ড প্রাপ্য হয় তাহা নিকটে রাখেন, ঐ আদালতকে কি কার্য্যকারককে এই মর্ম্মের জ্ঞাপনপত্র দিয়া সেই ক্রোক হইতে পারিবে। পরন্তু যদি সেই টাকা কি নিদর্শনপত্র কোন আদালতে গচ্ছিত থাকে, তবে প্রতিবাদি ভিন্ন অন্য কোন ব্যক্তি কোন বরাৎ কি ক্রোকের বলে কি প্রকারান্তরে ঐ টাকার কি নিদর্শনপত্রের সম্পর্কের দাওয়াদার হইয়া তাহার ও ডিক্রীদারের মধ্যে অধিকার কি অগ্রগণ্যতাবিষয়ক বিবাদের কথা উত্থাপন হইলে সেই টাকা কি নিদর্শনপত্র যে আদালতে গচ্ছিত থাকে সেই আদালত ঐ বিবাদের নিষ্পত্তি করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ক্রয়বিক্রয়ের যোগ্য নিদর্শনপত্র ক্রোক করিবার কথা]

৩৮২ ধারা। সেই সম্পত্তি যদি ক্রয়বিক্রয়ের যোগ্য নিদর্শনপত্র হয়, তবে তাহা নিতান্ত ধৃত করণদ্বারা ক্রোক করিতে হইবে, এবং সেই নিদর্শনপত্র আদালতে আনীত হইয়া আদালতের ভাবি আজ্ঞার অধীনে রাখা যাইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ঋণ বিষয়ক প্রতিষেধক আজ্ঞা যে প্রকারে প্রকাশ করিতে হয় তাহার কথা।]

৩৮৩ ধারা। সেই সম্পত্তি যদি প্রাপ্য ঋণ হয়, তবে ঐ আজ্ঞার প্রতিলিপি আদালত ঘরের কোন প্রকাশ্য স্থানে লট্‌কাইয়া দেওয়া যাইবে, এবং এক জন অধমর্ণ হইলে তাঁহার প্রতি সেই লিখিত আজ্ঞার এক খান প্রতিলিপি, নতুবা অনেক জন হইলে

when there are more debtors than one. (S. C. C. & R. C.)

[And in case of shares in any Company or Corporation.]

CCCLXXXIV. If the property consist of a share in the capital or joint-stock of any public Company or Corporation, a copy of the order shall be fixed up in some conspicuous part of the Court-house, and a copy of the order shall also be delivered or sent registered by post to the proper Officer of the Company or Corporation. (S. C. C. & R. C)

[Private alienation of property after attachment to be void.]

CCCLXXXV. When an attachment shall have been made by actual seizure or by written order as aforesaid, and in the case of an attachment by written order, when it shall have been duly intimated and made known in manner aforesaid, any private alienation of the property attached, whether by sale, gift, or otherwise, and any payment of debt or dividend or share to the defendant during the continuance of the attachment, shall be void as against the party on whose application the attachment was made, if the claim of such party shall not have been satisfied. (S. C. C. & R. C.)

[Payment by debtor who has been prohibited from making payment to his creditor.]

CCCLXXXVI. When a debtor is prohibited under Section 377 from making payment of his debt to the party to whom the money is owing, he may pay the amount into Court, and such payment shall have the same effect as payment to the party entitled to receive the same. (S. C. C. & R. C.)

[Court may direct money or bank-notes attached to be paid to party entitled.]

CCCLXXXVII. If the property attached is money or bank-notes, the Court may, at any time during the attachment, direct that such money or bank-notes, or a sufficient part thereof, be paid over to the party entitled under the decree to receive the same (S. C. C. & R. C.)

[Or that immovable or movable property attached be sold and proceeds be so paid.]

CCCLXXXVIII. The Court may direct that any immovable or movable property not being money or bank-notes which shall have been attached, or such portion thereof as may seem necessary for the satisfaction of the decree, shall be sold, and that the money which may be realized by such

প্রত্যেকের প্রতি এক২ খান প্রতিলিপি সমর্পণ করিতে কি রেজিষ্টরী করিয়া ডাকযোগে পাঠাইতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[কোন কোম্পানির কি চার্টরপ্রাপ্ত সমাজের শ্যার হইলে তাহার কথা।]

৩৮৪ ধারা। সেই সম্পত্তি যদি কোন সাধারণ কোম্পানির কি চার্টরপ্রাপ্ত সমাজের মূলধনের কি জাইন্ট ষ্টাকের অংশ হয়, তবে ঐ আজ্ঞার প্রতিলিপি আদালত ঘরের কোন প্রকাশ্য স্থানে লটকাইয়া দেওয়া যাইবে, এবং সেই কোম্পানির কি চার্টরপ্রাপ্ত সমাজের উপযুক্ত কার্য্যকারকের প্রতি সেই আজ্ঞার এক খান প্রতিলিপি সমর্পণ করিতে কি রেজিষ্টরী করিয়া ডাকযোগে পাঠাইতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[সম্পত্তি ক্রোক হইলে পর গোপনে হস্তান্তর করা অসিদ্ধ হইবার কথা।]

৩৮৫ ধারা। যদি নিতান্ত ধৃত করণদ্বারা কি পূর্ব্বোক্ত প্রকারের লিখিত আজ্ঞাদ্বারা সম্পত্তি ক্রোক হইয়া থাকে এবং লিখিত আজ্ঞাক্রমে ক্রোক হইলে যদি পূর্ব্বোক্তমতে উচিতরূপে সংবাদ দেওয়া গিয়া থাকে ও প্রকাশ হইয়া থাকে তবে যাবৎ সেই সম্পত্তি ক্রোক থাকে তাবৎ যদি বিক্রয় কি দানদ্বারা কি প্রকারান্তরে তাহা গোপনে হস্তান্তর করা যায় এবং প্রতিবাদিকে ঋণ কি ডিবিডেণ্ড কি অংশ দান করা হয় তবে যাঁহার প্রার্থনাক্রমে ক্রোক হইয়াছিল সেই ব্যক্তির দাওয়া শোধ না হইলে তাঁহার বিপক্ষে সেই বিক্রয়াদি অসিদ্ধ হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[উত্তমর্ণকে টাকা দিতে প্রতিষেধ হইলে অধমর্ণকর্ত্তৃক ঋণ পরিশোধ হওনের কথা।]

৩৮৬ ধারা। ঋণের টাকা যাঁহার পাওনা থাকে তাঁহাকে তাহা দিয়া ঋণ পরিশোধ করিতে ৩৭৭ ধারাক্রমে যে অধমর্ণের প্রতিষেধ হয়, তিনি সেই টাকা আদালতে অর্পণ করিতে পারিবেন, তাহাতে যে ব্যক্তি টাকা পাইতে স্বত্ববান, ঐ টাকা তাঁহাকে দত্ত টাকার ন্যায় গণ্য হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ক্রোক করা টাকা কি ব্যাঙ্ক নোট তদধিকারি ব্যক্তিকে দিবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।]

৩৮৭ ধারা। সেই ক্রোক হওয়া সম্পত্তি যদি টাকা কি ব্যাঙ্ক নোট হয়, তবে ক্রোক থাকার যে কোন সময়ে হউক, যে পক্ষ ডিক্রীর বলে তাহা পাইতে স্বত্ববান্, আদালত সেই টাকা কি ব্যাঙ্ক নোট কি তাহার উপযুক্ত অংশ সেই পক্ষকে দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[তদ্রূপ ক্রোক করা স্থাবর কি অস্থাবর সম্পত্তি বিক্রয়পূর্ব্বক উক্ত প্রকারে তাহার মূল্য দিবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।]

৩৮৮ ধারা। টাকা কি ব্যাঙ্ক নোট ভিন্ন অন্য কোন স্থাবর কি অস্থাবর সম্পত্তি ক্রোক হইলে, আদালত সেই সম্পত্তি কিম্বা ডিক্রী শোধ করণার্থে তাহার যে অংশ বিক্রয়যোগ্য বোধ হয় সেই অংশ বিক্রয় করিয়া, সেই বিক্রয়ক্রমে লব্ধ মূল্য কি তাহার উপযুক্ত অংশ ডিক্রীর বলে পাইবার স্বত্ব বিশিষ্ট পক্ষকে দিবার আজ্ঞা

sale, or a sufficient portion thereof, shall be paid to the party entitled under the decree to receive the same. (S. C. C. & R. C.)

[Court may postpone sale of land to enable defendant to raise amount of decree by mortgage, lease, or private sale of a portion.]

CCCLXXXIX. When the property attached is land, if the defendant can satisfy the Court that there is reasonable ground to believe that the amount of the decree may be raised by the mortgage of the land, or by letting it on lease, or by disposing by private sale of a portion of the land, or of any other property belonging to the defendant, the Court may, on the application of the defendant, postpone the sale for such period as it may think proper, to enable him to raise the amount. In such case the Court shall grant a certificate to the defendant authorizing him, within a period to be mentioned therein, to sell or mortgage the land or to let it on lease. So long as such certificate shall remain in force, the provision contained in Section 355 shall not apply.

[When property attached consists of debts or immovable property, Manager may be appointed.]

CCCXC. When the property attached consists of debts due to the defendant or of any immovable property, the Court may, instead of ordering the sale of the property, appoint a Manager thereof, with power to sue for the debts, and to collect the rents or other receipts and profits of the property, and to execute such instruments in writing as may be necessary, and to pay and apply such rents, profits, or receipts towards the payment of the amount of the decree and costs. Instruments executed by a Manager appointed under this Section shall be of the same force as if executed by the person to whom the debts which such Manager is empowered to recover are due, or to whom the property belongs.

[Remuneration, powers, and duties of Manager.]

CCCXCI. When a Manager shall be appointed under the last preceding Section, the Court may allow him such fee or commission on his receipts or on the rents and profits of the property by way of remuneration, and may grant him all such powers for the management or the preservation and improvement of the property, and the collection of the rents and profits thereof, and the application and disposal of such rents and profits as to the Court may seem proper. The Manager so appointed shall be bound to render correct accounts of his receipts and disbursements from time to time as the Court may direct.

করিতে পারিবেন ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[প্রতিবাদিকে ভূমি বন্ধক কি পাট্টা দেওন কি একাংশ বিক্রয় করণদ্বারা ডিক্রীর নির্দ্দিষ্ট টাকা পাইবার অবকাশ দেওনের অভিপ্রায়ে ভূমির বিক্রয় স্থগিত রাখিতে আদালতের ক্ষমতার কথা।]

৩৮৯ ধারা। সেই ক্রোক করা সম্পত্তি ভূমি হইলে, সেই ভূমি বন্ধক কিম্বা তাহার পাট্টা করিয়া দেওয়া গেলে কিম্বা ঐ ভূমির কোন অংশ কি প্রতিবাদির অন্য কোন সম্পত্তি গোপনে বিক্রয় করিলে ঐ ডিক্রীর উপযুক্ত টাকা পাওয়া যাইতে পারে, যদি প্রতিবাদী আদালতের হৃদ্বোধমতে ইহা দেখাইতে পারেন, তবে আদালত প্রতিবাদির প্রার্থনাক্রমে সেই টাকা পাইবার জন্যে তাঁহাকে অবকাশ দেওনার্থ যত কাল উপযুক্ত জ্ঞান করেন, তত কাল পর্য্যন্ত বিক্রয় স্থগিত রাখিতে পারিবেন। তদ্রূপ স্থলে আদালত প্রতিবাদিকে এই মর্ম্মের সংশিতপত্র দিবেন, যে ঐ পত্রের লিখিত কালের মধ্যে প্রতিবাদির সেই ভূমি বিক্রয় করিবার কি বন্ধক দিবার কি পাট্টা করিয়া দিবার অনুমতি আছে। সেই সংশিতপত্র যত কাল বলবৎ থাকে, তত কাল ঐ ৩৫৫ ধারার লিখিত বিধান বর্ত্তিবে না ইতি।

[ক্রোক হওয়া সম্পত্তি যদি ঋণ কি স্থাবর হয়, তবে কর্ম্মাধ্যক্ষকে নিযুক্ত করিবার কথা।]

৩৯০ ধারা। ঐ ক্রোক করা সম্পত্তি যদি প্রতিবাদির প্রাপ্য ঋণ কি স্থাবর সম্পত্তি হয়, তবে আদালত উক্ত সম্পত্তি বিক্রয় করিবার আজ্ঞা না করিয়া সম্পত্তির অধ্যক্ষকে নিযুক্ত করণানন্তর এমত ক্ষমতা দিতে পারিবেন যদ্দ্বারা তিনি ঋণের আদায়ার্থে নালিশ করিতে ও সেই সম্পত্তির খাজানা কি অন্য আয় ও প্রাপ্তি আদায় করিতে ও সেই অভিপ্রায়ে প্রয়োজনীয় লেখ্য সম্পাদন করিতে ও ডিক্রী ও খরচার পরিশোধার্থে সেই খাজানা কি প্রাপ্তি কি আয় দান ও প্রয়োগ করিতে পারিবেন। ঐ কর্ম্মাধ্যক্ষ যে ব্যক্তির পাওনা টাকা আদায় করিতে ক্ষমতাপন্ন আছেন, তিনি কিম্বা ঐ সম্পত্তি যাঁহার আছে তিনি আপনি সম্পাদন করিলে লেখ্য যেমন বলবৎ হইত, এই ধারার বলে নিযুক্ত কর্ম্মাধ্যক্ষ সম্পাদন করিলে তাহা তেমনি বলবৎ হইবে ইতি।

[কর্ম্মাধ্যক্ষের বেতন ও ক্ষমতা ও ইতিকর্ত্তব্যতার কথা।]

৩৯১ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্বধারানুসারে কর্ম্মাধ্যক্ষ নিযুক্ত হইলে আদালত যেরূপ উপযুক্ত জ্ঞান করিবেন, তদ্রূপ তাঁহার আদায় করা টাকা কি সম্পত্তির খাজানার ও প্রাপ্তির উপর তাঁহার পারিশ্রমিকস্বরূপে শুল্ক কি কমিশ্যন লইবার অনুমতি, এবং সম্পত্তির অধ্যক্ষতা কিম্বা তাহার রক্ষা ও সৌষ্ঠব করণার্থে ও তাহার খাজানা কি প্রাপ্তি আদায় ও প্রয়োগ ও ব্যবহার করণার্থে তাঁহাকে ক্ষমতা দিতে পারিবেন, তদ্রূপে নিযুক্ত কর্ম্মাধ্যক্ষ আদালতের আদেশানুসারে সময়ে২ আপন আয়ব্যয়ের যথার্থ হিসাব আদালতকে দিতে বদ্ধ হইবেন ইতি।

[When Court may authorsie Collector to stay public sale of land. Court may order security to be taken.]

CCCXCII. When in any District in which sales of land paying revenue to Government in execution of decrees for money are ordinarily made by the Collector the property attached consists of such land or of a share in such land, and the Collector shall represent to the Court that the public sale of the land or share is objectionable, and that satisfaction of the decree may be made within a reasonable period by a temporary alienation of the land or share, the Court may authorise the Collector to make provision for such satisfaction in the manner recommended by the Collector, instead of proceeding to a sale of the land or share. In any case in which such authority is given, the Court may order that security be taken from the defendant for the amount of the decree.

[Special rules in force in any place in respect to sales of land in execution of decrees for money may be continued or altered by Local Government.]

CCCXCIII. If, at the time of this Code coming into operation in any part of British India, any special Rules shall be in force in such part imposing conditions in respect to the sale of land in execution of decrees for money, the Local Government may continue such Rules in force, or it may from time to time modify the same with the sanction of the Governor General of India in Council. The Rules so in force shall, on this Code coming into operation in such part of British India, be published in the Official Gazette, and any modification of such Rules which may thereafter be made shall be published in like manner.

[Order for withdrawl of attachment after satisfaction of decree.]

CCCXCIV. If the amount decreed with costs and all charges and expenses which may be incurred by the attachment of any property be paid into Court, or if satisfaction of the decree be otherwise made, an order shall be issued for the withdrawal of the attachment. If the defendant shall desire it and shall deposit in Court a sum sufficient to cover the expense, the order shall be proclaimed or intimated in the same manner as hereinbefore prescribed for the proclamation or intimation of attachment, and such steps shall be taken as may be necessary for staying further proceedings in execution of the decree. (S. C. C. & R. C.)

[আদালত যে স্থলে কালেকুটরকে ভূমির প্রকাশ্য বিক্রয় স্থগিত রাখিবার ও প্রতিভূ লইবার আজ্ঞা করিতে পারেন তাহার কথা।]

৩৯২ ধারা। যেং জিলাতে টাকার নিমিত্ত ডিক্রী সাধনক্রমে গবর্ণমেণ্টের রাজস্বদায়ি ভূমির প্রকাশ্য বিক্রয় হইলে তাহা সামান্যতঃ কালেকুটর সাহেবের দ্বারা হয় সেইং জিলাতে যদি ঐ ক্রোক হওয়া সম্পত্তি তদ্রূপ ভূমি কি তদ্রূপ ভূমির কোন অংশ হয় এবং সেই ভূমির কি অংশের প্রকাশ্য বিক্রয় করা অনুপযুক্ত, এবং সেই ভূমি কি অংশ কিয়ৎকাল পর্য্যন্ত হস্তান্তর করিলে যুক্তিসিদ্ধ কালের মধ্যে ঐ ডিক্রীর শোধ হইতে পারিবে, কালেকুটর সাহেব যদি আদালতকে ইহা জ্ঞাত করেন, তবে আদালত সেই কালেকুটর সাহেবকে তখন ঐ ভূমির কি অংশের প্রকাশ্য বিক্রয় না করিয়া সেই কালেকুটরের প্রস্তাবিত মতে ডিক্রী শোধের উপায় অবলম্বন করিবার ক্ষমতা দিতে পারিবেন। আদালত যখন উক্ত প্রকারের ক্ষমতা দেন তখন প্রতিবাদির নিকটে ডিক্রীর টাকার প্রতিভূ লইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[স্থানবিশেষে টাকার ডিক্রী সাধনক্রমে ভূমি বিক্রয় করণ বিষয়ক যে বিশেষ বিধি প্রবল আছে তাহা স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রবল রাখিবার কি পরিবর্ত্তিত হইতে পারিবার কথা।]

৩৯৩ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন অংশে এই আইনের প্রথম প্রচলিত হওন কালে যদি টাকার ডিক্রী সাধনার্থে ভূমি বিক্রয় বিষয়ক নিয়ম সম্বলিত বিশেষ কোন বিধি প্রবল থাকে, তবে তথাকার স্থানীয় গবর্ণমেণ্ট সেই বিধি প্রবল রাখিতে পারিবেন, অথবা ভারতবর্ষের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি লইয়া সময়েং তাহা মতান্তর করিতে পারিবেন। ব্রিটনীয় ভারতবর্ষের তদ্রূপ কোন অংশে এই আইন প্রচলিত হওন সময়ে উক্ত প্রকারের যে বিধি তথায় প্রবল থাকিবে তাহা রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে, এবং ঐ বিধির যে কোন মতান্তর পশ্চাৎ করা যায়, তাহাও তদ্রূপে প্রকাশ করিতে হইবে ইতি।

[ডিক্রীর শোধ হইলে পর ক্রোক উঠাইয়া দিবার আজ্ঞার কথা।]

৩৯৪ ধারা। ডিক্রীর নির্দ্দিষ্ট টাকা এবং খরচা ও কোন সম্পত্তির ক্রোকঘটিত ব্যয়ের ও খরচার সকল টাকা আদালতে অর্পিত হইলে কি প্রকারান্তরে ডিক্রীর শোধ হইলে পর ক্রোক উঠাইয়া দিবার আজ্ঞা প্রচার হইবে। যদি প্রতিবাদি ইচ্ছা করেন ও প্রয়োজনীয় ব্যয়ের উপযুক্ত টাকা আদালতে অর্পণ করেন, তবে এই আইনের পূর্ব্ব বিধানে ক্রোকের ঘোষণা করিবার কি সংবাদ দিবার যে রীতি নির্দ্দিষ্ট হইয়াছে সেই রীতি অনুসারে ক্রোক উঠাইবার আজ্ঞার ঘোষণা হইবে কি সংবাদ দেওয়া যাইবে, এবং ডিক্রী সাধনার্থ অধিক সকল কার্য্য স্থগিত করিবার অভিপ্রায়ে যাহাং করা আবশ্যক তাহা করা যাইবে ইতি। (স্মু. মো. আ. ও রা আ.)

OF CLAIMS TO ATTACHED PROPERTY.

[Investigation of claims and objections to sale of attached property.]

CCCXCV. If any claim be preferred to, or any objection be made to the sale of, any property, which shall have been attached in execution of a decree, as not liable to be sold in execution of the decree against the defendant, the Court shall, subject to the proviso contained in Section 399, proceed to investigate the claim or objection with the like power as regards the examination of the claimant or objector and in all other respects as if he had been originally made a defendant in the suit. (S. C. C. & R. C.)

[When Court to order release of property from attachment.

CCCXCVI. If the property attached be immovable, and it appear to the satisfaction of the Court that such property was not, at the time it was attached, in the possession of the party against whom execution is sought, or of some other person in trust for him or in the occupancy of a tenant or other person paying rent to him, or that, being in the possession of the party himself at such time, it was so in his possession, not on his own account, or as his own property, but on account of, or in trust for, some other person, the Court shall pass an order for releasing the property from attachment. If it shall appear that the property was in possession of such party subject to a mortgage or lien in favor of some other person, the Court shall continue the attachment subject to the claims of such other person. (R. C)

[When Court to disallow claim to release of property attached.]

CCCXCVII. If the property attached be immovable, and it appear to the satisfaction of the Court that the property was, at the time it was attached, in possession of the party against whom execution is sought as his own property and not on account of any other person, or was in the possession of some other person in trust for him, or in the occupancy of a tenant or other person paying rent to him, the Court shall disallow the claim and may order the sale to proceed at such time as it may think proper. (R. C.)

[Person against whom order is passed under Section 396 or 397 may sue within one year to establish his right.]

CCCXCVIII. The party against whom an order is passed under either of the last two preceding Sections shall be at liberty to bring a suit to establish his right at any time whithin one year from the date of the order. (R. C.)

ক্রোকী সম্পত্তির উপর দাওয়ার বিধি।

[ক্রোকী সম্পত্তির উপর যে দাওয়া ও তাহার বিক্রয়ের প্রতি যে আপত্তি হয় তদনুসন্ধানের কথা।]

৩৯৫ ধারা। ডিক্রী সাধনার্থে যে সম্পত্তি ক্রোক করা যায় যদি কেহ তাহার উপর দাওয়া করেন কিম্বা প্রতিবাদির বিপক্ষ ডিক্রী সাধনার্থে বিক্রয় হইবার যোগ্য নয় বলিয়া যদি কেহ তদ্বিক্রয়ের প্রতি কোন আপত্তি করেন, তবে আদালত ৩৯৯ ধারার উপনিয়মের অধীনে সেই দাওয়ার কি আপত্তির অনুসন্ধান করিবেন। তাহা হইলে উক্ত দাওয়াদার কি আপত্তিকারক প্রথমাবধি মোকদ্দমার প্রতিবাদী হইলে আদালতের যে ক্ষমতা হইত, উক্ত দাওয়াদারের কি আপত্তিকারকের পরীক্ষা গ্রহণ বিষয়ে আদালতের সেই ক্ষমতা হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আদালত যে সময়ে সম্পত্তির ক্রোক উঠাইয়া দিবার আজ্ঞা করিবেন তাহার কথা।]

৩৯৬ ধারা। যদি ক্রোক করা সম্পত্তি স্থাবর হয়, এবং যে ব্যক্তির বিপরীতে ডিক্রী সাধন করিবার চেষ্টা হইতেছে ক্রোক করণকালে ঐ সম্পত্তি তাঁহার অধিকারে ছিল না, কিম্বা তাঁহার পক্ষে ন্যস্ত হইয়া অন্য ব্যক্তির অধিকারে কিম্বা তাঁহার নিকটে করদায়ি প্রজার কি অন্য ব্যক্তির অধিকারে ছিল না, অথবা তৎকালে সেই মুখ্য ব্যক্তির অধিকারে থাকিলেও আপনার নিমিত্তে কি নিজ সম্পত্তিরূপে নয়, কিন্তু অন্য কোন ব্যক্তির নিমিত্তে কি ন্যস্ত হইয়া তাঁহার অধিকারে ছিল, ইহা যদি আদালতের হৃদ্বোধমতে প্রকাশ পায়, তবে আদালত সেই সম্পত্তির ক্রোক উঠাইয়া দিবার আজ্ঞা করিবেন। যদি দৃষ্ট হয় যে, ঐ সম্পত্তি অন্য ব্যক্তির নিকটে বন্ধক কি দায়গ্রস্ত হইয়া সেই মুখ্য ব্যক্তির অধিকারে আছে তবে আদালত সেই অন্য ব্যক্তির দাওয়া প্রবল রাখিয়া ঐ ক্রোক থাকিতে দিবেন ইতি। (রা. আ.)

[আদালত যে স্থলে ক্রোকী সম্পত্তি মুক্ত করণার্থ দাওয়া অগ্রাহ্য করিবেন তাহার কথা।]

৩৯৭ ধারা। যদি ক্রোকী সম্পত্তি স্থাবর হয়, এবং যে ব্যক্তির বিপক্ষে ডিক্রী প্রবল করিবার চেষ্টা হইতেছে সম্পত্তি ক্রোক হইবার সময়ে অন্য কোন ব্যক্তির নিমিত্তে নয় কিন্তু তাঁহার নিজ সম্পত্তিরূপে তাঁহার অধিকারে ছিল, কিম্বা তাঁহার পক্ষে ন্যস্ত হইয়া অন্য ব্যক্তির অধিকারে কিম্বা তাঁহার নিকটে করদায়ি প্রজার কি অন্য ব্যক্তির অধিকারে ছিল, ইহা যদি আদালতের হৃদ্বোধমতে প্রকাশ পায়, তবে আদালত সেই দাওয়া অগ্রাহ্য করিবেন, এবং যে সময় উপযুক্ত জ্ঞান করেন, সেই সময়ে সম্পত্তির বিক্রয় হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি। (রা. আ.)

[৩৯৬ কি ৩৯৭ ধারামতে যাঁহার বিপক্ষ আজ্ঞা হইয়াছে তাঁহার স্বত্ব স্থাপনার্থে এক বৎসরের মধ্যে মোকদ্দমা করিতে পারিবার কথা।]

৩৯৮ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব দুই ধারার মধ্যে একতর ধারানুসারে যে ব্যক্তির বিপক্ষে আজ্ঞা হইল, তিনি ঐ আজ্ঞার তারিখের পর এক বৎসরের মধ্য কোন সময়ে নিজ স্বত্ব স্থাপনার্থে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি। (রা. আ.)

[Claims and objections to be made without delay]

CCCXCIX. A claim to attached property, or an objection to the sale of such property, shall be made without delay to the Court which shall have ordered the attachment; and if the property to which the claim or objection applies shall have been advertised for sale, the sale may, if it appear necessary, be postponed pending the invetigation into the claim or objection: Provided that no such investigation shall be made if it appear that the making of the claim or objection was designedly and unnecessarily delayed with a view to obstruct the ends of justice. (R. C.)

[If claim or objecttion be disallowed, claimant or objector may sue.]

CCCC. If the claim or objection be disallowed, or if the Court refuse to investigate it on the ground of delay in making it, the claimant or objector shall be at liberty to prosecute his claim or objection by a suit subject to the law of limitation. (R. C.)

OF SALES IN EXECUTION OF DECREES.

[Sales by whom to be conducted and how made.]

CCCCI. Sales in execution of decrees shall be conducted by an Officer of the Court, or by any other person whom the Court may appoint, and, except as provided in the next following Section, shall be made by public auction in manner hereinafter mentioned. (S. C. C. & R. C.)

[Saving as to negotiable securities and shares in public Companies]

CCCCII. If the property to be sold be a negotiable instrument or of a share in any public Company or Corporation, the Court may, instead of directing the sale to be made by public auction, authorise the sale of such instrument or shares through a broker at the market-rate of the day. (S. C. C. & R. C.)

[Sale by Collector of lands paying revenue to Government.]

CCCCIII. If the property to be sold be land paying revenue to Government, and the Collector of the District in which the land is situate shall not have been prohibited by the Local Government from selling land in execution of decrees, the sale shall be conducted by such Collector on the requisition of the Court. (R. C.)

[Proclamation of sales by public auction.]

CCCCIV. When any property, whether movable or immovable, is ordered to be sold by

[সেই দাওয়া কি আপত্তি অবিলম্বে কর্ত্তব্য হওয়ার কথা।]

৩৯৯ ধারা। ক্রোকী সম্পত্তির উপর দাওয়া কি সেই সম্পত্তি বিক্রয়ের প্রতি আপত্তি হইলে, যে আদালত ক্রোকের আজ্ঞা দিয়াছিলেন সেই আদালতে অবিলম্বে ঐ দাওয়া কি আপত্তি করিতে হইবে। যে সম্পত্তি বিষয়ে সেই দাওয়া কি আপত্তি হয় তাহার বিক্রয় হইবার বিজ্ঞাপন যদি হইয়া থাকে, তবে আবশ্যক বোধ হইলে সেই দাওয়ার কি আপত্তির অনুসন্ধানের পরিণাম পর্য্যন্ত ঐ বিক্রয় স্থগিত রাখিতে পারা যাইবে। কিন্তু যথার্থ বিচারের বাধা জন্মাইবার আশয়ে পূর্ব্বকল্পনা করিয়া দাওয়া কি আপত্তি করণের নিষ্প্রয়োজনীয় বিলম্ব করা গিয়াছে ইহা যদি প্রকাশ পায়, তবে উক্ত অনুসন্ধান করিতে হইবে না ইতি। (রা. আ.)

[দাওয়া কি আপত্তি অগ্রাহ্য হইলে দাওয়াদারের কি আপত্তিকারকের নালিশ করিতে পারিবার কথা।]

৪০০ ধারা। যদি সেই দাওয়া কি আপত্তি অগ্রাহ্য হয়, অথবা সেই দাওয়া কি আপত্তি করিবার বিলম্ব প্রযুক্ত যদি আদালত তাহার অনুসন্ধান করিতে অসম্মত হন, তবে ঐ দাওয়াদার কি আপত্তিকারক মিয়াদের আইন অবলম্বন করিয়া মোকদ্দমা করণদ্বারা আপনার দাওয়ার কি আপত্তির অনুষ্ঠান করিতে পারিবেন ইতি। (রা. আ.)

ডিক্রী সাধনার্থে বিক্রয়ের বিধি।

[কে কোন্ নিয়মানুসারে বিক্রয় করাইবেন তাহার কথা।]

৪০১ ধারা। ডিক্রী সাধনার্থ যে বিক্রয় তাহার কার্য্য আদালতের কোন কার্য্যকারক কি আদালতের নিযুক্ত অন্য কোন ব্যক্তি নির্ব্বাহ করিবেন, এবং ইহার অব্যবহিত পশ্চাত ধারার নির্দ্দিষ্ট স্থল ভিন্ন এই আইনের উত্তর ভাগের নির্দ্দিষ্টমতে প্রকাশিতরূপে সেই বিক্রয় করিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ক্রয়বিক্রয়ের যোগ্য কাগজ ও সাধারণ কোম্পানির শ্যার প্রকারান্তরে বিক্রয় করিতে হইবার কথা।]

৪০২ ধারা। সেই বিক্রেয় সম্পত্তি যদি ক্রয়বিক্রয়ের যোগ্য কোন লেখ্য কিম্বা কোন সাধারণ কোম্পানির কি সমবায়ের অংশ হয়, তবে আদালত প্রকাশ্য নীলামদ্বারা তাহার বিক্রয় হইবার আজ্ঞা না করিয়া এমন আদেশ করিতে পারিবেন যে দালালের দ্বারা তৎকালীন বাজারের দরে ঐ লেখ্য কি অংশ বিক্রয় হয় ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[কালেক্টর সাহেবের দ্বারা গবর্ণমেণ্টের রাজস্ব দায়ি ভূমি বিক্রয় হইবার কথা।]

৪০৩ ধারা। যদি সেই বিক্রেয় সম্পত্তি গবর্ণমেণ্টের রাজস্ব দায়ি ভূমি হয়, এবং যে জিলার মধ্যে থাকে যদি স্থানীয় গবর্ণমেণ্ট সেই জিলার কালেক্টর সাহেবকে ডিক্রী সাধনক্রমে ভূমি বিক্রয় করিতে নিষেধ না করিয়া থাকেন, তবে আদালতের আদেশ হইলে কালেক্টর সাহেব ঐ বিক্রয় সম্পাদন করিবেন ইতি। (রা. আ.)

[প্রকাশ্য নীলামক্রমে বিক্রয় হইবার ঘোষণার কথা।]

৪০৪ ধারা। কোন ডিক্রী সাধনার্থে যদি স্থাবর কি অস্থাবর কোন সম্পত্তির প্রকাশ্য বিক্রয় হইবার আজ্ঞা

public auction in execution of a decree, a proclamation of the intended sale, specifying the time and place of sale, the property to be sold, the revenue assessed upon the estate, or part of the estate when the property to be sold is an estate or a part of an estate paying revenue to Government, and the amount for the recovery of which the sale is ordered, together with any other particulars that the Court may think necessary, shall be made in the current language of the District. The proclamation shall also declare that the sale shall extend only to the right, title, and interest of the defendant in the property specified therein. (S. C. C. & R C.)

[Mode of making proclamation]

CCCCV. The proclamation shall be made on the spot where the property is attached by beat of drum, or in such other mode as may be customary; and a written notification to the same effect shall be affixed in the Court-house of the Judge who shall have ordered the sale, and in some conspicuous spot in the town or village in which the attachment shall have taken place. When the property ordered to be sold consists of land, or of any right or interest in land, a written notification shall also be affixed in the Office of the Collector of the District in which such land is situate and in the Court-house of the principal Civil Court of the District when the Court which ordered the sale is subordinate to such Court. If the Court shall so direct, such notification shall also be published in the Official Gazette and in some local newspaper. (S. C. C. & R. C.)

[Time of sale.]

CCCCVI. Except in the case of articles of a perishable nature, (which may be sold at once,) no sale shall take place until after the expiration of at least thirty days in the case of immovable property, and of at least fifteen days in the case of movable property, calculated from the date on which the notification shall have been affixed in the Court-house of the Judge ordering the sale. (S. C. C. & R. C)

[Process for attachment and sale may in certain cases be simultaneous or otherwise.]

CCCCVII. The usual process for attachment and sale, when the property to be attached consists of any movable property other than a debt, may be issued either successively or simultaneously as the Court directing the sale may in each instance think proper. (S. C. C. & R. C.)

হয়, তবে সেই জিলার চলিত ভাষাতে ঐ প্রস্তাবিত বিক্রয়ের ঘোষণাপত্র প্রচারিত হইবে। বিক্রয়ের সময় ও স্থান ও যে সম্পত্তি বিক্রেয় হয় তাহা, এবং গবর্ণমেণ্টের রাজস্ব দায়ি সম্পত্তি কি তাহার কোন অংশ হইলে সেই সম্পত্তির কি তাহার সেই অংশের যত রাজস্ব ধার্য্য আছে তাহা ও যত টাকা আদায়ার্থে বিক্রয়ের আজ্ঞা হইল তাহার সংখ্যা এবং আদালতের বিবেচনামতে প্রয়োজনীয় অন্যান্য বিশেষ কথা সেই ঘোষণাপত্রে নির্দ্দিষ্ট করিতে হইবে। সেই ঘোষণাপত্রে ইহাও প্রকাশ হইবে যে তন্মধ্যে নির্দ্দিষ্ট সম্পত্তিতে প্রতিবাদির যে অধিকার কি স্বত্ব কি সম্পর্ক আছে কেবল তৎপক্ষে ঐ বিক্রয় বর্ত্তিবে ইতি। (স্ফু. মো. আ. ও রা আ.)

[যে প্রকারে ঘোষণা করিতে হয় তাহার কথা।]

৪০৫ ধারা। সেই সম্পত্তি যে স্থানে ক্রোক হয় সেই স্থানে ঢেঁড়রা দিয়া কি তৎস্থানের প্রচলিত অন্য কোন রীতিমতে ঐ ঘোষণা করিতে হইবে। এতভিন্ন যে বিচারকর্ত্তা বিক্রয়ের আজ্ঞা করিলেন তাঁহার আদালতঘরে, এবং যে নগরে কি গ্রামে ক্রোক হইল তাহার কোন প্রকাশ স্থানে সেই মর্ম্মের এক২ খান লিখিত সংবাদও লটকাইয়া দেওয়া যাইবে। যে সম্পত্তি বিক্রয় হইবার আজ্ঞা হইল তাহা যদি ভূমি হয় কি ভূমিতে কোন স্বত্ব কি সম্পর্ক হয়, তবে সেই ভূমি যে জিলার সীমান্তর্গত তথাকার কালেক্টর সাহেবের কার্য্যালয়ে, এবং যে আদালত হইতে বিক্রয়ের আজ্ঞা হইল সেই আদালত ঐ জিলার প্রধান দেওয়ানী আদালতের অধীন হইলে উক্ত প্রধান আদালতঘরেও সেই লিখিত সংবাদ লটকাইয়া দিতে হইবে। যদি আদালত আজ্ঞা করেন, তবে ঐ জ্ঞাপনপত্র রাজকীয় গেজেটে এবং স্থানীয় কোন সম্বাদপত্রেও প্রকাশ হইবে ইতি। (স্ফু. মো. আ. ও রা. আ.)

[বিক্রয়ের সময়ের কথা।]

৪০৬ ধারা। যে বিচারকর্ত্তা সম্পত্তি বিক্রয়ের আজ্ঞা করেন, তাঁহার আদালত ঘরে পূর্ব্বোক্ত সংবাদ লটকাইবা দিবার তারিখ অবধি অন্যূন ত্রিশ দিবস গত না হইলে কোন স্থাবর সম্পত্তি বিক্রয় হইবে না, এবং পঞ্চদশ দিন গত না হইলে কোন অস্থাবর সম্পত্তি বিক্রয় হইবে না, কেবল আশু ক্ষয়ণীয় দ্রব্য একেবারে বিক্রয় হইতে পারিবে ইতি। (স্ফু. মো. আ. ও রা. আ)

[বিশেষ২ স্থলে ক্রোক ও বিক্রয়ের আজ্ঞাপত্র এক সময়ে কি ভিন্ন২ সময়ে প্রচারিত হইবার কথা।]

৪০৭ ধারা। যে সম্পত্তি ক্রোক করিতে হয় তাহা যদি ঋণ ভিন্ন অস্থাবর সম্পত্তি হয়, তবে আদালতের যে স্থলে যেমন উপযুক্ত বোধ হয় সেই স্থলে তেমনি এক সময়ে কি ভিন্ন২ সময়ে ক্রোক করিবার ও বিক্রয় করিবার নিয়মিত আজ্ঞাপত্র প্রচার হইতে পারিবে ইতি। (স্ফু. মো. আ. ও রা. আ)

UTTERPARAH PUBLIC LIBRARY

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 17, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ১৭ আপ্রিল।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 23rd March 1866, and is hereby promulgated for general information:—

ACT NO. XIV OF 1866.

An Act to amend the law for the management of the Post Office, for the regulation of the Duties of Postage, and for the punishment of offences against the Post Office.

[Preamble.]

WHEREAS it is expedient to amend the law for the management of the Post Office, for the regulation of the duties of postage, and for the punishment of offences against the Post Office; It is enacted as follows:—

PART I.

Preliminary.

[Commencement of Act. Short title.]

I. This Act shall come into operation on the first day of May 1866, and may be cited as "The Indian Post Office Act, 1866."

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের পশ্চাৎ লিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৬ সালের ২৩ মার্চ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন, অতএব তাহা এতদ্দ্বারা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৬ সালের ১৪ আইন।

ডাকঘরের কর্ম্ম নির্ব্বাহ ও ডাকমাশুলের নিয়ম করণের এবং ডাকঘরের বিপরীত অপরাধের দণ্ড বিধায়ক আইন সংশোধনার্থ আইন।

[হেতুবাদ।]

ডাকঘরের কার্য্য সম্পাদনের এবং ডাকমাশুলের বিধান করণের ও ডাকের বিপক্ষ অপরাধের দণ্ড করণের আইন সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

প্রথম খণ্ড।

পরিভাষা।

[আইনের প্রারম্ভের ও সংক্ষেপ নামের কথা।]

১ ধারা। এই আইন ১৮৬৬ সালের মে মাসের প্রথম দিবসে প্রচলিত হইতে আরম্ভ হইবে এবং ভারতবর্ষের ডাকের ১৮৬৬ সালের আইন বলিয়া এই আইনের উল্লেখ হইতে পারিবে ইতি।

[Interpretation Clause. "Criminal Court." "Fine." "Clubbed Packet." "Newspaper." "Mails." "British India."]

II. In this Act—unless there be something repugnant in the subject or context—"Criminal Court" includes every Judge, Magistrate Justice of the Peace or Police Magistrate lawfully exercising jurisdiction in criminal cases: "Fine" includes a penalty or forfeiture, or a sum of money due upon a forfeited recognizance: "Clubbed Packet" shall be taken to mean a packet containing a collection of letters, not made by an agent of the Post Office, transmitted through the Post Office with the view of the enclosed letters being delivered to more than one person through the agent of the person by whom the packet was made up: "Newspaper" shall include any periodical publication, published at regular intervals not exceeding thirty-one days: "Mails" shall include any letter, parcel or other article conveyed under the provisions of this Act, as well as any box, bag or other article, or any carriage, horse, messenger or other person employed or used by the Post Office for the conveyance or safe custody of the mails; and "British India" includes the territories which are now or shall be vested in Her Majesty or Her successor by the Statute 21 & 22 Vic., cap. 106 (An Act for the better Government of India.)

[Repeal of Act No. XVII of 1854.]

III. Act No. XVII of 1854 is hereby repealed except so far as it repeals the whole or any part of any other Act or Regulation, and except as to any act or offence which shall have been done or committed, or to any money which shall have become due, or to any fine or penalty which shall have been incurred, or to any proceedings which shall have been commenced before this Act shall come into operation.

[References to Act No. XVII of 1854 to be read as made to this Act.]

IV. References to any Section of Act No. XVII of 1854 made in any Act passed subsequent thereto, shall be read as if made to the corresponding Section of this Act.]

[Exclusive privilege of carrying letters vested in the Government of India.]

V. Wheresoever, within British India, posts or postal communications are or shall be established by the Government of India, the said Government shall have the exclusive privilege of conveying by post, from one place to another, all letters, except in the following cases, and shall also have the exclusive privilege of performing all the incidental services of receiving, collecting, send-

[ফৌজদারী আদালত ও অর্থদণ্ড ও ক্লবেড প্যাকেট ও সম্বাদপত্র ও মেইল ও ব্রিটনীয় ভারতবর্ষ এই২ কথার অর্থ করণের ধারা।]

২ ধারা। উল্লিখিত বিষয়ে কি পূর্ব্বাপর কথার সহিত পশ্চাৎ লিখিত অর্থ অসঙ্গত না হইলে, এই আইনেতে "ফৌজদারী আদালত" এই কথার মধ্যে প্রত্যেক জজ ও মাজিষ্ট্রেট ও শান্তিরক্ষার্থ জুষ্টিস ও আইনক্রমে ফৌজদারী মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন পোলীসের মাজিষ্ট্রেট সাহেবও গণ্য। "অর্থদণ্ড" এই শব্দের মধ্যে অর্থ ও সম্পত্তিদণ্ড ও মুচলকা ভঙ্গ হেতুক প্রাপ্য টাকা গণ্য। যে সকল পত্র ডাকঘরের কর্ম্মকারকের দ্বারা সংগৃহীত না হইয়া অপর ব্যক্তির দ্বারা সংগ্রহ করা যায় ও তাঁহারই কর্ম্মকারকদ্বারা একের অধিক ব্যক্তিদিগকে সমর্পণ করণাভিপ্রায়ে ডাকদ্বারা প্রেরিত হয়, "ক্লবেড প্যাকেট" শব্দে সেইসংগৃহীত পত্রের পুলিন্দা বুঝাইবে। একত্রিশ দিনের অনধিক কাল ব্যবধানে যে কোন পত্রাদি নিয়মিত সময়ান্তরে নিয়মমতে প্রকাশ হয় তাহাও "সংবাদপত্র" শব্দের মধ্যে গণ্য। "মেইল" এই শব্দের মধ্যে এই আইনের বিধানানুসারে প্রেরিত কোন পত্র কি পুলিন্দা কি অন্য দ্রব্য, এবং ডাকপত্র চালাওনার্থে কি রক্ষাকরণার্থে ডাকঘরের কর্ম্মকারকগণ যে কোন বাকৃস কি থলি কি অন্য দ্রব্য কি কোন গাড়ী কি ঘোড়া কি দূত কি অন্য ব্যক্তিকে নিযুক্ত কি ব্যবহার করেন সেও গণ্য। "ব্রিটনীয় ভারতবর্ষ" এই শব্দের মধ্যে ভারতবর্ষ সুশাসনার্থে শ্রীশ্রীমতী মহারাজ্ঞী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায়ের আইনক্রমে যে সকল দেশ শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর কি তৎপরে তদীয় রাজ্য প্রাপ্ত ব্যক্তিদের প্রতি বর্ত্তে কি বর্ত্তিবে সেই সমস্ত দেশও গণ্য ইতি।

[১৮৫৪ সালের ১৭ আইন রহিত হইবার কথা।]

৩ ধারা। ১৮৫৪ সালের ১৭ আইন ইহাতে রহিত হইল। কিন্তু উক্ত আইনের যে কথাদ্বারা অন্য কোন আক্ট কি আইনের সমুদয় কি কোন অংশ রহিত করা গিয়াছে, তাহা রহিত হইবে না, এবং এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে কোন কার্য্য কি অপরাধ হইয়াছে, কিম্বা যে টাকা দেনা পড়িয়াছে, কিম্বা যে কোন অর্থদণ্ড কি দণ্ড বর্ত্তিয়াছে, অথবা যে বিচার কার্য্য আরম্ভ হইয়াছে তৎসম্বন্ধে উক্ত আইন রহিত হইবে না ইতি।

[১৮৫৪ সালের ১৭ আইনের উল্লেখ এই আইনের প্রতি লক্ষ হওয়ার ন্যায় পাঠ করিবার কথা।]

৪ ধারা। ১৮৫৪ সালের ১৭ আইন প্রচলিত হইবার পরে অন্য কোন আইনেতে সেই আইনের যে কোন ধারার উল্লেখ হয়, তাহা এই আইনের তদনুযায়ি ধারার উল্লেখ হওয়ার ন্যায় পাঠ করিতে হইবে ইতি।

[পত্র চালাওনের অধিকার কেবল ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ভিন্ন অন্য কাহারও না থাকিবার কথা।]

৫ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে যেখানে ভারতবর্ষের গবর্ণমেণ্টকর্ত্তৃক ডাক কিম্বা ডাকদ্বারা পত্রাদি প্রেরণের উপায় স্থাপিত হইয়াছে কি হইবে, তথায় পশ্চাৎ লিখিতপত্র ভিন্ন এক স্থানহইতে অন্য স্থানে সকল পত্র ডাকযোগে চালাইবার অধিকার কেবল উক্ত গবর্ণমেণ্টের প্রতি বর্ত্তিবে, এবং নিম্ন লিখিত স্থল ভিন্ন পত্র সকল গ্রহণ ও সংগ্রহ করণ ও প্রেরণ ও চালাওন ও বিলিকরণ সম্পর্কীয় সকল কার্য্য নির্ব্বাহ

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৭ আপ্রিল।]

ing, despatching and delivering all letters except in the following cases, that is to say—

(1.) Letters sent by a private friend in his way journey or travel, so as such letters be delivered by such friend to the person to whom they shall be directed, without hire, reward or other profit or advantage for receiving, carrying or delivering the same.

(2.) Letters solely concerning the affairs of the sender or receiver thereof, sent by a messenger on purpose.

(3.) Letters solely concerning goods or other property sent either by sea or land to be delivered with the goods or property which such letters concern, without hire, reward or other profit, or advantage for receiving, carrying or delivering such letters. But nothing herein contained shall authorize any person to make a collection of such excepted letters for the purpose of sending them in the manner hereby authorized.

[Persons expressly forbidden to collect, carry or deliver letters.]

VI. Wheresoever, within British India, posts or postal communications are or shall be established by the Government of India, the following persons are expressly forbidden to collect, carry, tender or deliver any letter or letters, or to receive any letter for the purpose of carrying or delivering the same, although they shall not receive hire or reward for so doing, that is to say—

(1.) Common carriers of passengers or goods, and their drivers, servants or agents, except letters solely concerning goods in their carriages.

(2.) Owners and Commanders of ships, steamboats or other vessels passing on any river or canal, or to or from any port in British India, and their servants or agents, except letters solely concerning goods on board.

[Appointment of Officers for service of Post Office.]

VII. For carrying on the service of the Post Office, it shall be lawful for the Governor General of India in Council to appoint or to authorize the appointment of such Officers, with such official styles or designations, and to invest them with and delegate to them such powers not inconsistent with the provisions of this Act, as the said Governor General of India in Council may, from time to time, deem expedient.

[*Government Gazette*, 17*th April* 1866.]

করণের অধিকার কেবল উক্ত গবর্ণমেণ্টের প্রতি বর্ত্তিবে। সেই বর্জ্জিত স্থল এই২

(১) কোন বন্ধুর পথে কি যাত্রায় কি দেশভ্রমণে ঐ বন্ধুর দ্বারা যে পত্র পাঠান যায় তাহা। কিন্তু ঐ বন্ধু ঐ পত্র গ্রহণের কি বহনের কি পঁহুছাইয়া দিবার জন্যে মেহনতানা কি পারিতোষিক কি অন্য প্রাপ্তি কি লভ্য না লইয়া, যাহার নামে পত্র পাঠান যায় তাহারই নিকটে যেন তাহা পঁহুছাইয়া দেন।

(২) পত্রপ্রেরকের কি পত্র গ্রাহকের কেবল নিজ কর্ম্মের বিষয়ে দূতের দ্বারা যে২ পত্র বিশেষমতে পাঠান যায় সেই২ পত্র।

(৩) সমুদ্রপথে কি স্থলপথে প্রেরিত মাল কি অন্য সম্পত্তিমাত্র বিষয়ক যে পত্র গ্রহণের কি বহনের কি পঁহুছাইয়া দিবার নিমিত্তে কোন মেহনতানা কি পারিতোষিক কি অন্য প্রাপ্তি কি লভ্য না লওয়া যায় ঐ মাল কি সম্পত্তি বিষয়ক যে পত্র তৎসঙ্গে পঁহুছাইয়া দিতে হইবে সেই পত্র। পরন্তু এই ধারার লিখিত কোন কথাক্রমে কোন ব্যক্তি পশ্চাৎ লিখিতমত পাঠাইবার জন্যে উক্ত প্রকারের বর্জ্জনীয় পত্র সংগ্রহ করিতে ক্ষমতাপন্ন হইবেন না ইতি।

[পত্র সংগ্রহ ও বহন করা ও পঁহুছাইয়া দেওয়া যে সকল ব্যক্তির প্রতি স্পষ্টরূপে নিষিদ্ধ হইল তাহার কথা।]

৬ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত যে কোন স্থানে ভারতবর্ষের গবর্ণমেণ্টকর্ত্তৃক ডাক কি ডাকযোগে পত্রাদি প্রেরণের উপায় স্থাপিত হইয়াছে কি হইবে, সেই স্থানে পশ্চাৎ লিখিত ব্যক্তিদের প্রতি স্পষ্টরূপে নিষেধ হইল যে মেহনতানা কি পারিতোষিক না পাইলেও তাহারা কোন এক কি অধিক পত্র সংগ্রহ কি বহন না করে, কি দিবার আশয়ে না দেখায়, কি পঁহুছাইয়া না দেয়, অথবা বহিবার কি পঁহুছাইয়া দিবার অভিপ্রায়ে কোন পত্র গ্রহণ না করে। উক্ত ব্যক্তিরা এই২, অর্থাৎ —

(১) চড়নদার বাহকেরা কি সাধারণ দ্রব্যবাহকেরা ও তাহাদের গাড়ওয়ানেরা কি চাকরেরা কি এজেণ্টেরা। কিন্তু তাহাদের গাড়িতে যে মাল বোঝাই থাকে কেবল সেই মাল বিষয়ক পত্র তাহারা লইতে পারে।

(২) ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন নদীতে কি খালে কিম্বা কোন বন্দরে কি বন্দরহইতে গমনকারি জাহাজের কি বাষ্পীয় জাহাজের কি অন্য জলযানের স্বামিরা কি অধ্যক্ষেরা ও তাহাদের চাকরেরা কি এজেণ্টেরা। কিন্তু জাহাজে বোঝাই থাকা মাল বিষয়ক পত্র মাত্র তাহারা লইতে পারে ইতি।

[ডাকঘরের কার্য্য চালাইবার জন্যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করণের কথা।]

৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে ডাকঘরের কার্য্য চালাইবার জন্যে উক্ত মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সময়ে২ যাহা বিহিত বোধ হইবে, তদনুসারে তিনি আপনি এক কি অধিক কার্য্যকারককে কার্য্যসম্বন্ধীয় বিশেষ নাম কি খ্যাতি দিয়া নিযুক্ত করিতে, কি অন্যকে নিযুক্ত করিবার ক্ষমতা দিতে, এবং তাহাদের প্রতি এই আইনের বিধানের অসঙ্গত না হয় এমত ক্ষমতা অর্পণ করিতে কি বর্ত্তাইতে পারিবেন ইতি।

PART II.

Postage Rates.

[Postage rates on letters.]

VIII. Wheresoever posts or postal communications are or shall be established by the Government of India, postage, if pre-paid by a stamp or stamps as hereinafter provided, shall be charged by weight on letters transmitted by the letter-post by land, according to the following scale:—

On every letter not exceeding a quarter of a tolah in weight,—six pie:

On every letter exceeding a quarter of a tolah and not exceeding half a tolah in weight,—one anna:

On every letter exceeding half a tolah and not exceeding one tolah in weight,—two annas:

And for every half tolah in weight above one tolah, one additional anna; and every fraction of half a tolah above one tolah shall be charged as one additional half tolah.

Every article transmitted by the letter-post shall be deemed a letter within the meaning of this Section, unless it be an article on which a different rate of postage shall be chargeable under this Act.

[Postage rates on newspapers.]

IX. Wheresoever posts or postal communications are or shall be established by the Government of India, postage on newspapers, transmitted by the letter-post by land, shall be charged by weight according to the following scale:—

On every newspaper not exceeding ten tolahs in weight,—one anna:

On every newspaper exceeding ten tolahs and not exceeding twenty tolahs in weight,—two annas:

And for every ten tolahs in weight above twenty tolahs, one additional anna; and every fraction of ten tolahs shall be charged as ten additional tolahs.

An extra or supplement to any newspaper, bearing the same date as the newspaper and transmitted therewith under the same cover shall be deemed part of the newspaper.

Nothing contained in this Act shall be construed to oblige any person to send any newspaper through the Post Office, but it shall be lawful for all persons to send the same in any other manner.

[Newspapers how to be sent by letter-post.]

X. A newspaper shall not be sent by the letter-post at the rates prescribed in the last preceeding Section, unless the following conditions be observed, that is to say—

(1.) It shall be without a cover, or in a short cover open at both ends:

দ্বিতীয় খণ্ড।

ডাকমাস্থলের হার।

[পত্রের উপর ডাকমাস্থলের হার।]

৮ ধারা। ভারতবর্ষের গবর্ণমেণ্টকর্ত্তৃক যে কোন স্থানে ডাক কি ডাকযোগে পত্রাদি প্রেরণের উপায় স্থাপিত হইয়াছে কি হইবে, সেই স্থানে যে পত্র স্থলপথের পত্রের ডাকে চালান যায়, তাহার অগ্রিম মাস্থল পশ্চাৎ নির্দ্দিষ্ট বিধানমতে এক কি অনেক ইষ্টাম্পের দ্বারা দিলে ওজন অনুসারে পত্রের উপর নিম্ন লিখিত হারক্রমে মাস্থল লাগিবে, অর্থাৎ—

সিকি তোলা ওজনের অধিক না হইলে প্রত্যেক পত্রের দুই পয়সা।

সিকি তোলার অধিক ও আধ তোলার অনধিক ওজন হইলে প্রত্যেক পত্রের এক আনা।

আধ তোলার অধিক ও এক তোলার অনধিক ওজন হইলে প্রত্যেক পত্রের দুই আনা।

এক তোলার অধিক প্রত্যেক আধ তোলার প্রতি অতিরিক্ত এক২ আনা। এক তোলার অধিক আধ তোলার কোন ভগ্নাংশের উপরও অতিরিক্ত আধ তোলার মাস্থল লওয়া যাইবে।

যে সকল দ্রব্য পত্রের ডাকে পাঠান যায়, তাহা এই ধারার অর্থমতে পত্র বলিয়া জ্ঞান হইবে। কিন্তু যে দ্রব্যের উপর এই আইনমতে অন্য হারে মাস্থল বসাইতে হয়, এমত দ্রব্য হইলে তাহা পত্র বলিয়া জ্ঞান হইবে না ইতি।

[সংবাদপত্র প্রভৃতির উপর ডাকমাস্থলের হার।]

৯ ধারা। ভারতবর্ষের গবর্ণমেণ্টকর্ত্তৃক যে কোন স্থানে ডাক কি ডাকযোগে পত্রাদি প্রেরণের উপায় সংস্থাপিত হইয়াছে কি হইবে, সেই২ স্থানে যে২ সংবাদপত্র স্থলপথীয় পত্রের ডাকে চালান হয়, তাহার মাস্থল হারানুসারে ওজনমতে লওয়া যাইবে, অর্থাৎ—

প্রত্যেক সংবাদপত্রের ওজন দশ তোলার অধিক না হইলে, এক আনা।

দশ তোলার অধিক, কিন্তু বিশ তোলার অনধিক হইলে, দুই আনা।

বিশ তোলার অধিক দশ২ তোলার ওজনের উপর অতিরিক্ত এক২ আনা, এবং দশ তোলার প্রত্যেক ভগ্নাংশের উপর অতিরিক্ত দশ তোলার মাস্থল লাগিবে।

কোন সংবাদপত্রের অতিরিক্ত পত্র কি ক্রোড়পত্র, ঐ সংবাদপত্র যে তারিখের হয় সেই তারিখের হইলে এবং সংবাদপত্রের সঙ্গে একি থামে বদ্ধ হইয়া পাঠান গেলে তাহা সেই সংবাদপত্রের একাংশ জ্ঞান হইবে।

কোন ব্যক্তির সংবাদপত্র যে অবশ্য ডাকযোগে পাঠাইতে হইবে, এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবে না। অন্য প্রকারেও পাঠাইতে পারিবেন ইতি।

[পত্রের ডাকে সংবাদপত্র যেরূপে পাঠাইতে হইবে তাহার কথা।]

১০ ধারা। পশ্চাৎ লিখিত নিয়মমতে কার্য্য না হইলে কোন সংবাদপত্র ইহার অব্যবহিত পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট হারানুসারে পত্রের ডাকে চালান যাইবে না। উক্ত নিয়ম এই২,

(১) সংবাদপত্রাদি থাম বিনা কিম্বা দুই দিগে খোলা ক্ষুদ্র থামে বদ্ধ থাকিবে।

(2.) There shall be no word printed on such newspaper after its publication, or upon the cover thereof, nor any writing or mark upon it, or upon the cover of it, except the name and address of the person to whom it is sent, and the name and address of the sender:

(3.) There shall be no paper or thing enclosed in or with any such newspaper.

[Newspapers when charged with letter postage.]

XI. Any newspaper sent by the letter-post in respect of which the above conditions shall not be observed shall, together with any thing enclosed in or with the same, be charged with postage at the rate which would be charged on an unstamped letter of equal weight.

[Proof-sheets.]

XII. Proof-sheets marked as such may be sent by the letter-post at the rates prescribed for newspapers, provided the contents be correctly certified on the cover by the signature in full of the sender; otherwise the same shall be charged with postage at the rate which would be charged on an unstamped letter of equal weight.

[Postage rates on books, packets of newspapers, &c.]

XIII. Subject to such rules and conditions as the Governor General of India in Council may from time to time direct, books, packets of newspapers and other articles, provided the postage thereon be pre-paid by means of a proper stamp or stamps to be affixed thereon as hereinafter provided, shall be charged with the following rates of postage, without reference to the distance to which they may be carried:—

If not exceeding ten tolahs in weight,—one anna:

If exceeding ten tolahs and not exceeding twenty tolahs in weight,—two annas:

And for every ten tolahs in weight above twenty tolahs, one additional anna; and every fraction of ten tolahs shall be charged as ten additional tolahs.

If the postage chargeable on any such book or other article be not pre-paid as aforesaid, it shall be subject to the rate of postage prescribed for banghy parcels in Section 14 of this Act.

(২) উক্ত প্রকারের সংবাদপত্র প্রকাশ হইবার পরে তাহার উপর কি তাহার খামের উপর অন্য কোন কথা ছাপা হইবে না, এবং অন্য কোন লিপি কি চিহ্ন থাকিবে না, কেবল সেই পত্রাদি যাহার নামে পাঠান যায় তাহার নাম ও সাকিন, ও যে ব্যক্তি পাঠায় তাহার নাম ও সাকিন থাকিবে।

(৩) তদ্রূপ কোন সংবাদপত্রের ভিতরে কি সঙ্গে কোন কাগজ কি দ্রব্য বদ্ধ থাকিবে না ইতি।

[যে স্থলে সংবাদপত্রের উপর পত্রের মাসুল লাগিবে তাহার কথা।]

১১ ধারা। পত্রের ডাকদ্বারা প্রেরিত কোন সংবাদপত্র বিষয়ে যদি পূর্ব্বোক্ত নিয়মমতে কার্য্য না হয়, তবে ভিতরে কি সঙ্গে বদ্ধ দ্রব্যসুদ্ধ তাহার যে ওজন হয়, সেই ওজনের পত্রে ইষ্টাম্প না দিলে যত মাসুল লাগে ঐ সংবাদপত্রাদিতে তত মাসুল বসান যাইবে ইতি।

[প্রুফশীটের কথা।]

১২ ধারা। প্রকাশ করণের পূর্ব্বে অশুদ্ধ সংশোধনোপলক্ষে যে কাগজ মুদ্রিত হয় তাহাতে "প্রুফশীট" এই কথা লেখা থাকিলে সংবাদপত্রের নির্দ্দিষ্ট হারানুসারে তাহা পত্রের ডাকে পাঠান যাইতে পারিবে। পরন্তু সেই খামে যাহা বদ্ধ আছে তাহা প্রেরণকারি ব্যক্তি খামের উপর যথার্থরূপে লিখিয়া আপনার সম্পূর্ণ নাম দস্তখৎ করিবেন, নতুবা তাহার তুল্য ওজনের পত্রে ইষ্টাম্প না দিলে যত মাসুল লাগে তাহার উপর সেই হারের মাসুল বসান যাইবে ইতি।

[পুস্তক ও সংবাদপত্রের পুলিন্দা প্রভৃতির উপর ডাকমাসুলের কথা।]

১৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ যে বিধি ও নিয়মাবধারণ করেন, তদনুসারে পুস্তক ও সম্বাদপত্রের পুলিন্দা ও অন্য দ্রব্য যত দূর প্রেরিত হইবে সেই দূরত্ব না ধরিয়া পশ্চাৎ লিখিত হারে মাসুল দিয়া চালান হইতে পারিবে, কিন্তু নিম্ন লিখিত নিয়মানু-এক কি অধিক উপযুক্ত টিকিট বসাইয়া তাহার সেই মাসুল অগ্রিম দিতে হইবে। বিশেষতঃ

যদি দশ তোলা ওজনের অধিক না হয়, তবে এক আনা।

যদি দশ তোলার অধিক কিন্তু বিশ তোলার অনধিক হয়, তবে দুই আনা।

ও বিশ তোলার অধিক দশ২ তোলা প্রতি অধিক এক আনা। ও দশ তোলার কোন ভাগের উপর অধিক দশ তোলার সমান মাসুল লাগিবে।

তদ্রূপ কোন পুস্তকের কি অন্য দ্রব্যের উপর যে মাসুল অবধারিত হইল তাহা যদি পূর্ব্বোক্তমতে অগ্রিম না দেওয়া যায়, তবে এই আইনের ১৪ ধারাতে বাঙ্গির পুলিন্দার নির্দ্দিষ্ট মাসুলের হারে মাসুল লওয়া যাইবে ইতি।

[Inland banghy postage.]

XIV. Inland postage shall be charged by weight and distance, on parcels sent by the banghy post, according to the following scale :—

[দেশীয় বাঙ্গি ডাক মাশুলের কথা।]

১৪ ধারা। বাঙ্গির ডাকযোগে যে পুলিন্দা পাঠান যায় তাহার উপর পশ্চাৎ লিখিত হারানুসারে ওজন ও দূরত্বক্রমে স্থলপথের মাশুল বসান যাইবে, অর্থাৎ —

For distances.		If not exceeding in weight															
		20 Tolahs.		50 Tolahs.		100 Tolahs.		200 Tolahs.		300 Tolahs		400 Tolahs.		500 Tolahs		600 Tolahs.	
	Miles.	Rs.	A.	Rs.	A.	Rs.	A.	Rs.	A	Rs.	A.	Rs.	A.	Rs.	A.	Rs.	A.
Not exceeding	... 300	0	4	0	8	0	12	1	8	2	4	3	0	3	12	4	8
Not exceeding	... 600	0	8	1	0	1	8	3	0	4	8	6	0	7	8	9	0
Not exceeding	... 900	1	12	1	8	2	4	4	8	6	12	9	0	11	4	13	8
Not exceeding	... 1,200	1	0	2	0	3	0	6	0	9	0	12	0	15	0	18	0
Exceeding	... 1,200	1	4	2	8	3	12	7	8	11	4	15	0	18	12	22	8

দূরত্ব	যে ওজনের অধিক নয়।							
	২০ তোলা	৫০ তোলা	১০০ তোলা	২০০ তোলা	৩০০ তোলা	৪০০ তোলা	৫০০ তোলা	৬০০ তোলা
	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা
৩০০ মাইলের অনধিক ...	।০	॥০	৸০	১॥০	২।০	৩৲	৩৸০	৪॥০
৬০০ মাইলের অনধিক ...	॥০	১৲	১॥০	৩৲	৪॥০	৬৲	৭॥০	৯৲
৯০০ মাইলের অনধিক ...	৸০	১॥০	২।০	৪॥০	৬৸০	৯৲	১১।০	১৩॥০
১২০০ মাইলের অনধিক ...	১৲	২৲	৩৲	৬৲	৯৲	১২৲	১৫৲	১৮৲
১২০০ মাইলের অধিক ..	১ ০	২॥০	৩৸০	৭॥০	১১।০	১৫৲	১৮৸০	২২॥০

Provided that not more than one letter shall be enclosed in a banghy parcel, under a penalty not exceeding fifty rupees.

[Table of distances for calculation of banghy postage.]

XV. Banghy postage, when chargeable by distance under Section 14 of this Act, shall be calculated and charged according to such Table of distances as shall be authorised from time to time for that purpose by the Governor General of India in Council. And it shall be lawful for the Governor General of India in Council to declare that the distances from or to Post Offices not entered in such Table shall, for the purposes of this Act, be regarded as represented by the distances shown in the Table from or to the Post-Offices nearest to them respectively. Each Post Master General shall prepare from the aforesaid Table, in the English and Vernacular languages, for the use of every Post Office under his control, a list of all the other Post Offices in India,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৭ আপ্রিল।]

পরন্তু একই বাঙ্গির পুলিন্দায় এক খানির অধিক পত্র দিতে হইবে না, দিলে ৫০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[বাঙ্গির ডাকমাশুল নিরূপণার্থে দূরত্বের টেবিলের কথা।]

১৫ ধারা। এই আইনের ১৪ ধারামতে যখন স্থানের দূরত্বানুসারে বাঙ্গি ডাকের মাশুল লওয়া যায়, তখন মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তদর্থে স্থানের দূরত্বের যে টেবিল সময়ে২ নির্দ্ধার্য্য করেন তদনুসারে মাশুল নির্দ্ধারিত হইয়া লওয়া যাইবে। আরও মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এমত আদেশও করিতে পারিবেন যে, বিশেষ কোন ডাকঘর কত দূর তাহা যদি উক্ত টেবিলে লেখা না থাকে, তবে তাহার অতি নিকটবর্ত্তী অন্য যে ডাকঘরের দূরত্ব পূর্ব্বোক্ত টেবিলে নির্দিষ্ট হইয়াছে, তাহার দূরত্ব এই আইনের অভিপ্রায় সাধনার্থ ঐ ডাকঘরের দূরত্ব বলিয়া গণ্য হইবে। প্রত্যেক পোষ্টমাষ্টর জেনরল সাহেব আপনার অধীন প্রত্যেক ডাকঘরের ব্যবহারের নিমিত্তে পূর্ব্বোক্ত টেবিলহইতে ভারতবর্ষের সকল ডাকঘরের এক২ ফর্দ্দ ইংরাজী ও দেশীয় ভাষায় প্রস্তুত

arranged alphabetically, and showing the distance of each of them from the Post Office for the use of which it is made, and such list shall be affixed in some conspicuous place in such Post Office.

[Where there is no banghy post, parcels, books, &c., may be carried by letter-post.]

XVI. Where there is no banghy post established on any line of road, parcels, books, and other articles shall be received and transmitted by the letter-post, and shall be charged with postage according to the scale in Section 13 or 14 of this Act, as the case may be, if it be certified in writing, on such parcel, book-packet or other article under the full signature and address of the sender, that it does not contain any letter or other written communication on which a higher rate of postage is chargeable under any Section of this Act.

[Certificate.]

If any such certificate be false, any such letter or other written communication contained in such certified parcel, book-packet or other article shall be charged with letter postage as if sent separately, and the sender shall be subject to the penalty hereinafter provided.

[Book-packets and parcels not exceeding ten tolahs in weight to go by letter-post unless directed to be sent by banghy or book-packet post.]

XVII. All book-packets and parcels not exceeding ten tolahs in weight, sent through the Post Office, shall be conveyed by letter-post, and be charged with letter postage, unless specially directed to be sent by banghy or book-packet post.

[Ship postage on parcels.]

XVIII. On all parcels chargeable under Section 14 of this Act with banghy postage according to distance when conveyed by land, ship postage shall be charged when they are conveyed by means of Her Majesty's Indian post by sea, according to the following scale, that is to say—

On every parcel not exceeding twenty tolahs in weight,—two annas:

On every parcel exceeding twenty tolahs but not exceeding forty tolahs in weight,—four annas:

On every parcel exceeding forty tolahs but not exceeding one hundred tolahs in weight,—eight annnas:

And for every hundred tolahs in weight above one hundred tolahs,—eight additional annas. Every fraction of one hundred tolahs above one hundred tolahs shall be charged as one hundred additional tolahs; and if such parcel be conveyed

করিবেন। ঐ ফর্দ্দেতে অন্য সকল ডাকঘরের স্থানের নাম অকারাদি অক্ষরক্রমে লেখা থাকিবে, এবং যে ডাকঘরের জন্যে তাহা প্রস্তুত করা যায় তাহাহইতে অন্য প্রত্যেক ডাকঘরের দূরত্ব নির্দ্দিষ্ট থাকিবে, ও ঐ ফর্দ্দ ঐ ডাকঘরের কোন প্রকাশ্য স্থানে লটকাইয়া রাখিতে হইবে ইতি।

[বাঙ্গির ডাক না থাকিলে পত্রের ডাকদ্বারা পুলিন্দা পুস্তকাদি লইবার কথা, ও সংশিতপত্রের কথা।]

১৬ ধারা। যে স্থলে কোন পথে কোন বাঙ্গির ডাক স্থাপিত নাই, সেই স্থলে পুলিন্দা ও পুস্তক ও অন্য দ্রব্য গ্রাহ্য হইয়া পত্রের ডাকে পাঠান যাইবে। ঐ পুলিন্দার কি পুস্তকের পুলিন্দার কি অন্য দ্রব্যের উপর যদি এই মর্ম্মের সংশিত লিপি থাকে যে এই আইনের কোন ধারামতে যাহার উপর অধিক ডাকমাসুল লাগে এমত কোন পত্র কি অন্য লিপি তাহাতে নাই, এবং যদি ঐ প্রতিজ্ঞার লিপিতে প্রেরকের সম্পূর্ণ নাম ও সাকিন আদি লেখা যায়, তবে সেই পুলিন্দার উপর এই আইনের ১৩ কিম্বা বিষয় বিশেষে ১৪ ধারার হারানুসারে মাসুল লওয়া যাইবে। যদি তদ্রূপ কোন সংশিতপত্র অসত্য হয়, তবে সেই সংশিত পুলিন্দায় কি পুস্তকের পুলিন্দায় কি অন্য দ্রব্যে উক্ত প্রকারের যে পত্র কি অন্য লিপি থাকে, তাহা পৃথক্‌রূপে প্রেরিত হওনের ন্যায় তাহার উপর মাসুল বসান যাইবে, ও এই আইনের পশ্চাৎ লিখিত বিধানমতে প্রেরকের দণ্ড হইবে ইতি।

[পুস্তক পুলিন্দার কি অন্য পুলিন্দার দশ তোলার অধিক ওজন না হইলে যদি বাঙ্গিদ্বারা কি পুস্তক পুলিন্দার ডাকদ্বারা পাঠাইবার আদেশ না হয় তবে পত্র ডাকদ্বারা পাঠাইবার কথা।]

১৭ ধারা। পুস্তক পুলিন্দার কি অন্য পুলিন্দার দশ তোলার অধিক ওজন না হইলে যদি ডাকদ্বারা পাঠান যায়, তবে বাঙ্গিডাক কি পুস্তক পুলিন্দার ডাকদ্বারা প্রেরণীয় হইবার স্পষ্ট কথা শিরোনামায় লেখা না থাকিলে তাহা পত্রের ডাকে প্রেরিত হইবে ও তাহার উপর পত্রের মাসুল লওয়া যাইবে ইতি।

[পুলিন্দার উপর জাহাজের মাসুলের কথা।]

১৮ ধারা। স্থলপথে চালান হইলে যে সকল পুলিন্দার উপর এই আইনের ১৪ ধারামতে দূরত্বানুসারে বাঙ্গি ডাকের মাসুল লাগে, সেই সকল পুলিন্দা সমুদ্রপথে শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় ডাকদ্বারা চালান হইলে তাহার উপর পশ্চাৎ লিখিত হারে জাহাজীয় মাসুল বসান যাইবে, অর্থাৎ—

বিংশতি তোলার অনধিক ওজনের প্রত্যেক পুলিন্দার উপর, দুই আনা।

বিংশতি তোলার অধিক, কিন্তু চল্লিশ তোলার অনধিক ওজনের প্রত্যেক পুলিন্দার উপর, চারি আনা।

চল্লিশ তোলার অধিক, কিন্তু একশত তোলার অনধিক ওজনের প্রত্যেক পুলিন্দার উপর, আট আনা।

এবং একশত তোলার অধিক ওজনের শত তোলা-প্রতি অধিক আট২ আনা মাসুল লাগিবে। একশত তোলার ঊর্দ্ধ এক২ শত তোলার কোন অংশের উপর অতিরিক্ত একশত তোলার তুল্য মাসুল বসান যাইবে। এবং যদি ঐ প্রকার পুলিন্দা শ্রীশ্রীমতী মহা-

by Her Majesty's Indian Post, partly by land and partly by sea, ship postage shall be charged in addition to inland banghy postage.

[Governor General in Council may direct prepayment of postage in all cases.]

XIX. It shall be lawful for the Governor General of India in Council at any time to direct that all or any letters or other articles shall not be forwarded by post, unless the postage thereof shall be fully pre-paid by means of a proper stamp or stamps; or that on all or any letters or other articles on which the postage shall not be fully pre-paid by a stamp or stamps, or otherwise, as the said Governor General in Council shall direct, there shall be charged such higher rates of postage as from time to time may be deemed expedient, not exceeding double the rates of postage hereinbefore specified.

[Governor General in Council may alter the rates of postage.]

XX. It shall be lawful for the Governor General of India in Council from time to time to authorize the levy of postage at rates different from those prescribed in this Act, provided that no increase be made in any particular of the rates prescribed in Sections 8 and 9 of this Act.

[Governor General in Council may fix rates of steam postage.]

XXI. It shall be lawful for the Governor General of India in Council from time to time to direct that postage duties, different from the rates authorized by this Act, shall be chargeable on letters or other articles to be specified in such order, sent through the post from or to any part of Great Britain, or any British Colony or any Foreign country to or from any places in British India. The postage charged on any letter or other article specified in any order of Council made under this Section, whether under the name of steam postage or any other denomination, shall, after the rates of such postage have been published in the Official Gazette of any Presidency, be recovered in the same manner as postage under this Act.

[Governor General in Council may fix rates of postage for articles sent wholly or partly by sea.]

XXII. It shall be lawful for the Governor General of India in Council to fix, from time to time, rates of pstoage to be levied on all letters or other

রাণীর ভারতবর্ষীয় ডাকদ্বারা অংশতঃ স্থলপথে ও অংশতঃ সমুদ্রপথে চালান হয়, তবে স্থলপথীয় বাঙ্গির ডাকমাসুল এবং জাহাজীয় ডাকমাসুল উভয়ই বসান যাইবে ইতি।

[মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সর্ব্বস্থলে অগ্রিম মাসুল দিবার আজ্ঞা করিতে পারেন ইহার কথা।]

১৯ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কোন সময়ে এমত আজ্ঞা করিতে পারিবেন যে যাবতীয় কি কোন২ পত্র কিম্বা অন্য দ্রব্যাদির সম্পূর্ণ মাসুল উপযুক্ত এক কি অনেক ইষ্টাম্পদ্বারা অগ্রিম দেওয়া না গেলে ঐ পত্রাদি ডাকযোগে চালান না যায়, অথবা যাবতীয় কি কোন২ পত্রের কি অন্য দ্রব্যাদির উপর এক কি অনেক ইষ্টাম্পের দ্বারা কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অন্য যে কোন প্রকারে আজ্ঞা করেন সেই প্রকারে সম্পূর্ণ মাসুল অগ্রিম না দেওয়া গেলে উচ্চতর যে হারের মাসুল সময়ে২ বিহিত বোধ হয় তাহা লওয়া যায়। কিন্তু মাসুলের যে হার এই আইনের পূর্ব্বাংশে নির্দ্দিষ্ট হইয়াছে তাহার দ্বিগুণের অধিক লইতে হইবে না ইতি।

[মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকর্ত্তৃক মাসুলের হার পরিবর্ত্তন হইতে পারিবার কথা।]

২০ ধারা। এই আইনে মাসুলের যে হার নির্দ্দিষ্ট হইয়াছে তৎপরিবর্ত্তে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ অন্য হারে মাসুল লইবার আজ্ঞা করিতে পারিবেন। পরন্তু এই আইনের ৮ ও ৯ ধারাতে যে হার নির্দ্দিষ্ট হইয়াছে, কোন বিষয়ে সেই হারের কোন বৃদ্ধি করিতে হইবে না ইতি।

[শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক বাষ্পীয় জাহাজের ডাকমাসুল অবধারণ হইবার কথা।]

২১ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে গ্রেট ব্রিটনের কি ব্রিটনীয় কোন উপনিবেশের কি পরকীয় কোন দেশের কোন অংশহইতে কি কোন অংশে ব্রিটনীয় ভারতবর্ষের কোন স্থানে কি কোন স্থানহইতে ডাকযোগে যে পত্রাদি প্রেরিত হয়, তিনি সময়ে২ এমত আজ্ঞা করিতে পারিবেন যে সেই পত্রের উপর কি উক্ত আজ্ঞাদ্বারা নিরূপণীয় অন্যান্য দ্রব্যের উপর এই আইনের নির্দ্দিষ্ট হারভিন্ন অন্য হারে ডাকের মাসুল বসান যায়। এই ধারামতে মন্ত্রিসভার নির্দ্দিষ্ট কোন আজ্ঞাতে পত্রের কি অন্য দ্রব্যের উপর যে ডাক মাসুল ধার্য্য হয় তাহা বাষ্পীয় জাহাজের ডাকমাসুল নামে কি অন্য কোন নামে বিখ্যাত হউক, সেই মাসুলের হার কোন প্রেসিডেন্সীর রাজকীয় গেজেটে প্রকাশিত হইলে পর এই আইনমতের ডাকমাসুলের ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

[যেং দ্রব্য সম্পূর্ণরূপে কি অংশতঃ সমুদ্রপথে পাঠান যায়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকর্ত্তৃক তাহার উপর ডাকের মাসুল অবধারণ হইবার কথা।]

২২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে, সমুদ্রপথে কিম্বা অংশতঃ সমুদ্রপথে ও অংশতঃ স্থলপথে

article transmitted by post, by sea, or partly by sea and partly by land, from one part or place in India to another. It shall not be necessary that such rates be uniform; but they may vary according to the conveyance or route by which such letters or other articles shall be sent.

[Governor General in Council may fix express postage rates.]

XXIII. It shall be lawful for the Governor General of India in Council from time to time to fix and order any rate of postage to be charged for the conveyance of letters or other articles by express, in addition to or instead of any other rates of postage chargeable on such leters and articles under this Act.

[Re-directed letters.]

XXIV. On every letter or other article which shall be re-directed at any Post Office, or forwarded by post from any place to which it shall have been conveyed by post, there shall be charged for the postage thereof from the place at which the same shall be re-directed, or from which it shall be forwarded, in addition to all other postage paid or due thereon, the rate of postage to which it would be liable if posted and pre-paid by stamp at the place where it shall be re-directed or from which it shall be forwarded.

PART III.

Registered Letters.

[Letters may be registered.]

XXV. Any person posting a letter or other article shall be entitled to require that it shall be registered at the receiving Post Office, and that a receipt shall be granted for such registered letter or article; and it shall be lawful for the Governor General of India in Council to direct that, in addition to any rates of postage payable under this Act, a fee not exceeding four annas shall be charged on any letter or other article which the sender thereof shall require to be so registered, and such registration fee shall be paid by means of a stamp or stamps affixed to the letter or other article.

[Governor General in Council may declare in what cases registration shall be compulsory.]

XXVI. It shall be lawful for the Governor General of India in Council from time to time by order to declare in what cases registration shall be compulsory, and to direct that a double registration fee shall be leveid on the delivery of any

যে সকল পত্র কি অন্য দ্রব্য ডাকযোগে ভারতবর্ষের এক বন্দর কি স্থান হইতে অন্য বন্দরে কি স্থানে প্রেরণ করা যায়, সেই সকল পত্রের কি দ্রব্যের উপর গ্রহণীয় ডাক মাসুলের হার সময়ে২ অবধারণ করেন। উক্ত সকল হার যে একিরূপ হয় ইহা আবশ্যক নয়, বরং উক্ত পত্র কি দ্রব্য যে যানে কি পথে প্রেরিত হয়, তদনুসারে ডাকমাসুলের ভিন্ন২ হার হইতে পারিবে ইতি।

[মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ত্বরিত ডাক মাসুলের হার নিরূপণের কথা।]

২৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে ত্বরিত ডাকদ্বারা পত্র কি অন্য দ্রব্য পাঠাইতে হইলে সেই পত্রের কি দ্রব্যের উপর এই আইন অনুসারে অন্য যে হারের মাসুল লাগে তদতিরেকে কি তৎপরিবর্ত্তে বিশেষ হারের মাসুল বসান যায়, সময়ে২ এমত আজ্ঞা করিয়া সেই হার নিরূপণ করেন ইতি।

[যে পত্রের উপর অন্য ঠিকানা লেখা যায় তাহার কথা।]

২৪ ধারা। কোন ডাকঘরে কোন পত্রের কি অন্য দ্রব্যের উপর যদি নূতন ঠিকানা লিখিত হয়, কিম্বা উক্ত পত্র কি দ্রব্য ডাকযোগে যে স্থানে চালান হইয়াছিল তথাহইতে যদি ডাকযোগে স্থানান্তরে পাঠাইতে হয়, তবে ঐ পত্রাদির উপর যে সকল ডাকমাসুল দেওয়া গিয়াছে কি পাওনা হয় তদতিরিক্ত যে স্থানে ঐ নূতন ঠিকানা লেখা গেল কিম্বা যথাহইতে পুনঃ প্রেরিত হয়, সেই স্থানের ডাকঘরে দিয়া ইষ্টাম্পের দ্বারা অগ্রিম মাসুল দেওয়া গেলে যে হারের মাসুল লাগিত, তাহার উপর সেই হারের ডাকমাসুল লওয়া যাইবে ইতি।

তৃতীয় খণ্ড।

রেজিষ্টরী পত্র।

[পত্র রেজিষ্টরী করিতে পারিবার কথা।]

২৫ ধারা। কোন ব্যক্তি কোন পত্র কি অন্য দ্রব্য ডাকঘরে দিলে আদেশ করিতে পারেন যে ঐ পত্রাদি গ্রহণের ডাকঘরে তাহা রেজিষ্টরী করা যায়, এবং ঐ রেজিষ্টরী পত্রের কি দ্রব্যের রসীদ দেওয়া যায়। এবং মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আজ্ঞা করিতে পারিবেন যে, কোন পত্র কি অন্য দ্রব্য প্রেরক ব্যক্তি রেজিষ্টরী করণের আদেশ করিলে এই আইন অনুসারে তাহার যে মাসুল লাগে তদতিরিক্ত তাহার স্থানে চারি আনার অধিক ফী লওয়া যায়। এবং ঐ পত্র কি অন্য দ্রব্যের উপর এক কি অধিক ইষ্টাম্পদ্বারা ঐ রেজিষ্টরী করণের ফী দিতে হইবে ইতি।

[যে২ স্থলে পত্র অবশ্য রেজিষ্টর করিতে হইবে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক তাহা নির্ণয়ের কথা।]

২৬ ধারা। যে২ স্থলে পত্রাদি রেজিষ্টরী করা নিতান্ত আবশ্যক তাহা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ আজ্ঞা দ্বারা প্রকাশ করিতে পারিবেন, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের তদ্রূপ আজ্ঞামতে যে কোন পত্র কি

letter or other article which ought, under the order of the Governor General in Council, to have been registered at the time of posting, on which the registration fee shall not have been pre-paid as directed in Section. 25.

PART IV.

Re-delivered, Unpaid, Unclaimed and Refused Letters.

[Re-delivery of letters and other articles once put into Post Office.]

XXVII. No person having delivered into any Post Office any letter or other article shall be entitled to re-call the same; but nothing in this Section shall prevent the re-delivery of any letter or other article to the sender thereof, subject to such rules and regulations, if any, as the Governor General of India in Council may from time to time prescribe in that behalf.

[Postage on unpaid letters, &c., to be paid by the receiver.]

XXVIII. The person to whom any letter or other article, the postage of which has not been paid, shall be delivered, shall not be bound to pay the postage if he forthwith return the same unopened; but if he open the same, he shall be bound to pay the postage due thereon. If he forthwith return the same unopened, the sender of the letter or other article shall be bound to pay the postage thereof. If any person shall refuse to pay any postage which he is legally bound to pay for any letter or other article, the same may be recovered for the use of the Secretary of State for India by any Post-Master General, or by any Officer in charge of a Post Office by order of a Post-Master General, in the same manner as a fine may be recovered under this Act; and it shall be lawful for the Officer in charge of any Post Office to withhold from the person so refusing, until such postage be paid, any other letter or other article address to that person, not being on Her Majesty's Service. Provided always, that if a letter or other article shall appear to the satisfaction of the Post-Master of the Office of delivery to have been maliciously sent for the purpose of annoying the person to whom it is addressed, the Post-Master of the delivery Office may remit the postage.

[Unclaimed letters how to be dealt with.]

XXIX. *Clause* 1.—A list of all letters and other articles posted and addressed to persons who cannot be found shall be prepared daily in

অন্য দ্রব্য ডাকঘরে দিবার সময়ে রেজিষ্টরী করা উচিত ছিল ২৫ ধারার আজ্ঞামতে তাহার রেজিষ্টরী ফী অগ্রে দত্ত না হইলে সেই পত্র কি অন্য দ্রব্য বিলি করণ সময়ে তাহার উপর রেজিষ্টরী জন্যে দ্বিগুণ ফী আদায় করিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

চতুর্থ খণ্ড।

যে২ পত্র পুনশ্চ ডাকে দেওয়া যায়, কি যাহার মাসুলে অদত্ত কি যাহার প্রতি দাওয়া হয় না কি যাহা অগ্রাহ্য হইয়াছে তদ্বিষয়ের বিধি।

[যে২ পত্র ও অন্য দ্রব্য একবার ডাকঘরে দেওয়া গিয়াছে তাহা পুনশ্চ দিবার কথা।]

২৭ ধারা। কোন ব্যক্তি কোন পত্র কি অন্য দ্রব্য ডাকঘরে দিলে পর তাহা ফিরিয়া লইতে পারিবে না। পরন্তু তদ্রূপ কোন পত্র কি অন্য দ্রব্য যে ব্যক্তি পাঠাইয়াছিল, তাহাকে তাহা ফিরিয়া দিবার বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ যে বিধি কি নিয়ম করেন, তদনুসারে তাহা ফিরিয়া দিবার বিষয়ে এই ধারার কোন কথা বাধাজনক হইবে না ইতি।

[পত্রাদির অগ্রিম মাসুল দেওয়া না গেলে তাহা গ্রাহকের দিতে হইবার কথা।]

২৮ ধারা। যে কোন পত্রের কি অন্য দ্রব্যের মাসুল দেওয়া হয় নাই, তাহা যে ব্যক্তির নিকটে পঁহুছান যায় সে যদি তাহা না খুলিয়া তৎক্ষণাৎ ফিরিয়া দেয়, তবে সেই মাসুল তাহার দিতে হইবে না। কিন্তু যদি তাহা খোলে, তবে তাহার যে মাসুল দেনা হয় তাহা তাহার দিতেই হইবে। যদি না খুলিয়া তৎক্ষণাৎ ফিরিয়া দেয়, তবে যে ব্যক্তি তাহা পাঠাইয়াছিল সেই ব্যক্তিরই তাহার মাসুল দিতে হইবে। কোন পত্রের কি অন্য দ্রব্যের উপর যে মাসুল আইনমতে কোন ব্যক্তির অবশ্য দিতে হয় তাহা যদি সে দিতে অস্বীকার করে, তবে এই আইনানুসারে যে প্রকারে অর্থদণ্ড আদায় হইতে পারে সেই প্রকারে কোন পোষ্টমাষ্টর জেনরল সাহেব কিম্বা পোষ্টমাষ্টর জেনরল সাহেবের আজ্ঞামতে ডাকঘরের কার্য্যের ভারপ্রাপ্ত কোন কার্য্যকারক ভারতবর্ষের-পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ব্যবহারের নিমিত্তে ঐ মাসুল আদায় করিতে পারিবেন। এবং ডাকঘরের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারকের এই ক্ষমতা থাকিবে যে ঐ মাসুল যাবৎ না দেওয়া যায় তাবৎ যে ব্যক্তি তাহা দিতে স্বীকার না করে, তাহার নামে অন্য যে কোন পত্র কি অন্য দ্রব্য আইসে তাহা তাহাকে না দেন, কিন্তু "রাজকার্য্য সম্পর্কীয়" এই কথা যে পত্রাদির উপর লেখা থাকে তাহা আটক করিবেন না। পরন্তু কোন পত্র কি অন্য দ্রব্য যে ডাকঘরে পঁহুছে যদি ঐ ডাকঘরের পোষ্টমাষ্টরের হৃদ্বোধমতে দৃষ্ট হয় যে ঐ পত্রাদি যাহার নামে পাঠান গিয়াছে তাহাকে বিরক্ত করিবার জন্যে দ্বেষভাবে পাঠান গেল, তবে সেই বিলি করিবার ডাকঘরের পোষ্টমাষ্টর ঐ ডাকমাসুল ক্ষমা করিতে পারিবেন ইতি।

[দাওয়া না হওয়া পত্রাদি লইয়া যাহা কর্ত্তব্য তাহার কথা।]

২৯ ধারা। ১ প্রকরণ।—যে সকল পত্র ও অন্য দ্রব্য ডাকে দেওয়া যায় অথচ শিরোনামার লিখিত ব্যক্তিদের সন্ধান না পাওয়া যায় তাহার এক ফর্দ্দ

every Post Office, and exposed for not less than two weeks in the most conspicuous part of such Office; and all such letters and other articles which shall have remained three weeks unclaimed in any Office shall, if the sender's name and address are written on the cover, be returned to the Posting Office to be delivered to the sender free of all charge. All letters and other articles of which the sender's name and address cannot be ascertained unless they be opened, shall, after remaining unclaimed for three weeks as aforesaid, be forwarded to the Office of the Post-Master General of the Presidency.

[Unclaimed letters when sent to Post-Master General's Office to be opened, and returned in Dead Letter covers to senders.]

Clause 2.—The Post-Master General or some person duly appointed for the purpose and bound to secrecy, shall immediately open all such letters or other articles, and if the addresses of the senders can be discovered, shall enclose them in Dead Letter covers, and return them to the senders. All letter and other articles of which neither the person addressed nor the sender can be found, shall, after they have remained unclaimed in the Office of the Post-Master General for one year, be destroyed.

[Money, &c., found therein how disposed of.]

Clause 3.—All money found in any unclaimed letter or other article shall be paid into the Public Treasury; and all other valuable property found as above shall be sold by the Post-Master General of the Presidency or by some one duly authorized by him for that purpose; and the proceeds of the sale shall be paid into the Public Treasury for the benefit of any person who may have a right thereto, after deducting all sums due from such person for postage.

[Refused letters to be returned to Posting Office.]

XXX. Every letter or other article rejected unopened by the person to whom it is addressed, shall, if any postage is due thereon and if the sender's name and address are written on the cover, be returned to be Posting Officer, in order that the postage due may be recovered from the sender; in all other cases, or when the sender's name and address are not on the cover, such letter or other article shall be forthwith sent to the Office of the Post-Master General of the Presinency, who shall open the letter or other article and take measures to recover the postage from

প্রত্যেক ডাকঘরে প্রতি দিন প্রস্তুত করা যাইবে, এবং ঐ ডাকঘরের অতিপ্রকাশিত স্থানে অন্যূন দুই সপ্তাহ প্রকাশ থাকিবে। এবং তদ্রূপ যে সকল পত্র ও অন্য দ্রব্য তিন সপ্তাহ পর্য্যন্ত দাওয়া না হইয়া কোন ডাকঘরে থাকে, ও তাহার খামের উপর যদি প্রেরকের নাম ও ঠিকানা লেখা থাকে, তবে তাহাকে বিনা খরচে দেওয়া যাইবার নিমিত্তে ঐ পত্র যে ডাকঘরে দেওয়া গিয়াছিল সেই ডাকঘরে ফিরিয়া পাঠান যাইবে। যে সকল পত্র ও অন্য দ্রব্য না খুলিলে প্রেরকের নাম ও ঠিকানা নিশ্চয় করা যাইতে না পারে তাহা পূর্ব্বোক্তমতে দাওয়া না হইয়া তিন সপ্তাহ পর্য্যন্ত থাকিলে পর প্রেসিডেন্সীর পোষ্টমাষ্টর জেনরল সাহেবের কার্য্যালয়ে পাঠান যাইবে ইতি।

[যে পত্রের উপর দাওয়া হয় না তাহা পোষ্টমাষ্টর জেনেরলের আফিসে পঁহুছিলে খুলিবার কথা ও অস্বামিক পত্রের ন্যায় খামে বদ্ধ হইয়া প্রেরকের নিকটে পাঠাইবার কথা।]

২ প্রকরণ। উক্ত পোষ্টমাষ্টর জেনরল সাহেব অথবা এই কর্ম্মের নিমিত্তে উচিতমতে নিযুক্ত ও পত্রের কথা গোপনে রাখিতে বদ্ধ কোন ব্যক্তি সেই প্রকারের সকল পত্র কি অন্য দ্রব্য অগৌণে খুলিবেন, তাহাতে যদি প্রেরকের ঠিকানা জানা যাইতে পারে, তবে ডেড লেটরের (অর্থাৎ অস্বামিক পত্রের) খামে দিয়া প্রেরকের নিকটে ফিরিয়া দিবেন। পত্র কি অন্য দ্রব্য যাহার নামে পাঠান যায় ও যে ব্যক্তি পাঠায় যদি এই দুয়ের মধ্যে কাহারও সন্ধান না পাওয়া যায়, তবে এক বৎসর পর্য্যন্ত পোষ্টমাষ্টর জেনরল সাহেবের কার্য্যালয়ে দাওয়া না হইয়া থাকিলে পর নষ্ট করা যাইবে।

[তাহাতে টাকাপ্রভৃতি পাওয়া গেলে তদ্বিষয়ের ইতিকর্ত্তব্যতার কথা।]

৩ প্রকরণ। দাওয়া না হওয়া কোন পত্রের কি অন্য দ্রব্যাদির মধ্যে যে সকল টাকা পাওয়া যায় তাহা রাজকীয় ধনাগারে অর্পণ করা যাইবে, এবং অন্য যে সকল মূল্যবান দ্রব্য উক্ত প্রকারে পাওয়া যায় তাহা প্রেসিডেন্সীর পোষ্টমাষ্টর জেনরল সাহেবের দ্বারা কিম্বা সেই অভিপ্রায়ে তাঁহাহইতে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির দ্বারা বিক্রয় করা যাইবে, এবং তাহাতে যে কোন ব্যক্তির স্বত্ব থাকিতে পারে তাহার স্থানে যত মাসুল পাওনা হয় তাহা বাদ দিয়া ঐ বিক্রয়োৎপন্ন টাকা তাহার উপকারার্থে রাজকীয় ধনাগারে অর্পণ করা যাইবে ইতি।

[যে পত্রাদি না লওয়া যায় তাহা প্রথম ডাকঘরে পাঠাইবার কথা।]

৩০ ধারা। কোন পত্রের কি অন্য দ্রব্যের শিরোনামায় যে ব্যক্তির নাম লেখা আছে সে যদি তাহা না খুলিয়া অগ্রাহ্য করে ও যদি তাহার উপর ডাকমাসুল পাওনা হয় ও তৎপ্রেরকের নাম ও ঠিকানা যদি ঐ পত্রাদির শিরোনামায় লেখা থাকে, তবে তৎপ্রেরকের স্থানে ডাকমাসুল আদায় করণার্থে ঐ পত্রাদি যে ডাকঘরে দেওয়া গিয়াছিল সেই ডাকঘরের কর্ত্তার নিকটে ফিরিয়া পাঠাইতে হইবে। অন্য সকল স্থলে, কিম্বা যদি ঐ পত্রের কি অন্য দ্রব্যের শিরোনামায় তৎপ্রেরকের নাম ও ঠিকানা লেখা না থাকে, তবে তাহা প্রেসিডেন্সীর পোষ্টমাষ্টর জেনরল সাহেবের কার্য্যালয়ে অগৌণে পাঠান যাইবে। তিনি তাহা খুলিয়া

[*Government Gazette*, 17*th April* 1866.]

the sender, or shall at his discretion destroy the letter or other article; and all money or other valuable property which such letter or other article may contain, shall be disposed of in the manner prescribed in the preceding Section with respect to such money or property contained in unclaimed letters.

PART V.

Mails on board Inward and Outward bound Vessels.

[Commanders of inward-bound vessels carrying Mails how to proceed on arrival. Penalty.]

XXXI. When any vessel arrives by sea at any place within British India at which there is a Post Office, the Commander of such vessel shall, as speedily as possible, cause every letter, mail bag, box and packet on board of such vessel, which is directed to that place and not excepted from the exclusive privilege of the Post Office, to be delivered either at the Post Office or to some Officer of the Post Office authorized to receive the same; and if there be on board any letter, mail bag, box or packet, directed to any other place and not excepted from the exclusive privilege aforesaid, the said Commander shall as speedily as possible report the same to the Post-Master of the place at which he has arrived, and shall act according to the directions he may receive from such Post-Master, and the receipt of such Post-Master shall discharge such Commander from all responsibility in respect of such letter or packet. Every Commander of a vessel who shall wilfully disobey any of the directions contained in this Section, shall be punished with a fine not exceeding one thousand rupees.

[Detention of letters on board inward-bound vessel.]

XXXII. Every person being either the Commander of a vessel inward-bound or any one on board such vessel who shall, within British India, knowingly have in his possession any letter not excepted from the privilege of the Post Office, after any part of the letters on board the said vessel shall have been sent to the Post Office, shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees, whether the letter be in the baggage or on the person of the offender, or otherwise in his custody; and every such person who shall detain any such letter after demand made for the same by an Officer of the Post Office, shall forfeit for every such letter a sum not exceeding one hundred rupees.

প্রেরকের স্থানে মাসুল আদায় করিবার বিধান করিবেন, কিম্বা আপনার বিবেচনামতে ঐ পত্র কি অন্য দ্রব্য নষ্ট করিবেন। এবং দাওয়া না হওয়া পত্রের কি অন্য দ্রব্যের মধ্যে যে সকল টাকা কি মূল্যবান দ্রব্য থাকে তাহা লইয়া ইহার পূর্ব্ব ধারামতে যেরূপ করিবার আজ্ঞা হইয়াছে, উক্ত পত্রের কি অন্য দ্রব্যাদির মধ্যে প্রাপ্ত সকল টাকা কি মূল্যবান অন্য দ্রব্য লইয়া সেইরূপ কার্য্য করা যাইবে ইতি।

পঞ্চম খণ্ড।

এতদ্দেশাগামি ও ভিন্ন দেশগামি জাহাজস্থ মেইলের বিধি।

[এতদ্দেশাগামি মেইলের জাহাজ পঁহুছিলে অধ্যক্ষদের যে প্রকারে কার্য্য করিতে হইবে তাহার কথা। ও দণ্ডের কথা।]

৩১ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে যে স্থানে ডাকঘর আছে এমত কোন স্থানে যখন কোন জাহাজ সমুদ্রপথে পঁহুছে, তখন কেবল ডাকদ্বারা পত্র প্রেরণের বিধানমতে বর্জ্জিত নহে ঐ জাহাজে স্থিত এমত যে প্রত্যেক পত্রের ও পত্রাদির থলির ও বাকুসের ও পুলিন্দার শিরোনামায় ঐ স্থানের ঠিকানা লেখা আছে তাহা ঐ জাহাজের অধ্যক্ষ যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র, হয় ঐ স্থানের ডাকঘরে দেওয়াইবেন, নয় ঐ ডাকঘরের যে কোন কার্য্যকারক তাহা লইবার ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহাকে দেওয়াইবেন। এবং পূর্ব্বোক্ত বিশেষ বিধানমতে বর্জ্জিত নহে এমত যে কোন পত্র কি পত্রের থলি কি বাকুস কি পুলিন্দার শিরোনামায় অন্য কোন স্থানের ঠিকানা লেখা আছে তাহা যদি সেই জাহাজে থাকে, তবে উক্ত জাহাজের অধ্যক্ষ যে স্থানে পঁহুছিয়াছেন সেই স্থানের পোষ্টমাষ্টরের নিকটে যত শীঘ্র পারেন তত শীঘ্র রিপোর্ট করিবেন, এবং ঐ পোষ্টমাষ্টরের স্থানে যে আজ্ঞা পান তদনুসারে কার্য্য করিবেন, এবং ঐ পোষ্টমাষ্টরের রসীদ পাইলে ঐ জাহাজের অধ্যক্ষ ঐ পত্রের কি পুলিন্দার সকল দায়হইতে মুক্ত হইবেন। যদি কোন জাহাজের অধ্যক্ষ এই ধারার লিখিত কোন আজ্ঞা ইচ্ছাপূর্ব্বক অমান্য করেন, তবে তাঁহার এক সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[এতদ্দেশাগামি জাহাজে পত্র আটক করিয়া রাখণের কথা।]

৩২ ধারা। বন্দরে যে জাহাজ আইসে সেই জাহাজস্থ পত্র সকলের কোন ভাগ ডাকঘরে পাঠান গেলে পর, কেবল ডাকদ্বারা পত্র প্রেরণের বিধানমতে বর্জ্জিত নহে এমত কোন পত্র, ঐ জাহাজের অধ্যক্ষ হউন কিম্বা জাহাজস্থ অন্য কেহ হউন, যে প্রত্যেক ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক উক্ত ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে আপন অধিকারে রাখেন, সেই পত্র অপরাধির দ্রব্যাদির মধ্যে হউক কি তাহার গাত্রে কিম্বা অন্য কোন প্রকারে তাহার রক্ষণে থাকুক, তদ্রূপ প্রত্যেক পত্রের নিমিত্তে অপরাধির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে। এবং ডাকঘরের কার্য্যকারক তদ্রূপ কোন পত্রের দাওয়া করিলে পর, তদ্রূপ যে প্রত্যেক ব্যক্তি তাহা আটক করিয়া রাখে তাহার সেই প্রত্যেক পত্রের নিমিত্তে এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৭ আপ্রিল।]

[Bounty-money]

XXXIII. For every letter delivered by the Commander of any ship in conformity with the directions of Section 31 of this Act, the Officer in charge of the Post Office shall pay to the said Commander the sum of one anna; and the sum of one anna shall be chargeable as postage on such letter, in addition to any other postage chargeable thereon under this Act. Provided that no payment shall be made to the Commander of any vessel on account of the delivery of any letter, unless the claim of such Commander shall be preferred before the vessel leaves the place at which the letter was delivered, or before the expiration of two months from the date of the arrival of such vessel. Provided also, that nothing contained in Section 31 and the former part of this Section of this Act, shall extend to any letter or mail bag, or box or packet conveyed by any mail ship or mail steamer recognized as such by the Governor General of India in Council.

[Commanders of outward-bound vessels to receive Mails on board.]

XXXIV. The Commander of every vessel leaving any place in British India by sea, shall receive on board of such vessel every letter and packet which he shall be required so to receive by any Officer of the Post Office, and shall give a receipt for such letter or packet; and every Commander of a vessel who shall wilfully disobey any direction contained in this Section, shall be punished with a fine not exceeding one thousand rupees.

PART VI.

Postage Stamps.

[Stamped letters to be considered as pre-paid.]

XXXV. All letters and other articles having a stamp or stamps affixed thereto (such stamp or stamps in every case being affixed on the outside, and being equal in value to the rate or rates of postage to which such letters or other articles are liable under this Act), shall, provided the stamp or stamps shall not have been used before, be considered as pre paid.

[Postage stamps to be provided by Government.]

XXXVI. The Governor General of India in Council shall cause postage stamps to be provided, denoting such values as the said Governor General of India in Council may direct, and shall give such orders, and make such other regulations relative thereto, as may be deemed expedient.

[পুরস্কারের কথা।]

৩৩ ধারা। কোন জাহাজের অধ্যক্ষ এই আইনের ৩১ ধারার আজ্ঞামতে যেং পত্র পঁহুছাইয়া দেন তাহার প্রত্যেক পত্রের নিমিত্তে ডাকঘরের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক ঐ অধ্যক্ষকে এক আনা দিবেন। এবং ঐ পত্রের উপর এই আইন অনুসারে অন্য যে কোন মাসুল বসান যাইতে পারে তদতিরিক্ত এক আনা মাসুলস্বরূপ লওয়া যাইবে। পরন্তু কোন পত্র যে স্থানে পঁহুছাইয়া দেওয়া যায় সেই স্থানহইতে জাহাজ যাত্রা না করিতে কিম্বা ঐ জাহাজ পঁহুছিবার তারিখের পর দুই মাস অতীত না হইতে যদি ঐ জাহাজের অধ্যক্ষ দাওয়া না করেন, তবে ঐ পত্র পঁহুছাইয়া দিবার নিমিত্তে তাঁহাকে কোন পুরস্কার দেওয়া যাইবে না। আরো মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক মেইলের জাহাজ কি মেইলের বাষ্পীয় জাহাজস্বরূপে স্বীকৃত কোন পোতে যে কোন পত্র কি পত্রের থলি কি বাক্স কি পুলিন্দা চালান যায় তাহার প্রতি এই আইনের ৩১ ধারার কোন কথা ও এই ধারার পূর্ব্বভাগের কোন কথা বর্ত্তিবে না ইতি।

[বিদেশগামি জাহাজের অধ্যক্ষের মেইল লইতে হইবার কথা।]

৩৪ ধারা। যে কোন জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থান ছাড়িয়া সমুদ্রপথে যাত্রা করিতে উদ্যত হয়, সেই জাহাজের অধ্যক্ষকে ডাকঘরের কোন কার্য্যকারক যেং পত্র ও পুলিন্দা লইয়া যাইতে আজ্ঞা করেন তাহা তিনি জাহাজে লইবেন ও সেই পত্রের ও পুলিন্দার রসীদ দিবেন। এবং যে প্রত্যেক জাহাজের অধ্যক্ষ এই ধারার লিখিত কোন আজ্ঞা ইচ্ছাপূর্ব্বক অমান্য করেন তাঁহার এক সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

ষষ্ঠ খণ্ড।

ডাকমাসুলের ইষ্টাম্পের বিধি।

[পত্রে ইষ্টাম্প থাকিলে তাহার মাসুল দেওয়া জ্ঞান করিবার কথা।]

৩৫ ধারা। যে সকল পত্রেতে কি অন্য দ্রব্যেতে এক কি অনেক ইষ্টাম্প বসান যায়, যদি সেই ইষ্টাম্প পূর্ব্বে ব্যবহার না হইয়া থাকে, তবে সেই পত্র প্রভৃতির অগ্রিম মাসুল দেওয়া হইয়াছে এমত জ্ঞান হইবে। কিন্তু ঐ ইষ্টাম্প সর্ব্বদা পত্রাদির উপর বসান যাইবে, এবং এই আইন অনুসারে ঐ পত্রের কি অন্য দ্রব্যের, যে হারে মাসুল লাগিতে পারে ঐ ইষ্টাম্প তত্তুল্য মূল্যের হয় ইতি।

[ইষ্টাম্প গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রস্তুত হইবার কথা।]

৩৬ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ডাকমাসুলের যেং মূল্যের ইষ্টাম্প আজ্ঞা করেন সেইং মূল্য বোধক ইষ্টাম্প মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব প্রস্তুত করাইবেন। এবং তদ্বিষয়ে যে কোন আজ্ঞা এবং অন্য যে কোন বিধি বিহিত বোধ হয় তাহা করিবেন ইতি।

[Postage stamps to be under management of Officer appointed by Government.]

XXXVII. Postage stamps, provided as aforesaid, shall be under the care and management of such Officer or Officers as the Governor General of India in Council shall from time to time direct; postage stamps shall be considered as stamps issued by Government for the purpose of Revenue, within the meaning of the Indian Penal Code; and all sums of money realized by the sale of such stamps shall be carried in the public accounts to the credit of the Post Office.

[Rules for guidance of vendors of postage stamps.]

XXXVIII. The Governor General of India in Council may from time to time make rules for the appointment and government of vendors of postage stamps and thereby direct how and under what terms and conditions postage stamps may be supplied to them for sale; and whether any and what security shall be given by such vendors; and whether any and what remuneration or discount shall be allowed to them; and how and in what manner, and at what time or times, such vendors shall keep and render their accounts, and pay over the proceeds of any sales made by them, or re-deliver the stamps entrusted to them.

[Penalty for breach of such rules]

XXXIX. Government vendors of postage stamps shall be bound by such rules, and in case of any wilful breach thereof, shall be punished with a fine not exceeding two hundred rupees in addition to any other proceedings to which they may be liable.

[Penalty for refusing to supply stamps.]

XL. Any Government vendor of postage stamps who shall be convicted of refusing, or unnecessarily delaying without reasonable excuse, to furnish postage stamps to any person desiring to purchase the same, and tendering in lawful currency the full value thereof (the stamp vendor having in his possession for sale sufficient stamps of the description and value required), shall be punished with a fine not exceeding one hundred rupees.

[Penalty for selling stamps for higher price than the value denoted thereby.]

XLI. Any Government vendor of postage stamps convicted of taking from a purchaser a higher price than the value denoted on the stamps sold, shall be punished on convicted with imprisonment of either discription, as defined in the Indian Penal Code, for any term not exceeding six

[ডাকমাসুলের ইষ্টাম্পের কার্য্য গবর্ণমেণ্টহইতে নিযুক্ত কার্য্যকারকের কর্তৃত্বাধীন থাকিবার কথা।]

৩৭ ধারা। ডাকমাসুলের ইষ্টাম্প পুর্ব্বোক্ত প্রকারে প্রস্তুত হইলে পর মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ যে কার্য্যকারক কি কার্য্যকারকদিগকে আজ্ঞা করেন তাঁহার কি তাঁহাদের তত্ত্ব ও কর্ত্তৃত্বাধীনে থাকিবে। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের অভিপ্রায়মতে গবর্ণমেণ্টকর্ত্তৃক যে ইষ্টাম্প রাজস্বস্বরূপ নির্দ্ধারিত হয় তন্মধ্যে ডাকমাসুলের ইষ্টাম্প গণ্য হইবে। এবং ডাকমাসুলের ইষ্টাম্প বিক্রয় করণদ্বারা যে সকল টাকা উৎপন্ন হয় তাহা রাজকীয় খাতাবহীতে ডাকঘরের হিসাবে জমা হইবে ইতি।

[ডাকমাসুলের ইষ্টাম্প বিক্রেতাদের বিধির কথা।]

৩৮ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ ডাকমাসুলের ইষ্টাম্প বিক্রেতাদিগকে নিযুক্ত করণ ও তাহাদের উপর কর্তৃত্ব করণের বিধি করিতে পারিবেন, এবং ডাকমাসুলের ইষ্টাম্প যেপ্রকারে ও যে নিয়ম ও প্রতিজ্ঞামতে তাহাদিগকে বিক্রয়ার্থে দেওয়া যাইবে এবং ঐ বিক্রেতাদের কোন প্রতিভূ দিতে হইবে কি না, হইলে কত দিতে হইবে এবং তাহাদিগকে পারিশ্রমিক কি ডিস্কোণ্ট দেওয়া যাইবে কি না, দেওয়া গেলে কত দেওয়া যাইবে এবং ঐ বিক্রেতারা যেরূপে ও যে প্রকারে আপনাদের হিসাব রাখিবে, এবং যে সময়ে কি যেং সময়ে তাহা দিবে, এবং যে কোন ইষ্টাম্প বিক্রয় করিয়াছে তাহার উৎপন্ন টাকা অর্পণ করিবে কিম্বা যে ইষ্টাম্প তাহাদের নিকটে গচ্ছিত ছিল তাহা ফিরিয়া দিবে এই সকল বিষয়ের আজ্ঞা তিনি ঐ বিধিতে নির্দ্দিষ্ট করিবেন ইতি।

[ঐ বিধিমতে কার্য্য না করিবার দণ্ডের কথা।]

৩৯ ধারা। গবর্ণমেণ্টের নিযুক্ত ডাকমাসুলের ইষ্টাম্প বিক্রেতাদের উক্ত বিধিমতে অবশ্য কার্য্য করিতে হইবে। যদি ইচ্ছাপূর্ব্বক তাহা কোন প্রকারে লঙ্ঘন করে, তবে তাহাদের নামে ব্যবহারঘটিত অন্য যে কোন কার্য্য হইতে পারে তদতিরিক্ত তাহাদের দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[ইষ্টাম্প দিতে অস্বীকার করিলে দণ্ডের কথা।]

৪০ ধারা। কোন ব্যক্তি ডাকমাসুলের ইষ্টাম্প ক্রয় করিতে চাহিলে এবং তাহার সম্পূর্ণ মূল্য চলন মুদ্রাতে দিতে প্রস্তাব করিলে, এবং যে প্রকারের ও যে মূল্যের ইষ্টাম্প চাহে তাহা গবর্ণমেণ্টের নিযুক্ত ইষ্টাম্প বিক্রেতার নিকটে প্রচুর থাকিলেও যদি সেই ইষ্টাম্প বিক্রেতা উপযুক্ত হেতু বিনা তাহা দিতে অস্বীকার করে, কিম্বা যুক্তিযুক্ত কারণ বিনা অনাবশ্যক বিলম্ব করে, তবে তাহার দোষ সপ্রমাণ হইলে তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[ইষ্টাম্পেতে যে মূল্য ব্যক্ত আছে তাহার অধিক মূল্যে বিক্রয় করিলে বিক্রেতার দণ্ডের কথা।]

৪১ ধারা। গবর্ণমেণ্টের নিযুক্ত কোন ডাকমাসুলের ইষ্টাম্প বিক্রেতা বিক্রীত ইষ্টাম্পের উপর যে মূল্য ব্যক্ত আছে ক্রেতার স্থানে তাহার অধিক গ্রহণ করিলে যদি তাহার দোষ প্রমাণ হয়, তবে তাহার ছয় মাসের অনধিক কাল পর্য্যন্ত ভারতবর্ষের দণ্ডবিধির আইনের নির্দ্দিষ্ট অন্যতর প্রকারে কারাদণ্ড কিম্বা একশত টাকার

months, or shall be liable to a fine not exceeding one hundred rupees; and shall also be liable to refund to the purchaser the whole amount proved to have been taken in excess, which amount may be recovered by such purchaser before a Criminal Court, in the same manner as any penalty under this Act.

PART VII.

Offences against the Post Office.

[Penalty for sending dangerous substance by post.]

XLII. No person shall knowingly post, or send, or tender, or delilever, in order to be sent by the post, any letter, parcel or packet containing any explosive or other dangerous material or substance; and any person contravening this prohibition shall be punished for every such offence with a fine not exceeding two hundred rupees.

[Penalty for making false certificate in order to defraud the Post Office.]

XLIII. Every person who shall, for the purpose of defrauding the Post Office Revenue, wilfully certify by writing on any official or other letter or packet delivered at any Post Office for conveyance by post, that which is not true in respect of such letter or packet or in respect of the whole of its contents, or shall knowingly send or deliver or attempt to send or deliver, for conveyance by post, any letter or packet with any such false certificate thereon; and every person who shall knowingly send or permit to be sent by post, under colour or pretence of an official communication, any letter, paper, writing or other enclosure of a private nature, shall, for every such offence, be punished with a fine not exceeding five hundred rupees.

[Penalty for detaining Mails or opening mail bags.]

XLIV. It shall not be lawful for any person, unless acting by express order of the Government, to detain, except for a criminal offence, a Post Office messenger whilst carrying the Mails, or to detain any carriage or horse upon which the Mails are being carried, or on any pretence to open a packet or mail bag or box in transit from one Post Office to another, and every person who shall be guilty of any of the above-mentioned offences, shall be punished with a fine not exceeding five hundred rupees.

[Penalty for retaining letters, &c., delivered by mistake.]

XLV. Every person who shall fraudulently retain, or wilfully secrete, or make away with or

অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। এবং অধিক যত টাকা লইয়াছে প্রমাণ হয় তৎসমুদয় ক্রেতাকে ফিরিয়া দিতে হইবে, এই আইনঅনুসারে কোন দণ্ডের টাকা যে প্রকারে আদায় হইতে পারে সেই প্রকারে ঐ ক্রেতা ফৌজদারী আদালতের সম্মুখে নালিশ করিয়া সেই টাকা আদায় করিতে পারিবে ইতি।

সপ্তম খণ্ড।

ডাকঘরের বিপক্ষ অপরাধ বিষয়ক বিধি।

[কোন সঙ্কটজনক দ্রব্য ডাকে পাঠাইলে দণ্ডের কথা।]

৪২ ধারা। যে দ্রব্য শব্দ করিয়া জ্বলিয়া উঠে এমত কোন দ্রব্য কিম্বা অন্য কোন সঙ্কটজনক দ্রব্য কি বিষয় যে পত্র কি পুলিন্দার মধ্যে থাকে এমত কোন পত্র কি পুলিন্দা কোন ব্যক্তি জ্ঞানপূর্ব্বক ডাকে না দেয়, কি না পাঠায় কি দিতে উদ্যত না হয় কি ডাকযোগে পাঠাইবার জন্যে অর্পণ না করে। যে কোন ব্যক্তি এই নিষেধের বিপরীত কর্ম্ম করে তাহার তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[ডাকঘরের প্রাপ্য হরণার্থে অসত্য সংশিতপত্র দেওনের দণ্ডের কথা।]

৪৩ ধারা। যদি কোন ব্যক্তি ডাকঘর সম্পর্কীয় রাজস্ব চাতুরীপূর্ব্বক হরণ করণাভিপ্রায়ে, কোন রাজকীয় কি অন্য যে পত্র কি পুলিন্দা ডাক দ্বারা পাঠান যাইবার জন্যে কোন ডাকঘরে অর্পণ করা যায় তাহার বিষয়ে কিম্বা তাহার মধ্যবর্ত্তি সমুদয় বিষয়ে যাহা সত্য নয় এমত কোন নিদর্শন তাহার উপর লেখে, অথবা যে কোন পত্রের কি পুলিন্দার উপর তদ্রূপ কোন অসত্য নিদর্শন থাকে তাহা ডাকের দ্বারা চালাইবার জন্যে জ্ঞানপূর্ব্বক পাঠায় কি অর্পণ করে কি পাঠাইতে কি অর্পণ করিতে উদ্যোগ করে, এবং যদি কোন ব্যক্তি স্বকীয় কর্ম্মের কোন পত্র কি কাগজ কি লিপি কি খামেবন্ধ অন্য দ্রব্য রাজকীয় পত্রের ছল কি ওজর করিয়া জ্ঞানপূর্ব্বক ডাকযোগে পাঠায় কি পাঠাইতে অনুমতি দেয়, তবে সেই ব্যক্তির, তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[ডাকের পুলিন্দা আটক করিয়া রাখণের কি ডাকথলি খুলিবার দণ্ডের কথা।]

৪৪ ধারা। ডাকঘরের হরকরা যে সময়ে ডাকের পুলিন্দা লইয়া যাইতেছে সেই সময়ে তাহাকে ফৌজদারী অপরাধভিন্ন কোন হেতুতে আটক করিয়া রাখিতে কিম্বা যে গাড়ির কি ঘোড়ার উপর ডাকের পুলিন্দা চালান হইতেছে তাহা আটক করিয়া রাখিতে, কিম্বা এক ডাকঘরহইতে অন্য ডাকঘরে চলন সময়ে কোন ছলে কোন পুলিন্দা কি পত্রের থলি কি বাক্স খুলিতে, কোন ব্যক্তির ক্ষমতা থাকিবে না, কিন্তু গবর্ণমেণ্টের স্পষ্ট আজ্ঞা হইলে তাহা করিতে পারিবে। এবং যে কোন ব্যক্তি পূর্ব্বোক্ত কোন অপরাধে দোষী হয় তাহার পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[ভুলক্রমে দেওয়া পত্রাদি আটক করিয়া রাখণের দণ্ডের কথা।]

৪৫ ধারা। ডাকের পত্র কি অন্য দ্রব্য যে ব্যক্তির নিকটে পঁহুছিয়া দেওয়া কর্ত্তব্য সেই ব্যক্তি ভিন্ন যদি

[*Government Gazette,* 17*th April* 1866.]

keep or detain, or, being required to deliver up by an Officer of the Post Office, shall neglect or refuse to deliver up a post letter or other article which ought to have been delivered to any other person, or a mail bag, box or packet containing a letter or other article which shall have been sent by the post, shall be punished, on conviction before a Criminal Court, with imprisonment of either description as defined in the Indian Penal Code, for a term not exceeding two years, and shall also be liable to fine.

[Penalties for breach of privilege conferred by Section 5.]

XLVI. *Clause* 1.—Every person who shall convey otherwise than by the post, a letter not excepted from the said exclusive privilege conferred on the Government of India by Section 5 of this Act, shall, for every letter so conveyed, forfeit a sum not exceeding fifty rupees.

Clause 2.—Every person who shall perform, otherwise than by the post, any services incidental to conveying letters from place to place, whether by receiving, taking up, ordering, collecting, carrying, tendering or delivering a letter or letters not excepted from the said exclusive privilege, shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees.

Clause 3.—Every person who shall make a collection of letters for the purpose of transmitting them through the post in a clubbed packet, and every person who shall knowingly tender or deliver a letter to be sent in a clubbed packet, shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees.

Clause 4.—Every person who shall send a letter not excepted from the said exclusive privilege, otherwise than by the post or shall either tender or deliver a letter not so excepted, in order to be sent otherwise than by the post, shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees.

Clause 5.—Every person who shall make a collection of excepted letters for the purpose of sending them otherwise than by the post, shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees.

Clause 6.—Every person who shall carry, receive, tender or deliver a letter, or collect letters contrary to the provisions of Sections 6 of this Act, shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees.

Clause 7.—Every person who shall be in the practice of committing any of the acts mentioned in this Section, shall, for every week during which the practice shall be continued, forfeit a further sum not exceeding five hundred rupees.

কেহ ঐ পত্রাদি, কিম্বা ডাকের পত্রের যে থলিতে কি বাক্সে কি পুলিন্দার মধ্যে ডাকের দ্বারা চালান পত্র কি অন্য দ্রব্য থাকে তাহা, চাতুরীক্রমে আপনার নিকটে রাখে কি জানিয়া শুনিয়া লুকায় কি হরণ করে কি কাছে রাখে কি আটক করে, কিম্বা ডাকঘরের কোন কার্য্যকারক তাহা দিতে আজ্ঞা করিলে দিতে ত্রুটি কি অস্বীকার করে, তবে সেই ব্যক্তির দোষ ফৌজদারী কোন আদালতের সম্মুখে প্রমাণ হইলে তাহার দুই বৎসরের অনধিক কাল ভারতবর্ষের দণ্ডবিধির আইনের নির্দ্দিষ্ট অন্যতর প্রকারে কারাদণ্ড হইবে তাহার অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

[৫ ধারার দত্ত অনুগ্রহ অমান্য করিবার দণ্ডের কথা।]

৪৬ ধারা। ১ প্রকরণ। এই আইনের ৫ ধারাক্রমে ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রতি যে বিশেষ ক্ষমতা প্রদত্ত হইয়াছে তাহাতে যে পত্র বর্জ্জিত নয়, এমত কোন পত্র যদি কেহ ডাকযোগে না পাঠাইয়া অন্য কোন উপায়ে পাঠায়, তবে তাহার সেই প্রকারে প্রেরিত প্রত্যেক পত্রের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

২ প্রকরণ। যদি কোন ব্যক্তি ডাক ভিন্ন অন্য কোন্ উপায়ে এক স্থান হইতে অন্য স্থানে পত্র চালাইবার সম্পর্কীয় কোন কার্য্য করে, অর্থাৎ কেবল ডাকদ্বারা পত্র প্রেরণের পূর্ব্বোক্ত বিধানে যেং পত্র বর্জ্জিত নহে এমত এক কি অনেক পত্র গ্রহণ করে কি লয় কি সাজাইয়া রাখে কি সংগ্রহ করে কি বহে কি দিবার আশয়ে দেখায় কি বিলি করে, তবে তদ্রূপ প্রত্যেক পত্রের জন্যে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

৩ প্রকরণ। যদি কোন ব্যক্তি ডাকযোগে পাঠাইবার নিমিত্তে "ক্লবেড পাকেট" করণার্থে পত্র সংগ্রহ করে কিম্বা ইচ্ছাপূর্ব্বক সেই পুলিন্দাতে পাঠাইবার জন্যে পত্র দিতে উদ্যত হয় কি দেয়, তবে তদ্রূপ প্রত্যেক পত্রের নিমিত্তে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

৪ প্রকরণ। কেবল ডাকদ্বারা পত্র প্রেরণের পূর্ব্বোক্ত বিধানে যেং পত্র বর্জ্জিত নয়, যদি কেহ তদ্রূপ কোন পত্র ডাকের দ্বারা না পাঠাইয়া অন্য উপায়ে পাঠায় এবং ঐ প্রকারে বর্জ্জিত না হওয়া পত্র যদি কেহ ডাক ভিন্ন অন্য উপায়ে প্রেরিত হইবার নিমিত্তে দেয় কি দিতে উদ্যত হয়, তবে তদ্রূপ প্রত্যেক পত্রের নিমিত্তে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

৫ প্রকরণ। যদি কোন ব্যক্তি বর্জ্জিত পত্র ডাকভিন্ন-অন্য কোন উপায়ে পাঠাইবার জন্যে সংগ্রহ করে, তবে সেই ব্যক্তির ঐ প্রকার প্রত্যেক পত্রের জন্যে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

৬ প্রকরণ। যদি কোন ব্যক্তি এই আইনের ৬ ধারার বিধানের বিরুদ্ধে কোন পত্র বহে কি গ্রহণ করে কি দিতে উদ্যত হয় কি পঁহুছাইয়া দেয় কিম্বা সংগ্রহ করে, তবে তদ্রূপ প্রত্যেক পত্রের নিমিত্তে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

৭ প্রকরণ। যদি কোন ব্যক্তি এই ধারার লিখিত কোন ক্রিয়া নিত্য করিয়া থাকে, তবে তাহার ঐ ব্যবহার যত কাল চলে তত কালের প্রতি সপ্তাহ তাহার ঐ অর্থদণ্ডের অতিরিক্ত পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৭ আপ্রিল।]

[Penalty for neglect on the part of persons employed to carry Mails.]

সোপাধিক অধিকার থাকিবে। এবং সেই সমস্ত শুল্ক ও দেয় ও প্রাপ্য টাকা যত কাল না দেওয়া যায় ততকাল তাঁহারা সেই মাল অবরোধ করিতে পারিবেন। যে মাল উত্তরণ করিতে হয় তাহা উত্তরণ হইলেই তৎসম্পর্কীয় শুল্ক ও দেয় ও প্রাপ্য টাকা দাতব্য হয়। ট্রষ্টিদের ভূম্যাদিহইতে যে মাল স্থানান্তর করিতে কিম্বা ভিন্ন দেশে পাঠাইবার জন্যে জাহাজে তুলিতে হইবে, সেই মাল স্থানান্তর হইবার কি জাহাজে তোলা যাইবার পূর্ব্বে তৎসম্পর্কীয় শুল্ক ও প্রাপ্য ও দেয় টাকা দাতব্য হয়। যৎকালে যে আইন প্রচলিত থাকে তৎকালে সেই আইনঅনুসারে শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রাপ্য টাকার নিমিত্তভিন্ন তদ্রূপ মাসুল ও প্রাপ্য ও দেয় টাকার জন্য যে সোপাধিক অধিকার তাহা অন্য সকল সোপাধিক অধিকারের ও দাওয়ার অগ্রগণ্য ইতি।

[যে মালের উপর মাসুলপ্রভৃতি অদত্ত থাকে তাহার উপর সোপাধিক অধিকারের কথা ও ট্রষ্টিদের সেই মাল বিক্রয় করিবার ক্ষমতার কথা।]

৪২ ধারা। ট্রষ্টিদের নিকটে আশু ক্ষয়ণীয় সামগ্রীর উপর যে শুল্ক কি দেয় কি প্রাপ্য টাকা দাতব্য হয় তাহা প্রাপ্য হইবার সময়াবধি ইংলণ্ডীয় পঞ্জিকামত দুই মাস অতীত হইলেই কি তৎপূর্ব্বে দেওয়া না গেলে, কিম্বা যে দ্রব্য আশু ক্ষয়ণীয় নয় তাহার উপর সেই শুল্কাদি প্রাপ্য হইবার সময়াবধি ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামত চারি মাস অতীত হইলেই কি তৎপূর্ব্বে না দেওয়া গেলে, ও উভয় গতিকে কলিকাতা গেজেটে দশ দিন সম্বাদ প্রকাশ করিলে পর, ঐ ট্রষ্টিরা প্রকাশবিক্রয়ে সেই সামগ্রী বিক্রয় করাইতে পারিবেন। তাহা বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায়, তাহাহইতে সেই মালের উপর শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা ভারতবর্ষের নিমিত্তে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের যে প্রাপ্য হয় তাহা প্রথমে শোধ হইবে, ও দ্বিতীয়তঃ ট্রষ্টিদের প্রাপ্য শোধ হইবে। পরে অবশিষ্ট টাকা ঐ সামগ্রীর স্বামির কি কানসাইনীর (অর্থাৎ সামগ্রী যাহার নিকটে প্রেরিত হইয়াছিল তাঁহার) কিম্বা তাঁহাদের এজেন্টের প্রার্থনামতে তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

[গবর্ণমেন্ট ট্রষ্টিদিগকে উত্তরিবার যে স্থান কি ঘাট প্রদান করেন, তাঁহারদের তাহার ব্যবহার করিতে অনুমতি দিবার কথা।]

৪৩ ধারা। গবর্ণমেন্ট কিম্বা ভারতবর্ষের নিমিত্তে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ট্রষ্টিদিগকে যে সকল ঘাট কি উত্তরিবার স্থান প্রদান করেন, যদিও সেই ঘাটপ্রভৃতির কোন দানপত্র কি হস্তান্তরকরণপত্র কি পাট্টা থাকে তথাপি উক্ত ট্রষ্টিরা উপযুক্ত তত্ত্বাধীনে সাধারণ লোকেরদের সেই ঘাট কি উত্তরিবার স্থানের ব্যবহার করিবার বিধি করিবেন, কি বিধি করিবার অনুমতি দিবেন। এবং ট্রষ্টিরা তদ্রূপ বিধি করেন নাই কি করিতে অনুমতি দেন নাই যদি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কোন সময়ে এই কথা হৃদ্বোধমতে জানিতে পান, তবে তিনি ট্রষ্টিদের অধিকার ও ক্ষমতাহইতে সেই ঘাট কি উত্তরিবার স্থান চ্যুত হইবার আজ্ঞা করিতে পারিবেন, এবং ঐ ঘাট কি উত্তরিবার স্থান সেই আজ্ঞার বলে অগৌণে ভারতবর্ষের নিমিত্তে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি পুনর্ব্বার বর্ত্তিবে ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১৭ আপ্রিল।]

[After notified date all goods to be landed and shipped at and from the Trustees' wharves.]

XLIV. The provisions of this Section shall come into operation from and after a date to be notified in that behalf in the Calcutta Gazette by order of the Lieutenant-Governor of Bengal. From and after such date it shall not be lawful for any person to land or ship, or cause to be landed or shipped, any goods within the Port of Calcutta, except at or from some wharf, stage, quay, pier, or jetty belonging to the Trustees under this Act and in conformity with the wharf Regulations for the time being in force under this Act. Any person who shall deal, or atempt to deal with any goods contrary to the provisions of this Section, shall be liable to a fine not exceeding two hundred Rupees, and the goods shall be liable to be seized and confiscated by the Trustees.

[Port Act to extend to Lieutenant-Governor's Regulations under this Act.]

XLV. The powers vested in the Local Government with the sanction of the Governor General of India in Council by Section VII of Act XXII of 1855 *(for the regulation of Port and Port-dues)* shall extend to the regulating the time for which and the order and manner in which vessels are to lie alongside any wharves, stages, quays, piers, or jetties belonging to the Trustees for the purpose of unloading or loading cargo, and all Regulations under and provisions of the sad Act with regard to buoys and moorings, shall extend to the buoys and moorings laid down by or belonging to the Turstees.

[Penalty for infringing Regulation of Local Government.]

XLVI. If any person shall disobey any rule or regulation of the Local Government as to the time, manner, or order for or in which vessels are to lie alongside as foresaid, or as to the use of such buoys or moorings as aforesaid, such person shall, for every such offence, be liable to a penalty not exceeding one hundred Rupees, and if the offence be continued beyond a day, to a penalty not exceeding fifty Rupees for every day after the first.

[Compensation for damage to the property of the Trustees.]

XLVII. In case any damage or mischief shall be done to any wharves, quays, jetties, piers, or works constructed under the provisions of this Act by any vessel through the negligence of any person having the guidance of or command thereof, or any of the mariners or persons employed therein, it shall be lawful for any Magistrate of the Town of Calcutta, on the application of the

[পত্রে বিজ্ঞাপিত তারিখঅবধি ট্রষ্টিদের ঘাটে সকল মাল উত্তরাইবার ও জাহাজে তুলিবার কথা।]

৪৪ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে কলিকাতা গেজেটে এই আইন প্রচলিত হইবার যে তারিখের জ্ঞাপনপত্র দেওয়া যায়, সেই তারিখ অবধি এই আইনের বিধান প্রচলিত হইবে। সেই তারিখ অবধি কলিকাতা বন্দরের মধ্যে এই আইন অনুসারে ট্রষ্টিদের কোন ঘাট কি মঞ্চ কি পোস্তা ঘাট কি ইষ্টকময় কি কাষ্ঠময় সেতু ভিন্ন কোন স্থানে, এবং ঘাটসম্পর্কীয় এই আইন অনুযায়ি যে বিধি যে সময়ে চলন হয় তদ্ভিন্ন কোন বিধিমতে কোন ব্যক্তি মাল উত্তরণ করিতে কি জাহাজে তুলিতে কিম্বা উত্তরণ করাইতে কি তুলিয়া দিতে পারিবেন না। যদি কোন ব্যক্তি কোন মাল লইয়া এই ধারার বিধানের বিপক্ষ কার্য্য করে কি করিতে উদ্যোগ করে, তবে তাহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে, ও ঐ মাল ট্রষ্টিদের দ্বারা ধৃত ও তাঁহাদের নিকট দণ্ড হইতে পারিবে ইতি।

[লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের এই আইনঅনুযায়ি বিধানের প্রতি বন্দরীয় আইন বর্ত্তিবার কথা।]

৪৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে স্থানবিশেষের গবর্ণমেণ্টের প্রতি (বন্দরের ও বন্দরীয় মাসুলের বিধান করণার্থ) ১৮৫৫ সালের ২২ আইনের ৭ ধারামতে যেই ক্ষমতা অর্পিত হইয়াছে মাল উত্তরণ করাইবার কি তুলিবার জন্যে জাহাজ যত কাল ও যে শ্রেণী ও নিয়মমতে ট্রষ্টিদের কোন ঘাটের কি মঞ্চের কি পোস্তা ঘাটের কি ইষ্টকময় কি কাষ্ঠময় সেতুর পার্শ্বে থাকিবে তদ্বিষয়ের বিধি প্রণয়নের প্রতিও সেইং ক্ষমতা বর্ত্তিবে। এবং বয়ার ও জাহাজ দৃঢ়মতে বন্ধ করার বিষয়ে উক্ত আইনঅনুসারে যে সকল বিধি ও উক্ত আইনের যে সকল বিধান হইয়াছে তাহা ঐ ট্রষ্টিদের কি তাঁহাদের দত্ত সকল বয়ার ও জাহাজ বন্ধ করিবার বিষয়ের প্রতি বর্ত্তিবে ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্টের বিধান লঙ্ঘন করিবার দণ্ডের কথা।]

৪৬ ধারা। জাহাজের পূর্ব্বোক্ত মত পার্শ্বে থাকার সময়ের কি শ্রেণীর কি নিয়মের বিষয়ে, কিম্বা পূর্ব্বোক্ত বয়ার, কি জাহাজ বাঁধাতে বদ্ধ হইবে এমত অন্য দ্রব্যের ব্যবহারের বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন বিধি কি ব্যবস্থা করেন তাহা কোন ব্যক্তি লঙ্ঘন করিলে, তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে সেই ব্যক্তির এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। ও যদি এক দিনের অধিক সেই অপরাধ করিতে থাকেন, তবে প্রথম দিনের পর তাঁহার প্রতি দিন পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

[ট্রষ্টিদের সম্পত্তির হানিপূরণের কথা।]

৪৭ ধারা। কোন জাহাজ চালাইবার কি তাহার অধ্যক্ষতা করিবার ভার যাঁহার প্রতি থাকে এমত কোন ব্যক্তির কি জাহাজে কোন কর্ম্মে নিযুক্ত নাবিকের কি অন্য ব্যক্তির অনবধানে যদি কোন জাহাজ দ্বারা এই আইনের বিধানানুযায়ি নির্ম্মিত কোন ঘাটের কি পোস্তা ঘাটের কি ইষ্টকময় কি কাষ্ঠময় সেতুর কি অন্য বিষয়ের ক্ষতি কি হানি হয়, তবে ট্রষ্টিদের প্রার্থনামতে কলিকাতা নগরের কোন মাজিষ্ট্রেট সেই ব্যক্তির কি

Trustees, to issue a summons to the Master of or Agent for such vessel requiring him to attend on a day and at an hour named in the summons to answer touching such damage or mischief. If at the time appointed in the summons, and whether the person summoned shall appear or not, it shall be made out to the satisfaction of the Magistrate that the alleged damage was done through such negligence as aforesaid, and that the pecuniary amount of the same does not exceed two hundred Rupees, it shall be lawful for the Magistrate to issue his warrant of distress under which a sufficient portion of the boats, masts, spars, ropes, cables, anchors, or stores of the vessel may be seized and sold to cover the expenses of and attending the execution of the distress and the pecuniary amount of damage as aforesaid, and which amount shall be paid to the Trustees out of the proceeds of the distress. Provided that if at the time of the damage or mischief the vessel was under the orders of a duly authorised Officer belonging to the Pilot Service or the Harbour Master's or Master Attendant's Department, the case shall not be cognizable by the Magistrate under this Section. Provided also that nothing herein contained shall in any way affect the right of the Trustees to claim damages in a civil suit if they shall elect to take civil proceedings instead of applying to a Magistrate.

[Penalty for damage done to the works, &c.]

XLVIII. If any person shall demolish, cut, break, or in any way destroy any of the wharves, quays, jetties, and piers or other works belonging to the Trustees, or any rope or other thing by which any vessel lying in the Port shall be moored or fastened to the same, such person shall, for every such offence, be liable, on conviction before a Magistrate for the Town of Calcutta, to a penalty not exceeding two hundred Rupees, and shall further be civily liable to make good to the Trustees the damage which he has occasioned.

[Penalties how recoverable.]

XLIX. All penalties imposed by this Act may be recovered in the manner prescribed by Section of the Calcutta Police Act, 1866, and the provisions of Section of that Act shall apply to any distress levied by virtue of this Act.

[Trustees empowered to make Bye-Laws.]

L. It shall be lawful for the Trustees to make and from time to time to alter Regulations for the guidance of persons employed by them; for the safe and convenient use of the wharves; quays, jetties, sheds, warehouses, tramways, and other works constructed by them under the authority of this Act; for the receiving and removal of

অপকারের বিষয়ে উত্তর দিবার জন্যে ঐ জাহাজের অধ্যক্ষ কি এজেন্টের নামে আহ্বানপত্র দিয়া, তাঁহাকে ঐ আহ্বানপত্রের লিখিত দিনে ও ঘন্টায় উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। আহূত ব্যক্তি ঐ আহ্বানপত্রের নিরূপিত সময়ে উপস্থিত হউন কি না হউন, কথিত ক্ষতি পূর্ব্বোক্ত অনবধানতাপ্রযুক্ত হইয়াছে ও সেই ক্ষতির মূল্য দুই শত টাকার অনধিক ইহা যদি মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে সপ্রমাণ হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব দ্রব্য ধৃত করিবার আজ্ঞাপত্র দিতে পারিবেন। তৎক্রমে ঐ আজ্ঞা সাধনের ও তৎসাধনসম্পার্কীয় ব্যয় এবং টাকাক্রমে নির্দ্ধারিত ক্ষতির পরিশোধ করণার্থ জাহাজের যত নৌকা ও মাস্তুল ও ফালতু বুম ও রজ্জু ও কাচি ও লঙ্গর ও সামগ্রী প্রয়োজন তাহা সমুদয় ধৃত হইয়া বিক্রয় হইতে পারিবে। এবং ধৃত দ্রব্য হইতে যে টাকা উৎপন্ন হয় তাহা হইতে ট্রষ্টিদিগকে ক্ষতির মূল্য দেওয়া যাইবে। কিন্তু ঐ ক্ষতি কি অপকার হওন কালে জাহাজ যদি আড়কাটীদের কি হারবর মাষ্টরের কি মাষ্টর আটেণ্ডেন্টের কর্ম্মবিভাগসম্পার্কীয় উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের কর্ত্তৃত্বাধীন হইয়া থাকে, তবে সেই বিবাদ এই ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য নয়। আরো ট্রষ্টিরা যদি মাজিষ্ট্রেটের নিকটে প্রার্থনা না করিয়া দেওয়ানী মোকদ্দমা করিতে বাঞ্ছা করেন, তবে এই ধারার কোন কথার দ্বারা দেওয়ানী মোকদ্দমাক্রমে তাঁহারদের ক্ষতি পূরণের দাওয়া করিতে বাধা হইবে না ইতি।

[অম্বুনাদির ক্ষতি করিবার দণ্ডের কথা।]

৪৮ ধারা। ট্রষ্টিদের কোন ঘাট কি পোস্তা ঘাট কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু কি অন্য বিষয় কিম্বা বন্দরস্থ কোন জাহাজ যে রজ্জু কি অন্য দ্রব্য দ্বারা বয়াতে বাঁধা কি প্রকারান্তরে দৃঢ় বদ্ধ থাকে তাহা যদি কোন ব্যক্তি বিনষ্ট করে কি কাটে কি ভাঙ্গে কিম্বা কোন প্রকারে নষ্ট করে, তবে কলিকাতা নগরের কোন মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ হইলে তাহার তদ্রূপ প্রত্যেক অপরাধ হেতুক দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ততোধিক সেই ব্যক্তি ট্রষ্টিদের নিকটে সেই অপরাধ জন্য ক্ষতি পূরণ করিতে দেওয়ানী মোকদ্দমায় দায়ী হইতে পারিবেন ইতি।

[দণ্ডের টাকা আদায় করিবার কথা।]

৪৯ ধারা। এই আইনক্রমে যে সকল দণ্ড অবধার্য্য হয়, তাহা কলিকাতার পোলীসের ১৮৬৬ সালের আইনের অমুক ধারার নির্দ্দিষ্টমতে আদায় হইতে পারিবে। এবং এই আইনক্রমে যে দ্রব্য ধৃত হয় তাহার প্রতি ঐ আইনের অমুক ধারার বিধান বর্ত্তিবে ইতি।

[ট্রষ্টিদের উপবিধি করিতে পারিবার কথা।]

৫০ ধারা। ট্রষ্টিরা যে ব্যক্তিদিগকে কর্ম্ম দেন তাহারদের কার্য্যের পদ্ধতি দেখাইবার জন্যে, এবং এই আইনের শক্তিক্রমে তাঁহারা যে ঘাট ও পোস্তা ঘাট ও সেতু ও মণ্ডপ ও আড়ৎ ও ট্রামপথ ও অন্য বিষয় নির্ম্মাণ করেন, তাহার নির্ব্বিঘ্নে ও সুবিধামতে ব্যবহার হইবার এবং ট্রষ্টিদের ভূম্যাদির মধ্যে আনীত দ্রব্য গ্রহণ ও স্থানান্তর করিবার, এবং জাহাজহইতে

goods brought within the premises of the Trustees for declaring the procedure to be followed by the Trustees in taking charge of goods which shall have been damaged before landing or shall be alleged to be so damaged; and for the mode of payment of the tolls, dues, rates, and charges leviable under this Act. Provided that no such Bye-Law shall be repugnant to or inconsistent with any law in force or any regulation of the Local Government under the provisions of this Act, and that no penalty for any one infringement of a Bye-Law shall exceed fifty rupees, and that in case of a continuing infringement, no penalty shall exceed ten Rupees for every day after the first notice.

[Confirmation of Bye-Laws.]

LI. No Bye-Law or alteration of a Bye-Law shall have effect until the same shall have been approved by the Lieutenant-Governor of Bengal and been published for one week in the Calcutta Gazette, and when so published all Courts of Law shall take judical notice thereof.

[Notice of action.]

LII. No suit shall be maintained against any person for any thing done in pursuance of this Act unless notice in writing shall have been given to the defendant or left at his last or usual place of abode one month before such suit shall be commenced, stating that a suit will be brought and the grounds of suit.

[Government may order a local survey.]

LIII. The Leiutenant-Governor of Bengal may at any time order a local survey and examination of any works of the Trustees, or the intended site thereof, and the cost of such survey and examination shall be borne and be paid by the Trustees out of the monies in their hands by virtue of this Act.

[Government may restore or complete works.]

LIV. If the Trustees shall allow any work constructed by them to fall into disrepair, or shall not complete any work commenced by them or included in any scheme submitted to and approved by Government under this Act, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal to cause such work to be restored, completed, or constructed either by the Officers of Government or any private contractor, and the cost of any such restoration, completion, or construction shall be a charge on the work, and a debt due from the Trustees to the Secretary of State for India in Council.

[Government may take possession and revoke powers of Trustees.]

LV. If at any time it shall appear to the satisfaction of the Lieutenant-Governor of Bengal

নামাইবার পূর্ব্বে যে দ্রব্যে কলঙ্ক হয় কি কলঙ্কযুক্ত বলিয়া যাহা ব্যক্ত হইয়াছে তাহার রক্ষার ভার গ্রহণ কালে ট্রষ্টিরদের যে কার্য্য করা কর্ত্তব্য তাহা প্রকাশ করিবার এবং এই আইনঅনুসারে যে শুল্ক ও দেয় ও গ্রাহ্য ও প্রাপ্য আদেয় হয় তাহা শোধ করিবার নিয়মের বিধি ট্রষ্টিরা সময়ে২ করিতে ও পরিবর্ত্তন করিতে পারিবেন। কিন্তু তদ্রূপ কোন বিধি প্রচলিত কোন আইনের অথবা এই আইনের বিধানানুযায়ি স্থানীয় গবর্ণমেণ্টের কোন বিধানের বিপক্ষ কি অসঙ্গত না হয়, এবং একবার উপবিধি লঙ্ঘনের দণ্ড পঞ্চাশ টাকার অধিক না হয়, ও লঙ্ঘনদোষ হইতে থাকিলে, প্রথম সম্বাদের পর প্রতি দিন দশ টাকার অধিক দণ্ড না হয় ইতি।

[উপবিধি দৃঢ় করণের কথা।]

৫১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক অনুমোদিত ও কলিকাতা গেজেটে এক সপ্তাহ পর্য্যন্ত প্রকাশ না হইলে, কোন উপবিধি কিম্বা পরিবর্ত্তিত উপবিধি বলবৎ হইবে না। যখন তদ্রূপ প্রকাশ হয়, তখন সমস্ত আদালতের বিচারকার্য্যে তাহা গ্রাহ্য হইবে ইতি।

[নালিশ করিবার সম্বাদ দেওনের কথা।]

৫২ ধারা। যদি এই আইনের উল্লিখিত কোন কর্ম্মের নিমিত্তে কোন ব্যক্তির নামে নালিশ হয়, তবে মোকদ্দমা করিবার এক মাস পূর্ব্বে প্রতিবাদির নামে নালিশ করিবার মনস্থ ও হেতুযুক্ত এক খান লিপি তাঁহাকে কি তাঁহার শেষ কি নিয়ত বাসস্থানে দিতে হইবে। নতুবা মোকদ্দমা গ্রাহ্য হইবে না ইতি।

[স্থানীয় পর্য্যালোচনা করাইতে গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।]

৫৩ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কোন সময়ে, ঐ ট্রষ্টিদের কোন কার্য্যের কি অভিপ্রেত কার্য্যের স্থানের পর্য্যালোচনা ও পরীক্ষা হইবার আজ্ঞা করিতে পারিবেন। ঐ পর্য্যালোচনা ও পরীক্ষার ব্যয় ট্রষ্টিদের প্রতি বর্ত্তিবে এবং এই আইনের বলে তাঁহাদের হাতে যে টাকা থাকে তাহাহইতে দেওয়া যাইবে ইতি।

[গবর্ণমেণ্টকর্ত্তৃক ঐ বিষয়ের জীর্ণ সংস্কার কি সমাপ্তি হইতে পারিবার কথা।]

৫৪ ধারা। যদি ট্রষ্টিরা আপনাদের নির্ম্মিত কোন দ্রব্য জীর্ণ হইতে দেন, কিম্বা যে কর্ম্ম আরম্ভ করিয়াছেন, কিম্বা এই আইনমতে গবর্ণমেণ্টের নিকটে অর্পিত ও অনুমোদিত কোন কল্পনাপত্রে যে বিষয় ধরা গিয়াছে তাহা যদি সমাপ্ত না করেন, তবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের কিম্বা সাধারণ কোন চুক্তিকারকের দ্বারা সেই বিষয়ের জীর্ণ সংস্কার কি সমাপ্তি কি নির্ম্মাণ করাইতে পারিবেন। এবং ঐ জীর্ণ সংস্কার কি সমাপ্তি কি নির্ম্মাণ করিতে যে ব্যয় লাগে, তাহা ঐ বিষয়ের প্রতি বর্ত্তিবে এবং ট্রষ্টিদের স্থানে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারি সাহেবের প্রাপ্য ঋণ হইবে ইতি।

[গবর্ণমেণ্টের অধিকার গ্রহণ পূর্ব্বক ট্রষ্টিদের ক্ষমতা নিবর্ত্ত করিতে পারিবার কথা।]

৫৫ ধারা। এই আইনের ২৩ ধারার বিধানমতে কার্য্যের যে কল্পনাপত্র অর্পিত ও অনুমোদিত হইল,

that the scheme submitted and approved under the provisions of the 23rd Section of this Act has not been and is not likely to be properly carried out, or (if carried out) has not been and is not likely to be properly maintained by the Trustees, it shall be lawful for the said Lieutenant-Governor, with the sanction of the Governor General in Council, to notify, by order published in the Calcutta Gazette, that the powers by this Act conferred on the Trustees are withdrawn and revoked, and the Government of Bengal may assume possession and management of the works (if any) already constructed. By such order, and without the necessity of any conveyance, all immoveable and moveable property, all rights of levying and recovering tolls, dues, and rates, all benefit of contracts and all rights of suit which at the time may be vested in the Trustees shall be transferred to and vested in the Secretary of State for India in Council, and the rights of all creditors of the Trustees shall continue as against the said Secretary of State in Council to the extent of the property so transferred to and vested in him.

তদনুসারে উপযুক্তমতে কার্য্য সফল করা যায় নাই, করিবার সম্ভাবনাও নাই, যদিবা সফল হয়, তথাপি ট্রষ্টিদের দ্বারা উপযুক্তমতে রক্ষিত হয় নাই, হইবার সম্ভাবনাও নাই, এই কথা যদি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের হৃদ্বোধমতে প্রকাশ পায়, তবে তিনি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ করিয়া কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ পূর্ব্বক এই সম্বাদ দিতে পারিবেন যে, এই আইনক্রমে ট্রষ্টিদের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তাহা অপনীত ও নিবর্ত্ত হইল। এবং কোন বিষয় নির্ম্মিত হইলে বঙ্গদেশের গবর্ণমেণ্ট তাহার অধিকার ও কর্ম্ম সম্পাদকতা গ্রহণ করিতে পারিবেন। তদ্রূপ আজ্ঞা হইলেই, স্থাবর ও অস্থাবর যে সকল সম্পত্তি এবং শুল্ক ও গ্রাহ্য ও প্রাপ্য গ্রহণ ও আদায় করিবার স্বত্ব ও চুক্তিজন্য লভ্য ও মোকদ্দমা করিবার যে সকল স্বত্ব তৎকালে ট্রষ্টিদের প্রতি বর্ত্তে, তাহা কোন হস্তান্তর করণপত্রের প্রয়োজন বিনা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের হস্তার্পিত হইয়া তাঁহার প্রতি বর্ত্তিবে। ও তদ্রূপে যে সম্পত্তি তাঁহার হস্তে অর্পিত হইয়া তাঁহার প্রতি বর্ত্তে, সেই সম্পত্তির পরিমাণ পর্য্যন্ত ঐ ট্রষ্টিদের সকল উত্তমর্ণের স্বত্ব মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের বিপক্ষে প্রবল থাকিবে ইতি।

SCHEDULE A.—*referred to in (Section XXI.)*

The Trustees for the Imporvment of the Town of Calcutta, in exercise of the powers vested in them by Act of 186 of the Council of the Lieutenant-Governor of Bengal, do certify that the sum of Rupees being the consideration agreed to be paid to A. B. of for the purchase [*the compensation payable to A. B. of for the taking for a publice purpose*] of his interest in purchased [*taken*] by the Trustees for the purposes of the said Act remains due and unpaid to him, and that the said sum is to and shall become immediately from the date hereof a first charge on all and singular the immoveable and moveable property now or hereafter to become vested in the said Trustees for the purposes of the said Act, and all such property shall henceforth, except in so far as the same is or may be already liable for any sums certified as due under the provisions of the said Act, be subject to the payment to the said A. B. or his assigns of the said sum of Rs. on the day of and to the payment of interest for so much thereof as shall for the time being remain unpaid, after the rate of six per cent. per annum to be computed from the date hereof

Given under the common seal of the Trustees this day of 186 .

২১ ধারার উল্লিখিত A চিহ্নিত তফসীল।

কলিকাতা নগরের সৌষ্ঠব করণার্থ ট্রষ্টিরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার অমুক সালের অমুক আইন অনুসারে যে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তদনুসারে এই সংশিতপত্র লিখিয়া দিতেছেন। উক্ত আইনের অভিপ্রায়ার্থে ট্রষ্টিদের দ্বারা ক্রীত (কি গৃহীত) অমুক প্রকারের সম্পত্তিতে অমুক স্থানবাসি শ্রী অমুকের এত টাকা দিবার নিয়ম হইয়াছে। (অথবা রাজকীয় কার্য্যার্থে গ্রহণ করাতে অমুক স্থানবাসি শ্রী অমুকের ঐ ভূমির মূল্যস্বরূপ এত টাকা) তাহার প্রাপ্য আছে, ও তাঁহাকে দেওয়া যায় নাই। এবং এই আইনের কর্ম্ম সফল করণার্থে স্থাবর ও অস্থাবর যে সকল সম্পত্তি এইক্ষণে উক্ত ট্রষ্টিদের প্রতি বর্ত্তিয়াছে কি পশ্চাৎ বর্ত্তে, তৎসমুদয়ের ও প্রত্যেকের উপর অদ্যকার তারিখ অবধি উক্ত ঋণশোধের দায় অগ্রে বর্ত্তে। এবং উক্ত আইনের বিধানানুসারে প্রাপ্য বলিয়া সংশিত টাকার নিমিত্তে পূর্ব্বোক্ত সম্পত্তি ইতিপূর্ব্বে যেপর্য্যন্ত দায়ী না হইয়াছে কি হয়, সেই পর্য্যন্ত অমুক সালের অমুক মাসের অমুক দিবসে উক্ত শ্রী অমুককে কিম্বা তাঁহার আসৈনদিগকে উক্ত এত টাকা দিবার জন্যে, ও অদ্যকার তারিখঅবধি উক্ত টাকার যে অংশ যত কাল অদত্ত থাকে তাহার উপর বৎসরে শতকরা ছয় টাকার হিসাবে সুদ দিবার জন্যে, ঐ সম্পত্তির উপর অদ্যাবধি দায় বর্ত্তিবে।

ট্রষ্টিদের সাধারণ মোহরে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অদ্য মোহরাঙ্কিত হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৭ আপ্রিল।]

SCHEDULE B.—(*referred to in Section XXXI.*)

FORM OF DEBENTURE.

The Trustees of
The 18
No.

By virtue of the Act No. of 18 of the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations we, the Trustees of in consideration of the sum of Rs. paid to us by A. B. of , promise to pay to the said or order the said sum of Rs. after the date hereof, together with interest at the rate of per centum per annum payable half-yearly on the day of and the day of

(*Signature of the Chairman or Vice-Chairman and two Trustees.*)

SCHEDULE C.—(*referred to in Section XL.*)

MAXIMA RATES OF TOLLS.

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE improvement of the Port of Calcutta, by supplying greater facilites for the landing and shipping of goods, is a subject which every year becomes more important and urgent. The subject has on more than one occasion been under the consideration of the Supreme and Local Governments, and several proposals have been made for carrying out the desired improvements.

The Supreme Government and the Chamber of Commerce have expressed opinions in favor of the carrying out the desired improvements through the agency of a body of Trustees and the present Bill has accordingly been framed with that view. But inasmuch as the improvement of the Port is a matter very nearly affecting the local interests of the Town of Calcutta, it is proposed that the Municipality of Calcutta should be officially represented in the Trust. It has also seemed desirable that the Customs Department and Conservator of the Port should have a voice in the administration of the Trust.

The present Bill, beyond a general description of the nature of the works to be carried out by the Trustees, does not lay down any particular scheme for the improvement of the Port it being thought better that the particular mode of carrying out the desired objects should be left to be determined by the Local and Supreme Governments.

The Bill proposes to limit the total amount of funds to be raised on debentures, and the maximum rates of tolls to be levied. What these

৩১ ধারার উল্লিখিত B তফসীল।

ঋণগ্রহণপত্রের পাঠ।

অমুক স্থানের ট্রষ্টিরা
সাল তাং
নম্বর।

আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার অমুক সালের অমুক নম্বরের আইনের শক্তিক্রমে অমুকের ট্রষ্টি আমরা অমুক স্থানবাসি শ্রীঅমুকের স্থানে এত টাকা প্রাপ্ত হইয়া এই প্রতিজ্ঞা করিলাম যে, অদ্যকার তারিখঅবধি এত দিন গত হইলে পর আমরা শ্রীঅমুককে, কিম্বা তিনি যাঁহাকে দিতে আজ্ঞা করেন তাঁহাকে এত টাকা দিব, এবং বৎসরে শতকরা এত টাকার হিসাবে ছয়২ মাসে, অর্থাৎ অমুক মাসের অমুক তারিখে ও অমুক মাসের অমুক তারিখে সুদ দিব।

সভাপতির কিম্বা প্রতিনিধি সভাপতির ও দুই জন ট্রষ্টির স্বাক্ষর।

৪০ ধারার উল্লিখিত C তফসীল।

মাস্তুলের উচ্চতম হার।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

জাহাজ হইতে মাল নামাইবার ও জাহাজে তুলিবার সুবিধা করণদ্বারা কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণ বৎসরে২ অধিক গুরুতর ও আবশ্যক কার্য্য হইয়াছে। সেই বিষয় কএকবার সর্ব্বোপরিস্থ ও স্থানীয় গবর্ণমেণ্টের বিবেচনাধীন হইয়াছে এবং বাঞ্ছিত সৌষ্ঠব সম্পাদনার্থে নানা প্রকারের প্রসঙ্গও হইয়াছে।

সর্ব্বোপরি গবর্ণমেণ্ট এবং চেম্বর অফ কামর্স (অর্থাৎ বণিক সমবায়) ট্রষ্টিদিগকে নিযুক্ত করণদ্বারা ঐ বাঞ্ছিত সৌষ্ঠব সম্পাদনের পক্ষে স্ব২ অভিমত প্রকাশ করিয়াছেন। তদভিপ্রায়েই বর্ত্তমান পাণ্ডুলিপির প্রণয়ন হইল। কিন্তু বন্দরের সৌষ্ঠব করণ কলিকাতা নগরের স্থানীয় হিতজন্য অতি সন্নিকৃষ্ট ব্যাপার, অতএব সেই কলিকাতা নগরের মুনিসিপল কর্ম্মকারক সমুদয়ের স্থলাভিষিক্তস্বরূপ তাহার কএক জনকে স্ব২ পদোপলক্ষে ট্রষ্টিদের মধ্যে নিযুক্ত করিবার প্রসঙ্গ হইয়াছে। আরো সেই ন্যাস কার্য্যসম্পর্কে কষ্টমের কর্ম্মবিভাগের এবং বন্দর রক্ষকের অভিমত জ্ঞাত করিবার ক্ষমতা দেওয়া বিহিত বোধ হইয়াছে।

ট্রষ্টিদের দ্বারা যে কার্য্য সম্পাদন হইবার সম্ভাবনা তাহার সাধারণ ভাব প্রকাশ বিনা, এই পাণ্ডুলিপিতে বন্দরের সৌষ্ঠব করণার্থ কোন বিশেষ কল্পনাপত্র নির্দ্দিষ্ট হয় নাই, যেহেতুক অভিপ্রেত কার্য্য যে বিশেষ নিয়মদ্বারা সম্পাদিত হইবে, তাহা নির্ণয়ের ভার স্থানীয় ও সর্ব্বোপরি গবর্ণমেণ্টের প্রতি অর্পণ করা শ্রেয়ঃ বোধ হইয়াছে।

ঋণগ্রহণপত্রদ্বারা যত টাকা সংগ্রহ করিতে হইবে এবং যে উচ্চতম হারে মাস্তুল আদায় করিতে হইবে এই পাণ্ডুলিপিতে তাহার সীমা নির্দ্ধার্য্য করিবার প্রস্তাব

limits should be seems matter which will be best determined after enquiry and discussion by the Select Committee on the Bill.

The Bill proposes that the Port-dues at present collected under the Port Act of 1855 (other than Pilotage-dues) shall be received by the Trustees, who shall also have power to levy Tolls for the landing, warehousing, and shipping of goods: and that the necessary funds shall be raised on the security of these dues and tolls, and of the property to be acquired by the Trustees.

T. H. Cowie.

The 6th January 1866.

Walker Marshall,
Asst. Secy to Govt. of Bengal,
Legislative Department.

হইয়াছে। কিন্তু পাণ্ডুলিপির বিচারার্থে যে কমিটী মনোনীত হন তাঁহাদের দ্বারা অনুসন্ধান ও তর্কবিতর্ক করণান্তর সেই সীমা নিরূপণ করা শ্রেয়ঃ বোধ হইল।

পাণ্ডুলিপির এই প্রসঙ্গ যে, আড়কাটীর জন্যে গ্রহণীয় মাস্থলভিন্ন বন্দরীয় যত মাস্থল ১৮৫৫ সালের বন্দরের আইনমতে আদেয় হয়, তাহা ট্রষ্টিরা গ্রহণ করেন। এবং তাঁহারা জাহাজহইতে মাল নামাইবার ও আড়তে রাখিবার ও জাহাজে তুলিবার মাস্থল আদায় করিবার ক্ষমতাপন্ন হইবেন, এবং ঐ আদেয় টাকার ও মাস্থলের ও ট্রষ্টিরা যে সম্পত্তি প্রাপ্ত হইবেন তাহার প্রাতিভাব্যক্রমে প্রয়োজনীয় টাকা সংগ্রহ হয়।

৬ জানুআরি টি এচ কৌই।
ওয়াকর মার্শেল।
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিষ্টাণ্ট সেক্রেটারী।
John Robinson, *Bengalee Translator.*

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

NOTICE.

CALCUTTA MUNICIPALITY.

A Special General Meeting of the Justices of the Peace will be held at the Town Hall on Friday, the 27th of April current, at 11 o'clock A. M., to receive the Report of the Finance Committee, on the letter from Government, on the subject of the payment of the cost of the Town Police by the Municipality.

At the conclusion of the business, the Meeting will be made Special, under Section IV of Act VI of 1866 (B. C.), to receive the Report of the Special Committee, and to "fix and determine the kind "of business that may be transacted at the Ordi- "nary and Quarterly Meetings of the Justices."

Robt. Turnbull,
Secy. to the Justices of the Peace.

Office of the Justices of the Peace;
1, Chowringhee Road,
The 16*th April* 1866.

বিজ্ঞাপন।

কলিকাতার মুনিসিপালিটী।

মুনিসিপল ফণ্ডহইতে নগরের পোলীসের ব্যয় শোধ করণ বিষয়ে গবর্ণমেণ্ট যে পত্র লিখিয়াছিলেন, তদ্বিষয়ে ফিনান্‌সিয়ল কমিটীর রিপোর্ট গ্রহণার্থে, চলিত আপ্রিল মাসের ২৭ তারিখে বেলা ১১ ঘণ্টার সময়ে টৌন হালে শান্তিরক্ষার্থ জষ্টিসদিগের বিশেষ সাধারণ সভা হইবে।

সেই কার্য্য সমাপ্ত হইলে পর বিশেষ কমিটীর রিপোর্ট গ্রহণার্থে এবং জষ্টিসদিগের সামান্য ও ত্রৈমাসিক সভাতে যে প্রকারের কর্য্য সম্পাদন হইবে, তাহা নিরূপণ ও নির্ণয় করণার্থে ১৮৬৬ সালের বঙ্গদেশীয় ৬ আইনের ৪ ধারামতে সভা বিশেষ হইবে।

রাবর্ট টর্ণবুল।
শান্তিরক্ষার্থ জষ্টিসদিগের সেক্রেটারী।

শান্তিরক্ষার্থ জষ্টিসদিগের
কার্য্যালয়।
চৌরঙ্গী রাস্তার ১ নং বাটী।
১৮৬৬ সাল ১৬ আপ্রিল।

NOTICE.

Any persons holding the Left-half of the Government Currency Note $\frac{A}{9}$36005, for Rupees 20, dated 11th July 1861, or the Right-half of the Government Currency Note $\frac{A}{9}$79853, for Rupees 20, dated 11th July 1861, are requested to communicate with the undersigned.

W. Wavell,
Offg. Joint-Magistrate of Rungpore.

বিজ্ঞাপন।

১৮৬১ সালের ১ জুলাই তারিখের $\frac{A}{৯}$৩৬০০৫ নম্বরের ২০৲ টাকার গবর্ণমেণ্ট করেন্সী নোটের প্রথমার্দ্ধ কিম্বা ১৮৬১ সালের ১১ জুলাই তারিখের $\frac{A}{৯}$৭৯৮৫৩ নম্বরের ২০৲ টাকার গবর্ণমেণ্ট করেন্সী নোটের দ্বিতীয়ার্দ্ধ যাঁহার কাছে থাকে তিনি নিম্নে স্বাক্ষরকারিকে সংবাদ দিবেন।

ডবলিউ ওয়েবেল।
রঙ্গপুরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চট্টগ্রাম।

ইস্তেহারনামা কাছারি কালেকুটরী জিলা চট্টগ্রাম।

ইহাদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জিলার নীচের লিখিত মহালাৎ মালগুজারির বাকী বাবৎ ইঙ্গরাজি ১৮৬৬ সালের ২০ আপ্রিল মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা তারিখ ৮ বৈশাখ রোজ শুক্রবার এই কালেকুটরী কাছারীতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৬ ইংরাজি তারিখ ২৪ মার্চ।

প্রথম শ্রেণীর কায়েমি মহাল।

৬৪ নং নীলাম আনন্দী মাতুল্লা মালিক আজমত আলী ও সেখ দেওয়ান আলী সদাগর সদর জমা ৪১৬০৲৩

২৪৬৭ নং তরফ রহমান ভালিপ মালিক জিন্নত আলী খাঁ চৌধুরী সদর জমা ৬০৩৶৵৬

মহাল মহালেহা।

৩৯৩৫ নং তরফ রাধামাধব মালিক বালক দাস মহন্ত ও মনোহর দাস মহন্ত ও রামসুন্দর সেন ও সাহিরাম দস্তিদারের মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে মইমুনাখাওন ও অবশিষ্ট মহালের মং ৪৪৩৲১০ পাই আদায় হওয়া হিস্যা বাদে রামসুন্দর সেনের ও সাহিরাম দস্তিদারের হিস্যা নীলাম হইবেক মোহলম মহালের সদর জমা ১৮১৩৲৪

A. Smith,
Collector.

জিলা বাকরগঞ্জ।

সন ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাকরগঞ্জের নীচের লিখিত মহালের সন ১২৭২ সনের নাগায়ৎ কিস্তি ফাল্গুনের বাকির নিমিত্ত সন ১৮৬৬ সনের ২৫ আপ্রিল মোতাবেক ১২৭৩ সনের ১৩ বৈশাখ রোজ বুধবার অত্র কালেকুটরির কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৬ ইং তাং ৫ আপ্রিল।

২ শ্রেণী।

এস্তমুরারী জমা ধার্য্য না হওয়া মহাল।

নম্বর ৪৮৪৩ পরগনে জালালপুর কলিকিলিচর চতুর্থ তক্তা ম্যায়াদী বন্দোবস্ত গ্রহীতা রামদুল্লভ চক্রবর্ত্তী ও গৌরমোহন চক্রবর্ত্তী ও শিবসুন্দরী দেব্যা ও রামনারায়ণ সাহা ও রাধানাথ সাহা ও তৈমনেছা বিবি ও তাজনেছা বিবি ও পার্ব্বতীচরণ গুহ ও কালীশঙ্কর গুহ ও রঙ্গচন্দ্র গুহ ও ওমরাও খানম ও মিরহোসন আলী ও সেতারা বেগম ও এরাফতনেছা ও আনরগাজি ও সৈদ বেনিঅদ্দিন ওছি ও আক্রেনেছা খাওন ও বৈকুণ্ঠ রামরায় ও আপস্থরনেছা খাওন সদর জমা।

খাজনা ৫৯৮০৶৵৪
মালিকানা ৬৬৪॥৴
রাস্তা খরচা ৭৭৷০

৬৭২২৷৶৪

H. C. Sutherland,
Offg. Collector.

জিলা দিনাজপুর।

এত্তালানামা কাচারি কালেকুটরী জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৬। ২৮ মার্চ তকের বাকি মালগুজারি নিমিত্তক ১৮৬৬ সনের ৪ মেই মোং ১২৭৩ সালের ২২ বৈশাখ রোজ শুক্রবার এই জেলার কালেকুটরী কাচারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হবেক।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

৩৯৪ নং তৌজী মৌজে সেঘটা ওগএরহ পরগনে খাঙ্গোর লিখিত মালিক ব্রজকৃষ্ণ ভট্টাচার্য্য ও কুবের মুখুর্য্যা ও ভগবতীচরণ ও অম্বিকাচরণ ও ত্রিলোচন ভট্টাচার্য্য ও ব্রহ্মময়ী দেব্যা গাদরে শ্রীশচন্দ্র ভট্টাচার্য্য সদর জমা ৬৫৯৵৮৷ পাই।

কৈং ১৮৫৯। ১১। ১০ ধারামত ব্রজকৃষ্ণ ভট্টাচার্য্যের হিস্যা ৵১০ যাহার সদর জমা ১০১৷৵১১৷ পাই তাহার কিস্তী ফাল্গুন তকের বাকী ২৮৲ টাকা আদায় জন্য নীলামে ধরা গেল।

সন ১৮৬৬। তারিখ ৭ আপ্রিল দিনাজপুরের কালেকুটরির আফিস।

W. Le. F. Robinson,
Collector.

[*Government Gazette*, 17*th April* 1866.]

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

হাই কোর্ট বিজ্ঞাপন।

রিসিবর আফিস।
জমিদারিদিগর ইজারা।

চন্দ্রনাথ বিশ্বাস বাদী।
বিশ্বনাথ বিশ্বাসদিগর প্রতিবাদী।

সর্ব্বসাধারণ জনগণকে এই বিজ্ঞাপনপত্রের দ্বারায় জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ৯ মেই বুধবার বেলা দুই প্রহর এক ঘন্টার সময়ে হাই কোর্টের রিসিবর শ্রীযুত চার্লস সুইন্টন হাগ সাহেব তাঁহার আফিসে মৃত প্রাণকৃষ্ণ বিশ্বাসের ইস্টেটের দরুণ নীচের লিখিত জমিদারিদিগর ইজারার ডাক লইবেন যাহারা ইজারা লওনে ইচ্ছুক হএন উপরোক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জেলা ২৪ পরগনার অন্তঃপাতি মোং বারাসতের মাজিষ্ট্রেটের অধীন।

পরগনে আনরপুর তরফ জোজড়া ওগায়রহ কালেকুটরির রেজিষ্টরি নম্বর ১৫৬ রকম ॥০ আনা মায় লাখেরাজ ও খেরাজ ও পুষ্করিণী ও বাগান ও হাট ও বাজার ও ঘাট ইত্যাদি।

পরগনে আনরপুর কিসমত কাএম্বা কালেকুটরির রেজিষ্টরি নম্বর ১১৬১ রকম তিন অংশের ১ এক অংশ উপরের লিখিত মত।

পরগনে কলিকাতার মহল মদরছা মৌজে বনহুগলী ওগায়রহ কালেকুটরির রেজিষ্টরির নম্বর ১৫৫ রকম ॥০ আট আনা মায় লাখেরাজ ও খেরাজ ও জমী ও পুষ্করিণী ও বাগান ও হাট ও বাজার ও ঘাট ইত্যাদি সেওয়ায় চাণকের গঙ্গার ধারের জমা যাহা মিশীয়ার্শ গারডন ইষ্টুয়ার্ড কোম্পানিকে ইজারা দেওয়া গিয়াছে ইতি।

পরগনে কলিকাতা তালুক শ্রীনাটী কিসমত বেএতাদিগর কালেকুটরির রেজিষ্টরির নম্বর ১৫৭ উপরের লিখিতমত রকম ॥০ আট আনা।

ঐ পরগনা পাটি গোবিন্দনাটী কালেকুটরির রেজিষ্টরির নম্বর ১৫৯।

ঐ পরগনার কিসমত রহড়া কালেকুটরির রেজিষ্টরির নম্বর ১৮৪ উপরের লিখিতমত।

পরগনে হাতিয়াগর কিসমত খড়দহা রকম ৶১০ তিনআনা দশ গোণ্ডা ইকৈট রঘুদেবনগর কালেকুটরির রেজিষ্টরির নম্বর ১১০৫ ও মহাল গাতি ইত্যাদি।

পরগনে কলিকাতা কিসমত করিমপুর কালেকুটরির রেজিষ্টরির নম্বর ১২৫৯।

পরগনে মাগুরা তরফ শঙ্করপুর কালেকুটরির রেজিষ্টরির নম্বর ১২৪।

মৌজে খড়দহা পরগনে কলিকাতা ৫ খান বাগান তায় কলের বাগান সেঁার বাগান মায় পাকা ইমারৎ দরুণ রামবিশ্বাসের বাগান সামের বাগান ফুলবাগান মায় অন্য ২ পুষ্করিণী ও বাগান ও লাখেরাজ ও খেরাজ জমী ইত্যাদি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কলিকাতা হাই কোর্ট রিসিবর আফিস
৫ নম্বর ইষ্ট্রাণ্ড রোড সন ১৮৬৬ সাল
তারিখ ৯ আপ্রিল।

বিজ্ঞাপন।

রেবিনিউ হেণ্ড বুক নামক এক খানি নুতন পুস্তক অর্থাৎ রাজস্ব এবং রাজস্বের মূলসংক্রান্ত নিয়ম এবং ১৭৯৩ সাল হইতে ১৮৬৫ সালপর্য্যন্ত প্রচলিত সম্পূর্ণ রেগুলেসন এবং আক্ট ও তাহার প্রয়োজনীয় টীকা, নজীর ও সরকুলর চিঠীপ্রভৃতি এবং রেবিনিউ বোর্ড, কমিসানর, কালেক্টর ডেপুটি কালেকুটর এবং রাজস্বের আমলাগণের কর্ত্তব্যকর্ম্মের বিবরণ প্রভৃতি, সুচিপত্র, উপক্রমণিকা ফিরিস্তি এবং খোলাসাসহ, নীলকর, জমীদার ও রাইয়ত এবং প্লীডর ও মোক্তার এবং লবণ, আফীন ও আবকারী সম্পার্কীয় লোকপ্রভৃতি দেখা নিতান্ত প্রয়োজনীয় বিধায় বঙ্গভাষায় অনুবাদ ও সংগ্রহ করিয়া ১০০০ সহস্রাধিক পৃষ্ঠায় মুদ্রিত হইয়াছে।

মূল্য	৮ টাকা	ডাকমাসুল	ইত্যাদি	১ টাকা
উত্তম বান্ধাই	৯ টাকা	ঐ	ঐ	ঐ

শ্রীবেণীমাধব দে এণ্ড কোম্পানী।

কলিকাতা
চিৎপুররোড ২৪৬ নং
বটতলা

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১৭ আপ্রিল।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, APRIL 17, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ১৭ আপ্রিল।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। এ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জেলা চট্টগ্রাম।

ইস্তেহারনামা কাছারী কালেক্টরী জেলা চট্টগ্রাম।

ইহাদ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মহালের সরকারি মালিকী স্বত্ব অত্র চট্টগ্রাম জেলার কালেক্টরি কাছারিতে আগামি ৩০ আপ্রিল মোতাবেক ১২৭৩ বাঙ্গলা ১৮ বৈশাখ সোমবার মং ৬৮৫৪।৶ আনা মূল্য ধার্য্য সরকারি খাজানার দাবি পরিত্যাগে নীলামে ধরা যাইবেক।

১। যে ব্যক্তি ক্রয় করেন মূল্যের টাকার দশ অংশের একাংশ তাহাকে তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক এবং অবশিষ্ট টাকা সুদ সহ সরকারি পতিত ভূমি বিক্রীর মূল্যের টাকা আদায়ের বিধানমতে ১০ বৎসর মধ্যে কিস্তিমতে উসুল করা যাইবেক।

২। যদি বাকী পড়া সুদ কোন সনের ১৫ মে তারিখে আদায় না হয় অথবা সমুদয় মূল্যের টাকা নীলামের পর দশম বৎসরের বৎসর ১৫ মের পূর্ব্বে আদায় না হয় তবে বাকী উসুলের ইস্তেহার প্রচারান্তে বাকীদার নীলাম খরিদদারের ঝুঁকিতে পুনঃ নীলাম হইবেক ইতি। সন ১৮৬৬ ইং তারিখ ৬ মার্চ।

তফসীল।

রাজকীয় মহালের নম্বর।	জেলার বহির নম্বর।	মহাল ও পরগনার নাম	জমিন একর পরিমাণ।	মন্তব্য।
			একর রূড পৌল গজ	
১৩৫	০	মৌজে সরল নিষ্কর পতিত ভূমি …	১৭৫৮ । ১ । ৩৬ । ২৯	
১৩৬	০	মৌজে গণ্ডামারা নিষ্কর পতিত ভূমি …	৬০৪ । ০ । ১৯ । ৯।	
২ ১৮৬৪ । ৬৫	১৪৭	নীলাম বৈদ্যনাথ কানন-গোয় বাবৎ তরফ কানু-রাম কিং সরল …	৩৪৭ । ১ । ২৪ । ২৪॥	
৮	৩৮	মৌজে সরল তরফ আলাম খার আন্দর …	১ । ৩ । ৩০ । ৬॥	
৯	৩৮৭৬৯	মৌজে মলকীচর দখল শাল্ট এজেণ্ট সাহেব জিং মাসুল্যা …	২৯ । ৩ । ১০ । ১৯॥	
			২৭৪১ । ৩ । ১ । ২৮৶	খরিদের তারিখাবধি নীলামদার দখল পাইবেক।

J. C. PRICE,
Offg. Depty Collector.

জিলা ২৪ পরগনা।

এস্তাহার নামা কাছারি কালেক্‌টরি।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ২৪ পরগনা জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব ইংরাজী সন ১৮৬৬ সালের মে মাসের ১০ তারিখে মোতাবেক বাঙ্গলা ১২৭৩ সালের বৈশাখ মাসের ২৮ তারিখে বৃহস্পতিবার জেলা ২৪ পরগনার কালেক্‌টরি কাছারীতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীনে থাকিবেন।

জিলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক	মন্তব্য।
			ধার্য্য করা রাজস্ব।	রাস্তার টেক্স	মোট		
		এঃ কঃ পঃ					
২৩৬২	পং কলিকাতা সুকচর	১।৩।৩৭	৮॥০	⁄৪	৮॥⁄৪	১৭৲	

A. J. R. BAINBRIDGE,
Offg. Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এফ জে বার্লো সাহেব কর্ত্তৃকমুদ্রিত ও প্রকাশিত হইল।

[Enforcement of execution by Court applied to.]

CCCCLIX. When the holder of a decree which shall have been sent under the foregoing provisions for execution by a Court other than the Court which passed the decree shall apply for execution of the decree to the Court to which it shall have been so sent, such Court, or any subordinate Court to which the execution of the decree may be entrusted, shall proceed to execute the decree according to the provisions of this Chapter so far as the same can be made applicable, or to its own rules in the like cases when such rules exist and have the force of law: Provided that such Court shall have no power to enquire into the validity of the decree unless it appear upon the face of the decree that the Court by which it was passed had no jurisdiction to pass it. (S. C. C. & R. C.)

[Execution by High Court, of decree transmitted by other Court. Proviso as to Small Cause Courts.]

CCCCLX. If the Court to which the decree is transmitted for execution be a High Court, the decree shall be executed by such Court in the same manner as if the decree had been passed by such Court in the exercise of its ordinary original Civil jurisdiction: Provided that no decree shall be transmitted for execution by a High Court if the decree was made by a Court of Small Causes, or in a case cognizable by a Court of Small Causes.

[Power of Court applied to by decree-holder in executing decree.]

CCCCLXI. The Court to which the holder of the decree shall so apply, shall have the same powers in executing the decree as the Court by which it was passed would have had if the decree had been capable of being executed within the jurisdiction of the said Court. (S. C. C. & R. C.)

[Wrongful acts or irregularities in executing decree to be punished by Court applied to.]

CCCCLXII. The Court to which such application is made or referred for execution as aforesaid, shall take cognizance of and punish all wrongful acts or irregularities done or committed in executing such decree; and all persons disobeying or obstructing the execution of the decree shall be punishable by such Court in the same manner as if the decree had been made by such Court. (S. C. C. & R. C.)

[Court applied to may in certain cases stay execution.]

CCCCLXIII. The Court to which such application is made or referred as aforesaid, may, upon

[যে আদালতের নিকটে ডিক্রীসাধনের প্রার্থনা হয় তৎকর্তৃক ডিক্রী প্রবল হইবার কথা।]

৪৫৯ ধারা। যে আদালত ডিক্রী করিলেন পূর্ব্বোক্ত বিধানক্রমে তদ্ভিন্ন কোন আদালতকর্তৃক প্রবল হইবার জন্যে ডিক্রী প্রেরিত হইলে, যে আদালতে প্রেরিত হইল, তাঁহার নিকটে যখন ডিক্রীদার ডিক্রী সাধনার্থ প্রার্থনা করেন, তখন সেই আদালত কিম্বা ডিক্রীসাধনের ভার অন্য যে অধঃস্থ আদালতের প্রতি অর্পিত হয় সেই আদালত, এই অধ্যায়ের বিধান যত দূর বর্ত্তান যাইতে পারে তত দূর তদনুসারে, কিম্বা তদ্রূপ স্থলের উপযুক্ত ঐ আদালতের বিধি থাকিলে ও আইনের ন্যায় বলবৎ হইলে সেই বিধি অনুসারে ঐ ডিক্রী সাধন করিতে প্রবর্ত্ত হইবেন। কিন্তু যে আদালত ঐ ডিক্রী করিয়াছিলেন তাঁহার ঐ ডিক্রী করিবার বিচারাধিপত্য নাই ইহা ডিক্রী দৃষ্টমাত্রে সপ্রকাশ না হইলে উক্ত অন্য আদালত সেই ডিক্রীর সিদ্ধতার অনুসন্ধান করিতে কোন মতে ক্ষমতাপন্ন হইবেন না ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[অন্য আদালতের প্রেরিত ডিক্রীর সাধন হাই কোর্টদ্বারা হইবার কথা, ও ক্ষুদ্র মোকদ্দমার আদালত সম্পর্কে উপনিয়ম।]

৪৬০ ধারা। ডিক্রী সাধন করণাভিপ্রায়ে যে আদালতের নিকটে প্রেরিত হয় সেই আদালত যদি হাই কোর্ট হন, তবে ঐ হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করিবার সামান্য ক্ষমতাক্রমে আপনি যেন ঐ ডিক্রী করিলেন, এমতে তাহা সাধন করিবেন। কিন্তু যদি সেই ডিক্রী ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালত কর্তৃক কিম্বা ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার করিবার ক্ষমতার মধ্য কোন মোকদ্দমায় করা যায়, তবে হাই কোর্টের দ্বারা সাধন হইবার জন্যে প্রেরিত হইবে না ইতি।

[ডিক্রীদার যে আদালতের নিকটে প্রার্থনা করেন, ডিক্রী সাধনার্থে সেই আদালতের ক্ষমতার কথা।]

৪৬১ ধারা। ডিক্রী যে আদালতকর্তৃক হইয়াছিল, সেই আদালতের বিচারাধিপত্য স্থানের মধ্যে সাধন হইতে পারিলে, ঐ আদালত তৎসাধনে যেং ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিতেন, ডিক্রীদার যে আদালতের নিকটে প্রার্থনা করেন সেই আদালতও সেই ডিক্রী সাধনার্থে সেইং ক্ষমতাপন্ন হইবেন ইতি। ক্ষু. মো. আ. ও রা. আ.)

[ডিক্রীর সাধনকালে অন্যায় কি অনিয়মিত কার্য্য হইলে যে আদালতের নিকটে প্রার্থনা করা গেল তৎকর্তৃক তাহার দণ্ড হইবার কথা।]

৪৬২ ধারা। যে আদালতের নিকটে পূর্ব্বোক্ত প্রকারে প্রার্থনা করা যায় কি সাধনার্থে ডিক্রী প্রেরিত হয়, যদি সেই ডিক্রীর সাধনকালে অন্যায্য কি অনিয়মিত কোন কর্ম্ম করা যায়, তবে সেই আদালত ঐ কর্ম্মের বিচার করিয়া দণ্ড করিবেন, এবং যে সকল লোক সেই ডিক্রী অমান্য করে কি তৎসাধনের বাধা জন্মায় তাহারা, ঐ আদালত আপনি যেন ঐ ডিক্রী করিয়াছিলেন তদ্রূপে ঐ আদালতকর্তৃক দণ্ডনীয় হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[যে আদালতের নিকটে প্রার্থনা হয় বিশেষং স্থলে ডিক্রীর সাধন স্থগিত করিতে তাঁহার ক্ষমতার কথা।]

৪৬৩ ধারা। যে আদালতে ডিক্রী হইয়াছিল, কিম্বা ঐ ডিক্রী কি তৎসাধন সম্পর্কে যে আদালতের

sufficient cause being shown, stay the execution of the decree for a reasonable time to enable the defendant to apply to the Court by which the decree was passed, or to any Court having appellate jurisdiction in respect of the decree or the execution thereof, for an order to stay the execution, or for any other order relating to the decree or execution which such Court of first instance or appellate Court might have made if execution had been issued by such Court of first instance or if application for execution had been made to such Court; and in case the property or person of the defendant shall have been seized under an execution, the Court which issued the execution may order the restitution of the property or the discharge of the person of the defendant pending the result of such application. (S. C. C. & R. C.)

[Before making any order under last Section, Court may require security from, or impose conditions upon, defendant.]

CCCCLXIV. Before passing an order to stay execution or for the restitution of property or the discharge of the defendant under the last preceding Section, the Court may require such security from, or impose such conditions upon, the defendant, as it may deem reasonable. (S. C. C. & R. C.)

[Order of Court passing decree of Appellate Court to be binding upon Court applied to.]

CCCCLXV. Any order of the Court in which the decree was passed or of such Court of appeal as aforesaid, shall be binding upon the Court to which the application for execution was made, and shall be a sufficient indemnity for all persons acting in execution of any process issued by such last mentioned Court. (S. C. C. & R. C.)

[Liability of defendant discharged to be retaken.]

CCCCLXVI. No discharge of a defendant under the provisions of Section 463, shall prevent such defendant from being retaken in execution of the decree. (S. C. C. & R. C.)

[Appeal from orders for execution of decrees of other Courts.]

CCCCLXVII. The orders of a Court for executing the decree of another Court shall be subject to the same rules in respect of appeal, as if the decree had been originally passed by the Court making such order.

আপীল শুনিবার ক্ষমতা থাকে, সেই আদালতের নিকটে প্রতিবাদী ডিক্রীসাধন স্থগিত হইবার আজ্ঞা প্রার্থনা করিতে পারেন, অথবা আদৌ শ্রবণকারি ঐ আদালতহইতে ডিক্রী সাধনের কার্য্য হইলে, কিম্বা সেই আদালতের নিকটে ডিক্রী সাধন করিবার প্রার্থনা হইলে, সেই প্রথম স্থলের আদালত কি সেই আপীল আদালত ঐ ডিক্রী কি তৎসাধন সম্পর্কে অন্য যে কোন আজ্ঞা করিতে পারিতেন প্রতিবাদী তদ্রূপ আজ্ঞা হইবার প্রার্থনা করিতে পারেন এই নিমিত্তে যে আদালতের নিকটে পূর্ব্বোক্ত প্রার্থনা করা যায় কি ডিক্রী অর্পিত হয় বিশিষ্ট কারণ দর্শান গেলে সেই আদালত যুক্তিমত কোন সময়ের নিমিত্তে ডিক্রী সাধনের কার্য্য স্থগিত করিতে পারিবেন। ডিক্রী সাধনক্রমে যদি প্রতিবাদী আপনি কি তাঁহার সম্পত্তি ধৃত হইয়া থাকে, তবে যে আদালত ডিক্রী সাধনের আজ্ঞা করিয়াছেন তিনি সেই প্রার্থনার ফল প্রকাশিত না হওন পর্য্যন্ত উক্ত সম্পত্তি ফিরিয়া দিবার কি প্রতিবাদিকে মুক্ত করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[ইহার পূর্ব্ব ধারানুসারে কোন আজ্ঞা করিবার পূর্ব্বে প্রতিবাদির নিকটে আদালতের প্রতিভূ লইবার কি তাঁহাকে নিয়মবদ্ধ করিবার ক্ষমতার কথা।]

৪৬৪ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারানুসারে ডিক্রীর সাধন স্থগিত রাখিবার কি সম্পত্তি ফিরিয়া দিবার কি প্রতিবাদিকে মুক্ত করিবার আজ্ঞা দেওনের পূর্ব্বে, আদালত যে প্রতিভূ কি নিয়ম যুক্তিসিদ্ধ জ্ঞান করেন প্রতিবাদির নিকটে সেই প্রতিভূ লইতে, কি তাঁহাকে সেই নিয়মবদ্ধ করিতে পারিবেন ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[যে আদালতের নিকটে প্রার্থনা করা যায় ডিক্রীদাতা আদালতের কি আপীল আদালতের আজ্ঞাদ্বারা তাঁহার বদ্ধ হইবার কথা।]

৪৬৫ ধারা। যে আদালতের নিকটে ডিক্রী সাধনের প্রার্থনা করা যায় সেই আদালত ঐ ডিক্রীদাতা আদালতের কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের আপীল আদালতের আজ্ঞাদ্বারা বদ্ধ হইবেন, এবং সেই আদালতের হুকুমনামা জারীক্রমে যে লোকেরা কার্য্য করেন ঐ আজ্ঞাদ্বারা তাঁহারা দায় হইতে উপযুক্তরূপে মুক্ত হইবেন ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[যে প্রতিবাদী মুক্ত হন পুনরায় তাঁহার আসেধ হইতে পারিবার কথা।]

৪৬৬ ধারা। ৪৬৩ ধারার বিধানানুসারে প্রতিবাদী মুক্ত হইলেও সেই ডিক্রী সাধনক্রমে তাঁহাকে পুনরায় আসেধ করণের বাধা হইবে না ইতি। (স্মু. মো. আ. ও রা. আ.)

[অন্য আদালতের ডিক্রী সাধনের আজ্ঞার উপর আপীলের কথা।]

৪৬৭ ধারা। অন্য আদালতের ডিক্রী সাধনার্থে যে আদালত যে সকল আজ্ঞা করেন সেই আদালত প্রথমে ডিক্রী প্রচার করিলে, তাঁহার আজ্ঞার উপর আপীল হইবার যে বিধি, ঐ আজ্ঞা সেই বিধির অধীন হইবে ইতি।

Of the Enforcement of Registered Bonds.

[Enforcement without suit of bonds registered under Act XVI of 1864. Proviso.]

CCCCLXVIII. A bond which shall have been registered under the provisions of Act XVI of 1864 (*to provide for the Registration of Assurances*) may be enforced without a suit: Provided that the parties to such bond shall, at the time of the registration thereof, have signified their assent to its being so enforced, and that such assent shall have been recorded at the foot of the memorandum of registration on such bond at the time it was registered. (S. C. C.)

[But application for enforcement must be made within a period fixed.]

CCCCLXIX. No bond shall be enforced under the provision of the last preceding Section unless application for its enforcement be made within twelve months from the date on which the whole amount secured hereby became payable: Provided that nothing herein contained shall be construed to prevent the obligee of a bond payable by instalments from suing on the bond before all the instalments shall have become due. (S. C. C.)

[Court to which application may be made for enforcing bonds.]

CCCCLXX. Any person who is desirous of enforcing a bond under Section 468 may apply to any Court which would have had jurisdiction to try a suit on such bond for the enforcement of the same. (S. C. C.)

[Application to be treated as for execution of a decree.]

CCCCLXXI. Such application shall be treated as an application for the execution of a decree, and the foregoing provisions of this Chapter relating to execution of decrees shall, except as hereinafter provided, apply in such case so far as shall be practicable. (S. C. C.)

[Procedure of Court on receipt of application.]

CCCCLXXII. The Court to which such application is made shall cause a notice to be served on the person against whom the enforcement is applied for, calling on him to show cause within a time to be specified in the notice, why execution for the amount stated in the application should not be issued against him. (S. C. C.)

[Attachment may issue against debtor about to quit jurisdiction, or to move property therefrom.]

CCCCLXXIII. If the person making the application shall satisfy the Court that the party against whom the claim is made is about to leave

রেজিষ্টরী খতের টাকা আদায় করিবার বিধি।

[যে স্থলে মোকদ্দমা বিনা ১৮৬৪ সালের ১৬ আইনমতে রেজিস্টরী খৎ প্রবল করা যাইতে পারে তাহার কথা। ও উপনিয়ম।]

৪৬৮ ধারা। নিদর্শনপত্র রেজিস্টরী করণের বিধান করণার্থ ১৮৬৪ সালের ১৬ আইনের বিধানানুসারে যে খৎ রেজিস্টরী করা যায়, তাহা মোকদ্দমা ব্যতিরেকে প্রবল করা যাইতে পারিবে। কিন্তু ইহার নিমিত্তে আবশ্যক যে সেই খৎ যখন রেজিস্টরী করা গেল তখন তৎপক্ষ ব্যক্তিরা উক্ত প্রকারে সেই খৎ প্রবল করণে আপনাদের সম্মতি প্রকাশ করেন, ও উক্ত খৎ যখন রেজিস্টরী করা গেল তখন তাহার রেজিষ্টরী বিষয়ক মর্ম্মাত্মকপত্রের তলভাগে তাঁহাদের সেই সম্মতি লিপিবদ্ধ হয়, ইতি। (ক্ষু. মো. আ.)

[নিরূপিত সময়ের মধ্যে প্রবল করণের প্রার্থনা করিতে হইবার কথা।]

৪৬৯ ধারা। কোন খৎদ্বারা অবধারিত সমুদয় টাকা যে তারিখে দাতব্য হয় সেই তারিখঅবধি দ্বাদশ মাসের মধ্যে তাহা প্রবল করিবার প্রার্থনা করিতে হইবে, নতুবা ইহার পূর্ব্বধারার বিধানমতে তাহা প্রবল করা যাইবে না। কিন্তু যদি সেই খৎক্রমে টাকা কিস্তি করিয়া দিতে হয়, তবে সমুদয় কিস্তির টাকা বাকী না পড়িলেও সেই খৎক্রমে উত্তমর্ণের নালিশ করিতে নিষেধ হইল এই ধারার কোন কথার এমন অর্থ করিতে হইবে না ইতি। (ক্ষু. মো. আ.)

[খৎ প্রবল করাইবার প্রার্থনা যে আদালতে করিতে হয় তাহার কথা।]

৪৭০ ধারা। কোন ব্যক্তি যদি ৪৬৮ ধারানুসারে খৎ প্রবল করাইতে চাহেন, তবে সেই খৎসম্পর্কীয় মোকদ্দমার বিচার করিতে যে কোন আদালত ক্ষমতাপন্ন আছেন তাঁহার নিকটে তিনি তাহা প্রবল করণার্থ প্রার্থনা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ.)

[উক্ত প্রার্থনা ডিক্রীর সাধনার্থ প্রার্থনার তুল্য গণ্য হইবার কথা।]

৪৭১ ধারা। উক্ত প্রার্থনা ডিক্রীর সাধন করণার্থ প্রার্থনার তুল্য জ্ঞান হইবে, এবং পশ্চাৎলিখিত বর্জ্জিত স্থলভিন্ন, ডিক্রীর সাধনবিষয়ক যে বিধান এই অধ্যায়ের পূর্ব্বভাগে লিখিত হইল তাহা এমত স্থলে যত দূর বর্ত্তান যাইতে পারে তত দূর বর্ত্তিবে ইতি। (ক্ষু. মো. আ.)

[প্রার্থনাপত্র পাইলে আদালতের যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৪৭২। তদ্রূপ প্রার্থনা যে আদালতে করা যায় সেই আদালত ঐ খৎ প্রবল করিবার প্রার্থনা যাঁহার বিপক্ষে হয় তাঁহার প্রতি এই মর্ম্মের জ্ঞাপনপত্র সমর্পণ করিবেন যে প্রার্থনাপত্র লিখিত টাকা আদায় করিবার জন্যে আজ্ঞা হওয়া অকর্ত্তব্য এমত হেতু ঐ জ্ঞাপনপত্রের নিরূপিত সময়ের মধ্যে দর্শাইতে হইবে ইতি। (ক্ষু. মো. আ.)

[অধমর্ণ বিচারাধিপত্য ত্যাগ করিতে কি সম্পত্তি স্থানান্তর করিতে উদ্যত হইলে তাহার আদেশের আজ্ঞা হইবার কথা।]

৪৭৩ ধারা। যাঁহার বিপরীতে দাওয়া করা গেল তিনি আদালতের বিচারাধিপত্য ত্যাগ করিতে উদ্যত আছেন, কিম্বা দাওয়া অনুসারে তাঁহার নিকটে যে

the jurisdiction of the Court, or to dispose of or remove his property from the jurisdiction of the Court in order to evade payment of the money claimed to be due from him, the Court may issue process of attachment against the person or property of such party. (S. C. C.)

[Chapter IV applicable to attachments applied for.]

CCCCLXXIV. Whenever such attachment is applied for, the provisions contained in Chapter IV relating to arrest and attachment before judgment shall be applicable. (S. C. C.)

[Compensation to person against whom claim is made if arrest or attachment of property be applied for on insufficient grounds. Limit to compensation.]

CCCCLXXV. If it appear to the Court that the arrest of the person against whom the claim is made or the attachment of his property was applied for on insufficient grounds, or if the application for enforcing the bond is disallowed and it appear to the Court that there was no ground for making the application, the Court may, on the application of the party against whom the claim is made, award in its order against the party making the application such sum, not exceeding one thousand rupees, as it may deem a reasonable compensation to the party against whom the claim is made for his arrest or the attachment of his property: Provided that the Court shall not award a larger amount of compensation under this Section than it is competent to such Court to decree in an action for damages. (S. C. C.)

[Award of compensation to bar suit for damages.]

CCCCLXXVI. An award of compensation made under the last preceding Section shall bar any suit for damages in respect of such arrest or attachment, and may be enforced under the rules contained in this Chapter for the execution of decrees, and all the provisions of this Code shall be applicable to the proceedings in such execution. (S. C. C.)

[Procedure when person against whom execution is claimed appears and shows cause against issue of execution.]

CCCCLXXVII. If the person against whom execution is applied for shall attend within the time mentioned in the notice, and show cause why execution should not be issued against him, the Court shall enquire into his objection, and pass such order as it shall think proper. (S. C. C.)

[Pleas in bar of execution.]

CCCCLXXVIII. No person shall be allowed to plead in bar of execution any plea other than that he was not a party to the registration of

টাকা পাওনা হয় তাহা ফাকী দিয়া না দিবার অভিপ্রায়ে আপনার সম্পত্তি হস্তান্তর করিতে কি আদালতের বিচারাধিপত্যহইতে স্থানান্তর করিতে উদ্যত আছেন, প্রার্থক যদি আদালতকে ইহার হৃদয়ঙ্গম প্রমাণ দেন, তবে আদালত সেই ব্যক্তির আসেধ কি তাঁহার সম্পত্তি ক্রোক হইবার আজ্ঞাপত্র দিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ.)

[তদ্রূপ আসেধের প্রার্থনার প্রতি ৪ অধ্যায় বর্ত্তিবার কথা।]

৪৭৪ ধারা। তদ্রূপ আসেধের প্রার্থনা হইলে নিষ্পত্তির পূর্ব্বে আসেধ ও ক্রোক বিষয়ক যেং বিধান চতুর্থ অধ্যায়ে লিখিত হইল তাহা বর্ত্তিবে ইতি। (ক্ষু. মো. আ.)

[যাঁহার বিপক্ষে দাওয়া করা যায় অনুপযুক্ত কারণে তাঁহার আসেধ কি সম্পত্তি ক্রোক হইবার প্রার্থনা হইলে তাঁহার হানিপূরণের ও সীমার কথা।]

৪৭৫ ধারা। যাঁহার বিপক্ষে দাওয়া করা যাইতেছে তাঁহার আসেধ কি সম্পত্তি ক্রোক হইবার প্রার্থনা অনুপযুক্ত কারণে হইয়াছিল ইহা যদি আদালতের জ্ঞানগোচর হয়, কিম্বা যদি ঐ খৎ প্রবল করণের প্রার্থনা অগ্রাহ্য হয় এবং তদ্রূপ প্রার্থনা করিবার কোন কারণ ছিল না ইহা যদি আদালতের জ্ঞানগোচর হয়, তবে যাঁহার বিপরীতে দাওয়া হইয়াছে তিনি প্রার্থনা করিলে, আদালত ঐ পূর্ব্ব প্রার্থনাকারির বিপক্ষে প্রচারিত আপনার আজ্ঞামতে এই আদেশ করিতে পারিবেন যে যাঁহার বিপক্ষে দাওয়া হইয়াছিল তাঁহার আসেধ কি সম্পত্তি ক্রোকের দ্বারা যে হানি হইযাছে তাহার যুক্তিসিদ্ধ প্রতিকারার্থে এক সহস্রের অনধিক যত টাকা আদালতের উপযুক্ত বোধ হয় তত টাকা পাইতে পারিবেন। কিন্তু ক্ষতিপূরণের মোকদ্দমাতে সেই আদালত যত টাকার ডিক্রী করিতে ক্ষমতাপন্ন হন এই ধারার বলে হানিপূরণের তদতিরিক্ত টাকা দিবার আজ্ঞা করিবেন না ইতি। (ক্ষু. মো. আ.)

[হানিপূরণের আজ্ঞা হইলে ক্ষতিপূরণের মোকদ্দমা নিবৃত্ত হইবার কথা।]

৪৭৬ ধারা। ইহার পূর্ব্ব ধারাক্রমে প্রতিকারের আজ্ঞা হইলে সেই আসেধ কি ক্রোক জন্য ক্ষতিপূরণ বিষয়ক কোন মোকদ্দমা আর হইতে পারিবে না। এই অধ্যায়ে ডিক্রী সাধন করিবার যে বিধি আছে হানিপূরণের সেই আজ্ঞা সেই বিধিমতে প্রবল হইতে পারিবে। এবং সেই সাধনসম্পর্কীয় কার্য্যেতে এই আইনের সকল বিধি বর্ত্তিবে ইতি। (ক্ষু. মো. আ.)

[খৎ প্রবল করণের দাওয়া যাহার বিপক্ষে হয় সেই ব্যক্তি উপস্থিত হইয়া সাধন না হইবার কারণ দেখাইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৪৭৭ ধারা। যে ব্যক্তির বিপক্ষে সাধনের প্রার্থনা হয়, তিনি যদি জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে উপস্থিত হইয়া আপনার বিপক্ষে তৎসাধন না হইবার কারণ দেখান, তবে আদালত তাঁহার আপত্তির অনুসন্ধান করিয়া যেরূপ উচিত জ্ঞান করেন তদ্রূপ আজ্ঞা করিবেন ইতি। (ক্ষু. মো. আ.)

[প্রবল করণের বাধাজনক আপত্তির কথা।]

৪৭৮ ধারা। কোন ব্যক্তি নিম্নলিখিত অপত্তি ভিন্ন ঐ খৎ প্রবল করণের বাধাকরণার্থে অন্য আপত্তি উপস্থিত করিতে পারিবে না, যথা, আমি সেই খৎ

the bond, or that the Court has not jurisdiction or that the application is barred in consequence of its not having been made within the time allowed, or that the bond has been paid or has been satisfied in some other way, or is for any reason no longer in force, or that the amount claimed exceeds that which is remaining due, whether for principal or interest, or, when application is made against a person as the representative of a deceased person, that he is not such representative, or that he has never received any assets from the deceased, or, if the representative have received assets, that he has paid them away or that they are not sufficient to discharge the debt. (S. C. C.)

[Court may direct institution of suit, instead of enforcing bond under Section 468.]

CCCCLXXIX. The Court to which application is made for the enforcement of a bond under Section 468 may, for any sufficient reason, instead of granting such application, order that a suit shall be brought on such bond. (S. C. C.)

[Effect of Court refusing to enforce bond under Section 468 or 469.]

CCCCLXXX. No suit between the same parties, or persons claiming under them respectively, shall be entertained on any bond the enforcement of which shall have been refused by the Court on an application for enforcement made under Section 468 otherwise than as barred by lapse of time, unless the Court shall have refused the application by reason of its not having been preferred within the period prescribed by Section 469, or shall have directed a suit to be brought under the last preceding Section. (S. C. C.)

[Foregoing provisions not to bar suit by obligee.]

CCCCLXXXI. Nothing in the foregoing Sections shall be held to prevent the obligee of a bond, registered as aforesaid, from instituting a suit to recover the amount subject to the law of limitations, instead of applying for the enforcement of the bond under the foregoing provisions. (S. C. C.)

[Attendance, examination and punishment of witnesses required to give evidence.]

CCCCLXXXII. The provisions of Chapter IV relating to the summoning, attendance, and examination of witnesses, and to the remuneration of and penalties to be imposed upon witnesses, shall apply to witnesses required to give evidence or to produce documents under the provisions of this Chapter. Any penalty to which a witness may

রেজিষ্টরী করিবার এক পক্ষ ছিলাম না, কিম্বা এই বিষয়ে আদালতের বিচারাধিপত্য নাই, কিম্বা আইনের নিরূপিত সময়ের মধ্যে প্রার্থনা না করাতে এখন গ্রাহ্য হইতে পারে না, কিম্বা ঐ খতের নির্দ্দিষ্ট টাকা দত্ত হইয়াছে কি প্রকারান্তরে শোধ হইয়াছে, কি অন্য কোন কারণে বলহীন হইয়াছে, কিম্বা মূল টাকার কি সুদের হিসাবে যাহা প্রাপ্য থাকে তদপেক্ষা অধিক টাকার দাওয়া হইতেছে, অথবা কোন মৃত ব্যক্তির প্রতিনিধিস্বরূপে কাহারো বিপক্ষে প্রার্থনা হইবার স্থলে আমি তদ্রূপ প্রতিনিধি নহি, কিম্বা মৃত ব্যক্তি হইতে কোন স্থিত প্রাপ্ত হই নাই, কিম্বা (যদি স্থিত পাইয়া থাকেন তবে) তিনি তাহা ঋণ শোধে দিয়াছেন কিম্বা তাহা ঋণ শোধ করণার্থে প্রচুর নহে ইতি। (ক্ষু. মো. আ.)

[৪৬৮ ধারামতে খৎ প্রবল করণের পরিবর্ত্তে মোকদ্দমা উপস্থিত করিতে আদালতের আজ্ঞা দিবার কথা।]

৪৭৯ ধারা। যে আদালতের নিকটে ৪৬৮ ধারামতে কোন খৎ প্রবল করণের প্রার্থনা করা যায়, উপযুক্ত কোন কারণ থাকিলে সেই আদালত উক্ত প্রার্থনা গ্রাহ্য না করিয়া পূর্ব্বোক্ত খতের উপর মোকদ্দমা উপস্থিত করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি (ক্ষু. মো. আ.)

[আদালত ৪৬৮ কি ৪৬৯ ধারানুসারে খৎ প্রবল করিতে অস্বীকার করিলে তাহার ফলের কথা।]

৪৮০ ধারা। ৪৬৮ ধারামতে খৎ প্রবল করণের প্রার্থনা করা গেলে যদি আদালত নিরূপিত সময়াতীত হওন ভিন্ন অন্য কোন কারণে তাহা প্রবল করিতে অস্বীকার করেন, তবে সেই উভয় পক্ষের মধ্যে কিম্বা তাঁহাদের অধীনে দাওয়াদার অন্য ব্যক্তিদের মধ্যে সেই খতের উপর কোন মোকদ্দমা গ্রাহ্য হইতে পারিবে না। কিন্তু পূর্ব্বোক্ত প্রার্থনাপত্র ৪৬৯ ধারার নির্দ্দিষ্ট সময়ের মধ্যে উপস্থিত না হওয়া প্রযুক্ত যদি আদালত ঐ প্রার্থনা অগ্রাহ্য করিয়া থাকেন, কিম্বা যদি ইহার অব্যবহিত পূর্ব্ব ধারামতে মোকদ্দমা করিবার আজ্ঞা করিয়া থাকেন, তবে মোকদ্দমা গ্রাহ্য হইতে পারিবে ইতি। (ক্ষু. মো. আ.)

[খৎগ্রাহকের মোকদ্দমা করণের বাধা পূর্ব্বোল্লিখিত বিধানক্রমে না হইবার কথা।]

৪৮১ ধারা। পূর্ব্বোক্ত প্রকারে রেজিষ্টরী হওয়া কোন খতের গ্রাহক যদি পূর্ব্বোক্ত বিধানানুসারে সেই খৎ প্রবল করণের প্রার্থনা না করিয়া ঐ খতের নির্দ্দিষ্ট টাকা আদায়ার্থে মোকদ্দমা করিতে চাহেন, তবে পূর্ব্বের কএক ধারার কোন বিধান তাহার প্রতিবন্ধক জ্ঞান হইবে না, কিন্তু মিয়াদের আইন মান্য করিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ.)

[যে সাক্ষিদের প্রতি প্রমাণ দিবার আদেশ হয় তাহাদের উপস্থানের ও পরীক্ষার ও দণ্ডের কথা।]

৪৮২ ধারা। সাক্ষিদিগকে আহ্বান করণ ও তাঁহাদের উপস্থিত হওন ও পরীক্ষা দেওন ও পারিশ্রমিক প্রাপণ ও দণ্ড নিরূপণ বিষয়ক যে সকল বিধান চতুর্থ অধ্যায়ে লিখিত হইল, তাহা এই অধ্যায়ের বিধানানুসারে প্রমাণ দিবার, কি লেখ্য উপস্থিত করিবার আদেশ প্রাপ্ত সাক্ষিদের প্রতিও বর্ত্তিবে। এই ধারার বলে কোন সাক্ষির যে দণ্ড হইতে পারে তাহা

be liable under this Section shall be imposed by the Court from which the process was issued. (S. C. C. & R. C.)

CHAPTER VI.

OF PAUPER SUITS.

[Suits may be brought *in formâ pauperis.*]

CCCCLXXXIII. A suit may be brought *in formâ pauperis* in the Court having jurisdiction over the claim, subject to the following rules. (S. C. C.)

[What suits excepted.]

CCCCLXXXIV. No suit shall be brought *in formâ pauperis* to recover money on account of damages for loss of caste, slander, abusive language or assault. (S. C. C.)

[Application to be by petition on stamp paper.]

CCCCLXXXV. The application for permission to institute a suit *in formâ pauperis* shall be by petition written on stamp paper of the value of one Rupee. (S. C. C.)

[Contents of petition.]

CCCCLXXXVI. The petition shall contain the particulars required by Section 53 in regard to plaints in suits, and shall have annexed to it a Schedule of any movable or immovable property belonging to the petitioner, with the estimated value thereof, and shall be subscribed and verified in the manner prescribed by this Code for the subscription and verification of plaints. (S. C. C.)

[Presentation of petition. Petition of certain females may be presented by agent.]

CCCCLXXXVII. The petition shall be presented to the Court by the petitioner in person; but if he satisfy the Court that he is prevented by sickness from attending the Court in person, or if the petitioner be a female who, according to the custom and manners of the country, ought not to be compelled to appear in public, the petition may be presented by a duly authorized agent who may be able to answer all material questions relating to the application and who shall be liable to be examined in the same manner as the party represented by him might have been examined had such party attended in person. (S. C. C.)

[Rejection of petition.]

CCCCLXXXVIII. If the petition be not framed or presented in the manner laid down in the last two preceding Sections, the Court shall reject it. (S. C. C.)

যে আদালত হইতে আজ্ঞাপত্র প্রচার হয় সেই আদালত ধার্য্য করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

ষষ্ঠ অধ্যায়।

পাপরের (অর্থাৎ অক্ষম লোকের) মোকদ্দমার বিধি।

[পাপরস্বরূপে মোকদ্দমা করিতে পারিবার কথা।

৪৮৩ ধারা। যে দাওয়ার উপর যে আদালতের বিচারাধিপত্য থাকে সেই দাওয়ার বিষয়ে সেই আদালতে দাওয়াদার নিম্নলিখিত বিধিক্রমে পাপরস্বরূপে মোকদ্দমা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো আ.)

[যে২ মোকদ্দমা বর্জ্জনীয় তাহার কথা।]

৪৮৪ ধারা। জাতির হানি কি পরিবাদ কি গালি কি আক্রমণ জন্য ক্ষতিপূরণ পাইবার জন্যে কেহ পাপরস্বরূপে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন না ইতি। (ক্ষু. মো. আ.)

[ইষ্টাম্প কাগজে প্রার্থনা লিখিতে হইবার কথা।]

৪৮৫ ধারা। পাপরস্বরূপে মোকদ্দমা করিবার অনুমতি প্রার্থনা ১৲ টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ.)

[প্রার্থনাপত্রে যাহা লিখিতব্য তাহার কথা।]

৪৮৬ ধারা। এই আইনের ৫৩ ধারার আদেশানুসারে মোকদ্দমার নালিশপত্রে যে সকল কথা লিখিতে হয় তাহা সেই প্রার্থনাপত্রেও লিখিতে হইবে, শেষভাগে প্রার্থকের স্থাবর কি অস্থাবর সকল সম্পত্তি ও তাহার আনুমানিক মূল্যের তফসীল দেওয়া যাইবে। এই আইনের বিধানানুসারে নালিশপত্রে স্বাক্ষর করিয়া তাহা যে প্রকারে সত্য করিতে হয় সেই প্রকারে ঐ প্রার্থনাপত্রেও স্বাক্ষর করিয়া তাহা সত্য করিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ.)

[প্রার্থনাপত্র উপস্থিত করিবার কথা। কোন২ স্ত্রীর প্রার্থনাপত্র মোক্তারের দ্বারা উপস্থিত করিবার কথা।]

৪৮৭ ধারা। প্রার্থক আপনি আদালতে সেই প্রার্থনাপত্র উপস্থিত করিবেন। কিন্তু তিনি পীড়াপ্রযুক্ত আপনি আদালতে উপস্থিত হইতে পারেন না এই বিষয় যদি আদালতের হৃদ্বোধ করান্ কিম্বা এই দেশের রীতি ও আচারানুসারে যাহাকে প্রকাশ স্থানে বলপূর্ব্বক উপস্থিত করাণ অনুচিত এমত স্ত্রীলোক যদি প্রার্থক হন, তবে উচিতমতে ক্ষমতাপন্ন যে মোক্তার সেই প্রার্থনাসম্পর্কীয় সকল গুরুতর প্রশ্নের উত্তর দেওনে সমর্থ হন, তাঁহার দ্বারা ঐ প্রার্থনাপত্র সমর্পিত হইতে পারিবে। সেই মোক্তার যাঁহার প্রতিনিধি হন সেই ব্যক্তি আপনি উপস্থিত হইলে যেমন তাঁহার পরীক্ষা লওয়া যাইত তেমনি সেই মোক্তারের পরীক্ষা লওয়া যাইতে পারিবে ইতি। (ক্ষু. মো. আ.)

[প্রার্থনাপত্র অগ্রাহ্য হইবার কথা।]

৪৮৮ ধারা। সেই প্রার্থনাপত্র ইহার অব্যবহিত পূর্ব্ব দুই ধারার নির্দ্দিষ্টমতে লিখিত কি সমর্পিত না হইলে আদালত তাহা অগ্রাহ্য করিবেন ইতি। (ক্ষু. মো. আ.)

[Examination of petitioner. If presented by agent, Court may order petitioner to be examined by Commission.]

CCCCLXXXIX. If the petition be in form and duly presented, the Court shall proceed to examine the petitioner, or his agent when the petitioner is allowed to appear by agent, regarding the merits of the claim and the property of the petitioner. When the petition is presented by an agent, the Court may, if it think proper, order that the petitioner be examined by a Commission in the manner in which the examination of an absent witness may be taken under the provisions of this Code. (S. C. C.)

[Rejection of application.]

CCCCXC. If it appear to the Court upon such examination that the defendant, or the subject-matter of the suit, is not within the jurisdiction of the Court, or that the right of action is barred by lapse of time, or that the allegations of the petitioner do not constitute a ground of action, or, if none of the foregoing objections exist, that the petitioner has failed to show that he is not possessed of sufficient means to enable him to pay for the stamp duty prescribed by any law for the plaint, or that the petitioner has recently disposed of any property fraudulently or with a view to obtain the benefit of this Chapter, the Court shall refuse to allow the petitioner to sue *in formâ pauperis*. (S. C. C.)

[Notice to opposite party, if application not refused, of day for receiving evidence of petitioner's pauperism.]

CCCCXCI. If upon such examination the Court shall see no reason to refuse the application on any of the grounds stated in the last preceding Section, it shall fix a day, of which at least ten days' previous notice shall be given to the opposite party, for receiving such evidence as the petitioner may adduce in proof of his being a pauper and for hearing any evidence which the opposite party may bring forward in disproof of his pauperism. (S. C. C.)

[Procedure at hearing.]

CCCCXCII. On the day appointed for the hearing or as soon after as may be convenient, the Court shall consider any objections made by the opposite party, and shall examine any witnesses produced by either party, and make a memorandum of the substance of their evidence, and shall either allow or refuse to allow the petitioner to sue *in formâ pauperis*. (S. C. C.)

[Summons to witness.]

CCCCXCIII. Either party may, on aplication to the Court made in sufficient time before the day fixed for the hearing of the case, obtain a

[প্রার্থকের পরীক্ষার কথা। মোক্তারের দ্বারা অর্পিত হইলে, কমিস্যনদ্বারা প্রার্থকের পরীক্ষা লইতে আদালতের ক্ষমতার কথা।]

৪৮৯ ধারা। সেই প্রার্থনাপত্র নিয়মিতমত ও উপযুক্তরূপে সমর্পিত হইলে, আদালত দাওয়ার দোষগুণ ও প্রার্থকের সম্পত্তি বিষয়ে সেই প্রার্থকের, কিম্বা মোক্তারদ্বারা উপস্থিত হইবার অনুমতি হইলে সেই মোক্তারের, পরীক্ষা লইতে প্রবৃত্ত হইবেন। যদি মোক্তারের দ্বারা প্রার্থনাপত্র সমর্পিত হয়, তবে আদালত উপযুক্ত জ্ঞান করিলে আজ্ঞা করিতে পারিবেন যে এই আইনের বিধানানুসারে অনুপস্থিত কোন সাক্ষির পরীক্ষা যেরূপে লওয়া যাইতে পারে কমিস্যনদ্বারা ঐ প্রার্থকের সেই প্রকারে পরীক্ষা লওয়া যায় ইতি। (ক্ষু. মো. আ.)

[প্রার্থনা অগ্রাহ্য করিবার কথা।]

৪৯০ ধারা। তদ্রূপ পরীক্ষা গ্রহণ সময়ে যদি আদালত দেখিতে পান যে, প্রতিবাদী অথবা বিবাদীয় বিষয় আদালতের বিচারাধিপত্যের অন্তর্গত নয়, কিম্বা কাল অতীত হওয়াতে মোকদ্দমা করিবার অধিকার লুপ্ত হইয়াছে, কিম্বা প্রার্থকের আবেদন মোকদ্দমারহেতু হয় না, কিম্বা যদি উক্ত কোন আপত্তি না খাটে, তবে কোন আইনক্রমে নালিশপত্রের মত ইষ্টাম্প নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা দেওনার্থে ঐ প্রার্থক উপযুক্ত সংস্থান না থাকা দর্শাইতে পারিলেন না, কিম্বা এই অধ্যায়ের নির্দ্দিষ্ট উপকার পাইবার আশয়ে কি প্রতারণাভাবে তিনি অল্পকাল পূর্ব্বে কোন সম্পত্তি হস্তান্তরগত করিয়াছেন, তবে আদালত সেই প্রার্থককে পাপরস্বরূপে মোকদ্দমা করিবার অনুমতি দিতে সম্মত হইবেন না ইতি। (ক্ষু. মো. আ.)

[প্রার্থনা অগ্রাহ্য না হইলে বিপক্ষ পক্ষকে প্রার্থকের যোত্রহীনতার প্রমাণ গ্রহণার্থ দিনের সংবাদ দিবার কথা।]

৪৯১ ধারা। উক্ত পরীক্ষা গ্রহণকালে যদি আদালত ইহার অব্যবহিত পূর্ব্ব ধারাতে উল্লিখিত কোন হেতু প্রযুক্ত প্রার্থনা অগ্রাহ্য করিবার কারণ না দেখেন, তবে সেই প্রার্থক আপনার ধনহীনতা প্রতিপন্ন করণার্থে যে প্রমাণ উপস্থিত করিবেন, ও তাঁহার সেই ধনহীনতার অলীকতা প্রতিপন্ন করণার্থে বিপক্ষ পক্ষ যে প্রমাণ উপস্থিত করিবেন, তাহা গ্রহণ করিবার দিন নিরূপণ করিবেন। ন্যূনকল্পে দশ দিবস পূর্ব্বে সেই দিনের সংবাদ বিপক্ষ পক্ষকে দিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ.)

[শ্রবণকালে ইতিকর্ত্তব্যতার কথা।]

৪৯২ ধারা। মোকদ্দমা শুনিবার নিরূপিত দিনে কি তৎপশ্চাৎ সুবিধামত যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র আদালত বিপক্ষ পক্ষের কৃত আপত্তি সকল বিবেচনা করিবেন, ও উভয় পক্ষের আনীত সকল সাক্ষির পরীক্ষা লইবেন, ও তাহাদের প্রমাণের মর্ম্মাংশক লিপি করিবেন, ও সেই প্রার্থককে পাপরস্বরূপে মোকদ্দমা করিবার অনুমতি দিবেন কি দিতে অসম্মত হইবেন ইতি। (ক্ষু. মো. আ.)

[সাক্ষিদিগকে আহ্বান করিবার কথা।]

৪৯৩ ধারা। মোকদ্দমা শ্রবণার্থে নিরূপিত দিনের পূর্ব্বে উপযুক্ত সময়ের মধ্যে আদালতের নিকট প্রার্থনা করিলে অন্যতর পক্ষ প্রমাণ দিবার কি লেখ্য আনিয়া

summons to any person to attend either to give evidence or to produce a document. (S. C. C.)

[Court may institute local enquiry.]

CCCCXCIV. Previously to passing a final order in the case, the Court may, if it think fit, institute a local enquiry in the manner laid down in Chapter IV regarding the property of the petitioner or regarding the amount or value of any property claimed. (S. C. C.)

[Procedure if application admitted.]

CCCCXCV. If the application of the petitioner be granted, it shall be numbered and registered and shall be deemed the plaint in the suit, and the suit shall proceed in all other respect as a suit instituted under Chapter IV, except that the plaintiff shall not be liable to any stamp duty in respect of any petition, appointment of an Advocate, or other proceeding connected with the suit. (S. C. C.)

[Recovery of *dives* stamp duty.]

CCCCXCVI. On the decision of the suit, the Court shall calculated the amount of stamp duty which would have been paid by the plaintiff if he had not been permitted to sue *in formâ pauperis* and such amount shall be recoverable by Government from any party ordered by the decree to pay the same, in the same manner as costs of suit recoverable under this Code. (S. C. C.)

[Refusal to allow petitioner to sue as pauper, to bar subsequent application of like nature.]

CCCCXCVII. The refusal to allow the petitioner to sue *in formâ pauperis* shall be a bar to any susequent application of the like nature in respect of the same cause of action; but the plaintiff shall be at liberty to institute a suit in the ordinary manner in respect of such cause of action, unless precluded by the law of limitations. (S. C. C.)

[Attendance, examination, and punishment of witnesses.]

CCCCXCVIII. The provisions of Chapter IV relating to the summoning, attendance, and examination of witnesses, and to remuneration of and penalties to be imposed upon witnesses, shall apply to witnesses and other persons required to to give evidence or to produce documents under the provisions of this Chapter. (S. C. C.)

দেখাইবার অভিপ্রায়ে কোন ব্যক্তিকে উপস্থিত করাইবার জন্যে তাঁহার নামে আহ্বানপত্র পাইতে পারিবেন ইতি। (স্থু. মো. আ.)

[স্থানীয় অনুসন্ধান করাইতে আদালতের ক্ষমতার কথা।]

৪৯৪ ধারা। মোকদ্দমার চূড়ান্ত আজ্ঞা করিবার পূর্ব্বে যদি আদালত উপযুক্ত জ্ঞান করেন, তবে চতুর্থ অধ্যায়ের বিধানমতে প্রার্থকের সম্পত্তি বিষয়ক কিম্বা যাহার উপর দাওয়া করা যাইতেছে এমত সম্পত্তির পরিমাণ কি মূল্য বিষয়ক স্থানীয় অনুসন্ধান করাইতে পারিবেন ইতি। (স্থু. মো. আ.)

[প্রার্থনা গ্রাহ্য হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৪৯৫ ধারা। যদি প্রার্থকের প্রার্থনা গ্রাহ্য হয়, তবে তাহাতে নম্বর দিয়া তাহা রেজিস্টর করা যাইবে, ও মোকদ্দমার নালিশপত্ররূপে গণ্য হইবে, এবং অন্য সকল বিষয়ে চতুর্থ অধ্যায়ের বিধানমতে উপস্থিত মোকদ্দমার ন্যায় সেই মোকদ্দমা চলিবে, কেবল কোন প্রার্থনার সম্বন্ধে কি উকীল নিযুক্ত করণ কি মোকদ্দমা-ঘটিত অন্য কোন কার্য্য সম্বন্ধে বাদির কোন ইষ্টাম্পের মাসুল লাগিবে না ইতি। (স্থু. মো. আ.)

[ধনির স্থানে ইষ্টাম্পের মাসুল আদায় করিবার কথা।]

৪৯৬ ধারা। যখন মোকদ্দমার নিষ্পত্তি হইয়াছে তখন বাদিকে পাপরস্বরূপে মোকদ্দমা করিবার অনুমতি না দিলে তাঁহার যত ইষ্টাম্পের মাসুল দিতে হইত আদালত তাহার হিসাব করাইবেন। এবং এই আইনের বিধানানুসারে যেমন মোকদ্দমার খরচা আদায় হয় তেমনি ডিক্রীক্রমে যে ব্যক্তির খরচা দিতে হয় সেই ব্যক্তির নিকটে গবর্ণমেন্ট ঐ মাসুল আদায় করিতে পারিবেন ইতি। (স্থু. মো. আ.)

[প্রার্থকের পাপরস্বরূপে মোকদ্দমা করিবার প্রার্থনা অগ্রাহ্য হইলে সেই ভাবের প্রার্থনা আরবার হইতে না পারিবার কথা।]

৪৯৭ ধারা। প্রার্থককে পাপরস্বরূপে মোকদ্দমা করিবার অনুমতি দিতে অসম্মত হইলে সেই বিবাদের হেতু বিষয়ক সেই ভাবের প্রার্থনা আর হইতে পারিবে না, কিন্তু মিয়াদের আইনক্রমে বাধা না হইলে বাদী চলিত রীতিমতে সেই বিবাদের হেতু বিষয়ক মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি। (স্থু. মো. আ.)

[সাক্ষিদের উপস্থানের ও পরীক্ষা গ্রহণের ও দণ্ডের কথা।]

৪৯৮ ধারা। সাক্ষিদিগকে আহ্বান করণ ও তাহাদের উপস্থিত হওন ও পরীক্ষা গ্রহণ এবং সাক্ষিদিগের পারিশ্রমিক কি দণ্ড নিরূপণ বিষয়ক যে সকল বিধান চতুর্থ অধ্যায়ে নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা এই অধ্যায়ের বিধানানুসারে সাক্ষ্য দিবার কি লেখ্য উপস্থিত করিবার আদেশ প্রাপ্ত সাক্ষিদের ও অন্য লোকদের প্রতি বর্ত্তিবে ইতি। (স্থু. মো. আ.)

CHAPTER VII.

Reference to Arbitration.

[Parties to suit may apply for order of reference.]

CCCCXCIX. If the parties to a suit desire that any matter in difference between them in the suit shall be referred to arbitration, they may, at any time during the pendency of the suit, apply to the Court for an order of reference. (S. C. C. & R. C.)

[Application.]

D. The application shall be in writing, and shall bear the stamp prescribed for petitions to the Court where a stamp is required for petitions. (S. C. C. & R. C.)

[Nomination of arbitrator.]

DI. The arbitrator shall be nominated by the parties in such manner as may be agreed upon between them. (S. C. C. & R. C.)

[When Court to nominate arbitrator.]

DII. If the parties cannot agree with respect to the nomination of the arbitrator, or if the person whom they nominate shall refuse to accept the arbitration and the parties are desirous that the nomination shall be made by the Court, the Courts shall nominate the arbitrator. (S. C. C. & R. C.)

[Order of reference.]

DIII. The Court shall by an order, refer to the arbitrator the matter in difference which he may be required to determine, and shall fix such time as it may think reasonable for the delivery of the award, and specify such time in the order. (S. C. C. & R. C.)

[When reference is to two or more, order to provide for difference of opinion.]

DIV. If the reference be to two or more arbitrators, provision shall be made in the order for a difference of opinion among the arbitrator by the appointment of an umpire, or if the number of arbitrators be uneven, by declaring that the decision shall be with the majority, or by empowering the arbitrators to appoint an umpire; or otherwise as may be agreed between the parties; or, if they cannot agree, as the Court may determine. If the number of arbitrators is uneven, in the absence of a declaration in the reference that all the arbitrators shall concur in the award, the decision shall be with the majority. (S. C. C. & R. C.)

সপ্তম অধ্যায়।

মধ্যস্থের প্রতি অর্পণ করিবার বিধি।

[মধ্যস্থের প্রতি অর্পণার্থে মোকদ্দমার উভয় পক্ষের প্রার্থনা করিবার কথা।]

৪৯৯ ধারা। মোকদ্দমাসম্বন্ধীয় বিবাদের কোন বিষয় মধ্যস্থগণের নির্ণয়ের নিমিত্তে অর্পিত হয়, যদি মোকদ্দমার উভয় পক্ষের এমত বাঞ্ছা থাকে, তবে মোকদ্দমার কার্য্য সম্পাদনের কোন কালে তাঁহারা তদ্রূপ অর্পণের আজ্ঞার নিমিত্ত আদালতের নিকট প্রার্থনা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[প্রার্থনার কথা।]

৫০০ ধারা। সেই প্রার্থনা লিখিত হইবে, ও সেই আদালতে যদি প্রার্থনাপত্রে ইষ্টাম্প লাগে, তবে প্রার্থনাপত্রের উপযুক্ত ইষ্টাম্প তাহাতে দিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[মধ্যস্থদিগকে মনোনীত করিবার কথা।]

৫০১ ধারা। মধ্যস্থ উভয় পক্ষের সম্মত নিয়মক্রমে পক্ষদ্বয়ের দ্বারা মনোনীত হইবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[আদালত যে স্থলে মধ্যস্থদিগকে মনোনীত করিবেন তাহার কথা।]

৫০২ ধারা। যাঁহাকে মধ্যস্থস্বরূপ মনোনীত করিতে হইবে এই বিষয়ে যদি উভয় পক্ষ একবাক্য না হন, কিম্বা তাঁহারা যাঁহাকে মনোনীত করেন তিনি যদি মধ্যস্থের কর্ম্মের ভার লইতে অস্বীকার করেন এবং আদালত লোক মনোনীত করেন, যদি উভয় পক্ষের এমত বাঞ্ছা হয়, তবে আদালত মধ্যস্থকে মনোনীত করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[অর্পণের আজ্ঞার কথা।]

৫০৩ ধারা। বিবাদীয় যে বিষয় মধ্যস্থের নির্ণয় করিতে হইবে আদালত আজ্ঞাদ্বারা সেই বিষয় তাঁহার প্রতি অর্পণ করিবেন, এবং যে সময় যুক্তিসিদ্ধ জ্ঞান করেন অর্পণপত্র সমর্পণের এমত সময় নিরূপণ করিয়া ঐ অনুজ্ঞাপত্রে সেই সময় নির্দ্দিষ্ট করিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[দুই কি অধিক জন মধ্যস্থের প্রতি বিবাদ অর্পিত হইলে ঐ অনুজ্ঞাপত্রে মতের অনৈক্যের বিধান নির্দ্দিষ্ট হইবার কথা।]

৫০৪ ধারা। যদি দুই কি অধিক জন মধ্যস্থের প্রতি বিবাদ অর্পিত হয়, তবে ঐ মধ্যস্থদের মতের অনৈক্য হইতে পারে এই বিবেচনায় ঐ অনুজ্ঞাপত্রেতে প্রমাণপুরুষ নিযুক্ত করিবার বিধান, অথবা মধ্যস্থদের সংখ্যা বিষম হইলে অধিক লোকের যে নির্ণয় হয় তাহার প্রবলতার বিধান, কিম্বা মধ্যস্থদিগকে প্রমাণপুরুষকে নিযুক্ত করিবার ক্ষমতা দান, কিম্বা উভয় পক্ষ অন্য যে নিয়মে সম্মত হন, অথবা তাঁহারা একবাক্য হইতে না পারিলে আদালত যে নিয়ম করেন তদনুসারে ঐ অনৈক্যের প্রতিবিধান করিবেন। সকল মধ্যস্থের ঐক্যক্রমে নির্ণয় হইবে বিবাদার্পণপত্রে যদি এই দৃঢ় বিধান না থাকে, তবে মধ্যস্থদিগের সংখ্যা অসম হইলে অধিকাংশের যে নির্ণয় তাহাই প্রবল হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[In case of death, incapacity, or refusal or neglect to act of arbitrators or umpire, Court to appoint others.]

DV. If the arbitrator, or where there are more arbitrators than one, any of the arbitrators, or the umpire, shall die, or refuse, or neglect, or become incapable to act, the Court, if the parties so desire, may appoint a new arbitrator or umpire in the place of the person so dying, or refusing or neglecting or becoming incapable to act. (S. C. C. & R. C.)

[Umpire, if not appointed by arbitrators, may be appointed by Court.]

DVI. Where the arbitrators are empowered by the terms of the order of reference to appoint an umpire and fail to do so, any of the parties may serve the arbitrators with a written notice to appoint an umpire; and if within seven days after such notice shall have been served, no umpire be appointed, it shall be lawful for the Court, upon the application of the party having served such notice as aforesaid, and upon proof to its satisfaction of such notice having been served, to appoint an umpire. (S. C. C & R. C.)

[Power of arbitrator or umpire appointed under Section 505 or 506.]

DVII. An arbitrator or umpire appointed under either of the last two preceding Sections shall have the like powers to act in the reference, as if his name had been inserted in the order of reference. (S. C. C. & R. C.)

[Summoning witnesses. Punishment for default, &c.]

DVIII. The Court shall issue the same processes to the parties and witnesses whom the arbitrators or umpire may desire to examine, as the Court is authorized to issue in suits tried before it. Persons not attending in accordance with such process, or making any other default, or refusing to give their evidence, or being guilty of any contempt to the arbitrator or umpire during the investigation of the matters referred, shall be subject to the like disadvantages, penalties and punishments by order of the Court on the representation of the arbitrator or umpire, as they would incur for the like offences in suits tried before the Court. (S. C. C. & R. C.)

[Extension of time for making award.]

DIX. If the arbitrator shall not complete the award within the period specified in the order, from the want of the necessary evidence or information or from any other cause, the Court may grant a further time and may from time to time enlarge the period for the delivery of the award, if it shall think proper. (S. C. C. & R. C.)

[মধ্যস্থ কি প্রমাণপুরুষ মরিলে কিম্বা অক্ষম হইলে কি অস্বীকার কি উপেক্ষা করিলে অন্য লোককে নিযুক্ত করিতে আদালতের ক্ষমতার কথা।]

৫০৫ ধারা। সেই মধ্যস্থ, কিম্বা একের অধিক মধ্যস্থ থাকিলে তাঁহারদের মধ্যে কোন জন, কিম্বা প্রমাণপুরুষ যদি মরেন কিম্বা কার্য্য করিতে অস্বীকার কি উপেক্ষা করেন কি অসমর্থ হন, তবে উভয় পক্ষের ইচ্ছা হইলে আদালত সেই মৃত কি কর্ম্ম করিতে অসম্মত কি উপেক্ষক কি অসমর্থ ব্যক্তির পদে নূতন মধ্যস্থকে কি প্রমাণপুরুষকে নিযুক্ত করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[মধ্যস্থেরা প্রমাণপুরুষকে নিযুক্ত না করিলে আদালতকর্তৃক তাঁহার নিযুক্ত হইবার কথা।]

৫০৬ ধারা। সমর্পণের অনুজ্ঞাপত্রের কথাদ্বারা মধ্যস্থদিগকে প্রমাণপুরুষ নিযুক্ত করণের ক্ষমতা দত্ত হইলেও যদি তাঁহারা না করেন, তবে পক্ষ ব্যক্তিদের মধ্যে কোন ব্যক্তি মধ্যস্থদিগের প্রতি প্রমাণপুরুষকে নিযুক্ত করিবার লিখিত জ্ঞাপনপত্র পর্য্যর্পণ করিতে পারিবেন, এবং সেই জ্ঞাপনি পর্য্যর্পণ হইলে পর যদি সাত দিনের মধ্যে প্রমাণপুরুষ নিযুক্ত না হন, তবে যে ব্যক্তি পূর্ব্বোক্ত জ্ঞাপনপত্র পর্য্যর্পণ করিলেন তিনি প্রার্থনা করিলে, এবং ঐ জ্ঞাপনপত্র পর্য্যর্পণ হইয়াছে আদালত হৃদ্বোধমতে ইহার প্রমাণ পাইলে, প্রমাণপুরুষকে নিযুক্ত করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[৫০৫ ও ৫০৬ ধারামতে নিযুক্ত মধ্যস্থের কি প্রমাণপুরুষের ক্ষমতার কথা।]

৫০৭ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব দুই ধারামতে যে মধ্যস্থ কি প্রমাণপুরুষ নিযুক্ত হন, বিবাদার্পণের অনুজ্ঞাপত্রে তাঁহার নাম লিখিত হওয়ার ন্যায় তাঁহার ঐ অর্পিত বিবাদ সম্পর্কে কার্য্য করিবার ক্ষমতা থাকিবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[সাক্ষিদিগকে আহ্বান করিবার ও না মানিবার দণ্ডের কথা।]

৫০৮ ধারা। আদালত স্বীয় সম্মুখে বিচারিত মোকদ্দমায় যেং পরওয়ানা প্রচার করিতে ক্ষমতাপন্ন হন, মধ্যস্থেরা ও প্রমাণপুরুষ যাহারদের পরীক্ষা লইতে চাহেন, আদালত তাঁহারদের নামেও সেই পরওয়ানা প্রচার করিবেন। যে ব্যক্তিরা তদ্রূপ আজ্ঞাপত্র পাইয়া না আইসেন কি প্রকারান্তরে ত্রুটি করেন কি সাক্ষ্য দিতে অস্বীকার করেন, কি সমর্পিত বিষয়ের অনুসন্ধান কালে মধ্যস্থের কি প্রমাণপুরুষের প্রতি অবজ্ঞা দোষের দোষী হন, তাঁহারা আদালতের সম্মুখে বিচারিত মোকদ্দমায় তদ্রূপ অপরাধ করিলে যেমন দায়ী হইতেন ঐ মধ্যস্থের কি প্রমাণপুরুষের আবেদনক্রমে আদালতের আজ্ঞার বলে তাঁহারা তেমনি ক্ষতির কি অর্থদণ্ডের কি অন্য দণ্ডের দায়ী হইবেন ইতি। (ক্ষু. মো আ. ও রা. আ.)

[নির্ণয় করণার্থ সময় বৃদ্ধির কথা।]

৫০৯ ধারা। প্রয়োজনীয় প্রমাণের কি জ্ঞানের অভাবে কি অন্য কারণে যদি মধ্যস্থ অনুজ্ঞাপত্রে নিরূপিত সময়ের মধ্যে নির্ণয় সমাপ্ত করিতে না পারেন, তবে আদালত উপযুক্ত বোধ করিলে জয়পত্র সমর্পণের অধিক অবকাশ দিতে এবং সময়েং ঐ সময় বৃদ্ধি করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[When umpire may arbitrate in lieu of arbitrators.]

DX. When an umpire shall have been appointed, it shall be lawful for him to enter on the reference in the place of the arbitrators, if they shall have allowed their extended time to expire without making an award or, when they shall have delivered to the Court or to the umpire a notice in writing, stating that they cannot agree or that they are equally divided. (S. C. C. & R. C.)

[Award to be signed and filed.]

DXI. When an award in a suit shall have been made, the person or persons who made it shall sign and file it in Court together with any documents which may have been filed ; and notice of the filing of the award shall be given to the parties. (S. C. C. & R. C.)

[Arbitrator or umpire may state special case.]

DXII. Upon any reference by an order of Court, and if it is not provided to the contrary, the arbitrator or umpire may state his awards as to the whole or any part thereof in the form of a special case for the opinion of the Court. (S. C. C. & R. C.)

[Court may, on application, modify or correct award in certain cases.]

DXIII. The Court may, on the application of either of the parties, modify or correct an award where it appears that a part of the award is upon a matter not referred to arbitration, provided such part can be separated from the other part and does not affect the decision on the matter referred, or where the award is imperfect in form or contains any obvious error which can be amended without affecting such decision. (S. C. C. & R. C.)

[And make order respecting costs of arbitration.]

DXIV. The Court may also, on the application of either of the parties or of the arbitrator or umpire, make such order as it thinks just respecting the costs of the arbitration, if any question arise respecting such costs and the award contain no sufficient provision concerning them. (S. C. C. & R. C.)

[প্রমাণপুরুষ যে স্থলে মধ্যস্থদিগের পরিবর্ত্তে নির্ণয় করিতে পারেন তাহার কথা।]

৫১০ ধারা। প্রমাণপুরুষ নিযুক্ত হইলে যদি মধ্যস্থেরা নির্ণয় না করিয়া ঐ বর্দ্ধিত কাল অতীত হইতে দেন, কিম্বা আমরা এক মতে সম্মত হইতে পারিলাম না কিম্বা আমাদের যত ব্যক্তি এক পক্ষীয় হন তত ব্যক্তি বিপক্ষ মতা আছেন ইহা যদি লিখিত পত্রদ্বারা আদালতকে কি প্রমাণপুরুষকে জানান, তবে সেই প্রমাণপুরুষ ঐ মধ্যস্থদের পরিবর্ত্তে ঐ সমর্পিতবিষয়ের কর্ম্মে প্রবর্ত্ত হইতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[জয়পত্র স্বাক্ষরিত ও গচ্ছিত হইবার কথা।]

৫১১ ধারা। কোন মোকদ্দমার নির্ণয় হইলে পর যে ব্যক্তি কি ব্যক্তিরা তাহা করিয়াছেন তাঁহারা তাহাতে স্বাক্ষর করিয়া তৎসহিত যে কোন লেখা অর্পিত হইয়াছে তাহা সমেত ঐ জয়পত্র আদালতে গচ্ছিত করিবেন, এবং উভয় পক্ষকে সেই জয়পত্র গচ্ছিত হইবার সম্বাদ দেওয়া যাইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[মধ্যস্থ কি প্রমাণপুরুষের বিশেষ বিচারাস্পদ ব্যক্ত করিবার কথা।]

৫১২ ধারা। আদালতের আজ্ঞাক্রমে কোন বিবাদ অর্পিত হইলে, যদি বিপরীত বিধি না থাকে, তবে মধ্যস্থ কি প্রমাণপুরুষ ঐ বিবাদাস্পদের সমুদয় কি কোন অংশের যে নির্ণয় করেন, তাহা আদালতের বিবেচনার্থে বিশেষ বিচারাস্পদের ন্যায় ব্যক্ত করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[প্রার্থনা হইলে বিশেষ২ স্থলে ঐ নির্ণয় মতান্তর কি সংশোধন করিতে আদালতের ক্ষমতার কথা।]

৫১৩ ধারা। মধ্যস্থালিতে যাহা সমর্পিত হয় নাই এমত কোন বিষয়ের প্রতি নির্ণয়ের কোন অংশ বর্ত্তে ইহা যদি প্রকাশ পায়, তবে আদালত অন্যতর পক্ষের প্রার্থনাক্রমে সেই নির্ণয় মতান্তর কি সংশোধন করিতে পারিবেন। কিন্তু ইহার নিমিত্তে আবশ্যক যে নির্ণয়ের সেই অংশ অন্য অংশহইতে পৃথক করা যাইতে পারে, ও তাহাতে অর্পিত বিষয়ে যে নিষ্পত্তি হইল তাহার কিছু হানি না হয়। অথবা নির্ণয়ের রীতি অসম্পূর্ণ হইলে, কিম্বা তাহাতে স্পষ্ট ভ্রম থাকিলে তৎসংশোধনদ্বারা নিষ্পত্তির হানি না হয় ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[মধ্যস্থালির খরচ বিষয়ক আজ্ঞা দিবার ক্ষমতার কথা।]

৫১৪ ধারা। যদি মধ্যস্থালির খরচাবিষয়ক কোন বিবাদ হয় এবং জয়পত্রে তাহার উপযুক্ত বিধান না থাকে, তবে আদালত অন্যতর পক্ষের কিম্বা মধ্যস্থের কি প্রমাণপুরুষের প্রার্থনাক্রমে সেই খরচার যেরূপ আজ্ঞা করা ন্যায্য জ্ঞান করেন তদ্রূপ আজ্ঞা করিতে পারিবেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[Cases in which award or matter referred to arbitration may be remitted.]

[যেই স্থলে নির্ণয়পাদ কিম্বা মধ্যস্থালিতে অর্পিত বিবাদ পুনশ্চ অর্পিত হইতে পারিবে তাহার কথা।]

DXV. In any of the following cases the Court shall have power to remit the award or any matter referred to arbitration to the reconsideration of the same arbitrator or umpire, upon such terms as it may think proper; that is to say:—

৫১৫ ধারা। নিম্ন লিখিত কোন স্থলে আদালত যেরূপ নিয়ম উপযুক্ত জ্ঞান করেন তদ্রূপ নিয়ম করিয়া নির্ণয়পাদ কিম্বা মধ্যস্থালিতে অর্পিত বিবাদ সেই মধ্যস্থের কি প্রমাণপুরুষের পুনর্ব্বিবেচনার জন্যে পুনশ্চ অর্পণ করিতে পারিবেন। বিশেষতঃ

(1). If the award has left undetermined any of the matters referred to arbitration, or if it determine any matter not referred to arbitration.

১। মধ্যস্থালিতে অর্পিত বিষয়ের মধ্যে কোন বিষয় যদি জয়পত্রে অনির্ণীত থাকে, কিম্বা মধ্যস্থালিতে অনর্পিত কোন বিষয় নির্ণীত হয়।

(2.) If the award is so indefinite as to be incapable of execution.

২। যদি অর্থের অব্যক্ততা প্রযুক্ত জয়পত্র প্রবল করা অসাধ্য হয়।

(3). If an objection to the legality of the award is apparent upon the face of it. (S. C. C. & R. C.)

৩। যদি জয়পত্র দৃষ্টমাত্রে সেই নির্ণয়ের আইন সিদ্ধতা বিষয়ক আপত্তি প্রকাশ পায় ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[Grounds for setting aside award. Proviso as to delay.]

[জয়পত্র অন্যথা করিবার হেতুর কথা ও বিলম্ব বিষয়ক উপনিয়ম।]

DXVI. No award shall be liable to be set aside except on the ground of corruption or misconduct of the arbitrator or umpire, or of either party having been guilty of fraudulent concealment of any matter which he ought to have disclosed, or of wilfully misleading or deceiving the arbitrator or umpire, or of the award having been made after the issue of an order by the Court superseding the arbitration and recalling the suit, or of the award not having been made within the period or further period allowed by the Court: Provided that no award shall be set aside on the last mentioned ground, unless it be proved to the satisfaction of the Court that the delay in completing the award arose form the corruption or misconduct of the arbitrator or umpire. (S. C. C. & R. C.)

৫১৬ ধারা। কোন মধ্যস্থ কি প্রমাণপুরুষ উৎকোচ গ্রহণ কি অন্য দুষ্কর্ম্ম করিলে, কিম্বা কোন পক্ষের যে কথা প্রকাশ করা কর্ত্তব্য তাহা যদি তিনি প্রতারণাপূর্ব্বক গোপনে রাখিবার দোষী হন, কিম্বা যদি ইচ্ছাপূর্ব্বক মধ্যস্থের কি প্রমাণপুরুষের ভ্রান্তি জন্মান, অথবা আদালত মধ্যস্থালি অন্যথা করিয়া মোকদ্দমা ফিরিয়া পাঠাইবার আজ্ঞা প্রচার করিলে পর যদি নির্ণয়পাদ হয়, অথবা যদি আদালতের দত্ত কালের কি অতিরিক্ত কালের মধ্যে নির্ণয় না করা যায়, তবে জয়পত্র অন্যথা হইতে পারিবে, অন্য কোন হেতুতে নয়। আর মধ্যস্থের কি প্রমাণ পুরুষের উৎকোচ গ্রহণ কি অহিতাচার প্রযুক্ত সেই নির্ণয় হইবার বিলম্ব হইয়াছে ইহা যদি আদালতের হৃদ্বোধমতে সপ্রমাণ না হয়, তবে শেষোক্ত হেতুতেও জয়পত্রের অন্যথা হইতে পারিবে না ইতি। (ক্ষু. মো. আ. ও রা আ.)

[Application to set aside award.]

[নির্ণয় অসিদ্ধ করণের প্রার্থনার কথা।]

DXVII. The application to set aside an award shall be made within fifteen days after notice of the filing of the award shall have been given to the parties as provided in Section 511, and shall be written on the stamp paper prescribed for petitions to the Court where a stamp is required for petitions. (S. C. C. & R. C.)

৫১৭ ধারা। জয়পত্র অর্পণ করিবার সম্বাদ ৫১১ ধারার বিধানমতে উভয় পক্ষকে দেওয়া গেলে পর পঞ্চদশ দিনের মধ্যে, ঐ জয়পত্র অন্যথা করিবার প্রার্থনা করা যাইতে পারে। আদালতের নিকট প্রার্থনাপত্রে যদি ইষ্টাম্প লাগে, তবে প্রার্থনাপত্রের নির্দ্দিষ্ট মূল্যের ইষ্টাম্প কাগজে ঐ প্রার্থনা লিখিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

Numb. 1395. ১৩৯৫)

UTTERPARA PUBLIC LIBRARY

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 24, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২৪ আপ্রিল।

HOME DEPARTMENT.

Legislative.

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 23rd March 1866, and is hereby promulgated for general information:

Act No. XV of 1866.

An Act to amend the Law of Partnership in India.

[Preamble.]

Whereas it is expedient to amend the Law relating to Partnership; It is enacted as follows:—

[Lender not a partner by advancing money for share of profits.]

I. The advance of money by way of loan to a person engaged or about to engage in any trade or undertaking upon a contract in writing with such person that the lender shall receive a rate of interest varying with the profits, or shall receive a share of the profits arising from carrying on such trade or undertaking, shall not, of itself, constitute the lender a partner with the person or the persons carrying on such trade or undertaking, or render him responsible as such.

Explanation.—A person who being entitled, whether as a retiring partner or otherwise, to

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্ন লিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৬ সালের ২৩ মার্চ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন, অতএব তাহা এতদ্দ্বারা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৬ সালের ১৫ আইন।

ভারতবর্ষের মধ্যে সংভূয়সমুত্থানের ব্যবস্থা সংশোধনার্থ আইন।

[হেতুবাদ।]

সংভূয়সমুত্থানবিষয়ক আইন সংশোধন করা বিহিত, এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান করা গেল।

[লভ্যের ভাগী হওনার্থে ঋণদানদ্বারা উত্তমর্ণের অংশী না হইবার কথা।]

১ ধারা। কোন ব্যক্তি কোন বাণিজ্য কি ব্যবসায়ে প্রবর্ত্ত হইলে কি প্রবর্ত্ত হইতে উদ্যত হইলে, যদি অন্য ব্যক্তি লভ্যানুসারে সুদ প্রাপ্ত হইবার কিম্বা সেই বাণিজ্য কি ব্যবসায় দ্বারা উৎপন্ন লভ্যের অংশ প্রাপ্ত হইবার চুক্তিপত্র লেখাইয়া, তাঁহাকে ঋণস্বরূপ অগ্রিম মুদ্রা দেন, তবে উত্তমর্ণ কেবল অগ্রিম ঋণদান প্রযুক্ত ঐ বাণিজ্যকারি কি ব্যবসায়ি ব্যক্তি কি ব্যক্তিদের অংশী কিম্বা অংশীভাবে দায়ী হন না ইতি।

ব্যাখ্যা। কোন ব্যক্তি সংভূয়সমুত্থান ত্যাগ করিতে উদ্যত হইলে, কিম্বা কারণান্তরে ব্যবসায়ের মূল ধনের

demand and receive present payment of the value of any share or interest of or in the capital or other funds of a business shall, after the value thereof shall have been ascertained between such person and the person or persons liable to pay the same, agree in writing to allow the same to remain therein or to be used by such person or persons for the purposes of such business, shall be construed to make an advance of money by way of loan within the meaning of this Section.

[Remuneration of agents, &c., by profits not to make them partners.]

II. No contract for the remuneration of a servant or agent of any person engaged in any trade or undertaking by a share of the profits of such trade or undertaking shall, of itself, render such servant or agent responsible as a partner therein, nor give him the rights of a partner.

[Certain annuitants not to be deemed partners.]

III. No person being the widow or child of the deceased partner of a trader, and receiving by way of annuity a portion of the profits made by such trader in his business, shall by reason only of such receipt, be deemed to be a partner of or to be subject to any liabilities incurred by such trader.

[Receipt of profits, &c., not to make the seller a partner.]

IV. No person receiving by way of annuity or otherwise a portion of the profits of any business, in consideration of the sale by him of the goodwill of such business, shall, by reason only of such receipt, be deemed to be a partner of, or be subject to, the liabilities of the person carrying on such business.

[Interpretation of "person."]

V. In the construction of this Act, the word "person" shall include a Partnership Firm, a Joint Stock Company, and a Corporation.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 23rd March 1866, and is hereby promulgated for general information:—

ACT No. XVI OF 1866.

An Act to relieve the Governor General of India in Council from the duty of signing the Commiss ons mentioned in Sections 22 and 44 of the High Courts' Criminal Procedure Amendment Act, 1865.

[Preamble.]

WHEREAS it is expedient to relieve the Governor General of India in Council from the duty of

কি সঞ্চিত অন্য ধনের কোন অংশের কি সম্পর্কের মূল্য চাহিবার এবং অধুনা প্রাপ্ত হইবার ক্ষমতাপন্ন হইলে পর, সেই মূল্য দিবার যোগ্য ব্যক্তির কি ব্যক্তিদের সহিত তাঁহার ঐ অংশ প্রভৃতির মূল্য নির্দ্ধার্য্য হইলে যদি তিনি ঐ কর্ম্মহইতে সেই ব্যবসায়ের জন্যে সেই টাকা উঠাইয়া না লন, কিম্বা সেই ব্যক্তি কি ব্যক্তিদের দ্বারা ব্যবহার হইবার জন্যে তাহা থাকিতে দেন, তবে তিনি এই ধারার অর্থক্রমে সেই টাকা ঋণস্বরূপে অগ্রিম দান করিয়াছেন এমত জ্ঞান হইবে।

[কর্ম্মকারক প্রভৃতি লভ্য হইতে পারিতোষিক পাইলেও তৎপ্রযুক্ত তাঁহাদের অংশী না হইবার কথা।]

২ ধারা। কোন ব্যক্তি কোন বাণিজ্যে কি ব্যবসায়ে প্রবর্ত্ত হইয়া কোন ভৃত্যের কি কর্ম্মকারকের পারিতোষিকস্বরূপ সেই বাণিজ্য কি ব্যবসায়ের লভ্যের অংশ দিবার চুক্তি করিলেও তৎপ্রযুক্ত সেই ভৃত্য কি কর্ম্মকারক সেই কর্ম্মের অংশিস্বরূপ দায়ী হইবেন না ও অংশির স্বত্বে স্বত্ববান হইবেন না ইতি।

[কোন২ বৃত্তিভোগী অংশী জ্ঞান না হইবার কথা।]

৩ ধারা। বাণিজ্যকারির মৃত অংশির স্ত্রী কি সন্তান সেই বাণিজ্যকারির ব্যবসায় দ্বারা উৎপন্ন লভ্যের একাংশ বার্ষিকস্বরূপ প্রাপ্ত হইলে, সেই স্ত্রী কি সন্তান ঐ বৃত্তি প্রাপণপ্রযুক্ত ঐ ব্যবসায়ির অংশী কিম্বা তাঁহার কোন দায়ের ভাগী জ্ঞান হইবেন না ইতি।

[বিক্রেতা লভ্যাদি প্রাপ্ত হইলেও অংশী না হইবার কথা।]

৪ ধারা। কোন ব্যক্তি ব্যবসায় সহকারে ক্রেতা বিক্রেতাদের অনুগ্রহকার্য্য বিক্রয় করণপ্রযুক্ত বার্ষিক বৃত্তিস্বরূপ কি প্রকারান্তরে সেই ব্যবসায়ের লভ্যের একাংশ প্রাপ্ত হইলেও, কেবল তৎপ্রাপণপ্রযুক্ত ঐ ব্যবসায়ির দায়ের অংশী কি ভাগী জ্ঞান হইবেন না ইতি।

[ব্যক্তি শব্দের অর্থ।]

৫ ধারা। এই আইনের অর্থ করণেতে ব্যক্তি শব্দের মধ্যে সংভূয়সমুত্থানে বদ্ধ ব্যক্তি ও জাইন্টষ্টাক কোম্পানি ও চার্টর প্রাপ্ত সমাজকেও বুঝাইবে ইতি।

উইটলি ষ্টোক্স,
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

মন্ত্রিসভাধিষ্টিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের পশ্চাৎ লিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৬ সালের ২৩ মার্চ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন, অতএব তাহা এতদ্দ্বারা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৬ সালের ১৬ আইন।

হাই কোর্টের ফৌজদারী কার্য্যপ্রণালী সংশোধনার্থ ১৮৬৫ সালের আইনের ২২ ও ৪৪ ধারাতে যে২ কমিস্যনের কথা আছে, তাহাতে স্বাক্ষর করণের কর্ম্মহইতে মন্ত্রিসভাধিষ্টিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে মুক্ত করণার্থ আইন।

[হেতুবাদ।]

হাই কোর্টের ফৌজদারী কার্য্যপ্রণালী সংশোধনার্থ ১৮৬৫ সালের আইনের ২২ ও ২৪ ধারাতে যে২ কমি-

signing the Commissions respectively mentioned in Sections 22 and 44 of "The High Courts' Criminal Procedure Amendment Act, 1865;" It is enacted as follows:—

[Seal to be made. Stamping of Commissions under Act No. XIII of 1865, Sections 22 and 44.]

I. A seal shall be made at the expense of the Government of India with this inscription, "The Seal of the Governor General of India in Council," and shall be kept in the custody of such person as the Governor General of India in Council shall from time to time appoint in that behalf, and the Commissions respectively mentioned in Sections 22 and 44 of "The High Courts' Criminal Procedure Amendment Act, 1865," may be stamped with such seal by such person as the Governor General of India in Council shall from time to time appoint in that behalf; and when so stamped shall be equally valid and effectual as if they had been signed by the Governor General of India and the Members of his Council.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 23rd March 1866, and is hereby promulgated for general information:—

ACT No. XVII OF 1866.

An Act to provide for the establishment of a Public Museum at Calcutta.

[Preamble.]

WHEREAS it is expedient to provide for the establishment of a Public Museum at Calcutta, to be called the Indian Museum; It is enacted as follows:—

[Building to be erected for Indian Museum.]

I. The Governor General of India in Council shall cause to be erected at the expense of the Government of India, a suitable building in Calcutta, on or near the site now occupied by the Small Cause Court, to be devoted in part to collections illustrative of Indian Archæology and of the several branches of Natural History, in part to the preservation and exhibition of other objects of interest, whether historical, physical, or economical, in part to the records and offices of the Geological Survey of India, and in part to the fit accomodation of the Asiatic Society of Bengal and to the reception of their Library, Manuscripts, Maps,

স্যনের কথা আছে তাহাতে স্বাক্ষর করণের কর্ম্ম হইতে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে অবকাশ দেওয়া বিহিত এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান করা গেল।

[মোহর করিবার কথা ও ১৮৬৫ সালের ১৩ আইনের ২২ ও ৪৪ ধারামত কমিস্যান মোহরাঙ্কিত করিবার কথা।]

XVII. The instruments next hereinafter mentioned shall be registered, provided the property to which they relate shall be situate in a District in which, and provided they shall have been executed on or after the date on which the said Act No. XVI of 1864 or this Act shall have come or shall come into operation ; (that is to say) :—

1. Instruments of gift of immoveable property :

2. Instruments (other than an instrument of gift) which purport or operate to create, declare, assign, limit or extinguish, whether in present or in future, any right, title or interest, whether vested or contingent, of the value of one hundred rupees and upwards to or in immoveable property :

3. Instruments which acknowledge the receipt or payment of any consideration on account of the creation, declaration, assignment, limitation or extinction of any such right, title or interest, and

4. Leases of immoveable property for any term exceeding one year :

[Exception of Composition-deeds. And of transfers of shares and debentures in Land Companies.]

Provided that the former part of this Section shall not apply to any Composition-deed nor to any instrument relating to shares in a Joint-Stock Company, notwithstanding that the assets of such Company shall consist in whole or in part of immoveable property, nor to any endorsement upon or transfer of any debenture issued by any such Company : Provided also that, so far only as regards the Territories respectively under the Governments of the Lieutenant-Governors of Bengal and the North-West Provinces, the local Government may by order published in the

[রেজিষ্টরী বহী ও পাঠ ও অদহনীয় বাক্সের কথা ।]

১৬ ধারা। এই আইনের কার্য্যার্থে যে২ বহীর আবশ্যক তাহা স্থানবিশেষের গবর্ণমেণ্ট প্রত্যেক রেজিষ্টরী কার্য্যকারকের কার্য্যালয়ে দেওয়াইবেন, রেজিষ্ট্রার জেনরল সাহেব স্থানবিশেষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে যে২ পাঠ সময়ে২ নির্দ্দিষ্ট করেন সেই বহীতে ঐ পাঠ থাকিবে। সেই২ বহীর প্রত্যেক পত্রের অঙ্ক যথাক্রমে মুদ্রিত হইবে। ও যে কার্য্যকারক সেই বহী ব্যবহার হইবার জন্যে দেন তিনি, প্রত্যেক বহীতে যত পৃষ্ঠা থাকে, তাহার সংখ্যার সংশিত কথা প্রথম পত্রে লিখিবেন। আরো দগ্ধ হইতে না পারে এমত এক২ বাক্স স্থানবিশেষের গবর্ণমেণ্ট প্রত্যেক রেজিষ্ট্রারের কার্য্যালয়ে দেওয়াইবেন ইতি।

তৃতীয় খণ্ড।

রেজিষ্টর করিবার যোগ্য পত্রাদির বিধি।

[যে২ লেখ্য অবশ্য রেজিষ্টর করিতে হইবে তাহার কথা।]

১৭ ধারা। নিম্ন লিখিত লেখ্য যে সম্পত্তি সম্পর্কীয় হয় তাহা যে ডিষ্ট্রিক্টে থাকে, তন্মধ্যে যদি ১৮৬৪ সালের উক্ত ১৬ আইন কিম্বা এই আইন প্রচলিত হইয়া থাকে কি হয় এবং যে তারিখে তথায় প্রচলিত হয় যদি সেই তারিখে কি তাহার পরে ঐ লেখ্য স্বাক্ষরিত হয়, তবে সেই২ লেখ্য রেজিষ্টর করিতে হইবে, বিশেষতঃ—

১। স্থাবর সম্পত্তির দানপত্র।

২। পূর্ব্বোক্ত দানপত্র ভিন্ন যে লেখ্যের মর্ম্মানুসারে কি ফলস্বরূপে স্থাবর কোন সম্পত্তিতে এক শত টাকার কি তদূর্দ্ধ মূল্যের বর্ত্তমান ভোগ্য কি সম্ভাবিত কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক বর্ত্তমান কি ভবিষ্যৎ কালে স্রস্ট কি প্রকাশ কি সমর্পণ কি সঙ্কোচ কি বিলোপ হয় সেই পত্র।

৩। যে লেখ্যদ্বারা তদ্রূপ কোন অধিকার কি স্বত্ব কি সম্পর্ক স্রস্ট কি প্রকাশ কি সমর্পণ কি সঙ্কোচ কি বিলোপ করণ হেতুক কোন পারিতোষিক গ্রহণ কি দান স্বীকার হয় সেই লেখ্য।

৪। স্থাবর সম্পত্তির এক বৎসরের অধিক কোন কালের পাট্টা।

[মীমাংসাপত্র এবং ভূমিসংক্রান্ত কোম্পানির অংশ ও ঋণ শোধণ প্রতিজ্ঞাপত্রের হস্তান্তর করণপত্র বর্জ্জিত হইবার কথা।]

কিন্তু এই ধারার পূর্ব্বভাগ কোন মীমাংসাপত্রের প্রতি বর্ত্তিবে না। এবং জাইণ্ট ষ্টাক কোম্পানির স্থিত যদিও সমুদয় কি একাংশ স্থাবর সম্পত্তি হয় তথাপি ঐ কোম্পানির অংশ সম্পর্কীয় কোন লেখ্যের প্রতি কিম্বা ঐ কোম্পানির দত্ত ঋণ শোধন প্রতিজ্ঞাপত্রের পৃষ্ঠলিপির কিম্বা হস্তান্তর করণপত্রের প্রতিও বর্ত্তিবে না। আরো কোন বিশেষ জিলাতে কি জিলার কোন বিশেষ অংশে স্থাবর সম্পত্তির যে পাট্টা সম্পাদন হয়, তাহা যদি দুই বৎসরের অধিক কালীন না হয়, ও তাহাতে পঞ্চাশ টাকার অনধিক বার্ষিক কর দেওনের নিয়ম হয়, তবে স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া সেই পাট্টা এই

Official Gazette, exempt from the operation of the former part of this Section any leases of immoveable property, executed in any particular District or part of a District, the terms granted by which shall not exceed two years, and the annual rents reserved by which shall not exceed fifty rupees.

[Documents of which the registration is optional.]

XVIII. Any of the documents next hereinafter mentioned may be registered under this Act; (that is to say) :—

1. Instruments which purport or operate to create, declare, assign, limit or extinguish, whether in present or in future, any right, title or interest, whether vested or contingent, of value less than one hundred rupees to or in immoveable property ;

2. Instruments which acknowledge the receipt or payment of any consideration on account of the creation, declaration, assignment, limitation or extinction of any such right, title or interest :

3. Leases of immoveable property for any term not exceeding one year, and the pattás and muchalkás referred to in Section 2 :

4. Awards relating to immoveable property :

5. Instruments which purport or operate to create, declare, assign, limit or extinguish any right, title or interest to or in moveable property :

6. Wills or Authorities to adopt a son :

7. Acknowledgements, Agreements, Appointments, Articles of Partnership, Assignments, Awards, Bills of Exchange, Bills of Sale, Bonds, Composition-deeds, Conditions of Sale, Contracts, Covenants, Grants, Instruments of Dissolution of Partnership, Instruments of Partition, Powers of Attorney, Promissory Notes, Releases, Settlements, Writings of Divorcement, and all other documents not hereinbefore mentioned.

[Documents in language not understood by Registering Officer.]

XIX. If any document duly presented for registration be in a language which the Registering Officer does not understand, and which is not commonly used in the District, he shall refuse to register the document, unless it be accompanied by a true translation into a language commonly used in the District and also by a true copy.

[Documents containing interlineations, blanks, erasures or alterations.]

XX. It shall be in the discretion of the Registering Officer to refuse to accept for registration any document in which any interlineation, blank, erasure or alteration shall appear, unless the persons executing the documents shall attest with their signatures or initials such interlineation, blank,

ধারার পূর্ব্ব ভাগের কার্য্য হইতে মুক্ত করিতে পারিবেন, কিন্তু এই বিধি কেবল বঙ্গদেশের ও উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশে বর্ত্তিবে ইতি।

[যেং প্রকারের নিদর্শনপত্র রেজিষ্টরী করা স্বেচ্ছাধীন তাহার কথা।]

১৮ ধারা। পশ্চাৎ লিখিত প্রকারের কোন লেখ্য এই আইনমতে রেজিষ্টর হইতে পারিবেক, অর্থাৎ

১। যে লেখ্যর মর্ম্মানুসারে কি ফলস্বরূপে কোন স্থাবর সম্পত্তিতে এক শত টাকার ন্যূন মূল্যের বর্ত্তমান ভোগ্য কি সম্ভাবিত কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক বর্ত্তমানে কি ভবিষ্যতে সৃষ্ট কি প্রকাশ কি সমর্পণ কি সঙ্কোচ কি লোপ করা যায় এমত লেখ্য।

২। যে লেখ্যক্রমে তদ্রূপ কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক সৃষ্ট কি প্রকাশ কি সমর্পণ কি সঙ্কোচ কি লোপ করণহেতুক কোন পারিতোষিক প্রাপণ কি দান স্বীকার হয়, এমত লেখ্য।

৩। স্থাবর সম্পত্তির এক বৎসরের অনধিক কালের পাট্টা ও ২ ধারার নির্দ্দিষ্ট পাট্টা ও মুচলকা।

৪। স্থাবর সম্পত্তিসম্পর্কীয় জয়পত্র।

৫। যে লেখ্যের মর্ম্মানুসারে কি ফলস্বরূপে কোন অস্থাবর সম্পত্তিতে কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক সৃষ্ট কি প্রকাশ কি হস্তান্তর কি সঙ্কোচ কি লোপ করা যায়।

৬। কোন চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র।

৭। কোন অঙ্গীকারপত্র, কি অর্পণপত্র, খৎ, চুক্তিপত্র, জয়পত্র, দানপত্র, নিয়মপত্র, নিয়োগপত্র, নিরূপণপত্র, বণ্টনপত্র, বিক্রয়পত্র, বিক্রয়ের নিয়মপত্র, বিবাহবন্ধনবিলোপ করণপত্র, মীমাংসাপত্র, মুক্তিপত্র, মোক্তারনামা, সংভূয়সমুত্থানের নিয়মপত্র, সংভূয়সমুত্থান বিলোপকরণপত্র, সংশ্রবপত্র, স্বীকারপত্র, হুণ্ডী, এবং অন্য যে সকল পত্র ইহার পূর্ব্বে ব্যক্ত হয় নাই ইতি।

[রেজিষ্টরী কার্য্যকারকের অজ্ঞাত ভাষায় লেখ্য লিখিত হইলে তাহার কথা।]

১৯ ধারা। রেজিষ্টর হইবার জন্যে নিয়মমতে আনীত কোন লেখ্য যে ভাষায় লেখা হইয়াছে তাহা যদি রেজিষ্টরি কার্য্যকারক না বুঝেন, এবং সেই ভাষা জিলার মধ্যে সাধারণমতে প্রচলিত না হয়, তবে জিলার মধ্যে সাধারণমত প্রচলিত ভাষায় ঐ লেখ্যের যথার্থ অনুবাদ এবং তাহার সত্য প্রতিলিপি সঙ্গে না দেওয়া গেলে তিনি ঐ লেখ্য রেজিষ্টর করিবেন না ইতি।

[লেখ্যের কোন অংশে ফাঁক থাকিলে কি কোন শব্দ চাঁচা কি দুই পংক্তির মধ্যে লেখা গেলে কি পরিবর্ত্তন হইলে তাহার কথা।]

২০ ধারা। রেজিষ্টর করিবার জন্যে কোন লেখ্য উপস্থিত করা গেলে, যদি দেখা যায় যে, তাহার দুই পংক্তির মধ্যে কোন শব্দ লেখা গিয়াছে কি ফাঁক আছে কি চাঁচা গিয়াছে কি পরিবর্ত্ত হইয়াছে, তবে যাঁহারা ঐ লেখ্য সম্পাদন করেন তাঁহারা আপনাদের স্বাক্ষরক্রমে কি নামের আদ্যক্ষর লিখিয়া চিহ্ন দিয়া

erasure or alteration; and it shall be the duty of the Officer registering such document, at the time of registering the same, to make a note in the Register of such interlineation, blank, erasure or alteration.

[Description of parcels in instruments relating to immoveables. Documents containing maps or plans.]

XXI. No instrument relating to immoveable property shall be accepted for registration unless it shall contain a description of such property sufficient to identify the same. Houses in towns shall be described as situate on the north or other side of the street or road (mentioning it) to which they front, and by their existing and former occupancies, and by their numbers if the houses in such street or road are numbered. Other houses and lands shall be described by their name, if any, and as being in the teritorial division in which they are situate and by their superficial contents, the road and other properties on which they abut, and their occupancies, and also, whenever it is practicable, by reference to a Government map or survey. No document containing a map or plan of any property comprised therein shall be accepted for registration unless it be accompainied by a true copy of the map or plan, or, in case such property shall be situate in several Sub-Districts, by such number of true copies of the map or plan as shall be equal to the number of such Sub-Districts, and, in case the property shall be also situate in several Districts, by such further number of true copies of the map or plan as shall be equal to the number of such Districts.

PART IV.

Of the Time of Registration.

[Time for registering instruments of which the registration is compulsory.]

XXII. Subject to the provision contained in Section 24, no instrument of the kinds mentioned in Section 17, Clauses 1, 2, 3 and 4, shall be accepted for registration unless presented for that purpose to the proper Officer within four months from the date of its execution; provided that, where there are several persons executing it at different times, the instrument may be presented for the registration and re-registration within four months from the date of each execution.

[Time for registering documents of which the registration is optional.]

XXIII. Subject to the provision contained in Section 24, no document of any of the kinds mentioned in Section 18 (other than a Will or Authority to adopt a son), shall be accepted for

সেই ফাঁক কি সেই২ শব্দ স্বীকার না করিলে সেই লেখ্য গ্রাহ্য হইবে না। ও যে কার্য্যকারক যে সময়ে ঐ পত্র রেজিষ্টর করেন, তিনি সেই সময়ে দুই পঁক্তির মধ্যে কোন শব্দ লিখিত হওন, কি ফাঁক থাকন কি চাঁচন কি পরিবর্ত্তনের মন্তব্য কথা আপন রেজিষ্টরী বহীতে লিখিবেন ইতি।

[স্থাবর সম্পত্তি বিষয়ক লেখ্যাতে খণ্ড নির্ণয়ের কথা এবং ম্যাপ ও আলেখ্যঘটিত লেখ্যের কথা।]

২১ ধারা। স্থাবর সম্পত্তি বিষয়ক লেখ্য রেজিষ্টর করিবার জন্যে আনা গেলে, যদি সেই পত্রে ঐ সম্পত্তি নিশ্চিত করিবার উপযুক্ত বর্ণন না থাকে, তবে তাহা রেজিষ্টর করণার্থে গ্রাহ্য হইবে না। নগরস্থিত কোন ঘরের লেখ্য হইলে সেই ঘর যে পথের অভিমুখ হয় সেই পথের কি রাস্তার (নামোল্লেখে) উত্তর প্রভৃতি দিগে আছে, ও এইক্ষণে শ্রীঅমুক বাস করিতেছেন কি পূর্ব্বে করিতেন এই২ কথা লিখিয়া, ও সেই পথের কি রাস্তার ধারের ঘর সকলের নম্বর থাকিলে সেই ঘরের নম্বর লিখিয়া ঐ ঘর বর্ণিত হইবে। অন্য কোন ঘর কি ভূমি হইলে যদি নাম থাকে, তবে তাহার নাম, ও তাহা দেশসংক্রান্ত অমুক বিভাগের অন্তর্গত, ও তাহার আড়ে দীর্ঘে পরিমাণ, ও চতুঃসীমা অমুক২ পথ কি সম্পত্তি, ও এইক্ষণে অমুকের অধিকারে আছে, এই২ কথা লিখিয়া ঐ ঘরের কি ভূমির বর্ণন করিবেন। এবং যে স্থলে হইতে পারে সেই স্থলে গবর্ণমেণ্টের ম্যাপের কি পরিমাণপত্রের উল্লেখ করিতে হইবে, যদি সম্পত্তিঘটিত কোন লেখ্যতে ঐ সম্পত্তির ম্যাপ কি আলেখ্য থাকে, তবে ঐ ম্যাপের কি আলেখ্যের যথার্থ প্রতিলিপি সঙ্গে না দিলে, অথবা যদি সম্পত্তি ভিন্ন২ সব-ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে, তবে যত সব-ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে ম্যাপের কি আলেখ্যের তত যথার্থ প্রতিলিপি সঙ্গে না দিলে, এবং যদি ঐ সম্পত্তি ভিন্ন২ ডিষ্ট্রিক্টের অন্তর্গত থাকে, তবে যত ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে, ম্যাপের কি আলেখ্যের তত্তুল্য সংখ্যক প্রতিলিপি সঙ্গে না দিলে সেই লেখ্য রেজিষ্টর হইবার জন্যে গ্রাহ্য হইবে না ইতি।

চতুর্থ খণ্ড।

রেজিষ্টর করিবার সময়ের বিধি।

[যে২ লেখ্য রেজিষ্টর করা অবশ্য কর্ত্তব্য তাহা রেজিষ্টর করিবার সময়ের কথা।]

২২ ধারা। ২৪ ধারার বিধান বলবৎ রাখিয়া, ১৭ ধারার ১, ২, ৩, ৪ প্রকরণের লিখিত প্রকারের কোন লেখ্য সম্পাদন হইবার তারিখ অবধি চারি মাসের মধ্যে রেজিষ্টর করিবার জন্যে উপযুক্ত কর্ম্মকারকের নিকটে না আনা গেলে তদর্থে গ্রাহ্য হইবে না। কিন্তু যদি তাহাতে ভিন্ন২ লোকের ভিন্ন২ সময়ে স্বাক্ষর করিতে হয়, তবে প্রত্যেক ব্যক্তিকর্ত্তৃক স্বাক্ষরিত হইবার পর ক্রমশঃ চারি মাসের মধ্যে তাহা রেজিষ্টর ও পুনঃ২ রেজিষ্টর করিবার জন্যে আনীত হইতে পারিবে ইতি।

[যে২ লেখ্যের রেজিষ্টর করা ইচ্ছাধীন তাহা রেজিষ্টর করিবার সময়ের কথা।]

২৩ ধারা। ২৪ ধারার বিধান বলবৎ রাখিয়া (চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র ভিন্ন) ১৮ ধারার লিখিত প্রকারের কোন লেখ্য সম্পাদন হইবার তারিখ অবধি দুই মাসের মধ্যে রেজিষ্টর

registration unless presented for that purpose to the proper Officer within two months from the date of its execution; provided that, where there are several persons executing it at different times, the document may be presented for registration and re-registration within two months from the date of each execution.

Explanation.—The date of execution of a document means the day on which it purports to have been executed.

[Provision where delay in registering is unavoidable.]

XXIV. If any instrument shall, owing to urgent necessity or unavoidable accident, not have been presented for registration till after the expiration of the time hereinbefore prescribed in that behalf, it shall be lawful for the Registrar, in cases where the delay in presentation shall not exceed four months, to direct, that on payment as a penalty of a sum not exceeding twenty times the amount of the proper registration fee, such instrument shall be accepted for registration.

[Provisions for last day of period for registration falling on a holiday.]

XXV. Whenever the last day of any period hereinbefore provided for the registration of any document shall fall on a sunday or other holiday declared as hereinafter mentioned, such last day shall, for the purposes of this Act, be deemed to be the day immediately following such Sunday or other holiday.

[Wills or Authorities to adopt may be registered or deposited at any time.]

XXVI. Any Will or Authority to adopt a son may at any time be registered or deposited in manner hereinafter provided.

[Alteration of Act No. XIV of 1859, Section 1, Clause 10.]

XXVII. In Act No. XIV of 1859, Section 1, Clause 10, the last Clause shall be read as if for the words "within six months from the date thereof" the words "within the time prescribed in that behalf by 'The Indian Registration Act, 1866,'" were substituted.

[Saving of time prescribed by Statute for registration of instruments.]

XXVIII. Nothing in this Act shall be taken to alter the time within which any certificate or other document must be registered under the provisions of "The Bankrupt Law Consolidation Act, 1849," Section 143, or any other Act of the Parliament of the United Kingdon of Great Britain and Ireland.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১ মে।]

করিবার জন্যে উপযুক্ত কর্ম্মকারকের নিকটে না আনা গেলে তদর্থে গ্রাহ্য হইবে না। কিন্তু যদি তাহাতে ভিন্ন২ লোকের ভিন্ন২ সময়ে স্বাক্ষর করিতে হয়, তবে প্রত্যেক ব্যক্তিকর্ত্তৃক স্বাক্ষরিত হইবার পর ক্রমশঃ দুই মাসের মধ্যে তাহা রেজিষ্টর ও পুনঃ২ রেজিষ্টর করিবার জন্যে আনীত হইতে পারিবে ইতি।

ব্যাখ্যা।– লেখ্য যে তারিখে সম্পাদন হইবার ভাব দর্শায়, তাহা লেখ্য সম্পাদনের তারিখ শব্দে বুঝায়।

[রেজিষ্টর করিতে অগত্যা বিলম্ব স্থলে তাহার উপবিধি।]

২৪ ধারা। যদি অত্যন্ত প্রয়োজনবশতঃ কিম্বা অনিবার্য্য ঘটনা হেতুক তদ্রূপ কোন লেখ্য রেজিষ্টর করিবার পূর্ব্বনির্দ্দিষ্ট কাল অতীত হওনের পূর্ব্বে তাহা রেজিষ্টর করিবার জন্যে আনা যাইতে না পারে, তবে তাহা আনিতে চারি মাসের অধিক বিলম্ব না হইলে, রেজিষ্টার এই আজ্ঞা করিতে পারিবেন যে রেজিষ্টর [illegible]তে উপযুক্ত যত ফী লাগে তাহার বিশ গুণের অনধিক দণ্ড দিলে ঐ লেখ্য রেজিষ্টর হইবার জন্যে গ্রাহ্য হইবে ইতি।

[রেজিষ্টর করিবার শেষ দিন ছুটীর দিন হইলে তাহার উপবিধি।]

২৫ ধারা। ইহার পূর্ব্বধারাতে লেখ্য রেজিষ্টর করিবার যে কাল নিরূপণ হইয়াছে, তাহার শেষ দিন যদি রবিবার কিম্বা পশ্চাৎ লিখিত মতে নিয়মিত অন্য ছুটীর দিন হয়, তবে এই আইনের কার্য্যপক্ষে ঐ রবিবারের কি অন্য বন্দের পশ্চাৎ যে দিন, তাহাই ঐ কালের শেষ দিন জ্ঞান হইবে ইতি।

[চরমপত্র কিম্বা দত্তকগ্রহণের অনুমতিপত্র যে কোন সময়ে রেজিষ্টর কি গচ্ছিত হইতে পারিবার কথা।]

২৬ ধারা। কোন চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র পশ্চাৎ লিখিত বিধানমতে কোন সময়ে রেজিষ্টর কি গচ্ছিত হইতে পারিবে ইতি।

[১৮৫৯ সালের ১৪ আইনের ১ ধারার ১০ প্রকরণ পরিবর্ত্তনের কথা।]

২৭ ধারা। ১৮৫৯ সালের ১৪ আইনের ১ ধারার ১০ প্রকরণের কথার শেষভাগে "হইবার তারিখঅবধি ছয় মাসের মধ্যে" এই কথার স্থলে "তৎপক্ষে ভারতবর্ষীয় ১৮৬৬ সালের রেজিষ্টরী আইনের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে" এই কথা মুদ্রিত হওনমতে ঐ ভাগ পাঠ করিতে হইবে ইতি।

[লেখ্য রেজিষ্টর করণের ব্যবস্থাক্রমে অবধারিত সময় রক্ষার কথা।]

২৮ ধারা। অক্ষম ঋণির আইন সংগ্রহকরণার্থ ১৮৪৯ সালের আইনের ১৪৩ ধারার কিম্বা গ্রেটব্রিটন ও এরলণ্ড সংযুক্ত রাজ্যের পারলিমেণ্টের প্রচলিত আইনের বিধানানুসারে কোন সংশিতপত্র কি অন্য লেখ্য যে সময়ে রেজিষ্টর করিতে হয়, এই আইনের কোন কথাদ্বারা সেই সময়ের পরিবর্ত্তন হইবে না ইতি।

PART V.

Of the Place of Registration.

[Place for registering instruments relating to immoveables.]

XXIX. Save as in this Act otherwise provided every instrument mentioned in Section 17, Clauses 1, 2, 3 and 4, and Section 18, Clauses 1, 2, 3 and 4, shall be presented for registration in the Office of a Sub-Registrar within whose Sub-District the whole or some portion of the property to which such instrument relates is situate.

[Place for registering other instruments.]

XXX. Every instrument other than an instrument referred to in the last preceding Section, may be presented for registration in the Office of the Sub-Registrar in whose Sub-District the instrument was executed, or in the Office of any Sub-Registrar under the local Government at which all the persons executing and claiming under the instrument shall desire the same to be registered.

[Registration by Registrar-General of instruments referred to in Section 29.]

XXXI. The Registrar-General may in his discretion receive and register any instrument referred to in Section 29, without regard to the situation in any part of British India of the property to which the instrument relates.

[Registration by Registrar.]

XXXII. Any Registrar may in his discretion receive and register any instrument which might be registered by any Sub-Registrar subordinate to him. He shall also register Wills and Authorities to adopt. The Registrar of a District including a Presidency Town shall be deemed to be a Sub-Registrar within the meaning of this Act for such portion of his District (if any) as shall not have been formed into a Sub-District.

[Registration or acceptance for deposite at private residence.]

XXXIII. In ordinary cases the registration or deposit of documents under this Act shall be made only at the public Office of the Officer whose duty it shall be to register the same: but any such Officer may on special cause being shown attend at the residence of any person intending to register any document, or of any person desiring to deposit a Will or Authority to adopt a son, and register or accept for registration or deposit such document, Will or Authority. Every Sub-Registrar so attending shall within twenty-four hours report to the Registrar to whom he is subordinate the fact of the attendance and his reason therefor.

[*Government Gazette*, 1st *May* 1866.]

পঞ্চম খণ্ড।

রেজিস্টর করিবার স্থানের বিধি।

[স্থাবর সম্পত্তি সম্পর্কীয় লেখ্য রেজিস্টর করিবার স্থানের কথা।]

২৯ ধারা। এই আইনের যে স্থলে প্রকারান্তরের বিধি হইয়াছে সেই স্থলভিন্ন ১৭ ধারার ১, ২, ৩, ৪ প্রকরণের ও ১৮ ধারার ১, ২, ৩, ৪, প্রকরণের ব্যক্ত প্রত্যেক লেখ্য যে সম্পত্তি বিষয়ের হয়, সেই সম্পত্তির সমুদয় কি কোন অংশ যে সব রেজিষ্ট্রারের সব-ডিষ্ট্রিক্টের অন্তর্গত থাকে তাঁহার কার্য্যালয়ে সেই লেখ্য রেজিস্টর করিবার জন্যে আনীত হইবে ইতি।

[অন্য লেখ্য রেজিস্টর করিবার স্থানের কথা।]

৩০ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারাতে যে২ লেখ্যের উল্লেখ হইয়াছে, তদ্ভিন্ন প্রত্যেক লেখ্য যে সব-রেজিষ্ট্রারের সব-ডিষ্ট্রিক্টের মধ্যে সম্পাদন হইয়াছে তাঁহারই কার্য্যালয়ে, অথবা ঐ লেখ্য সম্পাদক ও তদনুসারে দাওয়াকারি সকল ব্যক্তি স্থানীয় সেই গবর্ণমেন্টের অধীন যে কোন রেজিষ্ট্রারের কার্য্যালয়ে তাহা রেজিস্টর করিতে চাহেন তথায় রেজিস্টর করিবার জন্যে উপস্থিত করিতে পারিবেন ইতি।

[২৯ ধারার উদ্দিষ্ট লেখ্য রেজিষ্ট্রার জেনরলকর্ত্তৃক রেজিস্টর হইবার কথা।]

৩১ ধারা। ২৯ ধারার উদ্দিষ্ট লেখ্য যে সম্পত্তি বিষয়ের হয় তাহা ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন স্থানে থাকে তৎপ্রতি দৃষ্টি না করিয়া রেজিষ্ট্রার জেনরল সাহেব স্বীয় বিবেচনামতে ঐ লেখ্য গ্রাহ্য করিয়া রেজিস্টর করিতে পারিবেন ইতি।

[রেজিষ্ট্রারকর্ত্তৃক রেজিস্টর করণের কথা।]

৩২ ধারা। কোন রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের অন্তর্গত কোন সব-রেজিষ্ট্রারের দ্বারা যে লেখ্য রেজিস্টর হইতে পারে তাহা সেই রেজিষ্ট্রার আপন বিবেচনামতে গ্রাহ্য করিয়া রেজিস্টর করিতে পারিবেন। আরো তিনি চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র রেজিস্টর করিবেন। যদি ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের কোন অংশ সব-ডিষ্ট্রিক্টে বিভক্ত না হইয়া থাকে, তবে তিনি আপন ডিষ্ট্রিক্টের সেই অংশের উপলক্ষে এই আইনের অর্থানুযায়ি সব-রেজিষ্ট্রার জ্ঞান হইবেন। এই স্থলে ডিষ্ট্রিক্ট শব্দের মধ্যে রাজধানীও গণ্য ইতি।

[সাধারণ ব্যক্তির বাটীতে রেজিস্টর করণের কি গচ্ছিত করণার্থে গ্রাহ্য করণের কথা ও বর্জিত কথা।]

৩৩ ধারা। কোন লেখ্য রেজিস্টর করা যে কর্ম্মকারকের কর্ত্তব্য হয়, এই আইন অনুসারে সেই লেখ্য সাধারণমতে কেবল সেই কার্য্যকারকের রাজকীয় কার্য্যালয়ে রেজিস্টর কি গচ্ছিত করিতে হইবে। কিন্তু যদি কোন বিশেষ কারণ দর্শান যায়, তবে যাঁহার কোন লেখ্য রেজিস্টর করিবার অভিপ্রায় থাকে কিম্বা যিনি কোন চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র গচ্ছিত করিতে ইচ্ছুক হন, সেই ব্যক্তির বাসস্থানে উক্ত কর্ম্মকারক গমনপূর্ব্বক সেই লেখ্য কি চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র রেজিস্টর করিবেন কিম্বা রেজিস্টর কি রক্ষা করিবার নিমিত্তে গ্রহণ করিবেন। সব-রেজিষ্ট্রার যখন তদ্রূপে গমন করেন, তখন তিনি যে তদ্রূপে গিয়াছেন ও যে কারণে গিয়াছেন এই কথা চব্বিশ ঘণ্টার মধ্যে রেজিষ্ট্রারকে জ্ঞাত করিবেন ইতি।

PART VI.

Of the Presentation of instruments for Registration.

[Person to present documents for registration.]

XXXIV. Subject to the provisions of the last preceding Section, every document to be registered under this Act, whether such registration be compulsory or optional, shall be presented at the proper Registration Office by some person executing or claiming under the same, or by the representative or assign of such person, or by the agent of such person, representative or assign, duly authorized by power of attorney executed and authenticated in manner hereinafter mentioned.

[Powers of attorney recognizable for purposes of Section 34.]

XXXV. For the purposes of the last preceeding Section, the powers of attorney next hereinafter mentioned shall alone be recognized; (that is to say) :—

(*a.*) If the principal at the time of executing the power of attorney resides in any part of British India in which this Act operates, a power of attorney executed before and authenticated by the Registrar or Sub-Registrar within whose District or Sub-District the principal resides :

(*b.*) If the principal at the time aforesaid resides in any other part of British India, a power of attorney executed before and authenticated by the Judge of the District Court within the local limits of whose jurisdiction the principal resides :

(*c.*) If the principal at the time aforesaid does not reside in British India, a power of attorney executed before and authenticated by a Notary Public or any Court, Judge, Magistrate, British Consul or Vice-Consul, or representative of Her Majesty or of the Government of India.

Any power of attorney mentioned in this Section may be proved by the production of it without further proof, when it purports on the face of it to have been executed before and authenticated by the person or Court hereinbefore mentioned in that behalf.

[Proviso as to persons infirm, or in jail, or exempt from appearing in Court.]

Provided that persons who by reason of bodily infirmity are unable without risk or serious inconvenience to attend as next hereinafter mentioned, and persons who are in jail under civil or criminal process, and persons exempt by law from personal appearance in Court, shall not be required to attend at the Office of the Registrar or Sub-Registrar, or in the Court of the Judge, for the purpose of executing any such power of attorney as is mentioned in Clauses (*a*) and (*b*) of this

ষষ্ঠ খণ্ড।

রেজিষ্টর করণার্থে লেখ্য উপস্থিত করিবার বিধি।

[রেজিষ্টর করণার্থে লেখ্য উপস্থিতকারকের কথা।]

৩৪ ধারা। ইহার পুর্ব্ব ধারার বিধান বলবৎ রাখিয়া এই আইন অনুসারে যে প্রত্যেক লেখ্য রেজিষ্টর করা কর্ত্তব্য তাহার রেজিষ্টরী কার্য্য আবশ্যক কি স্বেচ্ছাধীন হউক, ঐ লেখ্য সম্পাদক কি তদনুসারে দাওয়াকারি কোন ব্যক্তি কিম্বা তাঁহার স্থলাভিষিক্তগণ কি আটৈসনগণ, কিম্বা পশ্চাৎ লিখিতমতে স্বাক্ষরিত ও সত্যাকৃত মোক্তারনামাক্রমে ঐ ব্যক্তির কি তদীয় স্থলাভিষিক্তদের কি আটৈসনদিগের নিয়মিতরূপে নিযুক্ত মোক্তার ঐ লেখ্য রেজিষ্টর করিবার উপযুক্ত কার্য্যালয়ে আনিবেন ইতি।

[৩৪ ধারার কার্য্যপক্ষে যে মোক্তারনামা স্বীকৃত হইবার কথা।]

৩৫ ধারা। ইহার অব্যবহিত পুর্ব্বধারার কার্য্যের উপলক্ষে কেবল পশ্চাৎ লিখিত প্রকারের মোক্তারনামা স্বীকৃত হইবে, বিশেষতঃ

(ক) এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে অংশে প্রচলিত আছে যদি মুখ্যব্যক্তি মোক্তারনামা সম্পাদনকালে তাহার কোন অংশে বাস করেন, তবে তিনি যে ডিষ্ট্রিক্‌ট কি সব-ডিষ্ট্রিক্‌টের মধ্যে বাস করেন তাহার রেজিষ্ট্রার কি সব-রেজিষ্ট্রারের সম্মুখে স্বাক্ষরিত ও তৎকর্ত্তৃক সত্যাকৃত মোক্তারনামা।

(খ) যদি মুখ্য ব্যক্তি পুর্ব্বোক্তকালে ব্রিটনীয় ভারতবর্ষের অন্য কোন অংশে বাস করেন, তবে তিনি জিলার যে আদালতের বিচারাধিপত্যের সীমান্তর্গত স্থানে বাস করেন সেই আদালতের জজ সাহেবের সম্মুখে স্বাক্ষরিত ও তৎ কর্ত্তৃক সত্যাকৃত মোক্তারনামা।

(গ) যদি মুখ্য ব্যক্তি পুর্ব্বোক্তকালে ব্রিটনীয় ভারতবর্ষে বাস না করেন, তবে নোটেরি পবলিকের কিম্বা কোন আদালতের কি জজের কি মাজিষ্ট্রেটের কি ব্রিটনীয় কনসলের কি প্রতিনিধি কনসলের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কি ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের স্থলাভিষিক্ত ব্যক্তির সম্মুখে স্বাক্ষরিত ও তৎকর্ত্তৃক সত্যাকৃত মোক্তারনামা।

এই ধারার লিখিত কোন মোক্তারনামা ইহার পুর্ব্ব লিখিত ব্যক্তির কি আদালতের সম্মুখে স্বাক্ষরিত ও তৎকর্ত্তৃক সত্যাকৃত হইল, ঐ পত্রের অভিমুখেই এই ভাব প্রকাশ হইলে, অধিক প্রমাণ বিনা উপস্থিত করণ দ্বারাই তাহা সপ্রমাণ হইবে।

[যাঁহারা পীড়িত কি কারাবদ্ধ কিম্বা আদালতে প্রবেশনহইতে মুক্ত তাঁহাদের পক্ষে উপবিধি।]

কিন্তু যে ব্যক্তিরা কায়িক দুর্ব্বলতাহেতুক আশঙ্কা কি গুরুতর ক্লেশ বিনা পশ্চাৎ লিখিতমতে উপস্থিত হইতে অক্ষম হন, ও যাঁহারা দেওয়ানী কি ফৌজদারী কোন আজ্ঞাপত্রক্রমে কারাবদ্ধ আছেন, ও আইনদ্বারা যাঁহারা আদালতে স্বয়ং প্রবেশনহইতে মুক্ত আছেন তাঁহাদের প্রতি এই ধারার (ক) ও (খ) প্রকরণের লিখিত মোক্তারনামায় স্বাক্ষর করিবার জন্যে রেজিষ্ট্রারের কি সব-রেজিষ্ট্রারের কার্য্যালয়ে কিম্বা জজের আদালতে উপস্থিত হইবার আদেশ হইবে না। তদ্রূপ প্রত্যেক স্থলে যিনি মুখ্য ব্যক্তি ব্যক্ত হইলেন তিনি

Section; but in every such case the Registrar or Sub-Registrar or Judge (as the case may be), if satisfied that the power of attorney has been voluntarily executed by the person purporting to be the principal, may attest the same without requiring his personal attendance at the Office or Court aforesaid. To obtain evidence as to the voluntary nature of the execution, the Registrar or Sub-Registrar of Judge may either himself go to the house of the person purporting to be the principal or to the jail in which he is confined and examine him, or issue a Commission for the examination of such person.

[Enquiry before registration by the Registering Officer.]

XXXVI. Subject to the provisions contained in this Section and in Sections 76, 80, 84 and 89, no document shall be registered under this Act unless the persons executing such document, or their representatives, assigns or agents, authorized as aforesaid, appear before the Registering Officer. He shall thereupon enquire whether or not such document was executed by the persons by whom it purports to have been executed, and, in the case of any person appearing as a representative, assign or agent, satisfy himself of the right of such person so to appear.

If all the persons executing the document appear personally before the Registering Officer and are personally known to him, or if he be otherwise satisfied that they are the persons they represent themselves to be, and if they all admit the execution of the document;

Or, in the case of any person appearing by a representative, assign or agent, if such representative, assign or agent shall admit the execution;

Or, if the person executing the document shall be dead, and his representative, assign or agent shall not appear before the Registering Officer, or shall refuse to admit the fact of execution, but such Officer shall nevertheless be satisfied of the fact of execution;

The Registering Officer shall register the document as directed in Section 68.

The Registering Officer may, in order to satisfy himself that the persons appearing before him are the persons they represent themselves to be, or for any other purpose contemplated by this Act, examine any one, whether summoned or not under Section 37, present in his Office.

স্বেচ্ছাক্রমে মোক্তারনামায় স্বাক্ষর করিয়াছেন, রেজিষ্ট্রার কিম্বা বিষয়বিশেষে সব-রেজিষ্ট্রার কি জজ ইহা স্ববোধমতে জ্ঞাত হইলে, তিনি পূর্ব্বোক্ত কার্য্যালয়ে কি আদালতে ঐ মুখ্য ব্যক্তির উপস্থিত হইবার আদেশ না করিয়া তাহাতে সাক্ষিস্বরূপে স্বাক্ষর করিতে পারিবেন। মুখ্য বক্তি ঐ মোক্তারনামায় নিজ ইচ্ছাক্রমে স্বাক্ষর করিয়াছেন কি না, ইহার প্রমাণ গ্রহণার্থে, যিনি মুখ্য ব্যক্তি বলিয়া ব্যক্ত হইয়াছেন, রেজিষ্ট্রার কি সব-রেজিষ্ট্রার কি জজ স্বয়ং তাঁহার বাটীতে কিম্বা তিনি যে কারাগারে বদ্ধ আছেন তথায় গমন করিয়া তাহার পরীক্ষা লইতে পারিবেন, কিম্বা তাঁহার পরীক্ষা গ্রহণার্থে কমিস্যন দিতে পারিবেন ইতি।

[রেজিষ্টর করিবার পূর্ব্বে রেজিষ্টরী কার্য্যকারকদ্বারা সন্ধান লইবার কথা।।

৩৬ ধারা। এই ধারার এবং ৭৬, ৮০, ৮৪ ও ৮৯ ধারার লিখিত বিধান প্রবল মানিয়া, যে ব্যক্তিরা কোন লেখ্য সম্পাদন করেন তাঁহারা কিম্বা তাঁহাদের স্থলাভিষিক্তেরা কি আসৈনেরা কিম্বা পূর্ব্বোক্তরূপে ক্ষমতাপ্রাপ্ত মোক্তারেরা রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে উপস্থিত না হইলে, এই আইনমতে কোন লেখ্য রেজিষ্টর করা যাইবে না। তখন সেই লেখ্য যাঁহাদের দ্বারা সম্পাদিত হইবার মত দর্শায় তাঁহাদেরই দ্বারা সম্পাদিত হইয়াছে কি না, তিনি এই বিষয়ের সন্ধান লইবেন। এবং যিনি অন্য ব্যক্তির স্থলাভিষিক্ত কি আসৈন কি মোক্তারস্বরূপে উপস্থিত হন তাঁহার তদ্রূপে উপস্থিত হইবার স্বত্ব আছে কি না ইহা স্ববোধমতে জ্ঞাত হইবেন।

যাঁহারা ঐ লেখ্য সম্পাদন করেন তাঁহারা সকলেই যদি রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে স্বয়ং উপস্থিত হন ও তাঁহার পরিচিত লোক হন, অথবা যদি তাঁহারা আপনাদিগকে যে২ ব্যক্তিস্বরূপ পরিচয় দিয়াছেন, সত্যই সেই২ ব্যক্তি এই বিষয়ে যদি অন্য প্রকারে তাঁহার স্ববোধ হয়, এবং তাঁহারা সকলে যদি ঐ লেখ্য সম্পাদন স্বীকার করেন,

কিম্বা কোন ব্যক্তি স্থলাভিষিক্তের কি আসৈনের কি মোক্তারের দ্বারা উপস্থিত হইলে যদি সেই স্থলাভিষিক্ত কি আসৈন কি মোক্তার ঐ লেখ্য সম্পাদন স্বীকার করেন,

অথবা যে ব্যক্তি ঐ লেখ্য সম্পাদন করিয়াছিলেন তাঁহার যদি মৃত্যু হইয়া থাকে ও তাঁহার স্থলাভিষিক্ত কি আসৈন কি মোক্তার রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে উপস্থিত না হইলেও কিম্বা সম্পাদন ক্রিয়া স্বীকার করিতে অসম্মত হইলেও যদি সেই কার্য্যকারক ঐ লেখ্য সম্পাদন বিষয়ে স্ববোধমতে জ্ঞাত হন,

তবে রেজিষ্টরী কার্য্যকারক ৬৮ ধারার আদেশানুসারে লেখ্য রেজিষ্টর করিবেন।

যাঁহারা রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে উপস্থিত হন তাঁহারা যে ব্যক্তিস্বরূপ আপনাদের পরিচয় দিয়াছেন, প্রকৃত সেই ব্যক্তি ইহা স্ববোধমতে জানিবার অভিপ্রায়ে কিম্বা এই আইনের লক্ষিত অন্য কোন কারণে তিনি ৩৭ ধারামতে আহূত কি অনাহূত আপন কার্য্যালয়ে উপস্থিত কোন ব্যক্তির পরীক্ষা লইতে পারিবেন ইতি।

PART VII.

Of the Enforcement of Attendance of Executants and Witnesses.

[Procedure where attendance of executant or witness is desired.]

XXXVII. If any person presenting any document for registration shall desire the attendance of any person whose presence or testimony is necessary for the registration of such document, the Registering Officer may, in his discretion, call upon the Revenue Officer in whose jurisdiction the person whose attendance is so desired may be, to issue and serve a summons requiring him to attend at the Registration Office, either in person or by duly authorized agent, as in the summons may be mentioned and at a time named in such summons.

[Revenue Officer to issue and cause service of summons.]

XXXVIII. The Revenue Officers, upon receipt of the peon's fee payable in such cases, shall issue the summons accordingly, and cause the same to be served upon the person whose attendance is so required.

[Persons exempt from attendance at Registration Office.]

XXXIX. Any person who by reason of bodily infirmity is unable without risk or serious inconvenience to attend in the Registration Office, and any person who is in jail under civil or criminal process, and any person exempt by law from personal appearance in Court and who would but for the provision next hereinafter contained be required to attend in person at the Registration Office, shall not be required so to attend; but in every such case, the Registering Officer shall either himself go to the house of such person or to the jail in which he is confined and examine him, or issue a Commission for his examination.

[Law as to summonses, commissions and witnesses in civil suits to apply to summonses, commissions and witnesses under this Act.]

XL. The law in force for the time being as to summonses, commissions and compelling the attendance of witnesses, and for their remuneration in suits before Civil Courts, shall, save as aforesaid, and *mutatis mutandis*, apply to any summons or commission issued and any person summoned to appear under the provisions of this Act.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১ মে।]

সপ্তম খণ্ড।

স্বাক্ষরকারিদিগকে ও সাক্ষিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইবার বিধি।

[স্বাক্ষরকারির কি সাক্ষির উপস্থান যে স্থলে বাঞ্ছনীয় সে স্থলে ইতিকর্ত্তব্যতার কথা।]

৩৭ ধারা। কোন ব্যক্তি রেজিষ্টর করিবার জন্যে কোন লেখ্য আনিলে সেই লেখ্য রেজিষ্টর করণার্থ যাঁহার উপস্থিত হওন কি সাক্ষ্য গ্রহণ আবশ্যক যদি এমত ব্যক্তিকে উপস্থিত করাইতে বাঞ্ছা করেন, তবে যে ব্যক্তির তদ্রূপ উপস্থিত হওয়া বাঞ্ছনীয় তিনি রাজস্বসম্পর্কীয় যে কার্য্যকারকের কর্তৃত্ত্বাধীন দেশে বাস করেন, তাঁহাকে রেজিষ্টরী কার্য্যকারক স্বীয় বিবেচনামতে আদেশ করিতে পারিবেন, যে ঐ ব্যক্তির নামে আহ্বানপত্র দিয়া আহ্বানপত্রের লিখিত প্রকারে স্বয়ং কিম্বা নিয়মিতমতে ক্ষমতাপ্রাপ্ত মোক্তারের দ্বারা ঐ আহ্বানপত্রের লিখিত সময়ে রেজিষ্টরী কার্য্যালয়ে উপস্থিত হইবার আজ্ঞাসূচক আহ্বানপত্র ঐ ব্যক্তির নামে পর্য্যর্পণ করেন ইতি।

[রাজস্বের কার্য্যকারককর্তৃক আহ্বানপত্র প্রচার ও পর্য্যর্পণ করিবার কথা।]

৩৮ ধারা। তদ্রূপ স্থলে পেয়াদার যে ফী লাগে রাজস্বের কার্য্যকারক তাহা প্রাপ্ত হইলে, তদনুসারে আহ্বানপত্র প্রচার করিয়া যে ব্যক্তির উপস্থানের প্রয়োজন হয় তাহার প্রতি পর্য্যর্পণ করাইবেন ইতি।

[রেজিষ্টরী কার্য্যালয়ে যাঁহারা প্রবেশন হইতে মুক্ত তাঁহাদের কথা।]

৩৯ ধারা। কায়িক দুর্ব্বলতাপ্রযুক্ত যে ব্যক্তি প্রাণাশঙ্কা কি গুরুতর ক্লেশভিন্ন রেজিষ্টরী কার্য্যালয়ে উপস্থিত হইতে না পারেন, এবং যে ব্যক্তি দেওয়ানী কি ফৌজদারী আজ্ঞাপত্রের বলে কারাবদ্ধ আছেন, ও যে ব্যক্তি আইনক্রমে স্বয়ং আদালতে প্রবেশন হইতে মুক্ত হন, কিন্তু ইহার অব্যবহিত পশ্চাৎ বিধান না হইলে রেজিষ্টরী কার্য্যালয়ে যাঁহার স্বয়ং প্রবেশ করিতে আজ্ঞা হইতে পারিত, সেই ব্যক্তিকে তদ্রূপে উপস্থিত হইতে আদেশ হইবে না। তদ্রূপ প্রত্যেক স্থলে, রেজিষ্টরী কার্য্যকারক আপনি সেই ব্যক্তির বাটীতে কিম্বা তিনি যে কারাগারে বদ্ধ আছেন তথায় গমনপূর্ব্বক তাঁহার পরীক্ষা লইবেন কিম্বা পরীক্ষা গ্রহণার্থ কমিস্যন দিবেন ইতি।

[দেওয়ানী মোকদ্দমায় আহ্বানপত্রের ও কমিস্যনের ও সাক্ষিদের যে বিধি আছে এই আইনমত আহ্বানপত্রাদির সেই বিধি বর্ত্তিবার কথা।]

৪০ ধারা। দেওয়ানী আদালতে উপস্থিত মোকদ্দমার আহ্বানপত্রের ও কমিস্যনের ও সাক্ষিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইবার ও তাহাদের পারিশ্রমিকের যে বিধি যৎকালে প্রচলিত থাকে, পূর্ব্বোক্তরূপ স্থল বর্জ্জিয়া এবং পরিবর্ত্তনীয় কথা পরিবর্ত্তন করিয়া সেই বিধি এই আইনের বিধানমতে দত্ত কোন আহ্বানপত্রের কি কমিস্যনের প্রতি এবং উপস্থিত হওনার্থে আহূত কোন ব্যক্তির প্রতি বর্ত্তিবে ইতি।

PART VIII.

Of sending to a Registry Office Memoranda of Decrees and Orders affecting Immovable Property.

[Memorandum of decree affecting registered document relating to immovable property to be sent to Registrar within whose District the document was originally registered.]

XLI. When any Civil Court shall by a decree or order declare any document relating to immovable property, which shall have been registered under this Act, to be invalid, or when any Civil Court shall pass a decree or order affecting any such document, and such last mentioned decree or order shall create, declare, transfer, limit or extinguish any right, title or interest under such document to or in the immovable property to which it relates, such Court shall cause a memorandum of the decree or order to be sent to the Registrar within whose District the document was originally registered.

[Memorandum of decree affecting immovable property to be sent to Registrar in whose District such property is situate.]

XLII. When any Civil Court shall by a decree or order create, declare, transfer, limit or extinguish any right, title or interest of any person to or in any immovable property situate in any part of British India in which this Act shall operate, such Court shall cause a memorandum of the said decree or order to be sent to the Registrar or to every Registrar within whose District the whole or any part of such immovable property is situate, and such memorandum shall so far as may be practicable describe the property in manner required by Section 21.

[Costs of registration of memoranda of decrees and orders.]

XLIII. The costs of and attending the registration under Sections 41 and 42 of any memorandum of a decree or order shall be costs in the cause, and shall be paid by the Court to the Registrar or to such other person and in such way as the local Government shall direct in that behalf.

PART IX.

Of the Presentation and Deposit of Wills and Authorities to adopt.

[Persons entitled to present for registration Wills and Authorities to adopt. Presentation or deposit of Wills and Authorities to adopt.]

XLIV. The testator or any person claiming as executor or otherwise under a Will, may present to any Registrar for registration such Will, and

[*Government Gazette*, 1st *May* 1866.]

অষ্টম খণ্ড ।

রেজিষ্টরী কার্য্যালয়ে স্থাবর সম্পত্তি বিষয়ক ডিক্রীর ও আজ্ঞার মর্ম্মাত্মক লিপি প্রেরণ করিবার বিধি ।

[স্থাবর সম্পত্তি বিষয়ক লেখ্য আদৌ যে ডিষ্ট্রিক্টে রেজিষ্টর হইয়াছিল, সেই ডিষ্ট্রিক্টের রেজিষ্ট্রারের নিকটে ঐ রেজিষ্টরী লেখ্য সংক্রান্ত ডিক্রীর মর্ম্মাত্মক লিপি প্রেরণের কথা ।]

৪১ ধারা । স্থাবর সম্পত্তি বিষয়ক যে লেখ্য এই আইনমতে রেজিষ্টর করা গিয়াছে সেই লেখ্য যদি কোন দেওয়ানী আদালত কোন ডিক্রী কি আজ্ঞাক্রমে অসিদ্ধ প্রকাশ করেন, কিম্বা তদ্রূপ কোন লেখ্যের গুরুত্বের হ্রাসবৃদ্ধিসূচক ডিক্রী কি আজ্ঞা করেন, ও লেখ্য যে স্থাবর সম্পত্তি বিষয়ক হয় তাহাতে ঐ লেখ্য জন্য কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক যদি শেষোক্ত ডিক্রী কি আজ্ঞাক্রমে সৃষ্ট কি অবধারিত কি হস্তান্তরিত কি সংকুচিত কি বিলুপ্ত হয়, তবে ঐ লেখ্য আদৌ যে রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে রেজিষ্টর করা যায় তাঁহার নিকটে ঐ আদালত ঐ ডিক্রীর কি আজ্ঞার মর্ম্মাত্মক পত্র প্রেরণ করিবেন ইতি ।

[স্থাবর সম্পত্তি যে ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে ঐ সম্পত্তি বিষয়ক ডিক্রীর মর্ম্মাত্মকপত্র সেই ডিষ্ট্রিক্টের রেজিষ্ট্রারের নিকটে প্রেরণের কথা ।]

৪২ ধারা । এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন স্থানে প্রচলিত হয়, যদি কোন দেওয়ানী আদালত ডিক্রী কি আজ্ঞা দ্বারা সেই স্থানবর্ত্তি কোন স্থাবর সম্পত্তির উপর কি সম্পত্তিতে কোন ব্যক্তির কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক সৃষ্টি কি প্রকাশ কি হস্তান্তর কি সংকোচ কি বিলোপ করেন, তবে ঐ সমুদয় স্থাবর সম্পত্তি কি তাহার কোন অংশ যে রেজিষ্ট্রারের কি যে২ রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে তাঁহারদের প্রত্যেক জনের নিকটে ঐ আদালত ঐ ডিক্রীর কি আজ্ঞার মর্ম্মাত্মকপত্র প্রেরণ করিবেন, এবং ২১ ধারাতে সম্পত্তি নির্দ্দেশ করিবার যে নিয়ম ব্যক্ত হইয়াছে ঐ মর্ম্মাত্মকপত্রে ঐ সম্পত্তি সাধ্যমতে সেই নিয়মে নির্দ্দিষ্ট হইবে ইতি ।

[ডিক্রীর ও আজ্ঞার মর্ম্মাত্মকপত্র রেজিষ্টর করণের ব্যয়ের কথা ।]

৪৩ ধারা । ৪১ ও ৪২ ধারামতে ডিক্রীর কি আজ্ঞার কোন মর্ম্মাত্মক লিপি রেজিষ্টর করণের ও তৎকরণসম্পর্কীয় যে ব্যয় হয়, তাহা মোকদ্দমার খরচার মধ্যে ধরিতে হইবে, এবং আদালত রেজিষ্ট্রারকে সেই টাকা দিবেন কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যাঁহাকে যে প্রকারে ঐ টাকা দেওনের বিধি করেন আদালত তাঁহাকে সেই প্রকারে দিবেন ইতি ।

নবম খণ্ড ।

চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র উপস্থিত ও গচ্ছিত করিবার বিধি ।

[চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র যাঁহারা রেজিষ্টর করণার্থে উপস্থিত করিতে স্বত্ববান তাঁহাদের কথা ও চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র উপস্থিত কি গচ্ছিত করণের কথা ।]

৪৪ ধারা । চরমপত্রকারক কিম্বা যিনি চরমপত্রানুসারে কার্য্যসম্পাদকস্বরূপ কি প্রকারান্তরে দাওয়া করেন, তিনি চরমপত্র রেজিষ্টর করণার্থে এবং

the donor or donee of any Authority to adopt, or the adoptive son, may present to any Registrar for registration such Authority. Any person entitled to present for registration any such Will or Authority may either personally or by a duly authorized agent present to a Registrar such Will or authority open, and any testator or donor of such Authority may either personally or by duly authorized agent deposit with any Registrar the Will or authority in a sealed cover superscribed with the name of the depositor and the nature of the document.

[Withdrawal of sealed cover deposited under Section 44.]

XLV. If the depositor of any such sealed cover shall wish to withdraw the same, it shall be lawful for him to apply to the Registrar in whose Office such cover shall have been deposited, that the same be delivered to him ; and the Registrar, if he shall be satisfied as to the identity of the depositor with the applicant, shall deliver the cover accordingly.

[Proceedings on death of depositor. Re-deposit.]

XLVI. If on the death of the depositor of a sealed cover under Section 44, application be made to the Registrar in whose Office such cover was deposited to open the same the Registrar, if he shall be satisfied that the depositor is dead, shall in the presence of the person making such application, open the cover, and shall copy at the expense of the applicant the contents thereof in his Book No. 4. When such copy shall have been made, the Registrar shall re-deposit the original Will or authority.

PART X.

Of the Effects of Registration and Non-Registration.

[Time from which registered document operates.]

XLVII. A registered document shall operate from the time from which it would have commenced to operate if no registration thereof had been required or made, and not from the time of its registration.

[Registered instruments relating to property to take effect against oral agreements.]

XLVIII. All instruments duly registered under this Act and relating to any movable or immovable property, shall take effect against any oral agreement or declaration relating to the same property.

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬৬ । ১ মে ।]

দত্তক গ্রহণের অনুমতিপত্র দাতা কি গ্রহীতা কিম্বা দত্তকপুত্র সেই অনুমতিপত্র রেজিষ্টর করণার্থে কোন রেজিষ্ট্রারের নিকটে উপস্থিত করিতে পারিবেন। যে ব্যক্তি তদ্রূপ কোন চরমপত্র কি অনুমতিপত্র রেজিষ্টর করণার্থে উপস্থিত করিতে স্বত্ববান হন, তিনি রেজিষ্ট্রারের নিকটে স্বয়ং কি নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত মোক্তারের দ্বারা সেই চরমপত্র কি অনুমতিপত্র খোলা আনিবেন। এবং সেই চরমপত্রকারক কিম্বা ঐ অনুমতিপত্র দাতা সেই চরমপত্র কি অনুমতিপত্র মোহর করা খামে দিয়া অর্পণকারি ব্যক্তির নাম ও পত্রের ভাব তাহার উপর লিখিয়া, স্বয়ং কি নিরমিতরূপে ক্ষমতা প্রাপ্ত মোক্তারের দ্বারা কোন রেজিষ্ট্রারের নিকটে গচ্ছিত করিতে পারিবেন ইতি।

[৪৪ ধারামতে যে মোহরাঙ্কিত খাম গচ্ছিত করা যায় তাহা ফিরিয়া লইবার কথা।]

৪৫ ধারা। তদ্রূপ মোহরাঙ্কিত খাম যে ব্যক্তি গচ্ছিত করিলেন তিনি যদি তাহা ফিরিয়া লইতে চাহেন, তবে যে রেজিষ্ট্রারের কার্য্যালয়ে সেই খাম গচ্ছিত করা গিয়াছে তাঁহার নিকটে তিনি প্রার্থনা করিবেন যে সেই লেখ্য তাঁহাকে ফিরিয়া দেওয়া যায়। এবং যে ব্যক্তি গচ্ছিত করিয়াছিলেন, প্রার্থক প্রকৃত সেই ব্যক্তি রেজিষ্ট্রার ইহা হৃদ্বোধমতে জানিলে তাঁহাকে সেই প্রার্থনানুসারে খাম ফিরিয়া দিবেন ইতি।

[গচ্ছিতকারি ব্যক্তির মৃত্যু হইলে ইতিকর্ত্তব্যতার কথা এবং পুনশ্চ গচ্ছিত করিবার কথা।]

৪৬ ধারা। যে ব্যক্তি ৪৪ ধারামতে মোহরাঙ্কিত খাম গচ্ছিত করিয়াছিলেন তাঁহার মৃত্যু হইলে, যে রেজিষ্ট্রারের কার্য্যালয়ে ঐ খাম গচ্ছিত হইয়াছিল তাঁহার নিকটে যদি তাহা খুলিবার প্রার্থনা হয়, তবে গচ্ছিতকারি ব্যক্তি মরিয়াছে ইহা হৃদ্বোধমতে জানিলে তিনি সেই প্রার্থকের সাক্ষাতে সেই খাম খুলিবেন, এবং প্রার্থকের খরচে আপন ৪ নম্বরের বহীতে ঐ পত্রলিখিত কথার প্রতিলিপি করাইবেন। সেই প্রতিলিপি করা গেলে পর রেজিষ্ট্রার সেই মূল চরমপত্র কি অনুমতিপত্র পুনরায় গচ্ছিত করিয়া রাখিবেন ইতি।

দশম খণ্ড।

রেজিষ্টরী করিবার ও না করিবার ফলের কথা।

[রেজিষ্টরী লেখ্য যে সময় অবধি প্রবল হইবে তাহার কথা।]

৪৭ ধারা। রেজিষ্টর করিবার কোন আজ্ঞা না হইলে কি লেখ্য রেজিষ্টর না হইলে তাহা যে সময়াবধি প্রবল হইত সেই সময় অবধি রেজিষ্টরী লেখ্যও প্রবল হইবে। রেজিষ্টর করিবার সময় অবধি নয় ইতি।

[সম্পত্তি বিষয়ক মৌখিক সংশ্রবাপেক্ষা রেজিষ্টরী লেখ্য প্রবলতর হইবার কথা।]

৪৮ ধারা। স্থাবর কি অস্থাবর সম্পত্তি বিষয়ক যে সকল লেখ্য এই আইনমতে উপযুক্তরূপে রেজিষ্টর করা যায়, তাহা সেই সম্পত্তি বিষয়ক কোন মৌখিক সংশ্রবের কি প্রতিজ্ঞার বিপক্ষে প্রবলতর হইবে ইতি।

[Effect of non-registration of documents required to be registerd.

XLIX. No instrument required by Section 17 to be registered shall be received in evidence in any Civil proceeding in any Court, or shall be acted on by any Public Servant as defined in the Indian Penal Code, or shall affect any property comprised therein, unless it shall have been registered in accordance with the provisions of this Act.

[Registered instruments relating to immoveables of which the registration is optional to take effect against unregistered instruments.]

L. Every instrument of the kinds mentioned in Clauses 1, 2 and 3 of Section 18 shall, if duly registered, take effect, as regards the property comprised therein, against every unregistered instrument relating to the same property, whether such other instrument be of the same nature as the registered instrument or not.

[Period of limitation in suits under a registered written contract for money lent or interest or breach of contract.]

LI. Suits to recover money lent or interest, or for the breach of any contract, may be brought within six years from the time when the cause in which of suit arose, in every case, there is an engagement or contract in writing, provided that such engagement or contract be duly registered under this Act.

Special Registration of Obligations for Payment of Money.

[Record of agreement that amount secured by an obligation may be recovered summarily.]

LII. Whenever the obligor and obligee of an obligation shall agree that, in the event of the obligation not being duly satisfied, the amount secured thereby may be recovered in a summary way, and shall at the time of registering the said obligation apply to the Registering Officer to record the said agreement, the Registering Officer, after making such enquiries as he may think proper, shall record such agreement at the foot of the endorsement and certificate required by Sections 66 and 68, and such record shall be signed by him and by the obligor, and shall be copied into the Registrar Book No. 1 or No. 6, as the case may be, and shall be *primâ facie* evidence of the said agreement.

[Enforcement of such agreement.]

LIII. Within one year from the date on which the amount becomes payable, or, where the amount is payable by instalments, within one year from

[যে লেখা অবশ্য রেজিষ্টর করিতে হয় তাহা রেজিষ্টর না করিবার ফলের কথা।]

৪৯ ধারা। ১৭ ধারাক্রমে যে লেখা রেজিষ্টর করিবার আজ্ঞা হইয়াছে তাহা যদি এই আইনের বিধানানুসারে রেজিষ্টর না হয়, তবে কোন আদালতে দেওয়ানী ব্যবহারঘটিত কোন কার্য্যেতে তাহা প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে না এবং ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনেতে যাঁহারা রাজকীয় কার্য্যকারক বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছেন এমত কোন কার্য্যকারক সেই লেখানুযায়ি কার্য্য করিবেন না ও সেই লেখা তল্লিখিত সম্পত্তি পক্ষে ফলোপধায়ক হইবে না ইতি।

[স্থাবর সম্পত্তি বিষয়ক যে লেখা রেজিষ্টর করা স্বেচ্ছাধীন, তাহা রেজিষ্টর হইলে, রেজিষ্টর না হওয়া লেখাপেক্ষা প্রবল হইবার কথা।]

৫০ ধারা। ১৮ ধারার ১, ২, ৩, প্রকরণে যেং প্রকারের লেখা ব্যক্ত হইয়াছে তাহা যদি নিয়মিতমতে রেজিষ্টর করা যায়, তবে সেই সম্পত্তিবিষয়ক অন্য কোন লেখা রেজিষ্টরী লেখোর তুল্যভাবের হইলে কি না হইলেও তল্লিখিত সম্পত্তি সম্পর্কে ঐ রেজিষ্টরী লেখা সেই সম্পত্তি বিষয়ক অরেজিষ্টরী প্রত্যেক লেখোর অপেক্ষা বলবৎ হইবে ইতি।

[ঋণের কি সুদের লিখিত চুক্তি রেজিষ্টরী হইলে তাহার কি ঐ চুক্তিভঙ্গের মোকদ্দমার মিয়াদের কথা।]

৫১ ধারা। যে স্থলে ঋণ কি সুদ শোধনের প্রতিজ্ঞা কি অন্য চুক্তি লিখিত হয় সেই স্থলে যদি ঐ প্রতিজ্ঞা কি চুক্তিপত্র এই আইনমতে উপযুক্তরূপে রেজিষ্টর করা যায়, তবে সেই ঋণ কি সুদ আদায়ের জন্যে কিম্বা সেই চুক্তি ভঙ্গ হেতুক যে মোকদ্দমা হয়, সেই মোকদ্দমার হেতু উপস্থিত হইবার সময়াবধি ছয় বৎসরের মধ্যে মোকদ্দমা করা যাইতে পারিবে ইতি।

ঋণ শোধনের নিবন্ধপত্রের বিশেষ রেজিষ্টর করিবার বিধি।

[নিবন্ধপত্রের লিখিত টাকা সরাসরীমতে আদায় হইতে পারিবে এই মর্ম্মের সংশ্রব রিকার্ড হইবার কথা।]

৫২ ধারা। ঋণ শোধনের নিবন্ধপত্রক্রমে যদি নিবন্ধগ্রহীতা ও নিবন্ধ ব্যক্তি সম্মত হইয়া নিয়ম করেন যে ঐ নিবন্ধপত্রানুসারে নিয়মিতরূপে কার্য্য সাধন না হইলে ঐ পত্রের সংশিত টাকা সরাসরীমতে আদায় হইতে পারিবে, এবং ঐ নিবন্ধপত্র রেজিষ্টর করিবার সময়ে যদি রেজিষ্টরী কার্য্যকারকের নিকটে ঐ সম্মতিপত্রও লিপিবদ্ধ করিতে প্রার্থনা করেন, তবে রেজিষ্টরী কার্য্যকারক যেং অনুসন্ধান করা উচিত বোধ করেন তাহা করণানন্তর ৬৬ ও ৬৮ ধারাতে যে পৃষ্ঠলিপির ও সংশিতপত্রের আজ্ঞা হইয়াছে তাহার তল ভাগে ঐ সংশ্রব লিপিবদ্ধ করিয়া, তিনি ও নিবন্ধ ব্যক্তি তাহাতে স্বাক্ষর করিবেন এবং ১ কিম্বা স্থলবিশেষে ৬ নম্বরের রেজিষ্টরী বহীতে তাহার প্রতিলিপি করা যাইবে, ও তাহা আপাত দৃষ্টে উক্ত সংশ্রবের প্রমাণ হইবে ইতি।

[ঐ সংশ্রব প্রবল করণের ও প্রার্থনাপত্রের ইষ্টাম্পের ও ডিক্রীর কথা।]

৫৩ ধারা। পূর্ব্বোক্ত সংশ্রবপত্র সহিত তদ্রূপ নিবন্ধপত্র ১৮৬৪ সালের উক্ত ১৬ আইন কি এই আইনমতে রেজিষ্টর করা গেলে, ঐ টাকা যে তারিখে

the date on which any instalment becomes payable, the obligee of any such obligation registered with such agreement as aforesaid, whether under the said Act No. XVI of 1864 or under this Act, may present a petition to any Court which would have had jurisdiction to try a regular suit on such obligation for the amount secured thereby, or for the instalment sought to be recovered.

[Stamp on petition.]

The petition shall, where a stamp is required by law, bear a stamp of one-fourth the value prescribed for a plaint in such a suit, and may be amended by permission of the Court, and the statements in the petition shall be verified by the petitioner in manner required by law for the verification of plaints.

[Decree.]

On production in Court of the obligation and of the said record signed as aforesaid, the petitioner shall be entitled to a decree for any sum not exceeding the sum mentioned in the petition together with interest at the rate specified (if any) to the date of the decree, and a sum for costs to be fixed by the Court.

Such decree may be enforced forthwith under the provisions for the enforcement of decrees contained in the Code of Civil Procedure.

[Power to order obligation to be deposited in Court.]

LIV. In any proceedings under this Part of this Act, the Court may order the obligation sought to be proceeded upon to be forthwith deposited with an Officer of the Court, and may further order that all proceedings shall be stayed until the petitioner shall have given security for costs thereof.

[Court may, under special circumstances, set aside decree.]

LV. After decree, the Court may under special circumstances set aside the decree, and if necessary stay or set aside execution; but there shall be no appeal against any decree or order made under Section 53, Section 54, or this Section.

(To be continued.)

দাতব্য হইয়া দেওয়া না যায় সেই তারিখ অবধি এক বৎসরের মধ্যে, কিম্বা যদি টাকা কিস্তি করিয়া দিবার নিয়ম হয়, তবে কোন কিস্তি যে তারিখে দাতব্য হইয়া দেওয়া না যায় সেই তারিখঅবধি এক বৎসরের মধ্যে ঐ নিবন্ধ গ্রহীতা ঐ সংশ্রিত পত্রের টাকার কিম্বা আদেয় কিস্তির নিমিত্তে ঐ নিবন্ধপত্রক্রমে নিয়মিত মোকদ্দমা বিচার করিতে যে আদালত ক্ষমতাপন্ন হন, এমত কোন আদালতে প্রার্থনাপত্র দিতে পারিবেন।

যে স্থলে প্রার্থনাপত্রে আইনমতে ইষ্টাম্প লাগে, সেই স্থলে তদ্রূপ মোকদ্দমার নালিশপত্রে যত টাকার ইষ্টাম্প অবধারিত হয়, ঐ প্রার্থনাপত্রে তাহার চতুর্থাংশ মূল্যের ইষ্টাম্প লাগিবে, ও আদালতের অনুমতিক্রমে তাহা সংশোধিত হইতে পারিবে, এবং আইনেতে নালিশপত্র সত্যীকরণের যে বিধি আছে, সেই বিধিমতে ঐ প্রার্থনাপত্রের সকল বর্ণনও প্রার্থককর্তৃক সত্যীকৃত হইবে।

ঐ নিবন্ধপত্র এবং পুর্ব্বোক্তমতে স্বাক্ষরিত উক্ত লিপি আদালতে উপস্থিত করা গেলে প্রার্থক ঐ প্রার্থনাপত্রের লিখিত টাকার অনধিক টাকার, এবং সুদের হার অবধারিত হইলে, ডিক্রীর তারিখ পর্য্যন্ত সেই হারে সুদের, ও খরচা স্বরূপ আদালতের অবধার্য্য টাকার ডিক্রী পাইতে স্বত্ববান হইবেন।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনেতে ডিক্রী প্রবল করিবার যে বিধি আছে তদনুসারে ঐ ডিক্রী অগৌণে প্রবল করা যাইতে পারিবে ইতি।

[নিবন্ধপত্র আদালতে গচ্ছিত করিতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।]

৫৪ ধারা। এই আইনের এই খণ্ডক্রমে কার্য্য সম্পাদন কালে, যে নিবন্ধপত্রানুসারে কার্য্য হইবার প্রার্থনা হয়, আদালত সেই নিবন্ধপত্র আদালতের কোন কার্য্যকারকের হস্তে অগৌণে গচ্ছিত করিতে আজ্ঞা করিতে পারিবেন। এবং বাদী যতকাল খরচার প্রতিভূ না দেন, তত কাল পর্য্যন্ত মোকদ্দমাঘটিত সকল কার্য্য স্থগিতও হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[বিশেষ গতিকে ঐ ডিক্রী আদালতের অন্যথা করিবার ক্ষমতার কথা।]

৫৫ ধারা। ডিক্রী করিলে পর আদালত গতিক বিশেষে ডিক্রী অন্যথা করিতে এবং আবশ্যক হইলে ডিক্রী সাধনের কার্য্য স্থগিত কি অন্যথা করিতে পারিবেন। কিন্তু ৫৩ ধারা কি ৫৪ ধারা কি এই ধারামতে যে ডিক্রী কি আজ্ঞা হয় তাহার উপর আপীল হইতে পারিবে না ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 655.

APPOINTMENTS.

The 14th April 1866.

Mr. C. S. Turnbull to be an Honorary Magistrate in the district of Hooghly, and to exercise

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৬৫৫ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ১৪ আপ্রিল।

শ্রীযুত সি এস টর্ণবুল সাহেব হুগলী জিলার অনরিরি মাজিষ্ট্রেট হইবেন এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয়

the powers of a Subordinate Magistrate of the Second Class, and the powers described in Section 1, Act X. of 1854, in that District.

The 17th April 1866.

Mr. W. Wright to be Judge of the Small Cause Court of Cuttack, and to exercise the powers of a Principal Sudder Ameen in that District.

Baboo Baney Madhub Shome to be Judge of the Small Cause Court of Pubna, and to exercise the powers of a Principal Sudder Ameen in that District.

The Lieutenant-Governor has been pleased to appoint the Hon'ble W. S. Seton-Karr to be President of the Central Committee of the Lower Provinces for the collection of works of Art and Industry for the Paris Exhibition of 1867, *vice* the Hon'ble W. Grey, resigned.

The 18th April 1866.

Mr. W. Masters, Sub-Deputy Opium Agent of Alleegunge, to be a Sub-Deputy Opium Agent of the Third Grade.

Mr. J. D. Savi, Sub-Deputy Opium Agent of Tirhoot, to be a Sub-Deputy Opium Agent of the Fourth Grade.

The above two appointments will have effect from the 18th ultimo.

Baboo Juggomohun Roy to be a Member of the Local Committee of Public Instruction at Balasore.

In modification of the orders of the 6th instant, published in the *Calcutta Gazette* of the 11th idem, Mr. G. C. Kilby is appointed to officiate, temporarily, as Collector of Customs and Conservator of the Port of Chittagong, during the absence, on leave, of Mr. H. J. Bamber, or further orders, with effect from the date on which he may have taken charge.

The 20th April 1866.

Third Grade Sub-Assistant Surgeon Kristo Dhun Ghose to have medical charge of the Dispensary at Bhaugulpore.

The 23rd April 1866.

The Revd. W. Spencer to be Chaplain of Howrah.

Mr. S. S. Hart to be Apothecary to the Medical College Hospital.

The 24th April 1866.

Mr. J. G. Charles to be an Assistant to the Magistrate and Collector of Tirhoot, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

Baboo Juddonath Bose, Deputy Magistrate and Deputy Collector of Tirhoot, is re-transferred to Chumparun, and vested with the powers of a Magistrate in that District.

[*Government Gazette, 1st May 1866.*]

শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১৭ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ রাইট সাহেব কটকের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন, ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু বেণীমাধব সোম পাবনার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন, ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

মান্যবর শ্রীযুত ডবলিউ গ্রে সাহেব কর্ম্ম ত্যাগ করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব ১৮৬৭ সালের পারিসনগরের প্রদর্শনের নিমিত্তে শিল্প ও শ্রমজন্য কার্য্য সংগ্রহ করণার্থে মান্যবর শ্রীযুত ডবলিউ এস সিটনকার সাহেবকে বঙ্গপ্রভৃতি দেশের সেন্ট্রাল কমিটীর সভাপতির পদে নিযুক্ত করিলেন।

১৮৬৬ সাল ১৮ আপ্রিল।

আলীগঞ্জের আফীমের সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত ডবলিউ মাষ্টর্স সাহেব আফীমের তৃতীয় শ্রেণীর সব-ডেপুটী এজেন্ট হইবেন।

ত্রিহুতের আফীমের সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত জে, ডি, সাবি সাহেব আফীমের চতুর্থ শ্রেণীর সব-সেপুটী এজেন্ট হইবেন।

উপরোক্ত নিয়োগদ্বয় গত মাসের ১৮ তারিখঅবধি প্রবল হইবে।

শ্রীযুত বাবু জগন্মোহন রায় বালেশ্বরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত এচ জে বাম্বর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জি সি কিল্বি সাহেব কিয়ৎ কালের নিমিত্ত চট্টগ্রামের কষ্টমের কালেক্টরের ও বন্দরাধ্যক্ষের কর্ম্ম করিবেন। বর্ত্তমান মাসের ৬ তারিখের এই যে আজ্ঞা ২৪ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা মতান্তর হইয়াছে ও শ্রীযুত কিল্বি সাহেব যে তারিখে ঐ কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখঅবধি ঐ নিয়োগ প্রবল হইবে।

১৮৬৬ সাল ২০ আপ্রিল।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত কৃষ্ণধন ঘোষ ভাগলপুরের ঔষধালয়ের চিকিৎসা কার্য্যের ভার পাইবেন।

১৮৬৬ সাল ২৩ আপ্রিল।

পাদরী শ্রীযুত ডবলিউ স্পেন্সর সাহেব হাবড়ার ধর্ম্মোপদেশক হইবেন।

শ্রীযুত এস্ এস্ হার্ট সাহেব মেডিকাল কালেজ হাসপাতালের ঔষধ প্রস্তুতকারক হইবেন।

১৮৬৬ সাল ২৪ আপ্রিল।

শ্রীযুত জে জি চার্লস সাহেব ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ত্রিহুতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যদুনাথ বসু চাম্পারণে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

LEAVE OF ABSENCE.

The 17th April 1866.

Mr. H. W. J. Bamber, District Superintendent of Police, Pubna, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

The 18th April 1866.

Mr. J. J. Grey, Magistrate and Collector of Sarun, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Mr. J. W. Edgar, Assistant Commissioner of Cachar, for six weeks, from the 6th instant, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Lieutenant G. B. Johnston, Personal Assistant to the Inspector-General of Police, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

The 19th April 1866.

Mr. R. S. O'Connor, District Superintendent of Police, Eastern Dooars, for six months, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. S. Cooper, Sub-Deputy Opium Agent of Chupra, for six months, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Service Absentee Rules, together with three days for preparation.

The 20th April 1866.

Baboo Ramtaruck Roy, Principal Sudder Ameen of Bancoorah, for twenty days, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave, making over charge of his duties to the Judge of the District.

The 21st April 1866.

Apothecary R. E. Wrafter, Officiating House-Surgeon, Medical College Hospital, for six months, on Medical Certificate, under the Financial Resolution, dated 22nd February 1856.

The 23rd April 1866.

Lieutenant G. M. Bowie, Officiating Deputy Inspector-General of Police, Third Circle, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Lieutenant L. J. H. Grey, late Assistant Commissioner in Assam, for one month, from the 11th ultimo, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

NOTIFICATION.

The 9th April 1866.

Whereas it appears expedient to extend the limits of union Kullarooah in the district of 24 Per-

ছুটী।

১৮৬৬ সাল ১৭ আপ্রিল।

পাবনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ ডবলিউ জে বাম্বর সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৮ আপ্রিল।

সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে জে গ্রে সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

কাছাড়ের আসিস্টাণ্ট কমিসানর শ্রীযুত জে ডবলিউ এডগর সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এই মাসের ৬ তারিখঅবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

পোলীসের ইনিস্পেক্টর জেনরল সাহেবের নিজ আসিস্টাণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত জি বি জনষ্টন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৯ আপ্রিল।

পূর্ব্ব দুয়ারের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আর এস ওকনর সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

ছাপরার আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এস কূপর সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে ছয় মাসের ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন প্রস্তুত হইবার জন্যে তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২০ আপ্রিল।

বাঁকুড়ার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু রামতারক রায় যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে বিশ দিনের ছুটী পাইয়াছেন, তিনি আপন কর্ম্মের ভার ঐ জিলার জজ সাহেবের প্রতি অর্পণ করিবেন।

১৮৬৬ সাল ২১ আপ্রিল।

মেডিকাল কালেজ হাসপাতালের একটিং হৌস সর্জন ঔষধ প্রস্তুতকারক শ্রীযুত আর ই রাফ্টর সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ফিনান্সাল ডিপার্টমেন্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণমতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৩ আপ্রিল।

তৃতীয় চক্রের পোলীসের একটিং ডেপুটী ইনিস্পেক্টর জেনরল লেপ্টেনেণ্ট শ্রীযুত জি এম বৌই সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

আসামের ভূতপূর্ব্ব আসিস্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত এল জে এচ গ্রে সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে গত মাসের ১১ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৯ আপ্রিল।

১৮৬১ সালের ৩১ মে তারিখের গবর্ণমেণ্টের বিজ্ঞাপনক্রমে প্রকাশিত (১৮৬১ সালের ১৮ জুন তারিখের

gunnahs, formed under Act XX. of 1856, by Government Notification, dated the 31st of May 1861, (*vide Calcutta Gazette* of the 15th June 1861), it is hereby notified under Section 2 of he said Act that it shall have effect from this date within Kullarooah in zillah 24-Pergunnahs and in such villages and Mohullas as are hereafter defined and united with that place.

2. It is further hereby notified under Section 3 of the said Act that the villages and Mohullas named in the annexed list are united with Kullarooah for the purposes of the said Act.

3. Under Section 4, Act XX. of 1856, it is hereby notified that the limits of the said villages and Mohullas are the limits laid down in the Revenue Survey Maps approved of and sanctioned by the Government of Bengal, as notified in the *Calcutta Gazette* of the 18th June 1856.

4. Under Section 10, Act XX. of 1856, it is also notified that the tax to be levied in the union thus formed, shall be an assessment according to the circumstances and the property to be protected of the persons liable to the same.

List of villages to be united to Bazar Kullarooah.

1. Chandooreah Bazar.
2. Goalparah.
3. Koiba.
4. Toolseedangah.
5. Gopeenathpore.
6. Moorareekatty.
7. Jhekra and its Mohulla Godekhally.

NOTIFICATION.

The 13th April 1866.

The Head-Quarters of the Sub-Division of Nugwan, in the Midnapore District, having been removed to Contai, it is hereby notified that that Sub-Division should henceforth be designated the Sub-Division of Contai.

The following Orders issued by the Government of India, in the Home Department, are re-published for general information :—

No. 13.

Simla the 12th April 1866.

Mr. A. A. Swinton, of the Civil Service, is permitted to proceed to Europe on furlough for a period of one year and six months, from the date of embarkation.

No. 32.

The 13th April 1866.

Messrs. * * * and W. H. Henderson, of the Civil Service, have reported their departure from India per

বাঙ্গলা গেজেট দেখ) ১৮৫৬ সালের ২০ আইনমতে সংযুক্ত ২৪ পরগনা জিলার অন্তর্গত কল্লাকয়াদি সংযুক্তগ্রামের সীমা বৃদ্ধি করা বিহিত বোধ হওয়াতে উক্ত আইনের ২ ধারামতে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ২৪ পরগনা জিলার কল্লাকয়াতে এবং ইহার পশ্চাৎ নির্দ্দিষ্ট ও উক্ত স্থানের সহিত সংযুক্ত সকল গ্রাম ও মহাল্লাতে এই আইন অদ্যকার তারিখঅবধি প্রবল হইবে।

২। উক্ত আইনের ৩ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে ইহার সংযুক্ত ফর্দ্দে যেং গ্রামের ও মহল্লার নাম দেওয়া গেল তাহা উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কল্লাকয়ার সহিত সংযুক্ত হইল।

৩। ১৮৫৬ সালের ২০ আইনের ৪ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৬ সালের ১৮ জুন তারিখের কলিকাতা গেজেটের প্রকাশিত মতে রেবিনিউ সর্ব্বেয়ারা প্রস্তুত যে নকসা বঙ্গদেশের গবর্ণমেণ্টকর্ত্তৃক স্বীকৃত ও অনুমোদিত হয় তাহাতে উক্ত গ্রামের ও মহল্লার যে সীমা নিরূপণ হইয়াছে তাহাই অবধারিত হইবে।

৪। ১৮৫৬ সালের ২০ আইনের ১০ ধারামতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে তদ্রূপে কৃত সংযোগহইতে যে টাকুস আদায় করিতে হইবে তাহা টাকুস দিবার যোগ্য ব্যক্তিদের অবস্থা ও রক্ষণীয় সম্পত্তি অনুসারে ধার্য্য হইবে।

কল্লাকয়া বাজারে যেং গ্রাম সংযুক্ত হইবে তাহার ফর্দ্দ।

১। চান্দুড়িয়া বাজার।
২। গোয়ালপাড়া।
৩। কয়বা।
৪। তুলসীডাঙ্গা।
৫। গোপীনাথপুর।
৬। মুরারিকাটী।
৭। ঝোকরা ও তম্মহল্লা গোদখালী।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৩ অপ্রিল।

মেদিনীপুর জিলার অন্তর্গত নগওয়ান শাখাখণ্ডের সদর স্থান, কাঁতিতে স্থাপন হওয়াতে ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে এই অবধি তাহার নাম কাঁতির শাখাখণ্ড হইবে।

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের পশ্চাৎ লিখিত যে আজ্ঞা প্রকাশ হয় তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৩ নম্বর, সীমলা।

১৮৬৬ সাল ১২ আপ্রিল।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত এ এ সুইণ্টন সাহেব নিয়মিত ছুটী লইয়া গমনের তারিখ অবধি এক বৎসর ছয় মাস ইউরোপে গমন করিতে অনুমতি পাইয়াছেন।

৩২ নম্বর।

১৮৬৬ সাল ১৩ আপ্রিল।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত * * * ও শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডরসন সাহেব দিল্লী নামক বা

Steamer *Delhie*, which vessel was left by the Pilot at Sea on the 24th ultimo.

NOTIFICATION.

The 14th April 1866.

It is hereby notified, for general information, that the jurisdictions of the Moonsiffs in the several districts of the Patna Division comprise respectively the Sub-Division or Sub-Divisions noted opposite to each.

Sarun.

The Moonsiff of Moteeharee.—Sub-Divisions of Moteeharee and Bettiah.

Moonsiff of Sewan.—Sub-Division of Sewan.

Shahabad..

Moonsiff of Sasseeram.—Sub-Divisions of Sasseeram and Bhubbooah.

Gyah.

Moonsiff of Gya.—Central Sub-Division of Gya.

Moonsiff of Aurungabad.——Sub-Divisions of Aurungabad and Sherghotty.

Moonsiff of Nowadah.—Sub-Division of Nowadah.

Patna.

* Moonsiff of Behar.—Sub-Division of Behar.

Tirhoot.

Moonsiff of Mozufferpore.—Sub-Division of Mozufferpore.

Moonsiff of Tajpore —Sub-Divisions of Hajeepore and Tajpore, with Head-Quarters at the latter place.

Moonsiff of Durbhungah.—Sub-Divisions of Durbhungah and Mudhoobunnee, except the two Western Pergunnahs, Jureyl and Bhala. Head-Quarters at Durbhungah.

Moonsiff of Seetamurhee.—Sub-Division of Seetamurhee and Pergunnahs Jureyl and Bhala from Mudhoobunnee. Head-Quarters at Seetamurhee, instead of Jalla.

NOTIFICATION.

The 21st April 1866.

The following Officers in the Assam Commission are vested with the powers noted against their respective names, in the province of Assam, provided always that they shall not exercise those powers, save in the District to which they may for the time being stand appointed :—

Captain A. E. Campbell, powers of a Magistrate, Deputy Collector and Sudder Ameen.

Lieutenant A. N. Phillips, powers of a Magistrate, Deputy Collector and Moonsiff.

Captain W. C. S. Clarke, powers of a Magistrate, Deputy Collector and Sudder Ameen.

---

* About to be appointed.

হীর জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন, সেই জাহাজ জাড়কাটী সাহেব গত মাসের ২৪ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৪ আপ্রিল।

সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে পশ্চাৎ লিখিত সকল শাখাখণ্ড পাটনা খণ্ডের নানা জিলার তৎপার্শ্ব লিখিত মুনসেফদের বিচারাধিপেত্যর অন্তর্গত হইয়াছে। অর্থাৎ

সারণ।

মতিহারির মুনসেফ—মতিহারি ও বেতিয়া শাখখণ্ড।

সেওয়ানের মুনসেফ—সেওয়ান শাখাখণ্ড।

শাহাবাদ।

শাসীরামের মুনসেফ—শাসীরাম ও ভবুয়া শাখাখণ্ড।

গয়া।

গয়ার মুনসেফ—গয়ার মধ্য শাখাখণ্ড।

আরঙ্গাবাদের মুনসেফ—আরঙ্গাবাদ ও শের শাখাখণ্ড।

নবদহের মুনসেফ—নবদহ শাখাখণ্ড।

পাটনা।

* বেহারের মুনসেফ—বেহার শাখাখণ্ড।

ত্রিহুত।

মজফরপুরের মুনসেফ—মজফরপুর শাখাখণ্ড।

তাজপুরের মুনসেফ—হাজিপুর ও তাজপুর শাখাখণ্ড, তাজপুর সদর স্থান হইবে।

দরভঙ্গার মুনসেফ—জরাইল ও ভালা এই দুই পশ্চিম পরগনা ভিন্ন দরভাঙ্গা ও মধুবনি শাখাখণ্ড, দরভাঙ্গায় সদর মোকাম হইবে।

সীতামারীর মুনসেফ—সীতামারী শাখাখণ্ড ও মধুবনি অবধি জারাইল ও ভালা পরগনা শাখাখণ্ড। জাল্লার পরিবর্ত্তে সীতামারিতে সদর স্থান হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২১ আপ্রিল।

আসাম কমিসানের পশ্চাৎ লিখিত কার্য্যকারকেরা আসাম প্রদেশের মধ্যে আপনং নামের পার্শ্ব লিখিত ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। পরন্তু জানা কর্ত্তব্য যে তাঁহারা যখন যে জিলার পদে নিযুক্ত থাকেন তদ্ভিন্ন অন্য স্থানে সেই ক্ষমতাক্রমে কর্ম্ম না করেন, অর্থাৎ

কাপ্তান শ্রীযুত এ ই কাম্বেল সাহেব মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর আমীনের ক্ষমতা।

লেপ্টেনেণ্ট শ্রীযুত এ এন ফিলিপস্ সাহেব মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরে ও মুনসেফের ক্ষমতা।

কাপ্তান শ্রীযুত ডবলিউ সি এস ক্লার্ক সাহেব মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর আমীনের ক্ষমতা।

---

* সম্প্রতি নিযুক্ত হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১ মে।]

Lieutenant J. Gregory, powers of a Magistrate, Deputy Collector and Sudder Ameen.

Lieutenant C. Hayter, powers of a Subordinate Magistrate, Second Class, and Deputy Collector.

Lieutenant E. Y. Walcott, powers of a Subordinate Magistrate, Second Class, and Deputy Collector.

Lieutenant W. J. Williamson, powers of a Subordinate Magistrate, Second Class, powers under Section 1, Act X. of 1854, and those of a Deputy Collector.

Lieutenant W. T. Trotter, powers of a Subordinate Magistrate, Second Class, and Deputy Collector.

Lieutenant G. D. Reid, powers of a Subordinate Magistrate, Second Class, and Deputy Collector.

Ensign T. B. Michell, powers of a Subordinate Magistrate, Second Class, and Deputy Collector.

Mr. J. B. Shadwell, powers of a Magistrate, Deputy Collector and Sudder Ameen.

Mr. J. J. S. Driberg, powers of a Magistrate, Deputy Collector and Sudder Ameen.

Mr. W. H. McKenzie, powers of a Magistrate, Deputy Collector and Sudder Ameen.

Baboo Goonabhiram Surma, powers of a Magistrate, Deputy Collector and Sudder Ameen.

Mr. R. Falcon, powers of a Subordinate Magistrate, Second Class, and Deputy Collector.

Baboo Utsabanund Goswami, powers of a Subordinate Magistrate, Second Class, powers under Section 1, Act X. of 1854, and those of a Deputy Collector.

Baboo Purnanund Surma, powers of a Subordinate Magistrate, First Class, powers under Section 1, Act X. of 1854, and those of a Deputy Collector and Moonsiff.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 19th April 1866.

Baboo Umbicca Churn Mitter, Moonsiff of Furreedpore, Zillah Dacca, to be Moonsiff of Thakoorgong, Zillah Dinagepore.

Baboo Sreenauth Roy, Moonsiff of Thakoorgong, Zillah Dinagepore, to be Moonsiff of Furreedpore, Zillah Dacca.

Baboo Hurropersaud Mozoomdar to officiate as Moonsiff of Jamalpore, during the absence of Baboo Boishnub Churn Doss, or until further orders.

[*Government Gazette*, 1*st May* 1866.]

লেপ্টেনেন্ট শ্রীযুত জে গ্রেগরি সাহেব মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর আমীনের ক্ষমতা।

লেপ্টেনেন্ট শ্রীযুত সি হেটর সাহেব অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

লেপ্টেনেন্ট শ্রীযুত ই ওয়াই ওয়ালকট সাহেব অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ জে উইলিএমসন সাহেব অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা, এবং ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেব অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

লেপ্টেনেন্ট শ্রীযুত জি ডি রীড সাহেব অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

এনসাইন শ্রীযুত টি বি মিচেল সাহেব অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

শ্রীযুত জে বি শ্যাডওয়েল সাহেব মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর আমীনের ক্ষমতা।

শ্রীযুত জে, জে, এস, ড্রিবর্গ সাহেব মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর আমীনের ক্ষমতা।

শ্রীযুত ডবলিউ এচ মাকেঞ্জি সাহেব মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর আমীনের ক্ষমতা।

শ্রীযুত বাবু গুণাভিরাম শর্ম্মা মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর অমীনের ক্ষমতা।

শ্রীযুত আর ফাল্‌কন সাহেব অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

শ্রীযুত বাবু উৎসবানন্দ গোস্বামী অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতের ক্ষমতা, এবং ডেপুটী কালেক্টরের ক্ষমতা।

শ্রীযুত বাবু পরমানন্দ শর্ম্মা অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতের ক্ষমতা এবং ডেপুটী কালেক্টরের ও মুনসেফের ক্ষমতা।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৬ সাল ১৯ আপ্রিল।

ঢাকা জিলার ফরীদপুরের মুনসেফ শ্রীযুত বাবু অম্বিকাচরণ মিত্র দিনাজপুর জিলার ঠাকুরগাঁয়ের মুনসেফ হইবেন।

দিনাজপুর জিলার ঠাকুরগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ রায় ঢাকা জিলার ফরীদপুরের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু বৈষ্ণবচরণ দাসের অনুপস্থানকালে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্যন্ত শ্রীযুত বাবু হরপ্রসাদ মজুমদার জামালপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

The 20th April 1866.

Baboo Romanauth Seal, L. L. to officiate as Moonsiff of Olipore, Zillah Rungpore.

The 25th April 1866.

Baboo Chunder Kishroe Roy, Moonsiff of Nubbeegunge, Zillah Sylhet, to be Moonsiff of Huthazaree, Zillah Chittagong.

Baboo Koylas Chunder Dusteedar, Officiating Moonsiff of Huthazaree, to be Moonsiff of Nubbeegunge, Zillah Sylhet.

Baboo Troyloko Nauth Mitter, B. L., to be Additional Moonsiff of Nusseerabad, Zillah Mymensingh.

Baboo Komala Kant Chuckerbutty, Additional Moonsiff of Nusseerabad, Zillah Mymensingh, to be Moonsiff of Kushbah, in Zillah Tipperah.

H. T. PRINSEP,
Registrar.

১৮৬৬ সাল ২০ আপ্রিল।

শ্রীযুত বাবু রমানাথ শীল এল এল রঙ্গপুর জিলার অলিপুরের মুনসেফের কর্ম্ম হইবেন।

১৮৬৬ সাল ২৫ আপ্রিল।

শ্রীহট্ট জিলার নব্বীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রকিশোর রায় চট্টগ্রাম জিলার হাটহাজারীর মুনসেফ হইবেন।

হাটহাজারীর একটিং মুনসেফ শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দস্তীদার শ্রীহট্ট জিলার নব্বীগঞ্জের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু ত্রৈলোক্যনাথ মিত্র বি, এল, ময়মুনসিংহ জিলার নসিরাবাদের অতিরিক্ত মুনসেফ হইবেন।

ময়মুনসিংহ জিলার নসীরাবাদের অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু কমলাকান্ত চক্রবর্ত্তী ত্রিপুরা জিলার কশবার মুনসেফ হইবেন।

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

১৩১ নং।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৬ সাল তারিখ ১১ মে শুক্রবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৪। ৬৫ সালের উৎপন্ন আফিমের পঞ্চম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩,৩৩০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম ———	২,০০০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ———	১,৩৩০
জুমলা সিন্দুক	৩,৩৩০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৫ সালের ২৬ অকুটোর তারিখের লিখিত ইশ্‌তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৬ সালের ১৬ এবং ২৬ মে এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমস্সুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৬ সালের ১৬ মে বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্মতের পুরা টাকার দরুণ বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ সন ১৮৬৬ সালের ২৬ মে শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইশ্‌তেহারের লিখিত পরিমাণ আফিম ভিন্ন বর্ত্তমান বর্ষে সন ১৮৬৪। ৬৫ সালের উৎপন্ন নীচের লিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হারে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতু প্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১ মে।]

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৬	সাল তারিখ	১১ জুন	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯ জুলাই	ঐ	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯ আগষ্ট	বৃহস্পতিবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	১০ সেপ্টেম্বর	সোমবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৪ আক্টোবর	বৃহস্পতিবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৯ নবেম্বর	শুক্রবার	ঐ	২,০০০	১,৩৩০	৩,৩৩০
ঐ	ঐ	৫ ডিসেম্বর	বুধবার	ঐ	২,০০০	১,৩৭০	৩,৩৭০
				একুন	১৪,০০০	৯,৩৫০	২৩,৩৫০

টি ক্রস লেন।
ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
ফোর্ট উইলিয়ম সন ১৮৬৬ সাল তারিখ ২১ আপ্রিল।

CALCUTTA POLICE NOTIFICATION.

It is hereby notified by the Commissioner of Police, with the sanction of the Lieutenant-Governor of Bengal, that the limits within which any person committing any of the offences specified in Section 66 of Act IV, (B. C.) of 1866 is liable to the penalty therein prescribed, shall be the limits of the Town of Calcutta as declared by the Proclamation of the Governor General in Council on the 10th September 1794 by virtue of the Statute 33, George 3, Cap. 52, Section 159.

S. S. Hogg,
Commissioner of Police.

Police Office,
The 10th April 1866.

কলিকাতার পোলীসের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে পোলীসের কমিস্যনর সাহেব ইহাতে প্রকাশ করিতেছেন যে, ১৮৬৬ সালের বঙ্গদেশীয় ৪ আইনের ৬৬ ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধ যে সীমার মধ্যে করিলে অপরাধির সেই ধারার নির্দ্দিষ্ট দণ্ড হইতে পারে সেই সীমা তৃতীয় জর্জ্জ রাজার ৩৩ বৎসরের আইনের ৫২ অধ্যায়ের ১৫৯ ধারার বলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ১৭৯৪ সালের সেপ্টেম্বর মাসের ১০ তারিখের বিজ্ঞাপনক্রমে প্রকাশিত কলিকাতা নগরের সীমা জানিতে হইবে।

এস এস্ হাগ,
পোলীসের কমিস্যনর।

পোলীসের কার্য্যালয়
১৮৬৬ সাল ১০ আপ্রিল।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা দিনাজপুর।

এস্তালানামা কাচারি কালেক্টরী জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৬। ২৮ মার্চ তকের বাকি মালগুজারি নিমিত্তক ১৮৬৬ সনের ৪ মেই মোং ১২৭৩ সালের ২২ বৈশাখ রোজ শুক্রবার এই জেলার কালেক্টরী কাচারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হবেক।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

৩৯৪ নং তৌজী মৌজে সেঘটা ওগএরহ পরগনে খাঙ্গোর লিখিত মালিক ব্রজকৃষ্ণ ভট্টাচার্য্য ও কুবের মুখুর্য্যা ও ভগবতীচরণ ও অম্বিকাচরণ ও ত্রিলোচন ভট্টাচার্য্য ও ব্রহ্মময়ী দেব্যা মাদরে শ্রীশচন্দ্র ভট্টাচার্য্য সদর জমা ৬৫৯৵৮। পাই।

কৈং ১৮৫৯। ১১। ১০ ধারামত ব্রজকৃষ্ণ ভট্টাচার্য্যের হিস্যা ৵১০ যাহার সদর জমা ১০১।৵১১। পাই তাহার কিস্তী ফাল্গুন তকের বাকী ২৮৲ টাকা আদায় জন্য নীলামে ধরা গেল।

সন ১৮৬৬। তারিখ ৭ আপ্রিল দিনাজপুরের কালেক্টরির আফিস।

W. Le. F. Robinson,
Collector.

জিলা নদীয়া।

এস্তেহারনামা কাছারি কালেক্‌টরি জেলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহাল সন ১৮৬৬ সালের ২৮ মার্চ পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্যান্য যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে এবং চলিত আইনমতে সন ১৮৬৬ সালের ১৫ মে তারিখ মোতাবেক সন ১২৭৩ সালের ৩ জ্যৈষ্ঠ তারিখে এজেলার কালেক্‌টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধায় বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ সাল তারিখ ১৭ আপ্রিল।

এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

নং তরতিব	নং তৌজী	নাম মহাল	নাম পরগনা	নাম মালিক	সদর জমা
১ নং	২১৬।০ নং	ডিহি গোবরা	পলাসী	মালিক সেবারাম সাঞ্রিদিং	১০৭৫।৭ পুলীস ১০।৬ ১০৮৫॥/১
২ নং	৩৭১৷০ নং	ডিহি নাকাশীপাড়া	বাগোয়ান	মালিক শান্তিরাম রায়দিগর	সদর জমা ৪০৩০।৶ পুলীস ৪৪।৶ ৪০৭৪৸৵
৩ নং	৩২৩৩ নং	তং সাওতা	মাহাম্মদসাহী	মালিক মির এবরাহিম হোশন	সদর জমা ৮৩৪/

H. Ulick Browne,
Collector.

জেলা যশোহর।

সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত মহাল সন ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে লাটবন্দী হইয়া সরকারি বাকী দাখিলের শেষ দিবস গত ২৮ মার্চ অবধারিত হইয়াছিল তাহাতে বাকী দাখিল না হওয়া প্রযুক্ত উক্ত আইনের ৬ ধারার বিধানক্রমে বর্ত্তমান সন ১৮৬৬ সালের ১৫ মেই মোতাবেক বাঙ্গলা সন ১২৭৩ সালের ২ জ্যৈষ্ঠ রোজ মঙ্গলবার নীলামের তারিখ অবধারিত হইল উক্ত তারিখে মহাল মজকুর জেলা যশহরের শ্রীযুত কালেক্‌টর সাহেবের হজুরে বিনাওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৬। ২০ আপ্রিল।

দ্বিতিয় শ্রেণীর মেয়াদী মহাল।

তৌজির নম্বর।	মাহালের নম্বর ও পরগনা ও কিসমত ও মালিকের নাম	সদর জমা।
৫৮	মাহাল চাঁদখালী বন্দবস্ত গ্রহীতা ৺ রামচন্দ্র ঠাকুর দিগর সেবাএত উমানাথ চৌধুরি মেয়াদ ইং ১২৬৫ নাং ১২৭৪ সাল ..	১১৯০৬/০
১৯৫	পং মামুদাবাদ রকম ।৶ আনা বন্দবস্ত গ্রহীতা উমানাথ চৌধুরি মেয়াদ ইং ১২৬৭ নাং ১২৮৬ সন ১২৭৭ সাল পর্য্যন্ত রসদপুরা ও হর সন জমা সন ১২৭২ সাল ...	২৮২২।/৫
৪৪০০	চকঃ বারনারিয়া কৃষ্ণানন্দ ঘোষ মেয়াদ ইং ১২৫৯ সাল নাং ১২৮২ সাল পর্য্যন্ত রসদপুরা জমা ১২৭২ সাল ...	১১৭৯/১
৪৪০১	চকঃ বয়ার সীমা সাধুয়ার ঘাট্টা হিমচন্দ্র চট্টোপাধ্যায় ইং ১২৫৪ নাং ১২৭৩ সাল	৬৫৭৬৶১১
৪৪২৬	চকঃ খড়িয়া চেমসাখালী ৺ রামচন্দ্র ঠাকুরদিগর সেবাএত উমানাথ চৌধুরি ইং ১২৬০ নাং ১২৭৯ সাল ১২৭৩ সালপর্য্যন্ত রসদপুরা জমা সন ১২৭২ সাল...	৫২০৭৶৮
৪০৮৫ নং	২২০ নং লাটের মধ্যগত চকঃ দেমটী ও মাগুরা চন্দ্রমোহন দত্ত চৌধুরি ১২৬৫ সাল হইতে ১২৭২ সাল পর্য্যন্ত রসদপুরা ...	১৫৬৩৶৪

J. Monro,
Offg. Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১ মে।]

জিলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেকুটরি জেলা বর্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমানের ৫১৭৭ নং তৌজী মহাল সন ১৮৬৬ সালের মার্চ মাহার ২৮ তারিখ পর্য্যন্ত বাকী জমার নিমিত্তে এবং চলিত আইন ও আকুটের দ্বারায় অন্য যেং দাওয়া বাকী জমার ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৬৬ সালের ১০ মে মোতাবেক সন ১২৭৩ সালের ২৮ বৈশাখ বৃহস্পতিবার দিবসে বেলা দুই প্রহরের সময় অত্র জেলার কালেকুটরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬। ১৯ আপ্রেল।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৫১৭৭ নং চর চণ্ডীপুর পং জাহীজিরাবাদ মালিক কালীপ্রসাদ সিংহ রায় সদর জমা ৫১১৸/১১

H. L. Harrison,
Offg. Collector.

INSOLVENT COURT.

যোত্রহীনের আদালত।

Court for the Relief of Insolvent Debtors at Calcutta.

In the matter of AGA MAHOMED ALLY, an Insolvent.

Notice is hereby given that Saturday, the 5th day of May next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an account in detail of the receipts and disbursements of the Assignee from the 1st day of August 1864, until the 1st day of April instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office;
Calcutta, 24th April 1866.

কলিকাতা অক্ষম ঋণিদের উপকারার্থ আদালত।

যোত্রহীন আগামিহম্মদ আলির বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি মে মাসের ৫ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে, এবং ১৮৬৪ সালের আগষ্ট মাসের ১ তারিখঅবধি বর্ত্তমান আপ্রিল মাসের ১ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে, ও প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা।
কলিকাতা ১৮৬৬ সাল ২৪ আপ্রিল।

MISCELLANEOUS ADVERTISEMENTS.

সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

হাই কোর্ট বিজ্ঞাপন।

রিসিবর আফিস।
জমিদারিদিগর ইজারা।

চন্দ্রনাথ বিশ্বাস বাদী।
বিশ্বনাথ বিশ্বাসদিগর প্রতিবাদী।

সর্ব্বসাধারণ জনগণকে এই বিজ্ঞাপনপত্রের দ্বারায় জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ৯ মেই বুধবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে হাই কোর্টের রিসিবর শ্রীযুত চার্লস সুইন্টন হাগ সাহেব তাঁহার আফিসে মৃত প্রাণকৃষ্ণ বিশ্বাসের ইষ্টেটের দরুণ নীচের লিখিত জমিদারিদিগর ইজারার ডাক লইবেন যাহারা ইজারা লওনে ইচ্ছুক হএন উপরোক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

[*Government Gazette,* 1st *May* 1866.]

জেলা ২৪ পরগনার অন্তঃপাতি মেং বারাসতের মাজিষ্ট্রেটের অধীন।

পরগনে আমরপুর তরফ জোজড়া ওগায়রহ কালেকুটরির রেজিষ্টরি নম্বর ১৪৬ রকম ॥০ আনা মায় নাখেরাজ ও খেরাজ ও পুষ্করিণী ও বাগান ও হাট ও বাজার ও ঘাট ইত্যাদি।

পরগনে আমরপুর কিসমত কাএম্বা কালেকুটরির রেজিষ্টরি নম্বর ১১৬১ রকম তিন অংশের ১ এক অংশ উপরের লিখিত মত।

পরগনে কলিকাতার মহল মদরছা মৌজে বমহুগলী ওগায়রহ কালেকুটরির রেজিষ্টরির নম্বর ১৫৫ রকম ॥০ আট আনা মায় নাখেরাজ ও খেরাজ জমী ও পুষ্করিণী ও বাগান ও হাট ও বাজার ও ঘাট ইত্যাদি সেওয়ায় চাণকের গঙ্গার ধারের জমা যাহা মিশীরার্শ

গারডন ইষ্টুয়ার্ড কোম্পানিকে ইজারা দেওয়া গিয়াছে ইতি।

পরগনে কলিকাতা তালুক শ্রীবাটী কিসমত বেওতাদিগর কালেক্টরির রেজিষ্টরির নম্বর ১৪৭ উপরের লিখিতমত রকম ||০ আট আনা।

ঐ পরগনা পটি গোবিন্দবাটী কালেক্টরির রেজিষ্টরির নম্বর ১৫৯।

ঐ পরগনার কিসমত রহড়া কালেক্টরির রেজিষ্টরির নম্বর ১৮৪ উপরের লিখিতমত।

পরগনে হাতিয়াগর কিসমত খড়দহা রকম ৶১০ তিনআনা দশ গোণ্ডা ইষ্টেট রঘুদেবনগর কালেক্টরির রেজিষ্টরির নম্বর ১৫০৫ ও মহালি গাতি ইত্যাদি।

পরগনে কলিকাতা কিসমত করিমপুর কালেক্টরির রেজিষ্টরির নম্বর ১২৫৯।

পরগনে মাগুরা তরফ শঙ্করপুর কালেক্টরির রেজিষ্টরির নম্বর ১২৪।

মৌজে খড়দহা পরগনে কলিকাতা ৫ খাম বাগান জায় কলের বাগান সোঁর বাগান মায় পাকা ইমারৎ দরুণ রামবিশ্বাসের বাগান সামের বাগান ফুলবাগান মায় অন্য ২ পুষ্করিণী ও বাগান ও লাখেরাজ ও খেরাজ জমী ইত্যাদি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কলিকাতা হাই কোর্ট রিসিবর আফিস
৫ নম্বর ইষ্ট্রাণ্ড রোড সন ১৮৬৬ সাল
তারিখ ৯ আপ্রিল।

বিজ্ঞাপন।

এতদ্বিজ্ঞাপনপত্রদ্বারা আর্য্যধর্ম্মাবলম্বি জনগণকে জ্ঞাত করা যাইতেছে যে মহানগরীস্থ ও নবদ্বীপাদি অন্যান্য স্থানস্থ মহামহোপাধ্যায়গণ বর্ত্তমান বৎসরকে লুপ্ত সম্বৎসর বলিয়া স্থিরীকৃত করেন নাই সুতরাং উপনয়ন ও বিবাহাদি সমস্ত শুভকর্ম্ম হইতে পারিবেক। বিশেষতঃ বিগত ৭ ও ১২ বৈশাখ তারিখে অনেকানেক ব্রাহ্মণতনয়ের উপনয়ন ও বিবাহাদি সংস্কার সুচারুরূপে নির্ব্বাহ হইয়াছে ইহা সর্ব্বসাধারণের বিদিতার্থ জ্ঞাপন করিলাম নিবেদনমিতি শকাব্দা ১৭৮৮ সন ১২৭৩ সাল তারিখ ১৮ বৈশাখ।

শ্রীদুর্গাদাস ব্রহ্মচারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১ মে।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত জামস জোন্স সাহেবকর্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, MAY 1, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ১ মে।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। এ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্তিহার।

জিলা ২৪ পরগনা।

এস্তাহার নামা কাছারি কালেকুটরি।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ২৪ পরগনা জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরাজী সন ১৮৬৬ সালের মে মাসের ১০ তারিখে মোতাবেক বাঙ্গলা ১২৭৩ সালের বৈশাখ মাসের ২৮ তারিখে বৃহস্পতিবার জেলা ২৪ পরগনার কালেকুটরি কাছারীতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীনে থাকিবেন।

জিলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক	মন্তব্য।
			ধার্য্য করা রাজস্ব।	রাস্তার টাক্স	মোট		
		এ: ক: প:					
২৩৬২	পং কলিকাতা সুকচর	১।৩।৩৭	৮॥০	৵৪	৮॥৵৪	১৭৲	

A. J. R. Bainbridge,
Offg. Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত তামস জোন্স সাহেব কর্ত্তৃকমুদ্রিত ও প্রকাশিত হইল।

[When Appellate Court may frame issues and refer them for trial to Court whose decree is appealed against.]

DLXXV. If the Court against whose decree the appeal is made shall have omitted to raise or try any issue or to determine any question of fact which shall appear to the Appellate Court essential to the right determination of the suit upon the merits, and the evidence upon the record is not sufficient to enable the Appellate Court to determine such issue or question of fact, the Appellate Court may frame issues for trial, and may refer the same for trial to the Court against whose decree the appeal is made, and such Court shall proceed to try such issue and shall return to the Appellate Court its finding thereon together with the evidence.

[Finding and evidence to be put on record. Objections to finding.]

DLXXVI. Such finding and evidence shall become part of the record in the suit; and either party may, within a time to be fixed by the Appellate Court, file a menorandum of objections to the finding. Such memorandum shall be on the stamp paper prescribed for petitions to the Court, and shall set forth concisely and under distinct heads and without argument or narrative the grounds of objection to the finding, which grounds shall be numbered consecutively. After the expiration of the period fixed for filing such memorandum, the Appellate Court shall proceed to determine the appeal.

[Parties not to produce additional evidence to Appellate Court unless Court call for such evidence.]

DLXXVII. The parties to an appeal shall not produce additional evidence, whether oral or documentary, in the appellate Court; but if it appear that the Court against whose decree the appeal is made refused to admit evidence which ought to have been admitted, or if the the Appellate Court require any document to be produced or any witness to be examined to enable it to pronounce judgment or for any other substantial cause, the Appellate Court may allow such document to be received or such witness to be examined, whether such document or witness shall or shall not have been previously produced or examined: Provided that, whenever additional evidence is admitted by an Appellate Court, the reason for the admission shall be recorded on the proceedings of the Court.

[Additional evidence how taken.]

DLXXVIII. Whenever additional evidence is permitted to be received, it shall be competent

[যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় তাঁহার নিকটে আপীল আদালত সেই স্থলে ইসু নিরূপণ করিয়া বিচারার্থে প্রেরণ করিবেন তদ্বিষয়ক কথা।]

৫৭৫ ধারা। আপীল আদালত যে ইসু কি বৃত্তান্ত ঘটিত যে কথা মোকদ্দমার দোষগুণ ক্রমে যথার্থ নির্ণয় হইবার জন্যে অত্যন্ত গুরুতর জ্ঞান করেন, যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালত যদি সেই ইসু উত্থাপন কি বিচার করেন নাই কিম্বা বৃত্তান্ত ঘটিত সেই কথার নির্ণয় করেন নাই, এবং কাগজপত্রে যে প্রমাণ আছে তাহা যদি আপীল আদালতের সেই ইসু কি বৃত্তান্ত ঘটিত সেই কথা নির্ণয় করণার্থে পর্য্যাপ্ত না হয়, তবে আপীল আদালত বিচারার্থ ইসু নিরূপণ করিয়া যে আদালতের ডিক্রীর উপর আপীল হইয়াছে সেই আদালতের বিচারার্থে তাহা অর্পণ করিতে পারিবেন, এবং সেই আদালত ঐ ইসুর বিচার করিতে প্রবৃত্ত হইয়া তদ্বিষয়ে তাঁহার যে নির্ণয় হয় তাহা প্রমাণ সহিত আপীল আদালতে প্রেরণ করিবেন ইতি।

[সেই নির্ণয় ও প্রমাণ কাগজপত্রে রাখিবার, ও নির্ণয়ের প্রতি আপত্তির কথা।]

৫৭৬ ধারা। সেই নির্ণয় ও প্রমাণ মোকদ্দমার কাগজপত্রের অংশস্বরূপ থাকিবে, এবং একতর পক্ষ আপীল আদালতের নিরূপিত কালের মধ্যে সেই নির্ণয়ের প্রতি আপত্তির মর্ম্মাত্মকপত্র অর্পণ করিতে পারিবেন। সেই আদালতে প্রার্থনাপত্রের যে মূল্যের ইষ্টাম্প অবধারিত আছে ঐ মর্ম্মাত্মক লিপি সেই মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে। সেই নির্ণয়ের প্রতি যে আপত্তি হয় তাহা বাদানুবাদ কি বৃত্তান্ত বিনা সংক্ষেপে পৃথক২ দফা করিয়া তাহাতে ১, ২, প্রভৃতি নম্বর দিয়া নির্দ্দিষ্ট হইবে। তদ্রূপ মর্ম্মাত্মক লিপি অর্পণ করিবার নিরূপিত সময় অতীত হইলে পর আপীল আদালত আপীল নির্ণয় করিতে প্রবৃত্ত হইবেন ইতি।

[আপীল আদালত না চাহিলে উভয় পক্ষের অতিরিক্ত প্রমাণ না দিবার কথা।]

৫৭৭ ধারা। আপীলের উভয় পক্ষ আপীল আদালতে লিখিত কি মৌখিক অতিরিক্ত প্রমাণ উপস্থিত করিবেন না। কিন্তু যাঁহার ডিক্রীর উপর আপীল হয় সেই আদালত গ্রহণীয় প্রমাণ গ্রাহ্য করিতে অসম্মত হইলেন ইহা যদি দৃষ্ট হয়, কিম্বা আপীল আদালত যদি নিষ্পত্তি প্রচার করণার্থে কিম্বা অন্য কো গুরুতর কারণে কোন লেখ্য উপস্থিত করা কি কোন স্বাক্ষির পরীক্ষা গ্রহণ করা প্রয়োজনীয় জ্ঞান করেন, তবে সেই লেখ্য পূর্ব্বে উপস্থিত করা গেলে কি না গেলে, কিম্বা সেই সাক্ষির পরীক্ষা পূর্ব্বে গ্রহণ হইলে কি না হইলেও আপীল আদালত সেই লেখ্য গ্রাহ্য করিবার কি সেই সাক্ষির পরীক্ষা লইবার অনুমতি দিতে পারিবেন। কিন্তু যখন আপীল আদালত অতিরিক্ত প্রমাণ গ্রাহ্য করেন, তখন তাহা গ্রাহ্য করিবার হেতু আদালতের কার্য্য বৃত্তান্তে লিখিত হইবে ইতি।

[অতিরিক্ত প্রমাণ লইবার প্রণালীর কথা।]

৫৭৮ ধারা। অতিরিক্ত প্রমাণ গ্রহণ করিবার অনুমতি হইলে, আপীল আদালত ঐ প্রমাণ লইতে পারি-

to the Appellate Court to take such evidence, or the Appellate Court may require the Court against whose decree the appeal is made or any other Court, or may empower any person, to take such evidence, and to transmit the evidence so taken to the Appellate Court. It shall also be competent to the Appellate Court to prescribe the manner in which such additional evidence shall be taken.

[Points to be defined and recorded.]

DLXXIX. In all cases where additional evidence is permited to be taken, the Appellate Court shall define the points to which the evidence is to be confined, and record the same on its proceedings.

[Contents of decree.]

DLXXX. The decree of the Appellate Court shall bear date the day on which the judgment was pronounced. The decree shall contain the number of the appeal, and the memorandum of appeal, including the names and description of the appellant and respondent, and shall specify clearly the relief granted or other determination of the appeal. The decree shall also state the amount of costs incurred in the appeal, and by what parties and in what proportions such costs and the costs is in the suit are to be paid. The decree shall be signed by the Judge or Judges who passed it, and shall be sealed with the seal of the Court.]

[Judge dissenting from judgment need not sign decree.]

DLXXXI. Where there are more Judges than one, if there be a difference of opinion among them, it shall not be necessary for any Judge dissenting from the judgment of the Court to sign the decree.

[Copies of judgment and decree to be furnished to parties.]

DLXXXII. Certified copies of the judgment and decree shall be furnished to the parties, in the same manner as provided in Chapter IV in regard to the decrees of Courts of original jurisdiction.

[Certified copy of the decree to be transmitted to the Court whose decree is appealed against.]

DLXXXIII. A copy of the decree or other order disposing of the appeal, certified by the Appellate Court or the Registrar or Clerk of the Court, and sealed with the seal of the Court, shall be sent to the Court which passed the decree appealed against, and shall be filed with the original proceedings in the suit, and an entry of the judgment of the Appellate Court shall be made in the Register of the suit.

বেন, অথবা যে আদালতের ডিক্রীর উপর আপীল হয়, আপীল আদালত তাঁহাকে কি অন্য কোন আদালতকে ঐ সাক্ষ্য গ্রহণ করিতে আদেশ করিয়া, কিম্বা তজ্জন্যে কোন ব্যক্তিকে ক্ষমতা দান করিয়া, তদ্রূপ গৃহীত সাক্ষ্য আপীল আদালতে প্রেরণের আজ্ঞা করিতে পারিবেন। আরো যে প্রকারে তদ্রূপ অতিরিক্ত প্রমাণ লইতে হয় আপীল আদালত তাহা নিরূপণ করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[যেং বিষয় প্রমাণ লইতে হয় তাহা নিরূপণ ও লিপিবদ্ধ করণের কথা।]

৫৭৯ ধারা। যেং স্থলে অতিরিক্ত প্রমাণ লইবার অনুমতি হয় সেইং স্থলে যে বিষয়ভিন্ন বিষয়ান্তরের প্রমাণ লইতে না হয়, আপীল আদালত তাহা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট করিয়া আপনার কাগজপত্রের মধ্যে লিখিয়া রাখিবেন ইতি।

[ডিক্রীতে যাহা লিখিতে হইবে তাহার কথা।]

৫৮০ ধারা। নিষ্পত্তি যে দিনে প্রচারিত হইল আপীল আদালতের ডিক্রীতে সেই দিনের তারিখ লিখিতে হইবে। ও আপীলের নম্বর এবং আপেলাণ্টের ও রেস্পাণ্ডেণ্টের নাম ও ব্যবসায়াদি সম্বলিত আপীলের মর্ম্মাত্মকপত্র, ও যে প্রতিকার করা গেল কিম্বা আপীলের অন্য যে নির্ণয় হইল তাহাও ঐ ডিক্রীতে স্পষ্ট নির্দ্দিষ্ট হইবে। অধিকন্তু সেই আপীলক্রমে কত খরচ হইয়াছে, এবং সেই খরচ ও মোকদ্দমার খরচা কোন্ পক্ষের কি অংশমতে দিতে হয়, এই কথাও ডিক্রীতে লিখিতে হইবে। যে বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা সেই ডিক্রী করেন তিনি কি তাঁহারা তাহাতে স্বাক্ষর করিবেন ও তাহা আদালতের মোহরে মোহরাঙ্কিত হইবে ইতি।

[যে বিচারকর্ত্তা নিষ্পত্তিতে অসম্মত তাঁহার ঐ ডিক্রীতে স্বাক্ষর করিবার অপ্রয়োজনের কথা।]

৫৮১ ধারা। যদি একের অধিক জন বিচারকর্ত্তা থাকেন ও তাঁহাদের মতের অনৈক্য হয়, তবে যে কোন বিচারকর্ত্তা আদালতের নিষ্পত্তিতে সম্মত না হন ডিক্রীতে তাঁহার স্বাক্ষর করা আবশ্যক নাই ইতি।

[উভয়পক্ষকে নিষ্পত্তির ও ডিক্রীর প্রতিলিপি দিবার কথা।]

৫৮২ ধারা। আদৌ বিচার করিবার ক্ষমতাপন্ন আদালতের ডিক্রীর সম্পর্কে ৪ অধ্যায়ে যে বিধি আছে তদনুসারে নিষ্পত্তির ও ডিক্রীর সংশিত প্রতিলিপি উভয় পক্ষকে দেওয়া যইবে ইতি।

[যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় তাঁহার নিকট ডিক্রীর সংশিত প্রতিলিপি প্রেরণের কথা।]

৫৮৩ ধারা। আপীল আদালত, কি আদালতের রেজিষ্ট্রার কি ক্লার্কদ্বারা সংশিত এবং আদালতের মোহরে মোহরাঙ্কিত ডিক্রীর প্রতিলিপি কি আপীলী মোকদ্দমার নির্ণয়সূচক অন্য আজ্ঞাপত্র, যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় তাঁহার নিকটে প্রেরণ করা যাইবে ও মোকদ্দমার মূল কাগজপত্রের সহিত গচ্ছিত হইবে, এবং আপীল আদালতের নিষ্পত্তি মোকদ্দমার রেজিষ্টরে লিখিতে হইবে ইতি।

[Appellate Court to have same powers as Courts of original jurisdiction.]

DLXXXIV. Unless when otherwise provided in this Code or by any other law, the Appellate Court shall have the same powers in regular appeals in respect to adjournments, granting of time, arrest or attachment before judgment, issue of injunctions, examination of the parties or their advocates and of witnesses or other persons, issue of Commissions, award of interest or mesne profits or otherwise, as are vested by this Code in Courts of original jurisdiction in respect of suits instituted under Chapter IV, the provisions of which and of Chapter VII relating to arbitration, unless when otherwise provided, shall apply to regular appeals so far as the same are applicable.

[Reference of question to High Court.]

DLXXXV. If in the hearing of a regular appeal in which the decree or order which shall be passed in such appeal is made final by Section 596, any question of law or usage having the force of law, or the construction of a document which construction may affect the merits shall arise, on which the Court trying the appeal shall entertain reasonable doubt, the Court may, either of its own motion or on the application of any of the parties to the suit, draw up a statement of the case, and submit such statement with its own opinion for the decision of the High Court.

[Court may pass decree contingent upon opinion of High Court.]

DLXXXVI. The Court may proceed in the appeal notwithstanding a reference to the High Court, and may pass a decree contingent upon the opinion of the High Court on the point referred; but no execution shall be issued in any case in which such reference shall be made to the High Court, until the receipt of the order of that Court.

[Two or more Judges of High Court to hear reference.]

DLXXXVII. References made for the opinion of the High Court under Section 585, shall be heard by two or more Judges of that Court.

[High Court to fix day for hearing and to notify same.]

DLXXXVIII. The High Court shall fix an early day for the hearing of the reference, and notice of such day shall be fixed up in the Court-house.

[Parties may appear and be heard in person or by Advocate.]

DLXXXIX. The parties to the appeal in which the reference is made may appear and be heard in the High Court in person or by an Advocate.

[আদৌ বিচার করণক্ষম আদালতের ন্যায় আপীল আদালতের ক্ষমতাপন্ন হইবার কথা।]

৫৮৪ ধারা। চতুর্থ অধ্যায়মতে যে মোকদ্দমা উপস্থিত করা যায় তদুপলক্ষে বিচার করণার্থে সময়ান্তর নিরূপণ ও অবকাশ দেওন ও নিষ্পত্তির পূর্ব্বে আসেধ কি দ্রব্য ধৃতকরণ ও নিষেধাজ্ঞা প্রচার করণ ও উভয় পক্ষের কি তাঁহাদের উকীলদিগের ও সাক্ষিদের কি অন্য ব্যক্তিদের পরীক্ষা গ্রহণ ও কমিস্যন প্রদান এবং সুদ কি ওয়াসালাৎ নির্ণয় করণ প্রভৃতির যে সকল ক্ষমতা এই আইনক্রমে আদৌ বিচার করণক্ষম আদালতের প্রতি অর্পিত হইয়াছে, এই আইনে কি অন্য কোন আইনে ভাবান্তরের বিধান না থাকিলে নিয়মমত আপীলে আপীল আদালতের সেই ক্ষমতা হইবে। আর ভাবান্তরের বিধান না থাকিলে ঐ ৪ অধ্যায়ের এবং মধ্যস্থালি বিষয়ে ৭ অধ্যায়ের বিধি নিয়মমত আপীলের প্রতি যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে সেই পর্য্যন্ত বর্ত্তিবে ইতি।

[হাই কোর্টে বিবাদার্পণের কথা।]

৫৮৫ ধারা। নিয়মমত আপীলক্রমে যে ডিক্রী কি আজ্ঞা করা যায়, তাহা যদি ৫৯৬ ধারামতে চূড়ান্ত হইল, কিন্তু সেই আপীল শ্রবণকালে যদি আইনঘটিত কি আইনের তুল্য বলবৎ আচারঘটিত কোন বিবাদ কিম্বা লেখ্যের যে অর্থদ্বারা দোষগুণের হ্রাসবৃদ্ধি হয় সেই অর্থকরণঘটিত কোন বিবাদ হয়, এবং তদ্বিষয়ে আপীলের বিচারকারি আদালতের যুক্তিযুক্ত সংশয় থাকে, তবে আদালত স্বইচ্ছাক্রমে কিম্বা মোকদ্দমার কোন এক পক্ষের প্রার্থনামতে উক্ত বিষয়ের বর্ণনাপত্র লিখিয়া স্বীয় অভিমত সহিত সেই বর্ণনাপত্র হাই কোর্টের নিষ্পত্তির নিমিত্তে অর্পণ করিবেন ইতি।

[হাই কোর্টের নির্ণয়ের সাপেক্ষায় আদালতের ডিক্রী করিবার কথা।]

৫৮৬ ধারা। হাই কোর্টের প্রতি অর্পণ করিলেও আদালত আপীলের বিচার কার্য্য নির্ব্বাহ করিয়া থাকিতে, এবং হাই কোর্টে অর্পিত বিষয়ের যে নির্ণয় হইবে তাহার সাপেক্ষায় ডিক্রীও করিতে পারিবেন। কিন্তু যে কোন মোকদ্দমায় তদ্রূপ বিষয় হাইকোর্টে অর্পিত হয়, তাহাতে ঐ কোর্টের আজ্ঞা না প্রাপণ পর্য্যন্ত ডিক্রী সাধন করিবার অনুজ্ঞাপত্র হইবে না ইতি।

[অর্পিত বিষয় হাই কোর্টের দুই কি অধিক জন বিচারকর্ত্তার শ্রবণীয় হইবার কথা।]

৫৮৭ ধারা। হাই কোর্টের অভিপ্রায় জানিবার জন্যে ৫৮৫ ধারামতে যে বিষয় অর্পিত হয়, তাহা ঐ কোর্টের দুই কি ততোধিক জন বিচারকর্ত্তা শ্রবণ করিবেন ইতি।

[শ্রবণের দিন নিরূপণ করিয়া সম্বাদ দেওয়া হাই কোর্টের কর্ত্তব্যের কথা।]

৫৮৮ ধারা। হাই কোর্ট সেই অর্পিত বিষয় শ্রবণার্থে অগৌণের দিন নিরূপণ করিবেন, ও বিচারালয়ে ঐ দিনের জ্ঞাপনপত্র লটকাইয়া দেওয়া যাইবে ইতি।

[উভয় পক্ষের উপস্থিত হইয়া স্বয়ং কি উকীলদ্বারা তাঁহাদের বাক্যশ্রুত হওয়ার কথা।]

৫৮৯ ধারা। যে আপীল সম্পর্কে বিষয়ার্পণ হইল তাহাতে উভয় পক্ষীয় ব্যক্তিরা স্বয়ং কি উকীলদ্বারা হাই কোর্টে উপস্থিত হইতে পারিবেন ও তাঁহাদের কথা শুনা যাইতে পারিবে ইতি।

[Judgment of High Court to be transmitted, and case disposed of accordingly.]

DXC. The High Court, when it has heard and determined the point referred to it, shall transmit a copy of its judgment under the seal of the Court and the signature of the Registrar, to the Court by which the reference was made, and such Court shall, on the receipt thereof, proceed to dispose of the appeal in conformity with the decision of the High Court.

[Costs of reference to High Court.]

DXCI. Costs, if any, consequent on a reference for the opinion of the High Court, shall be costs in the appeal.

[Execution of decree of Appellate Court.]

DXCII. When a party in whose favour a decree is passed in regular appeal is desirous of obtaining execution of the same, he shall apply to the Court which passed the decree against which the appeal was preferred, and such Court shall proceed to execute the decree passed in appeal, in the manner and according to the rules contained in Chapter V for the execution of decrees in suits.

CHAPTER X.

OF SPECIAL APPEALS.

[Special appeals to High Court. Grounds of special appeal.]

DXCIII. Unless when otherwise provided in this Code or by any other law, a special appeal shall lie to the High Court from all decrees passed in regular appeal by the subordinate Courts on the ground of the decision being contrary to some law or usage having the force of law, or its having failed to determine some issue of land or usage having the force of law, or on the ground of a substantial error or defect in law in the procedure as prescribed by this Code or any other law which may have produced error or defect in the decision of the case upon the merits.

[Special appeal from decree by District Court on reference under Section 243.]

DXCIV. If a suit in which a reference has been made to the District Court under Section 243 come before such Court in regular appeal, it may be a ground of special appeal from the decree passed by the District Court on such regular appeal, that the opinion given by the District Court on the question of the law of the religion or established custom referred to such Court is erroneous or that the District Court had wrongly interpreted such law or custom.

[হাই কোর্টের নির্ণয় প্রেরিত হইবার ও তদনুসারে মোকদ্দমার নিষ্পত্তি হইবার কথা।]

৫৯০ ধারা। হাই কোর্টের নিকটে অর্পিত বিবাদাস্পদ ঐ কোর্ট শ্রবণ করিয়া নির্ণয় করিলে পর যে আদালত ঐ বিবাদাস্পদ অর্পণ করিয়াছিলেন তাঁহার নিকটে ঐ কোর্টের মোহরাঙ্কিত ও রেজিষ্ট্রারের স্বাক্ষরিত নির্ণয়পাদের প্রতিলিপি প্রেরণ করিবেন। সেই আদালত তাহা প্রাপ্ত হইয়া হাই কোর্টের নির্ণয়ানুসারে আপীল নিষ্পত্তি করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

[হাই কোর্টের নিকটে অর্পণ করিবার খরচার কথা।]

৫৯১ ধারা। হাই কোর্টের মত জানিবার নিমিত্তে যদি বিবাদাস্পদ অর্পণ করণসম্পর্কে খরচা হয়; তবে আপীলী মোকদ্দমার খরচার মধ্যে তাহা ধরা যাইবে ইতি।

[আপীল আদালতের ডিক্রী সাধনের কথা।]

৫৯২ ধারা। যে ব্যক্তির পক্ষে নিয়মমত আপীলক্রমে ডিক্রী হয় তিনি যদি সেই ডিক্রী সাধন করিতে বাঞ্ছা করেন, তবে যাঁহার ডিক্রীর উপর আপীল হইল সেই আদালতের নিকটে তিনি প্রার্থনা করিলে পঞ্চম অধ্যায়ে মোকদ্দমাঘটিত ডিক্রী সাধনের যে রীতি ও যে বিধি নির্দ্দিষ্ট আছে উক্ত আদালত তদনুসারে সেই আপীলঘটিত ডিক্রী সাধন করিতে প্রবৃত্ত হইবেন ইতি।

দশম অধ্যায়।

খাস (অর্থাৎ বিশেষ) আপীলের বিধি।

[হাই কোর্টের নিকটে বিশেষ আপীল করিবার কথা ও বিশেষ আপীলের হেতুর কথা।]

৫৯৩ ধারা। যদি এই আইনে কিম্বা অন্য কোন আইনেতে ভাবান্তরের বিধান না থাকে, তবে অধীন আদালতে নিয়মমত আপীল হইলে ঐ আদালতের নিষ্পত্তি কোন আইনের বিপক্ষ কিম্বা আইনের তুল্য বলবৎ আচারের বিপক্ষ অথবা আইনঘটিত কিম্বা আইনের তুল্য বলবৎ আচারঘটিত কোন বিবাদাস্পদ নির্ণয় করিবার ক্রটি অথবা এই আইন কি অন্য কোন আইনেতে যে কার্য্যপ্রণালী নির্দ্ধারিত হইয়াছে সেই কার্য্যে গুরুতর ভ্রম কিম্বা আইনঘটিত দোষ হওয়াপ্রযুক্ত দোষগুণক্রমে মোকদ্দমার নির্ণয়পাদে ভ্রম কি দোষ জন্মাইবার সম্ভাবনা, ইহার মধ্যে কোন হেতুতে সেই অধীন আদালতের ডিক্রীর উপর হাই কোর্টে বিশেষ আপীল হইতে পারিবে ইতি।

[২৪৩ ধারামতে জিলার আদালতে অর্পণ হইলে, সেই আদালতের ডিক্রীর উপর বিশেষ আপীল হইবার কথা।]

৫৯৪ ধারা। যে মোকদ্দমা সম্পর্কে কোন বিষয় ২৪৩ ধারামতে জিলার আদালতে অর্পিত হয়, সেই মোকদ্দমা যদি নিয়মমত আপীলক্রমে সেই আদালতের সম্মুখে আনা যায়, তবে ধর্ম্ম ব্যবস্থা কি প্রতিপন্ন আচার ঘটিত যে বিষয় ঐ জিলার আদালতের প্রতি অর্পিত হইয়াছিল তদ্বিষয়ে ঐ আদালতের অভিমত ভ্রমাত্মক কিম্বা জিলার আদালত ঐ ব্যবস্থা কি আচার অশুদ্ধ ব্যাখ্যা করিয়াছেন, ইহা ঐ নিয়মমত আপীলক্রমে জিলা আদালতের ডিক্রীর উপর বিশেষ আপীলের হেতু হইতে পারিবে ইতি।

[Special appeal only on grounds mentioned in Sections 593 and 594.]

DXCV. No special appeal shall lie except on the grounds mentioned in the two last preceding Sections.

[No special appeal from decision of subordinate Court in certain suits.]

DXCVI. No special appeal shall lie from any decree or order which shall be passed on regular appeal by any subordinate Court in any suit of the nature cognizable in Courts of Small Causes when the debt, damage, or demand for which the original suit shall be instituted, shall not exceed the sum of five hundred Rupees. Every such decree or order shall be final.

[By whom and when a special appeal is to be presented.]

DXCVII. A special appeal shall be presented in the High Court by an Advocate of the High Court within the period of sixty days, unless the applicant shew cause to the satisfaction of the High Court for not having presented it within such period. The period shall be reckoned from and exclusive of the day on which judgment was pronounced, and also exclusive of such time as may be requisite for obtaining copies of the decree and judgment appealed against.

[Contents of memorandum of appeal.]

DXCVIII. The memorandum of appeal shall be written on a stamp paper of the value prescribed for regular appeals, and shall set forth concisely the grounds of objection to the decree appealed against without argument or narrative. Such grounds shall be numbered consecutively.

[Copies of judgments and decrees to accompany memorandum.]

DXCIX. The memorandum of appeal shall be accompanied by copies of the judgments and decrees of the Lower Appellate Court and of the Court of first instance.

[Advocate presenting it to certify that grounds stated are good for special appeal.]

DC. The memorandum shall be signed by the Advocate who presents it, and such Advocate shall certify in writing on the back of the memorandum that he has considered the grounds stated for a special appeal, and that in his opinion such of the grounds as he shall refer to by their numbers are well founded and sufficient. No Vakeel shall give such certificate unless he shall have been authorized in that behalf by the High Court.

[Appellants confined to grounds stated.]

DCI. The appellant shall not without the leave of the Court, be heard in support of any

[৫৯৩ ও ৫৯৪ ধারায় লিখিত হেতু ভিন্ন অন্য হেতুতে বিশেষ আপীল না হইবার কথা।]

৫৯৫ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব দুই ধারাতে যেং হেতু ব্যক্ত হইয়াছে তদ্ভিন্ন কোন হেতুতে বিশেষ আপীল হইতে পারিবে না ইতি।

[কোনং মোকদ্দমায় অধীন আদালতের নিষ্পত্তির উপর বিশেষ আপীল না হইবার কথা।]

৫৯৬ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যে মোকদ্দমা গ্রাহ্য হয়, সেই ভাবের আদৌ উপস্থিত মোকদ্দমায় যদি পাঁচ শতের অধিক টাকার ঋণ কি ক্ষতিপূরণ কি দাওয়া না হয়, তবে কোন অধীন আদালত নিয়মমত আপীলক্রমে সেই মোকদ্দমায় যে ডিক্রী কি আজ্ঞা করেন তাহার উপর বিশেষ আপীল হইতে পারিবে না। তদ্রূপ প্রত্যেক ডিক্রী কি আজ্ঞা চূড়ান্ত হইবে ইতি।

[যাহার যে সময়ে বিশেষ আপীল উপস্থিত করিতে হইবে তাহার কথা।]

৫৯৭ ধারা। বিশেষ আপীল ষষ্টি দিনের মধ্যে হাই কোর্টের নিকটে ঐ কোর্টের কোন আডবোকেটদ্বারা উপস্থিত করিতে হইবে। প্রার্থক যদি হাই কোর্টের হৃদ্বোধমতে উক্ত সময়ের মধ্যে তাহা উপস্থিত না করিবার কারণ দেখাইতে পারেন, তবে তাহা পশ্চাৎ উপস্থিত করা যাইতে পারিবে। যে তারিখে নিষ্পত্তি প্রচারিত হয়, সেই দিন ত্যাগ করিয়া এবং যে ডিক্রীর ও নির্ণয়ের উপর আপীল হয় তাহার প্রতিলিপি পাইবার জন্যে যত কাল আবশ্যক হইতে পারে তাহা ত্যাগ করিয়া সেই তারিখ অবধি ঐ ষাইট দিন গণনা করিতে হইবে ইতি।

[আপীলের মর্ম্মাত্মক লিপিতে লিখিতব্য কথা।]

৫৯৮ ধারা। নিয়মমত আপীলের মর্ম্মাত্মক লিপির যে মূল্যের ইষ্টাম্প কাগজ অবধারিত আছে, বিশেষ আপীলের মর্ম্মাত্মকপত্রও সেই মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে, এবং যে ডিক্রীর উপর আপীল হয় তাহার প্রতি আপত্তি করিবার কারণ সংক্ষেপে ব্যক্ত হইবে, তাহাতে বাদানুবাদ কি বৃত্তান্ত লিখিতে হইবে না। সেই সকল হেতুতে ১, ২, ক্রমে নম্বর দিতে হইবে ইতি।

[মর্ম্মাত্মকপত্রের সহিত নিষ্পত্তির ও ডিক্রীর প্রতিলিপি দিবার কথা।]

৫৯৯ ধারা। আপীলের সেই মর্ম্মাত্মকপত্রের সহিত অধঃস্থ আপীল আদালতের ও প্রথমস্থলীয় আদালতের নিষ্পত্তির ও ডিক্রীর প্রতিলিপি দিতে হইবে ইতি।

[ঐ পত্রলিখিত হেতু বিশেষ আপীলের যোগ্য উপস্থিতকারি উকীলের এই মর্ম্মের সংশিতপত্র লিখিবার কথা।]

৬০০ ধারা। যে আডবোকেট ঐ মর্ম্মাত্মকপত্র উপস্থিত করেন তিনি তাহাতে স্বাক্ষর করিবেন এবং পৃষ্ঠে এই সংশিতপত্র লিখিবেন যে আমি বিশেষ আপীলের ব্যক্ত হেতু বিবেচনা করিয়াছি ও অঙ্কক্রমে যেং হেতুর উল্লেখ করিয়াছি তাহা আমার মতে সমূলক ও প্রচুর। কোন উকীল হাই কোর্টহইতে তদ্রূপ সংশিতপত্র লিখিবার ক্ষমতাপ্রাপ্ত না হইলে লিখিবেন না ইতি।

[ব্যক্ত হেতুভিন্ন আপেলান্টের অন্য হেতু না দর্শাইবার কথা।]

৬০১ ধারা। আদালতের অনুমতি না হইলে, মর্ম্মাত্মকপত্রে যেং হেতু ব্যক্ত হইয়াছে, তদ্ভিন্ন আপত্তির

ground of objection other than the grounds set forth in the memorandum.

[Informal memorandum of special appeal.]

DCII. If the memorandum of special appeal be not written on a stamp paper of the prescribed value, or if it be not drawn up and presented in the manner herein before prescribed, or if it be not signed or have not such certificate duly endorsed upon it as in Section 600 mentioned, or if it do not state any ground on which a special appeal will lie under the provisions of Section 593 or Section 594, the Court may reject the memorandum or may return it to the party for the purpose of being amended within a time to be fixed by the Court. The order for rejecting the memorandum or for returning it to the party may be passed by a single Judge of the Court.

[Registry of application.]

DCIII. If the memorandum is in due form, it shall be registered in a book to be kept for the purpose, which shall be in the form contained in the Schedule F hereunto annexed, and the case shall proceed in all other respects as a regular appeal, and shall be subject to all the rules provided in Chapter IX for regular appeals, so far as the same are applicable.

[Application to be argued only by Advocate signing it.]

DCIV. No application for a special appeal shall be filed or argued before the High Court except by an Advocate of the Court who shall have signed the certificate required by Section 600.

[Execution of decree in special appeal.]

DCV. The decrees passed in special appeal shall be executed by the Court which made the decree in the suit in which the special appeal was preferred, in the manner and under the rules provided in Chapter V for the execution of decrees in suits.

[Power to call for record of cases decided by Small Cause Courts, or, on appeal, by subordinate Courts.]

DCVI. The High Court may call for the record of any case decided by a Court of Small Causes, or on appeal, by any subordinate Court, in which no appeal shall lie to the High Court, if such Court of Small Causes or such subordinate Court on hearing the appeal shall appear to have exercised a jurisdiction not vested in it by law, or to have passed any order contrary to law.

অন্য কোন হেতুর আপত্তিপোষকতায় আপেলাণ্টের কথা শুনা যাইবে না ইতি।

[বিশেষ আপীলের অনিয়মিত মর্ম্মাত্মকপত্রের কথা।]

৬০২ ধারা। যদি বিশেষ আপীলের মর্ম্মাত্মকপত্র নির্দ্ধারিত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিত না হয়, কিম্বা পূর্ব্ব নির্দ্দিষ্ট রীতিমতে রচিত ও সমর্পিত না হয়, কিম্বা ৬০০ ধারার উল্লিখিতমতে যদি স্বাক্ষরিত না হয় ও পৃষ্ঠে সংশিতপত্র উপযুক্তমতে লেখা না যায়, কিম্বা ৫৯৩ কি ৫৯৪ ধারার বিধানমতে যেং হেতুতে বিশেষ আপীল হইতে পারে যদি এমত কোন হেতু তাহাতে বর্ণিত না থাকে, তবে আদালত সেই মর্ম্মাত্মকপত্র অগ্রাহ্য করিতে কিম্বা আদালতের অবধারণীয় কালের মধ্যে তাহা সংশোধন করিবার জন্যে ঐ পক্ষকে ফিরিয়া দিতে পারিবেন। হাই কোর্টের এক জন বিচারকর্ত্তা ঐ মর্ম্মাত্মকপত্র অগ্রাহ্য করিবার কি ঐ পক্ষকে ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[প্রার্থনা রেজিষ্টরী করিবার কথা।]

৬০৩ ধারা। যদি মর্ম্মাত্মকপত্র নিয়মিতরূপে লেখা যায়, তবে তদ্রূপ পত্র রেজিষ্টর করিবার জন্যে যে বহী রাখিতে হইবে তাহাতে ঐ পত্র রেজিষ্টর করা যাইবে। এই আইনের F চিহ্নিত তফসীলের পাঠে উক্ত বহী লিখিতে হইবে। পরে মোকদ্দমা সর্ব্বতোভাবে নিয়মমত আপীলের ন্যায় চলিবে, এবং নবম অধ্যায়ে নিয়মমত আপীলের যে বিধি আছে তাহা যে পর্য্যন্ত বর্ত্তান যাইতে পারে সেই পর্য্যন্ত বিশেষ আপীলের প্রতি বর্ত্তিবে ইতি।

[যে আডবোকেট স্বাক্ষর করেন কেবল তাঁহার দ্বারা প্রার্থনাপত্রের উপর বাদানুবাদ হইতে পারিবার কথা।]

৬০৪ ধারা। আদালতের যে আডবোকেট ৬০০ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্রে স্বাক্ষর করিয়াছেন তদ্ভিন্ন কেহ বিশেষ আপীলের প্রার্থনাপত্র উপস্থিত করিতে কি তদ্বিষয়ে হাই কোর্টের সম্মুখে তর্কবিতর্ক করিতে পারিবেন না ইতি।

[বিশেষ আপীলের ডিক্রী সাধন করিবার কথা।]

৬০৫ ধারা। যে মোকদ্দমায় বিশেষ আপীল উপস্থিত করা যায়, সেই মোকদ্দমায় যে আদালত ডিক্রী করিয়াছিলেন সেই আদালত মোকদ্দমার ডিক্রী সাধন জন্যে ৫ অধ্যায়ের নির্দ্দিষ্ট বিধিমতে ও তৎক্রমে বিশেষ আপীলের ডিক্রী সাধন করিবেন ইতি।

[ক্ষুদ্র মোকদ্দমার আদালতের কিম্বা অধীন আদালতের নির্ণীত আপীলী মোকদ্দমার কাগজপত্র আনাইবার ক্ষমতার কথা।]

৬০৬ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালতের নির্ণীত কোন মোকদ্দমায় কিম্বা আপীলক্রমে কোন অধীন আদালতের নির্ণীত যে মোকদ্দমার উপর হাই কোর্টে আপীল হইতে না পারে, তদ্রূপ মোকদ্দমায় যদি দৃষ্ট হয় যে সেই ক্ষুদ্র মোকদ্দমার আদালত কি সেই অধীন আদালত আপীল শ্রবণকালে, আইনক্রমে অনর্পিত কোন বিচারাধিপত্যক্রমে কর্ম্ম করিয়াছেন, কিম্বা আইনের বিপরীত আজ্ঞা করিয়াছেন, তবে হাই কোর্ট সেই মোকদ্দমার কাগজপত্র আনিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

CHAPTER XI.

OF REGULAR AND SPECIAL APPEALS IN FORMA PAUPERIS.

[Who may appeal as pauper.]

DCVII. Any person entitled under this Code or any other law to prefer a regular or special, appeal who may be unable to pay the stamp duty required for the petition of appeal may on application be allowed to appeal *in formâ pauperis*, subject to the rules contained in Chapters IX or X according as the application may be for the admission of a regular or special appeal in so far as those rules are applicable.

[Application to be on stamp paper. When to be presented.]

DCVIII. An application made under the last preceding Section to be allowed to appeal *in formâ pauperis* shall be written on a stamp paper of the value of one Rupee if the appeal lie to the District Court, and on a stamp paper of the value of two Rupees if the appeal lie to the High Court, and shall be presented in the Appellate Court within the period allowed for the presentation of a memorandum of regular appeal or of special appeal as the case may be.

[Contents of application.]

DCIX. The application shall contain the particulars required by this Code to be set forth in a memorandum of regular appeal or special appeal, as the case may be, and shall be drawn up in the like manner.

[Schedule to application.]

DCX. The application shall have annexed to it a Schedule of any movable or immovable property belonging to the applicant, with the estimated value thereof, and shall also be accompanied by copies of the judgment and decree from which the appeal is made, and, if the application be for the admission of a special appeal, of the judgment and decree of the Court of first instance.

[Procedure on application for admission of regular and special appeals.]

DCXI. If the application be for the admission of a regular appeal, and the Court, upon a perusal of the application and of the judgment and decree against which the appeal is made, shall see no reason to think that the decree appealed against is contrary to law or to some usage having the force of law, or is otherwise erroneous or unjust, or if the application be for the admission of a special appeal and the judgment and decree against which the appeal is made shall not appear to the Court, upon a perusal of the same and of the

একাদশ অধ্যায়।

যোত্রহীন স্বরূপে নিয়মমত ও বিশেষ আপীল করণের বিধি।

[যোত্রহীনস্বরূপে কে২ আপীল করিতে পারেন তদ্বিষয়ের কথা।]

৬০৭ ধারা। এই আইন কিম্বা অন্য কোন আইনঅনুসারে যে কোন ব্যক্তি নিয়মমত কি বিশেষ আপীল উপস্থিত করিতে স্বত্ববান হন, তিনি যদি আপীলের প্রার্থনাপত্রের আবশ্যক ইষ্টাম্প মাসুল দিতে না পারেন, তবে প্রার্থনা করিলে যোত্রহীনস্বরূপে আপীল করিবার অনুমতি পাইতে পারিবেন। যদি নিয়মমত কিম্বা যদি বিশেষ আপীল করিবার প্রার্থনা হয়, তবে ৯ ও ১০ অধ্যায়ের বিধি যেপর্য্যন্ত বর্ত্তে সেই পর্য্যন্ত ক্রমশ ঐ দুই অধ্যায়ের বিধিমতে আপীল করিতে পারিবেন ইতি।

[প্রার্থনাপত্র ইষ্টাম্প কাগজে লিখিতে হইবার ও যে কালের মধ্যে দিতে হইবে তাহার কথা।]

৬০৮ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারানুসারে যোত্রহীনরূপে আপীল করিবার অনুমতি প্রার্থনা হইলে, যদি জিলার আদালতে আপীল করিতে হয় তবে এক টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে, ও যদি হাইকোর্টে আপীল করিতে হয়, তবে দুই টাকার ইষ্টাম্প কাগজে তাহা লিখিতে হইবে, এবং নিয়মমত কিম্বা বিষয়বিশেষে বিশেষ আপীলের মর্ম্মাত্মকলিপি উপস্থিত করিবার যে২ কাল অবধারিত আছে ক্রমশঃ সেই২ কালের মধ্যে ঐ প্রার্থনাপত্র আপীল আদালতে দিতে হইবে ইতি।

[ঐ প্রার্থনাপত্রে যাহা লিখিতব্য তাহার কথা।]

৬০৯ ধারা। এই আইনের আদেশানুসারে নিয়মমত কিম্বা বিশেষ আপীলের মর্ম্মাত্মকপত্রে যে বর্ণন করিবার আজ্ঞা হইয়াছে ঐ প্রার্থনাপত্রে তদনুযায়ি বর্ণন করিতে ও তাহা তত্তুল্য পাঠে লিখিতে হইবে ইতি।

[ঐ প্রার্থনাপত্রের তফসীলের কথা।]

৬১০ ধারা। ঐ প্রার্থনাপত্রের সহিত প্রার্থকের স্থাবর কি অস্থাবর সমস্ত সম্পত্তির ও তাহার আনুমানিক মূল্যের নির্ঘণ্টপত্র দিতে হইবে। এবং যে নির্ণয়ের ও ডিক্রীর উপর আপীল হয় তাহার প্রতিলিপি, ও যদি বিশেষ আপীল হইবার অনুমতির প্রার্থনা হয়, তবে প্রথমস্থলীয় আদালতের নিষ্পত্তির ও ডিক্রীর প্রতিলিপিও সেই প্রার্থনাপত্রের সহিত দিতে হইবে ইতি।

[নিয়মমত ও বিশেষ আপীল গ্রাহ্য হইবার প্রার্থনা হইলে ইতিকর্ত্তব্যতার কথা।]

৬১১ ধারা। নিয়মমত আপীল করিবার অনুমতি প্রার্থনা হইলে যদি আদালত প্রার্থনাপত্র ও যাহার উপর আপীল হয় সেই নিষ্পত্তি ও ডিক্রী পাঠ করণানন্তর বোধ করেন যে, যাহার উপর আপীল করা যাইতেছে সেই ডিক্রী আইনবিরুদ্ধ কিম্বা আইনের তুল্য বলবৎ কোন আচারের বিরুদ্ধ কি অন্য কোন প্রকারে ভ্রমমূলক বা অযথার্থ জ্ঞান করিবার কোন কারণ নাই,—কিম্বা বিশেষ আপীল হইবার অনুমতির প্রার্থনা হইলে যে নিষ্পত্তির ও ডিক্রীর উপর আপীল হয় তাহা এবং ঐ প্রার্থনাপত্র পাঠ করণানন্তর যদি আদালতের বোধ হয় যে ১০ অধ্যায়ানুসারে বিশেষ আপীল যে হেতুক্রমে

application, to be open to objection on any ground upon which a special appeal is admissible under Chapter X., the Court shall reject the application. The Court may also reject the application if it be not drawn up in the mode prescribed by this Chapter or if it do not bear the proper stamp, or the Court may return the application to the party presenting the same for the purpose of being amended within a time to be fixed by the Court. If the application lie to the High Court, the order rejecting it may be passed by a single Judge of the Court.

[Inquiry into pauperism to be made in what cases and by what Court. Proviso.]

DCXII. If the application be not rejected upon any of the grounds above mentioned, enquiry shall be made into the pauperism of the applicant. Such enquiry may be conducted either by the Appellate Court or by the Court against whose decision the appeal is made under the orders of the Appellate Court: Provided that, if the applicant was allowed to sue or appeal *in formâ pauperis* in the Court against whose decree the appeal is made, no further enquiry in respect of his pauperism shall be necessary, unless the Appellate Court shall see special cause to direct such enquiry.

[Effect of order by Appellate Court on pauper's application.]

DCXIII. The order passed by the Appellate Court on an application to be allowed to appeal *in formâ pauperis*, whether for the admission or rejection of the application, shall be final; but, if the application be rejected, the Appellate Court may, if it think proper, allow the applicant a reasonable time for preferring a regular appeal or an application for a special appeal, on a stamp of the value prescribed for petitions of regular appeals from decrees, or for applications for a special appeal as the case may be.

CHAPTER XII.

Of Appeals from Orders.

[Orders appealable.]

DCXIV. An appeal shall lie from the following orders :—

(1.) From orders rejecting or returning plaints under Section 58, 59, or 60, with exception of orders passed under Clause 4 or Clause 5 of Section 58, Clause 4 of Section 59 and Clause 1 of Section 60 :

(2.) From orders passed against the defendant under Section 115, 116, 118, 120, 124, 135, 139, or 140 :

গ্রাহ্য হইতে পারে ঐ নিষ্পত্তি কর্ত্তার উপর তদ্রূপ কোন হেতুমূলক আপত্তি নাই, তবে আদালত সেই প্রার্থনা অগ্রাহ্য করিবেন। যদি সেই প্রার্থনা এই অধ্যায়ের অবধারিত নিয়মমতে লেখা না যায় কিম্বা তাহাতে উপযুক্ত মূল্যের ইষ্টাম্প না থাকে, তবে আদালত ঐ প্রার্থনা অগ্রাহ্য করিতে পারিবেন, কিম্বা আদালতের অবধার্য্য কালের মধ্যে সংশোধন করাইবার অভিপ্রায়ে আদালত ঐ প্রার্থনাপত্র অর্পণকারি ব্যক্তিকে তাহা ফিরিয়া দিতে পারিবেন। যদি হাই কোর্টে প্রার্থনা হয়, তবে ঐ কোর্টের একি জন বিচারকর্ত্তা ঐ প্রার্থনা অগ্রাহ্য হওনের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[যে স্থলে ও যে আদালতকর্ত্তৃক যোত্রহীনাবস্থার অনুসন্ধান করা যাইবে তাহার কথা ও উপনিয়ম।]

৬১২ ধারা। যদি ঐ প্রার্থনাপত্র পূর্ব্বলিখিত কোন কারণে অগ্রাহ্য না হয়, তবে প্রার্থকের যোত্রহীনতার অনুসন্ধান লওয়া যাইবে। আপীল আদালতকর্ত্তৃক, কিম্বা যাঁহার নিষ্পত্তির উপর আপীল হয় আপীল আদালতের আজ্ঞাক্রমে সেই আদালতকর্ত্তৃক ঐ অনুসন্ধান করা যাইতে পারিবে। কিন্তু যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালতে যদি প্রার্থক যোত্রহীনস্বরূপে মোকদ্দমা কিম্বা আপীল করণের অনুমতি পাইয়া থাকেন, তবে আপীল আদালত তদ্রূপ অনুসন্ধান করণের কোন বিশেষ কারণ না দেখিলে সেই ব্যক্তির যোত্রহীনতার অধিক অনুসন্ধান করা আবশ্যক হইবে না ইতি।

[যোত্রহীনের প্রার্থনার সম্পর্কে আপীল আদালতের আজ্ঞার বলের কথা।]

৬১৩ ধারা। যোত্রহীনরূপে আপীল করণের অনুমতির প্রার্থনা গ্রাহ্য কি অগ্রাহ্য হওন বিষয়ে আপীল আদালত যে আজ্ঞা করেন তাহা চূড়ান্ত হইবে। কিন্তু যদি প্রার্থনা অগ্রাহ্য হয়, তবে আপীল আদালত উপযুক্ত জ্ঞান করিলে, ঐ প্রার্থককে ডিক্রীর উপর নিয়মমত আপীলের প্রার্থনাপত্র কিম্বা বিষয়বিশেষে বিশেষ আপীলের প্রার্থনাপত্র যে মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হয় সেই মূল্যের ইষ্টাম্প কাগজে নিয়মমত আপীল কিম্বা বিশেষ আপীলের প্রার্থনাপত্র উপস্থিত করিবার যুক্তিসিদ্ধ অবকাশ দিতে পারিবেন ইতি।

দ্বাদশ অধ্যায়।

আজ্ঞার উপর আপীল করিবার বিধি।

[যে আজ্ঞার উপর আপীল হইতে পারে তাহার কথা।]

৬১৪ ধারা। নিম্ন লিখিত আজ্ঞার উপর আপীল হইতে পারিবে।

(১) ৫৮ ধারার ৪ কি ৫ প্রকরণ এবং ৫৯ ধারার ৪ প্রকরণ এবং ৬০ ধারার ১ প্রকরণমতে যে আজ্ঞা করা যায়, তদ্ভিন্ন ৫৮ ও ৫৯ ও ৬০ ধারামতে নালিশপত্র অগ্রাহ্য কি প্রতিদান করিবার আজ্ঞার।

(২) ১১৫, ১১৬, ১১৮, ১২০, ১২৪, ১৩৫, ১৩৯, ১৪০ ধারামতে প্রতিবাদির বিপক্ষে যে আজ্ঞা করা যায় তাহার।

(3.) From orders rejecting applications made under Section 172 or 173 in cases open to appeal:

(4.) From orders passed under Section 235, 256 or 259 for the sale of property attached:

(5.) From orders passed under Section 332:

(6.) From orders passed under Section 416 for setting aside, or under Section 417 for confirming, a sale:

(7.) From orders passed under Section 431 and under Section 432, that the applicant shall be satisfied out of the proceeds of attached property.

(8.) From orders passed under Section 435 in cases in which a regular appeal is allowed from the decree in the execution of which the order was passed:

(9.) From orders passed under Section 417 that the defendant be discharged from Jail:

(10.) From orders passed under Section 477 for issuing, or refusing to issue, execution on a bond.

[Appeal from orders as to fines or imprisonment.]

DCXV. An appeal shall lie from orders passed under the provisions of this Code, imposing fines or as to the levying of the fines so imposed, or for the imprisonment of any person except when such imprisonment is in execution of a decree.

[Appeals by what Court to be heard.]

DCXVI. When an appeal from an order is allowed by this Code or by any other law, it shall be heard by the Court competent to hear regular appeals from decrees of the Court which passed the order.

[Period for hearing and procedure in appeals from orders.]

DCXVII. The period for presenting the appeal and the procedure thereon shall in all respects be the same as in a regular appeal from a decree in a suit, as prescribed in Chapter IX, the provisions of which shall apply to appeals from orders under this Chapter so far as they are applicable.

[No appeal, before decree, from order passed in course of suit; but if decree appealed against, error or defect therein may be set forth.]

DCXVIII. Unless when otherwise provided in this Code, no appeal shall lie from any order passed in the course of a suit and relating thereto prior to decree; but if the decree be appealed against, any error, defect or irregularity in any such order, affecting the merits of the case or the

(৩) যেং মোকদ্দমায় আপীল হইতে পারে তাহাতে ১৭২ কি ১৭৩ ধারামতে প্রার্থনাপত্র অগ্রাহ্য করণের আজ্ঞার।

(৪) ২৩৫, ২৫৬, ২৫৯ ধারামতে ক্রোককরা সম্পত্তি বিক্রয় করিবার আজ্ঞার।

(৫) ৩৩২ ধারামত আজ্ঞার।

(৬) ৪১৬ ধারামতে বিক্রয় অসিদ্ধ করণ কিম্বা ৪১৭ ধারামতে বিক্রয় দৃঢ় করণের আজ্ঞার।

(৭) ক্রোককরা সম্পত্তি হইতে যে টাকা উৎপন্ন হয়, তাহাহইতে প্রার্থকের প্রাপ্য শোধ হইবে, ৪৩১ ও ৪৩২ ধারামতে এই মর্ম্মের যে আজ্ঞা হয় তাহার।

(৮) যে মোকদ্দমার ডিক্রীর উপর নিয়মমত আপীল হইবার অনুমতি হয়, এবং ঐ ডিক্রী সাধনক্রমে ৪৩৫ ধারামতে আজ্ঞা হয়, সেই মোকদ্দমায় সেই ধারামত আজ্ঞার।

(৯) প্রতিবাদিকে কারাহইতে মুক্ত করিবার যে আজ্ঞা ৪৫৭ ধারামতে হয়, সেই আজ্ঞার।

(১০) খতের প্রতিজ্ঞা সাধন করিবার কিম্বা করিতে অস্বীকার করিবার যে আজ্ঞা ৪৭৭ ধারামতে করা যায় সেই আজ্ঞার ইতি।

[অর্থদণ্ডের কি কারাদণ্ডের আজ্ঞার উপর আপীলের কথা।]

৬১৫ ধারা। এই আইনের বিধানমতে অর্থদণ্ডকরণসূচক কিম্বা তদ্রূপ অবধারিত অর্থদণ্ড আদায় করণসূচক, কিম্বা ডিক্রীসাধনক্রমে যে কারাদণ্ড হয় তদ্ভিন্ন কোন ব্যক্তির কারাদণ্ডসূচক যে আজ্ঞা করা যায় তাহার উপর আপীল হইতে পারিবে ইতি।

[আপীল যে আদালতের শ্রবণীয় তাহার কথা।]

৬১৬ ধারা। যদি এই আইন কি অন্য কোন আইন মতে কোন আজ্ঞার উপর আপীল করিবার অনুমতি হয়, তবে যে আদালত ঐ আজ্ঞা করেন সেই আদালতের ডিক্রীর উপর অন্য যে আদালত নিয়মমত আপীল শুনিবার ক্ষমতাপন্ন হন সেই আদালত উক্ত আপীল শুনিতে পারিবেন ইতি।

[আজ্ঞার উপর আপীল গ্রহণ করিবার কালের ও কার্য্য প্রণালীর কথা।]

৬১৭ ধারা। কোন মোকদ্দমায় যে ডিক্রী হয়, তাহার উপর নিয়মমত আপীল উপস্থিত করিবার কালের ও কার্য্যপ্রণালীর যে বিধি ৯ অধ্যায়ে নির্দ্দিষ্ট হইয়াছে, ঐ আপীল উপস্থিত করিবার সেই কাল ও কার্য্যের সেই প্রণালী হইবে। এই অধ্যায়মত আজ্ঞার উপর আপীল হইলে তাহার প্রতি ঐ ৯ অধ্যায়ের বিধি যেপর্য্যন্ত বর্ত্তিতে পারে বর্ত্তিবে ইতি।

[মোকদ্দমা সম্পাদন কালে যে আজ্ঞা হয়, ডিক্রীর পূর্ব্বে তাহার উপর আপীল না হইবার, কিন্তু ডিক্রীর উপর আপীল হইলে ঐ আজ্ঞার ভ্রমজন্য কি অন্য দোষ প্রকাশ করিতে পারিবার কথা।]

৬১৮ ধারা। যদি এই আইনে প্রকারান্তরের বিধান না হয়, তবে মোকদ্দমা সম্পাদনকালে ও তৎসম্পর্কীয় যে আজ্ঞা হয়, ডিক্রী হওনের পূর্ব্বে তাহার আপীল হইতে পারিবে না। কিন্তু যদি ডিক্রীর উপর আপীল হয় তবে উক্ত আজ্ঞাতে মোকদ্দমার দোষগুণ কি আদালতের বিচারাধিপত্য সংক্রান্ত কোন ভ্রম কি দোষ কি

jurisdiction of the Court, may be set forth as a ground of objection in the memorandum of appeal.

[No appeal from order passed after decree, relating to its execution.]

DCXIX. Unless when otherwise provided in this Code, no appeal shall lie from any order passed after decree and relating to the execution thereof.

[Orders passed in appeals under this Chapter to be final. But case may be submitted for decision of High Court.]

DCXX. Unless when otherwise provided in this Code or by any other law, the orders passed in appeals preferred under this Chapter shall be final; but if in the course of the hearing of any such appeal any question of law or usage having the force of law, or the construction of a document, which construction shall affect the merits of the decision, shall arise, on which the Appellate Court shall entertain reasonable doubt, the Court may either of its own motion or on the application of any of the parties to the appeal, draw up a statement of the case, and submit it with its own opinion for the decision of the High Court.

[Provisions applicable to reference to High Court under last Section.]

DCXXI. The provisions contained in Sections 587 to 592, both inclusive, shall apply to references made to the High Court under the provisions of the last preceding Section.

[Save as aforesaid no appeal allowed.]

DCXXII. Except as provided in this Code or in any other law, no appeal shall be allowed from any decree or order.

CHAPTER XIII.

REVIEW OF JUDGMENT.

[Review of Judgment.]

DCXXIII. Any person considering himself aggrieved—

(*a.*) By a decree from which a regular appeal is allowed, but from which no appeal shall have been preferred—

(*b.*) By a decree passed in regular appeal from which a special appeal is allowed, but from which a special appeal shall not have been admitted—

(*c.*) By a decree from which an appeal is allowed to Her Majesty in Council, but from which no appeal shall have been preferred, or, if an

নিয়মের যে ব্যতিক্রম হয় তাহা আপীলের মর্ম্মাত্মক লিপিতে আপত্তির হেতুস্বরূপ নির্দ্দিষ্ট করা যাইতে পারিবে ইতি।

[ডিক্রীর পরে তৎসাধন বিষয়ক আজ্ঞার উপর আপীল না হইবার কথা।]

৬১৯ ধারা। যদি এই আইনে ভাবান্তরের বিধান না থাকে, তবে ডিক্রীর পরে তৎসাধন বিষয়ক যে কোন আজ্ঞা হয় তাহার উপর আপীল হইতে পারিবে না ইতি।

[এই অধ্যায়ানুসারে আপীলক্রমে যে আজ্ঞা হয় তাহা চূড়ান্ত হইবার, কিন্তু হাই কোর্টের নির্ণয়ার্থে বিশেষ প্রশ্ন প্রেরণের কথা।]

৬২০ ধারা। যদি এই আইনে কিম্বা অন্য কোন আইনে ভাবান্তরের বিধান না থাকে, তবে এই অধ্যায়ের বলে যে আপীল হয় সেই আপীলক্রমে প্রচারিত সকল আজ্ঞা চূড়ান্ত হইবে। কিন্তু যদি তদ্রূপ কোন আপীল শ্রবণ কালে আইন বিষয়ক কিম্বা আইনের তুল্য বলবৎ অচার বিষয়ক, কিম্বা লেখ্যের যে অর্থদ্বারা নিষ্পত্তির দোষগুণের সংস্রব হইতে পারে কোন কাগজপত্রের এমত অর্থ বিষয়ক কোন প্রশ্ন উত্থাপন হয় ও তদ্বিষয়ে আপীল আদালতের যুক্তিসিদ্ধ সন্দেহ জন্মে, তবে আদালত আপনার ইচ্ছাক্রমে কিম্বা আপীলের একতর পক্ষের প্রার্থনাক্রমে ঐ প্রশ্নাদির বর্ণন লিখিয়া তদ্বিষয়ক আপনার মতশুদ্ধ তাহা হাই কোর্টের দ্বারা নিষ্পন্ন করাইবার অভিপ্রায়ে প্রেরণ করিতে পারিবেন ইতি।

[পূর্ব্ব ধারানুসারে হাই কোর্টের নিকটে যে প্রশ্ন প্রেরিত হয় তাহার প্রতি যে সকল বিধান বর্ত্তে তাহার কথা।]

৬২১ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারার বিধানানুসারে হাই কোর্টের নিকটে যে প্রশ্ন প্রেরিত হয় তাহার প্রতি ৫৮৭ অবধি ৫৯২ পর্য্যন্ত সমস্ত ধারার বিধান বর্ত্তিবে ইতি।

[পূর্ব্বোক্ত আপীলভিন্ন আপীলের অনুমতি না হইবার কথা।]

৬২২ ধারা। এই আইনে কি অন্য কোন আইনেতে যে বিধান হইয়াছে তদনুসারে আপীল না হইলে, কোন ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল করিবার অনুমতি নাই ইতি।

ত্রয়োদশ অধ্যায়।

নিষ্পত্তির পুনরালোচনা করণের বিধি।

[নূতন প্রমাণাদি প্রাপ্তিক্রমে নিষ্পত্তির পুনরালোচনার কথা।]

৬২৩ ধারা। (ক) যে ডিক্রীর উপর নিয়মমত আপীল হইতে পারিলেও আপীল হয় নাই সেই ডিক্রীদ্বারা।

(খ) নিয়মমত আপীলের যে ডিক্রীর উপর বিশেষ আপীল হইতে পারিলেও বিশেষ আপীল গ্রাহ্য হয় নাই তদ্দ্বারা।

(গ) যে ডিক্রীর উপর মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীমতী মহারাজ্ঞীর নিকটে আপীল হইতে পারিলেও আপীল উপস্থিত করা যায় নাই কিম্বা করা গেলেও মন্ত্রিসভা

appeal shall have been preferred, no proceedings shall have been transmitted to Her Majesty in Council—

(*d.*) By a decree passed in special appeal from which no appeal to Her Majesty in Council is allowed—

[On discovery of new evidence, &c.]

And who, from the discovery of new matter or evidence which was not within his knowledge or could not be adduced by him at the time when the decree was passed, or for any other good and sufficient reason, may be desirous of obtaining a review of the decree passed against him—may apply for a review of judgment to the Court which passed the decree.

[Time allowed for making application.]

DCXXIV. The application, if the decree to which it refers was passed in a suit, shall be made within one month from the date of the decree, and within sixty days if the decree was passed in regular or special appeal, unless the party making the application shall be able to shew cause, to the satisfaction of the Court, for not having preferred the application within such limited period.

[Contents of application.]

DCXXV. The application shall be written on the stamp paper prescribed for plaints, and shall set forth concisely and under distinct heads the grounds on which the review is applied for. Such grounds shall be numbered consecutively.

[Advocate presenting application to certify as to grounds being good.]

DCXXVI. If the application be presented by an Advocate, he shall certify under his signature on the back of the application, that he has examined the grounds on which the review is applied for, and that he considers such of them as he shall refer to by their numbers well founded and sufficient.

[No Advocate allowed to argue who has not signed certificate.]

DCXXVII. No Advocate shall be allowed to argue in support of an application for a review of Judgment, who shall not have signed the certificate required by the last preceding Section, or if the application was presented by the applicant in person or by another Advocate, who has not signed a certificate to the same effect to be written on the back of the application.

ধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর নিকটে কোন কাগজপত্র প্রেরিত হয় নাই সেই ডিক্রীর দ্বারা।

(ঘ) কিম্বা বিশেষ আপীলের যে ডিক্রীর উপরে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর নিকটে আপীল হইবার অনুমতি নাই এমত ডিক্রীর দ্বারা।

যদি কোন ব্যক্তি আপনাকে ক্ষতিগ্রস্ত জ্ঞান করেন এবং ডিক্রী হওনের সময়ে তিনি যাহা অজ্ঞাত কিম্বা উল্লেখ করিতে অপারক ছিলেন, এমত কোন নূতন বিষয় কি প্রমাণ প্রাপ্ত হওয়াতে কিম্বা যথার্থ ও উপযুক্ত অন্য কোন কারণে যদি আপনার বিপক্ষ ঐ ডিক্রীর পুনরালোচনা করাইতে বাঞ্ছা করেন, তবে যে আদালত ঐ ডিক্রী করিয়াছিলেন তাঁহার নিকটে নিষ্পত্তির পুনরালোচনা প্রার্থনা করিতে পারিবেন ইতি।

[প্রার্থনা করণের সময়ের কথা।]

৬২৪ ধারা। কোন মোকদ্দমায় যে ডিক্রী হইয়াছে, যদি তদুপলক্ষে ঐ প্রার্থনা হয়, তবে ডিক্রীর তারিখ অবধি এক মাসের মধ্যে, কিম্বা নিয়মমত বা বিশেষ আপীলক্রমে যে ডিক্রী হইয়াছে যদি তদুপলক্ষে ঐ প্রার্থনা হয়, তবে ষাইট দিনের মধ্যে প্রার্থনা করিতে হইবে। প্রার্থক যদি আদালতের সন্তোষমতে সেই নিরূপিত কালের মধ্যে প্রার্থনা উপস্থিত না করিবার কারণ দর্শাইতে পারেন, তবে তাঁহাকে অধিক সময় দেওয়া যাইতে পারিবে ইতি।

[প্রার্থনাপত্রে যাহা লিখিতে হইবে তাহার কথা।]

৬২৫ ধারা। নালিশপত্র যে মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিবার বিধান আছে, ঐ প্রার্থনাও সেই মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে, এবং যে২ হেতুতে পুনরালোচনার প্রার্থনা হয় তাহা সংক্ষেপে বিশেষ২ প্রকরণ করিয়া নির্দ্দিষ্ট করিতে হইবে। সেই২ হেতুতে একাদিক্রমে নম্বর দিতে হইবে ইতি।

[যে আডবোকেট প্রার্থনাপত্র উপস্থিত করেন, হেতুর পর্য্যাপ্তির বিষয়ে তাহার সংশিতপত্র লিখিবার কথা।]

৬২৬ ধারা। ঐ প্রার্থনাপত্র যদি আডবোকেটদ্বারা অর্পণ করা যায়, তবে ঐ প্রার্থনাপত্রের পৃষ্ঠে তাঁহার, স্বাক্ষরক্রমে এই সংশিতপত্র লিখিতে হইবে যে, পুনরালোচনার প্রার্থনা যে২ হেতুতে হইয়াছে তাহা সমালোকন করিয়াছি ও তন্মধ্যে অঙ্কক্রমে যে২ হেতুর উল্লেখ করিব তাহা উত্তম ও পর্য্যাপ্ত জ্ঞান করি ইতি।

[সংশিতপত্র স্বাক্ষর না করিলে আডবোকেটের বাদানুবাদ করিতে না পারিবার কথা।]

৬২৭ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারাতে যে সংশিতপত্রে স্বাক্ষর করিবার আজ্ঞা হইল, তাহাতে আডবোকেট স্বাক্ষর না করিলে, অথবা যদি প্রার্থক স্বয়ং কি অন্য আডবোকেটদ্বারা ঐ প্রার্থনাপত্র উপস্থিত করেন, তবে সেই আডবোকেট প্রার্থনাপত্রের পৃষ্ঠে লিখিতব্য সেই মর্ম্মের সংশিতপত্রে স্বাক্ষর না করিলে, ঐ আডবোকেট বিচার পুনরালোচনা করিবার প্রার্থনার পোষকতায় বাদানুবাদ করিবার অনুমতি পাইবেন না ইতি।

[Court may reject application or grant review. Proviso.]

DCXXVIII. If it appear to the Court that there is not sufficient ground for a review it shall reject the application, but if the Court shall be of opinion that the review desired is necessary to correct an evident error or omission, or is otherwise requisite for the ends of justice, it shall grant the review: Provided that no review shall be granted without previous notice to the opposite party to enable him to appear and be heard in support of the decree a review of which is applied for: Provided also that no review shall be granted by any Court subordinate to a District Court without the previous permission of such Court, and that no review shall be granted by a District Court without the previous permission of the High Court.

[Application for review in Court consisting of two or more Judges, must be heard by Judge or Judges who passed the decree.]

DCXXIX. If the Judge or Judges or any of the Judges who shall have passed the decree, a review of which is applied for, shall continue attached to the Court at the time when the application for a review is presented, and shall not be precluded by absence or other cause, for a period of six months after the application, from considering the Judgment to which the application refers, such Judge or Judges or any of them shall hear the application, and it shall not be competent to any other Judge or Judges of the Court in any such case to hear the application.

[Application rejected if heard by two Judges and they differ in opinion.]

DCXXX. If the application for a review be heard by two Judges, and they differ as to whether the application should be admitted or rejected, the application shall be rejected.

[Decision when application heard by more than two Judges.]

DCXXXI. If the application be heard by more than two Judges, the decision shall be according to the opinion of the majority, or if the opinions of the Judges be equally divided, according to the opinion of the Judge or Judges with whom the senior Judge concurs.

[Order of Court to be final.]

DCXXXII. The order of the Court, whether for granting the review or rejecting the application, shall be final.

[প্রার্থনা অগ্রাহ্য করিতে কিম্বা পুনরালোচনাতে সম্মত হইতে আদালতের ক্ষমতার কথা, ও উপনিয়ম।]

৬২৮ ধারা। পুনরালোচনা করিবার প্রচুর হেতু নাই, যদি আদালত এমত জ্ঞান করেন, তবে সেই প্রার্থনা অগ্রাহ্য করিবেন। কিন্তু যদি আদালত স্পষ্ট কোন ভ্রম কি অসম্পূর্ণতা সংশোধনার্থে কি প্রকারান্তরে যথার্থ বিচার হইবার জন্যে ঐ প্রার্থিত পুনরালোচনা প্রয়োজনীয় জ্ঞান করেন, তবে পুনরালোচনা করিবার অনুমতি দিবেন। পরন্তু বিপক্ষ পক্ষ উপস্থিত হইতে পারেন ও যে ডিক্রীর পুনরালোচনা হইবার প্রার্থনা হয়, তাহার পোষকতায় তাঁহার কথা শুনা যায়, এই নিমিত্তে বিপক্ষ পক্ষকে প্রথমে সম্বাদ না দিলে পুনরালোচনা হইবার অনুমতি দেওয়া যাইবে না। আরো জিলার আদালতের অধীন কোন আদালত প্রথমে ঐ আদালতের অনুমতি প্রাপ্ত না হইলে, পুনরালোচনা করিতে সম্মত হইবেন না, জিলার আদালতও হাই কোর্টের অনুমতিপ্রাপ্ত না হইলে পুনরালোচনা করিতে সম্মত হইবেন না ইতি।

[আদালতে দুই কি অধিক বিচারকর্ত্তা থাকিলে যে বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা ডিক্রী প্রচার করিয়াছিলেন পুনরালোচনার প্রার্থনা তাঁহার কি তাঁহারদের শুনিবার কথা।]

৬২৯ ধারা। যে ডিক্রীর পুনরালোচনা হইবার প্রার্থনা হয় তাহা যে বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা করিয়াছিলেন তিনি কি তাঁহারা কি তাঁহারদের মধ্যে কেহ যদি ঐ পুনরালোচনার প্রার্থনা উপস্থিত করণকালে আদালতে নিযুক্ত থাকেন, এবং প্রার্থনা যে নির্ণয়ের উপলক্ষে হয়, যদি প্রার্থনা হইবার পশ্চাৎ ছয় মাস পর্য্যন্ত অনুপস্থান প্রযুক্ত কি অন্য হেতুতে ঐ নির্ণয়পাদ বিবেচনা করিতে নিবারিত না হন, তবে ঐ বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা কি তাঁহাদের মধ্যে কোন জন ঐ প্রার্থনা শ্রবণ করিবেন। ও তদ্রূপ কোন স্থলে আদালতের অন্য কোন বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা ঐ প্রার্থনা শ্রবণ করিতে ক্ষমতাপন্ন হইবেন না ইতি।

[দুই জন বিচারকর্ত্তা প্রার্থনা শুনিলে যদি মতের অনৈক্য হয়, তবে প্রার্থনা অগ্রাহ্য হইবার কথা।]

৬৩০ ধারা। দুই জন বিচারকর্ত্তা পুনরালোচনা হইবার প্রার্থনা শুনিলে যদি সেই প্রার্থনা গ্রাহ্য কি অগ্রাহ্য করণবিষয়ে তাঁহাদের মতের অনৈক্য হয়, তবে প্রার্থনা অগ্রাহ্য হইবে ইতি।

[দুয়ের অধিক বিচারকর্ত্তা প্রার্থনা শ্রবণ করিলে নিষ্পত্তির কথা।]

৬৩১ ধারা। যদি দুইয়ের অধিক বিচারকর্ত্তা সেই প্রার্থনা শুনেন, তবে অধিকাংশ ব্যক্তির মতানুসারে নিষ্পত্তি হইবে। যদি সেই বিচারকর্ত্তাদের মধ্যে যত ব্যক্তির এক মত, তত ব্যক্তির অন্য মত হয়, তবে পদশ্রেষ্ঠ বিচারকর্ত্তা যাঁহার কি যাঁহাদের মতে মত হন, তাঁহার কি তাঁহারদের মতানুসারে নিষ্পত্তি হইবে ইতি।

[আদালতের আজ্ঞা চূড়ান্ত হইবার কথা।]

৬৩২ ধারা। আদালত পুনরালোচনার অনুমতি দেওন কি প্রার্থনা অগ্রাহ্য করণরূপ যে আজ্ঞা করেন তাহা চূড়ান্ত হইবে ইতি।

[Registry of application granted, and order for re-hearing.]

DCXXXIII. When an application for a review is granted, a note thereof shall be made in the Register of suits or appeals (as the case may be), and the Court may at once re-hear the case or make such order in regard to the re-hearing as it may deem proper.

[Review of orders not subject to appeal.]

DCXXXIV. Any order not subject to appeal may be reviewed by the Court by which it was passed subject to the rules contained in this Chapter so far as the same are applicable: Provided that no such review shall be granted by any Court subordinate to a District Court without the previous permission of such Court, and that no such review shall be granted by a District Court without the previous permission of the High Court.

CHAPTER XIV.

SPECIAL RULES RELATING TO THE HIGH COURTS.

[Ordinary original Civil jurisdiction of the High Court.]

DCXXXV. The High Court may, in the exercise of its ordinary original Civil jurisdiction, try and determine suits of every description, if in the case of suits for immovable property the property shall be situate, or, in all other cases, if the cause of action shall have arisen, or the defendant at the time of the commencement of the suit shall dwell, or carry on business, or personally work for gain, within the local limits to which the jurisdiction of the Court extends: Provided that no High Court shall in the exercise of its ordinary original Civil jurisdiction, be empowered to try any case in which the debt or damage or value of the property sued for, does not exceed five hundred Rupees, and which falls within the jurisdiction of a Small Cause Court situate within the local limits of the ordinary original Civil jurisdiction of such High Court.

[Extraordinary original Civil jurisdiction of the High Court.]

DCXXXVI. The High Court shall have power to remove and to try and determine as a Court of extraordinary original Civil jurisdiction, any suit being or falling within the jurisdiction of any Court subject to its superintendence, other than a Court of Small Causes, when such High Court shall think proper so to do, either on the agreement of the parties to that effect, or for

[প্রার্থনা গ্রাহ্য হইলে তাহা রেজিষ্টরী করিবার ও পুনঃশ্রবণের আজ্ঞা হইবার কথা।]

৬৩৩ ধারা। যদি পুনরালোচনা হইবার প্রার্থনা গ্রাহ্য হয়, তবে মোকদ্দমার কিম্বা বিষয়বিশেষে আপীলের রেজিষ্টরে তদ্বিষয়ক মন্তব্য কথা লিখিতে হইবে, এবং আদালত অবাজে মোকদ্দমা পুনঃশ্রবণ করিতে পারিবেন কি পুনঃশ্রবণের বিষয়ে যে আজ্ঞা বিহিত বোধ করেন তাহা করিতে পারিবেন ইতি।

[আজ্ঞার পুনরালোচনার উপর আপীল না হইবার কথা।]

৬৩৪ ধারা। যে আজ্ঞার উপর আপীল হইতে না পারে সেই আজ্ঞা যে আদালতকর্ত্তৃক হইয়াছে তদ্দারা তাহার পুনরালোচনা হইতে পারিবে, ও তদ্বিষয়ে এই অধ্যায়ের বিধি যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে সেই পর্য্যন্ত বর্ত্তিবে। পরন্তু জিলার আদালতের অধীন কোন আদালত ঐ জিলার আদালতের অনুমতি প্রথমে না পাইলে তদ্রূপ পুনরালোচনা করিতে সম্মত হইবেন না, এবং হাই কোর্টের অনুমতি অগ্রে প্রাপ্ত না হইলে জিলার আদালতও তদ্রূপ পুনরালোচনা করিতে সম্মত হইবেন না ইতি।

চতুর্দ্দশ অধ্যায়।

হাই কোর্ট বিষয়ক বিশেষ বিধি।

[হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতার কথা।]

৬৩৫ ধারা। প্রত্যেক হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতানুসারে কার্য্য করত সকল প্রকার মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিতে পারিবেন। কিন্তু ইহার নিমিত্তে আবশ্যক যে ভূমি কি অন্য স্থাবর সম্পত্তি বিষয়ক মোকদ্দমা হইলে সেই ভূমি কি সম্পত্তি ঐ আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার অন্তর্গত হয়, কিম্বা অন্য কোন প্রকারের মোকদ্দমা হইলে ইহা আবশ্যক যে উক্ত স্থানীয় সীমার মধ্যে বিবাদের হেতু উৎপন্ন হয়, কিম্বা মোকদ্দমার আরম্ভকালে প্রতিবাদি তথায় বাস কি ব্যবসায় কি লাভার্থে স্বয়ং কর্ম্ম করেন। কিন্তু কোন মোকদ্দমায় যদি ঋণ কি দাওয়া কি প্রার্থিত সম্পত্তির মূল্য পাঁচ শত টাকার অধিক না হয়, এবং ঐ হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতার অধীন স্থানের সীমার মধ্যে ক্ষুদ্র মোকদ্দমার যে আদালত থাকে, যদি সেই মোকদ্দমা ঐ আদালতের বিচারাধিপত্যের মধ্যে আইসে, তবে কোন হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতানুসারে কার্য্য করত ঐ প্রকারের মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন হইবেন না ইতি।

[দেওয়ানী মোকদ্দমা আদৌ শ্রবণ করিতে হাই কোর্টের সাধারণাতিরিক্ত ক্ষমতার কথা।]

৬৩৬ ধারা। যদি মোকদ্দমার উভয় পক্ষ সম্মত হন কিম্বা যথার্থ বিচার হইবার জন্যে যদি হাই কোর্ট বিহিত বোধ করেন, তবে ক্ষুদ্র মোকদ্দমার আদালত ভিন্ন আপন তত্ত্বাধীন যে আদালতের বিচারাধিপত্যের মধ্যে যে মোকদ্দমা হয় কি বর্ত্তে, হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণাতিরিক্ত ক্ষমতানুসারে সেই মোকদ্দমা আনায়ন করিতে ও তাহার বিচার ও নির্ণয় করিতে সক্ষম হইবেন। তাহা করিলে হাই

purposes of justice, the reason being recorded in the proceedings of the High Court removing the suit.

[High Court may try suit for land situated party within the limits of its ordinary original Civil jurisdiction.]

DCXXXVII. The High Court, in the exercise of its ordinary original Civil jurisdiction, may try and determine suits instituted in such Court for immovable property, notwithstanding that such property may be situate partly within the local limits of its ordinary original Civil jurisdiction, and partly within the local limits of the jurisdiction of some other Court.

[Stamps to be used in the High Court.]

DCXXXVIII. No instrument or writing of any of the kinds of specified as requiring stamps in Schedule B annexed to Act X of 1862 *(to consolidate and amend the law relating to stamp duties)*, or in this Code, shall, except as is herein otherwise provided, be filed, exhibited or recorded in, or shall be received or furnished by any High Court in any case coming before such Court in the exercise of its ordinary or extraordinary original Civil jurisdiction, unless such instrument or writing be upon a stamp of a value not less than that indicated by the said Schedule B as the proper stamp for similar instruments and writings in any Civil Court below the Sudder Court or than that indicated by this Code, or in any case coming before such Court in the exercise of its Appellate jurisdiction, unless such instrument or writing be upon a stamp of a value not less than that indicated by the said Schedule B as the proper stamp for similar instruments and writings in the Sudder Court, or than that indicated by this Code.

[In certain cases plaint to bear stamp of 32 Rupees; and Court after decree to determine how much more is to be paid.]

DCXXXIX. If in a suit instituted in a High Court in the exercise of its ordinary original Civil jurisdiction, or in appeal from a decision passed by a High Court in the exercise of such jurisdiction, the claim is not capable of being estimated at the selling price under Rule (*c*) of Article 11 of Schedule B of the said Act X of 1862, the plaint or petition of appeal shall be written on a stamp of the value of thirty-two Rupees. On the decision of such suit or appeal, if the decision be in favour of the plaintiff or appellant, the Court shall calculate the stamp duty payable, according to the rules above mentioned, on the amount or value of the property, if any, decreed or to which

কোর্টের ঐ মোকদ্দমাঘটিত বৃত্তান্তপত্রের মধ্যে মোকদ্দমা আনয়ন করিবার হেতু লিখিতে হইবে ইতি।

[হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতা যে সীমাতে বর্ত্তে অংশতঃ সেই সীমার অন্তর্গত ভূমি বিষয়ক মোকদ্দমা ঐ কোর্টের বিচার্য্য হইবার কথা।]

৬৩৭ ধারা। কোন স্থাবর সম্পত্তির এক অংশ হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতার ব্যাপ্য স্থানের অন্তর্গত থাকিলে, যদিও অন্য অংশ অন্য কোন কোর্টের বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হয়, তথাপি ঐ হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতানুসারে ঐ সম্পত্তির নিমিত্তে ঐ হাই কোর্টে উপস্থিত মোকদ্দমার বিচার ও নির্ণয় করিতে পারিবেন ইতি।

[হাই কোর্টের ব্যবহার্য্য ইষ্টাম্পের কথা।]

৬৩৮ ধারা। ১৮৬২ সালের ১০ আইনের (অর্থাৎ ইষ্টাম্পের মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের) B চিহ্নিত তফসীলে, কি এই আইনে নির্দ্দিষ্ট যেং প্রকারের লেখ্য কি লিপিতে ইষ্টাম্পের প্রয়োজন হয়, যদি এই আইনে তদ্বিষয়ের বিপরীত বিধান না থাকে, তবে হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ কি সাধারণাতিরিক্ত ক্ষমতা সম্পর্কে তাঁহার সম্মুখে আনীত কোন মোকদ্দমায় সদর আদালতের অধীন কোন দেওয়ানী আদালতে তদ্রূপ লেখ্যের ও লিপির উপযুক্ত ইষ্টাম্প বলিয়া যে মূল্যের ইষ্টাম্প ঐ B চিহ্নিত তফসীলে, কিম্বা এই আইনেতে অবধারিত হইয়াছে, সেই লেখ্য কি লিপি তাহার ন্যূন মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা গেলে, এবং ঐ হাই কোর্টের আপীলী মোকদ্দমা শুনিবার ক্ষমতা সম্পর্কে সদর আদালতে তদ্রূপ লেখ্যের ও লিপির উপযুক্ত ইষ্টাম্প বলিয়া যে মূল্যের ইষ্টাম্প ঐ B চিহ্নিত তফসীলে কিম্বা এই আইনেতে অবধারিত হইয়াছে, সেই লেখ্য কি লিপি তাহার ন্যূন মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা গেলে ঐ লেখ্য কি লিপি সেই হাই কোর্টে অর্পিত কি প্রকাশিত কি গচ্ছিত হইবে না কিম্বা হাই কোর্ট কর্ত্তৃক গৃহীত কি প্রদত্ত হইবে না ইতি।

[কোনং মোকদ্দমায় বত্রিশ টাকার ইষ্টাম্প কাগজে নালিশপত্র লিখিতে হইবার কথা। ও তদতিরিক্ত যত দিতে হইবে ডিক্রীর পরে আদালতকর্ত্তৃক তাহা নিরূপণ হইবার কথা।]

৬৩৯ ধারা। কোন হাই কোর্টে দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতাসম্পর্কে যে মোকদ্দমা উপস্থিত করা যায়, কিম্বা হাই কোর্টের সেই ক্ষমতাসম্পর্কে হাই কোর্টের কৃত ডিক্রীর উপর যে আপীল হয়, তদ্ঘটিত দাওয়া যদি উক্ত ১৮৬২ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের একাদশ প্রকরণের (চ) বিধিক্রমে বিক্রেয় মূল্যানুসারে নিরূপিত হইতে না পারে, তবে নালিশপত্র কি আপীলের প্রার্থনা বত্রিশ টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে। সেই মোকদ্দমা কি আপীল নিষ্পত্তি হইলে যদি বাদির কি আপেলান্টের পক্ষে নিষ্পত্তি হয়, তবে যত টাকার কি সম্পত্তির ডিক্রী হইলে যত মূল্যের সম্পত্তির ডিক্রী হইয়াছে, কিম্বা যে ব্যক্তির পক্ষে ডিক্রী হইল তাহার পক্ষে সেই ডিক্রী অনুসারে বর্ত্তমান কি আগন্তুক যত

9. Agreement to cultivate, manufacture, produce, provide or deliver any article in consideration of advance made.

10. Any other documents bearing an *ad valorem* stamp according to the provisions of Act X. of 1862, or the stamp law for the time being.

Provided (i) That in case where any consideration is expressed, the consideration and, in case of leases and other periodical payments, the amount payable for one year, in addition to any fine or premium, and, in case of bonds and mortgages, the amount to be secured, shall be taken to be the value of the right, title, or interest affected.

(ii) That if no consideration, rent, or other value be expressed in the deed, the amount payable shall be in every case ...Rupees 10.

(iii) That if a lease given to any ryot and the kabuliyat or counterpart of such lease executed by such ryot be brought for registration at the same time, the fees chargeable in respect of the two documents shall not be greater than the fee which would have been charged upon the pottah alone.

(B.) The fee for the registration of a separate instrument acknowledging the receipt or payment of any sum of money, whether consideration on account of any conveyance or deed of sale, or rent on account of any lease, or not, shall be calculated according to the amount received on the above scale, provided that if any instrument referring to the same transaction have already been registered, the fee shall not exceed ... ... Rupees 2.

(C.) (a.) The fee to be paid on the deposit of any sealed cover containing a will or authority to adopt shall be ... ... Rupees 2.

(b.) On the opening of such cover Rupees 2, besides the expense of copying; the contents to be copied according to the fees laid down in this Schedule for the granting of certified copies.

(c.) On the registration of any will or authority to adopt, presented open ... .. Rupees 4.

(D.) The fee to be paid on the registration of any document of a description not mentioned above shall be in every case ... Rupees 2.

৯। অগ্রিম টাকা প্রাপ্ত হইয়া কোন দ্রব্য চাষ কি প্রস্তুত কি উৎপন্ন করিবার কি যোগাইবার কি সমর্পণ করিবার সংশ্রবপত্র।

১০। ১৮৬২ সালের ১০ আইনের কিম্বা যে সময়ে ইষ্টাম্পের যে আইন প্রচলিত থাকে সেই আইন অনুসারে অন্য যে কোন লেখ্যের উপর মূল্যানুসারে ইষ্টাম্প দিতে হইবে সেই লেখ্য।

কিন্তু ১। যদি কোন মূল্য ব্যক্ত হয়, তবে সেই মূল্য এবং যদি পাট্টা কিম্বা নিয়মিত সময়ে দাতব্য টাকার অন্য পত্র হয় তবে কোন দণ্ড কি পুরস্কার ভিন্ন এক বৎসরের জন্যে যত টাকা দেয় তাহা এবং যদি খৎ ও বন্ধকীপত্র হয়, তবে তদ্দ্বারা যত টাকা সংশ্রিত তত টাকা ঐ লেখ্য দ্বারা রক্ষিত স্বত্বের কি অধিকারের কি সম্পার্কের মূল্য জ্ঞান হইবে।

২। যদি কোন বিনিময় কি কর কি অন্য মূল্য লেখ্যেতে ব্যক্ত না হয়, তবে তদ্রূপ প্রত্যেক স্থলের শুল্ক ... ১০৲

৩। কোন রায়ৎকে যে পাট্টা দেওয়া যায় তাহা এবং সেই রায়ৎকর্ত্তৃক সম্পাদিত ঐ পাট্টার কবুলিয়ৎ কি অনুলিপি যদি রেজিষ্টর করিবার জন্যে একি সময়ে উপস্থিত করা যায়, তবে কেবল পাট্টার উপর যে শুল্ক আদায় হইত ঐ দুই লেখ্যের উপর তাহার অধিক লওয়া যাইবে না।

(B.) কোন টাকা প্রাপণ কি শোধন স্বীকার করণার্থে স্বতন্ত্র যে লেখ্য হয়, সেই টাকা কোন হস্তান্তরকরণপত্র কি বিক্রয়পত্রোপলক্ষে পারিতোষিকস্বরূপ কিম্বা কোন পাট্টার উপলক্ষে করস্বরূপ দত্ত হউক কি না হউক, সেই লেখ্য রেজিস্টর করিবার শুল্ক উক্ত হারানুসারে প্রাপ্ত টাকার পরিসংখ্যাক্রমে নিরূপিত হইবে। কিন্তু যদি সেই ব্যাপারের কোন লেখ্য ইতিপুর্ব্বে রেজিষ্টর হইয়া থাকে, তবে শুল্ক ২৲ টাকার অধিক হইবে না।

(C.) (*a.*) মোহরাঙ্কিত যে খামে কোন চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র বদ্ধ থাকে তাহা গচ্ছিত করণ সময়ে ২৲ টাকা শুল্ক লাগিবে।

(*b.*) ঐ খাম খুলিবার সময়ে প্রতিলিপির খরচ ভিন্ন ২৲ টাকা লাগিবে। এই তফসীলে সংশিত প্রতিলিপি দিবার যে শুল্ক ধার্য্য হইয়াছে তদনুসারে শুল্ক লইয়া ঐ পত্রের প্রতিলিপি করা যাইবে।

(*c.*) চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র খোলা অর্পণ করা গেলে তাহা রেজিষ্টরী করণের ... ৪৲ টাকা

(D.) যে কোন লেখ্য পূর্ব্ব প্রকরণে নির্দ্দিষ্ট হয় নাই তাহা রেজিস্টর করিবার জন্যে প্রত্যেক স্থলে ২৲ টাকা শুল্ক লাগিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৮ মে।]

(E.) For every search in a Registry Office ... ... Rupee 1.

[NOTE.—Every application for the grant of a certified copy, except at the time of registration of a document, shall be considered as an application for search.]

(F.) For making or granting copies of reasons, entries and documents for the benefit of any person or to be forwarded to any other Office under Sections 72, 73, 74 and 78 of the Act, a fee at the rate of 1 anna for every hundred words in the Native character, and of 2 annas for every hundred words in the English character.

[NOTE.—The number of copies required to be made under the above Section will be the number of Districts and Sub-Districts (excepting the one in which the instrument is originally registered) in which it is required to be registered.]

(G.) The cost to be paid on memoranda sent by the Civil Courts under Section 41 shall be estimated at Rupees 2 in each case.

(H.) The costs to be paid on memoranda of decrees sent by the Civil Courts under Section 42 shall be estimated on the value of the property affected by the decree according to the scale given in Schedule A.

[NOTE.—Where memoranda have to be sent to more than one Registrar's Office, the costs calculated as above shall be forwarded by the Court to the Office in the District in which the principal part of the property affected by the decree shall be situate, and 1 rupee shall be forwarded to each of the other Offices to which memoranda are sent.]

II.—EXTRA OR ADDITIONAL FEES.

(I.) For registration by the Registrar-General or Deputy Registrar-General in addition to the fee payable as above ... ... Rs. 10.

(K.) For registration by a Registrar of any document under Section 32, except wills and authorities to adopt. ... ... Rs. 5.

(L.) For special registration under Section 52, the same fee as that paid for ordinary registration, in addition to the fee for ordinary registration; or Rupees 2, if such fee exceeds that amount.

(M.) For attendance under Section 33 at a private residence for registration or acceptance of any document, will, or authority ... Rs. 10.

(N.) For the issue of commissions, or for the Registering Officer or Judge personally proceeding to any dwelling-house or jail, to obtain evidence as to the voluntary nature of the execution of a power of attorney under Section 35, or for the examination of any person under Section 39, a

(E.) রেজিষ্টরী কার্য্যালয়ে প্রত্যেকবার অন্বেষণ করিবার জন্যে ... ... ১৲ টাকা

মন্তব্য। লেখ্য রেজিষ্টর করণের সময় ভিন্ন অন্য সময়ে সংশিত প্রতিলিপি পাইবার যে প্রার্থনা হয় তাহা অন্বেষণ করিবার প্রার্থনাস্বরূপ জ্ঞান হইবে।

(F.) কোন ব্যক্তির মঙ্গলার্থে কিম্বা আইনের ৭২, ৭৩, ৭৪, ও ৭৮ ধারামতে অন্য কোন কার্য্যালয়ে প্রেরণার্থে হেতুবাদের, ও পুস্তক লিখিত কথার ও লেখ্যের প্রতিলিপি করণের কি দেওনের জন্যে দেশীয় অক্ষরে লিখিত প্রতি শত শব্দের ৴০ এক আনা ও ইঙ্গলণ্ডীয় অক্ষরে প্রতি শত শব্দের ৵০ দুই আনা হারে শুল্ক লাগিবে।

মন্তব্য। যে সব-ডিষ্টিক্টের মধ্যে লেখ্য প্রথমে রেজিষ্টর করা যায় তদ্ভিন্ন যত ডিষ্টিক্টের ও সব-ডিষ্টিক্টের মধ্যে ঐ লেখ্যের প্রতিলিপি রেজিষ্টর করা যাইবে, উক্ত ধারামতে তত প্রস্থ প্রতিলিপি করা প্রয়োজন হইবে।

(G.) ৪১ ধারামতে দেওয়ানী আদালতকর্ত্তৃক যে মর্ম্মাত্মকপত্র প্রেরিত হয় তাহার উপর প্রত্যেক স্থলে ২৲ টাকা ব্যয় ধরা যাইবে।

(H.) ৪২ ধারামতে দেওয়ানী আদালতহইতে ডিক্রীর যে মর্ম্মাত্মকপত্র পাঠান যায়, ঐ ডিক্রীতে যে সম্পত্তির সংস্রব, A চিহ্নিত তফসীলের হারানুসারে সেই সম্পত্তির মূল্যক্রমে ঐ মর্ম্মাত্মকপত্রের খরচ ধরিতে হইবে।

মন্তব্য।—যদি ঐ মর্ম্মাত্মকপত্র একের অধিক জন রেজিষ্ট্রারের কার্য্যালয়ে পাঠাইতে হয়, তবে ডিক্রী সম্পৃক্ত সম্পত্তির অধিক অংশ যে ডিষ্ট্রিক্টের মধ্যে থাকে আদালত সেই ডিষ্ট্রিক্টের কার্য্যালয়ে, উক্ত হারানুসারে খরচ নিরূপণ করিয়া পাঠাইবেন, এবং অন্য যত কার্য্যালয়ে মর্ম্মাত্মকপত্র পাঠাইতে হইবে সেই প্রত্যেক কার্য্যালয়ে ১ টাকা পাঠাইতে হইবে।

অতিরিক্ত শুল্ক।

(I.) রেজিষ্ট্রার জেনরল কি ডেপুটী রেজিষ্ট্রার জেনরল কর্ত্তৃক রেজিষ্টর করা গেলে উক্তমতে দাতব্য শুল্কের অধিক ... ... ১০৲

(K.) চরমপত্র ও দত্তক গ্রহণের অনুমতিপত্র ভিন্ন ৩২ ধারামতে রেজিষ্ট্রারের দ্বারা লেখ্য রেজিষ্টর করিবার ... ... ৫৲

(L.) ৫২ ধারামতে বিশেষ রেজিষ্টরী হইলে সাধারণ রেজিষ্টরী করণের যত শুল্ক লাগে তদতিরিক্ত ঐ সাধারণ রেজিষ্টর করণের তত শুল্ক। যদি ঐ শুল্ক দুই টাকার অধিক হয় তবে ... ২৲

(M.) ৩৩ ধারামতে লেখ্য কি চরমপত্র কি দত্তক গ্রহণের অনুমতিপত্র রেজিষ্টর কি গ্রাহ্য করণার্থে কোন ব্যক্তির বাটীতে যাইবার ... ১০৲

(N.) ৩৫ ধারামতে মোক্তারনামা স্বেচ্ছাক্রমে সম্পাদন হইবার প্রমাণ প্রাপণার্থে কিম্বা ৩৯ ধারামতে কোন ব্যক্তির পরীক্ষা গ্রহণার্থে কমিস্যন দিতে হইলে কিম্বা কোন বসতবাটীতে কি কারাগারে রেজিষ্টরী কার্য্যকারকের কি বিচারকর্ত্তার স্বয়ং গমন করিতে হইলে, যেং ব্যক্তি স্বয়ং উপস্থিত হওন হইতে মুক্ত হন

fee shall be paid as follows on account of every person exempted from appearance :—

(1.) If the person be exempted on account of bodily infirmity such as to make it impossible without risk of life to attend the office, or because confined in Jail ... ... Rs 5.

(2.) If the person be exempted an account of sickness of any other kind or as a person exempt by law from personal appearance in Court, Rs. 10.

And in addition travelling allowance must be paid to the person to whom the commission is issued at the rate of four annas a mile, or to the Registering Officer or Judge at the rate of eight annas a mile for all distances exceeding one mile from the Registry Office.

(O.) For admission of a document to registration under Section 24 after the expiration of the time prescribed—

If presented within seven days of the time prescribed ...	Twice the fee payable on account of such document.
If presented within a month of the time prescribed ...	Four times the fee.
If presented within four months of the time prescribed ...	Ten times the fee.

(P). For attesting the execution of a power of attorney as follows :—

A Special power, Rupee 1.

A General power, Rupees 2.

(Q.) The fees for serving summonses under the provisions of Section 37 shall be regulated according to the scale in force in the Revenue Courts in the same District.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

তাঁহারদের প্রত্যেক জনের উপলক্ষে এই হারে শুল্ক দিতে হইবে। যথা

(১) কায়িক দুর্ব্বলতা প্রযুক্ত সেই ব্যক্তির প্রাণাশঙ্কাভিন্ন কার্য্যালয়ে গমন হইতে পারে না কিম্বা কারাবদ্ধ আছে এই কারণে যদি মুক্ত হয়, তবে ৫৲ টাকা।

(২) যদি সেই ব্যক্তি অন্য কোন প্রকারের পীড়া হেতুক মুক্ত হন কিম্বা আইনমতে আদালতে প্রবেশন হইতে মুক্ত হইয়া যদি সেইরূপে মুক্ত হন, তবে ১০৲

তদ্ভিন্ন যাঁহাকে কমিস্যন দেওয়া যায় তাহাকে রেজিষ্টরী কার্য্যালয়হইতে এক মাইলের অধিক দূর যাইতে হইলে মাইল প্রতি চারি আনার হারে পাথেয় ও রেজিষ্টরী কার্য্যকারককে কি বিচারকর্ত্তাকে মাইল প্রতি ৷৷০ আনার হারে পাথেয় দিতে হইবে।

(O.) অবধারিত সময় অতীত হইলে পর যদি ২৪ ধারামতে লেখ্য রেজিষ্টর করণার্থে গ্রাহ্য হয় তবে

অবধারিত সময়ের পর সাত দিনের মধ্যে আনা গেলে ...	এ লেখ্যের জন্যে দাতব্য শুল্কের দ্বিগুণ
অবধারিত সময়ের পর এক মাসের মধ্যে আনা গেলে	শুল্কের চারি গুণ।
অবধারিত সময়ের পর চারি মাসের মধ্যে আনা গেলে ..	শুল্কের দশ গুণ।

(P.) মোক্তারনামায় স্বাক্ষর করিবার এই২ শুল্ক

বিশেষ মোক্তারনামায় ১৲ টাকা।

আমমোক্তারনামায় ২৲ টাকা।

(Q.) কোন ডিষ্ট্রিক্টের রাজস্বসম্পার্কীয় আদালতে আহ্বানপত্র পর্য্যর্পণের যে হার প্রচলিত আছে ৩৭ ধারার বিধানমতে আহ্বানপত্র পর্য্যর্পণের সেই হারে শুল্ক লাগিবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 693.

APPOINTMENTS.

The 7th April 1866.

Mr. Thomas Jones to be Assistant Secretary to the Government of Bengal.

The 13th April 1866.

Mr. J. B. Worgan to officiate as Magistrate and Collector of Purneah.

The 24th April 1866.

Mr. F. H. Hollway to be a Member of the Ferry Fund Committee in Monghyr.

Baboo Hursahoy Singh, Deputy Collector, attached to the Fifth Division of Revenue Survey, is vested with the powers of a Collector in

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৬৯৩ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ৭ আপ্রিল।

শ্রীযুত তামস জোন্স সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী হইবেন।

১৮৬৬ সাল ১৩ আপ্রিল।

শ্রীযুত জে বি ওয়ার্গন সাহেব পুরণিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২৪ আপ্রিল।

শ্রীযুত এফ এচ হলওয়ে সাহেব মুঙ্গেরে ফেরিফণ্ড কমিটীর মেম্বর হইবেন।

রাজস্বের জরীপী কার্য্যের পঞ্চমখণ্ডে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরসহায় সিংহ, মুরশিদাবাদ জিলার নদীর জরীপী কার্য্য সংক্রান্ত সীমার বিবাদ

Moorshedabad, to enable him to decide boundary disputes in that District in connexion with the River Survey.

The 27th April 1866.

Mr. R. P. Jenkins to officiate as Civil and Sessions Judge of Shahabad, during the absence, on leave, of Mr. E. G. Birch, or until further orders.

The 28th April 1866.

The following gentlemen to be Members of the Municipal Committee at Rajshahye, *viz:—*

Revd. Lall Beharee Dey.
Baboo Anund Chunder Banerjee.
„ Mothoornath Banerjee.
Moulvy Abdool Ghuffoor.
Baboo Judoonauth Mookerjee.
„ Bhoirub Chunder Banerjee.
„ Kaleenath Bose.
„ Shoshee Bhooshun Mookerjee.

The 30th April 1866.

Mr. F. W. Hall to officiate temporarily as House Surgeon to the Medical College Hospital with effect from the 2nd instant.

Mr. R. F. H. Pughe, Assistant Superintendent of Police, is transferred from Monghyr to Midnapore.

Mr. E. Usher, Assistant Superintendent of Police, is transferred from Burdwan to Bancoorah.

Captain W. Gordon to officiate as Personal Assistant to the Inspector-General of Police, Lower Provinces, during the absence, on leave, of Lieutenant G. B. Johnston, or until further orders.

Mr. A. Blair to officiate as District Superintendent of Police, Howrah.

Mr. W. M. Souttar to be an Assistant to the Magistrate and Collector of Nuddea, to have charge of the Sub-Division of Bongong, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class in that District, during the absence, on leave, of Mr. R. H. Pawsey, or until further orders. Mr. Souttar is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

Mr. E. G. Man to be a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in Midnapore, and to exercise the powers of a Magistrate in that District.

[*Government Gazette, 8th May* 1866.]

নিষ্পত্তি করিতে পারিবার নিমিত্তে ঐ জিলাতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৭ আপ্রিল।

শ্রীযুত ই জি বর্চ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আর পি জেন্‌কিন্স সাহেব শাহাবাদের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২৮ আপ্রিল।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা রাজশাহীর মুনিসিপল কমিটীর মেম্বর হইবেন।

পাদরী শ্রীযুত লাল বেহারী দে।
শ্রীযুত বাবু আনন্দ চন্দ্র বন্দ্যোপাধ্যায়।
„ বাবু মথুরানাথ বন্দ্যোপাধ্যায়।
„ মৌলবী আবদুল গফুর।
„ বাবু যদুনাথ মুখোপাধ্যায়।
„ বাবু ভৈরবচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
„ বাবু কলীনাথ বসু।
„ বাবু শশিভূষণ মুখোপাধ্যায়।

১৮৬৬ সাল ৩০ আপ্রিল।

শ্রীযুত এফ ডবলিউ হাল সাহেব কিয়ৎকালের নিমিত্তে মেডিকাল কালেজ হাস পাতালে হাউস সর্জ্জনের কর্ম্ম করিবেন। উক্ত নিয়োগ এই মাসের ২ তারিখ অবধি প্রবল হইবে।

পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আর এফ এচ পিউ সাহেব মুঙ্গেরহইতে মেদিনীপুরে নিযুক্ত হইয়াছেন।

পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ই অশর সাহেব বর্দ্ধমানহইতে বাঁকুড়ায় নিযুক্ত হইয়াছেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত জি, বি, জনষ্টন সাহেবের ছুটী-প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কাপ্তান শ্রীযুত ডবলিউ গর্ডন সাহেব বঙ্গপ্রভৃতি-দেশের পোলীসের ইনিস্পেকটর জেনরল সাহেবের নিজ আসিষ্টেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ ব্লের সাহেব হাবড়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ এম সুটর সাহেব নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেকুটর সাহেবের আসিষ্টাণ্ট হইয়া বনগাঁ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং শ্রীযুত আর এচ পসে সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে শেসন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলীয় অনুসন্ধান করিতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে এবং তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কার্য্যকরিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

শ্রীযুত ই জি মান সাহেব মেদিনীপুরে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডিপুটী কালেকুটর হইবেন ও ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্মকরিবেন।

Baboo Huree Churn Ghose, Deputy Magistrate and Deputy Collector of Purneah, is transferred to Midnapore, and vested with the powers of a Magistrate, in that District.

Moulvy Hameedoodeen Ahmed, Deputy Magistrate and Deputy Collector of Purneah, is transferred to Midnapore, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in that District.

Baboo Poorna Chunder Banerjee, Deputy Magistrate and Deputy Collector of Midnapore, is transferred to Purneah, and vested with the powers of a Magistrate in that District.

Koomar Brijendro Narain Deb, Deputy Magistrate and Deputy Collector of Midnapore, is transferred to Purneah, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in that District.

LEAVE OF ABSENCE.

The 23rd April 1866.

Baboo Ooma Churn Gangooly, Deputy Registrar of Assurances, Noa colly, for three weeks, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, in addition to the time allowed him to join his appointment at that station.

The 24th April 1866.

Moulvy Willyut Hossein, Deputy Magistrate and Deputy Collector of Gya, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

The 25th April 1866.

Mr. F. Jones, Superintendent of Survey, Third Division, for thirty-five days, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency, from the date on which he may avail himself of the leave, making over charge of his office to Deputy Collector Baboo Tarucknath Ghose.

The 27th April 1866.

Mr. E. G. Birch, Judge of Shahabad, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Mr. W. C. Eades, Joint Magistrate and Deputy Collector, Second Grade, Chumparun, for seventeen days, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

Mr. H. M. Reily, District Superintendent of Police, Mymensing, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the date on which he may avail himself of the leave.

The 30th April 1866.

Mr. R. H. Pawsey, Assistant Magistrate and Deputy Collector of Bongong, for two months,

পুরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরিচরণ ঘোষ মেদিনীপুরে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

পুরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী হামিদুদ্দীন আহমদ মেদিনীপুরে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে অধঃস্থ প্রথমশ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায় পুরণিয়ায় নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত কুমার ব্রজেন্দ্র নারায়ণ দেব পুরণিয়ায় নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬৬ সাল ২৩ আপ্রিল।

নওয়াখালীর নিদর্শনপত্রাদির ডেপুটী রেজিষ্ট্রার শ্রীযুত বাবু উমাচরণ গঙ্গোপাধ্যায় উক্ত মোকামে আপন কর্ম্ম স্থানে পঁহুছিবার নিমিত্তে যে সময় পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৪ আপ্রিল।

গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী বিলায়ৎ হুসেন যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৫ আপ্রিল।

তৃতীয় খণ্ডের জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ জোন্‌স সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি পয়ত্রিশ দিনের ছুটী পাইয়াছেন, তিনি ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারকনাথ ঘোষের প্রতি আপন কর্ম্মের ভারার্পণ করিবেন।

১৮৬৬ সাল ২৭ আপ্রিল।

শাহাবাদের জজ শ্রীযুত ই জি বর্চ সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

চাম্পারণের দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি ইডস্ সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে সতের দিনের ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ এম রাইলী সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ৩০ আপ্রিল।

বনগাঁয়ের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর এচ পসে সাহেব যে তারিখে তাঁহার

under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may be relieved by his successor.

The 1st May 1866.

Mr. W. C. Eades, C. S., for fifteen months on Medical Certificate, without allowances.

NOTIFICATION.

The 1st May 1866.

The transfer of Moulvy Abdool Mujeed, Deputy Magistrate and Deputy Collector of Dacca, to Mymensing, notified in the *Calcutta Gazette* of the 18th ultimo, is cancelled. He will continue to be employed in his present duties at Dacca until further orders.

The following Order issued by the Government of India, in the Home Department, are re-published for general information :—

No. 100.

Messrs. * * * * and J. G. Charles, Junior Civil Servants, having, within the prescribed interval after arrival in India, passed examinations in two languages, have been presented with the authorized donation of Rupees 800.

No. 104.

The Governor General in Council is pleased to attach Mr. J. G. Charles, of the Civil Service, reported qualified for the public service, to the Bengal Division of the Presidency of Fort William.

No. 148.

The following Supplemental Rules relating to emigration from the Port of Calcutta have been made by the Governor General in Council, under the provisions of Section 63 of Act XIII. of 1864, and are published for general information :—

" It shall be the duty of the Protector of Emigrants at the Port of Calcutta to take possession of all property belonging to deceased coolies, with a view to its being restored to the heirs of the deceased.

" It shall be the duty of the Colonial Emigration Agents at Calcutta to deliver to the Protector of Emigrants all property belonging to emigrants who may have died in the depôts.

" It shall be the duty of Masters of Ships to deliver to the Protector of Emigrants at Calcutta all property of returning emigrants who may have died on board during the passage from any of the Colonies to Calcutta."

[*Government Gazette, 8th May* 1866.]

পদগ্রাহিদ্বারা অবকাশ প্রাপ্ত হন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে ছুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১ মে।

সিবিল কার্য্য সম্পর্কীয় শ্রীযুত ডবলিউ সি ইডস্ সাহেব বেতন বিনা চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১ মে।

ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল মজীদের ময়মুনসিংহে নিযুক্ত হইবার যে কথা গত মাসের ২৪ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা রহিত হইল। অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি ঢাকায় আপনার বর্ত্তমান কর্ম্ম করিতে থাকিবেন।

হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের পশ্চাৎ লিখিত যে বিজ্ঞাপন প্রকাশ হয় তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১০০ নম্বর।

জুনিয়র সিবিল সর্ব্বেণ্ট শ্রীযুত * * * * ও শ্রীযুত জে জি চার্লস সাহেব ভারতবর্ষে আগমন করিলে পর নিয়মিত কালান্তর ছুই ভাষায় পরীক্ষোত্তীর্ণ হওয়াতে নির্দ্দিষ্ট ৮০০৲ টাকা পুরস্কার প্রাপ্ত হইয়াছেন।

১০৪ নম্বর।

সিবিল কার্য্যসম্পর্কীয় শিরিস্তার শ্রীযুত জে জি চার্লস সাহেব রাজকীয় কর্ম্মে উপযুক্ত এমত রিপোর্ট হওয়াতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাঁহাকে ফোর্ট উলিয়ম প্রেসিডেন্সীর অন্তর্গত বঙ্গদেশ বিভাগে নিযুক্ত করিয়াছেন।

১৪৮ নম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৪ সালের ১৩ আইনের ৬৩ ধারার বিধানমতে কলিকাতা বন্দরহইতে গমনকারি মজুরদের বিষয়ক পশ্চাৎলিখিত অতিরিক্ত বিধি প্রণয়ন করিয়াছেন, অতএব তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

কলিকাতা বন্দরস্থ মজুররক্ষকের কর্ত্তব্য যে মৃত মজুরদের সকল সম্পত্তি তাহাদের উত্তরাধিকারিদিগকে দিবার নিমিত্তে তাহা সমুদয় যত্ন করিয়া রাখেন।

কলিকাতাস্থ উপনিবেশসম্পর্কীয় মজুরদের এজেণ্টের কর্ত্তব্য যে আডডায় যে সকল মজুর মরে তাহাদের সকল সম্পত্তি মজুররক্ষকের নিকটে প্রেরণ করেন।

জাহাজাধ্যক্ষের কর্ত্তব্য যে কোন উপনিবেশহইতে কলিকাতায় প্রত্যাগমনশীল যে সকল মজুর জাহাজে মরে তাহাদের সকল সম্পত্তি কলিকাতাস্থ মজুররক্ষকের নিকটে অর্পণ করেন।

Notification.

The 18*th April* 1866.

It is hereby notified that the Lieutenant-Governor has, under Section 3 of Regulation 6 of 1819, sanctioned the establishment of a public Ferry on the Kookermarah River, which intersects the imperial road from Gowhatty to Dooar Choygong.

Notifications.

The 21*st April* 1866.

So much of the Notification under Section 2 Act XX. of 1856, published in the *Calcutta Gazette* of the 21st ultimo, (page 519), as relates to the Civil Station of Puruliah, is hereby cancelled; and the following amended description of the boundaries of that Station, within which the provisions of Act XX. of 1856 shall be in force, is notified for general information:—

Puruliah.—It is bounded on the North by a line drawn from the first drain-bridge on the Raneegunge road to the junction of the Ranchee road with the road round Sahebband; on the West by a line drawn from the said junction of the Ranchee and Sahebband roads to the Bhatband, and from Bhatband to the bridge at the west corner of the Doolmee Band; on the South by a line drawn from the said bridge at Doolmee Band to the Khejoorah *alias* Madhub Band, north of Ketkeea, and from the said Band to the Sudder Distillery; and East by a line drawn from the Sudder Distillery to the first drain-bridge on the Raneegunge road.

Notification.

The 24*th April* 1866.

It is hereby notified that Thannah Moolfutgunge has been annexed to the Sub-Division of Madareepore, in the district of Backergunge, and that the transfer of Thannah Sheebchur from the Furreedpore to the Backergunge District, as notified on the 15th February last, has been cancelled.

Notification.

The 28*th April* 1866.

The Lieutenant-Governor is pleased to extend the provisions of Section 6 of Act VI. of 1864, (an Act to authorize the punishment of whipping in certain cases) to the five Thannahs of Gopebullubpore, Jhargaon, Beempore (the Jungle Mehals), Gurbetta, and Salbunnee, in the district of Midnapore, as defined in the map of the districts of Midnapore and Hidgellee, published under the signature and authority of Lieutenant Colonel A. S. Waugh, Surveyor-General of India in the month of May 1849.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৮ মে।]

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৮ আপ্রিল।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮১৯ সালের ৬ আইনের ৩ ধারামতে কুকুরমারা নদীতে রাজকীয় খেয়া ঘাট স্থাপন করিতে অনুমতি দিয়াছেন, গোহাটীহইতে দুয়ার চয়গাঁ পর্য্যন্ত যে রাজপথ যায় ঐ নদী তাহা পৃথক করে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২১ আপ্রিল।

পুরুলিয়ার সিবিল ষ্টেশন সম্পর্কে ১৮৫৬ সালের ২০ আইনের ২ ধারামত বিজ্ঞাপনের যে অংশ গত মাসের ২৭ তারিখের বাঙ্গলা গেজেটের ৩৭১ পৃষ্ঠায় প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল। উক্ত মোকামের পশ্চাৎ লিখিত যে সংশোধিত সীমার মধ্যে ১৮৫৬ সালের ২০ আইনের বিধান প্রবল হইবে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

পুরুলিয়া, রাণীগঞ্জের পথের প্রথম সাঁকো অবধি সাহেববাঁধের চতুর্দ্দিকস্থ রাস্তার সহিত রাঞ্চির পথের সন্ধিস্থান পর্য্যন্ত কল্পিত রেখা উত্তর সীমা, রাঞ্চি ও সাহেববাঁধপথের উক্ত সন্ধিস্থানহইতে ভাটবাঁধ পর্য্যন্ত এবং ভাটবাঁধ অবধি ডুল্‌মীবাঁধের পশ্চিম কোণের সাঁকো পর্য্যন্ত পশ্চিম সীমা, ডুল্‌মীবাঁধের উক্ত সাঁকো অবধি কেটকিয়ার উত্তর খেজুরা অথবা মাধব বাঁধ পর্য্যন্ত এবং উক্ত বাঁধ অবধি সদর মদ্য সন্ধানী স্থান পর্য্যন্ত কল্পিত রেখা দক্ষিণ সীমা, এবং সদর মদ্যসন্ধানী স্থানাবধি রাণীগঞ্জ পথের প্রথম সাঁকো পর্য্যন্ত কল্পিত রেখা পূর্ব্ব সীমা।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২৪ আপ্রিল।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে মুলফৎগঞ্জের থানা বাকরগঞ্জ জিলার অন্তর্গত মাদারীপুর শাখাখণ্ডে সংযুক্ত হইয়াছে। এবং ফরিদপুরহইতে শিবচর থানা বাকরগঞ্জ জিলাতে হইবার যে কথা গত ফেব্রুআরি মাসের ১৫ তারিখে প্রকাশ হয় তাহা রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২৮ আপ্রিল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৪ সালের ৬ আইনের (অর্থাৎ কোন২ স্থলে কশাঘাত দণ্ড করণের অনুমতি করণের আইনের) ৬ ধারার বিধান মেদিনীপুর জিলার অন্তর্গত গোপীবল্লভপুর ও ঝারগা ও জঙ্গলমহালের ভীমপুর ও গড়বেটা ও শালবনি এই পাঁচ থানায় প্রচলিত করিয়াছেন। ভারতবর্ষের সর্ব্বেয়র জেনরল লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত এ এস ওয়া সাহেবের স্বাক্ষরক্রমে ও তত্ত্বাধীনে ১৮৪৯ সালের মে মাসে মেদিনীপুর জিলার ও হিজলীর নক্সাতে মেদিনীপুরের যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে, উক্ত কার্য্যার্থে সেই সীমা হইবে।

Declaration under Section 2, Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the construction of a cook-shed for the guards posted at the Cuttack Jail in the city of Cuttack, it is hereby declared that, for the above purpose, a plot of land is to be taken up extending over a length of 70 feet, more or less and having a width of 40 feet, more or less. The land is bounded as follows:—

On the North by the house of Koorp Sahoo and a Peepul tree; on the South by the houses of Kousali Bye and Mouji Bye; on the East by the house of Sib Sahoo, Confectioner, and on the West by the public road in front of the Jail.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

Declaration under Section 2, Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the site of a Police Thannah building at Kissengunge, in the district of Purneah, it is hereby declared that, for the above purpose, a plot of land measuring 61 beegahs 10 cottahs in Mouzah Doomria, Pergunnah Soojapore, is required. It is bounded as follows:—

North—Ganges and Darjeeling Road.

South and West—Mal land of Doomria, Jote of Agoory Biswas.

East—Mal land of Doomria, Jote of Goda Gowsee and Enayet.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

Ashley Eden,
Secy. to the Govt. of Bengal.

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কটক নগরে কটকের জেলের রক্ষক সৈন্যদের রন্ধনাগার প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভুমি লওয়া আবশ্যক, অতএব সম্বাদ দেওয়া যাইতেছে পুর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যুনাধিক ৭০ ফুট দীর্ঘ ও ন্যুনাধিক ৪০ ফুট প্রশস্ত ভুমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর সীমা কুর্প সাহুর বাটী ও পিপুল গাছ, দক্ষিণ সীমা কৌশলী বাইয়ের ও মৌজী বাইয়ের বাটী, পূর্ব্ব সীমা শিব শাহু ময়রার বাটী, ও পশ্চিম সীমা জেলের সম্মুখস্থ রাজপথ।

২। উক্ত ভুমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ পুরণিয়া জিলার অন্তর্গত কৃষ্ণগঞ্জে পোলীস থানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভুমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পুর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে সূর্য্যপুর পরগনার ডুমরিয়া মৌজায় ৬১॥০ কাঠা পরিমিত ভুমির প্রয়োজন, তাহার সীমা এই২ অর্থাৎ

উত্তর সীমা গঙ্গার ধারের ও দার্জ্জিলিঙ্গের পথ।

দক্ষিণ ও পশ্চিম সীমা ডুমরিয়ার মালভুমি, অগরী বিশ্বাসের যোত।

পূর্ব্ব সীমা ডুমরিয়ার মালভূমি, গদা গোসী ও ইনায়তের যোত।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

আশলী ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভুমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জিলে চট্টগ্রাম।

এহাদ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলাহার নীচের লিখিত মহাল ইজারার বকেয়া বাকি বাবৎ ইংরেজি ১৮৬৬ সালের ১৮ মেই মোতাবেক সন ১২৭৩ বাঙ্গালা তারিখ ৫ জ্যৈষ্ঠ রোজ শুক্রবার এই কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৬ ইংরাজি তারিখ ২৪ আপ্রিল।

চতুর্থ শ্রেণী ইজারার বকেয়া বাকি খাজানা আদায় হওয়ার নিমিত্তে যে সমস্ত বিত্ত নীলাম হইবেক।

৩৯ নং তরফ আলি রোহল্লা মালিক মাহাং জমা ও মাহাং আমি ও মাহাং হোচন ও আতিউল্লা ও ছনাউল্লার মধ্যে আমান আলী চৌধুরী বাকিদারের যাহা স্বত্ব ও লাভ আছে তাহা নীলাম হইবেক মোছলেম মহালের সদর জমা ৯৯৪৻৩

A. Smith,
Collector.

[*Government Gazette, 8th May* 1866.]

জিলা নদীয়া।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহাল সন ১৮৬৬ সালের ২৮ মার্চ পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আকুটের দ্বারায় অন্যান্য যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে এবং চলিত আইনমতে সন ১৮৬৬ সালের ১৫ মে তারিখ মোতাবেক সন ১২৭৩ সালের ৩ জ্যৈষ্ঠ তারিখে এজেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধায় বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ সাল তারিখ ১৭ আপ্রিল।

এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

নং তরতিব	নং তৌজী	নাম মহাল	নাম পরগনা	নাম মালিক	সদর জমা
১ নং	২১৬।০ নং	ডিহি গোবরা	পলাসী	মালিক সেবারাম সাঞিদিং	১০৭৫।৭ পুলীস ১০।৬ ১০৮৫॥/১
২ নং	৩৭১।০ নং	ডিহি নাকাশীপাড়া	বাগোয়ান	মালিক শান্তিরাম রায়দিগর	সদর জমা ৪০৩০।৶ পুলীস ৪৪।৶ ৪০৭৪৸৵
৩ নং	৩২৩৩ নং	তং সাওতা	মাহাম্মদসাহী	মালিক মির এবরাহিম হোশন	সদর জমা ৮৩৪/

H. ULICK BROWNE,
Collector.

জেলা যশোহর।

সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত মহাল সন ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে লাটবন্দী হইয়া সরকারি বাকী দাখিলের শেষ দিবস গত ২৮ মার্চ অবধারিত হইয়াছিল তাহাতে বাকী দাখিল না হওয়া প্রযুক্ত উক্ত আইনের ৬ ধারার বিধানক্রমে বর্ত্তমান সন ১৮৬৬ সালের ১৫ মেই মোতাবেক বাঙ্গলা সন ১২৭৩ সালের ২ জ্যৈষ্ঠ রোজ মঙ্গলবার নীলামের তারিখ অবধারিত হইল উক্ত তারিখে মহাল মজকুর জেলা যশহরের শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে বিনাওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৬। ২০ আপ্রিল।

দ্বিতিয় শ্রেণীর মেয়াদী মহাল।

তৌজির নম্বর।	মাহালের নম্বর ও পরগনা ও কিসমত ও মালিকের নাম	সদর জমা।
৫৮	মাহাল চাঁদখালী বন্দবস্ত গ্রহীতা ৺ রামচন্দ্র ঠাকুর দিগর সেবাএত উমানাথ চৌধুরি মেয়াদ ইং ১২৬৫ নাং ১২৭৪ সাল ..	১১৯০৸১
১৯৫	পং মামুদাবাদ রকম ।৵ আনা বন্দবস্ত গ্রহীতা উমানাথ চৌধুরি মেয়াদ ইং ১২৬৭ নাং ১২৮৬ সন ১২৭৭ সাল পর্য্যন্ত রসদপুরা ও হর সন জমা সম ১২৭২ সাল ...	২৮২২।/৫
৪৪০০	চকঃ ঝারঝারিয়া কৃষ্ণানন্দ ঘোষ মেয়াদ ইং ১২৫৯ সাল নাং ১২৮২ সাল পর্য্যন্ত রসদপুরা জমা ১২৭২ সাল ...	১১৭৯/১
৪৪০১	চকঃ বয়ার সীমা সাধুয়ার ঘাট্টা হিমচন্দ্র চট্টোপাধ্যায় ইং ১২৫৪ নাং ১২৭৩ সাল	৬৫৭৸৵/১১
৪৪২৬	চকঃ খড়িয়া চেনসাখালী ৺ রামচন্দ্র ঠাকুরদিগর সেবাএত উমানাথ চৌধুরি ইং ১২৬০ নাং ১২৭৯ সাল ১২৭৩ সালপর্য্যন্ত রসদপুরা জমা সন ১২৭২ সাল...	৫২০৭৶/৮
৪০৮৫ নং	২২০ নং লাটের মধ্যগত চকঃ দেমটী ও মাগুরা চন্দ্রমোহন দত্ত চৌধুরি ১২৬৫ সাল হইতে ১২৭২ সাল পর্য্যন্ত রসদপুরা ...	১৫৬৩।৵৪

J. MONRO,
Offg. Collector.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৮ মে।]

জিলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা পুর্ব্বাংশ বর্দ্ধমানের ৫১৭৭ নং তৌজী মহাল সন ১৮৬৬ সালের মার্চ মাহার ২৮ তারিখ পর্য্যন্ত বাকী জমার নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্য যে২ দাওয়া বাকী জমার ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৬৬ সালের ১০ মে মোতাবেক সন ১২৭৩ সালের ২৮ বৈশাখ বৃহস্পতিবার দিবসে বেলা দুই প্রহরের সময় অত্র জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬। ১৯ আপ্রেল।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৫১৭৭ নং চর চণ্ডীপুর পং জাহাঙ্গিরাবাদ মালিক কালীপ্রসাদ সিংহ রায় সদর জমা ৫১১৶/১১

H. L. HARRISON,
Offg. Collector.

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বালো সাহেবকর্ত্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, MAY 8, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৮ মে।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জিলা ২৪ পরগনা।

এস্তাহার নামা কাছারি কালেক্‌টরি।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ২৪ পরগনা জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব ইংরাজী সন ১৮৬৬ সালের মে মাসের ১০ তারিখে মোতাবেক বাঙ্গলা ১২৭৩ সালের বৈশাখ মাসের ২৮ তারিখে বৃহস্পতিবার জেলা ২৪ পরগনার কালেক্‌টরি কাছারীতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীনে থাকিবেন।

জিলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক	মন্তব্য।
			ধার্য্য করা রাজস্ব।	রাস্তার টেক্স	মোট		
		এঃ কঃ পঃ					
২৩৬২	.পং কলিকাতা সুকচর	১।৩।৩৭	৮॥০	/৪	৮॥/৪	১৭৲	

A. J. R. Bainbridge,
Offg. Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এফ জে বার্লো সাহেব কর্ত্তৃকমুদ্রিত ও প্রকাশিত হইল।

PUBLIC LIBRARY

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 15, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ১৫ মে।

HOME DEPARTMENT.

Legislative.

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 2nd April 1866, and is hereby promulgated for general information :—

Act No. XXI of 1866.

An Act to legalize, under certain circumstances, the dissolution of marriages of Native Converts to Christianity.

[Preamble.]

Whereas it is expedient to legalize, under certain circumstances, the dissolution of marriages of Native Converts to Christianity deserted or repudiated, on religious grounds, by their wives or husbands; It is enacted as follows :—

[Short Title.]

I. This Act may be cited as "The Native Convert Marriage Dissolution Act, 1866."

[Commencement of Act.]

II. This Act shall commence and take effect on and from the first day May 1866.

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্ন লিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৬ সালের ২ আপ্রিল তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন, অতএব তাহা এতদ্দ্বারা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৬ সালের ২১ আইন।

এদেশীয় যে লোকেরা খ্রীষ্টধর্ম্মাবলম্বী হন বিশেষ২ গতিকে তাঁহাদের বিবাহ বন্ধনবিলোপ ব্যবস্থা সিদ্ধ করণার্থ আইন।

[হেতুবাদ।]

খ্রীষ্টধর্ম্মাবলম্বি এদেশীয় যে লোকেরা ধর্ম্মঘটিত কারণে নিজ পত্নী কি পতিকর্ত্তৃক ত্যক্ত কি প্রত্যাখ্যাত হন, বিশেষ২ গতিকে তাঁহাদের বিবাহ বন্ধনবিলোপ ব্যবস্থাসিদ্ধ করা বিহিত, অতএব নিম্ন লিখিত বিধান করা গেল।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন "খ্রীষ্টধর্ম্মাবলম্বি এদেশীয় লোকদিগের বিবাহ বন্ধনবিলোপ করণের ১৮৬৬ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[আইনের প্রারম্ভের কথা।]

২ ধারা। এই আইন ১৮৬৬ সালের মে মাসের ১ দিবসাবধি আরম্ভ হইয়া চলিবে ইতি।

[Interpretation of terms. Native Husband.]

III. In this Act—

"Native Husband" shall mean a married man domiciled in British India, who shall have completed the age of sixteen years, and shall not be a Christian, a Mahomedan nor a Jew:

["Native Wife."]

"Native Wife" shall mean a married woman domiciled in British India, who shall have completed the age of thirteen years, and shall not be a Christian, a Mahomedan nor a Jewess:

["Native Law."]

"Native Law" shall mean any law, or custom having the force of law, of any persons domiciled in British India other than Christians, Mahomedans and Jews:

["Month and "year."]

"Month" and "year" shall respectively mean month and year according to the British calendar:

["High Court."]

"High Court" shall mean the highest Civil Court of appeal in any place to which this Act extends:

[Number.]

And, unless there be something repugnant in the subject or context, words importing the singular number shall include the plural, and words importing the plural number shall include the singular.

[Convert deserted by his wife on religious grounds may sue for conjugal society.]

IV. If a Native husband change his religion for Christianity, and if in consequence of such change his Native Wife, for the space of six continuous months, desert or repudiate him, he may sue her for conjugal society.

[Convert deserted by her husband on religious grounds may sue for conjugal society.]

V. If a Native Wife change her religion for Christianity, and if in consequence of such change her Native Husband, for the space of six continuous months, desert or repudiate her, she may sue him for conjugal society.

[Court in which suit shall be brought.]

VI. If the respondent, at the time of commencement of such suit, reside within the local limits of the ordinary original Civil jurisdiction of any of the High Courts of Judicature, the suit shall be commenced in such Court: otherwise it shall be commenced in the principal Civil Court

[অর্থ করিবার ধারা।]

৩ ধারা। এই আইনে—

["দেশীয় পতি"।]

ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্ববিশিষ্ট খ্রীষ্টীয় কি মহম্মদীয় কি য়িহুদী লোক ভিন্ন বিবাহিত যে পুরুষ ষোলবৎসর বয়স উত্তীর্ণ হইয়াছেন "দেশীয় পতি" শব্দে এমত পুরুষকে বুঝাইবে।

["দেশীয় পত্নী"।]

ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্ববিশিষ্টা খ্রীষ্টীয় কি মহম্মদীয় কি য়িহুদী স্ত্রী ভিন্ন বিবাহিতা যে স্ত্রী ত্রয়োদশ বৎসর বয়স উত্তীর্ণা হইয়াছেন, "দেশীয় পত্নী" শব্দে এমত স্ত্রীকে বুঝাইবে।

["দেশীয় ব্যবস্থা"।]

"দেশীয় ব্যবস্থা" এই শব্দে ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্ব বিশিষ্ট খ্রীষ্টীয় কি মহম্মদীয় কি য়িহুদী লোক ভিন্ন অন্য লোকদের কোন ব্যবস্থা কিম্বা ব্যবস্থাবৎ বলবিশিষ্ট কোন দেশাচারকে বুঝাইবে।

["মাস" ও "বৎসর"।]

"মাস" ও "সাল" ও "বৎসর" এই২ শব্দে ব্রিটনীয় পঞ্জিকামতের মাস কি সাল কি বৎসর বুঝাইবে।

[হাই কোর্ট।]

এই আইন যে স্থানে ব্যাপ্ত হয়, সেই স্থানে "হাই কোর্ট" শব্দে আপীল গ্রাহ্য করিবার উচ্চতম দেওয়ানী আদালতকে বুঝাইবে।

[বচন।]

বিষয় কি পূর্ব্বাপর কথা বুঝিয়া অসঙ্গত বোধ না হইলে একবচনান্ত শব্দে সেই অর্থের বহুবচনান্ত শব্দ ও বহুবচনান্ত শব্দে সেই অর্থের একবচনান্ত শব্দও গণ্য হইবে ইতি।

[খ্রীষ্টধর্ম্মাবলম্বি পতি ধর্ম্মমূলক কারণে পত্নীদ্বারা ত্যক্ত হইলে বিবাহঘটিত সঙ্গের জন্যে তাঁহার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।]

৪ ধারা। দেশীয় কোন পতি খ্রীষ্টধর্ম্ম অবলম্বন করিলে যদি সেই ধর্ম্মান্তর গ্রহণ প্রযুক্ত তাঁহার দেশীয় পত্নী অনবচ্ছিন্ন ছয় মাস পর্য্যন্ত তাঁহাকে ত্যাগ কি প্রত্যাখ্যান করেন, তবে তিনি তাঁহার নামে বিবাহঘটিত সঙ্গের নিমিত্তে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

[খ্রীষ্টধর্ম্মাবলম্বিনী পত্নী ধর্ম্মমূলক কারণে পতিদ্বারা ত্যক্তা হইলে বিবাহঘটিত সঙ্গের জন্যে তাঁহার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।]

৫ ধারা। দেশীয় কোন পত্নী খ্রীষ্টধর্ম্ম অবলম্বন করিলে যদি সেই ধর্ম্মান্তর গ্রহণ প্রযুক্ত তাঁহার দেশীয় পতি অনবচ্ছিন্ন ছয় মাস পর্য্যন্ত তাঁহাকে ত্যাগ কি প্রত্যাখ্যান করেন, তবে তিনি তাঁহার নামে বিবাহঘটিত সঙ্গের নিমিত্তে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

[যে আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে তাহার কথা।]

৬ ধারা। সেই মোকদ্দমার আরম্ভকালে যদি প্রত্যর্থী ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক কোন হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করিবার সাধারণ ক্ষমতার সীমার মধ্যে বাস করেন, তবে সেই হাই কোর্টে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে, নতুবা প্রত্যর্থী মোকদ্দমার আরম্ভকালে যে জিলাতে বাস

of original jurisdiction of the District in which the defendant shall reside at the commencement of the suit.

[Suit to be commenced by verified petition.]

VII. The suit shall be commenced by a petition in the form in the first Schedule to this Act, or as near thereto as the circumstances of the case will allow. The statements made in the petition shall be verified by the petitioner in the manner required by law for the verification of plaints; and the petition shall bear a stamp of two rupees, and may be amended by permission of the Court.

[On service of petition, citation issued to respondent.]

VIII. A copy of the petition shall be served upon the respondent, and the Court shall thereupon issue a citation under the seal of the Court and signed by the Judge.

[Form of citation.]

IX. In ordinary cases the citation shall be in the form in the second Schedule to this Act, or as near thereto as the circumstances of the case will allow. But where the respondent is exempt by law from personal appearance in Court, or where the Judge shall so direct, the citation shall be in the form in the third Schedule to this Act, or as near thereto as the circumstances of the case will allow.

[Service of citation.]

X. A copy of the citation sealed with the seal of the Court shall be served on the respondent; and the provisions of the Code of Civil Procedure as to the service and endorsement of summonses shall apply, *mutatis mutandis*, to citations under this Act.

[Procedure where respondent does not obey citation.]

XI. If the respondent shall not obey such citation, and comply with every other requirement made upon her or him under the provisions of this Act, she or he shall be liable to punishment under Section 174 of the Indian Penal Code.

[Points to be proved on appearance of petitioner.]

XII. On the day fixed in the citation the petitioner shall appear in Court, and the following points shall be proved:—

(1.) The identity of the parties:

(2.) The marriage between the petitioner and the respondent:

(3.) That the male party to the suit has completed the age of sixteen years, and that the female party to the suit has completed the age of thirteen years:

করেন তথাকার দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার প্রধান আদালতে তাহা উপস্থিত করিতে হইবে ইতি।

[সত্যীকৃত প্রার্থনাপত্রদ্বারা মোকদ্দমা আরম্ভ করিতে হইবার কথা।]

৭ ধারা। এই আইনের প্রথম তফসীলে যে পাঠ আছে সেই পাঠে কিম্বা গতিকক্রমে সাধ্যমতে তাহার সদৃশ পাঠে প্রার্থনাপত্র দিয়া মোকদ্দমা আরম্ভ করিতে হইবে। আইনের আদেশমতে যেমন অভিযোগপত্র সত্য করিতে হয়, তেমনি অর্থির প্রার্থনাপত্রের বৃত্তান্ত সত্য করিতে হইবে, ও সেই প্রার্থনাপত্রে দুই টাকা মূল্যের ইষ্টাম্প লাগিবে, ও আদালতের অনুমতিক্রমে প্রার্থনার সংশোধন হইতে পারিবে ইতি।

[প্রার্থনা হইলে প্রত্যর্থির নামে আহ্বানপত্র হইবার কথা।]

৮ ধারা। সেই প্রার্থনাপত্রের প্রতিলিপি প্রত্যর্থির প্রতি পর্য্যার্পিত হইবে। তৎপরেই আদালত আপনার মোহরে মোহরাঙ্কিত ও জজ সাহেবের স্বাক্ষরীকৃত আহ্বানপত্র প্রচার করাইবেন।

[আহ্বানপত্রের পাঠ।]

৯ ধারা। আহ্বানপত্র সামান্যতঃ এই আইনের দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠে কিম্বা গতিকক্রমে তাহার সদৃশ পাঠে সাধ্যমতে প্রস্তুত করিতে হইবে। কিন্তু যে স্থলে প্রত্যর্থী স্বয়ং আদালতে প্রবেশনহইতে মুক্ত হন, কিম্বা যে স্থলে জজ সাহেব আজ্ঞা করেন, সেই স্থলে আহ্বানপত্র এই আইনের তৃতীয় তফসীলের লিখিত পাঠ কিম্বা গতিক বিশেষ বিবেচনায় সাধ্যমতে তদনুযায়ি পাঠে লেখা যাইবে ইতি।

[আহ্বানপত্র পর্য্যার্পণ করিবার কথা।]

১০ ধারা। সেই আহ্বানপত্রের প্রতিলিপি আদালতের মোহরে মোহরাঙ্কিত হইয়া প্রত্যর্থির প্রতি পর্য্যার্পিত হইবে, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনেতে ঐ পত্র সমর্পণ করিবার ও তাহাতে পৃষ্ঠলিপি দিবার যে সকল বিধান আছে তাহা প্রয়োজনমতে পরিবর্ত্তন হইলে এই আইনমতের আহ্বানপত্রের প্রতি বর্ত্তিবে ইতি।

[প্রত্যর্থী না আইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১১ ধারা। যদি প্রত্যর্থী সেই আহ্বানপত্র না মানেন, এবং এই আইনানুসারে তাঁহার প্রতি যে সকল আদেশ হয় তদনুসারে যদি কর্ম না করেন, তবে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭৪ ধারামতে তাঁহার দণ্ড হইতে পারিবে ইতি।

[প্রার্থক উপস্থিত হইলে যে২ বিষয়ের প্রমাণ করিতে হয় তাহার কথা।]

১২ ধারা। আহ্বানপত্রে যে তারিখ নির্দ্দিষ্ট হইয়াছে সেই তারিখে অর্থী আদালতে উপস্থিত হইবেন, ও পশ্চাৎ লিখিত কএক বিষয়ের প্রমাণ করিতে হইবে, অর্থাৎ—

(১) উভয় পক্ষের অনন্যতা।

(২) অর্থী প্রত্যর্থির বিবাহসম্বন্ধ।

(৩) মোকদ্দমার এক পক্ষ যে পুরুষ তাঁহার ষোল বৎসর বয়স উত্তীর্ণ ও অন্য পক্ষের স্ত্রীর ত্রয়োদশ বৎসর বয়স উত্তীর্ণা হওন।

(4.) The desertion or repudiation of the petitioner by the respondent:

(5.) That such desertion or repudiation was in consequence of the petitioner's change of religion;

(6.) And that such desertion or repudiation had continued for the six months immediately before the commencement of the suit.

[First interrogation of respondent.]

XIII. The respondent, if such points be proved to the satisfaction of the Judge, shall thereupon be asked whether she or he refuses to cohabit with the petitioner, and, if so, what is the ground of of such refusal. In ordinary cases such interrogation and every other interrogation prescribed by this Act shall be made by the Judge, but when the respondent is exempt by law from personal appearance in Court, or when the Judge shall, in his discretion, excuse the respondent from such appearance, the interrogations shall be made by Commissioners acting under such Commission as hereinafter mentioned.

[Interrogations by Judge may be public or private.]

XIV. Every interrogation mentioned in this Act and made by the Judge may, at the discretion of the Judge, take place in open Court or in his private room. If any such interrogation take place in open Court, the Judge may, so long as it shall continue, exclude from the Court all such persons as he shall think fit to exclude.

[Procedure when female respondent refuses to cohabit with petitioner. Adjournment for a year. Interview.]

XV. If the respondent be a female, and in answer to the interrogatories of the Judge or Commissioners, as the case may be, shall refuse to cohabit with the petitioner, the Judge, if upon consideration of the respondent's answers and of the facts which may have been proved by the petitioner he shall be of opinion that the ground for such refusal is the petitioner's change of religion, shall make an order adjourning the case for a year, and directing that, in the interim, the parties shall, at such place and time as he shall deem convenient, have an interview of such length as the Judge shall direct, and in the presence of such person or persons (who may be a female or females) as the Judge shall select, with the view of ascertaining whether or not the respondent freely and voluntarily persists in such refusal.

[Procedure on expiration of adjournment. Interrogation of respondent. Decree.]

XVI. At the expiration of such adjournment the petitioner shall again appear in Court and shall prove that the said desertion or repudiation

(৪) প্রত্যর্থির দ্বারা অর্থির ত্যক্ত কি প্রত্যাখ্যাত হওন।

(৫) অর্থির ধর্ম্মান্তর গ্রহণ সেই ত্যাগের কি প্রত্যাখ্যানের কারণ।

(৬) এবং সেই ত্যাগ কি প্রত্যাখ্যান মোকদ্দমার আরম্ভকালের অব্যবহিত পূর্ব্ব ছয় মাস ব্যাপিয়া হওন ইতি।

[প্রত্যর্থিকে প্রথমবার জিজ্ঞাসা করিবার কথা।]

১৩ ধারা। যদি উক্ত সকল বিষয় জজ সাহেবের হৃদ্বোধজনকমতে প্রমাণ করা যায়, তবে প্রত্যথির প্রতি এই প্রশ্ন হইবে, তুমি কি এই অর্থির সহিত সহবাস করিতে অসম্মত? তাহাতে তিনি অসম্মত বলিলে সেই অসম্মতির কারণ জিজ্ঞাসা করিবেন। জজ সাহেব সেই প্রশ্ন ও এই আইনের অবধারিত অন্য সকল প্রশ্ন সামান্যতঃ স্বয়ং করিবেন। কিন্তু যদি প্রত্যর্থি আইনমতে আদালতে প্রবেশন হইতে মুক্ত হন, কিম্বা যদি জজ সাহেব স্বীয় বিবেচনামতে তাঁহার অনুপস্থিতির অনুমতি দেন, তবে দূতকর্ত্তৃক সেই২ প্রশ্ন হইবে। সেই দূতেরা পশ্চাৎ লিখিত ক্ষমতাপত্রক্রমে কার্য্য করিবেন ইতি।

[জিজ্ঞাসাবাদ প্রকাশ্য কি অপ্রকাশ্যরূপে হইতে পারিবার কথা।]

১৪ ধারা। জজ সাহেব এই আইনের উল্লিখিত যে সকল প্রশ্ন করেন তাহা তাঁহার বিবেচনামতে মুক্তদ্বার আদালতে অথবা তাঁহার নিজ কামরাতে হইতে পারিবে। মুক্তদ্বার আদালতে হইলে সেই প্রশ্ন করণ কার্য্য যত কাল চলে, ততকাল জজ সাহেব যে সকল লোককে উপস্থিত হইবার অযোগ্য জ্ঞান করেন, তাঁহাদিগকে আদালতে আসিতে না দিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

[প্রত্যর্থিনী প্রার্থকের সহিত সহবাসে অসম্মতা হইলে ইতিকর্ত্তব্যতার কথা, ও এক বৎসর কার্য্য স্থগিত হইবার ও সন্দর্শন করিবার কথা।]

১৫ ধারা। যদি প্রত্যর্থী স্ত্রী হইয়া জজ সাহেবের কিম্বা বিষয়বিশেষে দূতগণের প্রশ্নের উত্তরে অর্থির সহিত সহবাস করিতে অসম্মতি প্রকাশ করেন, এবং প্রত্যর্থিনীর উত্তর ও প্রার্থক যে২ বৃত্তান্তের প্রমাণ করেন তদ্দ্বারা যদি জজ সাহেব বোধ করেন যে প্রার্থকের ধর্ম্মান্তর গ্রহণপ্রযুক্ত প্রত্যর্থিনী তদ্রূপ অসম্মতা হন, তবে সেই মোকদ্দমা এক বৎসর পর্য্যন্ত স্থগিত রাখিবার আজ্ঞা করিয়া প্রত্যর্থিনী পরতন্ত্রা না হইয়া স্বেচ্ছামতে স্থিরচিত্তে উক্ত প্রকারে অসম্মতা আছেন কি না, ইহা ইতিমধ্যে নিশ্চয়মতে জানিবার অভিপ্রায়ে, জজ সাহেব যে সময় ও স্থান উপযুক্ত বোধ করেন সেই সময়ে ও স্থানে এবং যত কাল আজ্ঞা করেন তত কাল পর্য্যন্ত উভয় পক্ষের সন্দর্শন হইবার আদেশও করিবেন। জজ সাহেব এক কি অধিক যে ব্যক্তিকে মনোনীত করেন, তাঁহার সাক্ষাতে ঐ সন্দর্শন হইবে। তদ্রূপ স্থলে স্ত্রীলোককেও নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[বিচারের বিলম্ব কাল অতীত হইলে ইতিকর্ত্তব্যতার কথা ও প্রত্যর্থির নিকট প্রশ্নের কথা ও ডিক্রী।]

১৬ ধারা। বিচারের ঐ বিলম্ব কাল অতীত হইলে অর্থী পুনরায় আদালতে উপস্থিত হইবেন, এবং উক্ত ত্যাগ করণ কি প্রত্যাখ্যান সেই কাল পর্য্যন্ত হইয়া

had continued up to the time last hereinbefore referred to; and if the points mentioned in the twelfth and this Section of this Act shall be proved to the satisfaction of the Judge, and if the respondent on being interrogated by the Judge or Commissioners, as the case may be, again refuse to cohabit with the petitioner, the respondent shall be taken to have finally deserted or depudiated the petitioner, and the Judge shall, by a decree under his hand and sealed with the seal of his Court, declare that the marriage between the parties is dissolved.

[Decree in case of male respondent refusing to cohabit on the ground of petitioner's change of religion. Proviso.]

XVII. If the respondent be a male, and in answer to the interrogatories of the Judge or Commissioners, as the case may be, shall refuse to cohabit with the petitioner, the Judge, if upon consideration of the respondent's answers and of the facts which may have been proved by the petitioner he shall be of opinion that the ground for such refusal is the petitioner's change of religion, shall adjourn the case for a year. At the expiration of such adjournment, the petitioner shall again appear in Court; and if the respondent on being interrogated by the Judge or Commissioners, as the case may be, again refuse to cohabit with the petitioner, the Judge shall thereupon pass such a decree as last aforesaid: Provided that if the petitioner shall so desire (but not otherwise), the proceedings in the suit shall, *mutatis mutandis*, be the same as in the case of a female respondent.

[Decree if respondent so refuse in the case of an unconsummated marriage, either party being *impubes* at time of marriage.]

XVIII. Notwithstanding anything hereinbefore contained, if it shall appear at any stage of the suit that both or either of the parties had not attained puberty at the date of their marriage, and that such marriage has not been consummated; and if, in answer to the interrogatories made pursuant to the thirteenth Section of this Act, the respondent shall refuse to cohabit with the petitioner, and allege, as the ground for such refusal, that the petitioner has changed his or her religion, the Judge shall thereupon pass such a decree as last aforesaid.

[Liberty to parties to marry again.]

XIX. When any decree dissolving a marriage shall have been passed under the provisions of this Act, it shall be as lawful for the respective parties thereto to marry again as if the prior marriage had been dissolved by death, and the issue of any such remarriage shall be legitimate, any Native

আসিতেছে, এই কথার প্রমাণ করিবেন, এই আইনের দ্বাদশ ধারাতে ও এই ধারাতে যে কএক বিষয়ের উল্লেখ হইল, তাহা জজ সাহেবের হৃদ্বোধমতে সপ্রমাণ হইলে যদি প্রত্যর্থিনী জজ সাহেবকর্ত্তৃক কিম্বা বিষয়বিশেষে দূতগণকর্ত্তৃক জিজ্ঞাসিতা হইলে পর অর্থির সহিত সহবাস করিতে পুনরায় অস্বীকার করেন, তবে প্রত্যর্থিনী সেই অর্থিকে চূড়ান্তমতে ত্যাগ কি প্রত্যাখ্যান করিলেন জ্ঞান হইবে, এবং জজ সাহেব আপনার স্বাক্ষরীকৃত ও আদালতের মোহরে মোহরাঙ্কিত ডিক্রী করিয়া উভয় পক্ষের বিবাহবন্ধন বিলুপ্ত প্রকাশ করিবেন ইতি।

[অর্থিনীর ধর্ম্মান্তর গ্রহণ হেতুক প্রত্যর্থী তাঁহার সঙ্গে সহবাস করিতে সম্মত না হইলে ডিক্রীর কথা ও উপবিধি।]

১৭ ধারা। যদি প্রত্যর্থী পুরুষ হন, এবং জজ সাহেবের কিম্বা বিষয়বিশেষে দূতগণের প্রশ্নের উত্তরে যদি অর্থিনীর সঙ্গে সহবাস করিতে অসম্মতি প্রকাশ করেন এবং প্রত্যর্থীর উত্তর ও প্রার্থক যেহ বৃত্তান্তের প্রমাণ করেন তদ্দ্বারা যদি জজ সাহেব বোধ করেন যে, প্রার্থকের ধর্ম্মান্তর গ্রহণপ্রযুক্ত প্রত্যর্থিনী তদ্রূপ অসম্মতা হন, তবে জজ সাহেব এক বৎসর পর্য্যন্ত মোকদ্দমা স্থগিত রাখিবেন। সেই কাল অতীত হইলে অর্থিনী পুনরায় আদালতে উপস্থিত হইবেন এবং জজ সাহেবের কিম্বা বিষয়বিশেষে দূতগণের দ্বারা জিজ্ঞাসিত হইলে, যদি প্রত্যর্থী অর্থিনীর সঙ্গে সহবাস করিতে পুনরায় অসম্মতি প্রকাশ করেন, তবে জজ সাহেব তৎকালে পূর্ব্বোক্ত প্রকারে ডিক্রী করিবেন। পরন্তু যদি অর্থিনী প্রার্থনা করেন, তবে প্রয়োজনমতে কথার পরিবর্ত্তন করিয়া স্ত্রী-প্রত্যর্থিনী হইলে যদ্রূপে কার্য্য হয় মোকদ্দমার তদ্রূপই কার্য্য হইবে, কিন্তু অর্থিনীর তদ্রূপ প্রার্থনা ব্যতিরেকে হইবে না ইতি।

[বিবাহকালে কোন পক্ষের অপ্রাপ্ত যৌবনপ্রযুক্ত সংসর্গ না হইলে প্রত্যর্থির অসম্মতিতে ডিক্রী হইবার কথা।]

১৮ ধারা। মোকদ্দমা সম্পাদনের কোন কালে যদি দৃষ্ট হয়, যে বিবাহকালে পুরুষের কি স্ত্রীর কি উভয়ের অপ্রাপ্ত যৌবনপ্রযুক্ত সংসর্গ হয় নাই, এবং এই আইনের ত্রয়োদশ ধারানুযায়ি প্রশ্ন হইলে যদি অর্থি প্রত্যর্থির সহবাস করিবার অসম্মতি হয় এবং অর্থী কি অর্থিনী ধর্ম্মান্তর গ্রহণ করিয়াছেন অসম্মতির এই হেতু প্রকাশ করা যায়, তবে জজ সাহেব তৎকালে পূর্ব্বোক্ত প্রকারের ডিক্রী করিবেন, ইহার পূর্ব্ব ধারার মধ্যে ভাবান্তরের আজ্ঞা থাকিলেও করিবেন ইতি।

[উভয় পক্ষের পুনশ্চ বিবাহ করিবার অনুমতির কথা।]

১৯ ধারা। যদি এই আইনের বিধানমতে বিবাহ বন্ধন বিলুপ্ত করণের কোন ডিক্রী হয়, তবে সেই পূর্ব্ব বিবাহবন্ধন মৃত্যুপ্রযুক্ত বিলুপ্ত হওনের ন্যায় ঐ পুরুষের কি স্ত্রীর পুনশ্চ বিবাহ করা আইনসিদ্ধ হইবে। এবং সেই দ্বিতীয় বিবাহজাত সন্তান ঔরস হইবে, এই দেশীয় কোন ব্যবস্থা বিপক্ষ হইলেও হইবে। পরন্তু

law to the contrary notwithstanding. Provided always that no minister of religion shall be compelled to solemnize the marriage of any person whose former marriage may have been dissolved under this Act, or shall be liable to any suit or penalty for refusing to solemnize the marriage of any such person.

[Judge may order Commission to issue for examination of exempted persons.]

XX. In suits instituted under this Act, the Judge shall order a Commission to issue to such persons, whether males or females or both, as he shall think fit, for the examination on interrogatories or otherwise of any persons so exempt as aforesaid. The provisions of the Code of Civil Procedure shall, so far as practicable, apply to Commissions issued under this Section.

[Proof of the marriage and the desertion or repudiation of petitioner in consequence of conversion.]

XXI. At any stage of a suit instituted under this Act, cohabitation as man and wife shall be sufficient presumtive evidence of the marriage of the parties, and proof of the respondent's refusal or voluntary neglect to cohabit with the pettioner, after his or her change of religion and after knowledge thereof by the respondent, shall be sufficient evidence of the repondent's desertion or repudiation of the petitioner, and shall also be sufficient evidence that such desertion or repudiation was in consequence of the petitioner's change of religion, unless some other sufficient cause for such desertion or repudiation be proved by the respondent.

[Provisions of Civil Procedure Code as to witnesses to apply in suits under this Act.]

XXII. The provisions of the Code of Civil Procedure as to the summoning and examination of witnesses, shall apply in suits instituted under this Act.

[Dismissal of suit if either party is under the age required by the Act, or if the parties are cohabiting, or the respondent is willing to cohabit.]

XXIII. If at any stage of the suit it be proved that the male party to the suit is or was at the institution thereof under the age of sixteen years, or that the female party to the suit is or was at the same time under the age of thirteen years, or that the petitioner and the respondent are cohabiting as man and wife, or if the Court is satisfied by the evidence adduced that the respondent is ready and willing so to cohabit with the petitioner, the Court shall pass a decree dismissing the suit and stating the ground of such dismissal.

সর্ব্বদাই জানা কর্ত্তব্য যে এই আইন অনুসারে যে ব্যক্তির পূর্ব্ব বিবাহ বিলুপ্ত হইয়াছে, তাঁহার পুনশ্চ বিবাহ দেওয়া কোন ধর্ম্মোপদেশকের অবশ্য কর্ত্তব্য হইবে না, ও তিনি তদ্রূপ কোন ব্যক্তির পুনশ্চ বিবাহ দিতে সম্মত না হইলেও তাঁহার নামে কোন অভিযোগের কি তাঁহার কোন দণ্ডের দায় বর্ত্তিবে না ইতি।

[মুক্ত ব্যক্তিদের পরীক্ষার্থে ক্ষমতাপত্র দান করিতে জজ সাহেবের আজ্ঞা দিবার কথা।]

২০ ধারা। এই আইনমতে যে২ মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহাতে জজ সাহেব ১৩ ধারামতে মুক্ত কোন ব্যক্তির প্রশ্নক্রমে কি প্রকারান্তরে পরীক্ষা করণার্থে পুরুষদিগকে কি স্ত্রীদিগকে, কিম্বা উপযুক্ত বোধ করিলে পুরুষ ও স্ত্রী উভয়কে ক্ষমতাপত্র দানের আজ্ঞা করিবেন। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধি এই ধারাক্রমে প্রদত্ত ক্ষমতাপত্রের প্রতি যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে সেই পর্য্যন্ত বর্ত্তিবে ইতি।

[বিবাহের এবং ধর্ম্মান্তর গ্রহণপ্রযুক্ত অর্থির ত্যক্ত কি প্রত্যাখ্যাত হওনের প্রমাণের কথা।]

২১ ধারা। এই আইনমতে উপস্থিত কোন মোকদ্দমা সম্পাদন কালে পতিপত্নীস্বরূপে সহবাস উভয় পক্ষের বিবাহের প্রচুর আনুমানিক প্রমাণ জ্ঞান হইবে। এবং অর্থির কি অর্থিনীর ধর্ম্মান্তর গ্রহণের ও প্রত্যর্থির কি প্রত্যর্থিনীর তাহা জ্ঞাত হওনের পরে অর্থির কি অর্থিনীর সঙ্গে সহবাস করিবার অসম্মতির কি স্বেচ্ছাপূর্ব্বক পরিত্যাগ হওয়ার প্রমাণ অর্থিকে কি অর্থিনীকে প্রত্যর্থির কি প্রত্যর্থিনীর পরিত্যাগ কি প্রত্যাখ্যান করণের প্রচুর প্রমাণ হইবে, এবং প্রত্যর্থী কি প্রত্যর্থিনীকর্তৃক সেই পরিত্যাগের কি কি প্রত্যাখ্যানের অন্য কারণের প্রমাণ না হইলে অর্থির কি অর্থিনীর ধর্ম্মান্তর গ্রহণ হেতুক ঐ পরিত্যাগ কি প্রত্যাখ্যান হইল ইহারও প্রচুর প্রমাণ হইবে ইতি।

[দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনেতে সাক্ষিবিষয়ক বিধান এই আইনঅনুযায়ি কার্য্যের প্রতি বর্ত্তিবার কথা।]

২২ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনেতে সাক্ষিদিগের আহ্বান ও পরীক্ষা করণের যে২ বিধি আছে তাহা এই আইনঅনুযায়ি উপস্থিত মোকদ্দমার প্রতি বর্ত্তিবে ইতি।

[আইনে যে বয়স নির্দ্দিষ্ট আছে অন্যতর পক্ষের সেই বয়স না হইলে কিম্বা পক্ষদ্বয়ে সহবাস করিলে কিম্বা প্রত্যর্থী সহবাস করিতে সম্মত হইলে মোকদ্দমা ডিস্মিস্ হইবার কথা।]

২৩ ধারা। মোকদ্দমা চলিবার কোন সময়ে যদি প্রমাণ হয় যে মোকদ্দমার এক পক্ষ যে পুরুষ তিনি ষোল বৎসর বয়স উত্তীর্ণ হন নাই কি মোকদ্দমার আরম্ভকালে উত্তীর্ণ ছিলেন না, কিম্বা অন্য পক্ষ স্ত্রী ত্রয়োদশ বৎসর বয়স উত্তীর্ণা হন নাই কি তৎকালে উত্তীর্ণা ছিলেন না, কিম্বা অর্থী ও প্রত্যর্থী পতিপত্নীরূপে সহবাস করিতেছেন, কিম্বা যে প্রমাণ পাওয়া গিয়াছে তাহাতে যদি আদালত সন্তোষমতে জানিতে পান যে অর্থি প্রত্যর্থী তদ্রূপে সহবাস করিতে প্রস্তুত ও ইচ্ছুক আছেন, তবে আদালত মোকদ্দমা ডিস্মিস্ করিবার ডিক্রী প্রচার করিবেন, ও তাহাতে সেই ডিস্মিস্ করিবার হেতু উল্লেখ করিবেন ইতি।

[Revival of suit after such dismissal.]

XXIV. If at any time within twelve months after a decree dismissing the suit upon any of the grounds mentioned in the last preceding Section, the respondent again desert or repudiate the petitioner upon the ground of his or her change of religion, the suit may be revived by summoning the respondent; and upon proof of the former decree and of such renewed repudiation or desertion, the suit shall recommence at the stage at which it had arrived immediately before the passing of such decree; and, after the proofs, interrogations, interview and adjournment which may then be requisite under the provisions hereinbefore contained, the Judge shall pass a decree of the nature mentioned in the sixteenth Section of this Act.

[Petitioner's cruelty or adultery to bar the suit.]

XXV. If at any stage of the suit it be proved that the respondent has deserted or repudiated the petitioner solely or partly in consequence of the petitioner's cruelty or adultery, the Court shall pass a decree dismissing the suit and stating the ground of such dismissal. A suit dismissed under this Section shall not be revived.

[Male petitoiner's cohabitation with one of several wives to bar the suit.]

XXVI. If the pettioner, being a male, has at the time of the institution of the suit two or more wives, he shall make them all respondents; and if at any stage of the suit it be proved that he is cohabiting with one of such wives as man and wife, or that any one of such wives is ready and willing so to cohabit with him, the Court shall pass a decree dismissing the suit and stating the ground of such dismissal. The provisions as to revival contained in the twenty-fourth Section of this Act shall apply, *mutatis mutandis*, to a suit dismissed under this Section.

[Dissolution of marriage not to affect status or rights of children.]

XXVII. A dissolution of marriage under the provisions of this Act shall not operate to deprive the respondent's children (if any, by the petitioner of their status as legitimate children, or of any right or interest which they would have had, according to the Native law applicable to them, by way of maintenance, inheritance or otherwise, in case the marriage had not been so dissolved as aforesaid.

[*Government Gazette*, 15th *May* 1866.]

[তদ্রূপে ডিস্‌মিস হইলে পর মোকদ্দমা পুনরায় উপস্থিত করিবার কথা।]

২৪ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারায় উল্লিখিত কোন কারণে সেই মোকদ্দমা ডিসমিস হইবার ডিক্রী হইলে পর যদি কোন সময়ে প্রত্যর্থি অর্থির ধর্ম্মান্তর অবলম্বন হেতু পুনরায় তাঁহাকে ত্যাগ কি প্রত্যাখ্যান করেন, তবে প্রত্যর্থিকে আহ্বান করণদ্বারা মোকদ্দমা পুনরায় উত্থাপিত হইতে পারিবে, তাহাতে পূর্ব্বকার ডিক্রী ও তৎপরে পুনরায় ত্যাগ কি প্রত্যাখ্যান প্রমাণ হইলে উক্ত ডিক্রী প্রচারিত হইবার অব্যবহিত পূর্ব্বে সেই মোকদ্দমা যে গতি প্রাপ্ত হইয়াছিল তাহাই তাহার পুনরারম্ভের স্থল হইবে, এবং তৎকালে ইহার পূর্ব্বে নির্দ্দিষ্ট সকল বিধানমতে যে সকল প্রমাণ গ্রহণের ও জিজ্ঞাসা করিবার ও সন্দর্শন করিবার ও বিচার স্থগিত রাখিবার প্রয়োজন হইতে পারে, সে সকল হইলে পর জজ সাহেব এই আইনের ১৬ ধারার নির্দ্দিষ্ট প্রকারের ডিক্রী প্রচার করিবেন ইতি।

[অর্থির নিষ্ঠুরতা কি ব্যভিচার ক্রিয়াতে মোকদ্দমার বাধা জন্মিবার কথা।]

২৫ ধারা। মোকদ্দমা চলিবার কোন সময়ে যদি প্রমাণ হয় যে অর্থির নিষ্ঠুরাচার কি ব্যভিচার একমাত্র কি একতর কারণে প্রত্যর্থিনী তাহাকে পরিত্যাগ কি প্রত্যাখ্যান করিয়াছে, তবে আদালত মোকদ্দমা ডিসমিস করিবার ডিক্রী করিয়া সেই ডিসমিস করিবার হেতুও তাহাতে লিখিবেন। এই ধারামতে যে মোকদ্দমা ডিসমিস হয় তাহা পুনরায় উত্থাপিত হইবে না ইতি।

[অর্থী পুরুষ হইলে কএক পত্নীর মধ্যে এক পত্নীর সহিত তাঁহার সহবাস দ্বারা মোকদ্দমার বাধা হইবার কথা।]

২৬ ধারা। যদি পুরুষ অর্থী হন ও মোকদ্দমা উপস্থিত করণ কালে তাঁহার দুই কি অধিক পত্নী থাকে, তবে সেই সকলকে প্রত্যর্থিনী করিবেন, তাহাতে যদি মোকদ্দমা চলিবার কোন সময়ে প্রমাণ হয় যে তাঁহাদের মধ্যে এক পত্নীর সঙ্গে পতিপত্নীরূপে তাঁহার সহবাস হইতেছে, কি তাঁহাদের মধ্যে এক পত্নী তাঁহার সহিত সহবাস করিতে প্রস্তুত ও ইচ্ছুক আছেন তবে আদালত মোকদ্দমা ডিসমিস করিবার ডিক্রী করিয়া ডিসমিস করিবার হেতু তাহাতে লিখিবেন। মোকদ্দমা পুনর্ব্বার উত্থাপন করিবার যেই বিধান এই আইনের ২৪ ধারাতে আছে তাহা প্রয়োজনমতে পরিবর্ত্তন হইলে এই ধারামতে ডিসমিস হওয়া মোকদ্দমাতেও বর্ত্তিবে ইতি।

[বিবাহবন্ধন বিলোপদ্বারা সন্তানদের অবস্থার কি স্বত্বের হানি না হইবার কথা।]

২৭ ধারা। এই আইনের বিধানমতে বিবাহবন্ধন বিলুপ্ত হইলেও তদ্ধেতুক অর্থির ঔরসে প্রত্যর্থিনীর যে সকল সন্তান হইয়াছে তাঁহাদের ঔরস সন্তানস্বরূপ অবস্থার ব্যতিক্রম হইবে না, এবং বিবাহবন্ধন বিলুপ্ত না হইলে তাঁহাদের প্রতি বর্ত্তমান দেশীয় ব্যবস্থানুসারে তাহাদের ভরণপোষণ কি উত্তরাধিকারিত্ব প্রভৃতি সম্পর্কে যে কোন স্বত্ব কি স্বার্থ হইত তাহার ব্যতিক্রম হইবে না ইতি।

[Power to Court to award alimony.]

XXVIII. If a suit be commenced under the provisions of this Act and it appear to the Court that the wife has not sufficient separate property to enable her to maintain herself suitably to her station in life, and to prosecute or defend the suit, the Court may, pending the suit, order the husband to furnish the wife with sufficient funds to enable her to prosecute or defend the suit, and also for her maintenance pending the suit. If the suit be brought by a husband against a wife, the Court may by the decree order the husband to make such allowance to his wife for her maintenance during the remainder of her life as the Court shall think just, and having regard to the condition and station in life of the parties. Any allowance so ordered shall cease from the time of any subsequent marriage of the wife.

[No appeal under this Act; but the Judge may state case raising question whether conversion has dissolved marriage.]

XXIX. No appeal shall lie against any order or decree made or passed by any Court in any suit instituted under this Act; but if, at any stage of the suit, the respondent shall allege by way of defence that the marriage between the parties has been disolved by the conversion of the petitioner, and that consequently the petitioner is not a Native husband or a Native wife (as the case may be) within the meaning of this Act, the Judge, if he shall entertain any doubt as to the validity of such defence, shall, either of his own motion or on the application of the respondent, state the case and submit it with his own opinion thereon for the decision of the High Court.

[Case to state necessary facts and documents and suit to be stayed.]

XXX. Every such case shall concisely set forth such facts and documents as may be necessary to enable the High Court to decide the questions raised thereby, and the suit shall be stayed until the judgment of such Court shall have been received as hereinafter provided.

[Case to be decided by three Judges.]

XXXI. Every such case shall be decided by at least three Judges of the High Court, if such Court be the High Court at any of the Presidency Towns; and the petitioner and respondent may appear and be heard in the High Court in person or by Advocate or Vakeel.

[গ্রাসাচ্ছাদনের টাকা দিবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।]

২৮ ধারা। এই আইনের বিধানমতে কোন মোকদ্দমা আরম্ভ হইলে পর যদি আদালত জানিতে পান যে পত্নীর স্বতন্ত্র প্রচুর সম্পত্তি না থাকাতে নিজ অবস্থার যোগ্যমতে আপনার প্রতিপালন এবং অর্থিনী কি প্রত্যর্থিনীরূপে মোকদ্দমা সম্পাদন করা তাঁহার অসাধ্য, তবে আদালত মোকদ্দমা চলিবার সময়ে পতিকে এমত আজ্ঞা করিতে পারিবেন যে অর্থিনী কি প্রত্যর্থিনীরূপে মোকদ্দমা চালাইবার জন্যে এবং যত কাল চলে তত কাল পর্য্যন্ত তাঁহার গ্রাসাচ্ছাদনের উপযুক্ত টাকা পতি পত্নীকে দেন। পতি যদি পত্নীর নামে মোকদ্দমা উপস্থিত করেন, তবে আদালত ডিক্রীদ্বারা পতিকে এমত আজ্ঞা করিতে পারিবেন যে আদালত উভয় পক্ষের অবস্থা ও শ্রেণী বুঝিয়া যত টাকা ন্যায্য জ্ঞান করেন, পতি পত্নীর আয়ু পর্য্যন্ত তাঁহার ভরণপোষণের তত টাকা দেন। সেই পত্নী যদি পশ্চাৎ বিবাহ করেন, তবে তদ্রূপ ভরণপোষণার্থ যে টাকা দিবার আজ্ঞা হইল সেই টাকা ঐ বিবাহকালাবধি বন্ধ হইবে ইতি।

[এই আইনমত আজ্ঞার উপর আপীল না হইবার কথা কিন্তু ধর্ম্মান্তর গ্রহণদ্বারা বিবাহবন্ধন বিলোপ হয় কি না, জজ সাহেবকর্তৃক এই প্রশ্নোদয় হইতে পারিবার কথা।]

২৯ ধারা। কোন আদালত এই আইনমতে উপস্থিত কোন মোকদ্দমায় যে কোন আজ্ঞা কি ডিক্রী করেন তাহার উপর আপীল নাই, কিন্তু প্রার্থকের ধর্ম্মান্তর গ্রহণ প্রযুক্ত অর্থি প্রত্যর্থির মধ্যে যে বিবাহবন্ধন ছিল তাহা বিলুপ্ত হইয়াছে তদ্ধেতুক এই আইনেতে দেশীয় পতি ও পত্নী শব্দের যে অর্থ করা গিয়াছে প্রার্থক তদনুসারে দেশীয় পতি কি বিষয়বিশেষে দেশীয় পত্নী নহেন মোকদ্দমা সম্পাদনের কোন কালে যদি প্রত্যর্থী উত্তরস্বরূপে এই কথা কহেন, তবে সেই উত্তরের সিদ্ধতা বিষয়ে জজ সাহেবের মনে সন্দেহ থাকিলে তিনি স্বীয় ইচ্ছাক্রমে কিম্বা প্রত্যর্থির প্রার্থনামতে সেই বিষয়ের বর্ণন করিয়া আপনার মত লিখিয়া হাই কোর্টের নিষ্পত্তির নিমিত্তে প্রেরণ করিতে পারিবেন ইতি।

[তদ্রূপ স্থলে আবশ্যক বৃত্তান্ত ও লেখ্য বর্ণন করিবার এবং মোকদ্দমা স্থগিত হইবার কথা।]

৩০ ধারা। তদ্রূপ স্থলে যে প্রশ্নোদয় হয় হাই কোর্টের তাহা নির্ণয় করিবার জন্যে যে সকল বৃত্তান্ত ও লেখ্য আবশ্যক তাহাও সেই বর্ণন পত্রে ব্যক্ত করা যাইবে, এবং পশ্চাৎ লিখিত বিধানমতে ঐ কোর্টের নির্ণয় যত কাল প্রাপ্ত না হওয়া যায় তত কালের নিমিত্তে মোকদ্দমা স্থগিত থাকিবে ইতি।

[তিন জন বিচারকর্ত্তার দ্বারা বর্ণিত বিষয় নির্ণয় হইবার কথা।]

৩১ ধারা। উক্ত আদালত যদি কোন রাজধানীস্থিত হাই কোর্ট হয়, তবে তদ্রূপ বর্ণিত প্রত্যেক কথা অন্যূন তিন জন বিচারকর্ত্তাকর্তৃক নির্ণীত হইবে, এবং অর্থিপ্রত্যর্থী উভয়ে হাই কোর্টে উপস্থিত হইয়া স্বয়ং বক্তৃতা করিতে পারিবেন কিম্বা আডবোকেট কি উকীলের দ্বারা কথা কহিতে পারিবেন ইতি।

[High Court may refer case to Judge for additions or alterations.]

XXXII. If the High Court shall not be satisfied that the statements contained in the case are sufficient to enable it to determine the questions raised thereby, the High Court may refer the case back to the Judge by whom it was stated, to make such additions thereto or alterations therein as the High Court may direct in that behalf.

[High Court may decide question raised, and Judge shall dispose of case accordingly.]

XXXIII. It shall be lawful for the High Court upon the hearing of any such case to decide the questions raised thereby, and to deliver its judgment thereon containing the grounds on which such decision is founded; and it shall send to the Judge by whom the case was stated a copy of such judgment under the seal of the Court and the signature of the Registrar, and the Judge shall, on receiving the same, dispose of the case conformably to such judgment.

[Saving of Roman Catholic marriages.]

XXXIV. Nothing contained in this Act or in Acts Nos. XXV of 1864 and V of 1865 shall be taken to render invalid any marriage of a Native convert to Roman Catholicism if celebrated in accordance with the rules, rites, ceremonies and customs of the Roman Catholic Church; and no Clergyman of such Church shall be liable to any suit or penalty under the provisions of either of the two Acts last hereinbefore mentioned, for solemnizing any such marriage.

[Extent of Act.]

XXXV. This Act shall extend to all the territories that are or shall become vested in Her Majesty or Her successors by the Statute 21 & 22 Vic. cap., 106, entitled "An Act for the better Government of India," except the Settlement of Prince of Wales' Island, Singapore and Malacca. But it may be extended, with the consent of the Governor General of India in Council, by order of the Governor of such Settlement to all or any part of the territory subject to his Government; and he may, with such consent as aforesaid, determine the Court in which suits against residents in such territory shall be commenced under the provisions of this Act. In case of such extension, if the Indian Penal Code shall not then apply to the said Settlement, the respondent's personal appearance pursuant to this Act may be enforced

[অধিক কথা লিখিবার কি পরিবর্ত্তন করিবার জন্যে জজ সাহেবের নিকটে হাই কোর্টের সেই বর্ণিত বিষয় পুনঃপ্রেরণের কথা।]

৩২ ধারা। বর্ণনপত্রে যে উক্তি বর্ণিত হইয়াছে তদ্দ্বারা হাই কোর্ট বর্ণনাতে উত্থিত প্রশ্ন নির্ণয় করিতে পারিবেন না, ইহা যদি অসন্তোষমতে জানেন, তবে যে জজ সাহেবকর্তৃক তাহা বর্ণিত হইয়াছে তিনি তাহাতে অধিক কথা লেখেন কিম্বা হাই কোর্ট তৎপক্ষে যাহা আজ্ঞা করেন তদনুসারে পরিবর্ত্তন করেন এই নিমিত্তে হাই কোর্ট ঐ বর্ণনপত্র তাঁহার নিকটে পুনঃপ্রেরণ করিতে পারিবেন ইতি।

[সেই প্রশ্ন হাই কোর্টে নির্ণয় করিবার কথা ও তদনুসারে জজ সাহেবকর্ত্তৃক নিষ্পত্তি হইবার কথা।]

৩৩ ধারা। হাই কোর্ট তদ্রূপ কোন বর্ণিত কথা শ্রবণ করিয়া বর্ণনোদিত প্রশ্ন নির্ণয় করিতে পারিবেন, এবং তদ্বিষয়ে সেই নির্ণয়মূলক হেতুসম্বলিত আপনার নিষ্পত্তি প্রকাশ করিবেন। এবং যে জজ সাহেব বর্ণিত কথা অর্পণ করিয়াছিলেন তাঁহার নিকটে ঐ হাই কোর্টের মোহর ও রেজিষ্ট্রারের স্বাক্ষরযুক্ত ঐ নিষ্পত্তির প্রতিলিপি প্রেরণ করিবেন ও জজ সাহেব তাহা প্রাপ্ত হইলে সেই বিচারানুসারে মোকদ্দমা নিষ্পত্তি করিবেন ইতি।

[রোমান কাথলিক ধর্ম্মাবলম্বিদের বিবাহ রক্ষার কথা।]

৩৪ ধারা। দেশীয় কোন ব্যক্তি রোমান কাথলিক ধর্ম্ম গ্রহণ করিলে, যদি রোমান কাথলিক মণ্ডলীর নিয়ম ও রীতি ও বিধি ও আচারমতে তাহার বিবাহ সাধন হয়, তবে এই আইনের কিম্বা ১৮৬৪ সালের ২৫ আইনের ও ১৮৬৫ সালের ৫ আইনের কোন কথাক্রমে তাহার সেই বিবাহ অসিদ্ধ হইবে না এবং তদ্রূপ কোন বিবাহ সাধনপ্রযুক্ত ঐ মণ্ডলীর কোন ধর্ম্মোপদেশক পূর্ব্ব লিখিত দুই আইনের কোন আইন অনুযায়ি বিধানমতে অভিযোগের কি দণ্ডের যোগ্য হইবেন না ইতি।

[এই আইন যে২ স্থানে প্রবল হইবে তাহার কথা।]

৩৫ ধারা। শ্রীশ্রীমতী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের ব্যবস্থার ১০৬ অধ্যায়ের (অর্থাৎ ভারতবর্ষ আরও উত্তমরূপে শাসন করিবার আইনের) বলে প্রিন্স অফ ওয়েলস উপদ্বীপ ও সিংহপুর ও মালাকা এই নামে খ্যাত উপনিবেশ ভিন্ন যত প্রদেশ শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর কি তাঁহার উত্তরাধিকারিদের প্রতি অর্শে কি অর্শিবে সেই সকল প্রদেশে এই আইন প্রবল হইবে। পরন্তু উক্ত উপনিবেশের গবর্ণর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লইয়া আজ্ঞা প্রকাশ করণদ্বারা আপন শাসিত প্রদেশের সর্ব্বত্র কি তাহার কোন অংশে তাহা প্রচলিত করিতে পারিবেন। এবং উক্ত প্রদেশ নিবাসি লোকদের নামে এই আইনের বিধানমতে মোকদ্দমা উপস্থিত করিতে হইলে তাহা যে আদালতে উপস্থিত করিতে হইবে তাহাও তিনি উক্ত মন্ত্রিবরের সম্মতি লইয়া নির্দ্দিষ্ট করিতে পারিবেন। এই আইন উক্ত উপনিবেশে প্রবর্ত্তিত হইলে যদি ভারতবর্ষের দণ্ডবিধির

by such procedure as the said Governor, with such consent as aforesaid, shall provide in that behalf.

THE FIRST SCHEDULE.

Form of Petition.

Stamp Rs. two.

To the Judge of the Civil Court of

The day of 18 .
The petition of A. B. of
Sheweth :—

1. That your petitioner was born on or about the day of 18 .
2. That your petitioner was on the day of in the year 18 lawfully married to C. D. at .
3. That the said C. D. is now of the age of years or thereabouts.
4. That after his said marriage, your petitioner lived and cohabited with his said wife at aforesaid until the day of 18 .
5. That previous to the day of 18 your petitioner changed his religion for Christianity, and that on such day he was baptized and became a Member of the Church of .
6. That on the day of 18 [*at least six months prior to the date of the petition,*] the said C. D. deserted your petitioner, and has not since resumed cohabitation with him.
7. That such desertion was in consequence of your petitioner's said change of religion.
8. That there is no collusion nor connivance between your petitioner and the said C. D.

Your petitioner therefore prays that your Honour will order the said C. D. to live and cohabit with your petitioner, or declare that your petitioner's marriage is dissolved.

A. B.

Form of verification.

I, A. B., the petitioner named in the above petition, do declare that what is stated therein is true to the best of my information and belief.

আইন তথায় তখন প্রবল না হইয়া থাকে, তবে সেই গবর্ণর সাহেব পূর্ব্বোক্ত মহিমবরের সম্মতি লইয়া যে কার্য্য প্রণালী স্থির করিবেন, তদনুসারে প্রত্যর্থির এই আইনমতে স্বয়ং উপস্থিত হওয়া প্রবল করা যাইতে পারিবে ইতি

প্রথম তফসীল।

প্রার্থনাপত্রের পাঠ।

২৲ টাকার ইষ্টাম্প।

অমুক স্থানের দেওয়ানী আদালতের শ্রীযুত জজ সাহেব সমীপেষু।

১৮ সালের অমুক মাসের অমুক তারিখ।

অমুক স্থান নিবাসি শ্রী অমুকের এই প্রার্থনাপত্রদ্বারা এই নিবেদন করা যাইতেছে।

১। ১৮ সালের অমুক মাসের অমুক তারিখে কিম্বা প্রায় সেই সময়ে এই প্রার্থকের জন্ম হয়।

২। ১৮ সালের অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানে শ্রীমতী অমুকীর সহিত প্রার্থক আমার ব্যবস্থাসিদ্ধ বিবাহ হয়।

৩। এখন উক্ত শ্রীমতী অমুকীর ন্যুনাধিক এত বৎসর বয়ঃক্রম।

৪। পূর্ব্বোক্ত বিবাহ অবধি প্রার্থক আমি পূর্ব্বোক্ত অমুক স্থানে উক্ত পত্নীর সহিত ১৮ সালের অমুক মাসের অমুক তারিখ পর্য্যন্ত সহবাস ও সংসর্গ করিয়া আসিতেছি।

৫। ১৮ সালের অমুক মাসের অমুক তারিখের পূর্ব্বে প্রার্থক আমি খ্রীষ্টধর্ম্মাবলম্বী হইলাম, ও অমুক তারিখে বাপ্টাইজিত হইয়া অমুক স্থানের মণ্ডলীসংক্রান্ত হইলাম।

৬। ১৮ সালের অমুক মাসের অমুক তারিখে (অর্থাৎ প্রার্থনাপত্রের তারিখের অন্ততঃ ছয় মাস পূর্ব্বে) উক্ত শ্রীমতী অমুকী আমাকে পরিত্যাগ করিয়া তদবধি আমার সঙ্গে আর সহবাস করেন না।

৭। আমার ধর্ম্মান্তর গ্রহণ সেই পরিত্যাগের কারণ।

৮। এই বিষয়ে প্রার্থনাকারি আমার ও উক্ত শ্রীমতী অমুকীর মধ্যে কূটগণতা কি দোষ উপেক্ষা নাই।

অতএব আমার নিবেদন এই যে আপনি অনুগ্রহ করিয়া উক্ত শ্রীমতী অমুকীকে আমার সহিত থাকিতে ও সংসর্গ করিতে আজ্ঞা করুন, অথবা আমার বিবাহ বন্ধন বিলুপ্ত হইবার অনুমতি দিউন।

শ্রীঅমুক।

সত্যীকরণের পাঠ।

উপরি লিখিত প্রার্থনাপত্রের শ্রীঅমুক নামধেয় প্রার্থক আমি ইহাতে প্রতিজ্ঞা করিতেছি যে আমার জ্ঞান ও বিশ্বাসমতে এই প্রার্থনাপত্রের সকল কথা সত্য।

THE SECOND SCHEDULE.

Form of Citation in ordinary case.

To C. D. of

Whereas A. B. of claiming to have been lawfully married to you the said C. D. has filed his [*or* her] petition against you in the Civil Court of alleging that you the said C. D. have deserted him [*or* her] for six months in consequence of his [*or* her] having changed his [*or* her] religion for Christianity, and praying that, unless you consent to live and cohabit with him [*or* her], it may be declared that his [*or* her] marriage is dissolved : Now this is to command you that, at the expiration of days [*at least one month*] form the date of the service of this on you, you do appear in the said Court then and there to make answer to the said petition, a copy whereof, sealed with the seal of the said Court, is herewith served upon you.

And take notice that in default of your so appearing, you will be liable to punishment under Section 174 of the Indian Penal Code.

Dated the day of 18 .

(Signed) E. F.

Judge of the Civil Court of

Indorsement to be made after service.

This citation was duly served by G. H. on the within named C. D. of at on the day of 18

(Signed) G. H.

THE THIRD SCHEDULE.

Form of Citation in case of Respondent exempt from Appearance in Court.

To C. D. of

Whereas A. B. of claiming to have been lawfully married to you the said C. D has filed his [*or* her] petition against you in the Civil Court of alleging that you the said C. D. have deserted him [*or* her] for six months in consequence of his [*or* her] having changed his [*or* her] religion for Christianity, and praying that, unless you consent to cohabit with him [*or* her], it may be declared that his [*or* her] marriage is dissolved. Now this is to command you that, at the expiration of days [*at least one month*] from the service of this on you, you do hold yourself in readiness to answer and do answer such interrogatories as may be put to you by Commissioners duly authorised in that behalf under a Commission issued by this Court, in reference to the said petition, a copy whereof, sealed with the seal of the said Court, is herewith served upon you.

[*Government Gazette*, 15*th May* 1866.]

দ্বিতীয় তফসীল।

সাধারণ স্থলে আহ্বানপত্রের পাঠ।

অমুক স্থান নিবাসি কি নিবাসিনী শ্রী অমুক প্রতি-আগে।

অমুক স্থান নিবাসী কি নিবাসিনী শ্রী অমুক উপরের লিখিত শ্রী অমুকের অর্থাৎ তোমার সহিত ব্যবস্থাসিদ্ধ বিবাহ হইয়াছে বলিয়া অমুক স্থানের দেওয়ানী আদালতে তোমার নামে এই মর্ম্মের আবেদনপত্র অর্পণ করিয়াছেন, যে তাঁহার ধর্ম্মান্তর গ্রহণ অর্থাৎ খ্রীষ্টধর্ম্ম অবলম্বনপ্রযুক্ত তুমি ছয় মাস অবধি তাঁহাকে ত্যাগ করিয়াছ, তাহাতে তাঁহার এই প্রার্থনা যে তুমি তাঁহার সঙ্গে বাস ও সংসর্গ করিতে সম্মত না হইলে, তাঁহার বিবাহবন্ধন বিলোপনের অনুমতি হয়। অতএব ইহাদ্বারা তোমাকে এই আজ্ঞা করা যাইতেছে, যে তোমার প্রতি এই পত্র সমর্পিত হওন অবধি এত দিবস (অর্থাৎ অন্ততঃ এক মাস) অতীত হইলে তুমি উক্ত আদালতে উপস্থিত হইয়া উক্ত প্রার্থনাপত্রের উত্তর দেও। উক্ত আদালতের মোহরে মোহরাঙ্কিত ঐ পত্রের প্রতিলিপি ইহার সহিত তোমার প্রতি অর্পিত হইল।

আরো জানিবা যে উক্তমতে উপস্থিত না হইলে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭৪ ধারার নির্দ্দিষ্ট দণ্ড তোমার প্রতি বর্ত্তিবে।

১৮ সালের অমুক মাসের অমুক তারিখ।

শ্রী অমুক,

অমুক স্থানের দেওয়ানী আদালতের জজ।

পর্য্যার্পণের পরে লিখিতব্য পৃষ্ঠলিপি।

শ্রী অমুক এই আহ্বানপত্র লিখিত শ্রী অমুকের প্রতি অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানে এইপত্র উচিতমতে পর্য্যার্পণ করিলেন।

শ্রী অমুক।

তৃতীয় তফসীল।

প্রত্যর্থির আদালতে প্রবেশনহইতে মুক্ত হইলে আহ্বানপত্রের এই পাঠ।

শ্রী অমুক প্রতি আগে,

অমুক স্থাননিবাসি শ্রী অমুক তোমার সঙ্গে ব্যবস্থামতে বিবাহ হইয়াছে বলিয়া অমুক স্থানের আদালতে তোমার নামে এই আবেদনপত্র অর্পণ করিয়াছেন। বিশেষতঃ তাঁহার খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বন করণপ্রযুক্ত তুমি তাঁহাকে ছয় মাস পর্য্যন্ত ত্যাগ করিয়াছ, তাহাতে তাঁহার এই প্রার্থনা যে তুমি তাঁহার সঙ্গে সহবাস করিতে সম্মত না হইলে তাঁহার বিবাহবন্ধন বিলোপনের অনুমতি হয়। এইক্ষণে তোমাকে এতদ্দ্বারা আজ্ঞা করা যাইতেছে যে এই পত্র তোমার প্রতি পর্য্যার্পিত হইলে পর এত দিন (অন্ততঃ এক মাস) অতীত হইলে তোমার নিকটে প্রশ্ন করিবার জন্যে যে দূতেরা এই আদালতের প্রচারিত ক্ষমতাক্রমে উপযুক্তমতে ক্ষমতা প্রাপ্ত হইবেন, তাঁহারা উক্ত প্রার্থনাপত্র সম্পর্কে তোমাকে যে সকল কথা জিজ্ঞাসা করেন তাহার উত্তর করিতে প্রস্তুত হইয়া উত্তর দিবা। ঐ প্রার্থনাপত্রের প্রতিলিপি উক্ত আদালতের মোহরে মোহরাঙ্কিত হইয়া এই পত্র সহিত তোমাকে দেওয়া যাইবে।

And take notice that in default of your so holding yourself in readiness and answering such interrogatories, you will be liable to punishment under Section 174 of the Indian Penal Code.

Dated the day of 18 .

(Signed) E. F.

Judge of the Civil Court of

Indorsement to be made after service.

This citation was duly served by G. H. on the within named C. D. of at on the day of 186

(Signed) G. H.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

CIRCULAR ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(Civil Side.)

No. 12.

From H. T. PRINSEP, ESQ., Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Civil Judges, Lower Provinces,—(dated Calcutta, the 23rd March 1866)

As the Court find that the Form A, Appendix to their Circular No. 2, dated the 13th February 1865, does not provide for a return of the amount of Stamp duty refunded under Note (F), Article 12, Schedule B, Act X of 1862, they request that a fresh column may be inserted after column 3, supplying the requisite information, and another column shewing the total amount refunded.

The amended Form of Statement A will be the following:—

আরো জানিবা যদি তদ্রূপে প্রস্তুত না হও ও সেই প্রশ্নের উত্তর না কর, তবে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৪ ধারামতে তোমার দণ্ড হইতে পারিবে।

সাল তাং

(স্বাক্ষর) শ্রী অমুক
অমুক আদালতের জজ।

পর্য্যার্পণ হইলে পর পত্রের পৃষ্ঠলিপি এই।

শ্রী অমুক এই আহ্বানপত্র লিখিত শ্রী অমুকের প্রতি অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানে এই পত্র উচিতমতে পর্য্যর্পণ করিলেন।

(স্বাক্ষর) শ্রী অমুক।

উইটলী ষ্টোকস্।
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

১২ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের দেওয়ানী সকল বিচারকর্ত্তার নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র কলিকাতা ১৮৬৬ সাল ২৩ মার্চ।

১৮৬২ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ১২ প্রকরণের (F) নোট অনুসারে ইষ্টাম্পের মাসুল ফিরিয়া দিতে হইবে, কিন্তু ১৮৬৫ সালের ১৩ ফেব্রুআরি তারিখের ২ নং সরকুলারের ক্রোড়পত্র লিখিত A চিহ্নিত পাঠে ঐ ফেরৎ মাসুল লিখিবার বিধান নাই হাই কোর্টের সাহেবেরা ইহা দৃষ্টি করিয়া আদেশ করিতেছেন যে ঐ প্রয়োজনীয় কথা এবং মোটে যত টাকা ফিরিয়া দেওয়া যায় তাহা লিখিবার জন্যে ঐ পাঠের ৩ ঘরের পর নূতন দুই ঘর দেওয়া যায়।

A চিহ্নিত সংশোধিত পাঠ এই।

1.	2.	3.	4.	5.	6.	7.	8.
NAME OF COURT.	Value of Stamps filed.	Amount refunded under Act X of 1862, Section 26.	Amount of Stamp duty refunded under Note (F), Article 12, Schedule B, Act X of 1862	Total amount refunded.	Net amount value of Stamps.	Receipts on account of Ameens' Fees.	Total Receipts, being aggregate of Columns 6 and 7.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ । ১৫ মে ।]

১	২	৩	৪	৫	৬	৭	৮
আদালতের নাম।	যে ইষ্টাম্প কাগজ অর্পণ করা যায় তাহার মূল্য।	১৮৬২ সালের ১০ আইনের ২৬ ধারামতে যত টাকা ফিরিয়া দেওয়া গেল।	১৮৬২ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ১২ প্রকরণের (F) নোট অনুসারে যে ইষ্টাম্পের মাসুল ফিরিয়া দেওয়া যায় তাহা।	ফেরৎ মাসুলের মোট।	তাহা বাদে ইষ্টাম্পের মূল্যের মোট।	আমীনদিগের শুল্ক অন্য আয়।	আয়ের মোট। ১ ও ৭ ঘরের সঙ্কলন।

2. It will be seen that the new column refers to information which can be supplied only from Courts of appeal as it relates to the refund of Stamp duty realised on the petition of appeal. The fresh returns for the past year (1865), which the Court require with as little delay as possible, will not embrace the Courts of Sudder Ameens or Moonsiffs.

By order, &c.,
(Signed) H. T. Prinsep,
Registrar.

(*Civil Side.*)
No. 13.

From H. T. Prinsep, Esq., Registrar of the High Court of Judicature, at Fort William in Bengal, to all Judges of Districts,—(dated Calcutta, the 14th April 866.)

The High Court request the immediate attention of all Judges of Districts to Section 43, Act XX of 1865, and are pleased to direct that notifications explaining its terms be issued by all Civil Courts at once, in order that all persons who may now be practising as Pleaders in any Civil Court, and who may wish to be enrolled under that Act, may lose no time in applying to be so enrolled, so as to be duly qualified to appear, plead, and act on and after the 1st July next,* when Act XX of 1865 comes into operation; for from that date none but Pleaders duly enrolled are entitled by law to appear, plead, and act in the Courts in the Mofussil.

2. It should be explained that in accordance with Section 43, each application should be made

২। আপীলের প্রার্থনাপত্রের উপর ইষ্টাম্পের যে মাসুল আদায় হয়, ঐ নূতন ঘরে তাহার প্রতিদান সম্পর্কীয় কথা দৃষ্ট হইবে। অতএব ঐ ঘরের লিখিতব্য সন্ধান কেবল ঐ২ আদালত হইতে পাওয়া যাইতে পারিবে। হাই কোর্টের সাহেবেরা ১৮৬৫ সালের যে নূতন রিটর্ন সাধ্যমতে ত্বরায় প্রাপ্ত হইতে চাহেন, তন্মধ্যে সদর আমীন কি মুনসেফদিগের আদালত ধর্ত্তব্য নয়।

আজ্ঞাক্রমে,
এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

দেওয়ানী পক্ষ।
১৩ নম্বর।

জিলার সকল জজ সাহেবের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬৬ সাল ১৪ আপ্রিল।

হাই কোর্টের সাহেবেরা জিলার সকল জজ সাহেবকে ১৮৬৫ সালের ২০ আইনের ৪৩ ধারার প্রতি অগোণে মনোযোগ করিতে আদেশ করিতেছেন। ১৮৬৫ সালের উক্ত ২০ আইন আগামি জুলাই মাসের ১ তারিখ অবধি প্রচলিত হইবে।* এবং যে সকল ব্যক্তি কোন দেওয়ানী আদালতে এইক্ষণে ওকালতী কর্ম্ম করিতেছেন ও সেই আইনঅনুসারে আপনাদের নাম ফর্দ্দে লেখাইতে চাহেন, তাঁহারা উপস্থিত হইয়া উত্তর প্রত্যুত্তর ও কার্য্য করণার্থে নিয়মিতরূপে সক্ষম হন এই নিমিত্তে তাঁহারা ফর্দ্দে নাম লেখাইবার প্রার্থনা করিতে বিলম্ব না করেন, এতদর্থে দেওয়ানী সকল আদালত ঐ আইনের নিয়মের ব্যাখ্যাসূচক জ্ঞাপনপত্র অবিলম্বে প্রকাশ করেন হাই কোর্টের এই আদেশ, ফলতঃ যে উকীলদের নাম নিয়মিতরূপে ফর্দ্দে লেখা না যায় তাঁহারা সেই তারিখঅবধি মফঃসল কোন আদালতে আইনমতে উপস্থিত হইয়া উত্তর প্রত্যুত্তর ও কার্য্য করিতে সক্ষম হইবেন না।

২। প্রার্থক উকীল যে আদালতে ওকালতী করিতেছেন, সেই আদালতে যে মূল্যের ইষ্টাম্প কাগজে

---

* Vide Act XXIX of 1865.

* ১৮৬৫ সালের ২০ আইন দেখ।

in writing on a stamp paper of the value prescribed for petitions before the Court in which the Pleader so applying may be practising, and that none but those who on the 1st January last may have been practising as Pleaders are entitled to the privileges set forth in Section 43.

3. In addition to his own name, every application should contain that of the applicant's father, his age, his place of residence, and the particular class of Court in which he wishes to practise.

4. Junior Pleaders should apply to the Sudder Ameen or Moonsiff before whom they may be practising, and the Sudder Ameen or Moonsiff should, without delay, forward such application to the Judge of the District for transmission to the High Court. Senior Pleaders should apply to the Judge of the District, or to the Principal Sudder Ameen in any place in which the Judge of the District may not reside. Such Principal Sudder Ameen should forward to the Judge of the District all applications that may be made to him. In every case, the local Court should satisfy itself that the person so applying is a Pleader holding a proper Diploma, and that on the 1st of January last, he was in actual practice.

5. As the law requires that after the 1st July next before any person can be duly qualified to plead before any Civil Court, he shall have been enrolled by the High Court, and shall have received a certificate in the manner provided by Sections, 8, 9, and 10 of the Act, the High Court request that all Judges will warn Pleaders of the necessity for making applications for enrolment without delay. Such applications should be forwarded to the High Court as soon as possible.

6. As soon as an application has been received, the applicant's name will be enrolled by the High Court, who will then authorise the granting of a certificate in the manner provided by Act XX of 1865.

By Order, &c.,
(Sd.) H. T. PRINSEP,
Registrar.

প্রার্থনাপত্র দিতে হয়, ঐ প্রত্যেক প্রার্থক ৪৩ ধারানুসারে সেই মূল্যের ইস্টাম্প কাগজে প্রার্থনা লিখিবেন, ও যাঁহারা গত জানুআরি মাসের প্রথম তারিখে একালতী কর্ম্ম করিতেন তদ্ভিন্ন কেহ ৪৩ ধারার প্রকাশিত ক্ষমতা পাইতে পারিবেন না, এই কথা ব্যক্ত করা উচিত।

৩। প্রার্থনাপত্রে প্রার্থকের নাম এবং তাঁহার পিতার নাম ও স্বীয় বয়স ও বাসস্থান ও যে শ্রেণীর আদালতে ওকালতী করিতে চাহেন তাহাও লিখিতব্য।

৪। দ্বিতীয় শ্রেণীর উকীলেরা যে সদর আমীনের * কি মুনসেফের সম্মুখে ওকালতী করেন তাঁহাদের নিকটে তাঁহাদের প্রার্থনা করা উচিত। পরে সদর আমীনের কি মুনসেফের কর্ত্তব্য যে অগৌণে হাই কোর্টে প্রেরিত হইবার জন্যে জিলার জজ সাহেবের নিকটে ঐ প্রার্থনাপত্র প্রেরণ করেন। উচ্চ শ্রেণীর উকীলেরা জিলার জজ সাহেবের নিকটে প্রার্থনা করিবেন। যদি জিলার জজ সাহেব সেই স্থানে বাস না করেন তবে প্রধান সদর আমীনের নিকটে প্রার্থনা করিবেন। ঐ প্রধান সদর আমীনের নিকটে যে সকল প্রার্থনা করা যায় তাহা তিনি জিলার জজ সাহেবের নিকটে প্রেরণ করিবেন। উক্ত প্রত্যেক স্থলে প্রার্থক উপযুক্ত যোগ্যতাপত্র প্রাপ্ত উকীল আছেন এবং গত জানুআরি মাসের প্রথম তারিখে ওকালতী কর্ম্ম করিতেন, এই বিষয় স্থানীয় আদালত অনুসন্ধানপূর্ব্বক হৃদ্বোধমতে জ্ঞাত হইবেন।

৫। আইনের বিধি এই যে, আগামি জুলাই মাসের প্রথম তারিখের পরে, কোন ব্যক্তির নাম হাই কোর্ট কর্ত্তৃক ফর্দ্দে লেখা না গেলে ও তিনি আইনের ৮ ও ৯ ও ১০ ধারার বিধানমতে সংশিতপত্র প্রাপ্ত না হইলে কোন দেওয়ানী আদালতের সম্মুখে উত্তরপ্রত্যুত্তর করিতে নিয়মমতে যোগ্য হইবেন না। এই হেতুক উকীলদিগের নাম ফর্দ্দে লেখাইবার প্রার্থনা অবিলম্বে করা আবশ্যক সকল বিচারকর্ত্তা উকীলদিগকে এই বিষয়ে সচেতন করুন হাই কোর্টের এই আদেশ। তদ্রূপ প্রার্থনাপত্র হাই কোর্টে সাধ্যমতে ত্বরায় প্রেরণ করা কর্ত্তব্য।

৬। প্রার্থনাপত্র প্রাপ্ত হওয়া গেলেই, হাই কোর্ট কর্ত্তৃক প্রার্থকের নাম ফর্দ্দে লেখা যাইবে ও ১৮৬৫ সালের ২০ আইনের বিধানমতে সংশিতপত্র দানের আজ্ঞা হইবে।

আজ্ঞাক্রমে,
এচ টি প্রিন্সেপ।
রেজিষ্ট্রার।

No. 15.

From H. T. PRINSEP, ESQ., Registrar of the High Court of Judicature at William in Bengal, to all Judges of Districts,—(dated Calcutta, the 20th April 1866.)

In continuation of their Circular No. 13, dated 14th instant, the Court are pleased to issue the following orders regarding the enrolment of Mookhtars under Act XX of 1865.

১৫ নম্বর।

জিলার সকল জজ সাহেবের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬৬ সাল ২০ আপ্রিল।

বর্ত্তমান মাসের ১৪ তারিখের ১৩ নম্বরের সরকুলার অর্ডরে সংযোগার্থে হাই কোর্টের সাহেবেরা ১৮৬৫ সালের ২০ আইনমতে মোক্তারদিগের নাম ফর্দ্দে লিখিবার নিম্ন লিখিত আজ্ঞা করিয়াছেন।

2. In order to provide for the present requirements of the Local Courts, the High Court have determined that any person who, on the 1st Janury last, had been practising as Mookhtar in any Criminal Court for the term of at least one year immediately preceding that date, shall be entitled o apply for enrolment under Act XX of 1865.

3. Judges and Magistrates of Districts should lose no time, therefore, in notifying to all Mookhars that, unless they are duly enrolled and have received certificates under Act XX of 1865, they will not be entitled to appear, plead or act in any Civil or Criminal Court after 1st July next, and they should call upon all persons now practising s Mookhtars who may wish to continue to be uch to submit without delay applications for enrolment.

4. Every application must be made in writng on stamp paper of the value prescribed for petitions to the Judge of the District, or. where here is no Resident Judge as at Mooteeharee, Monghyr, Bograh, Maldah, Pubnah, Furreedpore, Balasore, Pooree, Noacolly and Howrah to the Magistrate of the District, and must contain besides the name of the applicant, the name of his father, his place of residence, his age, the grounds upon which he applies for enrolment, and he Class of Courts in which he wishes to practise.

5. The Court desire to point out that every applicant is not of necessity, eligible for admision as Mookhtar even though he may have served he period prescribed in paragraph 2, for the Court require that every applicant shall satisfy he Judge, or, in the special cases aforementioned, he Magistrate, that he is a person of good moral character and is qualified by his knowledge of law and procedure to continue practising as Mookhtar. The Court request that these Officers will satisfy themselves throughly on these points, and the Court suggest that Judges place themselves in communication with the Magistrates of Districts with the view of obtaining the requisite informaion.

6. If the Judge or Magistrate in the special cases aforementioned considers that the applicant is a proper person to be admitted as a Mookhtar, he should forward his application to the High Court for enrolment, together with a certificate to that effect endorsed thereon.

7. The High Court on receipt of an application will either order the enrolment of the applicant, (in which case a certificate shall be granted

[*Government Gazette*, 15*th May* 1866.]

২। স্থানীয় সকল আদালতের ইদানীন্তন প্রয়োজনীয় পূরণার্থে হাই কোর্ট স্থির করিয়াছেন যে গত জানুআরি মাসের প্রথম তারিখে যে কোন ব্যক্তি এক বৎসরের অন্যূনকালাবধি কোন ফৌজদারী আদালতে মোক্তারের কর্ম্ম করিয়াছেন, তিনিও ১৮৬৫ সালের ২০ আইনমতে ফর্দ্দে নাম লেখাইবার প্রার্থনা করিতে পারিবেন।

৩। অতএব ১৮৬৫ সালের ২০ আইনমতে মোক্তারদিগের নাম নিয়মিতরূপে ফর্দ্দে লেখা না গেলে ও তাঁহারা সংশিতপত্র না পাইলে, আগামি জুলাই মাসের প্রথম তারিখঅবধি দেওয়ানী কি ফৌজদারী কোন আদালতে উপস্থিত হইতে কি উত্তর প্রত্যুত্তর করিতে কি কার্য্য করিতে পারিবেন না। জিলার জজ ও মাজিষ্ট্রেট সাহেবেরা মোক্তারদিগকে এই কথা জ্ঞাত করিতে বিলম্ব করিবেন না। ও যাঁহারা এইক্ষণে মোক্তারী করিতেছেন তাঁহারা সেই কর্ম্মে থাকিতে চাহিলে ফর্দ্দে নাম লেখাইবার প্রার্থনা অবিলম্বে করেন তাঁহাদের প্রতি এই আদেশ করিবেন।

৪। জিলার জজ সাহেবের নিকটে প্রার্থনাপত্র লিখিবার যে মূল্যের ইষ্টাম্প কাগজ অবধারিত আছে, সেই মূল্যের ইষ্টাম্প কাগজে ঐ প্রার্থনাপত্র লিখিতে হইবে। মতিহারী, মুঙ্গের, বগুড়া, মালদহ, পাবনা, ফরীদপুর, বালেশ্বর, পুরী, নওয়াখালি, হাবড়া প্রভৃতি যে২ স্থানে জজ সাহেব বাস না করেন সেই২ স্থানে জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে তাঁহারদের প্রার্থনাপত্র দিতে হইবে। সেই প্রার্থনাপত্রে প্রার্থকের নাম এবং তাঁহার পিতার নাম ও স্বীয় বাসস্থান ও বয়স ও যে২ হেতুতে ফর্দ্দে নাম লেখাইতে প্রার্থনা করেন, ও যে শ্রেণীর আদালতে উত্তর প্রত্যুত্তর করিতে বাঞ্ছা করেন এই সকল কথা লিখিবেন।

৫। হাই কোর্টের সাহেবেরা আরো এই কথা জ্ঞাত করিতে চাহেন যে মোক্তার যদিও ২ ধারার নির্দ্দিষ্ট কাল কর্ম্ম করিয়া থাকেন, তথাপি মোক্তারস্বরূপে গ্রাহ্য হইবার অবশ্য যোগ্য হইবেন না, যেহেতু তিনি সুচরিত্র লোক এবং আইন ও ব্যবহার বিধান সুজ্ঞাত হইয়া মোক্তারের কর্ম্ম করিয়া থাকিবার যোগ্য আছেন এই বিষয়ে প্রত্যেক প্রার্থক জজ সাহেবের কিম্বা পূর্ব্বোক্ত বিশেষ স্থলে মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধ করাইবেন। উক্ত কার্য্যকারক সাহেবেরা সেই বিষয় সম্পূর্ণ হৃদ্বোধমতে জ্ঞাত হন, হাই কোর্টের এই আদেশ। এবং প্রয়োজনীয় সন্ধান প্রাপ্ত হইবার জন্যে তাহারা জিলার মাজিষ্ট্রেট সাহেবেরদের সঙ্গে লিখপঠন করেন, হাই কোর্টের এই পরামর্শ।

৬। জজ সাহেব, কিম্বা পূর্ব্বোক্ত বিশেষ স্থলে মাজিষ্ট্রেট সাহেব যদি বোধ করেন যে প্রার্থক মোক্তার স্বরূপ গ্রাহ্য হইবার যোগ্য, তবে তিনি ঐ ব্যক্তির প্রার্থনাপত্রের পৃষ্ঠে সেই মর্ম্মের সংশিতপত্র লিখিয়া তাঁহার নাম ফর্দ্দে লেখাইবার জন্যে ঐ প্রার্থনাপত্র হাই কোর্টে প্রেরণ করিবেন।

৭। হাই কোর্টের সাহেবেরা প্রার্থনাপত্র প্রাপ্ত হইয়া প্রার্থকের নাম লেখাইবার আজ্ঞা করিবেন, নতুবা প্রার্থনা অগ্রাহ্য করিবেন। যদি নাম লেখাইবার আজ্ঞা

by the Judge in the manner prescribed by Sections 8, 9, 10, Act XX of 1865,) or will reject the application.

8. The Court in conclusion desire to impress upon all Officers the absolute necessity for prompt action on their part, as, unless a certificate has actually been granted to a person before the 1st July next, he cannot practise as a Mookhtar in any Criminal Court. But at the same time the Court think it necessary to add that these instructions are not intended to interfere with the provisions of Section 40, Act XX of 1865, by which an accused person, with the permission of the presiding Judge or Magistrate, may be defended by any person not a Pleader or Mookhtar. The Court rely with confidence on the care and intelligence of Judges and Magistrates for a proper performance of the important duties which, under Act XX of 1865, now devolve upon them.

By Order, &c.,
(Sd.) H. T. PRINSEP,
Registrar.

করেন, তবে জজ সাহেব ১৮৬৫ সালের ২০ আইনের ৮, ৯, ১০ ধারার বিধানমতে সংশিতপত্র দিবেন।

৮। উপসংহার স্থলে, সকল কার্য্যকারকের এতদ্বিষয়ে ত্বরিত কর্ম্ম করা সম্যকরূপে আবশ্যক, হাই কোর্টের সাহেবেরা এই কথা তাঁহাদের মনে বসাইতে চাহেন। যেহেতুক কোন ব্যক্তিকে আগামি জুলাই মাসের প্রথম তারিখের অগ্রে সংশিতপত্র না দেওয়া গেলে সেই ব্যক্তি কোন ফৌজদারী আদালতে মোক্তারস্বরূপে কর্ম্ম করিতে পারিবেন না। পরন্তু অধিপতি জজ কি মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি প্রাপ্ত হইলে উকীল কি মোক্তার ভিন্ন কোন ব্যক্তি অভিযুক্ত ব্যক্তির পক্ষে সমর্থন করিতে পারিবেন, ১৮৬৫ সালের ২০ আইনের ৪০ ধারার এই বিধান এই পত্রদ্বারা খর্ব্ব করা অভিপ্রায় নাই, হাই কোর্টের সাহেবেরা এই কথা জ্ঞাত করা আবশ্যক জ্ঞান করেন। ১৮৬৫ সালের ২০ আইনমতে জজ ও মাজিষ্ট্রেট সাহেবদের প্রতি যে অতিগুরুতর কর্ম্ম অর্পিত হইয়াছে, তাহা উপযুক্তরূপে সম্পাদন হওনার্থে হাই কোর্টের সাহেবেরা তাঁহাদের মনোযোগ ও বুদ্ধির প্রতি নির্ভর করেন।

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

JOHN ROBISON, *Bengalee Translator.*

Rules drawn up in accordance with Section 4, Act XX of 1865, for the qualification, admission, and enrolment of Pleaders and Mookhtars in Mofussil Courts.

1. PLEADERS in the Mofussil Courts of the Regulation Provinces, within the limits of the jurisdiction of the High Court, shall, as regards qualification, be of two grades.

বারিষ্টর আট-লা শ্রীযুত জে করিটন সাহেব ১৮৫৯ সালের ১২ আইনমতে অ.ড়কাটীরদের বিচারার্থ আদালতের জজের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ৪ মে।

ব্যবস্থাপন কার্য্যবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিস্টাণ্ট সেক্রেটারী শ্রীযুত ডবলিউ মার্শ্যল সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যালয়ের কর্ম্মের ভার বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত জে গিওগান সাহেবের প্রতি অর্পণ করিবেন।

১৮৬৬ সাল ৫ মে।

তৃতীয় খণ্ডের জরীপী কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ জোন্স সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে বারো মাস বাইস দিনের ছুটী পাইয়াছেন।

বেহারের আফীমের এজেন্টের প্রধান আসিস্টাণ্ট ডাক্তর শ্রীযুত জে কে ওয়াল্টর সাহেব চিকিৎসকের

date on which he may have availed himself of it up to the 24th instant, preparatory to proceeding to Europe on Medical Certificate.'

NOTIFICATIONS.

The 30th April 1866.

The Lieutenant-Governor has been pleased to accept the resignation tendered by Rajah Sutt Shurn Ghosaul Bahadoor of his appointment as a Member of the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations.

The 4th May 1866.

The appointment of Mr. W. Kemble as Officiating Superintendent of Survey, Third Division, notified in the *Calcutta Gazette* of the 11th ultimo, is cancelled. Mr. Kemble will continue to be employed as Officiating Joint-Magistrate and Deputy Collector of Sylhet.

Mr. S. DaCosta, Officiating Principal Sudder Ameen of Maunbhoom, having resumed his duties on the 16th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 20th January last is cancelled.

The 7th May 1866.

The services of Lieutenant G. D. Reid, Officiating Assistant Commissioner in Assam, are placed at the disposal of the Government of India, in the Military Department, at his own request.

The services of Mr. L. R. Tottenham, of the Civil Service, are placed temporarily at the disposal of the Hon'ble the Chief Justice, with a view to his being appointed to officiate as Registrar of the High Court in its Appellate jurisdiction.

NOTIFICATION.

The 28th April 1866.

It is hereby notified that the Declaration under Section 2, Act VI. of 1857, for the acquisition of the land required for the site of the Municipal Market at Calcutta, published in the *Calcutta Gazette* of the 18th instant, is cancelled.

The following Orders issued by the Government of India, in the Home Department, are re-published for general information: –

No. 268.

Simla, the 23*rd April* 1866.

Appointment.

Captain H. Howe to officiate as Master Attendant of Calcutta, during the absence, on leave, of Captain J. Reddie.

No. 289.

The 24*th April* 1866.

The Governor General in Council is pleased to re-attach to the Bengal Division of the Presidency of Fort William,

সর্টিফিকটক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি এই মাসের ২৪ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৩০ আপ্রিল।

শ্রীযুত রাজা সত্যশরণ ঘোষাল বাহাদুর আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সভ্যের পদ ত্যাগ করণার্থ যে আবেদনপত্র অর্পণ করেন তাহা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব গ্রাহ্য করিয়াছেন।

১৮৬৬ সাল ৪ মে।

শ্রীযুত ডবলিউ কেম্বল সাহেবের তৃতীয় খণ্ডে একটিং সুপরিণ্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হইবার যে কথা গত মাসের ২৪ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা রহিত হইল। তিনি শ্রীহট্টে একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

মানভূমের একটিং প্রধান সদর আমীন শ্রীযুত এস ডাকস্টা সাহেব গত মাসের ১৬ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে গত জানুআরি মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

১৮৬৬ সাল ৭ মে।

আসামের একটিং আসিস্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত জি ডি রীড সাহেব আপন প্রার্থনামতে মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত এল আর টটেনহাম সাহেব হাই কোর্টের আপীলী শাখার রেজিষ্ট্রারের কর্ম্ম করণার্থ সেই পদে নিযুক্ত হওনাভিপ্রায়ে কিয়ৎকালের নিমিত্তে মান্যবর শ্রীযুত চীফ জষ্টিস সাহেবের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২৮ আপ্রিল।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে কলিকাতায় মুনিসিপল বাজার প্রস্তুত করণার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে ভূমি গ্রহণার্থে যে বিজ্ঞাপন এই মাসের ২৪ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা রহিত হইল।

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের পশ্চাৎ লিখিত যে বিজ্ঞাপন প্রকাশ হয় তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

২৬৮ নম্বর।

সিমলা ১৮৬৬ সাল ২৩ আপ্রিল।

নিয়োগ।

কাপ্তান শ্রীযুত জে রেডি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে কাপ্তান শ্রীযুত এচ হো সাহেব কলিকাতার মাষ্টর আটেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

২৮৯ নম্বর।

১৮৬৬ সাল ২৪ আপ্রিল।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সিবিল কার্য্য সম্পর্কীয় শ্রীযুত জে বি ওয়ার্থাম

Mr. J. B. Worgan, of the Civil Service, who returned from furlough on the 9th instant.

DECLARATION UNDER SECTION II. OF ACT VI. OF 1857.

The 28th April 1866.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for the erection of a Police out-post at Chowgatcha, in the District of Jessore, it is hereby declared that, for the above purpose, a piece of land is required measuring, more or less, 7 cottahs, situate in Chowgatcha, Pergunnah Shahoozial, in the District of Jessore, and bounded as follows:—on the North by the road going to the Ghaut of the River Kuboduck; on the South by Madhub Bearer's house; on the East by the toll-gatherer's house and high road, and on the West by road.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT.

CIVIL BUILDINGS.

No. 102.

The 4th May 1866.

Declaration under Section II. of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken, at the public expense, for a public purpose, *viz.*, for the Cantonment Burial Ground at Raneegunge, in the Burdwan District, it is hereby declared that, for the above purpose, the piece of land hitherto known as the "Raneegunge Military Burial Ground," measuring 3 beegahs 9 cottahs 4½ chittacks, more or less, and enclosed within a wall, is required.

2. This Declaration is made, under the provision of Act VI. of 1857, to all whom it may concern.

No. 103.

Declaration under Section II. of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the site of the Executive Engineer's Godown at Raneegunge, it is hereby

সাহেবকে কোর্ট উলিয়ম রাজধানীর বঙ্গদেশ বিভাগে পুনর্ব্বার নিযুক্ত করিলেন, শ্রীযুত ওয়ার্গান সাহেব এই মাসের ৯ তারিখে নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়াছেন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামত বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২৮ আপ্রিল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ যশোহর জিলার অন্তর্গত চৌগাছায় ফাঁড়িঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে যশোহর জিলার অন্তর্গত শাহুজিয়াল পরগনার চৌগাছায় ন্যূনাধিক ।২ কাঠা পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই২ অর্থাৎ উত্তর সীমা কপর্দ্দক নদীর ঘাটের পথ, দক্ষিণ সীমা মাধব বেহারার বাটী, পূর্ব্ব সীমা শুল্ক সংগ্রহকারির বাটী ও রাজপথ, পশ্চিম সীমা পথ।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

রাজকীয় গৃহাদি নির্ম্মাণ।

১০২ নম্বর।

১৮৬৬ সাল ৪ মে।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বর্দ্ধমান জিলার অন্তর্গত রাণীগঞ্জে সৈনিকদের কবর স্থানের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে রাণীগঞ্জের সৈন্যদের কবর স্থান নামে খ্যাত প্রাচীর বেষ্টিত ন্যূনাধিক ৩।৪।১০ একখণ্ড যে ভূমি আছে তাহা লওয়া প্রয়োজন।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১০৩ নম্বর।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ রাণীগঞ্জে একসিকুটিব ইঞ্জিনিয়রের গুদাম প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের

declared that, for the above purpose, the piece of land, situated at Searsole, in Raneegunge, in the district of Burdwan, measuring 5 beegahs 3 cottahs ½ chittack, more or less, upon which Executive Engineer's Godown now stands, and within the masonry pillars erected by Government, and now comprised in a lease held by Government, is required.

2. This Declaration is made, under the provision of Act VI. of 1857, to all whom it may concern.

W. B. MACRONE,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 7th May 1866.

Moulvie Fuzulut Hossein, Moonsiff of Kishengunge, Zillah Purneah, to be Moonsiff of Kishenpore, in Chota Nagpore, making over charge of his office to his Sherishtadar.

The 9th May 1866.

Baboo Gopeenauth Moitro, Moonsiff of Meherpore, Zillah Nuddea, to be Moonsiff of Rajahrampore, Zillah Dinagepore.

Baboo Gunnesh Chunder Chowdry, Moonsiff of Rajahrampore, Zillah Dinagepore, to be Moonsiff of Meherpore, Zillah Nuddea.

The 12th May 1866.

Moulvie Mahomed Alum, late Moonsiff of Kishenpore, in Chota Nagpore, under suspension, to be Moonsiff of Kishengunge, Zillah Purneah, but not to join his appointment until further orders.

LEAVE OF ABSENCE.

The 8th May 1866.

Syud Mahomed Noorol Hossein, Moonsiff of Kusba, Zillah Purneah, for two months, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules, in extension of the leave granted on the 21st February last.

The 9th May 1866.

Moulvie Golam Jelanu, Moonsiff of Chumparun, Zillah Sarun, for one month, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules, making over charge of his office to his Serishtadar.

Baboo Burma Dutt, Moonsiff of Jullah, Zillah Tirhoot, for one week, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules, in extension of the leave granted on the 4th ultimo.

J. H. BELCHAMBERS,
Dy. Registrar in charge of the Office of Registrar.

[*Government Gazette,* 15th *May* 1866.]

নিমিত্তে বর্দ্ধমান জিলার অন্তর্গত রাণীগঞ্জের শিয়রশোলেস্থিত ন্যূনাধিক ৫/৩॥১০ এক খণ্ড ভূমির প্রয়োজন, তাহাতে এখন একজিক্যুটিব ইঞ্জিনিয়রের গুদাম আছে সেই ভূমি গবর্ণমেণ্টের প্রস্তুত স্তম্ভের মধ্যে, ও গবর্ণমেণ্ট তাহা পাট্টা করিয়া লইয়াছেন।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

ডবলিউ বি মাক্রোণ,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্টসেক্রেটারী।

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৬ সাল ৭ মে।

পূরণিয়া জিলার কৃষ্ণগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী ফজলৎ হুসেন ছোট নাগপুরের অন্তর্গত কৃষ্ণপুরের মুনসেফ হইবেন। তিনি সিরিশ্তাদারের প্রতি আপন কর্ম্মের ভারার্পণ করিবেন।

১৮৬৬ সাল ৯ মে।

নদীয়া জিলার মেহেরপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র দিনাজপুর জিলার অন্তর্গত রাজারামপুরের মুনসেফ হইবেন।

দিনাজপুর জিলার রাজারামপুরের মুনসেফ শ্রীযুত বাবু গণেশচন্দ্র চৌধুরী নদীয়া জিলার অন্তর্গত মেহেরপুরের মুনসেফ হইবেন।

১৮৬৬ সাল ১২ মে।

ছোট নাগপুরের অন্তর্গত কৃষ্ণপুরের ভূতপূর্ব্ব মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ আলম পূরণিয়া জিলার অন্তর্গত কৃষ্ণগঞ্জের মুনসেফ হইবেন। তিনি এইক্ষণে কর্ম্মহইতে স্থগিত আছেন এবং অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কর্ম্মে যাইবেন না।

ছুটী।

১৮৬৬ সাল ৮ মে।

পূরণিয়া জিলার কশবার মুনসেফ শ্রীযুত সৈয়দ মহম্মদ নুরুল হুসেন গত ফেব্রুআরি মাসের ২১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ৯ মে।

সারণ জিলার চাম্পারণের মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম জেলানু অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি সিরিশ্তাদারের প্রতি আপন কর্ম্মের ভারার্পণ করিবেন।

ত্রিহুত জিলার জল্লার মুনসেফ শ্রীযুত বাবু বর্ম্মাদত্ত গত মাসের ৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জে এচ বেলচেম্বর্স,
রেজিষ্ট্রারের কার্য্যালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত,
ডেপুটী রেজিষ্ট্রার।

বিক্রী নেমকের মাস্কাবারি হিসাব সন ১৮৬৬ সাল তারিখ ৩১ মার্চ।

১ ডিপো	২ পাঙ্গা নেমক	৩ করকচ নেমক	৪ দর ফি ১০০ মোন	
	মোন	মোন	টাকা	
হিজলী				
পাঙ্গা নিমক ঘাট রসুলপুর ...	১,২১,৬১৫/	০	৩৯৯৲	
ঐ ঐ কৃষ্ণনগর ...	২,৩৭,৬৯৭/	০		
ঐ ঐ রামনগর ...	১,৩৩,১৭২/	০		
ঐ ঐ কালীনগর ...	২,২৬,৬৫৩/	০		
ঐ ঐ পুরীঘাটা ...	৩৭,২৮৫/	০		
একুন।	৭,৫৬,৪১১/	০		
তমলুক।				
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।	* ১৬,১৮৭/	০	৩৯৯৲	* বিক্রীর যোগ্য নহে গত ঝড়ের লোকসানের জন্যে রাখা হইল।
ঐ ঐ রসুলপুর ...	৬১,১৭১/	০	৫০৮৲	
একুন	৭৭,৩৩৮/	০		
শালিখা।				
করকচ নেমক মান্দ্রাজ পরমিট	০	৭,১৯,৮৫৯/	৩৯৬৲	
ঐ ঐ চিলকা ...	০	১,৫৪,৩১২/	৩৮৬৲	
ঐ ঐ সিন্ধু ...	০	৫,০০,০০০/	৫১৮৲	
মিশ্রিত করকচ নেমক ...	০	২,৬৭৯/		
পাঙ্গা নেমক কটক ...	১,০৭,১৭২/	০	৪২১৲	
ঐ ঐ বালেশ্বর ...	১,৪৫,২৩০/	০		
ঐ ঐ খোরদা ...	২,২০ ৯৭৮/	০		
ঐ ঐ চিলকা ...	২,৪০,৮৬৬/	০		
ঐ ঐ রামনগর	৪৭,১৮২/	০		
ঐ ঐ পুরীঘাটা ...	১,১৬,৫৮৭/	০		
ঐ ঐ কৃষ্ণনগর ...	১,৩০,১২০/	০		
ঐ ঐ নারায়ণপুর ...	২,৯৭,৬৯৬/	০		
একুন।	১,৩০৩,৮২৭/	১৩,৬৬,৮৪০/		
ঘুসুড়ি।				
পাঙ্গা নেমক ঘাট কালীনগর ...	৯৯,৩৬৩/	০		
ঐ ঐ রসুলপুর ...	৫৮,৫৯৩/	০	৫২১৲	
মিশ্রিত ঐ ঐ রামনগর ..	১৮,৩৭৩/	০		
একুন।	১,৮৭,৩২৯/	০		
চট্টগ্রাম।				
পাঙ্গা নেমক সদরঘাট ...	২,২৮২/	০	৩৯৯৲	বিক্রী যোগ্য নহে গোলার শুক্তির জন্য রাখা হইল।
ঐ ঐ আরাকিন ...	৭৭৮/	০	৫২৪৲	
করকচ নেমক মান্দ্রাজ ...	০	৫৪,৭১৭/	৩৭৯৲	
ঐ ঐ জেদ্দা ..	০	৬৭৩/		
একুন।	৩,০৬০/	৫৫,৩৯০/		
কটক।				
পাঙ্গা নেমক ...	১,৩৬৫/	০	৩৯৯৲	
একুন।	১,৩৬৪/	০		
পুরী।				
পাঙ্গা নেমক ...	২,১১,৯২২/	০	৩৯৯৲	
করকচ নেমক ...	০	৮,১৭,৩১৫/	৩৫৬৲	
একুন।	২,১১,৯২২/	৮,১৭,৩১৫/		
মোট একুন ...	২৫,২৮,২৫১/	২২,৯৫৪৫/		

মন্তব্য। শহর কলিকাতার অন্তর্গত রিবিনিউ বোর্ডের দপ্তরখানাহইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায় সেই রওয়ানা গোলাঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেক প্রার্থনা রাখে তাহার-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৫ মে।]

দিগকে ৪ ধরের লিখিত দরে ১ ধরের লিখিত সরকারী গোলাহইতে ৫০৲ পঞ্চাশ মোন এবং তাহার উর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

টি ক্রস লেন।
ছোট সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬৬ সাল ১১ মে।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জিলে চট্টগ্রাম।

এহাদ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলাহার নীচের লিখিত মহাল ইজারার বকেয়া বাকি বাবৎ ইংরেজি ১৮৬৬ সালের ১৮ মেই মোতাবেক সন ১২৭৩ বাঙ্গালা তারিখ ৫ জ্যৈষ্ঠ রোজ শুক্রবার এই কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৬ ইংরাজি তারিখ ২৪ আপ্রিল।

চতুর্থ শ্রেণী ইজারার বকেয়া বাকি খাজানা আদায় হওয়ার নিমিত্তে যে সমস্ত বিত্ত নীলাম হইবেক।

৩৯ নং তরফ আলি রোহল্লা মালিক মাহাং জমা ও মাহাং আমি ও মাহাং চোচম ও আতিউল্লা ও জমাউল্লার মধ্যে আমান আলী চৌধুরী বাকিদারের যাহা স্বত্ব ও লাভ আছে তাহা নীলাম হইবেক মোছলেম মহালের সদর জমা ৯৯৪৲৬

A. Smith,
Collector.

জিলা ঢাকা।

১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহাদ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জিলার নীচের লিখিত মহালাত ১৮৬৬ সনের ২৮ মার্চ পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্যান্য যেং দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৬৬ সনের ৩০ মেই মোং ১২৭৩ সনের ১৮ জ্যৈষ্ঠ ঐ জিলার কালেক্টরির কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ ইং তারিখ ৪ মেই মোং সন ১২৭৩ বাঙ্গলা তারিখ ২২ বৈশাখ।

প্রথম শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৯৭৮৯ নম্বরে। পং বরদাখাত তং পাঁচ ভাগ হিস্যে ৷৹ আনী জোওয়ার ও আমচর
মালিক খাজে আছানউল্লা সদর জমা ... ৬৯২৷৵০
রাস্তা খরচ ৬৸৶০
৬৯৯৷৴০

৯৫৯৭ নম্বরে। পং তথা তং তথা হিং তথা জোওয়ার তাজিরদি হিস্যে ।৵০ আনী
মালিক তথা সদর জমা ... ৬১০৷৵৭
রাস্তা খরচ ৬৵০
৬১৬৵৭

A. Levien,
Collector.

জিলা নদীয়া।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারার সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহাল সন ১৮৬৬ সালের ২৮ মার্চ পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্যান্য যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে এবং চলিত আইনমতে সন ১৮৬৬ সালের ১৫ মে তারিখ মোতাবেক সন ১২৭৩ সালের ৩ জ্যৈষ্ঠ তারিখে এজেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধায় বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ সাল তারিখ ১৭ আপ্রিল।

এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

নং তরতিব	নং তৌজী	নাম মহাল	নাম পরগনা	নাম মালিক	সদর জমা
১ নং	২১৬।০ নং	ডিহি গোবরা	পলাসী	মালিক সেবারাম সাধুখাঁদিং	১০৭৫৷৭ পুলীস ১০।৬ ——— ১০৮৫।।/১
২ নং	৩৭১।০ নং	ডিহি নাকাশীপাড়া	বাগোয়ান	মালিক শান্তিরাম রায়দিগর	সদর জমা ৪০৩০।৶/ পুলীস ৪৪।৶/ ——— ৪০৭৪৸৶
৩ নং	৩২৩৩ নং	তং সাওতা	মাহাম্মদসাহী	মালিক মির এবরাহিম হোশন	সদর জমা ৮৩৪/

H. Ulick Browne,
Collector.

জেলা যশোহর।

সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত মহাল সন ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে লাটবন্দী হইয়া সরকারি বাকী দাখিলের শেষ দিবস গত ২৮ মার্চ অবধারিত হইয়াছিল তাহাতে বাকী দাখিল না হওয়া প্রযুক্ত উক্ত আইনের ৬ ধারার বিধানক্রমে বর্ত্তমান সন ১৮৬৬ সালের ১৫ মেই মোতাবেক বাঙ্গলা সন ১২৭৩ সালের ২ জ্যৈষ্ঠ রোজ মঙ্গলবার নীলামের তারিখ অবধারিত হইল উক্ত তারিখে মহাল মজকুর জেলা যশোহরের শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে বিনাওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৬। ২০ আপ্রিল।

দ্বিতিয় শ্রেণীর মেয়াদী মহাল।

তৌজির নম্বর।	মাহালের নম্বর ও পরগনা ও কিসমত ও মালিকের নাম	সদর জমা।
৫৮	মাহাল চাঁদখালী বন্দবস্ত গ্রহীতা ৺ রামচন্দ্র ঠাকুর দিগর সেবাএত উমানাথ চৌধুরি মেয়াদ ইং ১২৬৫ নাং ১২৭৪ সাল ..	১১৯০৬৷০
১৯৫	পং মামুদাবাদ রকম ।৶ আনা বন্দবস্ত গ্রহীতা উমানাথ চৌধুরি মেয়াদ ইং ১২৬৭ নাং ১২৮৬ সন ১২৭৭ সাল পর্য্যন্ত রসদপুরা ও হর সন জমা সন ১২৭২ সাল ...	২৮২২।/৫
৪৪০০	চকঃ ঝারঝারিয়া কৃষ্ণানন্দ ঘোষ মেয়াদ ইং ১২৫৯ সাল নাং ১২৮২ সাল পর্য্যন্ত রসদপুরা জমা ১১৭২ সাল ...	১১৭৯/১
৪৪০১	চকঃ বয়ার সীমা সাধুয়ার ঘাট্টা হিমচন্দ্র চট্টোপাধ্যায় ইং ১২৫৪ নাং ১২৭৩ সাল	৬৫৭৬৶/১১
৪৪২৬	চকঃ থড়িয়া চেমসাখালী ৺ রামচন্দ্র ঠাকুরদিগর সেবাএত উমানাথ চৌধুরি ইং ১২৬০ নাং ১২৭৯ সাল ১২৭৩ সালপর্য্যন্ত রসদপুরা জমা সন ১২৭২ সাল...	৫২০৭৶/৮
৪০৮৫ নং	২২৪ নং লাটের মধ্যগত চকঃ দেমটী ও মাগুরা চন্দ্রমোহন দত্ত চৌধুরি ১২৬১ সাল হইতে ১২৭২ সাল পর্য্যন্ত রসদপুরা ...	১৫৬৩।৶/৪

J. Monro,
Offg. Collector.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১৫ মে।]

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

উকীলদের পরীক্ষার্থ পুস্তক।

গবর্ণমেণ্টের বাঙ্গলা অনুবাদক শ্রীযুত জান রাবিন্সন সাহেবের নিকটে কলিকাতার বেঙ্গল সেক্রেটারিয়ট আফিসে মূল্যসহ পত্র লিখিলে অথবা তত্ত্ব করিলে বঙ্গভাষায় অনুবাদিত নিম্ন লিখিত আইনের পুস্তক প্রাপ্ত হইবেন।

এলবর্লিং সাহেবের কৃত পুস্তক (অর্থাৎ দায়ভাগ ও মিতাক্ষরা ও দত্তকচন্দ্রিকাপ্রভৃতি হইতে সংগৃহীত) হিন্দু ব্যবস্থা এবং মহম্মদীয় ব্যবস্থার পুস্তক ডাকমাসুল শুদ্ধ	...	২৵০
ভারতবর্ষীয় দণ্ডবিধির আইন	...	৷৷৵০
ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন (এই পুস্তক ইংলণ্ডে খোদিত উত্তমাক্ষরে ও উত্তমরূপে মুদ্রিত)	...	১৵০
ইষ্টাম্পের আইন	...	৸০
১৮৬২ সালের ৬ আইন	...	৵০

[*Government Gazette*, 15*th May* 1866.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এক জে বার্ণো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

[All references in previous Acts to Acts VIII of 1859, XXIII of 1861, or the "Code of Civil Procedure" to be read as applying to this Code.]

DCLXXXI. When in any Act passed prior to the coming into operation of this Code, reference is made to Act VIII of 1859, Act XXIII of 1861, or the "Code of Civil Procedure," such references shall be read as applying to this Code, and when any procedure is directed to be in accordance with the provisions of Act VIII of 1859, Act XXIII of 1861, or the "Code of Civil Procedure," such procedure shall be deemed to be directed to be in accordance with the provisions of this Code. (S. C. C. & R. C.)

[Procedure prescribed by this Code to be followed. Proviso.]

DCLXXXII. The procedure herein prescribed shall be followed from the date on which this Code shall come into operation, in all suits and appeals, regular, special or otherwise, and, as far as it can be made applicable, in all miscellaneous cases and proceedings instituted in any Court. But this Code shall not in any way invalidate or alter the effect of any thing which shall have been done in any suit, appeal, miscellaneous case, or proceeding prior to such date, and every thing which shall have been so done shall be deemed good and shall have effect so far as circumstances will permit, in like manner as if the same had been done in due course under this Code: Provided that no party to whom a right of appeal, whether regular, special or otherwise, shall have accrued under any law for the time being in force before this Code shall have come into operation, shall be deprived of such right by any thing contained in this Code, if he shall exercise such right by preferring his appeal to the proper Court in due form within the time allowed for preferring appeals by the law under which the right of appeal accrued. (S. C. C. & R. C.)

[Power to invest Chief Executive Officer with powers of Local Government.]

DCLXXXIII. The Governor General of India in Council may invest the Chief Executive Officer of any part of British India under the immediate administration of the Government of India with the powers vested by this Code in a Local Government.

[Commencement of Code.]

DCLXXXIV. This Code shall come into operation on the day of 186 . (S. C. C. & R. C.)

[পূর্ব্বের কোন আইনে ১৮৫৯ সালের ৮ আইন ও ১৮৬১ সালের ২৩ আইন এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের উল্লেখ হইলে এই আইনের উল্লেখ হইবার মত তাহা পাঠ করিতে হইবার কথা।]

৬৮১ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে প্রচারিত কোন আইনে যদি ১৮৫৯ সালের ৮ আইনের কি ১৮৬১ সালের ২৩ আইনের কি দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের উল্লেখ হয়, তবে এই আইনের প্রতি লক্ষ হইল এমত জ্ঞান করিতে হইবে, এবং ১৮৫৯ সালের ৮ আইনের কি ১৮৬১ সালের ২৩ আইনের কি দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধানানুসারে কোন কার্য্য করিবার আদেশ হইলে এই আইনের বিধানানুসারে সেই কার্য্য করিবার আদেশ হইল এমত জ্ঞান করিতে হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

[এই আইনের নির্দ্দিষ্ট কার্য্য প্রণালীমতে কার্য্য করিতে হইবার কথা ও উপনিয়ম।]

৬৮২ ধারা। এই আইন যে তারিখে প্রচলিত হইবে সেই তারিখ অবধি সকল মোকদ্দমাতে ও নিয়মিত কি বিশেষ কি প্রকারান্তরের আপীলে এই আইনের নির্দ্দিষ্ট কার্য্যবিধানানুসারে কার্য্য করিতে হইবে, এবং যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে সেই পর্য্যন্ত কোন আদালতে উপস্থিত বিবিধ প্রকারের মোকদ্দমাতে ও বিচারকার্য্যে বর্ত্তিবে। কিন্তু উক্ত তারিখের পূর্ব্বে কোন মোকদ্দমা কি আপীল কি বিবিধ মোকদ্দমা কি বিচারকার্য্যক্রমে যে কিছু করা গিয়াছে তাহা এই আইনদ্বারা কোন ক্রমে অসিদ্ধ কি মতান্তরিত হইবে না এবং ঐ প্রকারে যে কিছু করা গিয়াছে তাহা এই আইনঅনুযায়ী রীতিমতে কৃত হওনের ন্যায় পর্য্যাপ্ত ও ভাবগতিক বিবেচনায় যে পর্য্যন্ত হয় সেই পর্য্যন্ত ফলোপযোগী জ্ঞান হইবে। কিন্তু এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে আইন যে সময়ে প্রবল ছিল তাহার বলে যদি কোন ব্যক্তির নিয়মিত কি বিশেষ কি প্রকারান্তরের আপীল করিবার স্বত্ব বর্ত্তে, তবে এই আইনের কোন কথাদ্বারা তিনি সেই স্বত্বে বঞ্চিত হইবেন না। পরন্তু ইহার নিমিত্তে আবশ্যক যে, ঐ আপীলের স্বত্ব যে আইনক্রমে জন্মে সেই আইনে আপীল করিবার যে সময় নির্দ্দিষ্ট আছে সেই সময়ের মধ্যে তিনি উচিত রীতিক্রমে উপযুক্ত আদালতে আপীল উপস্থিত করেন ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)
ও রা আ.)

[স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতা কর্ত্তৃত্ব কার্য্য নির্ব্বাহকারি প্রধান কার্য্যকারকের প্রতি অর্পণ করিবার ক্ষমতার কথা।]

৬৮৩ ধারা। এই আইনমতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি যে২ ক্ষমতার্পণ হইয়াছে মান্যসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই ক্ষমতা ভারতবর্ষের গবর্ণমেণ্টের অব্যবহিত কর্ত্তৃত্বাধীন ব্রিটনীয় ভারতবর্ষের কোন অংশের কার্য্য নির্ব্বাহকারি প্রধান কার্য্যকারকের প্রতি অর্পণ করিতে পারিবেন ইতি।

[এই আইন প্রারম্ভ হইবার সময়ের কথা।]

৬৮৪ ধারা। এই আইন অমুক সালের অমুক মাসের অমুক তারিখে প্রচলিত ও প্রবল হইবে ইতি। (ক্ষু. মো. আ. ও রা. আ.)

SCHEDULE A.

ENACTMENTS REPEALED.

Number and date of Regulations.	Title.	Extent of repeal.
	BENGAL.	
Regulation III of 1793	For extending and defining the jurisdiction of the Courts of Dewanny Adawlut, or Courts of Judicature for the trial of Civil suits in the first instance, established in the several Zilas, and in the cities of Patna, Dacca, and Moorshedabad	Section 14.
„ IV of 1793	For receiving, trying, and deciding suits or complaints declared cognizable in the Courts of Dewanny Adawlut established in the several Zilas, and in the cities of Patna, Dacca, and Moorshedabad	Section 14 and 20.
„ VI of 1793	For extending and defining the powers and duties of the Court of Sudder Dewanny Adawlut, and prescribing Rules for receiving and deciding upon Appeals from the decisions of the Provincial Courts of Appeal	Sections 13 and 14.
„ X of 1795	For empowering the Sudder Dewanny Adawlut to receive and decide upon Appeals from Decisions of the Provincial Court of Appeal established in the Province of Benares; and for defining the jurisdiction, powers, and authorities of the Sudder Dewanny Adawlut in that Province	Sections 1 and 4.
„ II of 1798	For authorizing a Review of Causes decided by the Civil Courts in certain cases; and for explaining Parts of Regulations IV, V and VI, 1793	Sections 1 and 4.
„ II of 1801	For the more speedy and effectual administration of justice in the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut	Sections 1, 2, 5 and 6, so far as they relate to the Sudder Dewanny Adawlut.
„ XII of 1811	For augmenting the number of Judges of the Courts of Sudder Dewanny Adawlut, according as may from time to time appear necessary for the despatch of the business of those Courts	So far as it relates to the Sudder Dewanny Adawlut.
„ XXV of 1814	For modifying the constitution and jurisdiction of the Sudder Dewanny Adawlut and of the Provincial Courts, for expediting the trial of Civil Causes in those Courts, and for defining more fully the powers of single Judges holding the sittings of those Courts, or of the Nizamut Adawlut and Courts of Circuit ...	Section 18, so far as it relates to the Sudder Dewanny Adawlut.

BENGAL.—(*Continued.*)

„	III of 1829	For abolishing certain Official Designations amongst the Judges of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, and of the Provincial Courts; for amending the Rules at present in force, which require the Judges of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, or other public Officers, to take the prescribed Oaths of Office before the Governor General in Council; for providing for the Decision of Civil Suits and Appeals in the Provincial Courts in certain Cases; for amending Regulation VIII of 1825, and for discontinuing the Offices of Hindu and Mahomdean Law Officer in the Provincial Courts ...	Sections 1, 2 and 3.
„	VI of 1831	For the appointment of one or more Judges to be ordinarily stationed at Allahabad for the purpose of exercising the powers and authority of the Sudder Dewanny and Nizamut Adawlut within the Province of Benares, the ceded and conquered Provinces, including the District of Meerut, Shaharunpoor, Mozuffurnuggur, and Boolundshuhur, which are now subject to the Chief Commissioner at Delhi, and the powers and authority of the Nizamut Adawlut the Province of Kumaon and the Saugor and Nerbudda Territories ...	Section 7, so far as it relates to the Court of Sudder Dewanny Adawlut.
„	IX of 1831	For the more speedy and efficient administration of justice in the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut ...	Section 9, so far as it relates to the Court of Sudder Dewanny Adawlut.
„	VI of 1832	For enabling European functionaries to avail themselves of the assistance of respectable Natives in the administration of Civil or Criminal Justice, and for modifying or dispensing with Futwas by Mahomedan Law Officers in certain trials ...	So far as it relates to Courts for the administration of Civil Justice.

MADRAS.

„	V of 1802	For constituting a Sudder Adawlut, or Chief Court of Civil Judicature, for trying Appeals from the decisions of the Provincial Courts of Appeal ...	Sections 11, 12, 14, 17, 22 and 28.
„	IV of 1806	For the more speedy and effectual administration of Justice in the Courts of Sudder Adawlut and Foujdarry Adawlut ...	So far as it relates to the Sudder Adawlut.
„	III of 1807	For modifying the constitution of the Courts of Sudder Adawlut and Foujdarry Adawlut, so far as relates to the appointment of the Judges of those Courts ...	The whole.

Number and date of Regulations.	Title.	Extent of repeal.
	MADRAS.—(*Continued.*)	
Regulation XV of 1816 ...	For modifying the jurisdiction of the Zilla and Provincial Courts, and the Court of Sudder Adawlut in the trial of original suits and appeals; for amending some of the Rules at present in force regarding the admission and trial of special and summary Appeals from decision passed in regular suits; and for limiting and altering some of the existing provisions respecting the Pleadings and Processes, and the mode of executing Decrees in regular suits and Appeals	Section 8, Clause 2.
" III of 1825 ...	To prohibit Judges from sitting on the trial of Appeals in causes tried before themselves; and to empower the Governor in Council to increase, at his discretion, the number of Judges of the Provincial Courts of Appeal and Circuit, and of the Sudder and Foujdarry Adawlut.	The whole.

Number and date of Acts.	Title.	Extent of repeal.
Act XI of 1836 ...	... ...	Section 2.
" VII of 1840 ..	For authorizing the appointment of Uncovenanted Servants to the Offices of Deputy Register and Assistant Register to the Sudder Courts of the Presidency of Fort William in Bengal.	So far as it relates to the Court of Sudder Dewanny Adawlut.

Number and date of Acts.	Title.	Extent of repeal.
Act XXIII of 1840 ...	For executing within the local limits of the jurisdiction of Her Majesty's Courts legal process issued by authorities in the Mofussil	So far as it relates to the execution of the process of Civil Courts.
„ XII of 1849 ...	For improving the jurisdiction of the Sudder Adawlut of Bombay, and for amending Section 36, Regulation II, 1827 of the Bombay Code	The whole.
„ II of 1851 ...	To amend Regulation XIII, 1810 of the Bengal Code, for the trial of Appeals ...	The whole.
„ VIII of 1855 ...	To amend the law of arrest on mesne process in Civil actions in Her Majesty's Courts of Judicature and to provide for the subsistence of prisoners confined under Civil process of any of the said Courts	The whole.
„ VIII of 1859 ...	For simplifying the procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter	The whole.
„ XXIII of 1861 ...	To amend Act VIII of 1859 *(for simplifying the procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter)*	The whole.
„ X of 1862 ...	To consolidate and amend the Law relating to Stamp Duties	Sections 17 and 26.
„ IX of 1863 ...	To amend the Code of Civil Procedure	The whole.
„ XVIII of „ ...	To make provision for the speedy and efficient disposal of the business now pending in the Office of the Master of the High Court of Judicature at Fort William in Bengal, and to provide for the abolition of the oaths now adminstered to Hindoos and Mahomedans in the said Court, and to amend the Code of Civil Procedure in respect of process issued out of the said Court in the exercise of its original Civil jurisdiction	Sections 5, 7, 8, 10 and 11.

A চিহ্নিত তফসীল।

যেং আইন রহিত হইল।

যে সালের যে নম্বরের আইন।	আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
	বঙ্গদেশের,	
১৭৯৩ সালের ৩ আইন ...	প্রতি জেলায় ও শহর পাটনা ও শহর ঢাকা ও শহর মুরশিদাবাদে সমস্ত দেওয়ানী মোকদ্দমার প্রথম বিচার ও নিষ্পত্তি জন্যে যে সকল দেওয়ানী আদালত অবধারিত হইল তাহার প্রতাপের আধিক্য ও নিরূপণের বিষয়ের আইনের	১৪ ধারা।
১৭৯৩ সালের ৪ আইন ..	সকল জেলা ও শহর পাটনা ও শহর ঢাকা ও শহর মুরশিদাবাদের দেওয়ানী আদালতের মোতালক সমস্ত মোকদ্দমা শুনিবার ও তাহার বিচার ও নিষ্পত্তি করিবার বিষয়ের আইনের ...	১৪ ও ২০ ধারা।
১৭৯৩ সালের ৬ আইন ...	সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের শক্তির আধিক্যের ও মতের নির্ণয়ের এবং যে সকল মোকদ্দমা মফঃসল আপীল আদালতে নিষ্পত্তি হইয়া পরে সদর দেওয়ানী আদালতে আপীল হয় সে সকল মোকদ্দমা শুনিবার ও নিষ্পত্তি করিবার দাঁড়া নির্দ্দিষ্টের আইনের ...	১৩ ও ১৪ ধারা।
১৭৯৫ সালের ১০ আইন ...	সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের এলাকা বারাণসের মফঃসল আপীল আদালতে নিষ্পত্তি হওয়া মোকদ্দমা সকলের আপীল লইবার ক্ষমতাপণের এবং ঐ সাহেবদিগের যে কর্তৃত্ব সেই সকল মোকদ্দমার প্রতি চলিবেক তাহার বিবরণের আইনের ...	১ ও ৪ ধারা।
১৭৯৮ সালের ২ আইন ...	দেওয়ানী এলাকার আদালত সকলের জজ সাহেবদিগকে সময়ক্রমে বিশেষ মোকদ্দমা সকলের ডিক্রীর উপর পুনর্বিচারের ভারার্পণের এবং ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৪ চতুর্থ ও ৫ পঞ্চম ও ৬ ষষ্ঠ আইনের কোনং মর্ম্ম স্পষ্ট ও পরিষ্কার করিবার আইনের	১ ও ৪ ধারা।
১৮০১ সালের ২ আইন ...	সদর দেওয়ানী আদালতের ও নিজামৎ আদালতের কার্য্য পূর্ব্বাপেক্ষা স্বত্বরে ও সুন্দররূপে সম্পন্ন হইবার আইনের	১ ও ২ ও ৫ ও ৬ ধারা সদর দেওয়ানী আদালতের সহিত যে পর্য্যন্ত সম্পর্ক রাখে সেই পর্য্যন্ত।
১৮১১ সালের ১২ আইন ...	সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সম্পর্কীয় কার্য্যকর্ম্ম শীঘ্র নির্ব্বাহ হওনের নিমিত্তে সরকারের প্রধান কর্ম্মকর্ত্তা সাহেবদিগের বিবেচনাতে ঐ আদালতের জজ সাহেবদিগের সংখ্যা অধিক করা আবশ্যক বোধ হইলে তাহার হুকুম দিবার নিমিত্তে আইনের ...	যে পর্য্যন্ত সদর দেওয়ানী আদালতের সহিত সম্পর্ক রাখে সেই পর্য্যন্ত।
১৮১৪ সালের ২৫ আইন ...	সদর দেওয়ানী আদালতের ও মফঃসল আপীল আদালতের নক্সা ও হুকুমসম্পর্কীয় কোনং বিষয়ের নিবর্ত্ত ও পরিবর্ত্ত করিবার নিমিত্তে এবং ঐ সকল আদালতেতে উপস্থিত হওয়া দেওয়ানী মোকদ্দমার নিষ্পত্তি অতিত্বরা হইবার অর্থে এবং ঐ সকল আদালতের জজ সাহেবদিগের মধ্যে কি সদর নিজামতের কিম্বা দায়ের সায়েরী আদালতের জজ সাহেবদিগের মধ্যে এক জন জজ সাহেবকে যেং কর্ম্ম কার্য্য ও বিষয় নির্ব্বাহ করিবার ক্ষমতা অর্পণ হইবেক তাহার বিবরণ ও নিরূপণ সুন্দররূপে করিবার নিমিত্তে আইনের	১৮ ধারা যে পর্য্যন্ত সদর দেওয়ানী আদালতের সহিত সম্পর্ক রাখে সেই পর্য্যন্ত।

১৮২৯ সালের ৩ আইন	সদর দেওয়ানী ও নিজামৎ আদালত এবং মফঃসল আপীল আদালতের জজ সাহেবদিগের কতক২ পদের খ্যাতি রহিত করিবার এবং সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজ সাহেবদিগের এবং অন্যান্য কার্য্যকারক সাহেবদিগের শ্রীযুত নওয়াব গবর্ণর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে ঐ২ পদের শপথ করণের নিমিত্তে যেং হুকুম এইক্ষণে চলিতেছে তাহা শুধরিবার এবং বিষয় বিশেষে মফঃসল আপীল আদালতের সাহেবদিগকে দেওয়ানী মোকদ্দমা ও আপীলের নিষ্পত্তি করণের হুকুম দিবার এবং ইঙ্গরেজী ১৮২৫ সালের ৮ অষ্টম আইন শুধরিবার এবং মফঃসল আপীল আদালতের পণ্ডিত ও মৌলবী প্রভৃতির পদ রহিত করণের আইনের	১ ও ২ ও ৩ ধারা।
১৮৩১ সালের ৬ আইন	বারাণসী প্রদেশের এবং মিরট ও শাহারণপুর ও মুজফ্ফরনগর ও বুলন্দ শহর নামক সেং জিলা এইক্ষণে দিল্লীর প্রধান কমিস্যনর সাহেবের অধীন আছে তাহা শুদ্ধ দত্ত ও জয়করা দেশের মধ্যে সদর দেওয়ানী ও নিজামত আদালতের শক্তি ও ক্ষমতানুসারে এবং কুমাউন দেশে ও সাগর ও নর্মদা প্রদেশের মধ্যে নিজামৎ আদালতের শক্তি ও ক্ষমতানুসারে কার্য্য সম্পাদনার্থে এক কি অধিক জন জজ সাহেবকে নিযুক্ত করিবার ও আলাহাবাদে অবস্থান করাইবার আইনের	৭ ধারার যে পর্য্যন্ত সদর দেওয়ানী আদালতের সহিত সম্পর্ক রাখে সেই পর্য্যন্ত।
১৮৩১ সালের ৯ আইন	সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের কর্ম্ম পূর্ব্বাপেক্ষা অতি শীঘ্র ও বিলক্ষণরূপে নির্ব্বাহ পাইবার আইনের	৯ ধারার যে পর্য্যন্ত সদর দেওয়ানী আদালতের সহিত সম্পর্ক রাখে সেই পর্য্যন্ত।
১৮৩২ সালের ৬ আইন	দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমার নির্ব্বাহ করণে ইউরোপীয় কার্য্যকারক সাহেবেরা ভারতবর্ষীয় শিষ্টবিশিষ্ট লোকদিগের সাহায্যাবলম্বনে কার্য্য করিতে ক্ষমতাপন্ন হইবার এবং কোনং মোকদ্দমায় মুফ্তীদিগের ফতওয়া মতান্তর করণের অথবা তাহা না লইয়া কার্য্য করণের আইনের	যে অংশ দেওয়ানী মোকদ্দমার বিচার করণার্থ আদালতের সহিত সম্পর্ক রাখে সেই অংশ।
	মান্দ্রাজ দেশের।	
১৮০২ সালের ৫ আইন	প্রবিন্স্যাল আপীল আদালতের নিষ্পত্তির উপর আপীলের বিচার করণার্থে সদর আদালত কি দেওয়ানী মোকদ্দমা বিচার করিবার প্রধান আদালত স্থাপন করিবার আইনের	১১ ও ১২ ও ১৪ ও ১৭ ও ২২ ও ২৮ ধারা।
১৮০৬ সালের ৪ আইন	সদর আদালতের ও ফৌজদারী আদালতের বিচার কার্য্য অতি শীঘ্র ও সফলরূপে নির্ব্বাহ করণার্থ আইনের	যে অংশ সদর আদালতের সহিত সম্পর্ক রাখে সেই অংশ।
১৮০৭ সালের ৩ আইন	সদর আদালত ও ফৌজদারী আদালত স্থাপন বিষয়ক আইনের যে অংশ ঐ২ আদালতের বিচারকর্ত্তাদিগের নিয়োগ বিষয়ে সম্পর্ক রাখে সেই অংশ মতান্তর করণের	সম্পূর্ণ আইন।

যে সালের যে নম্বরের আইন।	আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
	মান্দ্রাজদেশের।	
১৮১৬ সালের ১৫ আইন ...	জিলার ও প্রবিন্স্যাল আদালতের বিচারাধিপত্য মতান্তর করণের ও সদর আদালতে প্রথম স্থলীয় ও আপীল হওয়া মোকদ্দমা বিচার হওনের ও নিয়মিত মোকদ্দমায় কৃত নিষ্পত্তির উপর বিশেষ কি সরাসরী আপীল গ্রাহ্য ও বিচার করণ বিষয়ে যে সকল বিধি এখন প্রবল আছে তাহার কতক২ মতান্তর করণের এবং উত্তর প্রত্যুত্তর ও পরওয়ানা বিষয়ক যে সকল বিধান এখন আছে তাহার কোন২ সীমা নিরূপণ ও পরিবর্ত্তন করণের এবং নিয়মিত মতের মোকদ্দমায় ও আপীলে ডিক্রী প্রবল করণের রীতি মতান্তর করণের আইনের ...	৮ ধারার ২ প্রকরণ।
১৮২৫ সালের ৩ আইন ...	জজ সাহেবেরা নিজে যে মোকদ্দমার বিচার করিয়াছেন তাহার উপর আপীল হইলে সেই আপীল বিচারকালে তাঁহাদের উপবেশন নিষেধ করিবার এবং মন্ত্রিসভাগত শ্রীযুত গবর্ণর সাহেবের ইচ্ছামত প্রবিন্স্যাল আপীল আদালতের ও দায়েরসায়েরীর ও সদর ও ফৌজদারী আদালতের জজের সংখ্যা বৃদ্ধি করণের ক্ষমতা তাঁহাকে দিবার	সম্পূর্ণ আইন।

যে সালের যে নম্বরের আক্ট।	আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮৩৬ সালের ১১ আইনের ..	... ...	২ ধারা।
১৮৫০ সালের ৭ আইন ...	বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানী সম্পার্কীয় সদর আদালতে কোম্পানির চিহ্নিত চাকর ভিন্ন অন্যদিগকে ডেপুটী রেজিষ্টর ও আসিষ্টান্ট রেজিষ্টরের পদে নিযুক্ত করণের ক্ষমতা দেওনের বিষয়ি আইনের	যে অংশ সদর দেওয়ানী আদালতের সহিত সম্পর্ক রাখে সেই অংশ।
১৮৪০ সালের ২৩ আইন ...	মফঃসলের কার্য্যকারকেরদের করা হুকুম শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের এলাকার সীমার মধ্যে জারী করণের নিমিত্তে আইনের	যে অংশ দেওয়ানী আদালতের পরওয়ানা জারী করণের সহিত সম্পর্ক রাখে সেই অংশ।
১৮৫৯ সালের ১২ আইন ...	বোম্বাইয়ের সদর আদালতের উন্নতি করণার্থ ও বোম্বাই দেশের ১৮২৭ সালের ২ আইনের ৩৬ ধারা সংশোধনার্থ	সম্পূর্ণ আইন।

১৮৫১ সালের ২ আইন ...	আপীলী মোকদ্দমা বিচার করণের বিধরি বাঙ্গলা দেশের চলিত ১৮১০ সালের ১৩ আইন সংশোধনের	সম্পূর্ণ আইন।
১৮৫৫ সালের ৭ আইন ...	শ্রীশ্রীমতী মহারাণীর বিচার কার্য্য নির্ব্বাহকারি আদালতে দেওয়ানী মোকদ্দমা উপস্থিত থাকন সময়ে পরওয়ানাক্রমে আসেধ করণের ব্যবস্থা সংশোধনার্থ এবং উক্ত কোন পরওয়ানাক্রমে দেওয়ানী আদালতে বদ্ধ কয়েদিদের আহারের বিধান করণার্থ	সম্পূর্ণ আইন।
১৮৫৯ সালের ৮ আইন ...	দেওয়ানী মোকদ্দমার যেং আদালত রাজকীয় চার্টরের দ্বারা স্থাপিত হয় নাই সেইং আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার	সম্পূর্ণ আইন।
১৮৬১ সালের ২৩ আইন ...	১৮৫৯ সালের ৮ আইন (অর্থাৎ দেওয়ানী মোকদ্দমার যেং আদালত রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত হয় নাই সেইং আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইন) সংশোধনার্থ ...	সম্পূর্ণ আইন।
১৮৬২ সালের ১০ আইন ...	ইষ্টাম্পের মাস্থলের আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের.. ...	১৭ ও ২৬ ধারা।
১৮৬৩ সালের ৯ আইন ...	দেওয়ানী কার্য্য বিধানের আইন সংশোধনার্থ	সম্পূর্ণ আইন।
১৮৬৩ সালের ১৮ আইন ..	বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের মাষ্টর সাহেবের আফিসে যে কর্ম্ম এইক্ষণে উপস্থিত আছে তাহা ত্বরায় ও সফলরূপে নির্ব্বাহ করিবার এবং উক্ত আদালতে হিন্দুদের ও মুসলমানদের যে প্রকারে শপথ করিতে হয় তাহা রহিত করিবার বিধান করণার্থ এবং দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাক্রমে কার্য্য করত উক্ত আদালতহইতে যে পরওয়ানা বাহির করিতে হয় তদ্বিষয়ে দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইন সংশোধনার্থ আইনের	৫ ও ৭ ও ৮ ও ১০ ও ১১ ধারা।

SCHEDULE B.

Court of the of holden at

Register of Civil Suits in the year 18 .

Date of presentation of plaint.	No. of Suit.	Plaintiff.			Dependant.			Claim.			Appearance.			Judgment.			Appeal.		Execution.					Return of Execution.		
		Name.	Description.	Place of abode.	Name.	Description.	Place of abode.	Particulars.	Amount of value.	When the Cause of Action accrued.	Day for Parties to appear.	Plaintiff.	Defendant.	Date.	For whom.	For what, or Amount.	Date of Appeal.	Judgment in Appeal.	Date of Application.	Date of Order.	Against whom.	For what, and amount if money.	Amount of Costs.	Amount paid into Courts.	Arrested.	Minute of other Return than payment or Arrest, and Date of every Return.

B চিহ্নিত তফসীল।

অমুক স্থানের অমুক বিচারকর্ত্তার আদালতে

অমুক সালের দেওয়ানী মোকদ্দমার রেজিষ্টর।

নালিশপত্র দাখিল করিবার তারিখ	মোকদ্দমার নম্বর	বাদী			প্রতিবাদী			দাওয়া			উপস্থিত হওন			নিষ্পত্তি			আপীল		ডিক্রী সাধনের আজ্ঞা					ডিক্রী সাধনের আজ্ঞাপত্রের প্রত্যার্পণ।		
		নাম	পদাদির বৃত্তান্ত	বাসস্থান	নাম	পদাদির বৃত্তান্ত	বাসস্থান	দাওয়ার বিশেষ	যত টাকার কি যে মূল্যের	বিবাদের হেতু যে সময়ে উৎপন্ন হইয়াছিল	উভয় পক্ষের উপস্থিত হইবার নিরূপিত তারিখ	বাদী	প্রতিবাদী	তারিখ	যাহার পক্ষে	যে বিষয়ের কি যত টাকার	আপীলের তারিখ	আপীলের নিষ্পত্তি	প্রার্থনাপত্রের তারিখ	আজ্ঞার তারিখ	যাহার বিপক্ষে	যে বিষয়ের, ও টাকা হইলে যত টাকার	যত খরচা হয়	যত টাকা আদালতে দাখিল হয়	আদেশ	টাকা মোকদ্দমাভিন্ন কি আদেশ ভিন্ন অন্য যে রিটর্ণ হইয়াছে ও প্রত্যেক রিটর্ণের তারিখ

SCHEDULE C.

No. of Suit.
In the Court of at

Plaintiff.
Defendant.

To (*Name, description, and address.*)

Whereas [*here enter the name, description, and address of the plaintiff*] has instituted a suit in this Court against you [*here state the particulars of the claim as in the Register*]: you are hereby summoned to appear in this Court in person on the day of at in the forenoon [*if not specially required to appear in person, state—" in person or by an Advocate of the Court duly instructed and able to answer all material questions relating to the suit, or who shall be accompanied by some other person able to answer all such questions"*] to answer the above-named plaintiff. [*If the summons be for the final disposal of the suit, this further direction shall be added here; " and as the day fixed for your appearance is appointed for the final disposal of the suit, you must be prepared to produce all your witnesses on that day"*] : and you are hereby required to take notice that, in default of your appearance on the day before mentioned, the suit will be heard and determined in your absence; and you will bring with you (or send by your agent) [*here mention any document the production of which may be required by the plaintiff*] which the plaintiff desires to inspect, and any document on which you intend to rely in support of your defence.

C চিহ্নিত তফসীল।

মোকদ্দমার নম্বর।

অমুক স্থানের অমুক আদালতে

বাদী।
শ্রীঅমুক [নাম ও পদাদির বৃত্তান্ত ও বাসস্থান।] প্রতিআগে
প্রতিবাদী।

শ্রীঅমুক (এই স্থানে বাদির নাম ও পদাদির বৃত্তান্ত ও বাসস্থান লিখিতে হইবে) তোমার নামে এই আদালতে অমুক বিষয়ে (এই স্থলে রেজিস্টরে লিখিত দাওয়ার বিবরণ লিখিতে হইবে) মোকদ্দমা উপস্থিত করিয়াছেন। অতএব তোমাকে পূর্ব্বোক্ত বাদির উত্তর দিবার জন্যে অমুক সালের অমুক মাসের অমুক তারিখের পূর্ব্বাহ্নে এই আদালতে স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা করা গেল। [যদি স্বয়ং উপস্থিত হইবার স্পষ্ট আজ্ঞা না থাকে, তবে এই কথা লিখিতে হইবে, " স্বয়ং উপস্থিত হইবার, কিম্বা উপযুক্তমতে শিক্ষাপ্রাপ্ত আদালতের যে উকীল মোকদ্দমাসম্পর্কীয় গুরুতর সকল জিজ্ঞাসার উত্তর দিতে পারেন এমত উকীলের দ্বারা, কিম্বা অন্য যে লোক ঐ সকল জিজ্ঞাসার উত্তর করিতে পারে তাহাকে উকীলের সঙ্গে দিয়া ঐ উকীলের দ্বারা উপস্থিত হইবার আজ্ঞা করা গেল।"] [যদি মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে আহ্বানপত্র হয়, তবে আরো এই আদেশ লিখিতে হইবে,] "ও তোমার উপস্থিত হইবার যে দিন নিরূপণ হইল তাহা মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নির্দ্ধারিত দিবস, অতএব সেই দিনে তোমার সকল সাক্ষিকে উপস্থিত করিতে তোমার প্রস্তুত থাকিতে হইবে।" আরো তোমাকে এই সংবাদ দেওয়া যাইতেছে যে তুমি যদি সেই তারিখে উপস্থিত না হও, তবে তোমার অনুপস্থানে ঐ মোকদ্দমার শ্রবণ ও নিষ্পত্তি হইবে। আরো বাদী অমুক যে নিদর্শনপত্র দেখিতে চাহিয়াছে তাহা, এবং তুমি আপনি যে কোন নিদর্শনপত্রের উপর নির্ভর করিয়া প্রতিপক্ষতা করিতে মনঃস্থ করিতেছ, তাহাও সঙ্গে করিয়া আনিবা (কিম্বা তোমার মোক্তারের দ্বারা পাঠাইবা।)

SCHEDULE D.

No. of Suit.
In the Court of at

Plaintiff.
Defendant.

To (*Name, description, and address.*)

You are hereby summoned to appear in this Court in person on the day of at in the forenoon, to give evidence on behalf of the plaintiff (*or* the defendant) in the abovementioned suit, and to produce (*here describe with convenient certainty any document the production of which may be required. If the Summons be only to give evidence, or if it be only to produce a document, it must be expressed accordingly*) : and you are not to depart thence without the leave of the Court.

D চিহ্নিত তফসীল।

মোকদ্দমার নম্বর।

অমুক স্থানের অমুক আদালতে।

অমুকের প্রতি।

শ্রী অমুক [নাম ও পদাদির বৃত্তান্ত ও বাসস্থান] প্রতি আগে { বাদী। / প্রতিবাদী।

তোমাকে এই সমন দেওয়া যাইতেছে যে পুর্ব্বোক্ত মোকদ্দমার বাদির (কিম্বা প্রতিবাদির) পক্ষে প্রমাণ দিবার জন্যে, এবং অমুক নিদর্শনপত্র (এই স্থলে যে নিদর্শনপত্র উপস্থিত করিবার আদেশ হয় তাহা চিনিবার মত তাহার উপযুক্ত লক্ষণের বর্ণনা করিতে হইবে) উপস্থিত করিবার জন্যে তুমি অমুক সালের অমুক মাসের অমুক তারিখের পুর্ব্বাহ্নে আপনি এই আদালতে উপস্থিত হও, (যদি কেবল প্রমাণ দিবার জন্যে কিম্বা কেবল নির্শনপত্র আনিয়া দেখাইবার জন্যে সমন হয়, তবে তাহা স্পষ্ট করিয়া লিখিতে হইবে) এবং আদালতের অনুমতি বিনা তোমাকে অন্য স্থানে যাইতে হইবে না।

SHEDULE E.

COURT (*or* HIGH COURT) at

REGISTER OF APPEALS FROM DECREES in the year 18

Date of Memorandum.	No. of Appeal.	APPELLANT.			RESPONDENT.			DECREE APPEALED FROM				APPEARANCE.			JUDGMENT.		
		Name.	Description.	Place of abode.	Name.	Description.	Place of abode.	Of what Court.	No. of Original Suit.	Particulars.	Amount or value.	Day for parties to appear.	Appellant.	Respondent.	Date.	Confirmed, reversed or altered.	For what, or Amount.

E চিহ্নিত তফসীল।

অমুক স্থানের আদালত কি হাইকোর্ট।

অমুক সালে ডিক্রীর উপর আপীলের রেজিস্টর।

মর্ম্মজ্ঞাপকপত্রের তারিখ	আপীলের নম্বর	আপেলাণ্ট			রেস্পাণ্ডেণ্ট			যে ডিক্রীর উপর আপীল হয়				উপস্থিত হওন			নিষ্পত্তি		
		নাম	পদাদির বৃত্তান্ত	বাসস্থান	নাম	পদাদির বৃত্তান্ত	বাসস্থান	যে আদালতের	প্রথম মোকদ্দমার নম্বর	বিশেষ কথা	যত টাকার কি যে মূল্যের	উভয় পক্ষের উপস্থিত হইবার তারিখ	আপেলাণ্ট	রেস্পাণ্ডেণ্ট	তারিখ	প্রবল কি রহিত কি পরিবর্ত্তিত	যে বিষয়ের কি যত টাকার

SCHEDULE F.

High Court at

Register of Special Appeals.

Date of Memorandum.	No. of Appeal.	Appellant.			Respondent.			Decree Appealed from.				Appearance.			Judgment.		
		Name.	Description.	Place of abode.	Name.	Description.	Place of abode.	Of what Court.	No. of Original Suit, and of Appeal.	Particulars.	Amount or value.	Day for parties to appear.	Appellant.	Respondent.	Date.	Confirmed, reversed, or altered.	For what, or Amount.

F চিহ্নিত তফসীল।

অমুক স্থানের হাই কোর্ট।

বিশেষ আপীলের রেজিষ্টর।

মর্ম্মাঙ্কপত্রের তারিখ	আপীলের নম্বর	আপেলাণ্ট			রেস্পাণ্ডেণ্ট			যে ডিক্রীর উপর আপীল হয়				উপস্থিত হওন			নিষ্পত্তি।		
		নাম	পদাদির বৃত্তান্ত	বাসস্থান	নাম	পদাদির বৃত্তান্ত	বাসস্থান	যে আদালতের	প্রথম মোকদ্দমার ও আপীলের নম্বর	বিশেষ কথা	যত টাকার কি যে মূল্যের	উভয় পক্ষের উপস্থিত হইবার তারিখ	আপেলাণ্ট	রেস্পাণ্ডেণ্ট	তারিখ	প্রবল কি রহিত কি পরিবর্ত্তিত	যে বিষয়ের কি যত টাকার

John Robinson, *Bengalee Translator.*

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুক্ত এফ জে বার্ণো সাহেব কর্ত্তৃকমুদ্রিত ও প্রকাশিত হইল।

UTTERPARAH PUBLIC LIBRARY 1859

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 22, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২২ মে।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 13th March 1866, and having been assented to by His Excellency the Governor General on the 23rd idem, is hereby promulgated for general information :—

ACT No. IV. OF 1866.

An Act to amend and consolidate the provisions of Act XIII of 1856, *(for regulating the Police of the Towns of Calcutta, Madras and Bombay) and of Act XLVIII of* 1860 (*to amend Act XIII of* 1856.)

[Preamble.]

WHEREAS it is expedient to amend and consolidate the provisions of Act XIII of 1856, and of Act XLVIII of 1860, so far as the said Acts are applicable to the Town of Calcutta; It is enacted as follows :—

[Short Title.]

I. This Act may be cited as "The Calcutta Police Act, 1866."

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক ডিপার্টমেণ্ট।

মন্ত্রি সভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইন বিষয়ে উক্ত মান্যবর ১৮৬৬ সালের ১৩ মার্চ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবেরও ঐ মাসের ২৩ তারিখে তদ্বিষয়ে সম্মতি প্রকাশ হওয়াতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৮৬৬ সালের ৪ আইন।

১৮৫৬ সালের ১৩ আইন (অর্থাৎ কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের পোলীসের বিধান করিবার আইন) ও ১৮৬০ সালের ৪৮ আইন (অর্থাৎ ১৮৫৬ সালের ১৩ আইন সংশোধনার্থ) আইনের বিধান সংশোধন ও সংগ্রহ করিবার আইন।

[হেতুবাদ।]

১৮৫৬ সালের ১৩ আইনের ও ১৮৬০ সালের ৪৮ আইনের বিধান কলিকাতা নগরের প্রতি যে পর্য্যন্ত বর্ত্তে সেই পর্য্যন্ত সংশোধন ও সংগ্রহ করা বিহিত, এই হেতু পশ্চাৎ লিখিত বিধান করা গেল।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন ১৮৬৬ সালের কলিকাতার পোলীসের আইন নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[Acts XIII of 1856 and XLVIII of 1860 repealed as far as regards Calcutta.]

II. This Acts XIII of 1856 and XLVIII of 1860, so far as they relate to the Town of Calcutta, are hereby repealed, except so far as they repeal any other enactment, and except as to any act or offence which shall have been done or committed, or to any money which shall have become due, or to any fine or penalty which shall have been incurred, or to any proceedings which shall have been commenced, before this Act shall come into operation.

[Interpretation.]

III. The following words and expressions in this Act shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction, (that is to say)—

["Town."]

The word "Town of Calcutta" shall include all places within the local limits of the jurisdiction of Her Majesty's High Court of Judicature at Fort William in Bengal.

["Magistrate."]

The Word "Magistrate" shall mean any Magistrate of Police acting for the said Town.

["Property."]

The word "property" shall include any chattel, money, or valuable security.

["Month."]

The word "month" shall mean calendar month.

["Oath."]

The word "oath" shall include any affirmation or declaration lawfully substituted for an oath.

["Common gaming-house."]

The words "common gaming-house" shall be taken to mean any house, room, or place in which cards, dice, tables, or other instruments of gaming are kept or used for the profit or gain of the person owning or keeping such house, room, or place, whether by way of charge for the use of the instruments of gaming, or of the house, room, place, or otherwise howsoever.

["Cattle."]

The word "cattle" shall, besides horned cattle, include horses, assess, mules, sheep, goats and swine.

[Number.]

Words importing the singular number shall include the plural number and words importing the plural number shall include the singular number.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ । ২২ মে ।]

[কলিকাতা সম্পর্কে ১৮৫৬ সালের ১৩ আইন ও ১৮৬০ সালের ৪৮ আইন রহিত হইবার কথা

২ ধারা। উক্ত ১৮৫৬ সালের ১৩ আইন ও ১৮৬০ সালের ৪৮ আইন যেপর্য্যন্ত কলিকাতা নগরের সহিত সম্পার্ক রাখে সেই পর্য্যন্ত ইহাতে রহিত করা গেল। কিন্তু ঐ২ আইনদ্বারা অন্য যে কোন আইন রহিত হইয়াছে তৎসম্পর্কে, এবং এই আইন প্রবল হইবার পূর্ব্বে যে কোন ক্রিয়া কি অপরাধ করা গিয়াছে কিম্বা যে টাকা দেনা কিম্বা যে কোন অর্থদণ্ড কি দণ্ড হইয়াছে কিম্বা মোকদ্দমাঘটিত যে কোন কার্য্য আরম্ভ হইয়াছে তৎসম্পার্কে ঐ২ আইন রহিত হইবে না ইতি।

[অর্থ করণের ধারা।]

৩ ধারা। এই আইনের নিম্নলিখিত কথার ও শব্দের যে২ অর্থ এই ধারাতে করা গেল তাহার সেই২ অর্থ হইবেক। কিন্তু যদি বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথাতে সেই অর্থ অসঙ্গত হয়, তবে তাহার সেই অর্থ হইবে না।

[নগর।]

কলিকাতা নগর এই কথাতে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীস্থ শ্রীশ্রীমতী মহারাণীর হাই কোর্টের স্থানসংক্রান্ত বিচারাধিপত্যের যে সীমা আছে সেই সীমার অন্তর্গত সকল স্থান বুঝাইবে।

[মাজিষ্ট্রেট।]

মাজিষ্ট্রেট শব্দে উক্ত নগরেরপক্ষে কর্ম্মকারি পোলীসের কান মাজিষ্ট্রেটকে বুঝাইবে।

[সম্পত্তি।]

সম্পত্তি এই শব্দের মধ্যে কোন দ্রব্য কি টাকা কি মূল্য সংক্রান্ত প্রতিভূপত্রও গণ্য হইবে।

[মাস।]

মাস শব্দে ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামত মাস বুঝাইবে।

[শপথ।]

শপথ শব্দে যে কোন সত্য উক্তি কি প্রতিজ্ঞা আইনমতে শপথের পরিবর্ত্তে হইতে পারে তাহাও বুঝাইবে।

[সামান্য জুয়া খেলার ঘর।]

কোন ব্যক্তি ঘরের কি কুঠরির কি স্থানের স্বামী হইয়া কিম্বা ঘর কি কুঠরী কি স্থান রাখিয়া যদি আপন লাভের নিমিত্তে তাস কি পাশা কি ছক কি দ্যূত ক্রীড়ার অন্য দ্রব্য তাহাতে রাখেন কি ব্যবহার করেন, তবে সেই ব্যক্তি দ্যূতক্রীড়ার দ্রব্য ব্যবহারের নিমিত্তে কি সেই ঘরের কি কুঠরীর কি স্থানের ব্যয়ের নিমিত্তে কি অন্য যেরূপে ঐ লভ্য প্রাপ্ত হউন, সামান্য জুয়া খেলার ঘর শব্দে সেই ঘর কি কুঠরী কি স্থান বুঝাইবে।

[গোমেষাদি।]

"গোমেষাদি" এই শব্দেতে গরুআদি বুঝাইবে ও তদ্ভিন্ন ঘোড়া ও গাধা ও খচর ও মেষ ও ছাগল ও শূকর বুঝাইবে।

[বচন]

এক বচনান্ত শব্দেতে বহু বচনান্ত শব্দ ও বহু বচনান্ত শব্দেতে এক বচনান্ত শব্দ বুঝাইবে।

[Gender.]

Words importing the masculine gender shall include females.

[Appointment and removal of Commissioner of Police.]

IV. The administration of the Police in the Town of Calcutta shall be vested in an Officer to be styled the Commissoner of Police for such Town, who shall from time to time be appointed by the Lieutenant-Governor of Bengal and may be removed by the same authority, and who shall receive such salary as the Governor General of India in Council shall allow.

[Appointment of Deputies to the Commissioner of Police.]

V. The said Lieutenant-Governor may from time to time appoint one or more Deputies to the Commissioner of Police, who shall be competent to perform any of the duties assigned to that Officer under his orders. The Deputy Commissioner may be removed at any time by order of the said Lieutenant-Governor.

[Commissioner of Police shall not ordinarily be a Magistrate.]

VI. The Commissioner of Police shall not ordinarily be a Magistrate of Police under this Act, but, with the sanction of the Governor General of India in Council, may be appointed to that office, when the said Lieutenant-Governor, for special reasons, may deem it expedient.

[Commissioner of Police to be a Justice of the Peace, but to act only in certain cases.]

VII. The Commissioner of Police shall be appointed a Justice of the Peace, but unless he is vested with the jurisdiction of a Magistrate of Police, he shall act as a Justice only so far as may be necessary for the preservation of the peace, the prevention of crimes, and the detection, apprehension, and detention of offenders in order to their being brought before a Magistrate of Police; and so far as may be necessary for the performance of the duties assigned to the Commissioner by this Act. The Deputies to the Commissioner of Police may be appointed Justices of the Peace, and, if so appointed, shall act in that capacity, subject to the above restriction.

[Constitution of Police Force.]

VIII. For the said Town of Calcutta there shall be a Police Force, which shall consist of such number of Officers and men, and shall be otherwise constituted in such manner, as shall be, from time to time, ordered by the said

[লিঙ্গ।]

পুংলিঙ্গ বোধক শব্দেতে স্ত্রীগণও গণ্য ইতি।

[পোলীসের কমিস্যনর সাহেবকে নিযুক্ত ও অপসর করণের কথা।]

৪ ধারা। কলিকাতা নগরের পোলীসের কার্য্যনিরূপণাধিকারিত্ব ভার এক জন কার্য্যকারকের প্রতি অর্পিত হইবে। তিনি সেই নগরের পোলীসের কমিস্যনর নামে খ্যাত হইবেন। তিনি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক সময়ে২ নিযুক্ত হইবেন ও সেই সাহেবের আজ্ঞাক্রমে অপসৃত হইতে পারিবেন। ও মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে বেতনের অনুমতি করেন তিনি সেই বেতন পাইবেন ইতি।

[পোলীসের কমিস্যনর সাহেবের ডেপুটীদিগকে নিযুক্ত করিবার কথা।]

৫ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পোলীসের কমিস্যনর সাহেবের এক কি ততোধিক জন ডেপুটীকে সময়ে২ নিযুক্ত করিতে পারিবেন. তাঁহারা ঐ কার্য্যকারকের আজ্ঞামতে তাঁহার প্রতি অর্পিত কোন কর্ম্ম সম্পাদন করিতে পারিবেন। উক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞামতে ডেপুটী কমিস্যনরদিগকে কোন সময়ে অপসর করা যাইতে পারিবেক ইতি।

[পোলীসের কমিস্যনর সাহেব সামান্যতঃ মাজিষ্ট্রেট না হইবার কথা।]

৬ ধারা। পোলীসের কমিস্যনর সাহেব সামান্যতঃ এই আইনানুযায়ি পোলীসের মাজিষ্ট্রেট হইবেন না। কিন্তু শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বিশেষ কারণে বিহিত জ্ঞান করিলে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতিক্রমে তাঁহাকে সেই পদে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[পোলীসের কমিস্যনর সাহেব শান্তিরক্ষার্থ জষ্টিস হওয়ার, কিন্তু কেবল বিশেষ স্থলে সেই কর্ম্ম করিবার কথা।]

৭ ধারা। পোলীসের কমিস্যনর সাহেব শান্তিরক্ষার্থ জষ্টিস স্বরূপ নিযুক্ত হইবেন। কিন্তু যদি পোলীসের মাজিষ্ট্রেটের বিচারক্ষমতা প্রাপ্ত না হন, তবে শান্তিরক্ষার ও অপরাধ নিবারণের জন্যে ও পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত করিবার নিমিত্তে অপরাধির সন্ধান পাইবার ও তাহাকে ধরিবার ও আটক রাখিবার জন্যে এবং এই আইনক্রমে কমিস্যনরের প্রতি যে২ কর্ম্ম অর্পিত হইয়াছে তৎসম্পাদনের জন্যে যে পর্য্যন্ত আবশ্যক হয় সেই পর্য্যন্ত জষ্টিসের ন্যায় কর্ম্ম করিবেন। পোলীসের কমিস্যনর সাহেবের ডেপুটীরা শান্তিরক্ষার্থ জষ্টিসের পদে নিযুক্ত হইতে পারিবেন, ও সেইরূপে নিযুক্ত হইলে তাঁহারা উপরের লিখিত নিষেধক্রমে জষ্টিসের ন্যায় কার্য্য করিবেন ইতি।

[পোলীস দল সংস্থাপনের কথা।]

৮ ধারা। উক্ত কলিকাতা নগরের জন্যে পোলীস দল হইবেক। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতিক্রমে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যত নায়কের ও সৈন্যের আজ্ঞা করেন তত জন নায়ক ও সৈন্য ঐ দলে নিযুক্ত

Lieutenant-Governor, with the sanction of the Governor General of India in Council.

[The Police Force to be under the control of the Commissioner. Rules for the government of the Force to be made by the Commissioner and approved by Government.]

IX. The Police Force shall be under the exclusive direction and control of the Commissioner of Police, who may, from time to time, subject to the approbation of the said Lieutenant-Governor, frame such orders and regulations as he shall deem expedient, relative to the general government of the Force, the places of residence, the classification, rank, distrbution, and particular service of the several members thereof; their inspection; the description of arms, accountrements, and other necessaries to be furnished to them, and all such other orders and regulations relative to the said Police Force as the said Commissioner shall, from time to time, deem expedient for preventing neglect or abuse, and for rendering such Force efficient in the discharge of all its duties.

[Appointment, &c., of the Police Force to rest with the Commissioner.]

X. The appointment of the members of the Police Force shall rest with the Commissioner of Police, and he may, at any time, suspend or dismiss any member of the Force whom he shall think remiss or negligent in the discharge of his duty, or otherwise unfit for the same.

[Power of Commissioner to fine members of the Police Force.]

XI. For any lesser breach of discipline, or other misconduct not requiring the suspension or dismisal of the offender, a member of the Police Force may be fined by the Commissioner in any sum not exceeding one-half of his monthly pay.

[Additional penalties for members of the Police Force for neglect of duty, &c.]

XII. For neglect or violation of duty in his office, and for any breach of the orders and regulations framed as aforesaid, every member of the Police, besides being suspended or dismissed from his employment at the discretion of the Commissioner, shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding one hundred Rupees, (which may be deducted from any salary then due to such offender,) or to imprisonment, with or without hard labor, for any term not exceeding three months.

হইবে। এবং অন্যং বিষয়ে যে প্রকার আজ্ঞা করেন সেই প্রকারে ঐ দলের নিয়ম হইবে ইতি।

[পোলীস দলের কমিস্যনরের কর্ত্তৃত্বাধীনে থাকিবার ও দল শাসনের বিধি কমিস্যনর দ্বারা প্রস্তুত ও গবর্ণমেণ্টের স্বীকৃত হইবার কথা।]

৯ ধারা। পোলীস দল কেবল পোলীসের কমিস্যনর সাহেবের আজ্ঞা ও কর্ত্তৃত্বাধীনে থাকিবে। আর তাহাদের সাধারণমতে শাসনের ও তাহাদের বাসস্থানের ও শ্রেণীবদ্ধ হওনের ও পদের ও স্থানেং নিযুক্ত হওনের ও নানা ব্যক্তির বিশেষং কর্ম্মের ও তাহাদের তত্ত্বাবধারণের ও তাহাদিগকে যে অস্ত্রশস্ত্র ও সজ্জা ও আবশ্যক অন্যং দ্রব্য দেওয়া যাইবে, তদ্বিষয়ের এবং ঐ দলের আলস্য কি অত্যাচার নিবারণের জন্যে ও কর্ত্তব্য সকল কার্য্য সম্পাদন সম্পর্কে ঐ দলের ফলোপযোগীতা জন্যে উক্ত কমিস্যনর সাহেব যে সকল আজ্ঞা ও বিধি সময়েং বিহিত বোধ করেন তাহা প্রস্তুত করিতে পারিবেন। কিন্তু তাহাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মতির অপেক্ষা থাকিবে ইতি।

[পোলীসের দলস্থ ব্যক্তিদিগকে নিযুক্ত করণপ্রভৃতি কর্ম্ম কমিস্যনর সাহেবের প্রতি বর্ত্তিবার কথা।]

১০ ধারা। পোলীস দলস্থ ব্যক্তিদিগকে নিযুক্ত করিবার ভার পোলীসের কমিস্যনর সাহেবের প্রতি থাকিবে। তিনি দলস্থ কোন ব্যক্তিকে কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিতে অলস কি অমনোযোগী কিম্বা অন্য প্রকারে অনুপযুক্ত জ্ঞান করিলে তাহাকে কোন সময়ে কিঞ্চিৎকালের কি চিরকালের নিমিত্তে অপসর করিতে পারিবেন ইতি।

[পোলীস দলস্থ ব্যক্তিদিগের অর্থদণ্ড করিতে কমিস্যনর সাহেবের ক্ষমতার কথা।]

১১ ধারা। বিধি না মানিবার ক্ষুদ্র দোষের নিমিত্তে কিম্বা অনুচিত যে কর্ম্মপ্রযুক্ত অপরাধিকে কিঞ্চিৎ কাল কি চিরকাল অপসর করিবার প্রয়োজন নাই, তন্নিমিত্তে কমিস্যনর সাহেব পোলীসের দলস্থ ব্যক্তিদিগের মাসিক বেতনের অর্দ্ধেকের অনধিক অর্থদণ্ড করিতে পারিবেন ইতি।

[কর্ম্মের উপেক্ষা প্রভৃতি হইলে পোলীস দলস্থ ব্যক্তিদের অধিক দণ্ডের কথা।]

১২ ধারা। পোলীসের দলস্থ কোন ব্যক্তি আপনার পদের কর্ত্তব্য কর্ম্ম না করিলে কি লঙ্ঘন করিলে, এবং পুর্ব্বোক্তমতের প্রণীত আজ্ঞা ও বিধান ভঙ্গ করিলে, সেই ব্যক্তি কমিস্যনর সাহেবের বিবেচনামতে কিঞ্চিৎকাল কি চিরকাল অপসর হইতে পারিবে। তদতিরিক্ত মাজিষ্ট্রেটের সম্মুখে তাহার দোষ প্রমাণ হইলে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবে অথবা তিন মাসের অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কি তদ্ভিন্ন কারাদণ্ডের যোগ্য হইবে। অর্থদণ্ড হইলে তাহার যে বেতন তখন পাওনা থাকে তাহাহইতে কাটিয়া লওয়া যাইতে পারিবে ইতি।

[Members of Police Force to receive Certificates vesting them with the powers of a Constable.]

XIII. Every member of the Police Force shall receive on his enrolment a Certificate (A) under the signature of the Commissioner of Police, by virtue of which he shall be vested with the powers, functions, and privileges of a Constable. Such Certificate shall cease to have effect whenever the person named in it suspended or dismissed, or otherwise removed from employment in the Force.

[Members of Police Force not to resign without leave, or six or two months' notice.]

XIV. No member of the Police Force, to be enrolled under this Act, shall be at liberty to resign his office, or to withdraw himself from the duties thereof, unless expressly allowed so to do in writing by the Commissioner, or unless he shall have given to the Commissioner, six months' notice of his intention if a member of the mounted branch of the said Force, and two months' notice if a member of any other branch; and every member of the said Force, who shall so resign or withdraw himself without such leave or notice, shall be liable, on the order of the Commissioner, to forfeit all arrears of pay then due to him; and, on the sentence of a Magistrate, if such Magistrate shall think fit, to pay a fine not exceeding fifty Rupees, or to be imprisoned, with or without hard labor, for any term not exceeding two months.

[Penalty for dismissed members of Police Force not delivering up clothing, accoutrements, &c.]

XV. Every member of the Police Force, who shall be dismissed from, or shall cease to hold and exercise his office, and who shall not forthwith deliver up his Certificate, and all the clothing, accoutrements, and appointments, and other necessaries, which may have been supplied to him for the execution of his duty, to the Commissioner, or to such person and at such time and place as shall be directed by the said Commissioner, shall be liable, on summary conviction before a Magistrate, to imprisonment, with or without hard labor, for any term not exceeding one month. And it shall be lawful for the Commissioner, or for any Magistrate, to issue his warrant to search for and seize all the clothing, accoutrements, appointments, and other necessaries which shall not be so delivered over, wherever the same may be found.

[Police Superannuation Fund.]

XVI. There shall be deducted from the pay of every member of the Police Force, of a class not entitled to the benefit of the Uncovenated Service Pension Rules, a sum after such rate as the said Lieutenant-Governor shall direct, not

[পোলীস দলস্থ ব্যক্তিদিগকে কনষ্টাবলের ক্ষমতা প্রদানের সংশিতপত্র দিবার কথা।]

১৩ ধারা। পোলীস দলস্থ প্রত্যেক জনের নাম ফর্দ্দে লেখা গেলে তাহাকে পোলীসের কমিস্যনর সাহেবের স্বাক্ষরিত A চিহ্নিত, সংশিতপত্র দেওয়া যাইবে. তাহার শক্তিবলে ঐ ব্যক্তি কনষ্টাবলের শক্তি ও কর্ম্ম ও ক্ষমতা প্রাপ্ত হইবে। সেই সংশিতপত্রে যাহার নাম থাকে সেই ব্যক্তির কিঞ্চিৎকাল কি চিরকাল কর্ম্ম দণ্ড হইলে কি তাহাকে অন্য প্রকারে স্থানান্তর করা গেলে ঐ পত্র প্রবল থাকিবে না ইতি।

[পোলীস দলভুক্ত লোকদের ছুটী না পাইয়া কি ছয় কি দুই মাসের সম্বাদ না দিয়া কর্ম্ম ত্যাগ করিতে না পারিবার কথা।]

১৪ ধারা। পোলীস দলভুক্ত যে কোন লোকের নাম এই আইনমতে ফর্দ্দে লেখা যাইবে, সে কমিস্যনর সাহেবের লিখিত স্পষ্ট অনুমতি না পাইলে কিম্বা যদি ঐ দলের ঘোড়সওয়ার হয়, তবে ছয় মাস থাকিতে আপন কর্ম্ম ত্যাগ করিবার মানসের সম্বাদ কিম্বা যদি ঐ দলের অন্য লোক হয়, তবে দুই মাস থাকিতে সম্বাদ কমিস্যনর সাহেবকে না দিলে সে ব্যক্তি আপন পদ ত্যাগ করিতে কিম্বা কর্ত্তব্য কর্ম্ম ছাড়িয়া যাইতে পারিবে না। ও উক্ত দলের যে কোন লোক সেই প্রকারের ছুটী না পাইয়া কি সম্বাদ না দিয়া পদ ত্যাগ করে কি কর্ম্ম ছাড়িয়া যায় তাহার যত বেতন তৎকালে পাওনা থাকে তাহা সমুদয় কমিস্যনর সাহেবের আজ্ঞামতে দণ্ডহইতে পারিবে, ও মাজিষ্ট্রেট সাহেব যদি দণ্ডের আজ্ঞা করেন, তবে তিনি উপযুক্ত বোধ করিলে ঐ ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা কঠিন পরিশ্রম সহিত কি তদ্ভিন্ন দুই মাসের অনধিক কাল কারাদণ্ড হইতে পারিবেক ইতি।

[পোলীসদলের কর্ম্মচ্যুত ব্যক্তিরা বস্ত্র ও অস্ত্রাদি ফিরিয়া না দিলে দণ্ডের কথা।]

১৫ ধারা। পোলীসের দলভুক্ত যে কোন ব্যক্তি কর্ম্মচ্যুত হয়, কিম্বা পদ ধারণে ও তৎসম্পর্কীয় কার্য্য করণে স্থগিত হয় সে আপনার সংশিতপত্র এবং কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনের জন্যে যে সকল বস্ত্র ও সজ্জা ও অস্ত্র শস্ত্র ও আবশ্যক অন্য২ বিষয় প্রাপ্ত হইয়াছিল তাহা কমিস্যনর সাহেবকে কিম্বা কমিস্যনর সাহেব অন্য যে ব্যক্তিকে যে সময়ে ও যে স্থানে দিতে আজ্ঞা করেন তাহাকে সেই সময়ে ও স্থানে দিবে। যদি তৎক্ষণাৎ না দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সরাসরীমতে প্রমাণ হইলে তাহার এক মাসের অনধিক কোন কালের নিমিত্তে পরিশ্রম সহিত কি বিনা পরিশ্রমে কারাদণ্ড হইতে পারিবে। এবং কমিস্যনর সাহেব কিম্বা কোন মাজিষ্ট্রেট তাহার ফিরিয়া না দেওয়া সকল বস্ত্র ও সজ্জা ও অস্ত্র শস্ত্র এবং আবশ্যক অন্য২ বিষয় অন্বেষণ করিয়া যে স্থানে পাওয়া যায় সেই স্থানহইতে আনাইবার আজ্ঞাপত্র দিতে পারিবেন ইতি।

[বার্দ্ধক্য কালীন পেনস্যন ফণ্ডের কথা।]

১৬ ধারা। পোলীসের যে শ্রেণীর কর্ম্মকারকেরা অচিহ্নিত কার্য্যকারকদের পেনস্যনের বিধিমতে মঙ্গল পাইবার স্বত্ববান নহে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে হার আজ্ঞা করেন সেই হারানুসারে তাহাদের প্রত্যেক জনের বেতনহইতে টাকাপ্রতি এক আনার

exceeding one anna in the Rupee, which sum so deducted shall from time to time be invested in such manner and in such securities as the said Lieutenant-Governor may in writing direct, and the said sum so invested, together with the interest and dividends thereof, shall form a Fund, to be called "The Police Superannuation Fund," and shall be applied from time to time to payment of such superannuation or retiring allowances or gratuities as may be ordered by the said Lieutenant-Governor at any time to any of the aforesaid members of the Police Force. Provided that any Police Officer may be dismissed or removed without a superannuation allowance, and that no Police Officer shall be entitled as of right to any allowance from the said Fund, or shall retain any right to a refund of any deduction made from his pay while he shall have been a Police Officer.

[Disposal of the proceeds of certain fines, &c.]

XVII. All sums accruing from stoppages from members of the Police Force during absence from sickness or other cause and fines imposed on members thereof for misconduct, and from fines imposed by Magistrates upon drunken persons or for assaults upon Police Officers, and all moneys arising from the sale of worn or cast-off clothing or other articles supplied for the use of the Police, shall be credited to any Fund applicable to Police purposes.

[Commissioner of Police may appoint special Constables when necessary.]

XVIII. The Commissioner of Police may, of his own authority, appoint Special Constables to assist the Police Force on any temporary emergency.

[Powers of Special Constables.]

XIX. Every Special Constable so appointed shall have the same powers, privileges, and protection, and shall be liable to perform the same duties, and shall be amenable to the same penalties, and be subordinate to the same authorities, as the ordinary Officers of Police.

[Penalty for Special Constable neglecting or refusing to serve, &c.]

XX. If any person being appointed a Special Constable as aforesaid shall, without sufficient excuse, neglect or refuse to serve as such, or to obey such lawful order or direction as may be given to him for the performance of his duties, he shall be liable, upon conviction before a Magistrate, to a fine not exceeding fifty Rupees for every such neglect, refusal, or disobedience.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬১। ২২ মে।]

অনধিক লওয়া যাইবে। ঐ টাকা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব লিখনক্রমে যে প্রকারে ও যেরূপ নিদর্শন গ্রহণপূর্ব্বক গচ্ছিত করিতে আজ্ঞা করেন সেই প্রকারে ও সেইরূপ নিদর্শন গ্রহণপূর্ব্বক সময়ে২ গচ্ছিত করা যাইবে। এবং গচ্ছিত সেই টাকা ও তাহার সুদ ও ডিবিডেণ্ড সম্বলিত এক ফণ্ড হইবে। ঐ ফণ্ড পোলীসের বার্দ্ধক্য কালীন পেনস্যন ফণ্ড নামে খ্যাত হইবে। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পোলীসদলের পূর্ব্বোক্ত কোন ব্যক্তিকে বার্দ্ধক্য কিম্বা কর্ম্ম ত্যাগ করণ কালে কোন সময়ে যে পেনস্যন কি পারিতোষিক দিতে আজ্ঞা করেন তাহা সেই ফণ্ডহইতে পশ্চাৎ লিখিত বিধানমতে সময়ে২ দেওয়া যাইবে। পরন্তু পোলীসের কোন নায়ক বার্দ্ধক্য কালীন বৃত্তি বিনাও কর্ম্মচ্যুত কি অপসৃত হইতে পারিবেন। এবং পোলীসের কোন নায়ক উক্ত ফণ্ড হইতে কোন বৃত্তি পাইবার স্বত্ত্ববান্ বলিয়া তাহার দাওয়া করিতে পারিবেন না। এবং পোলীসের নায়কের পদে থাকিতে তাহার বেতনহইতে যাহা লওয়া গিয়াছিল তাহার কোন অংশ তাঁহার ফিরিয়া পাইবার কোন স্বত্ত্ব থাকিবে না ইতি।

[কোন২ অর্থদণ্ড প্রভৃতি লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

১৭ ধারা। পোলীসের কোন কর্ম্মকারকেরা পীড়াপ্রযুক্ত কি অন্য কারণে অনুপস্থিত থাকিলে তাহাদের বেতন কর্ত্তন হইয়া যে সকল টাকা সঞ্চয় হয়, ও ঐ কর্ম্মকারকদের দোষপ্রযুক্ত যে অর্থদণ্ড হয়, এবং মাজিষ্ট্রেটেরা মত্ত ব্যক্তিদের যে অর্থদণ্ড ও পোলীসের নায়কদের উপর আক্রমণের জন্যে যে অর্থদণ্ডের আজ্ঞা করেন ও পোলীসদলের ব্যবহারার্থে দত্ত পরিচ্ছদ কি অন্য দ্রব্য জীর্ণ কি ত্যজ্য হইলে তাহা বিক্রয় করিয়া যে সকল টাকা উৎপন্ন হয় ঐ সমস্ত টাকা পোলীসের কার্য্য সম্পর্কীয় কোন ফণ্ডের বর্দ্ধনার্থে দেওয়া যাইবে ইতি।

[বিশেষ কনষ্টেবলদিগকে পোলীসের কমিস্যনর সাহেবের নিযুক্ত করিতে পারিবার কথা।]

১৮ ধারা। কিঞ্চিৎ কালের অত্যাবশ্যক স্থলে পোলীসের কমিস্যনর সাহেব নিজ ক্ষমতামতে পোলীস দলের সাহায্যের নিমিত্তে বিশেষ কনষ্টাবলদিগকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[বিশেষ কনষ্টাবলের ক্ষমতার কথা।]

১৯ ধারা। যে২ বিশেষ কনষ্টাবল তদ্রূপে নিযুক্ত হয় তাহারা পোলীসের সাধারণ কর্ম্মকারকদিগের তুল্য শক্তি ও ক্ষমতা ও আশ্রয় প্রাপ্ত হইবে ও তাহাদের ন্যায় কর্ম্ম করিতে দায়ী হইবে ও তাহাদের তুল্য দণ্ডের যোগ্য ও উপরিস্থ নায়কদিগের অধীন হইবে ইতি।

[বিশেষ কনষ্টাবল কর্ম্ম উপেক্ষা করিলে কি করিতে অস্বীকার প্রভৃতি করিলে দণ্ডের কথা।]

২০ ধারা। কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে বিশেষ কনষ্টাবলরূপে নিযুক্ত হইয়া যদি উপযুক্ত হেতু বিনা তদ্রূপ কর্ম্ম করিতে উপেক্ষা কি অস্বীকার করে, কিম্বা কর্ম্ম সম্পাদন বিষয়ে আইনঅনুযায়ি যে আজ্ঞা কি আদেশ পায়, যদি তাহা মানিতে উপেক্ষা কি অস্বীকার করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে তাহার শৈথিল্য কি অস্বীকার কি অমান্য এই প্রত্যেক দোষের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Appointment of additional Constables on the application of private individuals. Proviso.]

XXI. The Commissioner of Police may also, if he shall think fit, on the application of any person showing the necessity of it, appoint any additional number of Constables to keep the peace at any place within his jurisdiction, at the charge of the person applying, but subject to the orders of the said Commissioner and for such time as he shall think fit; and every such Constable shall receive a Certificate, by virtue of which he shall be vested with all the powers, privileges, and duties of the Constables belonging to the Police Force. Provided that the person upon whose application such appointment shall have been made may, upon giving one month's notice in writing to the Commissioner of Police, require that the Constables so appointed at his expense shall be discontinued, and thereupon the said Commissioner shall discontinue such additional Constables; and all moneys received by the Commissioner for the payment of any such additional Constables shall be accounted for by him.

[Police Districts. Appointment of Police Magistrates.]

XXII. The said Lieutenant-Governor may constitute, within the said Town of Calcutta, so many Police Districts as to such Lieutenant-Governor shall seem fit, and define the extent thereof; and from time to time after the the number and extent of such Police Districts, and establish a Police Court in and for each of such Districts, or in and for such other Districts as the said Lieutenant-Governor may consider necessary. The said Lieutenant-Governor may, from time to time, appoint a sufficient number of fit persons as Magistrates of Police for the said Town, who may sit and act as such Magistrates in any of the said Police Courts. Every such person, before he shall act as a Magistrate of Police, shall also be appointed a Justice of the Peace and shall exercise all powers and jurisdictions which by virtue of any Law may be exercised by two Justices of the Peace.

[Police Officers to be in attendance at the Police ourts.]

XXIII. The Commissioner of Police shall ake care that a sufficient number of Officers elonging to the Police Force shall be in attendance upon every Magistrate sitting at any Police ourt, for the purpose of executing all such orders nd process as may be directed or delivered to him.

[*Government Gazette*, 22*nd May* 1866.]

[বিশেষ ব্যক্তিদের প্রার্থনামতে অতিরিক্ত কনষ্টাবলদিগকে নিযুক্ত করণের কথা ও বর্জ্জিত বিধি।]

২১ ধারা। আরো পোলীসের কমিস্যনর সাহেবের ক্ষমতার অধীন কোন স্থানে শান্তিরক্ষার জন্যে অধিক জন কনষ্টাবলের নিযুক্ত হওয়া আবশ্যক, কোন ব্যক্তি প্রার্থনাপত্রদ্বারা ইহা দর্শাইলে যদি কমিস্যনর সাহেব উচিত বোধ করেন, তবে তিনি শান্তিরক্ষার জন্যে অধিক যত কনষ্টাবল চাহেন নিযুক্ত করিতে পারিবেন। তাহাদের রাখিবার ব্যয় ঐ প্রার্থকের দিতে হইবেক, কিন্তু তাহারা উক্ত কমিস্যনর সাহেবের আজ্ঞার অধীন থাকিবে। ও তিনি যত কাল উচিত বোধ করেন তত কাল তাহারা নিযুক্ত থাকিবে। তদ্রূপ প্রত্যেক কনষ্টাবল এক২ সংশিতপত্র পাইবে। তাহার বলে তাহার প্রতি পোলীসদলস্থ কনষ্টাবলদের সকল শক্তি ও ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম অর্পিত হইবে। পরন্তু যে ব্যক্তির প্রার্থনামতে তাহাদিগকে নিযুক্ত করা যায় তিনি পোলীসের কমিস্যনর সাহেবের নিকটে এক মাস থাকিতে সংবাদ লিখিয়া এই প্রার্থনা করিতে পারিবেন যে তাঁহার অর্থব্যয়ে নিযুক্ত সেই প্রকারের কনষ্টাবলদিগকে বিদায় করা যায়। তাহাতে উক্ত কমিস্যনর সাহেব অতিরিক্ত সেই কনষ্টাবলদিগকে বিদায় করিবেন। আর সেই অতিরিক্ত কনষ্টাবলদের বেতনের নিমিত্তে কমিস্যনর সাহেব যত টাকা পান তাহার হিসাব তাঁহার দিতে হইবেক ইতি।

[পোলীসের পল্লির কথা। ও পোলীসের মাজিষ্ট্রেটকে নিযুক্ত করণের কথা।]

২২ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতানগরের মধ্যে পোলীসের যতপল্লি উচিত বোধ করেন তত সংস্থাপন করিয়া সেই২ পল্লির সীমা নিরূপণ করিতে পারিবেন। ও সময়ে২ পোলীসের সেই২ পল্লির সংখ্যা ও সীমা পরিবর্ত্তন করিতে পারিবেন ও প্রত্যেক পল্লির মধ্যে ও তাহার জন্যে কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অন্য যে২ পল্লি আবশ্যক জ্ঞান করেন সেই পল্লির মধ্যে ও তাহার জন্যে পোলীসের এক২ আদালত স্থাপন করিতে পারিবেন। উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ প্রচুর সংখ্যার উপযুক্ত ব্যক্তিদিগকে উক্ত নগরের পোলীসের মাজিষ্ট্রেটস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন। তাঁহারা পোলীসের উক্ত কোন আদালতে সেইরূপ মাজিষ্ট্রেটমতে অধিবেশন করিয়া কার্য্য করিতে পারিবেন। তদ্রূপ প্রত্যেক ব্যক্তি পোলীসের মাজিষ্ট্রেটেরমতে কর্ম্ম করিবার পূর্ব্বে শান্তিরক্ষার্থ জষ্টিস স্বরূপও নিযুক্ত হইবেন, এবং কোন আইনের শক্তিক্রমে শান্তিরক্ষার্থ দুই জন জষ্টিস যে সকল শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিতে পারেন সেই সকল শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিবেন ইতি।

[পোলীসের নায়কদিগকে পোলীসের আদালতে উপস্থিত হইবার কথা।]

২৩ ধারা। যে সকল আজ্ঞা ও পরওয়ানা পোলীসের নায়কদিগের নামে লেখা যায় কি তাহাদিগকে দেওয়া যায় তাহা সাধন করিবার নিমিত্তে, পোলীসের কোন আদালতে উপবিষ্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পোলীস দলের উপযুক্ত সংখ্যার নায়ক উপস্থিত থাকে, এই বিষয়ে পোলীসের কমিস্যনর সাহেব মনোযোগ করিবেন ইতি।

[Service of criminal process by Police Officer.]

XXIV. All summonses, subpœnas, and warrants issued in any criminal proceeding by a Commissioner or Deputy Commissioner of Police, or by any Magistrate of Police, shall be served and executed within the said Town of Calcutta by an Officer of the Police Force, and by none other.

[Execution of warrants.]

XXV. When any warrant shall be directed or delivered to any such Officer, unless the authority issuing it shall order that it be executed without delay, such Police Officer shall deliver the same to the superior Officer in charge of the Division to which he belongs, who shall appoint, by endorsement thereon, one or more Police Officers to execute the same; and every Police Officer whose name shall be so endorsed thereon shall have the same powers, privileges, and protection, as if the same had been originally directed to him by name.

[What offences summarily triable by Magistrates.]

XXVI. When any person is charged before a Magistrate with having committed, within the said Town or within the limits of the port of the said Town or of any navigable river or channel leading thereto, as such limits shall be defined under the provisions of Act XXII of 1855 *(for the regulation of Ports and Port-dues,)* any of the offences specified in this Section, and in the opinion of the Magistrate the case is one which will be adequately punished by imprisonment of the description, or either of the descriptions, applicable by law to the offence for a term not exceeding six calendar months, or (where by law the offence is punishable with fine alone) by a fine not exceeding two hundred Rupees, or in cases where by law both punishments may be imposed) by both such imprisonment and such fine, it shall be lawful for the Magistrate to proceed to try the case summarily, and on conviction to impose such punishment as aforesaid, and also to impose the punishment of whipping in lieu of, or in addition to, other punishment, in any case where by law the punishment of whipping may be imposed. Provided that, where the offence charged is one relating to moveable property, the Magistrate shall not try the case summarily, unless the value of such property does not exceed fifty Rupees. Provided also that nothing in this Section contained shall empower a Magistrate to impose any punishment for an offence in excess of that imposed for such offence by the Indian Penal Code.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬১। ২২ মে।]

[পোলীসের নায়ক দ্বারা ফৌজদারী পরওয়ানা পর্য্যর্পণের কথা।]

২৪ ধারা। পোলীসের কমিস্যনর সাহেব কি ডেপুটী কমিস্যনর, কিম্বা পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেব কোন ফৌজদারী মোকদ্দমাতে যে সকল সমন ও সফীনা ও ওয়ারন্ট দেন তাহা উক্ত কলিকাতা নগরের মধ্যে পোলীস দলের কোন এক জন নায়ক ছাড়া অন্য কোন কাহারও দ্বারা পর্য্যর্পণ ও সাধন করা যাইবেক না ইতি।

[ওয়ারন্ট সাধন করিবার কথা।]

২৫ ধারা। যথন কোন ওয়ারন্ট তদ্রূপ কোন নায়কের নামে লেখা যায় কি তাহাকে দেওয়া যায়, তখন যে কার্য্যকারক তাহা দিয়াছেন তিনি তাহার অবিলম্বে সাধন হইবার আজ্ঞা না করিলে, পোলীসের সেই নায়ক যে খণ্ডের লোক হয় সেই খণ্ডের কর্ত্তৃত্বের ভারপ্রাপ্ত অধিনায়কের নিকটে ঐ ওয়ারন্ট লইয়া যাইবে তাহাতে সেই অধিনায়ক ঐ ওয়ারন্ট সাধন করিবার জন্যে তাহার পৃষ্ঠে এক কি অধিক নায়কের নাম লিখিয়া নিযুক্ত করিবেন। ও পোলীসের যে কোন নায়কের নাম তাহার পৃষ্ঠে সেইরূপে লেখা যায় সেই২ নায়কের নামে তাহা প্রথমে লেখা গেলে তাহার যে শক্তি ও ক্ষমতা ও আশ্রয় প্রাপ্ত হইত ঐ প্রত্যেক নায়কের সেই শক্তি ও ক্ষমতা ও আশ্রয় হইবেক ইতি।

[মাজিষ্ট্রেটকর্ত্তৃক যে২ অপরাধের সরাসরী বিচার হইতে পারে তাহার কথা।]

২৬ ধারা। কোন মাজিষ্ট্রেটের নিকটে যদি কোন ব্যক্তির নামে এই অভিযোগ হয় যে, উক্ত নগরের মধ্যে, কিম্বা (বন্দর ও বন্দরীয় মাসুল আদায় করণার্থ) ১৮৫৫ সালের ২২ আইনের বিধানেতে যে সীমা অবধারিত হইয়াছে, উক্ত নগরের বন্দরের কিম্বা নৌকাদির গমনীয় কোন নদীর কি সেই নদীতে গমনার্থ কোন খালাদির সেই সীমার অন্তর্গত স্থানে সেই ব্যক্তি এই ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধ করিয়াছে, এবং আইনঅনুসারে ইঙ্গরেজীয় পঞ্জিকামত ছয় মাসের অনধিক যে প্রকারের কারাদণ্ড অবধারিত আছে সেই প্রকারে কি একতর প্রকারের কারাদণ্ড কিম্বা যদি আইনক্রমে ঐ অপরাধের কেবল অর্থদণ্ড হয়, তবে দুই শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা যদি আইনক্রমে ঐ দুই দণ্ড অবধারিত হয়, তবে ঐ কারা ও অর্থদণ্ড ঐ অপরাধের সমুচিত দণ্ড হয়, মাজিষ্ট্রেট সাহেব যদি ইহা বোধকরেন, তবে তিনি সরাসরীমতে সেই মোকদ্দমার বিচার করিতে প্রবর্ত্ত হইবেন, এবং অপরাধ প্রমাণ হইলে পূর্ব্বোক্ত দণ্ডের আজ্ঞা করিতে, এবং যে স্থলে আইনমতে কশাঘাত দণ্ডের আজ্ঞা হইতে পারে সেই স্থলে অন্য দণ্ডের পরিবর্ত্তে কি তদতিরিক্ত কশাঘাত দণ্ডেরও আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হইবেন। কিন্তু যে অপরাধের অভিযোগ হয় তাহা অস্থাবর সম্পত্তি বিষয়ক অপরাধ হইলে, যদি সেই সম্পত্তির পঞ্চাশ টাকার অধিক মূল্য হয়, তবে তিনি সরাসরীমতে ঐ মোকদ্দমার বিচার করিবেন না। আরো ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে যে অপরাধের যে দণ্ড ধার্য্য হইয়াছে, এই ধারার কোন কথার বলে মাজিষ্ট্রেট সাহেব সেই অপরাধের অধিক দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না।

The following are the offences above referred to:—

1. Offences under Sections 133, 134, 135, 136, 137, 138, or 140 of the Indian Penal Code.

2. Offences under Section 161 of the Indian Penal Code.

3. Contempts of the lawful authority of public servants, other than an offence under Section 181 of the Indian Penal Code.

4. Resistance or obstruction by a person to his lawful apprehension under Section 224 of the Indian Penal Code.

5. Resistance or obstruction to the lawful apprehension of another person under Section 225 of the Indian Penal Code.

6. Offences relating to weights and measures.

7. Offences relating to religion.

8. Attempts to commit suicide.

9. Voluntarily causing hurt under Section 321 of the Indian Penal Code.

10. Voluntarily causing hurt on provocation under Section 334 of the Indian Penal Code.

11. Doing an act rashly or negligently under Sections 336 or 337 of the Indian Penal Code.

12. Wrongful restraint under Section 341 of the Indian Penal Code.

13. Wrongful confinement under Section 342 of the Indian Penal Code.

14. Assault or criminal force under Sections 352, 353, 357, or 358 of the Indian Penal Code.

15. Theft under Section 379 of the Indian Penal Code.

16. Dishonest misappropriation or conversion of moveable property under Section 403 of the Indian Penal Code.

17. Dishonestly receiving or retaining stolen property under Section 411 of the Indian Penal Code.

18. Assisting in the concealment, disposing of, or making away with, stolen property under Section 414 of the Indian Penal Code.

19. Cheating under Sections 417, 418 or 419 of the Indian Penal Code.

20. Mischief under Sections 426, 428, or 434 of the Indian Penal Code.

21. Criminal Trespass under Sections 447, 448, 453, 461, or 462 of the Indian Penal Code.

22. Criminal breach of a contract of service.

23. Criminal intimidation, insult, or annoyance.

24. Attempts to commit any of the foregoing offences under Section 511 of the Indian Penal Code.

25. Abetment of any of the foregoing offences.

উপরি লিখিত অপরাধ এই২—

১। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৩৩, ১৩৪ ১৩৫, ১৩৬, ১৩৭, ১৩৮ কি ১৪০ ধারামত অপরাধ।

২। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৬১ ধারামত অপরাধ।

৩। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৮১ ধারামত অপরাধ ভিন্ন রাজকীয় কার্য্যকারকদের আইনসিদ্ধ ক্ষমতার অবজ্ঞা।

৪। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২২৪ ধারামত আইনসিদ্ধমতে ধৃত হওনের প্রতিরোধ কি বাধকতা করণ।

৫। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২২৫ ধারামত অন্যের আইনসিদ্ধ ধৃত হওনের প্রতিরোধ কি বাধকতা করণ।

৬। ওজন ও পরিমাণ করণ বিষয়ক অপরাধ।

৭। ধর্ম্মসম্পর্কীয় অপবাধ।

৮। আত্মহত্যার উদ্যোগ।

৯। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩২১ ধারামত ইচ্ছাপূর্ব্বক পীড়া দেওন।

১০। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৩৪ ধারামতে বিরক্ত হইয়া ইচ্ছাপূর্ব্বক পীড়া দেওন।

১১। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৩৬ কি ৩৩৭ ধারামতে দুঃসাহসে কি অনবধানে কার্য্য করণ।

১২। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৪১ ধারামত অন্যায় অবরোধ করণ।

১৩। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৪২ ধারামত অন্যায়মতে কারাবদ্ধ করণ।

১৪। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৫২ কি ৩৫৩ কি ৩৫৭ কি ৩৫৮ ধারামত আক্রমণ কি অপরাধযুক্ত বল প্রকাশ করণ।

১৫। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৭৯ ধারামত চৌর্য্য।

১৬। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪০৩ ধারামত অস্থাবর দ্রব্য শঠতাক্রমে অবিহিতরূপে কি স্বীয় কর্ম্মে ব্যবহার করণ।

১৭। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪১১ ধারামত চোরা দ্রব্য শঠতাক্রমে গ্রহণ কি রাখন।

১৮। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪১৪ ধারামত চোরা দ্রব্য গোপন কি হস্তান্তর কি অনুদ্দেশ্য করণের সহায়তা করণ।

১৯। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪১৭, ৪১৮, ৪১৯ ধারামত বঞ্চনা করণ।

২০। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪২৬, ৪২৮ ৪৩৪ ধারামত অপকার করণ।

২১। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪৪৭, ৪৪৮, ৪৫৩, ৪৬১, কি ৪৬২ ধারামত অপরাধ ভাবে অনধিকার প্রবেশ।

২২। অপরাধভাবে চাকরীর চুক্তিভঙ্গ করণ।

২৩। অপরাধভাবে ভয় উৎপাদন কি অপমান করণ কি ক্লেশ দেওন।

২৪। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৫১১ ধারামত পূর্ব্বোক্ত কোন অপরাধ করিবার উদ্যোগ।

২৫। পূর্ব্বোক্ত কোন অপরাধের সহায়তা ইতি।

[Summary jurisdiction of two Magistrates in certain cases.]

XXVII. Whenever any person is charged before the Magistrate with any of the offences mentioned in the last preceding Section or with any of the offences of Hurt described in the Indian Penal Code Sections 319 to 338 both inclusive, and by reason of the value of the property forming the subject of such charge, or for any other cause, the offence is not by law summarily cognizable by a single Magistrate, and some material witness is about to leave the Town or Port of Calcutta, it shall be lawful for two Magistrates, upon proof of the matters aforesaid, if they shall deem it probable (with reference to the time appointed for the departure of such witness) that the prosecution in Her Majesty's High Court of Judicature of the person so charged, will be ineffectual in consequence of the absence of such material witness, to hear and determine the charge summarily, and on conviction to sentence the offender to imprisonment, with or without hard labor, for a term not exceeding twelve months. Provided that it shall be lawful for the said two Magistrate, if they deem that the charge is from any circumstances fit to be made the subject of prosecution in the High Court rather than to be summarily disposed of, to commit the person charged for trial before the High Court of Judicature.

[Restitution of stolen property to owner, or imposition of fine on offender.]

XXVIII. Upon a summary conviction for any of the offences mentioned in the foregoing Sections, the Magistrate or Magistrates, as the case may be, may order the restitution to the owner of the property forming the subject of the charge, if the same be forthcoming; and in the case of its not being restored pursuant to such order, or of its not being forthcoming, may may impose upon the offender, in addition to the punishment for the offence, a fine not exceeding the loss appearing to be caused to the persons who have suffered thereby, and may pay or distribute the proceeds of the said fine to or for the benefit of the said persons.

[Penalty for wilful trespass on property.]

XXIX. Whoever, without satisfactory excuse, wilfully trespasses in or on any dwelling-house or premises, or any land or ground attached thereto, or on any boat or vessel, not thereby causing any actual damage, or on any ground belonging to Government, or appropriated to public purposes, shall be liable, on summary conviction before a Magistrate, to a fine not exceeding twenty Rupees.

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬১ । ২২ মে ।]

[কোনং স্থলে সরাসরী বিচার করিতে দুই মাজিষ্ট্রেটের ক্ষমতার কথা।]

২৭ ধারা। যদি মাজিষ্ট্রেটের নিকটে কোন ব্যক্তির নামে ইহার অব্যবহিত পূর্ব্ব ধারার লিখিত কোন অপরাধ কিম্বা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩১৯ অবধি ৩৩৮ পর্য্যন্ত সমস্ত ধারার নির্দ্দিষ্ট পীড়া দেওন সম্পর্কীয় কোন অপরাধ করিবার অভিযোগ হয়, এবং যে সম্পত্তির বিষয়ে ঐ অভিযোগ হইল সেই সম্পত্তির মূল্য হেতুক কি অন্য কারণে যদি আইন ক্রমে সেই অপরাধ সরাসরীমতে এক জন মাজিষ্ট্রেটের বিচার্য্য না হয়, এবং গুরুতর কোন সাক্ষী কলিকাতা নগর কি বন্দর হইতে প্রস্থান করিতে উদ্যত হন, তবে পূর্ব্বোক্ত কথার প্রমাণ হইলে এবং ঐ সাক্ষির গমন করিবার নির্দ্ধারিত সময় লক্ষ করিয়া ঐ গুরুতর সাক্ষির অনুপস্থান প্রযুক্ত শ্রীশ্রীমতী মহারাণীর হাই কোর্টে অভিযুক্ত ব্যক্তির অভিযোগের বিচার হওয়া নিষ্ফল হইবার সম্ভাবনা বিবেচনা করিলে, দুই জন মাজিষ্ট্রেট সরাসরীমতে ঐ অভিযোগের শ্রবণ ও নির্ণয় করিতে পারিবেন এবং অপরাধ প্রমাণ হইলে অপরাধির কঠিন পরিশ্রমসহিত কি তদ্ভিন্ন দ্বাদশ মাসের অনধিক কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। পরন্তু সেই অভিযোগ সরাসরীমতে নির্ণীত না হইয়া হাই কোর্টের নিষ্পন্ন হইবার যোগ্য উক্ত দুই জন মাজিষ্ট্রেট যদি কোন ভাবগতিক হেতুক এমত বোধ করেন, তবে তাঁহারা সেই অভিযুক্ত ব্যক্তিকে হাই কোর্টে বিচারিত হওনার্থে সমর্পণ করিতে পারিবেন ইতি।

[চোরা জিনিস স্বামিকে ফিরিয়া দিবার কি অপরাধির অর্থদণ্ড করিবার কথা।]

২৮ ধারা। পূর্ব্বোক্ত ধারার লিখিত কোন অপরাধ সরাসরীমতে নির্ণয় হইলে, যে দ্রব্যের বিষয়ে নালিশ হইল তাহা যদি উদ্দেশ্য হইয়া থাকে, তবে মাজিষ্ট্রেট সাহেব কি বিষয়বিশেষে মাজিষ্ট্রেট সাহেবেরা ঐ দ্রব্য স্বামিকে ফিরিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন। যদি সেই আজ্ঞামতে ঐ দ্রব্য ফিরিয়া না দেওয়া যায়, কি উদ্দেশ্য না হয় তবে অপরাধের দণ্ডাতিরিক্ত অপরাধির অর্থদণ্ডও করিবেন বিশেষতঃ ঐ দ্রব্য অপহৃত হওনদ্বারা যে ব্যক্তিদের যত ক্ষতি হইল সেই ক্ষতিপূরণের উপযুক্ত টাকার অনধিক অর্থদণ্ড করিতে পারিবেন ও সেই ব্যক্তিদিগকে ঐ অর্থদণ্ডের টাকা দিবেন কিম্বা তাঁহাদের মঙ্গলার্থে বণ্টন করিবেন ইতি।

[কোন সম্পত্তিতে ইচ্ছাপূর্ব্বক অনধিকার প্রবেশ করিবার দণ্ডের কথা।]

২৯ ধারা। যদি কোন ব্যক্তি যথোপযুক্ত কারণ না থাকিলেও ইচ্ছাপূর্ব্বক কোন বসত ঘরে কি বাড়ীতে কিম্বা তৎসংক্রান্ত কোন ভূমিতে কি কোন নৌকায় কি জাহাজে প্রবেশ করে অথচ তাহাতে ক্ষতি না করে, কিম্বা গবর্ণমেণ্টের কি রাজকীয় কর্ম্মেতে নিরূপিত কোন ভূমিতে প্রবেশ করে, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে সরাসরীমতে প্রমাণ হইলে তাহার বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Magistrate may make order of maintenance for wives and children. Proviso.]

XXX. If any person, having sufficient means, neglects or refuses to maintain his wife or any legimate or illegitimate child unable to maintain himself, it shall be lawful for a Magistrate, upon due proof thereof, to order such person to make a monthly allowance for the maintenance of his wife or such child as aforesaid, at such rate, not exceeding fifty Rupees in the whole, as to the Magistrate shall seem reasonable: and if such person shall wilfully neglect to comply with the said order, the Magistrate may, by warrant, direct the amount due to be levied in the manner hereinafter provided for levying fines; or may order him to be imprisoned, with or without hard labor, for any term not exceeding one month. Provided always that any such person shall be at liberty to apply to the Magistrate, from time to time, for a reduction of such monthly allowance, on proof of an alteration in the circumstances of himself, his wife, or child, justifying such reduction. Provided also that if such person offers to maintain his wife on condition of her living with him, and his wife shall refuse to live with him, it shall be lawful for the Magistrate to consider any grounds of refusal stated by such wife; and he may make the order aforesaid, notwithstanding such offer aforesaid, if he shall be satisfied that such person is living in adultery or that he has habitually treated his wife with cruelty.

[Magistrate may compel immediate restoration of a woman or child detained for any unlawful purpose.]

XXXI. Upon complaint made to a Magistrate on oath of the kidnapping, abduction, or detention of a woman, or of a female child under the age of fourteen years, for any unlawful purpose, such Magistrate may, on satisfactory proof of such detention, make an order for the immediate restoration of such woman to her liberty, or of such female child to her husband, parent, guardian, or other person having the lawful charge or government of such child, and may compel compliance with such order, using force if necessary.

[Apprehension and punishment of reputed thieves, &c.]

XXXII. Any person found between sun-set and sun-rise armed with any dangerous or offensive instrument whatsoever, with intent to commit any criminal act; any reputed theif found between sun-set and sun-rise on board any vessel or boat, or lying or loitering in any bazar, street, road,

[স্ত্রী সন্তানাদির ভরণপোষণের আজ্ঞা করিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা ও বর্জ্জিত কথা।]

৩০ ধারা। কোন ব্যক্তির উপযুক্ত সম্পত্তি থাকিলেও যদি সে আপন স্ত্রীর কিম্বা স্বকীয় প্রতিপালনের অক্ষম আপনার ঔরস কি জারজ সন্তানের ভরণপোষণ না করে কি করিতে স্বীকার না করে, তবে কোন মাজিষ্ট্রেট সাহেব তাহার উপযুক্ত প্রমাণ পাইলে, তাহার স্ত্রীর কি পূর্ব্বোক্ত সন্তানদের ভরণপোষণের নিমিত্তে সর্ব্বসুদ্ধ পঞ্চাশ টাকার অনধিক যত টাকা মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করেন ঐ ব্যক্তিকে মাসে তত টাকা দিতে আজ্ঞা করিতে পারিবেন। যদি সেই ব্যক্তি ইচ্ছাপুর্ব্বক ঐ আজ্ঞামতে কর্ম্ম করিতে ত্রুটি করে তবে এই আইনেতে অর্থদণ্ড আদায় করিবার যে নিয়ম পশ্চাৎ হইতেছে সেই নিয়মমতে মাজিষ্ট্রেট সাহেব আজ্ঞাপত্রক্রমে ঐ টাকা আদায় হইবার আজ্ঞা করিতে পারিবেন, কিম্বা পরিশ্রম সহিত কি বিনা পরিশ্রমে এক মাসের অনধিক কাল তাহার কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। পরন্তু তদ্রূপ কোন লোকের কি তাহার স্ত্রীর কি সন্তানের অবস্থার কিছু বিশেষ হওয়া প্রযুক্ত যদি তাহার মাসে২ দাতব্য ঐ টাকা ন্যূন করা ন্যায্য হইতে পারে, তবে সেই অবস্থার প্রমাণ করিলে ঐ ব্যক্তি সময়ে২ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ টাকা ন্যূন হইবার প্রার্থনা করিতে পারিবে। আরো যদি সেই লোক কহে যে, স্ত্রী আমার সঙ্গে বাস করিলে আমি তাহার ভরণপোষণ করিতে প্রস্তুত, ও যদি স্ত্রী তাহার সঙ্গে বাস করিতে স্বীকার না করে, তবে ঐ স্ত্রী স্বীকার না করিবার যে কারণ দর্শায় মাজিষ্ট্রেট সাহেব তাহার বিবেচনা করিতে পারিবেন। ও সেই পুরুষ উপপত্নী রাখে কি আপন স্ত্রীর প্রতি নিয়ত নির্দ্দয়াচার করে, ইহা হৃদ্বোধমতে জানিলে, ঐ পুরুষের উক্ত প্রস্তাব হইলেও মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্ত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[অব্যবস্থ কার্য্যের নিমিত্তে স্ত্রীকে কি বালিকাকে আটক্ রাখা গেলে তাহাকে মাজিষ্ট্রেট সাহেবের অগৌণে ফিরাইয়া দেওয়াইতে পারিবার কথা।]

৩১ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে অবৈধ অভিপ্রায়ে কোন স্ত্রীকে কি ১৪ বৎসরের ন্যূন বয়সের বালিকাকে চুরি করিবার কি হরণ করিবার কিম্বা আটক করিয়া রাখিবার শপথক্রমে অভিযোগ হইলে, ঐ মাজিষ্ট্রেট সাহেব ঐ আটক্ হওয়ার উপযুক্ত প্রমাণ পাইলে ঐ স্ত্রীকে অগৌণে মুক্ত করিতে, কিম্বা ঐ বালিকাকে তাহার স্বামিকে কি বিষয় বিশেষে তাহার পিতাকে কি মাতাকে কি অভিভাবককে কিম্বা অন্য যে ব্যক্তি ব্যবস্থামত ঐ বালিকার তত্ত্বাবধায়ি কি প্রতিপালক হন তাহাকে অগৌণে ফিরিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন, আর ঐ আজ্ঞামতে ফিরিয়া দেওয়াইতে ও আবশ্যক হইলে বলপূর্ব্বক ফিরিয়া দেওয়াইতে পারিবেন ইতি।

[প্রসিদ্ধ চোর প্রভৃতির ধৃতির ও দণ্ড করণের কথা।]

৩২ ধারা। কোন অপরাধ করিবার অভিপ্রায়ে আশঙ্কা কি আঘাত জনক কোন অস্ত্র শস্ত্রেতে সজ্জিত যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হওনের মধ্য কালে পাওয়া যায়, ও প্রসিদ্ধ যে কোন চোরকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কালে কোন জাহাজে কি নৌকাতে পাওয়া যায়, কিম্বা কোন বাজারে কি

yard, thoroughfare, or other place, who shall not give a satisfactory account of himself; any person found between sun-set and sun-rise having his face covered or otherwise disguised, with intent to commit any offence; any person found between sun-set and sun-rise in any dwelling-house or other building whatsoever, without being able satisfactorily to account for his presence therein; and any person having in his possession, without lawful excuse (the proof of which excuse shall be on such person), any implement of house breaking—may be taken into custody by any Police Officer without a warrant, and shall be liable, on summary conviction before a Magistrate, to imprisonment, with or without hard labor, for any term not exceeding three months.

[Penalty for taking spirits into Barracks or on board vessels of war.

XXXIII. Whoever, not being amenable to the Articles of War for Her Majesty's Army or Her Majesty's Navy, or for the Native Officers or Soldiers in Her Majesty's Indian army, takes, or attempts to take, into Fort William at Calcutta, or into any Military Barracks, guard rooms, or encampments, within the Town of Calcutta, or on board or alongside of any Vessel of War belonging to Her Majesty in the Port of the said Town, any spirits or spirituous or fermented liquors, or intoxicating drugs or preparations, without the license in writing of the Commanding Officer, (unless such articles are intended for some person above the rank of Non-Commissioned Officer), shall be liable, on summary conviction before a Magistrate, to a fine not exceeding one hundred Rupees, or imprisonment for any term not exceeding two months, with or without hard labor; and such liquors, drugs, or preparations, and the vessels containing the same, shall be forfeited.

[Penalty for taking spirits, &c, into Jail.]

XXXIV. Whoever takes, or attempts to take, without due permission, or throws, or attempts to throw, into any jail or house of correction or into any public hospital, any spirits or spirituous or fermented liquors, or intoxicating drugs or preparations, shall be liable, on summary conviction before a Magistrate, to a fine not exceeding fifty Rupees, or to imprisonment, with or without hard labor, for any term not exceeding two months.

রাস্তায় কি পথে কি প্রাঙ্গণে কি অনবরোধ পথে কি অন্য স্থানে শুইয়া থাকিতে কি আলস্যভাবে বেড়াইতে দেখা যায়, ও যে আপনার বৃত্তান্ত সুবোধমতে কহিতে না পারে তাহাকে, এবং কোন অপরাধ করিবার অভিপ্রায়ে মুখ আচ্ছাদন করিয়া কি অন্য প্রকারে ছদ্মবেশী হইয়া রহিয়াছে এমত যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্যকালে পাওয়া যায় তাহাকে, ও যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কালে কোন বসতি বাটীতে কিম্বা অন্য প্রকারের ঘরে পাওয়া যায়, যদি সেই ব্যক্তি আপনার সেই ঘরে থাকিবার কারণ সুবোধমতে জানাইতে না পারে, তবে সেই২ ব্যক্তিকে ও যে কোন ব্যক্তির নিকটে ঘরের সিঁধ কাটিবার অস্ত্র পাওয়া যায় সে যদি তাহার ব্যবস্থাসিদ্ধ কারণ জানাইতে না পারে (ও সেই প্রমাণ করিবার ভার সেই ব্যক্তির প্রতি থাকিবে) তবে সেই ব্যক্তিকে, পোলীসের কোন কর্ম্মকারক আজ্ঞাপত্র না পাইয়াও আসেধ করিতে পারিবেক ও মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সরাসরীমতে অপরাধের প্রমাণ হইলে সেই ব্যক্তি কঠিন পরিশ্রম সহিত কি তাহা বিনা তিন মাসের অনধিক কাল কারাদণ্ডের যোগ্য হইবেক ইতি।

[বারিকে অর্থাৎ সৈন্যেরদের ছাউনি স্থানে কিম্বা যুদ্ধের জাহাজে শরাব লইয়া যাইবার দণ্ডের কথা।]

৩৩ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর সৈন্যদল কি জাহাজীয় সৈন্যদল কি শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় সৈন্যদলের হুদ্দাদার কি সৈন্যের জন্য যুদ্ধ সম্পর্কীয় আইনের অধীন না হইয়া যে কেহ কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেবের লিখিত অনুমতিপত্র বিনা কলিকাতার ফোর্ট উলিয়ম কিম্বা কলিকাতা নগরের অন্তঃপাতি সৈন্যসম্পর্কীয় কোন বারিকে কি গারদ ঘরে কি ছাউনি স্থানে কিম্বা উক্ত নগরের বন্দরস্থ শ্রীশ্রীমতী মহারাণীর কোন যুদ্ধ জাহাজে কি তাহার পার্শ্বে কোন মদিরা কি উগ্র কি গাঁজাধরা মদ্য কি মাদক দ্রব্য কিম্বা মাদক দ্রব্যে প্রস্তুত বস্তু লইয়া যায় কিম্বা লইয়া যাইবার উৎদ্যোগ করে, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সরাসরীমতে তাহার অপরাধের প্রমাণ হইলে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক অর্থদণ্ডের কিম্বা কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই মাসের অনধিক কারাদণ্ডের যোগ্য হইবে। ও সেই মদিরা কি দ্রব্য কি প্রস্তুত বস্তু যে পাত্রেতে থাকে তাহা সমেত দণ্ড হইবেক। কিন্তু যদি সেই শরাবাদি অচিহ্নিত হুদ্দাদারের উক্ত পদস্থ কোন সাহেবের নিমিত্তে হয়, তবে এই বিধি খাটিবে না ইতি।

[কারাগারে মদিরা লইয়া যাইবার দণ্ডের কথা।]

৩৪ ধারা। যে কেহ উপযুক্ত অনুমতি না পাইয়া কোন কারাগারে কি হরিণবাড়ীতে কি রাজকীয় কোন হাস্পাতালে কোন মদিরা কিম্বা উগ্র কি গাঁজাধরা মদ্য কিম্বা মাদক দ্রব্য কি মাদক দ্রব্যে প্রস্তুত দ্রব্য লইয়া যায় কি ফেলে কিম্বা লইয়া যাইবার কি ফেলিবার উদ্যোগ করে তাহার অপরাধ সরাসরীমতে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ডের কিম্বা কঠিন পরিশ্রম সহিত কি তাহা বিনা দুই মাসের অনধিক কারাদণ্ডের যোগ্য হইবে ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২২ মে।]

[Penalty for keeping Hotel, &c., without a license.]

XXXV. Whoever in the Town of Calcutta has or keeps any Hotel, Tavern, Punch-house, Ale-house, Arrack or Toddy shop, or place for the sale of consumption of Ganja, Chundoo, or other preparation of Opium, Hemp, or other intoxicating drug, plant, or substance, or has or keeps any Coffee-house, Boarding-house, Eating-house, Lodging-house, or other place of public resort and entertainment, wherein provisions, liquors, or refreshments are sold or consumed (whether the same be kept or retailed therein or procured elsewhere), without a license to be obtained in the manner hereinafter mentioned, shall be liable, on summary conviction before a Magistrate, to a fine not exceeding fifty Rupees for every day that the said house or place of entertainment is kept open or the sale of provisions, liquors, or refreshments is continued, without the necessary license. Provided that nothing in this Act shall apply to the sale in reasonable quantities of any drug, plant, or substance in any Chemist's or Druggest's shop for medicinal purposes only.

[Excise license not to be granted without Certificate of Commissioner of Police.]

XXXVI. No license shall be granted under the provisions of Act XI of 1849 (*for securing the Abkaree Revenue of Calcutta*) unless the person applying for such license shall produce a Certificate from the Commissioner of Police stating that a license may be granted to him for the sale of spirituous liquors or intoxicating drugs, as the case may be, without risk or detriment to the preservation of Peace and good order, and containing a full statement of such conditions as may have been imposed and shall have remained in force under the provisions hereinafter contained at the date when such license shall be granted. No license so granted shall be renewable without a fresh Certificate as aforesaid previously obtained from the Commissioner of Police, subject to the order and control of the Lieutenant-Governor of Bengal.

[Duration and conditions of license.]

XXXVII. It shall be competent to the Commissioner of Police, subject to the direction and control of the said Lieutenant-Governor, to limit in such Certificate as aforesaid the period for which the license may be granted, and also to fix such conditions as he may deem necessary for securing the good behaviour of the keepers of the houses and places of entertainment as aforesaid and for the prevention of drunkness and disorder among the persons frequenting or using the same, and

[অনুমতিপত্র বিনা হোটেলপ্রভৃতি রাখিবার দণ্ডের কথা ।]

LXIX. Whoever wilfully and indecently exposes his person, or commits a nuisance, by easing himself in or by the side of or near to any public street or thoroughfare or place, shall be liable on summary conviction before a Magistrate, to a fine not exceeding ten Rupees, or, in default thereof, to imprisonment, with or without hard labor, for fourteen days.

[Beggars.]

LXX. Whoever, in any public road, street, thoroughfare, or place, begs or applies for alms, or exposes or exhibits any sores, wounds, bodily ailment, or deformity, with the object of exciting charity or of obtaining alms; or whoever seeks for or obtains alms by means of any false statement or pretences, shall be liable, on summary conviction before a Magistrate, to imprisonment with or without hard labour, for any term not exceeding one month.

[Stray animals to be impounded and sold unless redeemed within ten days.]

LXXI. It shall be lawful for all persons, and it is hereby declared to be the special duty of all Police Officers, to seize all cattle or other animals found straying upon the roads, streets, or thoroughfares, or trespassing on any of the grounds or property of the inhabitants, or of the Government, and to confine such animals in any public pound which shall for such purpose be, from time to time, appointed by the Commissioner of Police;

রাখিয়া কিম্বা ঘোড়া কি গরু প্রভৃতি কি কুকুরকে স্নান করাইয়া কি অন্য প্রকারে স্বত্তাদিগের বাধা কি ক্লেশ জন্মায় ইতি।

[পশুদের প্রতি নিষ্ঠুরাচারের কথা।]

৬৭ ধারা। যদি কোন ব্যক্তি কোন পশুকে নিষ্ঠুররূপে প্রহার করে কি তৎপ্রতি নির্দ্দয় কি কদাচার করে কি যন্ত্রণা দেয় কি অন্যের দ্বারা কি অন্যকে প্রবৃত্তি দিয়া কোন পশুকে নির্দ্দয়মতে প্রহার করায় কি নির্দ্দয় কি কদাচার করায় কি যন্ত্রণা দেওয়ায়, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সরাসরীমতে অপরাধ প্রমাণ হইলে প্রত্যেক অপরাধের জন্যে সেই ব্যক্তির এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, দণ্ডের টাকা না দিলে তাহার কঠিন পরিশ্রম সহিত কি তদ্ভিন্ন তিন মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[প্রকাশ্য স্থানে মত্ততার কি কোলাহলের নির্লজ্জা আচরণের দণ্ডের কথা।]

৬৮ ধারা। কোন পথে কি অনবরোধ পথে কি সাধারণের আমোদ কি ভ্রমণার্থ কোন স্থানে মত্ত ও আত্মরক্ষা করিতে অক্ষম যে ব্যক্তিকে পাওয়া যায়, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার অপরাধ সরাসরীমতে প্রমাণ হইলে সেই ব্যক্তির দশ টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা পরিশ্রম কি তদ্ভিন্ন চব্বিশ ঘণ্টার অনধিককাল কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[পথে অনিষ্ট করিবার দণ্ডের কথা।]

৬৯ ধারা। যদি কোন ব্যক্তি রাজপথে কি অনবরোধ পথে কি স্থানে কি তাহার নিকটে কি পার্শ্বে ইচ্ছাপূর্ব্বক ও লজ্জাকররূপে আপন শরীরের কোন অঙ্গ প্রকাশ করে কি মলত্যাগকরণদ্বারা অনিষ্ট জন্মায়, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার অপরাধ সরাসরীমতে প্রমাণ হইলে তাহার দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। সেই দণ্ডের টাকা না দিলে তাহার কঠিন পরিশ্রম সহিত কি তদ্ভিন্ন চৌদ্দ দিন কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[ভিক্ষুকদিগের কথা।]

৭০ ধারা। যদি কোন ব্যক্তি কোন রাজপথে কি অনবরোধ পথে কি স্থানে দয়া জন্মাইবার কি ভিক্ষা পাইবার জন্যে ভিক্ষামাগে কি প্রার্থনা করে কিম্বা ঘা কি ক্ষত কি শারীরিক রোগ কি বিকলাঙ্গ প্রকাশ করে কি দর্শায় কিম্বা যদি কেহ কোন মিথ্যা উক্তি কি ছলনার দ্বারা ভিক্ষা মাগে কি পায়, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার অপরাধ সরাসরীমতে প্রমাণ হইলে তাহার কঠিন পরিশ্রমসহিত কি তদ্ভিন্ন এক মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[ভ্রমণকারি পশুকে খোঁয়াড়িতে রাখা যাইবার ও দশ দিনের মধ্যে মুক্ত না করা গেলে বিক্রয় হইবার কথা।]

৭১ ধারা। গবাদি কোন পশুকে পথে কি অনবরোধ পথে ভ্রমণ করিতে কিম্বা নিবাসি লোকেরদের কি গবর্ণমেণ্টের কোন ভূমিতে কি সম্পত্তিতে প্রবেশ করিতে দেখা গেলে, তাহা ধরিয়া পোলীসের কমিস্যনর সাহেব যে কোন রাজকীয় খোঁয়াড়ি [illegible] নিরূপণ করেন, সেই খোঁয়াড়িতে রাখিতে সকল লোকের ক্ষমতা থাকিবেক, ও তাহা করা পোলীসের সকল কার্য্যকারকের বিশেষ কর্ত্তব্য কর্ম্ম ইহার দ্বারা প্রকাশ করা গেল। আর উক্ত কমিস্যনর সাহেব যে

and if such animals shall not be respectively redeemed by the owners of the same within ten days after being so impounded, by paying to the person to be appointed by the said Commissioner to have charge of such pound the fee of eight annas for every goat, sheep, or hog, and one Rupee for every other animal, together with the expenses of feeding the same while impounded, according to a daily rate to be settled by the said Commissioner, such animals so impounded shall be publicly sold, and the produce of such sale, after paying the said fee, and also the expenses of feeding, shall be paid to the owners of such animals, or, in default of their claiming such produce for the space of fifteen days after such sale, shall be retained by the said Commissioner, and credited to any Fund applicable to Police purposes.

[Police Officer may arrest without warrant on view of offence.]

LXXII. Any Police Officer may arrest, without a warrant, any person committing, in his view, any of the offences described or referred to in this Act.

[Police Officer may take into custody, without warrant, persons charged with having recently caused hurt.]

LXXIII. Any Police Officer may take into custody, without warrant, any person who is charged with causing hurt, in every case in which he shall have good reason to believe that hurt has been caused, although not in his view, and that by reason of the recent commission of the offence, a warrant could not have been obtained for the apprehension of the offender.

[Apprehension of offenders by private individuals.]

LXXIV. Whoever commits an offence on or with respect to the person or property of another, or, in committing any of the offences described or referred to in this Act, injures or damages the person or property of another, may, if his name and address be unknown, be apprehended by the person injured, or by any person who may be using the property to which the injury may be done, or by the servant of either of such persons, or by any person authorized by or acting in aid of him, and may be detained until he give his name and address, and satisfy such person that the name and address so given are correct, or

ব্যক্তিকে ঐ খোঁয়াড়ির রক্ষণের ভার দিয়া নিযুক্ত করেন তাহাতে যদি সেই খোঁয়াড়িতে ঐ পশু বদ্ধ হইলে পর দশ দিনের মধ্যে পশুর স্বামিরা এই হিসাবমতে শুল্ক দিয়া অর্থাৎ এক২ ছাগলের কি মেষের কি শূকরের নিমিত্তে ।।৹ আনা ও অন্য প্রত্যেক পশুর নিমিত্তে এক২ টাকা ও সেই পশুকে যত কাল খোঁয়াড়িতে রাখা যায় তত কালের খোরাকী উক্ত কমিসানর সাহেব প্রতি দিনের যে হার নিরূপণ করেন সেই হারমতে দিয়া মুক্ত না করেন তবে সেই প্রকারে খোঁয়াড়িতে রাখা সেই পশুর নীলাম হইবেক। ও তদ্দ্বারা যে টাকা পাওয়া যায় তাহাহইতে ঐ শুল্ক ও খোরাকী বাদ দিয়া যাহা থাকে তাহা ঐ পশুর স্বামিদিগকে দেওয়া যাইবেক। কিম্বা যদি তাহারা ঐ নীলামের পর পনের দিন পর্য্যন্ত সেই অবশিষ্ট টাকার দাওয়া না করে তবে সেই টাকা উক্ত কমিসানর সাহেব রাখিবেন ও তাহা পোলীসের কার্য্য সংক্রান্ত কোন ফণ্ডে জমা হইবে ইতি।

[পোলীসের কার্য্যকারক অপরাধ দেখিলে আজ্ঞাপত্র বিনা ধৃত করিতে পারিবার কথা।]

৭২ ধারা। কোন ব্যক্তি পোলীসের কোন কার্য্যকারকের গোচরে এই আইনের নির্দ্দিষ্ট কি উল্লিখিত কোন অপরাধ করিলে সেই কার্য্যকারক আজ্ঞাপত্র বিনা তাহাকে ধৃত করিতে পারিবেক ইতি।

[কোন ব্যক্তির নামে সংপ্রতি পীড়া দেওনের অভিযোগ হইলে পোলীসের কার্য্যকারককর্ত্তৃক আজ্ঞাপত্র বিনা তাহার আসিদ্ধ হইবার কথা।]

৭৩ ধারা। কোন ব্যক্তির নামে পীড়া দেওনের অভিযোগ হইলে যদি পোলীসের কার্য্যকারকের দৃষ্টিগোচর না হইলেও সেই পীড়া হইবার বিষয়ে তাহার বিশ্বাস করিবার উপযুক্ত হেতু থাকে ও সেই অপরাধ অল্পকাল পূর্ব্বে হওয়াপ্রযুক্ত অপরাধিকে ধৃত করিবার আজ্ঞাপত্র পাওয়া যাইতে না পারে, তবে ঐ কার্য্যকারক ওয়ারণ্ট বিনা তাহাকে আসেধ করিয়া লইতে পারিবেক ইতি।

[বিশেষ ব্যক্তিদের দ্বারা অপরাধী ধৃত হইবার কথা।]

৭৪ ধারা। যদি কোন ব্যক্তি অন্য ব্যক্তির কি তাহার সম্পত্তির উপর কি তৎসম্পর্কে অপরাধ করে, কিম্বা এই আইনের নির্দ্দিষ্ট কি উল্লিখিত অপরাধ করণেতে অন্য ব্যক্তির কি তাহার সম্পত্তির অপচয় কি ক্ষতি করে, তবে তাহার নাম ও বাসস্থান জানা না গেলে যাহার ক্ষতি হইয়াছে সেই ব্যক্তি কিম্বা যে সম্পত্তির ক্ষতি হইয়াছে তাহার ব্যবহার যে ব্যক্তি করিতেছিল সে ব্যক্তি কিম্বা তাহারদের কোন জনের চাকর কিম্বা সেই ব্যক্তি হইতে ক্ষমতাপ্রাপ্ত কি তাহার সাহায্যকারি কোন ব্যক্তি সেই অপরাধিকে ধরিতে পারিবেক ও যে পর্য্যন্ত সেই অপরাধী আপনার নাম ও বাসস্থান না জানায় ও তদ্রূপ প্রকাশিত নাম ও বাসস্থান ঠিক আছে এই বিষয়ে যে পর্য্যন্ত সেই ব্য-

until he can be delivered into the custody of a Police Officer.

[Penalty for assaulting or forcibly resisting a person who apprehends under the preceding Section.]

LXXV. If any person lawfully apprehended under the last preceding Section shall assault or forcibly resist the person by whom he shall be so apprehended, or any person acting in his aid, he shall be liable to a fine not exceeding two hundred Rupees.

[Persons taken into custody by a Police Officer without warrant may be detained in Station House, until brought before a Magistrate or bailed.]

LXXVI. Every person taken into custody without a warrant by a Police Officer shall be taken to the Station House, in order that such person may be detained until he can be brought before a Magistrate, or until he shall enter into recognizances, with or without sureties, for his appearance before a Magistrate.

[Power to take recognizances at the Station House upon certain charges.]

LXXVII. Whenever any person is brought to a Station House charged with any offence against this Act, or with any of the offences numbered 1, 2, 3, 4, 5, 6, 7, 9, 10, 11, 12, 13, 14, 20, 21, 22, 23, 24, and 25 in Section XXVI of this Act; or whenever a person is in the custody of any Police Officer without a warrant, it shall be lawful for the Officer in charge of such Station House, or any superior Officer of Police, if he shall deem it prudent, to enlarge such person on his own recognizance, with or without sureties, conditioned as hereinafter mentioned.

[Condition of recognizance.]

LXXVIII. Every recognizance so taken shall be without fee or reward, and shall be conditioned for the appearance of the person thereby bound before the Magistrate at his next sitting, and all persons executing the said recognizance shall acknowledge themselves jointly and severally bound in the sum (not exceeding one thousand Rupees) thereby acknowledged, and the time and place of appearance shall be specified in the said recognizance, or in the condition thereof; and the Officer taking the recognizance shall enter in a book, to be kept for the purpose the name, residence, and occupation of the party, and his surety or sureties (if any) entering into such recognizance, together with the condition thereof, and the sum thereby acknowledged, and shall return every such

ক্তির অবোধ না হয় কিম্বা যেপর্য্যন্ত ঐ অপরাধিকে পোলীসের কোন কার্য্যকারকের হস্তে অর্পণ করা যাইতে না পারে সেই পর্য্যন্ত সেই ব্যক্তি ঐ অপরাধিকে আটক করিয়া রাখিতে পারিবে ইতি।

[উক্ত ধারামতে যে ব্যক্তি অন্যকে ধৃত করে তাহার প্রতি আক্রমণ করিবার কি বলপূর্ব্বক তাহাকে বাধা দিবার দণ্ডের কথা।]

৭৫ ধারা। উক্ত ৭৪ ধারামতে যে কোন ব্যক্তিকে আইনসিদ্ধরূপে ধৃত করা যায় সে যদি আপনার ধৃতকারক ব্যক্তির প্রতি কিম্বা তাহার সহায়ের প্রতি আক্রমণ করে কি বলপূর্ব্বক তাহার বাধকতা করে, তবে তাহার ২০০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[পোলীসের কোন কার্য্যকারক যে লোকদিগকে ওয়ারণ্ট বিনা আসেধে রাখে তাহাদিগকে যে পর্য্যন্ত মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত না করা যায় কি দর্শনপ্রতিভূ না পাওয়া যায় সেই পর্য্যন্ত তাহাদিগকে থানায় রাখিবার কথা।]

৭৬ ধারা। পোলীসের কার্য্যকারক ওয়ারণ্ট বিনা যে কোন ব্যক্তিকে আসেধে লইয়া রাখে তাহাকে যাবৎ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত করা যাইতে না পারে অথবা সেই লোক যাবৎ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইবার প্রতিভূসহিত কি প্রতিভূভিন্ন প্রতিজ্ঞাপত্র লিখিয়া না দেয় তাবৎ তাহাকে আসেধ করিয়া রাখিবার জন্যে থানায় আনা যাইবে ইতি।

[কোন২ অভিযোগ হইলে প্রতিজ্ঞাপত্র থানায় লইবার ক্ষমতার কথা।]

৭৭ ধারা। যখন এই আইনের বিরুদ্ধ কোন অপরাধ কিম্বা এই আইনের ২৬ ধারার ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ২০, ২১, ২২, ২৩, ২৪ ও ২৫ অঙ্ক যুক্ত কোন অপরাধ করিবার অভিযোগে কোন ব্যক্তিকে থানায় উপস্থিত করা যায়, কিম্বা যদি কোন ব্যক্তি ওয়ারণ্ট বিনা পোলীসের কোন কর্ম্মকারকের আসেধে থাকে, তবে থানার কর্ম্মের ভার যে কার্য্যকারকের প্রতি থাকে তিনি কিম্বা পোলীসের কোন অধিনায়ক বিহিত বোধ করিলে প্রতিভূসহিত কি প্রতিভু বিনা সেই ব্যক্তির প্রতিজ্ঞাপত্র লইয়া তাহাকে ছাড়িয়া দিতে পারিবেন। সেই প্রতিজ্ঞাপত্রের নিয়ম নিম্ন ভাগে লেখা যাইতেছে ইতি।

[প্রতিজ্ঞাপত্রের নিয়ম।]

৭৮ ধারা। তদ্রূপে যে২ প্রতিজ্ঞাপত্র লওয়া যায় তাহার কিছু শুল্ক কি পুরস্কার লাগিবে না। ও তাহাতে এই প্রতিজ্ঞা থাকিবে যে, সেই সময়ের পর মাজিষ্ট্রেট সাহেব যখন প্রথমে অধিবেশন করেন তখন সেই প্রতিজ্ঞাতে বদ্ধ লোক তাঁহার সম্মুখে উপস্থিত হইবে। আর সেই প্রতিজ্ঞাতে কি তাহার নিয়মের মধ্যে সেই লোকের উপস্থিত হইবার সময় ও স্থান নির্দ্দিষ্ট থাকিবে, ও সহস্র টাকার অনধিক যত টাকার নিমিত্তে সেই প্রতিজ্ঞাপত্র হয় তাহা লেখা থাকিবে। এবং যে সকল ব্যক্তি ঐ প্রতিজ্ঞাপত্র সম্পাদন করেন তাঁহারা আপনারদিগকে সেই টাকার নিমিত্তে একত্রে কি স্বতন্ত্রে দায়ী স্বীকার করিবেন। আর যে কর্ম্মকারক সেই প্রতিজ্ঞাপত্র লন তিনি এক খান বহী রাখিয়া তাহার মধ্যে ঐ লোকের নাম ও বাসস্থান ও ব্যবসায় আর যদি কোন প্রতিভূ সেই প্রতিজ্ঞাপত্রে বদ্ধ হয়, তবে সেই প্রতিভু কি প্রতিভুদের নাম ও বাসস্থান ও

recognizance to the Magistrate present at the time and place when and where the party is bound to appear.

[On suspicion of goods being stolen or unlawfully obtained, Commissioner of Police or Magistrate may grant search-warrant.]

LXXIX. If information shall be given on oath to the Commissioner of Police or to a Magistrate, that there is reasonable cause for suspecting that any thing stolen or unlawfully obtained is concealed or lodged in any dwelling-house, building, or other place, or any ship or vessel, the Commissioner or the Magistrate, by special warrant under his hand directed to any Police Officer, may cause such dwelling-house, building, or other place, or ship or vessel, to be entered and searched at any time of the day, or by night, if power for that purpose be given by such warrant; and the said Commissioner or Magistrate, if it shall appear to him necessary may empower such Police Officer, with such assistance as may be found necessary, (such Officer having previously made known his authority,) to use force for the effecting of such entry, whether by breaking open doors or otherwise, and if, upon search thereupon made, such thing shall be found, then to convey the same before a Magistrate, or to guard the same on the spot until the offenders are taken before a Magistrate, or otherwise dispose thereof in some place of safety; and moreover to take into custody, and carry before the said Magistrate, every person found in such house or place, ship, or vessel, who shall appear to have been privy to the deposit of any such thing, knowing or having reasonable cause to suspect the same to have been stolen, or otherwise unlawfully obtained.

[Power to search houses for stolen property without a warrant in certain cases.]

LXXX. If information shall be given to any Officer of Police not below the rank of Inspector that there is reasonable causes for suspecting that any stolen property is concealed or lodged in any dwelling-house or other place, and he shall have good grounds for believing that, by reason of the delay in obtaining a search-warrant, the property is likely to be removed, the said Officer, in virtue of his office, may search for specific articles alleged to have been stolen in the houses and places specified; provided always, that a list of the articles stolen or missing be delivered or taken down in writing, with a declaration stating that

ব্যবসা ও সেই প্রতিজ্ঞাপত্রের নিয়ম ও তাহাতে যত টাকা স্বীকার হইয়াছে তাহা লিখিবেন আর সেই লোক যে সময়ে ও যে স্থানে উপস্থিত হইতে বদ্ধ হয় সেই সময়ে সেই স্থানে যে মাজিষ্ট্রেট সাহেব বর্ত্তমান হন তাঁহার নিকটে সেই প্রতিজ্ঞাপত্র উপস্থিত করিবেন ইতি।

[কোন দ্রব্য চুরি করা গিয়াছে কি বেআইনীমতে পাওয়া গিয়াছে এমত সন্দেহ হইলে পোলীসের কমিস্যনর কিম্বা মাজিষ্ট্রেট সাহেবকর্ত্তৃক অন্বেষণের আজ্ঞাপত্রের কথা।]

৭৯ ধারা। যদি পোলীসের কমিস্যনর সাহেবকে কিম্বা মাজিষ্ট্রেট সাহেবকে শপথক্রমে এই সম্বাদ দেওয়া যায় যে চোরা কি বেআইনীমতে গৃহীত কোন বস্তু কোন বসতি বাটীতে কি ঘরে কি অন্য স্থানে কি কোন জাহাজে কি নৌকায় গোপন করা গিয়াছে কি রাখা গিয়াছে এমত সন্দেহ করিবার উপযুক্ত কারণ আছে, তবে ঐ কমিস্যনর সাহেব কি মাজিষ্ট্রেট সাহেব পোলীসের কোন কার্য্যকারকের নামে আপনার স্বাক্ষরিত বিশেষ ওয়ারেন্ট দিয়া দিবাভাগের কোন সময়ে কিম্বা যদি সেই আজ্ঞাপত্রেতে ক্ষমতা দেওয়া যায় তবে রাত্রিতেও সেই বসতি বাটীতে কি ঘরে কি অন্য স্থানে কিম্বা নৌকাদিতে প্রবেশ করিয়া অন্বেষণ করিবার আজ্ঞা করিতে পারিবেন। যদি সেই কমিস্যনর কিম্বা মাজিষ্ট্রেট সাহেব আবশ্যক বোধ করেন, তবে পোলীসের ঐ কার্য্যকারককে এই ক্ষমতা দিতে পারিবেন যে আবশ্যক মতের সাহায্য লইয়া আপনি যে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছে তাহা প্রথমে জ্ঞাত করাইয়া দ্বার ভাঙ্গিয়া কি অন্য প্রকারে প্রবেশ করিবার জন্যে বলপূর্ব্বক কার্য্য করে। আর তাহা করিয়া অন্বেষণ করিলে যদি সেই বস্তু পাওয়া যায়, তবে তাহা কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে চালান করে কিম্বা যাবৎ অপরাধিদিগকে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত না করা যায় তাবৎ সেই স্থানে ঐ বস্তুর রক্ষা করে কি কোন নির্ব্বিঘ্ন স্থানে তাহা প্রকারান্তরে অর্পণ করে। আর সেইরূপ কোন বস্তু চোরা ছিল কি অন্য প্রকারে বেআইনীমতে পাওয়া গিয়াছিল ইহা জানিয়া কিম্বা এমত সন্দেহ করণের উপযুক্ত কারণ পাইয়াও যে কোন ব্যক্তি তাহা লুকাইয়া রাখিবার কার্য্যে লিপ্ত ছিল বোধ হয় এমত যে ব্যক্তিকে ঐ ঘরে কি স্থানে কি জাহাজে পাওয়া যায় তাহাকে ধরিয়া লইয়া উক্ত মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত করে ইতি।

[কোন২ স্থলে আজ্ঞাপত্র বিনা চোরা দ্রব্যের নিমিত্তে গৃহান্বেষণ করিবার কথা।]

৮০ ধারা। ইন্‌স্পেক্টরের অনধীন পদস্থ পোলীসের কোন কার্য্যকারককে যদি এই সংবাদ দেওয়া যায় যে কোন চোরা সম্পত্তি কোন বসতি বাটীতে কি অন্য স্থানে গোপন করা গিয়াছে কি রাখা গিয়াছে এমত সন্দেহ করিবার উপযুক্ত কারণ আছে আর অন্বেষণের আজ্ঞাপত্র পাইতে হইলে বিলম্ব প্রযুক্ত ঐ সম্পত্তি স্থানান্তর করা যাইবার সম্ভাবনা ঐ কার্য্যকারকের যদি এমত বিশ্বাস করিবার ভাল কারণ থাকে, তবে ঐ কার্য্যকারক আপন পদের শক্তিক্রমে, যে২ বিশেষ দ্রব্য চুরি করা গিয়াছে কথিত হয় তাহা সেই নির্দ্দিষ্ট ঘরে কি স্থানে অন্বেষণ করিতে পারিবে। পরন্তু সর্ব্বদাই প্রয়োজন যে ঐ চোরা কি অনুদ্দেশ্য দ্রব্যের এক নির্ঘণ্ট লিখিয়া দেওয়া যায় কি লিখিয়া লওয়া

[*Government Gazette*, 22nd *May* 1866.]

the robbery has been committed, and that the informant has good ground to believe that the property is deposited in such house or place; and provided further, that the person who lost the goods, or his representative, accompany the Officer in the search.

[Seizure of stolen property.]

LXXXI. It shall be lawful for any Police Officer to seize any property or thing which may be found in the possession of any person, where the possession by such person of such property or thing creates a reasonable suspicion of the commital of an offence; and such seizure shall be forthwith reported to the Commissioner of Police, who shall thereupon make such order respecting the custody or production of the property as he shall think proper.

[Disposal of stolen property in custody of Police.]

LXXXII. If any property, charged to be stolen or fraudulently obtained shall be in the custody of any Police Officer by virtue of any warrant of a Magistrate, or in prosecution of any charge of an offence against the Indian Penal Code in regard to the obtaining thereof, and the person charged with such offence shall not be found, or shall have been summarily dealt with or discharged, or shall have been tried and acquitted, or if such person shall have been tried and found guilty, but the property so in custody shall not have been included in the charge upon which he shall have been found guilty, or if any property shall have been seized by a Police Officer under the two last preceding Sections, it shall be lawful for any Magistrate to make an order for the delivery of such property to the party who shall appear to be the rightful owner thereof; or, in case the owner cannot be ascertained, then to make such order with respect to the property as to the Magistrate shall seem meet. Provided always that no such order shall be any bar to the right of any person to sue the party to whom the property shall be delivered, and to recover such property from him by action at law, so that the action be commenced within two months next after such order shall have been made.

[Magistrate may proceed by summons, and if party does not appear, may issue warrant. In cases not of a criminal nature. Magistrate may Proceed in the absence of the person summoned. Prosecution for such offences to be commenced within three months.]

LXXXIII. Upon any information or complaint, which need not be upon oath, laid or made before a Magistrate of Police, of any matter which such Magistrate is by law authorized to

যার ও চৌর্য্য হইয়াছে ও সেই দ্রব্য সেই ঘরে কি স্থানে রাখা গিয়াছে সম্বাদদাতার এমত বুঝিবার ভাল কারণ আছে এই কথাও লেখা যায়। আরো প্রয়োজন যে যে ব্যক্তির ঐ দ্রব্য হারাণ গিয়াছে সেই কি তাহার স্থলাভিষিক্ত ব্যক্তি অন্বেষণ করিবার সময়ে ঐ কার্য্যকারকের সঙ্গে থাকে ইতি।

[চোরা দ্রব্য ধৃতির কথা ।]

৮১ ধারা। কোন ব্যক্তির নিকটে কোন সম্পত্তি কি দ্রব্য থাকাতে যদি যুক্তিসিদ্ধমতে অপরাধ হইবার সন্দেহ হইতে পারে, তবে পোলীসের কোন কর্ম্মকারক সেই ব্যক্তির নিকটে প্রাপ্ত সেই দ্রব্য কি সম্পত্তি ধৃত করিয়া লইতে পারিবে, ও পোলীসের কমিস্যনর সাহেবকে অবিলম্বে সেই ধৃতির সম্বাদ দিতে হইবে। তাহাতে তিনি ঐ দ্রব্য রাখিবার কি উপস্থিত করিবার যে আজ্ঞা উপযুক্ত বোধ করেন করিবেন ইতি।

[পোলীসের রক্ষিত চোরাদ্রব্যের প্রয়োগের কথা।]

৮২ ধারা। যদি চোরা কি প্রতারণাপূর্ব্বক প্রাপ্ত দ্রব্য বলিয়া কোন দ্রব্য মাজিষ্ট্রেটের কোন ওয়ারেন্টের বলে কিম্বা ঐ দ্রব্যপ্রাপ্তি সম্পর্কে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের বিপক্ষ অপরাধের অভিযোগ সম্পাদনে পোলীসের কোন কর্ম্মকারকের সংরক্ষণে থাকে ও যে ব্যক্তির নামে ঐ অভিযোগ হইয়াছে তাহার সন্ধান যদি না পাওয়া যায়, কিম্বা তাহার প্রতি স্থূলবিচারমতে কার্য্য হইয়া যদি তাহাকে মুক্ত করা গিয়া থাকে, কিম্বা বিচার হইয়া যদি তাহাকে নির্দ্দোষ নির্ণয় করা যায় অথবা বিচার হইয়া সেই ব্যক্তির দোষ প্রমাণ হইলেও যে অভিযোগে তাহার দোষ প্রমাণ হয় তন্মধ্যে যদি উক্তমতে রক্ষিত সম্পত্তি ধরা না গিয়া থাকে কিম্বা যদি ইহার অব্যবহিত পূর্ব্ব দুই ধারামতে পোলীসের কর্ম্মকারকদ্বারা কোন সম্পত্তি ধৃত হয়, তবে যে ব্যক্তিকে ঐ দ্রব্যের স্বত্ববান স্বামী বোধ হয় কোন মাজিষ্ট্রেট তাহাকেই সেই সম্পত্তি দিতে আজ্ঞা করিতে পারিবেন। যদি স্বামির নিশ্চিত সন্ধান পাওয়া না যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ সম্পত্তির বিষয়ে যে আজ্ঞা বিহিত বোধ করেন তাহা করিতে পারিবেন। পরন্তু তদ্রূপ আজ্ঞা হইলে ঐ দ্রব্য যাঁহার হস্তে অর্পিত করা যায় তাঁহার নামে কোন ব্যক্তি দেওয়ানী আদালতে নালিশ করিয়া তাঁহার স্থানে ঐ দ্রব্য লইতে পারিবেন, তাঁহার এই স্বত্বের কোন বাধা হইবে না। কিন্তু সেই আজ্ঞা হইবার পর দুই মাসের মধ্যে সেই নালিশ করিতে হইবে ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবকর্ত্তৃক আহ্বানপত্র প্রচারিত হইবার কথা ও লোক উপস্থিত না হইলে ধৃতিরপত্র প্রচার করিবার কথা। ও অপরাধ ভাবঘটিত মোকদ্দমা না হইলে আহূত ব্যক্তির অনুপস্থানেও মাজিষ্ট্রেট সাহেবের কার্য্য করিবার ও তদ্রূপ অপরাধের মোকদ্দমা তিন মাসের মধ্যে আরম্ভ করিতে হইবার কথা।]

৮৩ ধারা। পোলীসের মাজিষ্ট্রেট সাহেব আইন-ক্রমে যে বিষয় সরাসরীমতে শুনিয়া নিষ্পত্তি করিতে পারেন এমত কোন বিষয়ের সম্বাদ কি নালিশ ঐ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হইলে (পো

hear and determine summarily, he may summon the person charged to appear at a time and place to be mentioned in the summons; and if such person shall not appear according to the tenor of the summons, the Magistrate, upon proof of the service of the summons, may proceed, in all cases which are not of a criminal nature, if no sufficient cause shall be shewn for the non-appearance, of the person charged, to hear and determine the case in his absence; or in such cases, and in all criminal cases, may, if he think fit, upon oath being made before him substantiating the matter of such information or complaint to his satisfaction, issue his warrant for apprehending and bringing the person charged before him or some other Magistrate, in order that the said information or complaint may be heard and determined. Provided always that the prosecution for any offence not of a criminal nature, punishable upon summary conviction by virture of this Act, shall be commenced within three months after the commission of the offence, and not otherwise.

[How summons may be served.]

LXXXIV. Every such summons shall be served by delivering the original or a copy thereof to the person charged, or by leaving the same at his usual place of abode with some adult male member or servant of his family.

[Magistrate may issue warrant without summons when grounds for doing so are stated on oath.]

LXXXV. A Magistrate may, without issuing any summons, forthwith issue his warrant for the apprehension of any person charged with any offence cognizable before him whenever good grounds for so doing shall be stated on oath before him.

[Magistrate may enforce attendance of witnesses. And administer oath.]

LXXXVI. A Magistrate may summon any person within his jurisdiction to appear before him, at a time and place appointed, as a witness in any matter cognizable by the Magistrate, and to bring with him any document or thing that may be required relating to any offence with which any person is charged before him; and may administer to such person an oath to testify the truth in such matter. If any person so summoned shall, without reasonable excuse, refuse or neglect to appear at the time and place appointed for that purpose, the Magistrate may (after proof upon oath of the summons having been served upon such person either personally or by leaving the same at his usual place of abode with some adult male member or servant of his family)

সম্বাদ কি সন্ধান শপথক্রমে হইবার প্রয়োজন নাই) তিনি অভিযুক্ত ব্যক্তির নামে আহ্বানপত্র দিয়া তাহাকে আহ্বানপত্রের লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইতে আহ্বান করিতে পারিবেন। ও যদি সেই ব্যক্তি আহ্বানপত্রের মর্ম্মানুসারে উপস্থিত না হয়, তবে ঐ আহ্বানপত্র পর্য্যর্পণ হইবার প্রমাণ হইলে মাজিষ্ট্রেট সাহেব অপরাধঘটিত মোকদ্দমাভিন্ন সকল মোকদ্দমায় অভিযুক্ত ব্যক্তির উপস্থিত না হইবার কারণ দর্শান না গেলে তাহার অনুপস্থানে ঐ মোকদ্দমা শুনিয়া নিষ্পত্তি করিতে প্রবর্ত্ত হইবেন। অথবা তদ্রূপ স্থলে এবং ফৌজদারী সকল মোকদ্দমায় তাঁহার সম্মুখে ঐ সংবাদ কি অভিযোগের বিষয় তাঁহার হৃদ্বোধমতে প্রতিপন্ন করণের শপথ করা গেলে তিনি যদি উচিত বোধ করেন তবে সেই সংবাদ কি অভিযোগ শুনিয়া নিষ্পত্তি করিবার জন্যে ঐ অভিযুক্ত ব্যক্তিকে ধৃত করিয়া আপনার কিম্বা অন্য কোন মজিষ্ট্রেটের নিকটে উপস্থিত করাইবার নিমিত্তে ওয়ারেন্ট দিতে পারিবেন। পরন্তু সর্ব্বদাই প্রয়োজন যে ফৌজদারী প্রকারের অপরাধ ভিন্ন এই আইনের বলে সরাসরী মতে সপ্রমাণ হইলে যে কোন অপরাধের দণ্ড হইতে পারে তাহার মোকদ্দমা ঐ অপরাধ হইবার পর তিন মাসের মধ্যে আরম্ভ করিতে হইবে নতুবা হইতে পারিবে না ইতি।

[আহ্বানপত্র যে প্রকারে পর্য্যর্পিত হইবে তাহার কথা।]

৮৪ ধারা। আহ্বানপত্রের মূললিপি কি তাহার প্রতিলিপি অভিযুক্ত ব্যক্তিকে দিয়া কিম্বা তাহার নিয়ত বাসস্থানে তাহার পরিবারের কোন বয়ঃপ্রাপ্ত পুরুষের কি চাকরের হাতে দিয়া সেই আহ্বানপত্রের পর্য্যর্পণ হইতে পারিবে ইতি।

[আহ্বানপত্র না দিবার কারণ শপথক্রমে প্রকাশ হইলে মাজিষ্ট্রেট সাহেবের ওয়ারেন্ট দিতে পারিবার কথা।]

৮৫ ধারা। কোন ব্যক্তির নামে মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য কোন অপরাধের অভিযোগ হইলে যদি আহ্বানপত্র না দিয়া তাহাকে ধৃত করণের আজ্ঞাপত্র প্রচার করিবার ভাল কারণ শপথক্রমে তাঁহার নিকটে প্রকাশ করা যায়, তবে তিনি আহ্বানপত্র না দিয়াও অগৌণে ওয়ারেন্ট দিতে পারিবেন ইতি।

[সাক্ষিদিগকে বলপূর্ব্বক উপস্থিত ও শপথ করাইতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

৮৬ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য কোন মোকদ্দমায় তিনি নিরূপিত সময়ে ও স্থানে আপনার সম্মুখে উপস্থিত হওনার্থে আপনবিচারাধিপত্যের মধ্যগত কোন ব্যক্তিকে সাক্ষিস্বরূপে আহ্বান করিতে পারিবেন ও আপনার নিকটে অভিযুক্ত কোন ব্যক্তির কোন অপরাধসম্পর্কীয় যে কোন লেখ্যের কি দ্রব্যের প্রয়োজন হয় আহ্বানপত্রে তাহাও সঙ্গে আনিতে আজ্ঞা করিতে পারিবেন। ও সেই ব্যক্তি সেই বিষয়ে সত্যসাক্ষ্য দিবে তাহাকে এইমত শপথ করাইতে পারিবেন। সেই প্রকারের আহূত ব্যক্তি যদি উপযুক্ত হেতু না থাকিলেও উপস্থিত হইবার নিরূপিত সময়ে ও স্থানে উপস্থিত হইতে অস্বীকার কি ত্রুটি করে, তবে ঐ আহ্বানপত্র নিজ সেই ব্যক্তিকে দিয়া কিম্বা তাহার নিয়ত বাসস্থানে তাহার পরিবারের কোন বয়ঃপ্রাপ্ত পুরুষ কি চাকরের নিকটে রাখিয়া পর্য্যর্পণ হইয়াছে এই বিষয়ের প্রমাণ শপথক্রমে হইলে পর মাজিষ্ট্রেট সাহেব

issue a warrant to bring such person before him to testify as aforesaid.

[Fees on summons and subpœna. Proviso.]

LXXXVII. For every summons issued by the Commissioner of Police or a Magistrate under this Act, there shall be paid a fee of eight annas, and for every subpœna so issued there shall be paid a fee of four annas. Provided that it shall be lawful for such Commissioner or Magistrate in any case to remit such fee or fees if he shall be satisfied that the party complaining is unable to pay the same, or if the complaint is made by any Police Officer in execution of his duty.

[Power to Magistrates to order prisoners to be brought up to the Police Office.]

LXXXVIII. When any Magistrate is desirous of examining any prisoner confined in a Civil or Criminal Jail as a witness or defendant with respect to any charge, case, or proceeding pending before him, it shall be lawful for such Magistrate to issue an order addressed to the Superintendent or Officer in charge of the said Jail requiring him to bring such prisoner in proper custody, at a time to be therein named, to the Police Office for examination, and the Superintendent or Officer in charge of the said Jail, on the receipt of such order, shall act in accordance therewith, and shall provide for the safe custody of the prisoner during his absence from prison for the purpose aforesaid.

[Giving false evidence.]

LXXXIX. Whoever gives false evidence in any Judicial proceeding before a Magistrate, may be committed by such Magistrate for trial before Her Majesty's High Court of Judicature.

[Power to Magistrate to adjourn the hearing of case and commit defendant, or suffer him to go at large, or discharge him upon his own recognizance. In cases not of a criminial nature, Magistrate may proceed with the further hearing in the absence of parties. In all cases if prosecutor fails to appear, complaint may be dismissed.]

XC. The Magistrate may, from time to time, adjourn the hearing of any information or complaint to a certain time and place to be then appointed and stated in the presence and hearing of the party or parties, or their respective counsel, attorneys, or agents then present, and in the mean time the said Magistrate may suffer the defendant to go at large, or may discharge him upon his entering into a recognizance, with or without surety or sureties, conditioned for his

তাহাকে পূর্ব্বোক্তমতে সাক্ষ্য দিবার জন্যে আপনার সম্মুখে আনাইবার ওয়ারণ্ট প্রচার করিতে পারিবেন ইতি।

[আহ্বানপত্রের ও সফীনার শুল্কের কথা ও উপনিয়ম।]

৮৭ ধারা। পোলীসের কমিসানর কিম্বা মাজিষ্ট্রেট সাহেব এই আইনমতে যে আহ্বানপত্র দেন তাহার উপর ।।৹ আট আনা ও যে সফীনা দেন তাহার প্রত্যেরেক উপর ।৹ আনা লাগিবে। কিন্তু যে ব্যক্তি নালিশ করেন তিনি ঐ শুল্ক দিতে অক্ষম কমিসানর কি মাজিষ্ট্রেট সাহেব ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে, কিম্বা পোলীসের কোন কর্ম্মকারক আপন কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন কালে ঐ নালিশ করিলে ঐ কমিসানর কি মাজিষ্ট্রেট সাহেব ঐ শুল্ক ক্ষমা করিতে পারিবেন ইতি।

[বন্দিদিগকে পোলীসের কার্য্যালয়ে আনিবার আজ্ঞা করিতে মাজিষ্ট্রেট সাহেবদের ক্ষমতার কথা।]

৮৮ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যে কোন নালিশ কি মোকদ্দমা কি ব্যবহারঘটিত কার্য্য উপস্থিত থাকে তাহার সম্পর্কে যদি তিনি সাক্ষি কি প্রতিবাদিস্বরূপে দেওয়ানী কি ফৌজদারী কারাবদ্ধ কোন ব্যক্তির পরীক্ষা লইতে চাহেন, তবে উক্ত কারাগারের রক্ষকের কি অধ্যক্ষ সাহেবের নামে আজ্ঞাপত্র দিয়া সেই কারাবদ্ধ ব্যক্তিকে ঐ আজ্ঞার লিখিত সময়ে উপযুক্ত রক্ষাক্রমে পোলীসের কার্য্যালয়ে পরীক্ষিত হইবার জন্যে আনাইতে আজ্ঞা করিবেন ও সেই কারাগারের রক্ষক কি অধ্যক্ষ সাহেব সেই আজ্ঞাপত্র পাইলে তদনুসারে কার্য্য করিবেন ও পূর্ব্বোক্তঅভিপ্রায়ে কারাগারের বাহিরে সেই বন্দির থাকিবার সময়ে তাহার উপযুক্ত রক্ষণের উপায় করিবেন ইতি।

[মিথ্যা শপথের কথা।]

৮৯ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে বিচারসম্পর্কীয় কোন কার্য্যেতে যে কোন ব্যক্তি মিথ্যা সাক্ষ্য দেয় সেই ব্যক্তিকে ঐ মাজিষ্ট্রেট সাহেব শ্রীশ্রীমতী মহারাণীর হাই কোর্টের সম্মুখে বিচারার্থে সমর্পণ করিতে পারিবেন ইতি।

[মোকদ্দমা শ্রুতিকার্য্যের অন্যসময় নিরূপণ করিতে ও প্রতিবাদিকে সমর্পণ করিতে কিম্বা তাহাকে ছাড়িয়া দিতে কিম্বা প্রতিজ্ঞাপত্রের বলে তাহাকে মুক্ত করিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা। ফৌজদারী ভাবের মোকদ্দমা না হইলে কোন পক্ষের অনুপস্থানে মাজিষ্ট্রেট সাহেবের পুনঃশ্রবণের কথা। সকল মোকদ্দমায় বাদী উপস্থিত না হইলে নালিশ ডিসমিস্ হইতে পারিবার কথা।]

৯০ ধারা। যে কোন বিষয়ের সংবাদ দেওয়া গিয়াছে কি নালিশ হইয়াছে মাজিষ্ট্রেট সাহেব সময়ে২ তাহার শ্রবণার্থে দিনান্তর নিরূপণ করিতে পারিবেন। ও এক পক্ষের কি উভয় পক্ষের কিম্বা তাহাদের তৎকালীন উপস্থিত কৌন্সেলের কি উকীলদের কি মোক্তারদের সম্মুখে ও কর্ণগোচরে সেই অন্য সময় ও স্থান জ্ঞাত করা যাইবে। ইতিমধ্যে মাজিষ্ট্রেট সাহেব প্রতিবাদিকে মুক্ত হইয়া যাইবার অনুমতি দিতে পারিবেন কিম্বা ঐ বিষয় শুনিবার কি পুনশ্চ শুনিবার নিমিত্তে অন্য যে সময় এ

appearance at the time and place to which such hearing or further hearing shall be adjourned; and, in default of such recognizance, or if the offence with which such person is charged is not a bailable offence, may detain him in custody; and if at the time or place to which such hearing or further hearing shall be so adjourned, either or both of the parties shall not appear personally, or by his or their counsel, attorneys, or agents respectively, before the said Magistrate, or such other Magistrate as shall then be there, it shall be lawful for the Magistrate then there present to proceed, in cases which are not of a criminal nature, to such hearing or further hearing, as if such party or parties were present; and in all cases where the prosecutor or complainant shall not so appear, the said Magistrate may dismiss such information or complaint, with or without costs, as to such Magistrate shall seem fit.

[Power to award costs on hearing of information or complaint.]

XCI. It shall be lawful for any Magistrate, who shall hear and determine any information or complaint, to award such costs as to him shall seem meet, to be paid to or by either of the parties to the said charge or complaint; and such costs shall be recoverable in the manner hereinafter provided for levying fines.

[Amends may be awarded for charges made on insufficient grounds.]

XCII. In every case in which any person shall be given in charge to a Police Officer, or in which any information or complaint of any offence shall be laid or made before any Magistrate, and shall not be further prosecuted, or in which, if further prosecuted, it shall appear to the Magistrate by whom the case shall be heard that there was no sufficient ground for making the charge, the Magistrate shall have power to award such amends not exceeding fifty Rupees, to be paid by the informer or complainant to the party informed or complained against, for his loss of time and expenses in the matter, as to the Magistrate shall seem meet. Such amends shall be recoverable in the manner hereinafter provided for levying fines.

[Levy of fines.]

XCIII. All fines and penalties imposed by a Magistrate of Police under the authority of this Act, or of any other Act heretofore passed, or

[*Government Gazette*, 22nd *May* 1866.]

স্থান নিরূপণ হইয়াছে সেই সময়ে ও স্থানেউপস্থিত হইবার প্রতিভূ সহিত কি প্রতিভু বিনা ঐ ব্যক্তির স্থানে প্রতিজ্ঞাপত্র লইয়া তাহাকে ছাড়িয়া দিতে পারিবেন। যদি ঐরূপ প্রতিজ্ঞাপত্র না দেওয়া যায় কিম্বা ঐ ব্যক্তির নামে যে অপরাধের অভিযোগ হইয়াছে সেই অপরাধের জন্যে যদি অভিযুক্ত ব্যক্তি প্রতিভূ দিয়া মুক্ত হইতে না পারে, তবে তাহাকে আসেধ করিয়া রাখিতে পারিবেন। আর ঐ বিষয় শুনিবার কি পুনশ্চ শুনিবার নিমিত্তে অন্য যে সময় ও স্থান নিরূপণ হয় সেই সময়ে কি স্থানে যদি উভয় পক্ষ কিম্বা কোন পক্ষ স্বয়ং কিম্বা আপনার কি আপনাদের কৌন্সেলের কি উকীলের কি মোক্তারদের দ্বারা উক্ত মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা তৎকালে অন্য যে মাজিষ্ট্রেট সাহেব তথায় অধিবেশন করেন তাঁহার সম্মুখে উপস্থিত না হয়, তবে ঐ মোকদ্দমা ফৌজদারী ভাবাপন্ন মোকদ্দমা না হইলে যে মাজিষ্ট্রেট সাহেব তৎকালে সেই স্থানে বিদ্যমান তিনি সেই এক কি উভয় পক্ষ উপস্থিত থাকার ন্যায় সেই মোকদ্দমা শুনিতে কি পুনশ্চ শুনিতে প্রবর্ত্ত হইতে পারিবেন। আর যে সকল মোকদ্দমায় বাদী কি অভিযোক্তা উপস্থিত না হয় সেই২ মোকদ্দমায় উক্ত মাজিষ্ট্রেট সাহেবের যেমন উচিত বোধ হয় তেমনি খরচা সমেত কি খরচা বিনা তিনি ঐ সংবাদ কি নালিশ ডিসমিস করিতে পারিবেন ইতি।

[সম্বাদ কি নালিশ শুনিবার সময়ে খরচার আজ্ঞা করিবার ক্ষমতার কথা।]

৯১ ধারা। যে কোন মাজিষ্ট্রেট সাহেব কোন সম্বাদ কি নালিশ শুনেন ও নিষ্পত্তি করেন তিনি যে কোন খরচা উচিত বোধ করেন তাহা উক্ত নালিশের কি সম্বাদের কোন পক্ষকে কি কোন পক্ষের দিতে আজ্ঞা করিতে পারিবেন, ও অর্থদণ্ড আদায় করিবার যে বিধান এই আইনের নিম্নভাগে নির্দ্দিষ্ট হইয়াছে সেই বিধানমতে ঐ খরচা আদেয় হইতে পারিবে ইতি।

[অনুপযুক্ত কারণে অভিযোগ হইলে তাহার প্রতিকারের আজ্ঞা হইতে পারিবার কথা।]

৯২ ধারা। যে কোন স্থলে কোন ব্যক্তিকে পোলীসের কার্য্যকারকের রক্ষণে দেওয়া যায় কিম্বা যে কোন স্থলে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কোন অপরাধের কোন সম্বাদ কি নালিশ হইলে কি করা গেলে পর অধিক কোন কার্য্য করা না যায়, কিম্বা অধিক কার্য্য হইলেও যে মাজিষ্ট্রেট সাহেব মোকদ্দমা শুনেন তিনি যদি বোধ করেন যে সেই নালিশ হইবার প্রচুর কারণ ছিল না, তবে সেই২ স্থলে মাজিষ্ট্রেট সাহেব পঞ্চাশ টাকার অনধিক যত টাকা প্রতিকারস্বরূপে দেওয়া উচিত বোধ করেন তত টাকা দিতে আজ্ঞা করিতে সক্ষম হইবেন অর্থাৎ যাহার বিপক্ষে সম্বাদ দেওয়া গিয়াছে কি যাহার নামে অভিযোগ হইয়াছে তাহার সেই বিষয়ে সময় হরণ ও খরচের উপলক্ষে তাহাকে সম্বাদদাতার কি অভিযোক্তার ঐ টাকা দিতে হইবে। অর্থদণ্ড আদায় করিবার যে বিধান এই আইনের নিম্নভাগে নির্দ্দিষ্ট হইয়াছে সেই বিধানমতে ঐ প্রতিকারের টাকা আদায় হইতে পারিবে ইতি।

[অর্থদণ্ড আদায় করণের কথা।]

৯৩ ধারা। এই আইনের কিম্বা পূর্ব্বে যাহা প্রবল হইয়াছে কি পরে যাহা প্রবল হইবে এমত অন্য কোন আইনের বলে পোলীসের মাজিষ্ট্রেট সাহেব যে

which shall hereafter be passed, if no other means for enforcing the payment of such fines and penalties are or shall be provided by such Act, may, in case of non-payment thereof, be levied by distress and sale of the goods and chattels of the offender by warrant of the Magistrate, when a warrant of distress is issued, the Magistrate may order the offender to be detained and kept in safe custody until return can be conveniently made to such warrant, unless the offender enter into a recognizance, with or without sureties, conditioned for his appearance before him on the day appointed for such return, such day not being more than eight days from the time of taking such recognizance; but if before issuing such warrant of distress, it shall appear to the Magistrate, by the admission of the offender or otherwise, that no sufficient distress can be had within the jurisdiction of such Magistrate whereon to levy such fine or penalty, he may, if he think fit, refrain from issuing such warrant of distress; and, in such case, or if such warrant shall have been issued, and, upon the return thereof, such insufficiency as aforesaid shall be made to appear to the Magistrate, he shall by warrant commit the offender to jail, there to be imprisoned, with or without hard labor, for any term not exceeding two months where the amount of the fine shall not exceed fifty Rupees, and for any term not exceeding four months where the amount shall not exceed one hundred Rupees, and for any term not exceeding six months in any other case; the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

[Distress not unlawful for want of form, &c.]

XCIV. No distress levied by virtue of this Act shall be deemed unlawful, nor shall any party making the same be deemed a trespasser on account of any defect or want of form in the summons, conviction, warrant of distress, or other proceeding relating thereto: nor shall such party be deemed a trespasser *ab initio* on account of any irregularity afterwards committed by him; but all persons aggrieved by such irregularity may recover full satisfaction for the special damage in any Court of competent jurisdiction.

[If Magistrate certifies the non-appearance of a person pursuant to his recognizance, the sum acknowledged may be recovered as a fine.]

XCV. If any person, upon entering into such recognizance as is by this Act authorized to be taken, do not afterwards appear pursuant to such recognizance, the Magistrate before whom he

অর্থদণ্ডের ও দণ্ডের আজ্ঞা করেন যদি তাহার টাকা আদায় করিবার অন্য উপায় সেই আইনে নির্দ্দিষ্ট না থাকে কি না হয়, তবে ঐ অর্থদণ্ড না দেওয়া গেলে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাপত্রক্রমে অপরাধির মাল ও দ্রব্য ধৃত ও বিক্রয় হইয়া তাহা আদায় হইতে পারিবে। যখন দ্রব্য ধৃত করণের পরওয়ানা বাহির হয় তখন যাবৎ সুবিধা মতে সেই আজ্ঞাপত্রের প্রত্যানয়ন হইতে না পারে তাবৎ মাজিষ্ট্রেট সাহেব অপরাধিকে আসেধ করিয়া ভালমতে রক্ষণে রাখিতে আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু যদি অপরাধী সেই পত্র প্রত্যানয়নের নিরূপিত দিনে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইবার নিয়মযুক্ত প্রতিজ্ঞাপত্র প্রতিভূ সহিত কি প্রতিভূবিনা দেয়, তবে তাহাকে আসেধ করিয়া রাখিতে হইবে না। কিন্তু সেই নিরূপিত দিবস ঐ প্রতিজ্ঞাপত্র লইবার সময় অবধি আট দিনের অধিক না হয়। পরন্তু ঐ ধৃত করণের আজ্ঞাপত্র দিবার পূর্ব্বে যদি মাজিষ্ট্রেট সাহেব অপরাধির স্বীকার মতে কিম্বা অন্য প্রকারে দেখিতে পান যে ঐ অর্থ দণ্ড কি দণ্ডের টাকা যাহাতে আদায় হইতে পারে ঐ মাজিষ্ট্রেট সাহেবের আধিপাত্যর মধ্যে ধৃত করিবার তাহার এমত প্রচুর দ্রব্য নাই, তবে তিনি উচিত বোধ করিলে সেই দ্রব্য ধৃত করণের আজ্ঞাপত্র প্রচার করা রহিত করিতে পারিবেন। তদ্রূপ স্থলে কিম্বা যদি সেই আজ্ঞাপত্র প্রচার হইয়া থাকে ও প্রত্যানীত হইলে সেই প্রকারের অপ্রচুরতা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দর্শান যায়, তবে তিনি ওয়ারণ্ট লিখিয়া যদি অর্থদণ্ড পঞ্চাশ টাকার অধিক না হয়, তবে দুই মাসের অনধিক কাল কিম্বা যদি অর্থদণ্ড এক শত টাকার অধিক না হয় তবে চারি মাসের অনধিক কাল ও অন্য সকল স্থলে ছয় মাসের অনধিক কাল অপরাধিকে কঠিন পরিশ্রমসহিত কি তদ্ভিন্ন কারাগারে সমর্পণ করিবেন। উক্ত প্রত্যেক স্থলে অর্থদণ্ডের টাকা দেওয়া গেলেই কারামুক্ত হইবে ইতি।

[রীতি প্রভৃতির ব্যতিক্রম প্রযুক্ত আইন অবৈধ না হইবার কথা।]

৯৪ ধারা। এই আইনক্রমে যে দ্রব্য ধৃতির কার্য্য হইয়াছে তাহা আহ্বানপত্রে কিম্বা দোষ নির্ণয় পত্রে কি ধৃত করণের আজ্ঞাপত্রেতে কি তৎসম্পর্কীয় অন্য কার্য্যেতে কোন ত্রুটি কি রীতির ব্যতিক্রম হওয়া প্রযুক্ত অবৈধ জ্ঞান হইবে না ও যে ব্যক্তি সেই ত্রুটি প্রভৃতি করে সেই ব্যক্তি অনধিকার প্রবেষ্টা জ্ঞান হইবে না। কিম্বা সেই ব্যক্তি পশ্চাৎ যে কোন অনিয়মিত কর্ম্ম করে তৎপ্রযুক্ত প্রথম অবধি অনধিকার প্রবেষ্টা জ্ঞান হইবে না, কিন্তু তদ্রূপ অনিয়মিত কর্ম্মেতে যে সকল লোক অন্যায়গ্রস্ত হয় তাহারা উপযুক্ত বিচারাধিপত্যবিশিষ্ট আদালতে সেই বিশেষ ক্ষতির সম্পূর্ণ প্রতিকার পাইতে পারিবে ইতি।

[কোন ব্যক্তি আপন প্রতিজ্ঞাপত্রমতে উপস্থিত হয় নাই মাজিষ্ট্রেট সাহেব যদি এমত সংশিতপত্র লেখেন তবে প্রতিজ্ঞাপত্রের লিখিত টাকা অর্থদণ্ডের ন্যায় আদায় হইতে পারিবার কথা।]

৯৫ ধারা। এই আইনমতে যে প্রতিজ্ঞাপত্র লইবার ক্ষমতা দেওয়া গিয়াছে যদি কোন ব্যক্তি তদ্রূপ প্রতিজ্ঞাপত্র দিয়া পশ্চাৎ সেই প্রতিজ্ঞাপত্র মতে উপস্থিত না হয়, তবে যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে [illegible]

ought to have appeared shall certify the fact of such non-appearance on the back of the recognizance, and thereupon the sum thereby acknowledged shall be recoverable in the manner provided by this Act for levying fines.

[Recognizances for keeping the peace or for good behaviour.]

XCVI. *Clause* 1.—Every Magistrate of Police shall have the same authority to require persons to enter into recognizances to keep the peace, or to be of good behaviour, as may lawfully be excercised by a Justice of the Peace.

[If such recognizance do not exceed 200 Rupees, the amount, upon conviction, if forfeited, may be recovered as a fine.]

Clause 2.—If any person who has entered into a recognizance in any amount not exceeding two hundred Rupees, to keep the peace or to be of good behaviour, before any Magistrate of Police or any Justice of the Peace, by any act forfeits such recognizance, the Magistrate or other authority before whom he may be convicted of any act by which such recognizance is forfeited shall, when applied to, certify any such conviction on the back of such recognizance, and thereupon the sum thereby acknowleged to be due by such person shall be recoverable in the manner provided by this Act for levying fines.

[Proceeding against sureties.]

Clause 3.—Whenever it shall be shown to the satisfaction of a Magistrate of Police, either by the production of such certificate of conviction as is mentioned in the preceding Clause or otherwise, that any such recognizance is forfeited, the Magistrate, if he think that proceedings should be had against the sureties, shall give notice to them to pay the sums which by their recognizances they have respectively acknowledged themselves to owe, or to shew cause, on a day to be named in such notice why the said sums should not be paid; and if no sufficient cause shall be shewn, the said sums shall be recoverable in the manner provided by this Act for levying fines.

[Form of Judgment.]

XCVII. Any Magistrate in cases adjudged summarily under the provisions of Section XXVI of this Act shall cause the judgment to be drawn in the form (B) hereinafter provided, or to the like effect.

[On what grounds conviction, may be quashed. Form of conviction, &c.]

XCVIII. No conviction, order, or judgment [illegible] Magistrate shall be quashed for error of [illegible]r procedure, but only on the grounds of

উপস্থিত হওয়া উচিত তিনি ঐ প্রতিজ্ঞাপত্রের পৃ তাহার সেইরূপ উপস্থিত না হওয়ার সংশিতপ লিখিবেন। তাহা হইলে অর্থদণ্ড আদায় করিবার বিধান এই আইনেতে হইয়াছে ও প্রতিজ্ঞাপত্রে য টাকা অবধারিত ছিল তত টাকা তদনুসারে আদা হইতে পারিবে ইতি।

[শান্তিরক্ষার কি সদাচরণ করিবার প্রতিজ্ঞাপত্রে কথা।]

৯৬ ধারা। ১ প্রকরণ। শান্তিরক্ষা করিবার কি সদাচারী হইবার প্রতিজ্ঞাপত্র কোন ব্যক্তিদিগে লিখিয়া দিবার আজ্ঞা করণ বিষয়ে শান্তিরক্ষার্থ জষ্টি সাহেব আইনমতে যে ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারেন পোলীসের প্রত্যেক মাজিষ্ট্রেট সাহেবেরও সেই ক্ষমতা থাকিবে ইতি।

[যদি সেই প্রতিজ্ঞাপত্র ২০০৲ টাকার অধিকের ন হয় তবে দোষ প্রমাণ হইয়া সেই টাকা দেনা হইলে অর্থদণ্ডের মতে আদায় হইবার কথা।]

২ প্রকরণ। যদি কোন ব্যক্তি পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা শান্তিরক্ষার্থ জষ্টিসের সম্মুখে শান্তভাবে থাকিবার কি সদাচারী হইবার জন্যে ২০০৲ টাকার অনধিকের প্রতিজ্ঞাপত্র দেয় ও পরে সেই ব্যক্তির কোন ক্রিয়াতে যদি ঐ প্রতিজ্ঞাপত্র ভঙ্গ হয়, তবে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা ঐ প্রতিজ্ঞাপত্র যাহাতে ভঙ্গ হইয়াছে তাহার সেই কার্য্য অন্য যে কার্য্যকারকের সম্মুখে নির্ণয় হইয়া থাকে সেই কার্য্যকারকের নিকটে প্রার্থনা হইলে তিনি ঐ প্রতিজ্ঞাপত্রের পৃষ্ঠে তদ্রূপ দোষ নির্ণয়ের সংশিতপত্র লিখিয়া দিবেন। তাহা হইলে ঐ ব্যক্তির প্রতিজ্ঞাপত্রেতে যত টাকা অবধারিত হইয়াছে এই আইনেতে অর্থদণ্ড আদায় করিবার বিধানমতে তত টাকা আদায় হইতে পারিবে।

[প্রতিভূর বিরুদ্ধ কার্য্যের কথা।]

৩ প্রকরণ। উক্ত ২ প্রকরণের লিখিত প্রকারে দোষ নির্ণয়ের সংশিতপত্র প্রকাশ করণ দ্বারা কি অন্য প্রকারে যখন পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে দর্শান যায় যে সেই প্রকারের কোন প্রতিজ্ঞাপত্র ভঙ্গ হইয়াছে তখন মাজিষ্ট্রেট সাহেব যদি প্রতিভূদের বিরুদ্ধে কার্য্য সম্পাদন উচিত বোধ করেন তবে প্রতিভূদিগকে এই মর্ম্মের জ্ঞাপনপত্র দিবেন যে প্রতিজ্ঞাপত্রেতে যে ব্যক্তি আপনার যত টাকা দেনা স্বীকার করিয়াছে সেই ব্যক্তি তত টাকা দেয় কিম্বা ঐ টাকা না দিবার কারণ ঐ জ্ঞাপনপত্রের লিখিত দিনে দর্শায়। যদি প্রচুর কোন কারণ দর্শান না যায়, তবে অর্থদণ্ডের টাকা আদায় করিবার যে বিধান এই আইনেতে হইয়াছে সেই বিধানমতে উক্ত টাকা আদায় হইতে পারিবে ইতি।

[নির্ণয় পাদ লিখিবার পাঠ।]

৯৭ ধারা। এই আইনের ২৬ ধারার বিধানমতে যে সকল মোকদ্দমার সরাসরীমতে নির্ণয় হয় তাহাতে কোন মাজিষ্ট্রেট সাহেব এই আইনের পশ্চাৎ নির্দ্দিষ্ট (B) চিহ্নিত পাঠানুসারে কি তাহার মর্ম্মানুসারে নির্ণয়পাদ লেখাইবেন ইতি।

[যে২ হেতুতে দোষ নির্ণয় অসিদ্ধ হইতে পারিবে তাহার কথা ও নির্ণয়পাদাদির পাঠের কথা।]

৯৮ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেব কর্ত্তৃক যে কোন দোষ নির্ণয় কি আজ্ঞা কি বিচার হয় তাহা দাঁড়ার কি কার্য্য প্রণালীর ভ্রম প্রযুক্ত অসিদ্ধ হইবে না, কেবল

want of jurisdiction or absence of any legal evidence or error of law; and it shall not be necessary to state on the face of the conviction, order, or judgment the evidence on which it proceeds; but the depositions taken, or a copy of them, shall be returned with the conviction, order, or judgment in obedience to any writ of *certiorari*; and if no jurisdiction appears on the face of the conviction, order, or judgment, but the depositions taken supply that defect, the conviction, order, or judgment shall be aided by what so appears in such depositions.

[Limitation of action. Notice of action.]

XCIX. *Clause* 1.—All actions and prosecutions against any person, which may be lawfully brought for any thing done, or intended to be done, under the provisions of this Act, shall be commenced within three months after the act complained of shall have been committed, and not otherwise; and notice in writing of such action, and of the cause thereof, shall be given to the defendant one month at least before the commencement of the action; and in every such action it shall be expressly alleged in the plaint that the act complained of was done maliciously and without reasonable or probable cause, and if at the trial of any such action, upon the general issue being pleaded as hereinafter provided, the plaintiff shall fail to prove such allegation, he shall be non-suited and a verdict shall be given for the defendant.

[Plea. Tender of amends. Costs.]

Clause 2.—The defendant in any such action may plead the general issue and give this Act and the special matter in evidence at any trial to be had thereupon; and no plaintiff shall recover in any such action if tender of sufficient amends shall have been made before such action brought, or if a sufficient sum of money shall have been paid into Court after such action brought by or on behalf of the defendant; and if a verdict shall pass for the defendant, or the plaintiff shall become non-suit, or discontinue any such action after issue joined, or if upon demurrer or otherwise, judgment shall be given against the plaintiff, the defendant shall recover his full costs as between attorney and client, and have the like remedy for the same as any defendant hath by law in other cases; and though a verdict shall be given for the plaintiff in any such action, such plaintiff shall not have costs against the defendant, unless the Judge before whom the trial shall be, shall certify his approbation of the action and of the verdict obtained thereupon.

বিচার করিবার ক্ষমতা না থাকা কিম্বা ব্যবস্থামত প্রমাণের অভাব কি ব্যবস্থাসংক্রান্ত ভ্রমযুক্ত হেতুতে অসিদ্ধ হইতে পারিবে এবং যে প্রমাণে দোষ নির্ণয় হইয়াছে তাহা নির্ণয় কি আজ্ঞা কি বিচারপত্রের অভিমুখে ব্যক্ত করা আবশ্যক হইবে না। কিন্তু যদি সর্টিওরাইর নামক আজ্ঞাপত্র প্রচার হয়, তবে গৃহীত সাক্ষ্যপত্র কি তাহার প্রতিলিপি ঐ নির্ণয় কি আজ্ঞা কি বিচারপত্রের সঙ্গে প্রতিদত্ত হইবে। যদি নির্ণয় কি আজ্ঞা কি বিচারপত্রের অভিমুখে বিচারাধিপত্য নাই দৃষ্ট হয় কিন্তু যে সাক্ষ্য লওয়া গিয়াছে তাহাতে ঐ ত্রুটির প্রতিকার হয়, তবে ঐ সাক্ষ্যেতে যাহা দৃষ্ট হয় তদ্দারা ঐ দোষ নির্ণয় কি আজ্ঞার কি বিচারের সাহায্য হইবে ইতি।

[নালিশ করণের কালের ও নালিশের সম্বাদের কথা।]

require the driver, or any other person in whose possession such license and the ticket thereto belonging shall then be, to deliver up the same: and every driver or other person who being so required, shall refuse or neglect to deliver up such license and such ticket, or either of them, shall be liable to a penalty not exceeding twenty Rupees, so often as he shall be so required and refuse or neglect as aforesaid: and the Magistrate shall immediataly send every license and every ticket delivered up to him under this Section, to the Registering Officer, who shall cancel such license if it has been revoked by the Magistrate, or, if it has been suspended, shall, at the end of the time for which it shall have been suspended, re-deliver such license with the ticket (if it shall have come into the possession of the Registering Officer) to the person to whom it was granted.

Fares—Hiring—and Plying for hire.

[Fares to be paid for Carriages of the Second and Third Class.]

XXVIII. The owner or driver of every Hackney Carriage registered in the Second or Third Class shall be entitled to demand and take for the hire of such Carriage the fares set forth in the Schedule .(A) to this Act annexed. Provided, always, that when the owner or driver of any such Hackney Carriage, to be paid a fare calculated according to the distance, shall be required by the hirer thereof to stop such Carriage for any time or times amounting altogether to not less than fifteen minutes, it shall be lawful for the owner or driver to demand and receive from the hirer so requiring him to stop, a further sum (above the fare to which he shall be entitled calculated according to the distance) of one-fourth of the rate for one hour, for every fifteen minutes that he shall have been so stopped; and no owner or driver shall demand or receive, over and above the said fare, any sum for back fare for the return of the carriage from the place at which it was discharged. Provided, also, that nothing in this Act contained shall prevent any driver or owner from being bound by any contract into which he may enter, to receive payment at a rate lower than that fixed by this Act.

[Owner to keep table of fares inside Carriages of Second and Third Class.]

XXIX. The owner of every Hackney Carriage of the Second or Third Class shall put up, and at all times keep distinctly printed, or marked in the English, Oordoo, and Bengalee Languages, in such manner and in such position as shall be directed

দিতে ঐ কোচমানকে কিম্বা অন্য যে কোন ব্যক্তির নিকটে ঐ অনুমতিপত্র ও তৎসম্পর্কীয় টিকিট থাকে তাঁহাকে সেই অনুমতিপত্র ও টিকিট ফিরিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন। যদি ঐ কোচমান কিম্বা অন্য যে ব্যক্তিকে তদ্রূপ আজ্ঞা হয় তিনি ঐ অনুমতিপত্র ও টিকিট কিম্বা ইহার মধ্যে কোন এক বিষয় ফিরিয়া দিতে স্বীকার না করেন কি ত্রুটি করেন, তবে যত বার তদ্রূপ আজ্ঞা হইয়া অস্বীকার কি ত্রুটি হয় তত বার তাহার বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। এই ধারামতে মাজিষ্ট্রেট সাহেবকে যে প্রত্যেক অনুমতিপত্র ও যে প্রত্যেক টিকিট ফিরিয়া দেওয়া যায় তাহা তিনি রেজিষ্ট্রার সাহেবের নিকটে তৎক্ষণাৎ পাঠাইবেন। তাহাতে মাজিষ্ট্রেট সাহেব যে অনুমতিপত্র রহিত করেন তাহা রেজিষ্ট্রার লোপ করিবেন। কিম্বা যদি অনুমতিপত্র কিয়ৎকালের জন্যে স্থগিত হয়, তবে উক্ত পত্র এবং টিকিট রেজিষ্ট্রারকে দেওয়া গেলে যত কালের নিমিত্তে স্থগিত হইয়াছে সেই কাল গত হইলে পর তিনি সেই পত্র ও টিকিট ঐ ব্যক্তিকে ফিরিয়া দিবেন ইতি।

ভাড়ার—ও ভাড়া দেওনের—ও ভাড়া পাইবার জন্যে ভ্রমণ করণসম্পর্কীয় বিধি।

[দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর গাড়ীর ভাড়ার কথা।]

২৮ ধারা। কোন ছকড়া গাড়ী দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীর গাড়ী বলিয়া রেজিস্টর হইয়া থাকিলে সেই গাড়ীর স্বামী কি কোচমান এই আইনের A চিহ্নিত তফসীলের হারানুসারে ঐ গাড়ীর ভাড়া দাওয়া করিতে ও লইতে পারিবে। পরন্তু কোন ব্যক্তি দূরত্বানুসারে হিসাব করিয়া ভাড়া দিবার নিয়মে তদ্রূপ ছকড়া গাড়ী ভাড়া করিয়া যদি স্বামিকে কি কোচমানকে কোন সময়ে কি সময়ে২ ১৫ মিনিটের অন্যূনকাল স্থগিত থাকিতে আজ্ঞা করেন, তবে দূরত্বানুসারে ঐ গাড়ীর যত ভাড়া হইতে পারে তদধিক যে প্রত্যেক পোয়া ঘন্টা স্থগিত রাখা যায় তাহার জন্যে ঐ গাড়ী স্থগিত রাখিবার আজ্ঞা করা প্রযুক্ত ভাড়াকরণিয়ার স্থানে এক ঘন্টার ভাড়ার চতুর্থাংশ দাওয়া করিতে ও লইতে পারিবে। ও যে স্থানে গিয়া গাড়ী বিদায় করা যায় সেই স্থানহইতে কোন গাড়ীর কোন স্বামী কি কোচমান উক্ত ভাড়ার অতিরিক্ত ফেরত ভাড়া দাওয়া করিতে কি লইতে পারিবে না। আরো যদি কোন কোচমান কি স্বামী এই আইনের নির্দ্ধারিত হারের ন্যূন লইবার নিয়ম করেন, তবে এই আইনের কোন কথার দ্বারা তাহার সেই নিয়মমতে বদ্ধ হইবার বাধা নাই ইতি।

[দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর গাড়ীর ভাড়ার ফর্দ্দ গাড়ীর ভিতরে রাখিবার কথা।]

২৯ ধারা। দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীর ছকড়া গাড়ী যে ব্যক্তি ভাড়া করিয়া লন তাঁহার স্থানে দূরত্বানুসারে ও সময়ানুসারে যত ভাড়া আইনমতে দাওয়া হইতে ও লওয়া যাইতে পারে তাহার এক ফর্দ্দ রেজিষ্ট্রার যে প্রকারে ও যে স্থানে নির্দ্দিষ্ট করেন ঐ ছকড়া

by the Registering Officer, on the inside of such Carriage, the amount of fare according to distance and time which may legally be demanded and taken from the hirer of such carriage as a Hackney Carriage; and the owner of every such Carriage who shall fail to comply with the provisions of this Section shall, for each offence, be liable, on conviction, to a fine not exceeding ten Rupees.

[To what distance and at what rate of speed driver to be bound to drive.]

XXX. The driver of every Carriage of the Second or Third Class registered under this Act, shall, (unless he have a reasonable excuse to be allowed by the Magistrate before whom the matter shall be brought in question) drive such Carriage to any place to which he shall be required by the hirer thereof to drive the same, not exceeding six miles from the place where the same shall have been hired. Provided, always, that when any such Carriage shall have been hired by time, the driver thereof shall drive the same at a rate not less than four miles within one hour; and if the driver of such Carriage shall be required to drive more than four miles within one hour then in every such case the driver thereof shall be entitled to demand, in addition to the fare regulated by time in Schedule (A) to this Act annexed, for every mile or any part thereof exceeding four miles, the fare regulated by distance as set forth in the same Schedule. Any such driver who shall not drive his Carriage at the rate required as aforesaid, except in cases of unavoidable delay, or who shall refuse or omit to drive the same to any place within the limits aforesaid to which he may be required to drive by the hirer, shall be liable to a penalty not exceeding ten Rupees, or in default to rigorous imprisonment for a period not exceeding one month.

[First and Second Class Carriage to carry reasonable quantity of luggage.]

XXXI. The driver of every First and Second Class Carriage registered under this Act, shall carry in or upon such Carriage a reasonable quantity of luggage for every person hiring such Carriage, without any additional charge.

[Penalty for refusing to let a Carriage for hire.]

XXXII. Any owner or person in charge of any Hackney Carriage registered under this Act, who shall without sufficient reason refuse to let such Carriage for hire, shall be liable on conviction to a fine not exceeding fifty Rupees, and to pay such further sum, by way of compensation to the party complaining, as to the Magistrate who shall hear the case may seem just; and such further sum shall, in default of immediate payment, be levied in the mode provided for the levying of fines under this Act. And when any

গাড়ীর স্বামী গাড়ীর ভিতরে সেই স্থানে ইংরেজী উর্দ্দু ও বাঙ্গালা ভাষায় স্পষ্টরূপে ছাপাইয়া কি রঙ্গ দিয়া লেখাইয়া কি অঙ্কিত করিয়া সর্ব্বদাই রাখিবেন ও প্রত্যেক গাড়ীর যে স্বামী এই ধারার বিধানমতে কর্ম্ম না করেন, সেই ব্যক্তির দোষ প্রমাণ হইলে তাহার প্রত্যেক অপরাধের জন্যে দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[কোচমানের যত দূর ও যত বেগে গাড়ী চালাইতে হইবেক তাহার কথা।]

৩০ ধারা। যে ব্যক্তি এই আইনমতের রেজিষ্টরী করা দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীর গাড়ী ভাড়া করেন তিনি যে স্থানে গাড়ী ভাড়া করিয়াছেন সেই স্থানহইতে ৬ মাইলের অনধিক দূর যে কোন স্থানে কোচমানকে চালাইতে বলেন সেই স্থানে ঐ কোচমানের ঐ গাড়ী চালাইতে হইবে। ইহাতে যদি কোন আপত্তি করে, তবে যে মাজিষ্ট্রেট সাহেবের নিষ্পত্তির নিমিত্তে এই বিষয় উপস্থিত করা যায় তিনি সেই আপত্তি গ্রাহ্য কি অগ্রাহ্য করিবেন। কিন্তু তদ্রূপ কোন গাড়ী সময়ানুসারে ভাড়া দিবার করারে লওয়া গেলে কোচমান ঘণ্টার মধ্যে ৪ মাইলের ন্যূন হারে চালাইবে না। যদি ঘণ্টার মধ্যে ৪ মাইলের অধিক চালাইবার আজ্ঞা হয়, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে এই আইনের A চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট সময়ানুসারে যত ভাড়া লইতে পারে তদতিরিক্ত ৪ মাইলের অধিক যে প্রত্যেক মাইল কি মাইলের যে অংশ ঐ ঘণ্টার মধ্যে যাওয়া যায় তন্নিমিত্তে ঐ কোচমান ঐ তফসীলের লিখিত দুরত্বের নিয়মে ভাড়া দাওয়া করিতে পারিবে। গাড়ী পূর্ব্বোক্তমতে যত বেগে চালাইতে হয়, যদি কোন কোচমান বিলম্বের অনিবার্য্য কারণ না থাকিলেও তত বেগে গাড়ী না চালায় কিম্বা যে ব্যক্তি গাড়ী ভাড়া করেন তিনি পূর্ব্বোক্ত সীমার অন্তর্গত যে স্থানে গাড়ী চালাইতে আজ্ঞা করেন যদি কোচমান সেই স্থানে গাড়ী চালাইতে সম্মত না হয় কি না চালায়, তবে তাহার দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও দণ্ডের টাকা না দিলে তাহার এক মাসের অনধিক কাল কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড হইবে ইতি।

[প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গাড়ীতে যুক্তিমত দ্রব্যাদি লইতে পারিবার কথা।]

৩১ ধারা। এই আইনমতের রেজিষ্টরী করা প্রথম কি দ্বিতীয় শ্রেণীর কোন গাড়ী যে কোন ব্যক্তি ভাড়া করেন তিনি যুক্তিমতে যত দ্রব্যাদি গাড়ীতে দেন কোচমান অধিক ভাড়া না লইয়া তাহা সেই গাড়ীতে লইবে ইতি।

[গাড়ী ভাড়া না দিলে দণ্ডের কথা।]

৩২ ধারা। এই আইনমতে রেজিষ্টরী করা কোন ছকড়া গাড়ী যাহার জিম্মায় থাকে এমত ব্যক্তি কি স্বামী, বিশিষ্ট হেতু না থাকিলে যদি তদ্রূপ গাড়ী ভাড়া দিতে স্বীকার না করেন, তবে অপরাধের প্রমাণ হইলে তাহার ৫০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবেক ও যে মাজিষ্ট্রেট মোকদ্দমা শ্রবণ করেন, তিনি যত টাকা ন্যায্য বোধ করেন, বাদিকে ক্ষতিপূরণস্বরূপ তত টাকা দিবার আজ্ঞা করিবেন। ও সেই অধিক টাকা সেই সময়েই না দেওয়া গেলে, এই আইনমতে অর্থদণ্ড আদায়ের যে বিধান আছে সেই বিধানমতে আদায় হইবে। এবং এই আইনঅনুসারে

Each Hackney Carriage shall be standing on any premises which under this Act may have been declared to be a public Stand, the owner of the said premises shall be deemed to be the person in charge of such Hackney Carriage within the meaning of this Section.

[Penalty in case of drunkenness, or misconduct of driver in loitering, refusing to be hired, demanding more than his fare, &c.]

XXXIII. Every driver of a Hackney Carriage who shall be drunk during his employment, or make use of insulting or abusive language or gesture; or who shall (elsewhere than at some Stand or other place appointed for the purpose) stand or loiter, for the purpose of being hired, in or upon any public street, road, or place; or who shall suffer his Carriage to stand for hire across any street, or alongside of any other Carriage, or who shall refuse to give way (when he reasonably and conveniently may do so) to any other Carriage; or who shall wilfully obstruct, or hinder, the driver of any other Carriage in taking up or setting down any person into, or from, such other Carriage; or who shall wrongfully prevent or endeavour to prevent the driver of any other Carriage from being hired; or who shall demand or take more than the proper fare to which he is legally entitled; or who shall refuse to admit and carry in his Carriage the number of persons painted or marked on such Carriage or specified in the Register, or who shall carry more than such number of passengers; or who shall refuse to carry by his Carriage a reasonable quantity of luggage as provided for by this Act; or who, being hired by time, shall before he has been discharged by the hirer desert from the hiring; or who shall ply for hire with any Carriage or Horse which shall be at the time unfit for public use—shall be liable to a penalty not exceeding ten Rupees, and in default of payment to rigorous imprisonment for a period not exceeding one month.

[Penalty on drivers absenting themselves from their employment.]

XXXIV. Any driver employed as such by the owner of any Carriage registered under this Act, who shall, without sufficient excuse, refuse or neglect to attend at the premises of such owner for the purpose of driving any such Carriage, whereby such owner is prevented from letting out the same, shall, on complaint by such owner, be liable, for each offence, to a fine not exceeding ten Rupees, (which, or any part of which, may, by order of the Magistrate, be paid to the owner as compensation,) and in default of payment to

যে কোন বাড়ী সাধারণ আড্ডা বলিয়া প্রকাশ হইয়াছে ঐ ছকড়া গাড়ী তদ্রূপ যে আড্ডাতে থাকে ঐ বাড়ীর স্বামী এই আইনের তাৎপর্য্যার্থে ঐ ছকড়া গাড়ীর রক্ষক জ্ঞান হইবেন ইতি।

[মাতলামী কি আল্‌গাভাবে বেড়ান কি ভাড়া দিতে অসম্মত হওন কিম্বা ভাড়ার অধিক লওন প্রভৃতির দণ্ডের কথা।]

৩৩ ধারা। কোন ছকড়া গাড়ীর কোচমান যদি কর্ম্মকরণ সময়ে মত্ত হয় কিম্বা নিন্দাসূচক কোন কথা কহে কি অঙ্গভঙ্গি করে কি গালি দেয় কিম্বা কোন আড্ডা কি গাড়ীর দাঁড়াইবার নিরূপিত অন্য স্থান ভিন্ন ভাড়া পাইবার জন্যে কোন রাজপথে কি স্থানে দাঁড়ায় কি আল্‌গাভাবে ভ্রমণ করে, কিম্বা ভাড়া পাইবার নিমিত্তে কোন রাস্তার আড়ে কিম্বা অন্য কোন গাড়ীর পার্শ্বে আপনার গাড়ী দাঁড় করিয়া রাখে, কিম্বা যুক্তিমতে ও অনায়াসে সরিয়া যাইতে পারিলেও যদি অন্য কোন গাড়ীর পথ না ছাড়ে কিম্বা অন্য কোন গাড়ীর কোচমানকে সেই অন্য গাড়ীতে কোন লোককে লইতে কি নামাইতে ইচ্ছাপূর্ব্বক বাধা কি নিষেধ করে, কিম্বা অন্য কোন গাড়ীর ভাড়া পাইবার অন্যায়মতে বারণ করে কি করিতে উদ্যোগ করে. কিম্বা আইনমতে উপযুক্ত যত ভাড়ার দাওয়া করিতে পারে তাহার অধিক যদি দাওয়া করে কি লয়, কিম্বা গাড়ীতে যত জনের চড়িবার অনুমতি গাড়ীর পাতে রঙ্গ দিয়া লেখা যায় কি অঙ্কিত থাকে কিম্বা রেজিষ্টরে নির্দ্দিষ্ট থাকে তত জনকে যদি গাড়ীতে চড়িতে না দেয় ও লইতে স্বীকার না করে কিম্বা তাহার অধিক সংখ্যার লোককে লয়, কিম্বা এই আইনের বিধানমতে যুক্তিমত দ্রব্যাদি আপন গাড়ীতে লইতে স্বীকার না করে, কিম্বা সময়ের হিসাবে যে গাড়ীর ভাড়া লওয়া গিয়াছে তাহার কোচমান যদি ভাড়াকারকের স্থানে বিদায় না পাইয়া পলায়, কিম্বা যে সময়ে যে গাড়ী কি ঘোড়া সাধারণ লোকেরদের ব্যবহারের অনুপযুক্ত সেই সময়ে তদ্রূপ গাড়ী কি ঘোড়া যদি কোন কোচমান ভাড়া দিতে চেষ্টা করে, তবে উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাহার দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবেক। ও অর্থদণ্ডের টাকা না দিলে তাহার এক মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[কোচমানেরা কর্ম্মে না গেলে তাহাদের দণ্ডের কথা।]

৩৪ ধারা। এই আইনমত রেজিষ্টরী কোন গাড়ীর স্বামী যে ব্যক্তিকে কোচমানস্বরূপ রাখে, সেই ব্যক্তি যদি উপযুক্ত কারণ না থাকিলেও সেই গাড়ী চালাইবার জন্যে ঐ স্বামির বাড়ীতে যাইতে সম্মত না হয় কি না যায়, ও সেই কারণে স্বামী ঐ গাড়ীর ভাড়া দিতে না পারে, তবে ঐ স্বামী নালিশ করিলে ঐ কোচমান তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে দশ টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবে, ও মাজিষ্ট্রেট আজ্ঞা করিলে সেই টাকা কি তাহার কোন অংশ ক্ষতিপূরণস্বরূপ স্বামিকে দেওয়া যাইবে, ও কোচমান সেই দণ্ডের টাকা না দিলে তাহার এক মাসের

[*Government Gazette*, *29th May* 1866.]

rigorous imprisonment for a term not exceeding one month.

[Proprietors of Carriages may be summoned to appear and produce the drivers.]

XXXV. When a complaint is made before a Magistrate against the driver of a Carriage registered under this Act for any offence committed by him against the provisions of this Act, such Magistrate may forthwith summon the owner of the Carriage personally to appear and to produce the driver of such Carriage to answer the complaint. If such owner, being duly summoned, shall, without a reasonable excuse, neglect or refuse personally to appear, or to produce the driver, according to such summons, he shall be liable to a penalty not exceeding fifty Rupees, and so from time to time as often as he shall be so summoned, until such driver shall be produced by him. Provided that, if such owner shall, without a reasonable excuse, neglect or refuse to appear and produce such driver on the second or any subsequent summons requiring him so to do, it shall be lawful for the Magistrate to proceed to hear and determine the complaint in the absence of the owner and driver, or either of them.

[Penalty for refusing to pay legal fare, and evading payment thereof.]

XXXVI. If any person who shall have hired a carriage registered under this Act, shall refuse to pay to the owner or driver thereof, on demand, the fare payable under this Act, it shall be lawful for the Magistrate who shall hear the case to order payment of such fare, and also of such compensation for loss of time as shall seem reasonable: and in default of payment, such fare and compensaction may be recovered in the same way as fines are recoverable under this Act: and if any hirer who shall have used any such carriage, shall attempt to evade payment of his fare, he shall be liable on conviction to a fine not exceeding fifty Rupees, or to imprisonment for a period not exceeding one month, in addition to the payment of such fare and compensation as hereinbefore mentioned.

[Penalty for destroying, &c., table of fares.]

XXXVII. Any person who shall maliciously or knowingly tear, destroy, or remove any table of fares which shall have been put up under the provisions of Section XXIX of this Act, shall be liable on conviction to a fine not exceeding twenty Rupees, and any portion of such last mentioned fine may be awarded to the owner of the Hackney Carriage to which such table of fares shall have been affixed.

অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইবে ইতি।

[গাড়ীর স্বামিদের নামে উপস্থিত হইবার ও কোচমানদিগকে উপস্থিত করিবার আহ্বানপত্রের কথা।]

৩৫ ধারা। এই আইনমতে রেজিষ্টরী করা কোন গাড়ীর কোচমান এই আইনবিরুদ্ধ কোন অপরাধ করিলে যদি তাহার নামে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ হয়, তবে সেই নালিশের উত্তর দিবার জন্যে মাজিষ্ট্রেট সাহেব ঐ গাড়ীর স্বামিকে স্বয়ং উপস্থিত হইবার ও ঐ গাড়ীর কোচমানকে উপস্থিত করিবার সমন অগৌণে করিবেন। উপযুক্তমতে সমন পাইলে পর যদি যুক্তিমত ওজর না থাকিলেও স্বামী সেই সমন মতে স্বয়ং উপস্থিত হইতে কি কোচমানকে উপস্থিত করিতে শৈথিল্য কি অস্বীকার করেন, তবে তাঁহার ৫০৲ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। ও সময়ে২ যত বার তাঁহার নামে সেইরূপে সমন হয় তত বার ঐ কোচমানকে উপস্থিত না করণ পর্য্যন্ত তাঁহার সেই দণ্ড হইবে। কিন্তু উপযুক্ত ওজর না থাকিলে দ্বিতীয় বার কি তৎপরে কোন সময়ে সমন পাইলেও যদি সেই স্বামী স্বয়ং উপস্থিত হইতে ও সেই কোচমানকে উপস্থিত করিতে শৈথিল্য কি অস্বীকার করেন, তবে সেই মাজিষ্ট্রেট সাহেব ঐ স্বামির এবং কোচমানের কিম্বা তাঁহাদের কোন এক জনের অনুপস্থিত কালে ঐ নালিশ শুনিয়া নিষ্পত্তি করিতে পারিবেন ইতি।

[আইনমত ভাড়া দিতে অস্বীকার করিলে ও না দিবার জন্যে পলাইলে তাহার দণ্ডের কথা।]

৩৬ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনমতের রেজিষ্টরী করা গাড়ী ভাড়া করিয়া এই আইনমতে যে ভাড়া দিতে হয় তাহা ঐ গাড়ীর স্বামির কি কোচমানের দাওয়ামতে দিতে স্বীকার না করে তবে সেই ভাড়ার টাকা এবং যে মাজিষ্ট্রেট সাহেব ঐ মোকদ্দমা শুনেন তাঁহার সম্মুখে স্বামির উপস্থিত হওয়াতে যে সময় হরণ হয় তাহার ক্ষতিপূরণস্বরূপে মাজিষ্ট্রেট সাহেব যত টাকা উচিত বোধ করেন তত টাকা দিবার আজ্ঞা করিবেন। যদি ঐ টাকা না দেওয়া যায়, তবে এই আইন অনুসারে অর্থদণ্ডের টাকা যেরূপে আদায় হয় ঐ ভাড়ার ও ক্ষতিপূরণের টাকা সেইরূপে আদায় হইবে। এবং যে কোন ব্যক্তি তদ্রূপ গাড়ী ভাড়া করিয়া ব্যবহার করেন তিনি যদি ভাড়া না দিয়া নিষ্কৃতি পাইতে চেষ্টা করেন, তবে অপরাধ প্রমাণ হইলে তাহার পূর্ব্বোক্তমত ভাড়ার ও ক্ষতিপূরণের টাকা দিতে হইবার অতিরিক্ত পাঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে কিম্বা এক মাসের অনধিক কোন কালের কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[ভাড়ার লিপি নষ্ট প্রভৃতি করিবার দণ্ডের কথা।]

৩৭ ধারা। এই আইনের ২৯ বিধানমতে ভাড়ার লিপি গাড়ীতে দেওয়া গেলে পর যদি কোন ব্যক্তি ঈর্ষা কি জ্ঞানপূর্ব্বক তাহা চিরিয়া ফেলে কি নষ্ট কি স্থানান্তর করে, তবে প্রমাণ হইলে তাহার বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, এবং যে ছকড়া গাড়িতে ঐ ভাড়ার লিপি লাগান গিয়াছিল তাহার স্বামিকে শেষোক্ত অর্থদণ্ডের কোন অংশ দেওয়া যাইতে পারিবে ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬১। ২৯ মে।]

[Penalty for wilful injury to Carriage.]

XXXVIII. Any person using a Carriage registered under this Act, who shall wilfully injure the same, shall be liable on conviction to a fine not exceeding twenty Rupees and shall also pay, to the owner of the Carriage, compensation for the injury. The amount of such compensation shall be determined by the convicting Magistrate, and may be recovered in the same way as fines are recoverable under this Act.

[Disputes how to be settled.]

XXXIX. In case of any dispute between the hirer and driver of any Hackney Carriage of the Second or Third Class registered under this Act, the hirer may, if any Magistrate be then sitting, require the driver to drive to the Court of such Magistrate; and if any driver shall refuse to obey such requisition, it shall be lawful for the hirer to give such driver into the custody of the nearest Police Officer. Such Police Officer shall thereupon take the driver and hirer, together with the carriage and horses to such Court, and the then sitting Magistrate shall, in either of the cases aforesaid, hear and determine the dispute in a summary way.

[Table of Distances signed by Registering Officer conclusive.]

XL. In the case of disputes as to the fare to be calculated according to the distance, any table or book signed by the Registering Officer shall, on proof of such signature, be taken to be conclusive evidence of all the distances therein stated to have been ascertained by the said Officer.

[Second and Third Class Carriages may ply as Stage Carriages.]

XLI. It shall be lawful for any Hackney Carriage of the Second, or of the Third Class, to ply for hire as a Stage Carriage. The owner or driver of a Carriage so plying for hire, or hired as a Stage Carriage, shall not be subject to the provisions of Section XXVIII of this Act; but shall be entitled to demand and take, for the hire of such Carriage, such fares as shall be agreed upon between him and the several hirers respectively. All the other provisions of this Act shall be applicable to the case of a Hackney Carriage plying as a Stage Carriage, so far as the same shall be applicable in each particular instance.

[Stands to be fixed.]

XLII. The Registering Officer shall, from time to time, appoint one or more Stands in the Town and Suburbs of Calcutta for Carriages registered under this Act, and may also assign for the use of such Carriages, as public Stands, any Coach Houses, or Stables, or Sheds or other

[জ্ঞানপূর্ব্বক গাড়ীর ক্ষতি করিবার দণ্ডের কথা।]

৩৮ ধারা। এই আইনমতে রেজিষ্টরী করা কোন গাড়ী যে ব্যক্তি ব্যবহার করেন তিনি যদি ইচ্ছাক্রমে সেই গাড়ীর ক্ষতি করেন, তবে ঐ দোষ প্রমাণ হইলে তাহার বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে এবং গাড়ীর স্বামির ক্ষতি তাঁহাকে পূরণ করিতে হইবে। ঐ ক্ষতিপূরণে যত টাকা দিতে হইবে তাহা ঐ দোষ নির্ণায়ক মাজিষ্ট্রেট সাহেব নির্দ্ধার্য্য করিবেন এবং এই আইনক্রমে অর্থদণ্ড যেরূপে আদায় হয় সেই রূপে আদায় হইবে ইতি।

[বিবাদ নির্ণয়ের কথা।]

৩৯ ধারা। এই আইনমতে দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীর যে ছকড়া গাড়ী রেজিষ্টর করা যায়, যদি ঐ গাড়ীর ভাড়াকারকের ও কোচমানের মধ্যে কোন বিবাদ হয়, তবে কোন মাজিষ্ট্রেট তৎসময়ে আদালতে বসিলে, ভাড়াকারক কোচমানকে ঐ মাজিষ্ট্রেটের আদালতে গাড়ী চালাইতে আজ্ঞা করিতে পারিবেন। যদি কোচমান ঐ আজ্ঞা না মানে, তবে ভাড়াকারক সেই কোচমানকে পোলীসের নিকটস্থ কর্ম্মকারকের জিম্মায় দিতে পারিবেন। তাহাতে পোলীসের কর্ম্মকারক ঐ কোচমানকে ও ভাড়াকারককে গাড়ী ঘোড়া সুদ্ধ ঐ আদালতে লইয়া যাইবে। ও তৎকালে যে মাজিষ্ট্রেট উপবিষ্ট আছেন তিনি পূর্ব্বোক্ত কোন স্থলে ঐ বিবাদ সরাসরীমতে শুনিয়া নিষ্পত্তি করিবেন ইতি।

[রেজিষ্টরী কার্য্যকারক দূরত্বের যে টেবিলে স্বাক্ষর করেন তাহা প্রমাণ সিদ্ধ হইবার কথা।]

৪০ ধারা। স্থানের দূরত্বানুসারে যত ভাড়া দিতে হইবে এই বিষয়ের কোন বিবাদ হইলে রেজিষ্ট্রারের স্বাক্ষরিত কোন ফর্দ্দে কি বহীতে তিনি যে সকল স্থানের যে দূরত্ব নিরূপণ করিয়াছেন তাঁহার স্বাক্ষর সপ্রমাণ হইলে সেই ফর্দ্দ কি বহী ঐ দূরত্বের সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

[ডাকগাড়ী দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর গাড়ী সেই গাড়ীর মত গমনাগমন করিতে পারিবার কথা।]

৪১ ধারা। যে গাড়ী পথের স্থানে২ লোক তুলিয়া লয় কি নামাইয়া দেয় দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীর কোন ছকড়া গাড়ী সেই গাড়ীর ন্যায় ভাড়ার জন্যে গমনাগমন করিতে পারিবে। যে গাড়ী তদ্রূপ গাড়ীর ন্যায় ভাড়ার জন্যে গমনাগমন করে কি ভাড়া করা যায় সেই গাড়ীর স্বামির কি কোচমানের প্রতি এই আইনের ২৮ ধারার বিধান খাটিবেক না। কিন্তু তাহার এবং গাড়ী ভাড়াকরণিয়াদের মধ্যে ঐ গাড়ীর যত ভাড়া লইবার ও দিবার করার হয় তাহা দাওয়া করিতে ও লইতে পারিবে। ছকড়া গাড়ী তদ্রূপ গাড়ীর ন্যায় গমনাগমন করিলে তদ্বিষয়ে এই আইনের অন্য সকল বিধান যে পর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত খাটিবে ইতি।

[আড্ডা নিরূপণের কথা।]

৪২ ধারা। এই আইনমতে যে সকল গাড়ী রেজিষ্টর করা যায় তাহার দাঁড়াইবার জন্যে রেজিষ্ট্রার কলিকাতা নগরে ও শাখানগরে সময়ে২ এক কি অধিক স্থান নিরূপণ করিতে পারিবেন। এবং কোন কোচঘর কি আস্তাবল কি চালা কি উপযুক্ত অন্য স্থান ঐ গাড়ীর ব্যবহারার্থে আড্ডাস্বরূপে নিরূপণ করিতে

suitable places. Every Public Stand so appointed or assigned shall have a board affixed in a conspicuous place in front thereof, containing a notice in the English, Oordoo, and Bengalee Languages, that the Stand is a public Stand under this Act.

Palankeens.

[Registration for Palankeens.]

XLIII. Every Palankeen plying for hire within the Town or Suburbs of Calcutta shall be annually registered by the Officer appointed for registering Hackney Carriages, at the time and in the manner hereinbefore provided with respect to the registration of Hackney Carriages; and upon each registration a fee of eight annas shall be paid: Provided that the Registering Officer may refuse to register any Palankeen, or may cancel the registration thereof, whenever it may appear to him to be unserviceable or unfit for public use.

[What Register shall contain.]

XLIV. The following particulars shall be entered in the Register, namely, the number of the Palankeen, and the name and residence of the owner; and every change of ownership or residence shall be notified to the Registering Officer, subject to the same provisions and penalties in default as are provided in the case of the owners of Hackney Carriages.

[Number must be painted on Palankeen. Penalty in case of neglect to register or omission to have number painted.]

XLV. The owner of every Registered Palankeen shall cause the Registered number thereof to be painted in English and Bengalee figures on a conspicuous part thereof. The owner of any Palankeen plying for hire without being registered or having the number affixed thereto as aforesaid, shall be liable to a penalty not exceeding ten Rupees. The person in whose name a Palankeen is for the time being registered, shall be deemed the owner thereof for the purposes of this Act.

[Table of fares must be exhibited in Palankeen.]

XLVI. The owner of every Palankeen shall put up and at all times keep distinctly painted, or marked in the English, Oordoo, and Bengalee languages in such manner and in such position as shall be directed by the Registering Officer on the inside of such Palankeen, the amount of fare, according to distance and time, which may be legally demanded and taken from the hirer of such Palankeen.

[Fares for Palankeens.]

XLVII. The owner or person in charge of every Palankeen shall be entitled to demand and take for the hire of such Palankeen the fares set

পারিবেন। সাধারণ আডডাস্বরূপে যে প্রত্যেক স্থানের প্রয়োগ কি নিরূপণ হয় তাহার প্রবেশ ভাগের কোন প্রকাশ স্থানে "এই আইনমতের সাধারণ আডডা" এই কথা ইংলণ্ডীয় ও উর্দ্দু ও বাঙ্গলা অক্ষরে তক্তায় লিখিত হইয়া লটকান থাকিবে ইতি।

পালকীর বিধি।

[পালকী রেজিষ্টর করিবার কথা।]

৪৩ ধারা। ছকড়াগাড়ীর রেজিষ্টরী করণোপলক্ষে যে সময় ও যে নিয়ম পূর্ব্বে লিখিত হইয়াছে কলিকাতা নগরে কি শাখানগরে ভাড়ার জন্যে যে সকল পালকী চলে তাহাও সেই সময়ে ও সেই নিয়মমতে ছকড়া গাড়ী রেজিষ্টর করণার্থ নিযুক্ত কার্য্যকারকের দ্বারা বৎসরেং রেজিষ্টর করিতে হইবে। একং বার রেজিষ্টরী করণের ।।০ আট আনা দিতে হইবে। কিন্তু রেজিষ্টরী কার্য্যকারক যদি দেখিতে পান যে পাল্‌কী অকর্ম্মণ্য কিম্বা সাধারণ লোকের ব্যবহারের অনুপযুক্ত, তবে তিনি সেই পালকী রেজিষ্টর করিতে অসম্মত হইবেন কিম্বা রেজিষ্টরী হইলে তাহা অন্যথা করিতে পারিবেন ইতি।

[রেজিষ্টরে যাহা লিখিতব্য তাহার কথা।]

৪৪ ধারা। রেজিষ্টরে নিম্ন লিখিত কথা লিখিতে হইবে, যথা, পালকীর নম্বর ও স্বামির নাম ও বাসস্থান। স্বামির কি তাঁহার নিবাসের পরিবর্ত্তন হইলে, সেই কথা প্রত্যেকবার রেজিষ্টরী কার্য্যকারককে জ্ঞাত করিতে হইবে। যদি না করা যায়, তবে ছকড়া গাড়ীর স্বামিদের সেই দোষের যেং বিধান ও দণ্ড বর্ত্তে পালকীর ঐ স্বামিদের প্রতিও তাহা বর্ত্তিবে ইতি।

[পালকীর উপর রঙ্গ দিয়া নম্বর লিখিবার কথা। রেজিষ্টর না করিলে কি রঙ্গ দিয়া নম্বর না লিখিলে দণ্ডের কথা।]

৪৫ ধারা। রেজিষ্টরী করা প্রত্যেক পালকীর স্বামী পালকীর কোন প্রকাশ স্থানে ইংলণ্ডীয় ও বাঙ্গলা অক্ষরে পালকীর নম্বর রঙ্গ দিয়া লেখাইবেন। কোন পালকী রেজিষ্টর না হইয়া কিম্বা পূর্ব্বোক্তমতে তাহাতে নম্বর দেওয়া না গিয়া যদি সেই পালকী ভাড়ার জন্যে চলে, তবে স্বামির দশ টাকার অনধিক অর্থদণ্ড হইবেক। পালকী যাহার নামে যে সময়ে রেজিষ্টর করা যায় তিনি এই আইনের অভিপ্রায়ার্থে ঐ পালকীর স্বামী জ্ঞান হইবেন ইতি।

[ভাড়ার ফর্দ্দ পালকীর ভিতরে বসাইবার কথা।]

৪৬ ধারা। যাঁহারা পালকী ভাড়া করেন তাঁহারা যতদূরে যাইবেন ও যত কাল পালকী রাখিবেন তদনুসারে তাঁহারদের স্থানে আইনমতে যত ভাড়া দাওয়া হইতে ও লওয়া যাইতে পারিবে তাহার ফর্দ্দ প্রত্যেক পালকীর স্বামী ঐ পালকীর ভিতরে রেজিষ্ট্রার যে প্রকারে ও যে স্থানে বসাইতে আজ্ঞা করেন ইংলণ্ডীয় ও উর্দ্দু ও বঙ্গভাষায় ছাপাইয়া কি রঙ্গ দিয়া লেখাইয়া কি খোদাইয়া সেই স্থানে সর্ব্বদা রাখিবেন ইতি।

[পালকীর ভাড়ার কথা।]

৪৭ ধারা। পালকীর স্বামী কি পালকী যাহার জিম্মায় থাকে সেই ব্যক্তি এই আইনের B চিহ্নিত তফসীলের লিখিত হারানুসারে পালকীর ভাড়া দাওয়া

forth in the Schedule (B) to this Act annexed. Provided that, when the owner or person in charge of any such Palankeen to be paid a fare calculated according to the distance, shall be required by the hirer thereof to stop such Palankeen for fifteen minutes, or for any longer time, it shall be lawful for the owner or person in charge to demand and receive from the hirer so requiring him to stop, a further sum (above the fare to which he shall be entitled calculated according to the distance) of one-fourth of the rate for one hour, for every fifteen minutes that he shall have been so stopped; and no owner or person in charge shall demand or receive, over and above the said fare, any sum for back hire for the return of the Palankeen from the place at which it was discharged: Provided, also, that nothing in this Act contained shall prevent any owner or person in charge from being bound by any contract into which he may enter, to receive payment at a rate lower than that fixed by this Act.

করিতে ও লইতে পারিবেন। কিন্তু যদি কোন ব্যক্তি স্থানের দূরত্বানুসারে পালকীর ভাড়া দিবার করারে পালকী লইয়া ঐ পালকীর স্বামিকে কি পালকী যাহার জিম্মায় আছে তাঁহাকে পঞ্চদশ মিনিট কি অধিক কাল রাখিতে আজ্ঞা করেন, তবে যে ব্যক্তি ভাড়া করিয়া তদ্রূপে পালকী রাখিবার আজ্ঞা করেন তাঁহার স্থানে ঐ পালকীর স্বামী কি পালকী যাঁহার জিম্মায় আছে তিনি দূরত্বানুসারে হিসাব করিয়া যত ভাড়া পাইতে পারেন, তদধিক যত পোয়াঘন্টা পর্য্যন্ত পালকী থামাইয়া রাখা যায় তাহার প্রত্যেক পোয়ার জন্যে এক ঘন্টার চতুর্থাংশ ভাড়া দাওয়া করিয়া লইতে পারিবেন। এবং পালকী যে স্থানে বিদায় করিয়া দেওয়া যায় সেই স্থানহইতে খালী পালকী ফিরিয়া লইয়া যাইবার জন্যে সেই পালকীর স্বামী কি পালকী যাঁহার জিম্মায় আছে তিনি উক্ত ভাড়ার অধিক কিছু দাওয়া করিয়া লইতে পারিবেন না। কিন্তু এই আইনে যে ভাড়া ধার্য্য হইয়াছে, যদি পালকীর স্বামী কি পালকী যাঁহার জিম্মায় আছে তিনি তাহার কম লইবার চুক্তি করেন, তবে সেই চুক্তিতে বদ্ধ হওয়ার বিষয়ে এই আইনের কোন কথাতে বাধা নাই ইতি।

[Registry of Palankeen bearers, and provisions relating to them.]

[পালকীবাহকদিগের রেজিস্টর করিবার কথা ও তাহাদের সম্পার্কীয় বিধান।]

XLVIII. It shall not be lawful for any person to act as the bearer of a registered Palankeen, unless such person shall have obtained a license from the Registering Officer in manner hereinbefore prescribed for drivers of Hackney Carriages; and all the provisions of this Act in any way relating to the taking out, granting, renewing, or producing the licenses, or to the issuing, granting, wearing, or using tickets granted to drivers of Hackney, Carriages shall be applicable in like manner to the bearers of Palankeens. For every license to act as a Palankeen bearer, granted under this Act, there shall be paid a fee of eight annas.

৪৮ ধারা। এই আইনের পুর্ব্বভাগে রেজিষ্ট্রারের নিকটে ছকড়া গাড়ীর কোচমানদের অনুমতিপত্র প্রাপণের যে বিধি হইয়াছে সেই বিধিমতে অনুমতিপত্র প্রাপ্ত না হইলে কোন ব্যক্তি রেজিষ্টরী পালকীর বাহকের কর্ম্ম করিতে পারিবে না। এবং এই আইনে ছকড়া গাড়ীর কোচমানদিগের ঐ অনুমতিপত্র লওয়ার ও তাহাদিগকে দেওয়ার ও নূতন করিয়া দেওয়ার ও দেখাইবার এবং টিকিট দিবার ও প্রদান করিবার ও পরিবার ও ব্যবহার করিবার যে সকল বিধি হইয়াছে তাহা তত্তুল্যভাবে পালকীর বাহকদের প্রতি বর্ত্তিবে। এই আইনমতে পালকী বাহকের কর্ম্ম করিবার যে অনুমতিপত্র দেওয়া যায় তাহার প্রত্যেকের নিমিত্তে আট আনা লাগিবে ইতি।

[To what distance and at what rate of speed bearers of Palankeen bound to go.]

[পালকী বাহকেরদের যত দূর ও যত বেগে যাইতে হইবে তাহার কথা।]

XLIX. The bearers of every Palankeen registered under this Act shall (unless they have a reasonable excuse to be allowed by the Magistrate before whom the matter shall be brought in question) carry such Palankeen to any place to which they shall be required by the hirer thereof to carry the same, not exceeding five miles from the place where the same shall have been hired. If such Palankeen shall have been hired by time, the bearers thereof may be required to carry it at any rate not exceeding two and a half miles within one hour. Whenever the bearers of

৪৯ ধারা। এই আইনমতে রেজিষ্টরী করা কোন পালকী যে ব্যক্তি যে স্থানে ভাড়া করেন, সেই স্থান হইতে পাঁচ মাইলের অনধিক যে কোন স্থানে বাহকদিগকে পালকী লইয়া যাইতে আজ্ঞা করেন সেই স্থানে বাহকেরা পালকী লইয়া যাইবে। ইহাতে যদি আপত্তি করে, তবে সেই আপত্তি যুক্তিযুক্ত কি না এই বিষয়ের বিবাদ যে মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত করা যায় তিনি নিষ্পত্তি করিবেন। যদি সময়ানুসারে পালকী ভাড়া করা যায় তবে বাহকদিগকে ঘন্টার মধ্যে আড়াই মাইলের অনধিকের হিসাবে যত বেগে চলিবার আজ্ঞা হয় তাহাদের তত বেগে যাইতে হইবে। যদি ঐ পালকীর বাহকদিগকে ঘন্টার মধ্যে আড়াই মাইলের অধিক বেগে,

[*Government Gazette*, 29*th May* 1866.]

such Palankeen shall be required to carry it more than two and a half miles within one hour, they shall be entitled to demand, in addition to the fare regulated by time in the said Schedule (B), for every mile or any part thereof exceeding two and a half miles, the fare regulated by distance as set forth in the same Schedule. All and every the provisions of this Act, as to offences committed by or against the owners and drivers of Hackney Carriages, and the penalties in respect of the same, and recovery thereof, and all the remedies by or against hirers, owners, or drivers of Hackney Carriages, and all and several the remedies given to hirers, owners, and drivers of Hackney Carriages, except the provision contained in Section XXXV. shall be applicable, so far as the same may reasonably be applied, to the owners and bearers of Palankeens.

চলিবার আজ্ঞা হয়, তবে এই আইনের B চিহ্নিত তফসীলে তাহারদের সময়ানুসারে যত ভাড়া লইবার বিধান হইল, তাহারা আড়াই মাইলের অধিক বেগে যত মাইলের কিম্বা মাইলের যে অংশের হিসাবে গমন করে তাহার জন্যে তাহারা দূরত্বানুসারে তত অধিক ভাড়াও দাওয়া করিতে পারিবে। ছকড়া গাড়ীর স্বামিদের ও কোচমানেরদের অপরাধের ও তাহাদের বিপক্ষ অপরাধের বিষয়ে এই আইনমতে যে২ বিধান হইয়াছে সেই সকল ও প্রত্যেক বিধান এবং তৎসম্পর্কীয় দণ্ডের ও তাহা আদায় করিবার সকল ও প্রত্যেক বিধান, এবং ছকড়া গাড়ীর ভাড়া কারকদিগের কি স্বামিদের কি কোচমান দিগের দ্বারা কি তাহারদের বিপক্ষে যে সকল উপায়ের এবং ৩৫ ধারার লিখিত বিধান ভিন্ন ছকড়া গাড়ীর ভাড়াকারকদিগকে ও স্বামিদিগকে ও কোচমানদিগকে যে সকল ও যে প্রত্যেক প্রতিকার প্রদান হয় তাহার বিধান পালকীর স্বামিদের ও বেহারাদের প্রতি যে পর্য্যন্ত যুক্তিমতে খাটিতে পারে সেইপর্য্যন্ত খাটিবে ইতি।

Miscellaneous.

বিবিধ বিধি।

[Property left in Carriages or Palankeens to be deposited at the Police Office.]

[গাড়ীতে কি পালকীতে দ্রব্য পাওয়া গেলে তাহা পোলীস আফীসে দিবার কথা।]

L. The driver of every Hackney Carriage and bearers of every Palankeen within the limits of this Act, wherein any property shall be left by any person, shall, within twenty-four hours, carry such property, if not sooner claimed by the owner thereof, to the nearest Police Station, and shall there deposit and leave the same with the Inspector or other Officer on duty. And any such driver or bearer making default herein shall be liable to a penalty not exceeding fifty Rupees. And the said Officer with whom any such property shall be deposited, shall forthwith enter, in a book to be kept for that purpose, the description of such property, and the name and address of the driver or bearer who shall bring the same, and the day on which it shall be brought; and the property so entered shall be returned to the person who shall prove to the satisfaction of the Commissioner of Police that the same belonged to him, such person previously paying all expenses incurred, together with such reasonable sum to the driver or bearers who brought the same as the said Commissioner shall award. Provided always that, if such property shall not be claimed by and proved to belong to some one within one year after the same shall have been deposited, the said Commissioner shall cause such property to be sold or

৫০ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের সীমার মধ্যে কোন দ্রব্য গাড়ীতে কি পালকীতে রাখিয়া যান ও চব্বিশ ঘন্টার মধ্যে যদি চাহিয়া না লন, তবে সেই গাড়ীর কোচমান কি সেই পালকীর বেহারা চব্বিশ ঘন্টার মধ্যে ঐ দ্রব্য পোলীসের নিকটস্থ থানায় লইয়া যাইবে এবং সেই স্থানের ইন্স্পেক্টর কি অন্য যে কর্ম্মকারক কর্ম্ম করিতেছেন তাঁহার নিকটে রাখিবে। যদি সেই কোচমান কি বেহারা তাহা না করে, তবে তাহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। উক্ত যে কর্ম্মকারকের নিকটে সেই দ্রব্য রাখিয়া যায় সেই কর্ম্মকারক একখান বহী রাখিয়া ঐ দ্রব্য তাহার নিকটে আনা গেলেই সেই দ্রব্য কি প্রকারের ও যে কোচমান কি বেহারা তাহা আনিয়াছিল তাহার নাম ও বাসস্থান ও যে দিনে তাহা আনিয়াছিল এই সকল কথা ঐ বহীতে লিখিয়া রাখিবেন। পরে যদি কোন লোক যাইয়া, সেই দ্রব্য আমার, এই কথা পোলীসের কমিস্যনর সাহেবের হৃদ্বোধমতে প্রমাণ করেন, তবে ঐ দ্রব্য সম্পর্কে যাহা খরচ হইয়াছে তাহা দিলে, এবং যে কোচমান কি বেহারারা ঐ দ্রব্য আনিয়াছিল তাহাদের জন্যে ঐ কমিস্যনর সাহেব যাহা দেওয়া যুক্তিসিদ্ধ জ্ঞান করেন তাহা দিলে তিনি ঐ ব্যক্তিকে সেই দ্রব্য দিবেন। কিন্তু সেই দ্রব্য উক্ত প্রকারে রাখিয়া দেওয়া গেলে পর যদি কেহ এক বৎসরের মধ্যে তাহার দাওয়া না করেন কি তাহা অমুকের বলিয়া প্রমাণ না হয়, তবে উক্ত কমিস্যনর সাহেব তাহা বিক্রয় কি অন্য প্রকারে হস্তান্তর করাইবেন। এবং খরচা বাদে কোচমানকে কি বেহারাদিগকে উপযুক্ত পুরস্কার দিয়া কিছু বাকী থাকিলে এই আইনক্রমে শুল্ক ও দণ্ডের

otherwise disposed of, and the proceeds, after deducting the expenses, together with a reasonable sum to the driver or bearers, shall be applied in the same manner as fees and penalties received under this Act.

[Adjudication of penalties. Disposal of penalties and fees.]

LI. All complaints as to offences against this Act shall be heard and determined by a Magistrate within whose local jurisdiction the offence may be alleged to have been commited: and the provisions for the recovery of fines contained in Section LXI of Act XXV of 1861 (*the Code of Criminal Porcedure*) shall apply to all fines and penalties imposed under this Act by any Magistrate in the Suburbs of Calcutta or in any Town or place to which this Act shall be extended as hereinafter provided; and the provisions of Act IV of 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council, entitled "the Calcutta Police Act 1866," or any other Act for regulating the Police of the Town of Calcutta in force for the time being, shall apply to all fines and penalties imposed under this Act by any Magistrate of Police for the Town of Calcutta. All penalties and fees to be levied under this Act shall be disposed of in such manner as the Lieutenant-Governor of Bengal from time to time shall direct.

[Amends for frivolous complaints.]

LII. In every case in which any complaint of any offence under this Act shall be laid or made before any Magistrate and shall not be further prosecuted, or in which, if further prosecuted, it shall appear to the Magistrate by whom the case shall be heard that there was no sufficient ground for making the complaint, the Magistrate shall have power to award such amends, not exceeding twenty Rupees, to be paid by the complainant to the person complained against, or to the owner of a Carriage if summoned under Section XXXV of this Act, or to both, for their loss of time and expenses in the matter, as to the Magistrate shall seem meet. Such amends shall be recoverable in the manner provided for levying fines under this Act.

[Interpretation.]

LIII. The following words and expressions in this Act shall have the meanings hereby assigned

টাকা লইয়া যদ্রূপ করিতে হয় ঐ বাকী লইয়া তাহা করিবেন ইতি।

[দণ্ডের আজ্ঞা যাঁহারদ্বারা হইবে তাহার কথা, এবং দণ্ডের ও অর্থদণ্ডের টাকা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

৫১ ধারা। এই আইনবিরুদ্ধ অপরাধ হইয়াছে কথিত হইলে যে মাজিষ্ট্রেট সাহেবের আধিপত্যের সীমার মধ্যে অপরাধ করা যায় তিনি তদ্বিষয়ের নালিশ শুনিয়া নিষ্পত্তি করিবেন। এই আইনমতে কলিকাতার শাখানগরে কিম্বা এই আইন পশ্চাৎ লিখিত বিধানমতে যে কোন নগরে কি স্থানে ব্যাপ্ত হয় তাহাতে কোন মাজিষ্ট্রেট সাহেব যে সকল অর্থদণ্ডের ও দণ্ডের আজ্ঞা করেন, তাহার প্রতি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ৬১ ধারাতে অর্থদণ্ড আদায়ের যে বিধান আছে তাহা বর্ত্তিবে। কলিকাতা নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেট এই আইনমতে যে অর্থদণ্ডের কি দণ্ডের আজ্ঞা করেন তাহার প্রতি ১৮৬৬ সালের পোলীসের আইননামে মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৬ সালের ৪ আইন কিম্বা কলিকাতা নগরের পোলীসের বিধান করণার্থ অন্য যে আইন যে সময়ে প্রচলিত হয় তাহার বিধান বর্ত্তিবে। এই আইনমতে যে সকল দণ্ড ও অর্থদণ্ড আদের হয়, তাহা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ যদ্রূপ আজ্ঞা করেন তদ্রূপ প্রয়োগ হইবে ইতি।

[তুচ্ছ নালিশের প্রতিকারের কথা।]

৫২ ধারা। কোন স্থলে কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে এই আইনঅনুযায়ি কোন অপরাধের নালিশ হইয়া যদি সেই মোকদ্দমার অধিক কার্য্যসম্পাদন না হয়, অথবা অধিক সম্পাদন হইলেও যে মাজিষ্ট্রেট মোকদ্দমা শ্রবণ করেন তিনি যদি বোধ করেন যে ঐ নালিশ করিবার কোন উপযুক্ত হেতু নাই, তবে যাহার নামে নালিশ হইল তাহার, অথবা এই আইনের ৩৫ ধারামতে গাড়ির স্বামিকে আহ্বান করা গেলে তাঁহার কিম্বা ঐ দুই জনের সেই বিষয়ে যে সময় হরণ ও যে টাকা ব্যয় হইয়াছে তাহার পুরস্কারার্থে, মাজিষ্ট্রেট সাহেব বিশ টাকার অনধিক যত টাকা বিহিত বোধ করেন, বাদির তত টাকা দিতে আজ্ঞা করিতে পারিবেন। এই আইনেতে অর্থদণ্ড আদায় করণের যে বিধি হইয়াছে ঐ ক্ষতিপূরণের টাকা সেই বিধিমতে আদায় হইতে পারিবে ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব ও ছকড়া গাড়ী ও ডাক গাড়ী ও ঘোড়া এই২ শব্দের অর্থ ও বচন ও লিঙ্গ বিষয়ক কথা।]

৫৩ ধারা। এই আইনের পশ্চাৎ লিখিত শব্দের ও কথার যে অর্থ এই ধারাতে নির্ণয় হইয়াছে বিষয়

to them, unless there be something in the subject or context repugnant to such construction, (that is to say) :—

["Magistrate."]

The word "Magistrate" in this Act shall mean any Magistrate of Police for the Town of Calcutta, and any person lawfully exercising the full powers of a Magistrate in the Suburbs of the said Town or in any Town or place to which this Act shall be extended as hereinafter provided, and any Assistant to a Magistrate or Deputy Magistrate specially authorized by Government to exercise in the said Suburbs, Town, or place, the powers vested by this Act in a Magistrate.

["Hackney Carriage."]

The words "Hackney Carriage" in this Act shall mean any Carriage used or intended to be used for conveying passengers for hire from any place in the Town of Calcutta or the Suburbs thereof: Provided always that the term "Hackney Carriage" shall not include any Carriage used wholly upon any Railway.

["Stage Carriage."]

The words "Stage Carriage" in this Act shall mean any Hackney Carriage the passengers in which shall be charged, or shall pay, separate and distinct fares, or shall be charged or pay, at the rate of separate and distinct fares, for their respective places or seats therein, or conveyance thereby.

["Horse."]

The term "Horse" shall include Mules and Ponies.

[Number.]

Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number.

[Gender.]

Words importing the masculine gender, shall include the feminine.

[Power to extend the Act.]

LIV. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by a notification to be published in the Calcutta Gazette, to extend the provisions of this Act to any other Towns or places within the Provinces under his control.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২৯ মে।]

বুঝিয়া কি পূর্ব্বাপর কথা বিবেচনায় অসঙ্গত না হইলে সেই অর্থ ধরিতে হইবেক।

এই আইনেতে "মাজিষ্ট্রেট সাহেব" এই শব্দেতে কলিকাতা নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেবকে এবং উক্ত শাখানগরে কিম্বা পশ্চাৎ লিখিত বিধিমতে এই আইন যে কোন নগরে কি স্থানে ব্যাপ্ত হয় সেই স্থানে আইনমতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্মকারি কোন ব্যক্তিকে এবং যে কোন আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী মাজিষ্ট্রেট উক্ত শাখানগরে কি নগরে কি স্থানে এই আইনঅনুসারে মাজিষ্ট্রেটের প্রতি অর্পিত ক্ষমতাক্রমে কার্য্য করিতে গবর্ণমেণ্টকর্ত্তৃক বিশেষরূপে ক্ষমতাপন্ন হন তাঁহাকে বুঝাইবে।

যে কোন গাড়ী কলিকাতা নগরের কি শাখানগরের কোন স্থানহইতে আরোহিদিগকে ভাড়ার জন্যে লইবার কার্য্যে ব্যবহার হয় কি তদ্রূপে ব্যবহার হইবার অভিপ্রায়ে থাকে এই আইনমতে "ছকড়া গাড়ী" শব্দেতে তাহা বুঝাইবে। কিন্তু কেবল রেলরোডে যে গাড়ী চলে তাহা ছকড়া গাড়ী শব্দের মধ্যে ধরিতে হইবে না।

যে ছকড়া গাড়ীর প্রত্যেক চড়নদারের স্থানে পৃথকরূপে ভাড়া লওয়া যায় ও যাহাতে চড়িবার নিমিত্তে চড়নদারেরা পৃথক করিয়া ভাড়া দেন কিম্বা সেই স্থানে যাইবেন কিম্বা গাড়ীর মধ্যে যত স্থান লন তদনুসারে কি তদ্দ্বারা যাইবার নিমিত্তে প্রত্যেক জনের স্বতন্ত্র ভাড়া দিতে হয় ও প্রত্যেকের স্থানে স্বতন্ত্রভাড়া লওয়া যায় এই আইনেতে "ডাক গাড়ী শব্দে এমত গাড়ী বুঝাইবে।

"ঘোড়া" শব্দেতে টাটুও বুঝাইবে।

এক বচনের শব্দেতে বহুবচনান্ত শব্দ ও বহুবচনান্ত শব্দে এক বচনের শব্দও বুঝাইবে।

পুংলিঙ্গ বোধক শব্দের মধ্যে স্ত্রীগণও গণ্য ইতি।

[আইন বিস্তৃত করিবার ক্ষমতার কথা।]

৫৪ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণ দ্বারা এই আইনের বিধান স্বীয় শাসিত দেশের অন্তর্গত অন্য কোন নগরে কি স্থানে প্রচলিত করিতে পারিবেন ইতি।

SCHEDULE (A)—(referred to in Section XXVIII.)

Rates and Fares to be paid for Hackney Carriages of the Second and Third Classes.

Description of Carriage.	FARE BY DISTANCE.		FARE BY TIME.			
	For any distance within and not exceeding one mile.	For any distance exceeding one mile.	For any time within and not exceeding one hour.	For every hour or part of an hour beyond one hour.	For half a day, or five hours.	For a whole day consisting of nine hours.
Second Class ...	6 Annas.	After the rate of 4 Annas for every mile and for any part of a mile over and above any number of miles completed.	12 Annas.	6 Annas.	2 Rupees.	3 Rupees.
Third Class ...	3 Annas.	After the rate of 2 Annas for every mile and for any part of a mile over and above any number of miles completed.	6 Annas.	3 Annas.	1 Rupee.	1 Rupee 8 Annas.

The above Fares to be paid according to distance or time, at the option of the hirer, to be expressed at the commencement of the hiring; if not otherwise expressed, the Fare to be paid according to time.

(২৮ ধারার উল্লিখিত) A চিহ্নিত তফসীল।

দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর ছকড়া গাড়ীর যে হিসাবে যত ভাড়া দিতে হইবে তাহার ফর্দ্দ।

যে প্রকারের গাড়ী।	স্থানের দূরত্বানুসারে।		সময়ানুসারে ভাড়া।			
	এক মাইলের অনধিক দূর গেলে।	এক মাইলের অধিক দূর গেলে।	এক ঘণ্টার অনধিক কোন কালের নিমিত্তে।	এক ঘণ্টার উপর প্রত্যেক ঘণ্টার কি তাহার কোন অংশের নিমিত্তে।	পাঁচ ঘণ্টার হিসাবে অর্দ্ধ দিনের।	নয় ঘণ্টার হিসাবে সম্পূর্ণ দিনের।
দ্বিতীয় শ্রেণী ...	।৵০	সম্পূর্ণ যত মাইল যাওয়া যায় তাহার প্রত্যেক মাইলের কি তাহার কোন অংশ প্রতি ।০ হারে।	৸০	।৵০	২৲	৩৲
তৃতীয় শ্রেণী ...	৶০	সম্পূর্ণ যত মাইল যাওয়া যায় তাহার প্রত্যেক মাইলের কি তাহার কোন অংশ প্রতি ৵০ হারে।	।৵০	৶০	১৲	১৷৷০

যিনি ভাড়া করিবেন তিনি স্বেচ্ছামতে স্থানের দূরত্বানুসারে কি সময়ানুসারে ভাড়া দিবেন, ইহা ভাড়া করিবার পূর্ব্বে জানাইবেন। না জানাইলে সময়ানুসারে ভাড়া লওয়া যাইবে।

[*Government Gazette*, 20*th May* 1866.]

SCHEDULE (B.)—(referred to in Section XLVII.

Rates and Fares to be paid for Palankeens.

FARE BY DISTANCE.		FARE BY TIME.			
For any distance within and not exceeding one mile.	For any distance exceeding one mile.	For any time within and not exceeding one hour.	For every hour or part of an hour beyond one hour.	For half a day, or five hours.	For a whole day consisting of nine hours.
3 Annas ...	After the rate of 3 Annas for every mile and or any part of a mile over and above any number of miles completed.	6 Annas.	3 Annas.	1 Rupee.	1 Rupee 8 Annas.

The above Fares to be paid according to distance or time, at the option of hirer, to be expressed at the commencement of the hiring; if not otherwise expressed, the Fare to be paid according to time.

WALKER MARSHALL,
Asst. Secy. to the Govt. of Bengal, Legislative Department.

(৫৭ ধারার উল্লিখিত) B চিহ্নিত তফসীল।

পালকীর যে হিসাবে যত ভাড়া লাগিবে তাহার ফর্দ্দ।

স্থানের দূরত্বানুসারে।		সময়ানুসারে ভাড়া।			
এক মাইলের অনধিক দূর গেলে।	এক মাইলের অধিক দূর গেলে।	এক ঘন্টার অনধিক কোন কালের নিমিত্তে।	এক ঘন্টার উপর প্রত্যেক ঘন্টার কি তাহার কোন অংশের নিমিত্তে।	পাঁচ ঘন্টার হিসাবে অর্দ্ধ দিনের।	নয় ঘন্টার হিসাবে সম্পূর্ণ দিনের।
৶০	সম্পূর্ণ যত মাইল যাওয়া যায় তাহার প্রত্যেক মাইলের কি তাহার কোন অংশ প্রতি ৶০ হারে।	।৶০	৶০	১৲	১॥০

যিনি ভাড়া করিবেন তিনি স্বেচ্ছামতে স্থানের দূরত্বানুসারে কি সময়ানুসারে ভাড়া দিবেন, ইহা ভড়া করিবার পূর্ব্বে জানাইবেন। না জানাইলে সময়ানুসারে ভাড়া লওয়া যাইবে।

ওয়াকর মার্শেল।
ব্যবস্থাপন কার্য্যবিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

The following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 29th March 1866, and having been assented to by His Excellency the Governor General on the 2nd April 1866, is hereby promulgated for general information:—

ACT No. VI OF 1866.

An Act to amend Act VI of 1863, passed by the Lieutenant-Governor of Bengal in Council (An Act to vest the property of the Town of Calcutta and the management of its Municipal Affairs in a Corporation, and to make better provision for the Conservancy and Improvement of the Town, and for levying Rates and Taxes therein.)

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act VI of 1863 passed by the Lieutenant-Governor of Bengal in Council; It is enacted as follows:—

[Certain Sections of Act VI of 1863, repealed.]

1. Sections XIX, XXXVIII, XL, XLIV, LIII, LVIII, LIX, LXI, LXIII, LXIV, LXXIV, LXXVII, XCVIII, CXXI, CXLV, CXLVII, CLV, and CLXXXIII, of the said Act VI of 1863, are hereby repealed.

[Interpretation of "Bazar."]

II. The word "Bazar" shall include any place of trade where there is a collection of shops or warehouses, and any place where a market is held.

[Time for holding Quarterly and Ordinary Meetings.]

III. There shall be four Quarterly Meetings in every year, and one Ordinary Meeting in every month, at which the Justices shall meet for the transaction of general business. The Quarterly Meetings shall be held at eleven o'clock in the forenoon of the fifteenth day of the months of January, April, July, and October, and the Ordinary Meetings at the same hour on the eleventh day of every month; and if any such day shall happen to be a holiday allowed by Government, then on the next succeeding day which shall not be such a holiday. Provided that no Ordinary Meeting need be called if there be no business to be laid before it by the Chairman or by any of the Justices.

[Business at Ordinary and Quarterly Meetings of Justices.]

IV. The Justices shall, at a Special Meeting to be convened for that purpose within fifteen days after this Act comes into operation, or at some adjournment thereof, fix and determine the kind of business that may be transacted at the

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইন বিষয়ে উক্ত মান্যবর ১৮৬৬ সালের ২৯ মার্চ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং ১৮৬৬ সালের ২ আপ্রিল তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবেরও সম্মতি প্রকাশ হওয়াতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৮৬৬ সালের ৬ আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৩ সালের ৬ আইন (অর্থাৎ কলিকাতা নগরের স্বামিত্ব ও নগরসম্বন্ধীয় কার্য্য নির্ব্বাহের ভার সমাজের প্রতি অর্পণ করিবার এবং নগরের পারিপাট্য ও শ্রীবৃদ্ধি করণের এবং রেট ও টাক্স আদায় করণের সুবিধান করিবার আইন) সংশোধনার্থ আইন।

[হেতুবাদ।]

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৩ সালের ৬ আইন সংশোধন করা বিহিত, এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান করা গেল।

[১৮৬৩ সালের ৬ আইনের কএক ধারা রহিত হইবার কথা।]

১ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ১৯ ও ৩৮ ও ৪০ ও ৪৪ ও ৫৩ ও ৫৮ ও ৫৯ ও ৬১ ও ৬৩ ও ৬৪ ও ৭৪ ও ৭৭ ও ৯৮ ও ১২১ ও ১৪৫ ও ১৪৭ ও ১৫৫ ও ১৮৩ ধারা ইহাতে রহিত হইল ইতি।

[বাজার শব্দের অর্থ।]

২ ধারা। কতক গুলিন দোকান কি গোলাবিশিষ্ট কোন বাণিজ্য স্থান ও যে কোন স্থানে হাট হয়, বাজার শব্দে সেই২ স্থান বুঝাইবে ইতি।

[ত্রৈমাসিক ও নিয়মিত সভা করিবার সময়ের কথা]

৩ ধারা। জষ্টিসেরা সাধারণ কর্ম্ম নির্ব্বাহার্থে প্রতিবৎসর চারিবার ত্রৈমাসিক সভা ও প্রতিমাসে একবার নিয়মিত সভা করিবেন। জানুআরি ও আপ্রিল ও জুলাই ও অক্টোবর মাসের পঞ্চদশ দিবসে পূর্ব্বাহ্ণ বেলা ১১ ঘন্টার সময়ে ত্রৈমাসিক সভা হইবে। এবং প্রতিমাসের একাদশ দিবসে উক্ত সময়ে নিয়মিত সভা হইবে। যদি উক্ত কোন দিন গবর্ণমেণ্টের অনুমতিক্রমে বন্দের দিন হয়, তবে তাহার পর যে দিন বন্দের দিন না হয় সেই দিনে সভা করিবেন। পরন্তু যদি সভার সম্মুখে অর্পণ করণার্থে সমাজপতির কি কোন জষ্টিসের কোন কার্য্য না থাকে, তবে নিয়মিত সভার আমন্ত্রণ করা অপ্রয়োজন ইতি।

[জষ্টিসদিগের নিয়মিত ও ত্রৈমাসিক সভার কার্য্যের কথা।]

৪ ধারা। উক্ত নিয়মিত ও ত্রৈমাসিক সভাতে যে প্রকারের কার্য্যনির্ব্বাহ হইবে ইহা নিরূপণ ও নির্ণয় করণার্থে জষ্টিসেরা এই আইন প্রচলিত হইবার সময় অবধি পঞ্চদশ দিনের মধ্যে বিশেষ সভা করিবেন কিম্বা সেই দিনে কর্ম্ম স্থগিত রাখিয়া দিনান্তর নিরূপণ

said Ordinary and Quarterly Meetings: and no business save such business, shall be transacted at such Meetings; Provided nevertheless that it shall be lawful for the Chairman to postpone the discussion of any question that may be raised at any such Meeting, and to refer the determination thereof to a Special or Special General Meeting to be convened within fourteen days thereafter.

[Owners of carriages, &c., to take out license.]

V. The owner of every carriage, horse, pony, or mule kept within the Town shall, on or before the first day of January and the first day of July in each year, forward to the Office of the Justices, a statement in writing signed by him, containing a description of the vehicles and animals liable to the tax for which he desires to take out a license. The owner shall at the same time pay to the Justices such sum as shall be payable by him for the half-year commencing on the first day of January or July (as the case may be) for the vehicles and animals specified in such statement, according to the rates given in Schedule A. to the said Act annexed. Any person becoming possessed between the first day of January and the first day of July, or between the first day of July and the first day of January, of a carriage, horse, pony, or mule so kept, shall, within a week of becoming so possessed, send to the Office of the Justices a similar statement, together with the amount payable for the unexpired portion of the then current half-year, calculated, according to the said Schedule, from the first day of the month in which such payment shall be made, unless he shall be able to prove to the satisfaction of the Justices that the tax for the half-year has previously been paid.

[Penalty for keeping a carriage, &c., without license.]

VI. If the owner of any carriage, horse, pony, or mule so kept as aforesaid, shall not have duly taken out a license under Secton XXXIX of the said Act, he shall, on conviction before a Justice of the Peace, be liable to a fine not exceeding three times the tax which would have been payable for the entire half-year.

[Registry and numbering of hackeries.]

VII. Every cart, hackery, and other wheeled vehicle without springs, kept and used within the Town, and every cart, hackery, and other such vehicle plying for hire within the Town, or let for hire within or without the Town, and used within it, shall be registered in the Office of the Justices with the name and residence of the owner, and shall have affixed thereto the number of such registration in such manner as the Justices shall

করিয়া ঐ কথা নির্দ্ধার্য্য করিবেন। এবং তদ্রূপ কার্য্যভিন্ন সেই২ সভাতে অন্য কার্য্য নির্ব্বাহ হইবে না। তথাপি তদ্রূপ কোন সভাতে যে কোন বিষয় উত্থাপন হয় সভাপতি সেই বিষয়ের তর্কবিতর্ক তৎকালে স্থগিত রাখিয়া তৎপশ্চাৎ চতুর্দ্দশ দিবসের মধ্যে বিশেষ কি সাধারণের বিশেষ সভা নিরূপণ করিয়া সেই সভার নির্ণয়ার্থে ঐ বিষয় অর্পণ করিবেন ইতি।

[গাড়িপ্রভৃতির স্বামিদের অনুমতিপত্র লইবার কথা।]

৫ ধারা। নগরে যে প্রত্যেক গাড়ি কি ঘোড়া কি টাটু কি খচর রাখা যায় তাহার স্বামী, টাক্সের যোগ্য যে গাড়ির ও ঘোড়ার জন্যে অনুমতিপত্র লইতে চাহেন, প্রতিবৎসর জানুআরি এবং জুলাই মাসের ১ তারিখে কি তৎপূর্ব্বে তাহার বর্ণনাপত্র লিখিয়া আপনি স্বাক্ষর করিয়া জষ্টিসদের আফিসে পাঠাইবেন। ও উক্ত আইনের সংযুক্ত A তফসীলঅনুসারে সেই পত্রের নির্দ্দিষ্ট গাড়ির ও ঘোড়ার নিমিত্তে স্বামির যে হারে টাক্স দিতে হইবে, ঐ পত্র প্রেরণ সময়ে সেই হারে জানুআরি কিম্বা বিষয়বিশেষে জুলাই মাসের প্রথম তারিখঅবধি অর্দ্ধ বৎসরের টাক্স ঐ জষ্টিসদিগকে দিবেন। যদি কোন ব্যক্তি জানুআরি মাসের ১ ও জুলাই মাসের ১ তারিখের মধ্য, কিম্বা জুলাই মাসের ১ ও জানুআরি মাসের ১ তারিখের মধ্য কোন দিনে কোন গাড়ি কি ঘোড়া কি টাটু কি খচর প্রাপ্ত হইয়া ঐ নগরে রাখেন, তবে তাহা প্রাপ্ত হওনের সময়াবধি এক সপ্তাহের মধ্যে তিনি তদ্রূপ বর্ণনাপত্র এবং উক্ত তফসীল অনুসারে হিসাব করিয়া যে মাসে টাকা দেন সেই মাসের প্রথম তারিখঅবধি চলিত অর্দ্ধ বৎসরের অবশিষ্ট কালের নিমিত্তে তাহার যত টাক্স দিতে হয় তাহা জষ্টিসেরদের আফিসে পাঠাইবেন। কিন্তু সেই গাড়িপ্রভৃতির উপর সেই অর্দ্ধ বৎসরের টাক্স পূর্ব্বে দেওয়া গিয়াছে ইহা যদি জষ্টিসেরদের হৃদ্বোধমতে প্রমাণ করিতে পারেন, তবে দিবেন না ইতি।

[অনুমতিপত্রবিনা গাড়ীপ্রভৃতি রাখিবার দণ্ডের কথা।]

৬ ধারা। কোন গাড়ীর কি ঘোড়ার কি টাটুর কি খচরের স্বামী ঐ গাড়ীপ্রভৃতি নগরে রাখিয়াও যদি উক্ত আইনের ৩৯ ধারামতে নিয়মিতরূপে অনুমতিপত্র না লন, তবে শান্তিরক্ষার্থ জষ্টিসের সম্মুখে তাঁহার দোষ নির্ণয় হইলে, সম্পূর্ণ অর্দ্ধ বৎসরের যত টাক্স দিতে হইত, তাহার তিন গুণের অনধিক টাকা পর্য্যন্ত তাঁহার অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[গোরুর গাড়ির রেজিষ্টর ও নম্বর করণের কথা।]

৭ ধারা। যে প্রত্যেক গাড়ী ও গোরুর গাড়ী ও ইসপ্রিংবিনা চক্রবিশিষ্ট অন্য গাড়ী উক্ত নগরের মধ্যে রাখা যায় ও ব্যবহার হয়, এবং যে প্রত্যেক গাড়ী ও গোরুর গাড়ী ও উক্ত প্রকারের অন্য গাড়ী ঐ নগরের মধ্যে ভাড়ার নিমিত্তে গমনাগমন করে, কিম্বা নগরের মধ্যে কি বাহিরে ভাড়া দেওয়া যায় ও নগরের মধ্যে ব্যবহার হয়, সেই সকল গাড়ী ও তৎস্বামির নাম ও বাসস্থান জষ্টিসদের আফিসে রেজিষ্টর করা যাইবে, ও উক্ত জষ্টিসেরা যেরূপে আজ্ঞা করেন সেইরূপে ঐ

direct. Any owner or driver of such cart, hackery, or other wheeled vehicle without springs, who shall fail to affix the number of registration as aforesaid, shall be liable to a fine not exceeding five Rupees. Provided that this Section shall not apply to or include carts, hackeries, or other such vehiles as aforesaid, kept at any place more than eight miles distant from Government House, and used only temporarily and casually in the Town, or to Conservancy carts, hackeries, or other such vehicles belonging to the Justices.

[Duty on professions, trades, and callings commenced after the beginning of the fiscal year.]

VIII. Whereas by Section XLVII of the said Act VI of 1863, persons exercising the professions, trades, and callings, specified in Schedule B, are liable to the annual duties therein mentioned: and whereas it is expedient, in cases of persons commencing the exercise of such professions, trades, or callings after the commencement of the fiscal year, to assess them to a proportionate part only of the annual duty; Be it therefore enacted that where any person, after the passing of this Act, shall commence to exercise any of the said professions, trades, or callings after the first day of January in any year, he shall for his license for that year (to be obtained previous to his so commencing such profession, trade, or calling) be liable to pay only such portion of the annual sum mentioned in the said Schedule as shall be proportionate to the unexpired portion of the year, calculated from the first day of the month in which such payment shall be made.]

[Penalty for not taking out a license for exercising certain trades, &c.]

IX. If any person within the Town shall exercise his profession, trade, or calling without having duly taken out a license as required by Section XLVII of the said Act, he shall be liable, on conviction before a Justice of the Peace, to a penalty not exceeding three times the amount which, in the judgment of such Justice of the Peace, would have been payable by such person in respect of a license duly taken out as aforesaid for the entire year.

[Assessment of lighting rate.]

X. Whereas it is expedient to make better provision for the assessment of the rate for lighting the public street: Be it enacted that it shall be lawful for the Justices to assess upon the occupiers of all houses, buildings, tenements, huts, and premises, within the limits of this Act, an annual lighting rate not exceeding two per centum upon

রেজিষ্টরী করা নম্বর তাহাতে লাগাইয়া দেওয়া যাইবে। তদ্রূপ গাড়ীর কি গোরুর গাড়ির কি ইস্প্রিংবিনা চক্রবিশিষ্ট অন্য গাড়ীর কোন স্বামী কি গাড়ওয়ান যদি পূর্ব্বোক্ত রেজিষ্টরীর নম্বর না বসায়, তবে তাহার পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু যে সকল গাড়ী কি গোরুর গাড়ী কি পূর্ব্বোক্ত অন্য প্রকারের গাড়ী গবর্ণমেন্ট হৌসহইতে আট মাইলের অধিক দূরস্থানে রাখা যায়, ও কখন২ কিঞ্চিৎকাল নগরে ব্যবহার হয় তাহার প্রতি, কি নগর পরিপাটী করণার্থ জষ্টিসেরদের গাড়ীর কি গোরুর গাড়ীর কি তদ্রূপ অন্য গাড়ীর প্রতি এই ধারা খাটিবে না, ও সেই গাড়ী এই ধারার মধ্যে গণ্য নহে ইতি।

[রাজস্ব সম্পর্কীয় বৎসর আরম্ভ হওয়ার পর যে বাণিজ্য ও ব্যবসায় ও কারবার আরম্ভ করা যায় তাহার উপর টাকসের কথা।]

৮ ধারা। ১৮৬৩ সালের ৬ আইনের ৪৭ ধারামতে যে ব্যক্তিরা B চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট ব্যবসায় ও বাণিজ্য ও কারবার চালান তাঁহারা ঐ তফসীলের নির্দ্দিষ্ট বার্ষিক টাকস দিবার যোগ্য হন। এবং রাজস্ব সম্পর্কীয় বৎসরের আরম্ভের পরে যাঁহারা তদ্রূপ বাণিজ্য কি ব্যবসায় কি কারবার চালাইতে আরম্ভ করেন তাঁহাদের কর্ম্ম করিবার সেই সময়ানুসারে তাঁহাদের উপর বার্ষিক টাকসের কেবল একাংশ ধার্য্য করা বিহিত। এই হেতুক এতদ্দ্বারা আজ্ঞা হইল যে এই আইন প্রচলিত হওনের পরে যদি কোন ব্যক্তি কোন বৎসরে জানুআরি মাসের প্রথম তারিখের পরে উক্ত কোন ব্যবসায় কি বাণিজ্য কি কারবার করিতে আরম্ভ করেন, তবে সেই কর্ম্মারম্ভ করিবার পূর্ব্বে তিনি ঐ বৎসরের অনুমতিপত্র লইবেন ও তজ্জন্যে উক্ত তফসীলমতে বৎসরে তাঁহার যত টাকা দিতে হয় তাহা না দিয়া যে মাসে টাকা দেন সেই মাসের প্রথম তারিখঅবধি ঐ বৎসরের যত দিন থাকে সেই হিসাব অনুসারে বৎসরের কেবল তত দিনের টাকস দিবার যোগ্য হইবেন ইতি।

[কোন২ বাণিজ্যাদি করিবার জন্যে অনুমতিপত্র না লইবার দণ্ডের কথা।]

৯ ধারা। উক্ত নগরের মধ্যে কোন ব্যক্তি উক্ত আইনের ৪৭ ধারার নির্দ্দিষ্ট অনুমতিপত্র নিয়মিতরূপে না লইয়া আপন বাণিজ্য কি ব্যবসায় কি কারবার নির্ব্বাহ করিলে যদি শান্তিরক্ষার্থ জষ্টিসের সম্মুখে তাঁহার দোষ নির্ণয় হয়, তবে পূর্ব্বোক্তমতে সম্পূর্ণ বৎসরের অনুমতিপত্র নিয়মিতরূপে লইলে, ঐ শান্তিরক্ষার্থ জষ্টিসের বিবেচনায় তাঁহার যত টাকা দিতে হইত, তাহার তিন গুণের অনধিক দণ্ড হইতে পারিবেক ইতি।

[আলোর রেট ধার্য্য করিবার কথা।]

১০ ধারা। রাজকীয় পথে আলো দিবার রেট ধার্য্য করিবার অপেক্ষাকৃত সুবিধান করা বিহিত এই হেতু আজ্ঞা করা গেল যে জষ্টিসেরা এই আইনের সীমার অন্তর্গত সকল ঘরের ও কোটার ও বসতবাটীর ও বাঙ্গলা ঘরের ও বাটীর নিবাসিরদের উপর ঐ বাটীর ও তৎসংক্রান্ত গৃহাদির বার্ষিক ভাড়ার কি মূল্যের অনুসারে বৎসরে শতকরা ২৲ টাকার অনধিক হারে

the annual rent or value of such premises, together with their appurtenances. And such rate shall be payable quarterly.

[Supply of Water.]

XI. The Justices shall cause to be laid down in each street, lane, and thoroughfare of the Town or in any division or portion thereof, sufficient mains and pipes for the supply of water in such street, lane, or thoroughfare, and shall also erect in every such street, lane, and thoroughfare sufficient and convenient stand-pipes for the gratuitous use of the rate-payers. The said stand-pipes shall be so placed that there shall not be a greater interval than one hundred yards between any such stand-pipes, and such stand-pipes shall at all times be kept charged with water.

Notification of supply being complete.]

XII. When the Justices shall have carried out a system for the supply of water to the Town, or to any division or portion thereof, including such convenient mains and stand-pipes as aforesaid, and such system shall in the judgment of the Justices be complete, the Justices shall, with the sanction of the Lieutenant-Governor of Bengal, declare, by notification published in the Calcutta Gazette, that the supply is complete within the Town or any such division or portion thereof.

[Water-rate may be assessed.]

XIII. After it has been so notified as aforesaid that the Water-supply in any district has been completed, it shall be lawful for the Justices to assess a rate upon all occupied houses and premises within such district. The said rate shall not exceed four per centum upon the annual value of the said houses and premises, and shall be ascertained and fixed in the manner and payable at the times provided by the said Act VI of 1863, and by this Act.

[Householder entitled to supply of water for domestic use.]

XIV. Every householder assessed to and paying the Water-rate, shall be entitled to have, free of further charge or assessment in respect of the same, a supply of water from the mains and pipes of the Justices for the domestic use of himself and his household.

[Communication pipes, &c., to be made of required dimensiens and at expense of householder.]

XV. Every person assessed to and paying the Water-rate shall be entitled to lay down communication pipes from the mains and pipes of the Justices, for bringing into his house a proper and sufficient supply of water for domestic purposes. The communication pipes leading the water from the

আলোর রেট বসাইতে পারিবেন। তাহা তিনং মাসে দিতে হইবে ইতি।

[জলযোগাইবার কথা।]

১১ ধারা। জষ্টিসেরা নগরের প্রত্যেক পথে ও গলিপথে ও অপ্রতিরোধ পথে কি তাহার কোন পল্লীতে কি অংশে জল যোগাইবার উপযুক্ত বড়ং চোঙ্গ ও সরু নল বসাইবেন ও যাঁহারা রেট দেন তাঁহারদের বিনাব্যয়ে ব্যবহার করিবার জন্যে উক্ত প্রত্যেক পথে ও গলিপথে ও অপ্রতিরোধ পথে উপযুক্ত সংখ্যক ও কর্ম্মোপযোগি খাড়া নল প্রস্তুত করিবেন। ঐ খাড়া নল এমন স্থানেং প্রস্তুত হইবে যে দুই নলের মধ্যে এক শত গজের অধিক ব্যবধান না থাকে। ঐ খাড়া নল সর্ব্বদাই জলেতে পুর্ণ থাকিবে ইতি।

[জল যোগাইবার নিয়ম সিদ্ধ হইবার কথা।]

১২ ধারা। জষ্টিসেরা যখন নগরের কি তাহার কোন পল্লির কি অংশের মধ্যে পূর্ব্বোক্তমত কর্ম্মোপযোগি চোঙ্গ ও খাড়া নল সুদ্ধ জল যোগাইবার নিয়ম সম্পূর্ণরূপে সাধন করিয়াছেন ও তাঁহারদের বিবেচনায় সেই নিয়ম সিদ্ধ হইয়াছে তখন জষ্টিসেরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে এই মর্ম্মের জ্ঞাপনপত্র গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করিবেন যে, সেই নগরে কি সেই অংশে কি পল্লীতে উক্ত জল যোগাইবার নিয়ম সম্পূর্ণ হইয়াছে ইতি।

[জলের রেট ধার্য্য করিবার কথা।]

১৩ ধারা। নগরের কোন অংশে জল যোগাইবার কার্য্য সম্পূর্ণ হইল এই মর্ম্মের জ্ঞাপনপত্র পূর্ব্বোক্তমতে প্রকাশ হইলে পর, জষ্টিসেরা সেই অংশের অন্তর্গত যে সকল ঘরে ও বাড়ীতে লোক বাস করে তাহার রেট ধার্য্য করিতে পারিবেন। ঐং ঘরের ও বাড়ীর বার্ষিক মূল্যের উপর বৎসরে শতকরা ৪৲ টাকার অনধিকের হিসাবে ঐ রেট বসাইবেন। উক্ত ১৮৬৩ সালের ৬ আইন ও এই আইনেতে যে নিয়ম ও যে সময় অবধারিত হইয়াছে, ঐ রেট সেই নিয়মানুসারে নির্দ্ধার্য্য ও স্থিরীকৃত হইবে ও সেই সময়ে দাতব্য হইবে ইতি।

[গৃহকার্য্যের নিমিত্তে গৃহস্থের জল পাইবার স্বত্বের কথা।]

১৪ ধারা। জলের রেট ধার্য্য হইলে যে গৃহস্থ তাহা দিয়া থাকেন তিনি আপনার ও ঘরের মধ্য সকল ব্যক্তির গৃহকার্য্যের জন্যে জষ্টিসদের চোঙ্গ ও নলহইতে জল পাইতে পারিবেন। তাহার নিমিত্তে তাহার অন্য খরচ কি টাক্স লাগিবে না ইতি।

[প্রশাখা নলপ্রভৃতি অবধারিত পরিমাণে ও গৃহস্থদের অর্থ ব্যয়ে করিবার কথা।]

১৫ ধারা। জলের রেট ধার্য্য হইলে যে গৃহস্থ তাহা দিয়া থাকেন, তিনি গৃহকার্য্যের নিমিত্তে উপযুক্ত পরিমাণের ও প্রচুর জল আপন ঘরে আনাইবার নিমিত্তে জষ্টিসদের চোঙ্গ ও নলহইতে প্রশাখা নল বসাইতে পারিবেন। জষ্টিসেরদের চোঙ্গ ও নলহইতে কোন রেটদাতার ঘরপর্য্যন্ত জল আনাই-

mains and pipes of the Justices into the house of any rate-payer, and the pipes and works within the house connected therewith, shall be of such character, dimensions, and material as the said Justices or their proper officer in that behalf shall fix and approve: and shall be made and constructed at the expense of the person requiring he same.

[What are domestic purposes]

XVI. A supply of water for domestic purposes shall not include a supply of water for horses or for washing carriages where such horses or carriages are kept for sale or hire, or a supply for any trade, manufacture, or business, or for fountains, or for any ornamental or mechanical purpose.

[Supply for business.]

XVII. It shall be lawful for the Justices to supply water, at a rate not exceeding one Rupee for every two thousand gallons supplied, for other than domestic purposes, and for trade, manufacturing, business, ornamental, or mechanical purposes, provided the person requiring such supply make application to the Justices in writing specifying the purpose for which such supply is required and the quantity likely to be consumed. And the Justices may thereupon, subject to such charges or rates as may be agreed upon between themselves and the person so requiring such supply, not exceeding the rate aforesaid, lay down, or allow to be laid down, the necessary communication pipes and works, of such dimensions and character as may be agreed upon between the Justices and the person requiring such supply, or, in the absence of such agreement, as may be fixed by the Justices.

[Communication pipes, &c., must be made to satisfaction of Surveyor.]

XVIII. The communication pipes and works leading water from the mains and pipes of the Justices into any house or premises, must in all cases be executed subject to the inspection and to the satisfaction of the Surveyor or other Officer to be appointed in that behalf by the said Justices. Such communication pipes and works may be made by the servants and workmen of the Justices, upon such terms as may be agreed upon between the Justices and the person requiring the supply, or subject to such charges as may be fixed by the Justices; and it shall be lawful for the Justices to require the amount necessary for the execution of such works to be paid or deposited before such works are executed; and such charges and expenses shall be recoverable in the same way as the water-rate.

বার যে প্রশাখা নল, ও ঘরের মধ্যে তৎসংক্রান্ত যে নল ও কলাদি থাকে তাহা উক্ত জষ্টিসেরা কি তাঁহাদের উপযুক্ত কর্ম্মকারক যে প্রকারে ও যে পরিমাণে ও যে দ্রব্যে করিতে আজ্ঞা ও অনুমোদন করেন সেই প্রকারে ও সেই পরিমাণে ও দ্রব্যে নির্ম্মিত হইবে এবং তাহাতে যে ব্যক্তির প্রয়োজন হয় তাহার অর্থ ব্যয়ে নির্ম্মিত ও প্রস্তুত হইবে ইতি।

[গৃহকার্য্য কাহাকে বলে তাহার কথা।]

১৬ ধারা। যে ঘরে ঘোড়া কি গাড়ী বিক্রয় করিবার কি ভাড়া দিবার নিমিত্তে রাখা যায় সেই ঘরে ঐ ঘোড়ার জন্যে কি গাড়ী ধুইবার জন্যে যে জল, কিম্বা কোন বাণিজ্য কি শিল্পকার্য্য কি কারবারের জন্যে কি ঝারার নিমিত্তে কিম্বা শোভাজনক কার্য্যের কি কল-প্রভৃতি চালাইবার জন্যে যে জল যোগান যাইবে তাহা গৃহ কার্য্যের জলের মধ্যে গণ্য নহে ইতি।

[কারবারের নিমিত্তে জল যোগাইবার কথা।]

১৭ ধারা। জষ্টিসেরা গৃহকার্য্যভিন্ন অন্য কার্য্যের নিমিত্তে এবং ব্যবসায় ও শিল্পকর্ম্ম ও কারবারের নিমিত্তে ও শোভাজনক কার্য্যের ও কল প্রভৃতির নিমিত্তে ২০০০ গালন প্রতি ১৲ টাকার অনধিকের হিসাবে লইয়া জল যোগাইতে পারিবেন, কিন্তু যে ব্যক্তি সেই জল চাহেন তাঁহার প্রয়োজন যে জষ্টিসেরদের নিকটে পত্র লিখিয়া যে কার্য্যের নিমিত্তে জল চাহেন ও যত জল ব্যবহার হইবার সম্ভাবনা তাহা নির্দ্দিষ্ট করেন। এবং যে ব্যক্তি ঐ জল চাহেন তাঁহার সঙ্গে জষ্টিসেরা উক্ত হিসাবের অনধিক হারে অর্থব্যয়ের কি রেটের যে করার করেন তদনুসারে, এবং প্রশাখানলের ও কলাদি যে পরিমাণের ও যে প্রকারের হইবে এই বিষয়ে জষ্টিসদের ও জলপ্রাপণেচ্ছু ব্যক্তির যে করার হয় তদনুসারে কিম্বা তদ্রূপ করার না হইলে জষ্টিসদের নির্দ্ধারণানুসারে তাঁহারা প্রশাখানল বসাইবেন কি বসাইতে দিবেন ইতি।

[প্রশাখানলপ্রভৃতি সরবেয়রের সন্তোষমতে করিবার কথা।]

১৮ ধারা। জষ্টিসদের মেন্স ও নলহইতে কোন গৃহে কি বাটীতে জল আনাইবার যে প্রশাখানল ও কলাদি করা যায় তাহার পরিদর্শন করিবার জন্যে উক্ত জষ্টিসেরা যে সরবেয়র কি অন্য কার্য্যকারককে নিযুক্ত করেন, তাঁহার তত্ত্বাবধানে ও সন্তোষমতে তাহা সর্ব্বদাই করিতে হইবে। জষ্টিসেরা এবং জলপ্রাপণেচ্ছু ব্যক্তি পরস্পর যে করার করেন, তদনুসারে জষ্টিসদের চাকর ও কর্ম্মকারকদ্বারা সেই প্রশাখানল ও কলাদি নির্ম্মিত হইতে পারিবে কিম্বা জষ্টিসেরা যে অর্থব্যয় ধার্য্য করেন তদনুসারে করা যাইবে। এবং সেই কর্ম্মসম্পাদনের জন্যে যত টাকা লাগিবে জষ্টিসেরা সেই সমুদয় টাকা অগ্রিম দিতে কি গচ্ছিত করিয়া রাখিতে আজ্ঞা করিতে পারিবেন এবং সেই টাকা ও খরচ জলের রেটের ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

[Pressure at which water must be kept.]

XIX. The Justices shall at all times keep and maintain in their pipes and mains a sufficient supply of pure water for the use of the rate-payers, and for the other purposes for which such supply is required; and shall at all times between the hours of five in the forenoon and eight in the afternoon maintain a pressure of water in the pipes and mains sufficient to raise the water in all houses and places in which the same may be introduced, to a height of not less than fifty feet, and between the hours of eight in the afternoon and five in the forenoon to a height of not less than ten feet.

[Power to enter premises.]

XX. The Surveyor, or any other person acting in that behalf under the authority of the Justices may, between the hours of nine in the forenoon and five in the afternoon, enter into any house or premises supplied with water as aforesaid, in order to examine if there be any waste or misuse of such water; and if such surveyor or other person at any such time be refused admittance into such house or premises for the purpose aforesaid, or be prevented from making such examination as aforesaid, the Justices may turn off the water from such house or other premises.

[Water may be cut off on neglect to pay the rate.]

XXI. If any person supplied with water shall neglect to pay the water-rate at any of the times of payment thereof, the Justices may stop the water from flowing into the premises in respect of which such rate is payable, by cutting off the pipe to such premises, or by such means as the Justices may think fit, and may recover the expenses of cutting off the water from such person.

[Damaging works or obstructing or diverting water.]

XXII. Whoever shall wilfully or carelessly break, injure, or open any lock, cock, main, or pipe belonging to or under the management or control of the Justices, or constructed, continued, or maintained under this Act, or shall unlawfully flush, draw off, divert, or take water from any water-works belonging to or under their management or control, or from any water or streams by which such water-works are supplied, shall for every such offence, forfeit a sum not exceeding fifty Rupees and a further penalty not exceeding twenty Rupees for each day during which the offence is continued after written notice in that behalf.

[Application of rates and monies received from the supply of water.]

XXIII. All rates and monies collected, received, or recovered for or in respect of the supply of water

[নলের জল যত উচ্চ রাখিতে হইবে তাহার কথা।]

১৯ ধারা। জষ্টিসেরা রেটদায়িদের ব্যবহারের নিমিত্তে এবং অন্য যে২ কর্ম্মের জন্যে জল যোগাইবার প্রয়োজন হয় তন্নিমিত্তে প্রচুর পরিমাণের পরিষ্কৃত জল আপনাদের নলে ও চোঙ্গে সর্ব্বদা রাখিবেন। এবং পূর্ব্বাহ্ণ পাঁচ ঘণ্টা অবধি অপরাহ্ণ আট ঘণ্টা পর্য্যন্ত চোঙ্গে ও নলে এত জল রাখিবেন যে ঐ জল যে সকল ঘরে ও স্থানে যোগাইতে হয় সেই গৃহাদিতে কলের বলে পঞ্চাশ ফুটের ন্যূন ঊর্দ্ধ না উঠে এবং অপরাহ্ণ আট ঘণ্টা অবধি পূর্ব্বাহ্ণ পাঁচ ঘণ্টা পর্য্যন্ত দশ ফুটের অনূর্দ্ধ না উঠে ইতি।

[বাটীতে প্রবেশ করিবার ক্ষমতার কথা।]

২০ ধারা। কোন ঘরে কি বাটীতে যে জল যোগান যায় তাহা বৃথাই নষ্ট কিম্বা অনুচিতরূপে ব্যবহার না হয় ইহার পরীক্ষা করিবার জন্যে সরবেয়র কিম্বা জষ্টিসদিগের ক্ষমতাক্রমে অন্য যে ব্যক্তি ঐ কর্ম্ম করেন তিনি পূর্ব্বাহ্ণ ৯ ঘণ্টা ও অপরাহ্ণ ৫ ঘণ্টার মধ্য কোন সময়ে সেই ঘরে কি বাড়ীতে প্রবেশ করিতে পারিবেন। যদি কোন ব্যক্তি সেই সময়ে সেই ঘরে কি বাড়ীতে সেই কার্য্যের নিমিত্তে সরবেয়রের কি ঐ অন্য ব্যক্তির প্রবেশ করিবার অনুমতি দিতে স্বীকার না করেন, কিম্বা যদি তিনি ঐ সন্ধান কার্য্য করণে নিবারিত হন, তবে জষ্টিসেরা সেই ঘরেরর কি বাড়ীর জল বন্দ করিতে পারিবেন ইতি।

[রেট দিবার ক্রটি হইলে জল বন্দ করিবার কথা।]

২১ ধারা। যাহাকে জল যোগান যায় এমত কোন ব্যক্তি যদি জলের রেট দিবার উপযুক্ত সময়ে রেট না দেন, তবে যে বাড়ীর নিমিত্তে ঐ রেট দাতব্য হয়, জষ্টিসেরা সেই বাড়ীর নল কর্ত্তন করিয়া কিম্বা অন্য যে কার্য্য বিহিত বোধ করেন তাহা করিয়া সেই বাড়ীতে জলগমনের নিবারণ করিতে পারিবেন, এবং ঐ কার্য্যে যে অর্থব্যয় হইয়াছে তাহা ঐ ব্যক্তির স্থানে আদায় করিতে পারিবেন ইতি।

[কলের হানি কিম্বা জলবন্ধ করিবার কি অন্য দিগে চালাইবার কথা।]

২২ ধারা। যদি কোন ব্যক্তি ইচ্ছাপুর্ব্বক কি অনবধানে জষ্টিসদের কিম্বা তদীয় তত্ত্ব কি কর্ত্তৃত্বাধীন কিম্বা এই আইনক্রমে প্রস্তুত কি বিস্তৃত কি রক্ষিত কোন জলদ্বার কি কাক কি বড় চোঙ্গ কি নল ভাঙ্গে কি তাহার হানি করে কি তাহা খোলে, কিম্বা তাহাদের কি তদীয় তত্ত্ব কি কর্ত্তৃত্বাধীন কোন জলাশয়াদিহইতে কি সেই জলাশয়ে যে স্রোত কি প্রবাহ উত্থিত হয় তাহাহইতে অব্যবস্থামতে জল অনর্থক ব্যয় করে কি বহাইয়া লয় কি দিগান্তরে চালায় কি গ্রহণ করে, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে। এবং তদ্বিষয়ের লিখিত জ্ঞাপনপত্র পাইলে পর যত দিন সেই অপরাধ করিতে থাকে তাহার দিন প্রতি তাহার বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

[জল যোগাওনের দ্বারা যে রেট ও টাকা পাওয়া যায় তাহার প্রয়োগের কথা।]

২৩ ধারা। জল যোগাইবার কিম্বা কলাদি কার্য্য সম্পাদন করিবার জন্যে কি তৎসম্পর্কে যে সকল রেট

or the execution of works, and all penalties or forfeitures connected therewith, or in any respect relating to the water-supply, shall be applied by the said Justices in defraying the expense of making and maintaining the said water-works, in paying the interest of money borrowed for the said water-works, and in the liquidation of debts incurred connected therewith, or for some other purpose connected with the supply of water; and if any surplus should remain theirafter, then the same shall be applied in reduction of the rates assessed for the supply of water.

[Assessment may be on owner in certain cases.]

XXIV. Where any house or tenement is divided into flats, rooms, or portions in the occupation of different tenants, and also in the case of all houses or tenements the annual value whereof is less than one hundred Rupees, it shall be lawful for the Justices to assess the owner or landlord of such house or tenement, although he does not himself occupy the same and to recover from him the rates imposed thereon for lighting and water respectively.

[Remission of rate on houses and lands in cases of vacancy.]

XXV. Where any house, building, or land whereon the rate under Section LV of the said Act VI of 1863 is assessed, has been vacant for sixty consecutive days during any year, the person assessed to the said rate shall be entitled to a remission of so much thereof, not exceeding one-half of the rate for that year, as shall be proportionate to the number of days such house, building, or land has been vacant as aforesaid, provided notice shall have been given in writing to the Justices of such house, building, or land being vacant: and the amount of rate to be remitted shall be calculated from the date of the delivery of such notice.

[After revision assessment book to be authenticated by the seal of the Justices. Rate assessed to be deemed the rate for three years.]

XXVI. After the appeals specified in Section LXXIII of the said Act VI of 1863 have been disposed of, and after the revision of the valuation or measurement and assessment has been completed, the amendments, if any, made in the book required to be kept by Section LXVIII. of the said Act shall be authenticated by the seal of the Justices; and thereupon, and subject to such alterations and amendments as may thereafter be duly made, the rate so assessed shall be deemed to be the rate for the whole three years for which the assessment is made, and this period shall be calculated from the commencement of the quarter succeeding that in which any such amendment shall be so authenticated.

[*Government Gazette, 29th May* 1866.]

ও টাকা সঞ্চিত ও প্রাপ্ত ও আদায় হয়, এবং তৎসম্পর্কে কিম্বা জল যোগাইবার কর্ম্মঘটিত কোন বিষয়সম্পার্কে যে সকল অর্থ কি দ্রব্য দণ্ড হয়, তাহা উক্ত জষ্টিসেরা ঐ জলঘটিত কার্য্য করণ ও সংরক্ষণের কর্ম্মে এবং উক্ত জলঘটিত কার্য্যের নিমিত্তে যে ঋণ গ্রহণ হয় তাহার সুদ দেওনে, ও তৎসংক্রান্ত ঋণ শোধনে কিম্বা জল যোগাওন সংক্রান্ত অন্য কার্য্যে প্রয়োগ করিবেন। তৎপরে যদি উদ্বর্ত্ত থাকে, তবে জল যোগাইবার যে রেট ধার্য্য হইয়াছে তাহা ন্যূন করণার্থে প্রয়োগ হইবে ইতি।

[কোন২ স্থলে স্বামির উপর রেট ধার্য্য করিবার কথা।]

২৪ ধারা। যদি কোন কোটা কি বসতবাটী ভিন্ন২ মহলে কি ঘরে কি অংশে বিভক্ত হইয়া ভিন্ন২ রায়তের অধিকারে থাকে, ও যদি কোন কোটার কি বসতবাটীর বার্ষিক মূল্য এক শত টাকার ন্যূন হয়, তবে ঐ কোটার কি বসত বাটীর স্বামী কি ভূম্যধিকারী যদিও তথায় স্বয়ং বাস না করেন তথাপি জষ্টিসেরা তাঁহার উপর ঐ রেট ধার্য্য করিতে পারিবেন। এবং ঐ বাটীর উপর আলোর ও জলের যে রেট ধার্য্য হইয়াছে তাহা তাঁহার স্থানে আদায় করিতে পারিবেন ইতি।

[বাটী ও ভূমি শূন্য হইলে রেট ক্ষমা করিবার কথা।]

২৫ ধারা। কোন ঘরের কি কোটার কি ভূমির উপর ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ৫৫ ধারামতে রেট ধার্য্য হইলে পর যদি কোন বৎসরে তাহা উপর্য্যুপরি ষাইট দিনপর্য্যন্ত শূন্য থাকে, তবে যাঁহার উপর ঐ রেট ধার্য্য হয় তিনি ঐ ঘর কি কোটা কি ভূমি শূন্য থাকার সম্বাদ লিখিয়া জষ্টিসদিগকে জ্ঞাত করিলে, ঐ ঘরপ্রভৃতি যত দিন শূন্য থাকে তত দিনের নিমিত্তে বার্ষিক রেটের অর্দ্ধেকের অনধিক হিসাবে তিনি রেটের ক্ষমা পাইতে পারিবেন। ও যত রেটের ক্ষমা করা কর্ত্তব্য তাহা সেই সম্বাদ দিবার তারিখ অবধি গণ্য হইবে ইতি।

[পুনর্দৃষ্টি হইলে পর নির্দ্ধারিত টাকুসের বহীতে জষ্টিসদের মোহর করিবার কথা ও যে রেট ধার্য্য হয় তাহা তিন বৎসর পর্য্যন্ত চলিবার কথা।]

২৬ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ৭৩ ধারার নির্দ্দিষ্ট প্রার্থনার নিষ্পত্তি হইলে পর ও নিরূপিত মূল্য কি পরিমাণের ও রেটের পুনরালোচনা সমাপ্ত হইলে পর, উক্ত আইনের ৬৮ ধারামতে যে বহী রাখিতে হইবে, সেই বহীতে যে সকল কথার সংশোধন হয় তাহা জষ্টিসদের মোহরক্রমে দৃঢ় করা যাইবে। তৎকালাবধি, এবং তৎপরে নিয়মিতরূপে যে কোন পরিবর্ত্তন ও সংশোধন করা যায় তাহা বলবৎ রাখিয়া তিন বৎসরের নিমিত্তে উক্ত প্রকারের যে রেট ধার্য্য হয় তাহা সেই সম্পূর্ণ তিন বৎসরের রেট জ্ঞান হইবে। তদ্রূপ সংশোধন উক্ত প্রকারে যে তিন মাসের মধ্যে দৃঢ় করা যায় তাহার আরম্ভাবধি ঐ তিন বৎসর গণ্য হইবে ইতি।

[Hearing Appeals.]

XXVII. Appeals against any rate assessed or demanded by the Justices under the provisions of this Act shall be heard and determined by not less than three Justices of the Peace. But no such appeal shall be heard unless the amount of the rate has been deposited with the Justices, and unless such appeal be preferred by the person who at the time the appeal is made shall be recorded in the said book as the owner of the premises to which such appeal refers, or by the occupier thereof, or by their agents.

[Information of birth to be given within eight days.]

XXVIII. The father or mother of every child born in the Town, or in the case of the death, illness, or absence, or inability of the father and mother, the occupier of the house or tenement in which such child shall have been born, shall, within eight days after the day of every such birth, give information to the Registrar of the District, according to the best of his or her knowledge and belief, of the several particulars by the said Act required to be known and registered touching the birth of such child. Any person whose duty it shall be to give information to a Registrar under this Section, who shall refuse or neglect to give such information, shall be liable to a penalty not exceeding one hundred Rupees.

[Penalty for non-observance of the provisions of Sections 104, 106, and 107 of Act VI of 1863.]

XXIX. Any person whose duty it may be to afford the information specified in Section CIV, or to fill in any form under Section CVI, or to act as an enumerator under Section CVII, of the said Act VI of 1863, who shall refuse or neglect so to do, shall be liable to a penalty not exceeding one hundred Rupees. Provided that it shall be the duty of the enumerator to fill up all Schedules or Returns for those who are unable to write.

[Removal of night-soil.]

XXX. The Justices, from time to time, may fix the hours within which only it shall be lawful to remove any night-soil or other offensive matter. When the Justices have fixed such hours and given public notice thereof, whoever removes or causes to be removed along any street any such offensive matter at any time, except within the hours so fixed, and also, whoever at any time, whether such hours have been fixed by the Justices or not, uses for any such purpose any cart, carriage, or other receptacle or vessel other than that approved and sanctioned by the Justices, or who slops or spills any such offensive matter in the removal thereof, or who does not carefully sweep and clean every place in which any such offensive matter has been slopped or spilled, or who places or sets down in any

[প্রার্থনা শুনিবার কথা।]

২৭ ধারা। জষ্টিসেরা এই আইনের বিধানানুসারে যে কোন রেট ধার্য্য কি দাওয়া করেন, তদ্বিপক্ষ প্রার্থনা শান্তিরক্ষার্থ জষ্টিসদের অন্যূন তিন ব্যক্তির দ্বারা শ্রুত হইয়া নিষ্পত্তি হইবেক। কিন্তু সেই রেটের টাকা জষ্টিসদের নিকটে গচ্ছিত না হইলে এবং যে বাটীর সম্পর্কে ঐ প্রার্থনা হয় উক্ত বহীতে ঐ বাটীর স্বামী বলিয়া যাঁহার নাম লেখা আছে তিনি কি ঐ গৃহবাসিরা কি তাঁহাদের মোক্তারেরা সেই প্রার্থনা উপস্থিত না করিলে তাহা শুনা যাইবেক না ইতি।

[শিশুর জন্মের পর আট দিনের মধ্যে সম্বাদ দিতে হইবার কথা।]

২৮ ধারা। নগরজাত প্রত্যেক শিশুর জন্মবিষয়ের যে সকল বৃত্তান্ত উক্ত আইনানুসারে জ্ঞাত হইয়া রেজিষ্টর করিবার আজ্ঞা হইল, শিশুর পিতা কি মাতা, অথবা পিতার ও মাতার মৃত্যু কি পীড়া কি অনুপস্থান কি অক্ষমতা হইলে যে ঘরে শিশুর জন্ম হয় সেই গৃহের অধিবাসী কি রায়ৎ ঐ অংশের রেজিষ্ট্রারকে শিশুর জন্মের দিবসাবধি আট দিনের মধ্যে, স্বীয় জ্ঞান ও বিশ্বাসঅনুসারে সেই বৃত্তান্ত জ্ঞাত করিবেন। উক্ত সম্বাদ দেওয়া যাঁহার কর্ত্তব্য তিনি যদি এই ধারামতে রেজিষ্ট্রারকে সেই সংবাদ দিতে অসম্মত হন, কি অনুষ্ঠান না করেন, তবে তাঁহার এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

[১৮৬৩ সালের ৬ আইনের ১০৪ ও ১০৬ ও ১০৭ ধারার বিধান অবজ্ঞা করণের দণ্ডের কথা।]

২৯ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ১০৪ ধারার নির্দ্দিষ্ট সম্বাদ দেওয়া কিম্বা ১০৬ ধারামতের কোন পাঠ পূর্ণ করা, কিম্বা ১০৭ ধারামতে সংখ্যা গ্রহণ করা যে ব্যক্তির কর্ত্তব্য, তিনি যদি তাহা করিতে সম্মত না হন কি অনুষ্ঠান না করেন, তবে তাঁহার একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। যাঁহারা লিখিতে অপারক তাঁহাদের পক্ষের সকল তফসীল ও রিটর্ণ পূর্ণ করা সংখ্যাগ্রাহকের কর্ত্তব্য ইতি।

[বিষ্ঠা স্থানান্তর করণের কথা।]

৩০ ধারা। জষ্টিসেরা সময়ে২ বিষ্ঠা কিম্বা সেই প্রকারের দুর্গন্ধ দ্রব্য স্থানান্তর করিবার সময় নির্দ্ধার্য্য করিতে পারিবেন। সেই সময় নির্দ্ধার্য্য করিয়া তাহার সম্বাদ প্রকাশ করিলে পর, যদি কোন ব্যক্তি সেই নির্দ্ধারিত সময়ভিন্ন কোন সময়ে সেই প্রকারের কোন দুর্গন্ধ দ্রব্য কোন রাস্তা দিয়া স্থানান্তর করে কি করায়, এবং জষ্টিসেরদের দ্বারা সময় নির্দ্ধারিত হইলে কি না হইলেও যদি কোন ব্যক্তি সেইরূপ কোন কার্য্যের নিমিত্তে কোন গরুর গাড়ী কি গাড়ী কি জষ্টিসেরা যাহা স্বীকার করেন ও যাহাতে সম্মত হইয়াছেন তদ্ভিন্ন অন্য আধার কি পাত্র ব্যবহার করে, কিম্বা যদি কোন ব্যক্তি সেই প্রকারের কোন দুর্গন্ধ দ্রব্য লইয়া যাইবার সময়ে, তাহা ঝরিয়া কি চুইয়া পড়িতে দেয় কি ফেলে, কি সেই প্রকারের কোন দুর্গন্ধ দ্রব্য যে স্থানে পড়িয়াছে এমত প্রত্যেক স্থান ঝাঁটা দিয়া সাবধানে পরিষ্কার না করে, কিম্বা যদি কোন ব্যক্তি

public place any vessel containing such offensive matter, or who drives, or takes, or causes to be driven, or taken, any cart, carriage, receptacle, or vessel used for any such purpose as aforesaid. through any street or by any route other than such as shall, from time to time, be by public notice appointed for that purpose by the Justices, shall be liable to a penalty not exceeding twenty Rupees for each offence.

[Power to shut up, secure, clear, and clean deserted houses.]

XXXI. If any building or land, by reason of abandonment or of disputed ownership or other cause, shall remain untenanted, and thereby become a resort of idle and disorderly persons, or become in a filthy or unwolesome state, or be complained of by any two or more of the neighbours as a nuisance, the Justices, after due enquiry, may cause notice in writing to be given to the owner, if he be known and resident within the limits of their jurisdiction, and shall also cause such notice to be put on the door of the building or some conspicuous part of the premises, requiring the persons concerned therein, whoever they may be, to secure, enclose, clean, or clear, the same, and if such notice shall not be complied with within eight days, the Justices shall cause the necessary works to be executed, and all expenses thereby incurred shall be paid by the owner of the premises, and shall be recoverable as by the said Act provided, or in case of abandonment or disputed ownership, by the sale of any material found upon such building or land, and the provisions of Section CXLIV of the said Act shall be applicable to such sales.

[Filthy houses. Proviso.]

XXXII. Whoever, being the owner or occupier of any house, building, or land within the Town, whether tenantable or otherwise, suffers the same to be in a filthy and unwholesome state, or over-grown with vegetation, shall be liable to a penalty not exceeding fifty Rupees, and to a further penalty not exceeding ten Rupees for every day during which the same is allowed to continue in such state, after the expiration of two days from notice in writing from the Justices to cleanse the same, or after he shall have been convicted of suffering the same to be in such state. Provided that the Justices may, in lieu of enforcing such daily penalty, enter on and clean and clear the said house, building, or land; and the expense incurred by the Justices in respect thereof shall be paid to them by the owner or occupier, and shall be recoverable as by the said Act provided.

সেই দুর্গন্ধ দ্রব্যযুক্ত কোন পাত্র কোন প্রকাশ স্থানে রাখে কি থোয়, অথবা জষ্টিসেরা সময়ে২ যে পথ দিয়া সেই দুর্গন্ধ দ্রব্য লইয়া যাইবার অনুমতির সম্বাদ প্রকাশ করেন, তদ্ভিন্ন যদি কেহ অন্য রাস্তা কি পথ দিয়া পূর্ব্বোক্ত দ্রব্যবাহি কোন গোরুর গাড়ি কি গাড়ি কি আধার কি পাত্র আপনি কি অন্যের দ্বারা চালায় কি লইয়া যায়, তবে সেই ব্যক্তি উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ২০৲ টাকার অনধিক দণ্ডের যোগ্য হইবেক ইতি।

[ত্যক্ত গৃহাদি বন্দ করিবার ও সুরক্ষা ও পরিষ্কার করিবার ক্ষমতার কথা।]

৩১ ধারা। যদি কোন ঘর কি ভূমি ত্যাগ হওয়াতে, কিম্বা স্বামিত্বের বিবাদহেতুক কি অন্য কারণে শূন্য থাকে, ও তাহাতে নিষ্কর্ম্মা ও অনিয়মিতাচারিদের সর্ব্বদা গতিবিধি হয়, কিম্বা তাহা ময়লা কি অস্বাস্থ্যজনক হয় অথবা যদি নিকটনিবাসি কোন দুই কি ততোধিক ব্যক্তি ঐ ঘর অনিষ্টজনক বলিয়া নালিশ করেন, তবে জষ্টিসেরা তদ্বিষয়ের উপযুক্ত অনুসন্ধান লইবেন, ও স্বামী পরিচিত লোক ও তাঁহাদের আধিপত্যের সীমার মধ্যবাসী হইলে, তাঁহাকে লিখনক্রমে আজ্ঞাপত্র দেওয়াইয়া, ও ঐ ঘরের দ্বারে কি বাড়ীর কোন প্রকাশ স্থানে লটকাইয়া, তদ্দ্বারা আজ্ঞা করিবেন যে, ঐ গৃহাদিতে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে তাঁহারা তাহা রক্ষা কি আবৃত কি পরিষ্কার কি মার্জ্জন করেন। সেই আজ্ঞাপত্রমতে আট দিনের মধ্যে কার্য্য না হইলে, জষ্টিসেরা ঐ আবশ্যক কর্ম্ম করাইবেন। তাহাতে যে খরচ হয় তাহা ঐ বাড়ীর স্বামির দিতে হইবেক, ও উক্ত আইনের বিধানমতে, কিম্বা গৃহাদি ত্যক্ত হইলে কি স্বামিত্বের বিবাদহেতু পড়িয়া থাকিলে তাহাতে যে সরঞ্জাম পাওয়া যায় তাহা বিক্রয় করণদ্বারা ঐ খরচ আদায় হইতে পারিবে। এবং উক্ত বিক্রয়ের প্রতি উক্ত আইনের ১৪৪ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

[ময়লা ঘরের কথা। ও উপবিধি।]

৩২ ধারা। নগরস্থ কোন ঘর কি কোটা কি ভূমি বাসোপযুক্ত হইলে কি না হইলেও যদি তৎস্বামী কি নিবাসী সেই গৃহাদি ময়লা ও অস্বাস্থ্যজনক অবস্থায় থাকিতে কিম্বা জঙ্গলময় হইতে দেন, তবে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, এবং জষ্টিসেরা তাহা পরিষ্কার করিবার বিজ্ঞাপন দিলে পর, কিম্বা সেই গৃহাদির সেই অবস্থায় থাকিতে দিবার দোষ নির্ণয় হওনানন্তর দুই দিন গত হইলে পর যত দিন তদবস্থায় থাকে তত দিন পর্য্যন্ত দিনপ্রতি তাঁহার দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। পরন্তু জষ্টিসেরা প্রতিদিন তদ্রূপ অর্থদণ্ড প্রবল না করিয়া উক্ত ঘর কি কোটা কি ভূম্যাদিতে প্রবেশপূর্ব্বক তাহা পরিষ্কার ও মার্জ্জন করিতে পারিবেন। তাহা করাতে জষ্টিসদের যে ব্যয় হয় তাহা উক্ত ঘরাদির স্বামির কি তন্নিবাসির দিতে হইবে, ও তাহা উক্ত আইনের বিধান মতে আদায় হইতে পারিবে ইতি।

[Penalty for altering or making unauthorized drains leading into public sewers.]

XXXIII. Whoever, without the written consent of the Justices first obtained, makes or causes to be made, or alters or causes to be altered, any drain leading into any of the sewers or drains vested in the Justices by this Act, shall be liable to a penalty not exceeding two hundred Rupees, and the Justices, may cause such branch-drain to be demolished, altered, re-made, or otherwise dealt with as they shall think fit; and all the expense incurred thereby shall be paid by the person making or altering such branch-drain, and shall be recoverable as by the said Act provided.

[Group or block of houses, &c., may be drained by a combined operation.]

XXXIV. If it appear to the Justices that a group or block of houses or buildings may be drained or improved more economically or advantageously in combination than separately, and a sewer of sufficient size already exists, or is about to be constructed, within one hundred feet of any part of such group or block of houses or buildings, it shall be lawful for the Justices to cause such group or block of houses or buildings to be drained and improved by a combined operation; and the expenses incurred by the Justices in respect to such operation, shall be chargeable to the owners of such houses or buildings, in such proportions as shall to the Justices seem fit, and shall, if not forthwith paid by such owners, be recoverable as by the said Act provided.

[Proviso to Sections 152, 157, and 159 of Act VI of 1863.]

XXXV. Sections CLII, CLVII, and CLIX, of the said Act shall be read subject to the provision that the Justices themselves may construct and lay down such portions of the drains mentioned in the said Sections, as may be carried through or under any public drain, aqueduct, or street, and the expenses incurred by the Justices in respect to such portions, if not forthwith paid by the owner, shall be recoverable as by the said Act provided.

[Supervision of works specified in Sections 152, 157, and 159 of Act VI of 1863.]

XXXVI. It shall be lawful for the Justices to cause the works mentioned in Sections CLII, CLVII, and CLIX of the said Act to be supervised while in progress, and from time to time during their execution to order such reasonable alterations therein, additions thereto, and abandonment of part or parts thereof, as may to the Justices appear, on the fuller knowledge afforded by the

[অনুমতিবিনা কোন নরদমার জলাদি রাজকীয় নয়নজুলিতে পাড়িতে দিলে দণ্ডের কথা।]

৩৩ ধারা। এই আইনদ্বারা যে নয়নজুলিতে কি নরদমায় জষ্টিসদের স্বামিত্ব থাকে, তাহাতে যদি কোন ব্যক্তি ঐ জষ্টিসদের লিখিত অনুমতি বিনা কোন নরদমা সংযোগ করেন কি করান, অথবা পরিবর্ত্তন করেন কি করান, তবে সেই ব্যক্তির দুই শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। এবং জষ্টিসেরা উক্ত শাখা নরদমা নষ্ট কি পরিবর্ত্ত কি পুনর্নির্ম্মাণ করাইতে কিম্বা তৎসম্পর্কে প্রকারান্তরের যে কার্য্য উচিত বোধ করেন তাহা করাইতে পারিবেন। তাহাতে যে সকল খরচ হয় তাহা যে ব্যক্তি ঐ শাখা নরদমা করিয়াছিলেন তাঁহার দিতে হইবে, ও তাহা উক্ত আইনের বিধানমতে আদায় হইতে পারিবে ইতি।

[গৃহাদি একত্র থাকিলে তাহার পয়োনালার সংযুক্ত কার্য্য করিবার কথা।]

৩৪ ধারা। জষ্টিসেরা যদি দেখিতে পান যে সন্নিকৃষ্টরূপে নির্ম্মিত কএক গৃহাদির পয়োনালা কি পারিপাট্য স্বতন্ত্রভাবে না করিয়া একত্রে করিলে ব্যয়ের লাঘব কি কিছু লাভ হইতে পারে এবং তদ্রূপ সন্নিকৃষ্ট গৃহাদির কি কোটার কোন অংশহইতে এক শত ফুটের মধ্যে যথোপযুক্ত পরিমাণের নয়নজুলী আছে কিম্বা নির্ম্মাণ করিবার উদ্যোগ হইতেছে, তবে সেই জষ্টিসেরা একত্রিত কর্ম্মদ্বারা সন্নিকৃষ্ট ঐ গৃহাদির পয়োনালা করিতে এবং পারিপাট্য করিতে পারিবেন। এবং সেই কার্য্যেতে জষ্টিসদের যত টাকা ব্যয় হয় তাহা তাঁহাদের বিবেচনামতে উপযুক্ত অংশক্রমে ঐ গৃহাদির কি কোটার স্বামিদের স্থানে আদায় হইতে পারিবে। যদি সেই স্বামিরা তৎক্ষণাৎ ঐ টাকা না দেন, তবে উক্ত আইনের বিধানমতে আদায় হইতে পারিবে ইতি।

[১৮৬৩ সালের ৬ আইনের ১৫২ ও ১৫৭ ও ১৫৯ ধারা বিষয়ক উপবিধি।]

৩৫ ধারা। উক্ত আইনের ১৫২ ও ১৫৭ ও ১৫৯ ধারার লিখিত নরদমার যে অংশ রাজকীয় কোন নরদমার কি পয়োনালার কি রাস্তার মধ্য কি তলভাগে করিতে হইবে, তাহা জষ্টিসেরা আপনারাই নির্ম্মাণ ও প্রস্তুত করিতে পারিবেন। এবং সেই অংশ সম্পর্কে জষ্টিসেরদের যত টাকা ব্যয় হয় তাহা ঐ স্বামী তৎক্ষণাৎ না দিলে উক্ত আইনের বিধানমতে আদায় হইতে পারিবে, এই উপবিধি বলবৎ রাখিয়া উক্ত আইনের উক্ত তিন ধারা পাঠ করিতে হইবে ইতি।

[১৮৬৩ সালের ৬ আইনের ১৫২ ও ১৫৭ ও ১৫৯ ধারার নির্দ্দিষ্ট কার্য্যের তত্ত্বাবধানের কথা।]

৩৬ ধারা। উক্ত আইনের ১৫২ ও ১৫৭ ও ১৫৯ ধারাতে যে নরদামাপ্রভৃতির কথা উল্লেখ হইয়াছে তাহা প্রস্তুত করণ সময়ে জষ্টিসেরা তাহার তত্ত্ব লইতে পারিবেন, এবং মাটী খননকালে তাঁহারা সময়ের অধিক দৃষ্টি করিয়া যাহা জানিতে পান তদ্বিবেচনায় সেই নরদমাপ্রভৃতির সম্পূর্ণ ও শুদ্ধরূপে কার্য্য চলনার্থে ঐ কার্য্যের যুক্তিমত পরিবর্ত্তন কি তাহা বৃদ্ধি করণ কিম্বা তাহার এক কি অধিকাংশ ত্যাগ করণরূপ যের

opening of the ground, requisite to secure the complete and satisfactory execution of such works as aforesaid.

[Justices may define ways in Bazars. Penalty in case of obstruction.]

XXXVII. It shall be lawful for the Justices to define fix, and determine what portions of any market or bazar within the limits of this Act shall be thrown into and made part of the existing approaches, roads, paths, and ways in such market or bazar for the convenient use of persons resorting thereto; and shall signify the same by affixing or causing to be affixed in some conspicuous place or places in the market or bazar, a notice signifying the limits and description of the parts of the said market or bazar so to be kept and used as part of the approaches, roads, paths, and ways. The Justices may, by notice in writing to be served upon the owner, proprietor, or lessee of any such market or bazar, require him, within a time to be specified therein, to execute the necessary works, and take all necessary measures, for the setting-out, clearing, widening, and maintaining of the said approaches, roads, paths, and ways. And in case the same be not accordingly set out, cleared, and widened at the expiration of the time specified in the said notice, the person so making default shall be liable to penalty not exceeding twenty Rupees for every day during which such default continues thereafter. And further it shall be lawful for the Justices, in case of such default, by their servants and workmen to enter into and upon the said market or bazar, and to clear, set out, and widen the said approaches, roads, paths, and ways, and to recover from the person by whom the same ought to have been made the expense thereof. The Justices may from time to time vary and alter the said approaches, roads, paths, and ways, as occasion may require, signifying the same by a like notice. And whosoever shall, after such notification, cause any obstruction or encroachment in or on any such appoaches, roads, paths, or ways, shall be liable to a penalty not exceeding fifty Rupees, and to a further penalty not exceeding ten Rupees for every day such obstruction or encroachment is continued after notice from the Justices to remove or discontinue the same.

[Jute warehouses must be registered.]

XXXVIII. The owner or occupier of every warehouse, store, depôt, yard, or other place within the limits of this Act, used for the keeping, screwing, storing or depositing of Jute, or in which Jute is stored or deposited other than Jute screwed for shipment, shall, within three calendar months after this Act comes into

[*Government Gazette*, 29th May 1866.]

কার্য্য উক্ত জষ্টিসদের বিবেচনায় আবশ্যক হয় তাহা তাঁহারা করিতে পারিবেন ইতি।

[বাজারের পথ জষ্টিসদিগের নির্ণয় করিবার কথা ও অবরোধ হইলে দণ্ডের কথা।]

৫। প্রার্থক যদিও ২ দফার নির্দ্দিষ্ট কালাবধি কর্ম্ম করিয়া আসিতেছেন তথাপি প্রত্যেক জন রেবিনিউ এজেন্ট স্বরূপ যে গ্রাহ্য হইবার অবশ্য যোগ্য হইবেন এমত নয়, বোর্ডের সাহেবেরা ইহা জ্ঞাত করিতেছেন. যেহেতুক প্রত্যেক জন প্রার্থক সুনীতিরীতির লোক এবং আইন ও কার্য্যবিধান বিষয়ে দক্ষতা প্রযুক্ত রেবিনিউ এজেন্টের কর্ম্ম করিতে সুযোগ্য আছেন, এতদ্বিষয়ে কমিস্যনর কি কালেক্টর সাহেবের হৃদ্বোধ করেন বোর্ডের সাহেবদিগের এই আশয়। আরো উক্ত সাহেবেরা কথিত বিষয় সম্পূর্ণমতে হৃদ্বোধ হইবেন তাঁহারদের এই অপেক্ষা।

৬। প্রার্থক রেবিনিউ এজেন্ট স্বরূপ গ্রাহ্য হইবার যোগ্য ব্যক্তি, কমিস্যনর কি কালেক্টর সাহেব ইহা জ্ঞান করিলে, তিনি প্রার্থনাপত্রের পৃষ্ঠে সেই মর্ম্মের সংশিতপত্র লিখিয়া, নাম ফর্দ্দে লেখাইবার জন্যে ঐ সংশিতপত্র সুদ্ধ প্রার্থনাপত্র রেবিনিউ বোর্ডে পাঠাইবেন।

৭। রেবিনিউ বোর্ডের সাহেবেরা ঐ প্রার্থনাপত্র প্রাপ্ত হইলে, প্রার্থকের নাম লেখাইবার আজ্ঞা করিবেন কিম্বা প্রার্থনা অগ্রাহ্য করিবেন। যদি নাম লেখাইবার আজ্ঞা করেন, তবে ১৮৬৫ সালের ২০ আইনের ২০, ২১, ২২, ধারার নির্দ্দিষ্টমতে কালেক্টর সাহেব তাঁহাকে সংশিতপত্র দিবেন।

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এক

8. The Board desire to impress upon all officers the absolute necessity for prompt action on their part, as, unless a certificate has actually been granted to a person before the 1st July next, he cannot practise as a Revenue Agent in any Revenue Office.

9. The authorized Agent, who has personal knowledge of the facts of the case of Act X of 1859 *(See Circular Order No. 10 of July)* must not be confounded with the Revenue Agent of Act XX of 1865. It is obviously, from the nature of the case impossible to exact any qualification from such Agents, beyond the personal knowledge actual or constructive, which the law requires.

No. 5.

The following are the rules prepared by the Board of Revenue under Section 23, Act XX of 1865, to define what qualifications are required for a certificate entitling a person to practise as a Revenue Agent under that Act.

1. Any person who has obtained from the Judge a certificate that he is qualified to present himself for examination as a Mukhtar, may present himself for examination for the office of Revenue Agent.

2. Any person who can satisfy the Collector of the District that he possess the following qualifications, may be admitted to examination for the office of Revenue Agent, viz.

1st.—That he is a person of good moral character.

2nd.—That he has received a liberal education.

3rd.—That he is not under the age of twenty, nor above the age thirty-five years, unless he has been previously practising as a Mukhtar, in which case no enquiry as to age is necessary.

3. Every candidate for examination for the office of Revenue Agent shall at least six months before the day fixed for the examination, give notice to the Collector of the District in which he resides, of his intention to present himself at the ensuing examination.

4. The Collector if satisfied that the candidate is qualified for examination under Rule 1, or 2, shall, thereupon, enter his name, with a discription sufficient for identification, in a register, and shall furnish to the candidate a certificate to that effect.

5. Before the date of examination every candidate shall pay a fee of Rupees 5 to the Collector of the District whose receipt for the same shall be endorsed on the certificate described in Rule 4.

6. Candidates residing in Calcutta shall give the notice, and pay the fees, prescribed in Rules 3 and 5, to the Collector of the 24-Pergunnahs.

৮। সকল কার্য্যকারক সাহেবের অতিত্বরায় উক্ত কর্ম্ম করা অত্যাবশ্যক এই কথা বোর্ডের সাহেবেরা তাঁহাদের মনোনিবেশ করাইতে চাহেন, ফলতঃ কোন ব্যক্তি আগামি জুলাই মাসের প্রথম তারিখের পূর্ব্বে সংশিতপত্র প্রাপ্ত না হইলে রাজস্বসম্পর্কীয় কোন কার্য্যালয়ে রেবিনিউ এজেন্ট স্বরূপ ব্যবহার করিতে পারিবেন না।

৯। যে ক্ষমতাপ্রাপ্ত মোক্তার ১৮৫৯ সালের ১০ আইনমত মোকদ্দমার বৃত্তান্ত অবগত আছেন তিনি (জুলাই মাসের ১০ নম্বরের সরক্যুলর অর্ডর দেখ) এবং ১৮৬৫ সালের ২০ আইনের রেবিনিউ এজেন্ট একি নহেন। আইনঅনুসারে পূর্ব্বোক্ত মোক্তারের বস্তুতঃ কি ফলিতার্থে কোন২ বিষয় স্বয়ং জ্ঞাত থাকা আবশ্যক। কিন্তু বিষয়ের ভাব বিবেচনায় তাঁহার সেই কর্ম্মের যোগ্যতাহেতুক অন্য গুণাদির অপেক্ষা করা অন্যায়।

---

৫ নম্বর।

১৮৬৫ সালের ২০ আইনমতে রেবিনিউ এজেন্টস্বরূপে কর্ম্ম করণার্থ সংশিতপত্র প্রাপণের স্বত্বের জন্যে কোন ব্যক্তির যে২ গুণবত্তা থাকার প্রয়োজন তন্নিরূপণার্থ পশ্চাৎলিখিত সকল বিধি উক্ত আইনের ২৩ ধারামতে রেবিনিউ বোর্ড কর্ত্তৃক প্রণীত হইল।

১। মোক্তারের পরীক্ষাতে উপস্থিত হইবার যোগ্য এই মর্ম্মের সংশিতপত্র যে ব্যক্তি জজ সাহেবের স্থানে প্রাপ্ত হন তিনি রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষাতে উপস্থিত হইতে পারিবেন।

২। পশ্চাৎ লিখিত গুণ প্রাপ্ত হইয়াছেন, এই বিষয়ে যে কেহ জিলার কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন তিনি রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইতে পরিবেন।

(১) [illegible]

(২) নিশিক্ষমতে বিদ্যাক্তি।

(৩) ২০ বৎসরের ন্যূন কি ৩৫ [illegible]।

নহেন। কিন্তু যদি পূর্ব্বে মোক্তারের কর্ম্ম করিয়া থাকেন, তবে বয়সের কথা জিজ্ঞাসা করা আবশ্যক হইবে না।

৩। রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার কালেক্টর সাহেবকে পরীক্ষা হইবার নিরূপিত দিনের পূর্ব্বে অতি ন্যূন ছয় মাস থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন।

৪। ঐ পদাকাঙ্ক্ষি ১ কিম্বা ২ ধারার মতে পরীক্ষা দিবার যোগ্য কালেক্টর সাহেব ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে ঐ পরিক্ষার্থির নাম, ও তাঁহাকে চিনিবার উপযুক্ত বর্ণনা রেজিষ্টরে লিখিয়া তাঁহাকে সেই মর্ম্মের এক সংশিতপত্র দিবেন।

৫। পরীক্ষা দিবার তারিখের পূর্ব্বে উক্ত পদাকাঙ্ক্ষি প্রত্যেক জন জিলার কালেক্টর সাহেবকে ৫৲ টাকা শুল্ক দিবেন। তাহার রসীদ ৪ বিধির নির্দ্দিষ্ট সংশিতপত্রের পৃষ্ঠে লিখিত হইবে।

৬। কলিকাতা নিবাসি ঐ পদাকাঙ্ক্ষিরা চব্বিশ পরগনার কালেক্টর সাহেবের নিকটে ৩ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ও ৫ ধারার নির্দ্দিষ্ট শুল্ক দিবেন।

7. The examination shall be held before such persons as the Government of Bengal shall appoint to be examiners under Section 24, Act XX of 1865, and according to such regulations as shall be made by the said Government for conducting such examination. The examination shall be in the following subjects :—

A. The permanent-settlement; the Government lien on land; and the mode in which Estates can be brought to sale for arrears of revenue.	Regulations I, II, VIII, X, XI, XIV, XIX, XXXVII, and XLIV of 1793; Act XI of 1859.
B. The law of undertenures, and the mode in which the same can be brought to sale for arrears of revenue.	Regulations VIII of 1819 and I of 1820; Acts X of 1859 and VIII of 1865, B. C.
C. The Law for the Division of Estates.	Regulation XIX of 1814.
D. The relation of Landlord and Tenant.	Acts X of 1859 and VI of 1862, B. C.
E. The Law of Evidence.	Act II of 1855.
F. The Stamp Laws.	Acts X of 1862 and XVIII of 1865.

8. Any person, who shall pass the examination, and who shall desire to be admitted as a Revenue Agent, shall pay into the Government Treasury of the District in which he [illegible] presentation to practise, Rupees 8. [illegible] the Examiners, and of a [illegible] the said sum of Rupees 8, be entitled to apply to the Collector of the District for, and to receive a certificate in, the form prescribed in Schedule 3, Act XX of 1865, and subject to the conditions of Sections 20, 21, and 22 of the said Act, which certificate shall be signed by the Collector of the District, and delivered to the applicant.

9. The application, certificate, and receipt, required by Rule 8, shall be forwarded by the Collector, to the Secretary of the Board of Revenue, with such remarks as he may think fit to make thereon.

10. If any person, having passed the examination entitling him to be admitted and enrolled as a Revenue Agent, shall fail to apply for such admission and enrolment, for a period of three years, he shall not be admitted and enrolled, unless, by a special order of the Board of Revenue, the time for such application shall be extended.

11. Provided that any person who, on the 1st January 1866, had been practising for the term of

৭। বঙ্গদেশের গবর্ণমেণ্ট ১৮৬৫ সালের ২০ আইনের ২৪ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষকের পদে নিযুক্ত করেন তাঁহাদের সম্মুখে ঐ গবর্ণমেণ্ট ঐ পরীক্ষাকার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে। পশ্চাৎ লিখিত পুস্তকে পরীক্ষা হইবে যথা,

A. চিরকালীন বন্দোবস্তের উপলক্ষে ও ভূমির উপর গবর্ণমেণ্টের দাওয়ার ও বাকী রাজস্বের জন্যে সম্পত্তির নীলাম যে নিয়মে হইতে পারে তদুপলক্ষে।	১৭৯৩ সা. ১, ২, ৮, ১০, ১১, ১৪, ১৯, ৩৭, ও ৪৪, আইন ১৮৫৯ সা. ১১ আইন।
B. পত্তনীতালুকের আইন ও তাহা বাকী রাজস্বের নিমিত্তে যে নিয়মে নীলাম হইতে পারে।	১৮১৯ সালের ৮ আইন ১৮২০ সা. ১ আ. ও ১৮৫৯ সা. ১০ আইন ১৮৬৫ সা. বঙ্গদেশীয় মন্ত্রিসভার ৮ আইন।
C. বাটওয়ারা বিষয়ক আইন।	১৮১৪ সা. ১৯ আ।
D. ভূম্যধিকারি ও প্রজার পরস্পর সম্বন্ধব্যবস্থা	১৮৫৯ সা. ১০ আ. ও ১৮৬২ সা. বঙ্গদেশীয় ৬ আ.
E. প্রমাণ বিষয়ক ব্যবস্থা	১৮৫৫ সা. ২ আ।
F. ইষ্টাম্প বিষয়ক আইন।	১৮৬২ সা. ১০ আ। ১৮৬৫ সা. ১৮ আ.।

৮। কোন ব্যক্তি পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি রেবিনিউ এজেণ্টস্বরূপ গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জি- [illegible] বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ৮৲ টাকা দিবেন এবং পরীক্ষকদের সংশিতপত্র ও কালেকুটর সাহেবের ঐ ৮৲ টাকার রসীদ দেখাইলে তিনি জিলার কালেকুটর সাহেবের নিকটে ১৮৬৫ সালের ২০ আইনের ৩ তফসীলের নির্দ্দিষ্ট পাঠে এবং উক্ত আইনের ২০ ও ২১ ও ২২ ধারার নিয়মাধীনে সংশিতপত্র পাইবার প্রার্থনা করিতে স্বত্ববান হইবেন। সংশিতপত্র জিলার কালেকুটর সাহেবের দ্বারা স্বাক্ষরিত হইয়া প্রার্থককে দেওয়া যাইবে।

৯। কালেকুটর সাহেব ঐ প্রার্থনা এবং এই বিধির ৮ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ ও তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহা লিখিয়া রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের নিকটে প্রেরণ করিবেন।

১০। যে প্রকারের পরীক্ষা দিলে কোন ব্যক্তি রেবিনিউ এজেণ্টস্বরূপে গ্রাহ্য হইতে ও ফর্দ্দে নাম লেখাইতে পারেন সেই প্রকারের পরীক্ষোত্তীর্ণ হইলে পর যদি কোন ব্যক্তি তিন বৎসর পর্য্যন্ত তদ্রূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার প্রার্থনা না করেন, তবে রেবিনিউ বোর্ডের বিশেষ আজ্ঞাক্রমে সেই প্রার্থনা করিবার সময় বৃদ্ধি না হইলে তিনি গ্রাহ্য হইবেন না ও ফর্দ্দে তাঁহার নাম লেখা যাইবে না।

১১। পরন্তু যদি কোন ব্যক্তি ১৮৬৬ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে অতি ন্যূন এক বৎসর

one year at least, immediately preceding that date, as a Mukhtar in a Revenue Office, and who shall satisfy the Collector of the District in which he has ordinarily practised, that he is a person of good moral character, and qualified, by his knowledge of law and procedure, to continue practising as a Revenue Agent, shall be admitted to practise in any Revenue Office.

12. The qualifications required by the above Rules, shall not be necessary for Revenue Agents in the Non-Regulation Provinces under the Government of Bengal. Rules for the qualification, admission, and enrolment of such Revenue Agents will be published hereafter.

13. If any person, having been admitted and enrolled as a Revenue Agent, shall neglect to take out a certificate, or, having obtained a certificate, shall fail to renew it for a period of three years, he shall be suspended, and shall not be entitled to receive a certificate, or to have his certificate renewed without further orders of the Board of Revenue.

14. Any person who, having been admitted as a Revenue Agent, shall accept any appointment under Government, or shall enter into any trade or other business, shall give notice thereof to the Board of Revenue, who may, thereupon, pass such orders as the said Board may think fit.

15. Any person, who shall hold any appointment under Government, or shall carry on any trade or other business at the time of his application for admission as a Revenue Agent, shall state the fact on his application for admission.

16. Any wilful violation of any of the above Rules shall subject a Revenue Agent to suspension or dismissal.

No. 6.

The Government of Bengal have in orders to the Accountant-General, No. 1376, dated 17th April, directed the discontinuance of the distinction between the No. I Currency Notes and the ordinary Notes of the Calcutta Circle of Issue.

2. The separate Return, No. XVII, in regard to those Notes, ordered in the memorandum appended to that Return in the Board's List, will therefore not be required after this quarter, and the memorandum itself may be expunged.

No. 7.

Separate copies of the new Rules for the Acquisition of Lands for Public Purposes will be supplied to all officers in the Revenue Department in the course of May.

2. These Rules, which have been, on all points of principle, sanctioned by the Government, will

[*Government Gazette*, 5*th June* 1866.]

পর্য্যন্ত রাজস্বের কার্য্যালয়ে মোক্তারস্বরূপে কর্ম্ম করিয়া আসিতেছেন, এবং সুনীতিরীতির লোক ও আইন ও কার্য্যবিধান বিষয়ক জ্ঞান দ্বারা রেবিনিউ এজেন্টস্বরূপে কার্য্য করিয়া থাকিতে ক্ষমতাপন্ন আছেন এই বিষয়ে তিনি সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিয়াছেন যদি সেই জিলার কালেকুটর সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন, তবে রাজস্বের কোন কার্য্যালয়ে ব্যবহার করিতে গ্রাহ্য হইবেন।

১২। পূর্ব্বোক্ত বিধিতে যে কর্ম্মযোগ্যতা নির্দ্ধারিত হইয়াছে তাহা বঙ্গদেশের গবর্ণমেন্টের অধীন আইনবহির্ভূত প্রদেশের রেবিনিউ এজেন্টদের পক্ষে আবশ্যক নাই। ঐ রেবিনিউ এজেন্টদিগের কার্য্যক্ষমতার ও গ্রাহ্য হওয়ার ও ফর্দ্দে নাম লেখাইবার বিধি পশ্চাৎ প্রকাশ হইবে।

১৩। যদি কোন ব্যক্তি রেবিনিউ এজেন্ট স্বরূপ গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইয়া সংশিতপত্র লইতে শৈথিল্য করেন, কিম্বা সংশিতপত্র প্রাপ্ত হইলেও তিন বৎসর পর্য্যন্ত ঐ পত্র নূতন করিয়া লইতে ত্রুটি করেন, তবে তাঁহার কর্ম্ম স্থগিত হইবে ও রেবিনিউ বোর্ডহইতে অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি সংশিতপত্র পাইতে কিম্বা নূতন করিয়া লইতে স্বত্ববান হইবেন না।

১৪। কোন ব্যক্তি রেবিনিউ এজেন্টস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেন্টের অধীন কোন কর্ম্ম গ্রাহ্য করেন কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে রেবিনিউ বোর্ডে জ্ঞাত করিবেন ও উক্ত বোর্ডের সাহেবেরা যদ্রূপ আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

১৫। কোন ব্যক্তি রেবিনিউ এজেন্টস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেন্টের অধীন কোন কর্ম্মে নিযুক্ত থাকেন, কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে গ্রাহ্য হইবার প্রর্থ- [illegible] সেই কথা জ্ঞাত করিবেন।

১৬। [illegible] লিখিত কোন বিধি লঙ্ঘন [illegible] ইচ্ছাপূর্ব্বক পূর্ব্ব- [illegible] কি চিরকালের নিমিত্তে পদচ্যুত হইবেন। [illegible]সংকাল

---

৬ নম্বর।

বঙ্গদেশের গবর্ণমেন্ট আকোন্টেণ্ট জেনরল সাহেবের নিকটে ১৭ আপ্রিল তারিখের ১৩৭৬ নম্বরের আজ্ঞাপত্র প্রেরণ পূর্ব্বক আদেশ করিয়াছেন যে মুদ্রাস্বরূপ চলিত ১ নং নোটের এবং কলিকাতা চক্রের সামান্য নোটের যে বিশেষ মানা যাইত তাহা নিবৃত্ত হয়।

২। বোর্ডের রিটর্ণের নামাবলিতে ১৭ নম্বরের যে রিটর্ণ আছে তৎসংযুক্ত স্মরণার্থ লিপিতে ঐ নোটের উপলক্ষ ১৭ নম্বরের রিটর্ণ বলিয়া যে স্বতন্ত্র রিটর্ণ করিবার আজ্ঞা হইয়াছিল তাহা চলিত তিন মাসের পর পাঠাইবার প্রয়োজন নাই এবং সেই স্মরণার্থ লিপি নিবৃত্ত করা যাইতে পারিবে।

---

৭ নম্বর।

রাজকীয় কার্য্যার্থে ভূমি গ্রহণের নূতন বিধির পৃথক২ গ্রন্থ মে মাসের মধ্যে রাজস্বসম্পর্কীয় কর্ম্ম বিভাগের সকল কার্য্যকারককে দেওয়া যাইবে।

২। গবর্ণমেন্ট মূলনিয়ম সংক্রান্ত প্রত্যেক বিষয়োপলক্ষে ঐ বিধিতে সম্মত হইয়াছেন, তদ্দ্বারা বর্ত্তমান

entirely supersede the existing Rules, which need not again be referred to.

3. The new Rules must be carefully studied, and mastered. It is hoped and expected that their effect will be materially to lighten the labors of the officers of the Revenue Department in the matter to which they refer.

4. The chief changes of principle introduced are as follow :—

First.—The sanction of the Board of Revenue to the employment of an Assistant or Deputy Collector under Act VI of 1857 will, henceforth, be necessary only when it is intended to employ the Assistant or Deputy to make an award, or appoint arbitrators.

Secondly.—The officer taking up the land may in future at once order disbursement of any amount of compensation, without applying for sanction of any superior authority, except under special circumstances.

Thirdly.—Except in rare and special cases, no part of the compensation is henceforth to be paid by remission of revenue.

Fourthly.—Refunds are entirely dispensed with.

No. 8.

The Board of Revenue have supplied during this month to every Divisional, District, and Sub-Divisional office, in Districts in which the Bengali language is spoken, a copy of the "Revenue Hand Book," a publication in Bengali, prepared somewhat upon the principle of the revenue [illegible] the [illegible]tion of Hume's Manual, but [illegible] Board of [illegible] Book is to be added to the Office Libraries, and is intended, primarily, for the use of the Ministerial Officers, and of the few Deputy Collectors who are not familiar with English.

3. If any of the officers referred to has not received the book before this order reaches him, he should at once apply for it.

EXCISE.

No. 9.

The portion of Excise Rule 95, which requires officers to remit the cost of gallon measures supplied to them, is hereby cancelled. In future the cost will be charged, at once, in Calcutta.

2. In the same way, the Board will, in future, pay, here, for hydrometers supplied to officers in the interior. Officers must, however, be careful to acknowledge the receipt of both measures and hydrometers.

3. And to enable officers to calculate aright the percentage of local charges to local revenue,

বিধির অন্যথা হইবে। তাহার পুনশ্চ উল্লেখ করার প্রয়োজন নাই।

৩। ঐ নূতন বিধি মনোযোগপূর্ব্বক অনুশীলন ও আয়ত্ত করা আবশ্যক। যে২ বিষয়োপলক্ষে ঐ বিধি হইয়াছে, সেই২ বিষয়ে ঐ বিধিদ্বারা রাজস্বসম্পর্কীয় কার্য্যকারকদের পরিশ্রমের অত্যন্ত লাঘব হওয়া সম্ভাবনা ও আশা হয়।

৪। মূলনিয়মের মধ্যে মুখ্য যে২ বিষয়ের পরিবর্ত্তন হইয়াছে তাহা এই২।

প্রথম। ১৮৫৭ সালের ৬ আইনমতে যখন বিবাদ নির্ণয়ার্থে কিম্বা মধ্যস্থ নিযুক্ত করণার্থে আসিষ্টাণ্ট কি ডেপুটী কালেক্টরের নিয়োগ করা অভিপ্রায় হয় তখন তাঁহার নিয়োগ বিষয়ে রেবিনিউ বোর্ডের অনুমতি গ্রহণ আবশ্যক হইবে, নতুবা নয়।

দ্বিতীয়। যে কার্য্যকারক ভূমি গ্রহণ করেন, তিনি অদ্যাবধি বিশেষ গতিকভিন্ন উপরিস্থ কার্য্যকারকের অনুমতি না চাহিয়া অগৌণে মূল্যের টাকা বণ্টন করিবার আজ্ঞা করিতে পারিবেন।

তৃতীয়। কাদাচিৎক বিশেষ গতিক ভিন্ন, রাজস্ব ক্ষমা করণদ্বারা ঐ মূল্যের কোন অংশ দেওয়া যাইবে না।

চতুর্থ। প্রতিদান কার্য্য সম্পূর্ণরূপে রহিত হইল।

---

৮ নম্বর।

যে২ প্রদেশে বঙ্গভাষা প্রচলিত আছে, সেই২ প্রদেশস্থ প্রত্যেক খণ্ডের ও জিলার ও শাখাখণ্ডের কার্য্যালয়ে রেবিনিউ বোর্ডের সাহেবেরা এই মাসে রেবিনিউ হাণ্ড বুক নামক এক২ খান পুস্তক প্রেরণ করিয়াছেন। হিউম [illegible] ৮ম অংশে [illegible]কীয় কথা আছে তাহার নিয়মানুসারে ঐ পুস্তক বঙ্গভাষায় রচিত, কিন্তু তাহাতে রেবিনিউ বোর্ডের বিধি নাই।

২। ঐ পুস্তক উক্ত সকল কার্য্যালয়ের পুস্তকালয়ে রাখিতে হইবে। মুখ্য অভিপ্রায় এই যে, কর্ম্মচারীগণ ও যে কতিপয় জন ডেপুটী কালেক্টর ইঙ্গলণ্ডীয় ভাষা সুবিদিত নহেন তাঁহারা তাহা দৃষ্টি করেন।

৩। পূর্ব্বোল্লিখিত কোন কার্য্যকারকের নিকটে এই আজ্ঞা পঁহুছিবার পূর্ব্বে যদি তিনি ঐ পুস্তক প্রাপ্ত না হইয়া থাকেন, তবে তাঁহার অবিলম্বে তাহা প্রার্থনা করা উচিত।

আবকারী।

৯ নম্বর।

আবকারীর কার্য্যকারকেরা গ্যালন পরিমাপক যন্ত্র প্রাপ্ত হইলে তাহার মূল্য দিবেন, আবকারী বিধির ৯৫ ধারার এই কথা রহিত করা গিয়াছে। অদ্যাবধি সেই খরচ একেবারে কলিকাতার খরচ দেওয়া যাইবে।

২। আরো মফঃসল দেশস্থ কার্য্যকারকদিগকে যে উদকমিতি যন্ত্র দেওয়া যায় তাহারও মূল্য বোর্ডের সাহেবেরা এই স্থানে দিবেন। কিন্তু কার্য্যকারকেরা ঐ পরিমাপক ও উদকমিতি যন্ত্র প্রাপ্ত হইলে তাহা প্রাপ্তির সম্বাদ অবশ্য পাঠাইবেন।

৩। এবং স্থানবিশেষের রাজস্বস্বরূপ যত টাকা আর তাহার শতকরা যে হারে ব্যয় হয় ইহা শুদ্ধরূপে

the Board will inform them of the sums thus disbursed on their behalf.

গণনা করা যায় এই নিমিত্তে বোর্ডের সাহেবেরা উক্ত প্রকারে যত টাকা ব্যয় করেন তাহা তাহারদিগকে জ্ঞাত করিবেন।

No. 10.

The Board of Revenue request that, on receipt of this order, each District Officer will report to the Commissioner the exact strength, and monthly cost, of the establishment of Ministerial Officers maintained at Head Quarters for the management of the Excise Department, and state whether a separate establishment, under Miscellaneous Rule XXII, 9, is allowed to the Deputy Collector who manages the Excise Department under the Collector, in addition to the special Excise Establishment.

2. It appears to the Board that, now that so large a portion of the Excise Revenue is levied upon the fixed duty system, it can hardly be necessary to retain, in most Districts, any establishment beyond that to which the Deputy Collector is entitled under the Miscellaneous Rule quoted.

3. District Officers, in making the Returns now called for, are to offer their opinion upon this point to the Commissioner, who will submit an abstract of their Returns and opinions with his own advice, to the Board of Revenue.

১০ নম্বর।

রেবিনিউ বোর্ডের এই আদেশ যে, প্রত্যেক জিলার সদর স্থানে আবকারী কার্য্য নির্ব্বাহ করণার্থে কত জন কর্ম্মচারী নিযুক্ত আছেন ও তাঁহাদের জন্যে মাসে কত টাকা ব্যয় হয়, এবং কালেক্টর সাহেবের অধীনে যে ডেপুটী কালেক্টর আবকারী কার্য্যের অধ্যক্ষতা করেন তাঁহাকে আবকারী বিশেষ কর্ম্মচারিগণ ভিন্ন বিবিধ বিধির ২২ ধারার ৯ প্রকরণমতে স্বতন্ত্র কর্ম্মচারিগণ দেওয়া যাইতেছে কি না, এই আজ্ঞা প্রাপ্ত হইলে জিলার প্রত্যেক কার্য্যকারক কমিস্যনরকে সেই কথা জ্ঞাত করিবেন।

২। এইক্ষণে আবকারী রাজস্বের অধিকাংশ অবধারিত মাসুলের নিয়মানুসারে আদায় হইয়া থাকে। অতএব বোর্ডের সাহেবেরা বোধ করেন যে বিবিধ বিধির পূর্ব্বোক্ত ধারানুসারে ডেপুটী কালেক্টর যত কর্ম্মচারিগণকে রাখিতে অনুমতি পাইয়াছেন কোন জিলাতে তদধিক জনকে রাখা প্রায় আবশ্যক নাই।

৩। জিলার কার্য্যকারক সাহেবেরা যখন এই পত্রের আদিষ্ট রিটর্ণ লেখেন তখন উক্ত বিষয়ে আপনারদের যে মত হয় তাহা কমিসানরদিগকে জ্ঞাত করিবেন। কমিসানর সাহেবেরা সেই রিটর্ণের ও অভিমতের সারাংশ সংগ্রহ করিয়া আপনারদের পরামর্শ সহিত রেবিনিউ বোর্ডে পাঠাইবেন।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

Rules drawn up in accordance with Section 4, Act XX of 1865, for the qualification, admission, and enrolment of Pleaders and Mookhtars in Mofussil Courts.

1. PLEADERS in the Mofussil Courts of the Regulation Provinces, within the limits of the jurisdiction of the High Court, shall, as regards qualification, be of two grades.

2. Those of the higher grade shall be competent to appear, plead, and act in any Civil or Criminal Court subordinate to and within the limits

মফঃসল আদালতে উকীল ও মোখ্তারদিগের যোগ্য ও গ্রাহ্য হওনের ও কর্দ্দে নাম লেখাইবার জন্যে ১৮৬৫ সালের ২০ আইনের ৪ ধারামত এই এই বিধি।

১। আইনের অধীন প্রদেশের যে২ মফঃসল আদালত হাই কোর্টের বিচারাধীন স্থানের সীমার অন্তর্গত আছে, সেই২ আদালতের উকীলেরা কার্য্যক্ষমতা সম্পর্কে দুই শ্রেণীবদ্ধ হইবেন।

২। উচ্চ শ্রেণীর উকীলেরা হাই কোর্টের সাধারণ বিচারাধিপত্যের অধীন ও তৎ সীমার অন্তর্গত দেওয়ানী কি ফৌজদারী কোন আদালতে এবং রেবি-

of the general jurisdiction of the High Court, and also before the Board of Revenue or in any Revenue Court or Office within the said limits: Provided that they shall not appear, plead, or act in the High Court.

3. Those of the lower grade shall be competent to appear, plead, and act in the Courts of the Sudder Ameens and Moonsiffs, and in the Courts of Assistant Commissioners, Extra Assistant Commissioners, and Registrars of Small Cause Courts, and also in any Criminal Court, or before the Board of Revenue or other Revenue Court or Office, within the limits of the general jurisdiction of the High Court: Provided that they shall not appear, plead, or act in the High Court,

4. Mookhtars, duly admitted and enrolled, may, subject to the conditions of their certificates as to the class of Courts in which they are authorized to practise, appear and act in any Civil Court, and may appear, plead, and act in any Criminal Court within the same limits: Provided that they shall not appear, plead, or act in the High Court.

5. All persons, who, on the 1st January 1866, were Pleaders or were lawfully qualified to act as Pleaders in any local Civil Court subordinate to the High Court, are qualified to be admitted and enrolled as Pleaders, subject to the provisions of Act XX of 1865. Such persons must make their applications for enrolment in the manner prescribed in Section 43 of the said Act.

QUALIFICATIONS FOR PLEADERS OF THE HIGHER GRADE.

6. Every person may be admitted as a Pleader of the higher grade who shall be qualified as hereinafter prescribed, that is to say,—

1st.—If he shall have obtained the Degree of Bachelor in Law of one of the Universities of Calcutta, Madras, or Bombay, or shall be a Licentiate in Law of one of the said Universities: Provided that his application for admission as a Pleader be made within three years from the time of his obtaining such Degree or License, or within such further time as the High Court shall for any special reason allow; or

2nd.—If he shall satisfy the Court that he possesses a competent knowledge of the subjects mentioned in this clause by producing a certificate from the Examiners hereinafter mentioned that he has passed an examination in the Regulations,

নিউ বোর্ডের সম্মুখে কিম্বা উক্ত সীমার অন্তর্গত রাজস্ব সম্পর্কীয় কোন আদালতে কি কার্য্যালয়ে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে ও ওকালতী করিতে পারিবেন। কিন্তু তাঁহারা হাই কোর্টে উপস্থিত হইতে কি উত্তরপ্রত্যুত্তর করিতে কি ওকালতী করিতে পারিবেন না।

৩। দ্বিতীয় শ্রেণীর উকীলেরা সদর আমীন ও মুনসেফদিগের আদালতে এবং আসিষ্টাণ্ট কমিসানর ও অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিসানরদিগের ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতের রেজিষ্ট্রারদিগের কাছারীতে এবং হাই কোর্টের সাধারণ বিচারাধিপত্যের সীমার অন্তর্গত কোন ফৌজদারী আদালতে কিম্বা রেবিনিউ বোর্ডের সম্মুখে কিম্বা রাজস্বসম্পর্কীয় অন্য আদালতে কি কার্য্যালয়ে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে ও ওকালতী করিতে সক্ষম হইবেন। কিন্তু তাঁহারা হাই কোর্টে উপস্থিত হইতে কি উত্তরপ্রত্যুত্তর করিতে কি ওকালতী করিতে পারিবেন না।

৪। মোক্তারেরাও যখন নিয়মিতরূপে গ্রাহ্য হন ও তাঁহাদের নাম ফর্দ্দে লেখা যায়, তখন তাঁহাদিগকে দত্ত সংশিতপত্রক্রমে তাঁহাদের প্রতি যে শ্রেণীর আদালতে ব্যবহার করিবার অনুমতি হইয়াছে, তদনুসারে তাঁহারা উক্ত সীমার অন্তর্গত কোন দেওয়ানী আদালতে উপস্থিত হইয়া কার্য্য করিতে পারিবেন এবং কোন ফৌজদারী আদালতেও উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবেন। কিন্তু তাঁহারা হাই কোর্টে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে কি কার্য্য করিতে পারিবেন না।

৫। যে সকল ব্যক্তি ১৮৬৬ সালের জানুআরি মাসের প্রথম দিবসে হাই কোর্টের অধীন কোন দেওয়ানী আদালতে উকীল ছিলেন কি আইনমতে ওকালতী করিতে সক্ষম ছিলেন, তাঁহারা ১৮৬৫ সালের ২০ আইনের বিধানমতে উকীলস্বরূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার যোগ্য হন। সেই ব্যক্তিদের আবশ্যক যে উক্ত আইনের ৪৩ ধারার নির্দ্দিষ্টমতে নাম লেখাইবার প্রার্থনা করেন।

উচ্চ শ্রেণীর উকীলদিগের কর্ম্মক্ষমতার বিধি।

৬। পশ্চাৎ লিখিত প্রকারে যাঁহারা সক্ষম হন, তাঁহারা উচ্চ শ্রেণীর উকীলস্বরূপ গ্রাহ্য। অর্থাৎ

প্রথম। তাঁহারা কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের একতর বিশ্ববিদ্যালয়ে Bachelor in Law এই উপাধি প্রাপ্ত হইলে, কিম্বা উক্ত একতর বিশ্ববিদ্যালয়ের Licentiate in Law হইলে গ্রাহ্য হইবেন। কিন্তু সেই উপাধি কি অনুমতিপত্র প্রাপণের সময়াবধি তিন বৎসরের মধ্যে কিম্বা হাই কোর্ট বিশেষ কোন কারণে অধিক যে সময় দেন সেই সময়ের মধ্যে তাঁহাদের উকীলস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করিতে হইবে।

অথবা দ্বিতীয়।—তিনি নিম্নলিখিত বিষয়ের পার্শ্বলিখিত আইন ও বিধান ও পুস্তকে পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন পশ্চাৎ লিখিত পরীক্ষকদের স্থানে এই মর্ম্মের সংশিতপত্র দর্শাইয়া এই প্রকরণের লিখিত বিষয়ের উপযুক্ত জ্ঞান প্রাপ্ত হইয়াছেন এই বিষয়ের

Enactments, and Text Books set opposite to the respective subjects. Where two or more books are mentioned in the alternative, it shall be sufficient if the applicant pass in one of such books to be selected by himself.

Subjects.	Regulations, Enactments, and Text Books.
1st.—The law of property current in Bengal.	
A. With reference to the Permanent Settlement;—to the Government lien on land;—to claims to hold land exempt from the payment of Revenue;—and to the mode in which Estates can be brought to sale for arrears of Revenue.	Regulations (Bengal) I, VIII, X, XIV, XIX, and XLIV of 1793, and the Regulations and Acts by which the same have been altered: Act XI of 1859: and the preamble to Regulation (Bengal) II of 1793.
B. The law of under-tenures and the mode in which the same can be brought to sale for arrears of rent.	Regulation (Bengal) VIII of 1819: Act X of 1859: Act VIII of 1865 (Bengal Council).
C. The relation of Landlord and Tenant.	Act X of 1859: Act VI of 1862 (Bengal Council).
D. Mortgages: Registration of Assurances.	Macpherson on Mortgages: Act XX of 1866.
E. The Hindoo Law of inheritance, succession, and adoption.	Dayabhaga and Mitakshara; Duttaka Chandrika or Macnaghten's Principles of Hindoo Law, first seven chapters.
F. Mahomedan Law...	Macnaghten's Principles of Mahomedan Law, except chapter 9.
G. The Indian Succession Act.	Act X of 1865.
2nd.—Obligations arising from Contracts.	Macpherson on Contracts.
3rd.—Civil Procedure...	Act VIII of 1859: Act XXIII of 1861 Act: XI of 1865.
4th.—The Law of Evidence.	Act II of 1855, and Best or Goodeve or Norton on Evidence.
5th.—The Law relating to Stamps.	Act X of 1862: Act XVIII of 1865.

[*Government Gazette,* 5*th June* 1866.]

আদালতের হৃদবোধ জন্মাইলে গ্রাহ্য হইবেন । যে স্থলে দুই কি অধিক পুস্তক লিখিত হইয়া একতর পুস্তক নির্দ্ধারিত হইয়াছে, সেই স্থলে প্রার্থক স্বমনোনীত উক্ত কোন এক পুস্তকে উত্তীর্ণ হইলে প্রচুর ।

বিষয় ।	আইন, বিধি । পুস্তক ।
বঙ্গদেশের প্রচলিত সম্পত্তির ব্যবস্থা ।	
A. চিরকালীন বন্দোবস্তের উপলক্ষে ও ভূমির উপর গবর্ণমেন্টের দাওয়ার ও রাজস্ব না দিয়া ভূমি ভোগ করিবার দাওয়ার—ও বাকী রাজস্বের জন্যে সম্পত্তির নীলাম যে নিয়মে হইতে পারে তদুপলক্ষে	বঙ্গদেশীয় ১৭৯৩ সা. ১, ৮, ১০, ১৪, ১৯, ৪৪ আইন ও তাহা যে২ আইনদ্বারা পরিবর্ত্তিত হইয়াছে । ১৮৫৯ সা. ১১ আ. ও ১৭৯৩ সালের বঙ্গদেশীয় ২ আইনের হেতুবাদ ।
B. পত্তনীতালুকের আইন ও তাহা বাকী করের নিমিত্তে যে নিয়মে নীলাম হইতে পারে । ...	১৮১৯ সালের বঙ্গদেশীয় ৮ আইন । ১৮৫৯ সালের ১০ আইন । ১৮৬৫ সালের বঙ্গদেশীয় মন্ত্রিসভার ৮ আইন ।
C. ভূম্যধিকারি ও প্রজার পরস্পর সমন্ধ ব্যবস্থা	১৮৫৯ সা. ১০ আ. ও ১৮৬২ সা. বঙ্গদেশীয় মন্ত্রিসভার ৬ আ. ।
D. বন্ধক ও নিদর্শনপত্রের রেজিষ্টরী করণ ।	বন্ধক বিষয়ে মাকফরসন সাহেবের পুস্তক । ১৮৬৬ সা. ২০ আ.
E. দায়ভাগ ও উত্তরাধিকারিত্ব ও দত্তকগ্রহণ বিষয়ে হিন্দু ব্যবস্থা ...	দায়ভাগ ও মিতাক্ষরা ও দত্তকচন্দ্রিকা কি হিন্দু ব্যবস্থার মূলনিয়ম বিষয়ে মাকনাটন সাহেবের পুস্তকের ১—৭ অধ্যায় ।
F. মহম্মদীয় শরা ...	মহম্মদীয় শরার মূল নিয়ম বিষয়ে মাকনাটন সাহেবের পুস্তকের ৯ ভিন্ন সমস্ত অধ্যায় ।
G. ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন	১৮৬৫ সা. ১০ আ.
(২) চুক্তিক্রমে উদিত বাধ্যতা ...	চুক্তি বিষয়ে মাকফরসন সাহেবের পুস্তক ।
(৩) দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধান ...	১৮৫৯ সা. ৮ আ । ১৮৬১ সা. ২৩ আ । ১৮৬৫ সা. ১১ আ ।
(৪) প্রমাণ বিষয়ক ব্যবস্থা	১৮৫৫ সা. ২ আ । এবং প্রমাণ বিষয়ে বেষ্ট কি গুডীব কি নর্টন সাহেবের পুস্তক ।
(৫) ইষ্টাম্প বিষয়ক আইন ...	১৮৬২ সা. ১০ আ । ১৮৬৫ সা. ১৮ আ ।

6th.—The Law of Limitation.	Act XIV of 1859.
7th.—Criminal Law and Procedure.	The Indian Penal Code (Act XLV of 1860) and the Code of Criminal Procedure (Act XXV of 1861).

7. The examinations will be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners in pursuance of Section 6, Act XX of 1865, according to such Regulations as shall be made by the said Government for conducting such examinations.

8. The application to the High Court for admission shall be made within three years from the time of the applicant's passing the examination, or within such further time as the Court shall for any special reason allow.

9. In order to qualify a person to present himself for the examination required by these Rules for the higher grade—

1st.—He must hold a certificate of having passed the Entrance Examination of the University of Calcutta, Madras, or Bombay, or shall satisfy the High Court that he has received a liberal education elsewhere than in India.

2nd.—He must hold a certificate of having regularly attended a full course of Lectures in Law at one of the Colleges affiliated to the Calcutta University, or such Law lectures elsewhere as shall be deemed by the High Court to be sufficient.

3rd.—He must hold a satisfactory certificate of good moral character.

4th.—He must be between the ages of 20 and 40 years, unless he shall have been admitted and shall have practised as a Pleader of the lower grade previously to his application to be admitted to the examination for the higher grade, in which case he may be admitted to that examination if he shall satisfy the Judge of the District in which he resides that up to the time of the application he has been acting as a Pleader of the lower grade, and shall produce a certificate from the Judge or Judges in whose Court he has been so practising, that in his or their judgment he is a proper person to be admitted to examination for the higher grade.

10. Any person, who, on the 1st January 1866, was practising as a Pleader of the lower grade, may present himself at the first examination for a pleadership of the higher grade, which may take place after the expiration of six months from the publication of these Rules in the *Calcutta Gazette*, without having the qualifications required by Clauses 1 and 2 of Rule 9.

(৬) মিয়াদী আইন ...	১৮৫৯ সা. ১৪ আ.।
(৭) ফৌজদারী আইন ও মোকদ্দমার কার্য্যবিধান	ভারতবর্ষীয় দণ্ডবিধির (১৮৬০ সালের ৪৫) আইন, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫) আইন।

৭। বঙ্গদেশের গবর্ণমেন্ট ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষকের পদে নিযুক্ত করেন, তাঁহাদের সম্মুখে ঐ গবর্ণমেন্ট ঐ পরীক্ষা কার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে।

৮। প্রার্থকের পরীক্ষোত্তীর্ণ হইবার সময়াবধি তিন বৎসরের মধ্যে কিম্বা কোর্ট বিশেষ কোন কারণে অধিক যে সময়ের অনুমতি দেন সেই সময়ের মধ্যে হাই কোর্টে গ্রাহ্য হইবার প্রার্থনা করিতে হইবে।

৯। এই বিধিমতে উচ্চ শ্রেণীর পরীক্ষা দিবার জন্যে কোন ব্যক্তি উপস্থিত হইবার যোগ্য হন এই নিমিত্তে প্রয়োজন যে,

(১) তিনি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষোত্তীর্ণ হইবার সংশিতপত্র প্রাপ্ত হন, কিম্বা ভারতবর্ষের অন্য স্থানে বিশিষ্ট প্রকারে বিদ্যা প্রাপ্ত হইয়াছেন, এই বিষয়ে আদালতের হৃদ্বোধ জন্মান।

(২) কলিকাতার বিশ্ববিদ্যালয়সংযুক্ত কোন কালেজে ব্যবস্থাবিষয়ক সম্পূর্ণ বক্তৃতাশ্রেণীতে নিয়ত উপস্থিত হইয়াছেন, কিম্বা ব্যবস্থাবিষয়ক অন্য যে বক্তৃতাশ্রেণী হাই কোর্টের বিবেচনায় প্রচুর, তদধ্যয়নে উপস্থিত হইয়াছেন এই মর্ম্মের সংশিতপত্র প্রাপ্ত হন।

(৩) হৃদ্বোধজনক সুনীতিরীতির সংশিতপত্র প্রাপ্ত হন।

(৪) বিংশ বৎসরের ন্যূন ও চল্লিশ বৎসরের অধিক বয়স্ক না হন। কিন্তু উচ্চ শ্রেণীর পরীক্ষা দানার্থে গ্রাহ্য হইবার প্রার্থনা করণের পূর্ব্বে যদি দ্বিতীয় শ্রেণীর উকীলস্বরূপ ব্যবহার করিয়া থাকেন, তবে ঐ প্রার্থনা করিবার সময়পর্য্যন্ত দ্বিতীয় শ্রেণীর উকীলস্বরূপ কর্ম্ম করিয়া আসিতেছেন, এই বিষয়ে স্বীয় নিবাস জিলার জজ সাহেবের হৃদ্বোধ জন্মাইলে, এবং যে বিচারকর্ত্তার কি বিচারকর্ত্তাদের আদালতে তদ্রূপ ব্যবহার করিয়াছেন তাঁহার কি তাঁহাদের বিবেচনায় তিনি উচ্চ শ্রেণীর পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইবার উপযুক্ত ব্যক্তি এই মর্ম্মের সংশিতপত্র দেখাইলে ঐ পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইতে পারিবেন।

১০। ১৮৬৬ সালের ১ জানুআরিতে যে কোন ব্যক্তি দ্বিতীয় শ্রেণীর উকীলস্বরূপ ব্যবহার করিতেন, তিনি এই বিধির ৯ ধারার ১ ও ২ প্রকরণের নির্দ্দিষ্ট যোগ্যতা প্রাপ্ত না হইলেও কলিকাতা গেজেটে এই বিধি প্রকাশ হইবার তারিখঅবধি ছয় মাস অতীত হইলে পর যখন প্রথম পরীক্ষা হয় তখন উচ্চ শ্রেণীর ওকালতী কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দেওনার্থে উপস্থিত হইতে পারিবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৫ জুন।]

11. Every candidate for examination for the higher grade shall, six weeks at least before the day fixed for the examination, give notice to the Judge of the District in which he resides of his intention to present himself at the ensuing examination, and he shall establish to the satisfaction of the Judge that he possesses the qualifications declared by Rules 9 and 10 to be necessary for such candidates.

12. The Judge, if satisfied that the candidate possesses such qualifications, shall thereupon enter his name, the name of his father, his place of residence, and his age, in a register, with a certificate to the effect that the Judge has been satisfied that he possesses the necessary qualifications, and shall furnish the candidate with a copy of, or an extract from, the said register.

13. Before the date of examination every candidate for the higher grade shall pay a fee of Rupees 20 into the Government Treasury of the District. The candidate shall at the same time present to the Collector the copy of the register furnished to him under Rule 12, and the Collector's receipt for the fee shall be endorsed thereon. Every candidate for examination shall produce to the Examiners the copy of the register granted to him by the Judge, with the Collector's receipts endorsed thereon.

14. Candidates residing in Calcutta shall give the notice required by Rule 11 and make the payment required by Rule 13 to the Judge and Collector, respectively, of the 24-Pergunnahs.

15. Any person who shall pass the examination as a Pleader of the higher grade, and who shall desire to be admitted, shall pay into the Government Treasury of the District in which he shall intend to practise Rupees 20, and shall, on presentation of the certificate of the Examiners and the Collector's receipt for the said sum of Rupees 20, be entitled to apply to the High Court for admission and enrolment.

16. The application, together with the certificate and receipt required by Rule 15, shall be presented to the Judge of the District in which the applicant intends ordinarily to practise, and shall be forwarded by the Judge to the Registrar of the High Court with such remarks as he may think fit to make thereon.

17. Upon the applicant's being admitted and enrolled by the High Court a certificate to that effect shall be forwarded by the Registrar of the High Court to the Judge of the District, who, upon the applicant's delivering and leaving with him a declaration in writing signed by the said applicant in conformity with the recital in the

১১। উচ্চ শ্রেণীর নিমিত্তে পরীক্ষা দানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার জজ সাহেবকে আগামি পরীক্ষা হইবার নিরূপিত দিনের পুর্ব্বে অতিন্যুন ছয় সপ্তাহ থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন। এবং এই বিধির ৯ ও ১০ ধারাতে ঐ পদাকাঙ্ক্ষিদের যে২ কর্ম্মক্ষমতা প্রয়োজন প্রকাশ হইয়াছে তাঁহার সেই ক্ষমতা আছে জজ সাহেবের হৃদ্বোধমতে ইহা প্রতিপন্ন করিবেন।

১২। জজ সাহেব ঐ পদাকাঙ্ক্ষির সেই যোগ্যতা-গুণবত্তার বিষয় হৃদ্বোধমতে জ্ঞাত হইলে, তিনি রেজিষ্টরে ঐ ব্যক্তির ও তদীয় পিতার নাম ও তাঁহার বাসস্থান ও বয়স লিখিবেন, ও তিনি প্রয়োজনানুসারে যোগ্যতাপ্রাপ্ত হইয়াছেন এই বিষয়ে আপন হৃদ্বোধ হওয়ার সংশিতপত্রও ঐ রেজিষ্টরে লিখিবেন, এবং ঐ পদাকাঙ্ক্ষিকে ঐ রেজিষ্টরের প্রতিলিপি কি তাহাহইতে উদ্ধৃত কথা দিবেন।

১৩। পরীক্ষা দিবার তারিখের পুর্ব্বে উচ্চ শ্রেণীর পদাকাঙ্ক্ষি প্রত্যেক জন জিলার অন্তর্গত গবর্ণমেণ্টের অর্থাগারে ২০৲ টাকা শুল্ক দিবেন। এবং ১২ ধারামতে রেজিষ্টরের যে প্রতিলিপি পাইয়াছেন তাহাও তৎকালে কালেক্টর সাহেবের গোচর করিবেন, ও প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেব ঐ শুল্কের রসীদ লিখিয়া দিবেন। পরীক্ষা দানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি জজ সাহেবের দত্ত রেজিষ্টরের প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেবের রসীদ সুদ্ধ ঐ প্রতিলিপি পরীক্ষকদিগকে দেখাইবেন।

১৪। কলিকাতা নিবাসি ঐ পদাকাঙ্ক্ষিরা চব্বিশ-পরগনার জজ ও কালেক্টর সাহেবের নিকটে ১১ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ও ১৩ ধারার নির্দ্দিষ্ট টাকা দিবেন।

১৫। কোন ব্যক্তি উচ্চ শ্রেণীর উকীলস্বরূপ পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ২০৲ টাকা দিবেন এবং পরীক্ষকেরদের সংশিতপত্র ও কালেক্টর সাহেবের ঐ ২০৲ টাকার রসীদ দেখাইলে তিনি হাই কোর্টে গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইবার স্বত্ববান্ হইবেন।

১৬। প্রার্থক সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিতে মনস্থ করেন, সেই জিলার জজ সাহেবকে ঐ প্রার্থনা এবং এই বিধির ১৫ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ দেখাইবেন। এবং জজ সাহেব তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহার সহিত ঐ সংশিতপত্র প্রভৃতি হাই কোর্টের রেজিষ্ট্রারের নিকটে প্রেরণ করিবেন।

১৭। প্রার্থক হাই কোর্টে গ্রাহ্য হইলে ও তাঁহার নাম ফর্দ্দে লেখা গেলে হাই কোর্টের রেজিষ্ট্রার সেই মর্ম্মের সর্টিফিকট জিলার জজ সাহেবের নিকটে প্রেরণ করিবেন। পরে ১৮৬৫ সালের ২০ আইনের দ্বিতীয় তফসীলের সংশিতপত্রের পাঠে যে কথা ব্যক্ত হইয়াছে প্রার্থক সেই কথানুসারে প্রতিজ্ঞাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া জজ সাহেবকে দিয়া তাঁহার নিকটে রাখিবেন,

form of certificate given in the 2nd Schedule to Act XX of 1865, shall grant him a certificate as required by the said Act.

QUALIFICATIONS FOR PLEADERS OF THE LOWER GRADE.

18. Every person may be admitted as a Pleader of the lower grade who shall satisfy the Court that he possesses a competent knowledge of the subjects mentioned in this clause, by producing a certificate from the Examiners hereinafter mentioned that he has passed an examination in the Regulations, Enactments, and Text Books set opposite to the respective subjects:—

Subjects.	Regulations, Enactments, and Text Books.
1*st*.—Hindoo Law ..	Macnaghten's Principles of Hindoo Law, first seven chapters.
2*nd*.—Mahomedan Law	Macnaghten's Principles of Mahomedan Law, except chapter 9.
3*rd*.—Law of Contracts	Macpherson on Contracts.
4*th*.—The law of property current in Bengal with reference to the Permanent Settlement;—to the Government lien on land;—to claim to hold lands exempt from the payment of Government Revenue;—and to the mode in which Estates can be brought to sale for arrears of Revenue.	Regulations (Bengal) I, VIII, X, XIV, XIX and XLIV of 1793, and the Regulations and Acts by which the same have been altered: Act XI of 1859, and the preamble to Regulation (Bengal) II of 1793.
5*th*.—The relation of Landlord and Tenant.	Act X of 1859: Act VI of 1862 (Bengal Council).
6*th*.—The law relating to Putnee Talooks.	Regulation (Bengal) VIII of 1819: Act VIII of 1865 (Bengal Council).
7*th*.—The Law of Limitation.	Act XIV of 1859.
8*th*.—The Law relating to Stamps.	Act X of 1862: Act XVIII of 1865.
9*th*.—Civil Procedure, including the Small Cause Court Act.	Act VIII of 1859: Act XXIII of 1861: Act XI of 1865.
10*th*.—The Law of Evidence.	Act II of 1855, and Norton on Evidence.

পরে জজ সাহেব তাঁহাকে উক্ত আইন অনুযায়ি সংশিতপত্র দিবেন।

দ্বিতীয় শ্রেণীর উকীলদিগের কার্য্য ক্ষমতার বিধি।

১৮। নিম্ন লিখিত বিষয়ের পার্শ্বে যেং আইন ও বিধান ও পুস্তক নির্দ্দিষ্ট হইল, কোন ব্যক্তি তাহাতে পরীক্ষোত্তীর্ণ হওয়ার সংশিতপত্র পরীক্ষকদের নিকটে প্রাপ্ত হইয়া দর্শাওনদ্বারা এই ধারার লিখিত বিষয়ের উপযুক্ত জ্ঞান প্রাপ্ত হইয়াছেন, এই বিষয়ে হাই কোর্টের হৃদ্বোধ জন্মাইলে তিনি দ্বিতীয় শ্রেণীর উকীল স্বরূপ গ্রাহ্য হইতে পারিবেন।

বিষয়	আইন, বিধান, পুস্তক
১। হিন্দু ব্যবস্থা ..	মাকনাটন সাহেবের কৃত হিন্দুব্যবস্থাবিষয়ক মুল নিয়ম ১—৭ অধ্যায়।
২। মহম্মদীয় শরা ..	মহম্মদীয় শরার মূল নিয়ম বিষয়ে মাকনাটন সাহেবের পুস্তকের ৯ ভিন্ন সমস্ত অধ্যায়।)
৩। চুক্তিবিষয়ক ব্যবস্থা	চুক্তিবিষয়ে মাকফরসন সাহেবের পুস্তক।
৪। বঙ্গদেশের প্রচলিত সম্পত্তিবিষয়ক ব্যবস্থা, অর্থাৎ চিরকালীন বন্দোবস্ত সম্পর্কে ও ভূমির উপর গবর্ণমেন্টের দাওয়া ও গবর্ণমেন্টের রাজস্ব না দিয়া ভূমি ভোগ করিবার দাওয়া এবং বাকী রাজস্বের নিমিত্তে সম্পত্তি যেরূপে নীলাম হইতে পারে তৎসম্পর্কে উক্ত ব্যবস্থা।	বঙ্গদেশীয় ১৭৯৭ সা, ১, ৮ ১০, ১৪, ১৯ ও ৪৪ আইন ও তাহা যেং আইনদ্বারা পরিবর্ত্তিত হইয়াছে। ১৮৫৯ সা. ১১ আ. এবং ১৭৯৩ সালের বঙ্গদেশীয় ২ আইনের হেতুবাদ।
৫। ভূম্যধিকারি ও প্রজার পরস্পর সম্বন্ধ	১৮৫৯ সা. ১০ আ. ও বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬২ সা. ৬ আ.
৬। পত্তনী তালুকবিষয়ক আইন	বঙ্গদেশীয় ১৮১৯ সা. ৮ আ.। বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৫ সা. ৮ আ.
৭। মিয়াদী আইন ..	১৮৫৯ সা. ১৪ আ.
৮। ইষ্টাম্প বিষয়ক আইন	১৮৬২ সা. ১০। আ. ১৮৬৫ সা. ১৮ আ.
৯। ক্ষুদ্র মোকদ্দমার আদালতের আইন সুদ্ধ দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন	১৮৫৯ সা. ৮ আ.। ১৮৬১ সা. ২৩ আ.। ১৮৬৫ সা. ১১ আ.
১০। প্রমাণবিষয়ক আইন	১৮৫৫ সা. ২ আ. এবং সাক্ষ্যবিষয়ক নর্টন সাহেবের পুস্তক।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৫ জুন।]

11th.—Criminal Law and Procedure.	Penal Code (Act XLV of 1860): Code of Criminal Procedure (Act XXV of 1861).

19. The examination will be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners in pursuance of Section 6, Act XX of 1865, and according to such Regulations as shall be made by the said Government for conducting such examinations.

20. The application to the High Court for admission shall be made within three years from the time of the applicant's passing the examination, or within such further time as the Court shall for any special reason allow.

21. In order to qualify a person to present himself for examination for the lower grade—

1st.—He must hold a certificate of having passed the Entrance Examination of the University of Calcutta, Madras, or Bombay, or a certificate of having passed the examination for a Government Vernacular Scholarship, or minor scholarship.

2nd.—He must hold a satisfactory certificate of good moral character.

3rd.—He must be between the ages of 20 and 35 years.

22. Every candidate for examination for the lower grade shall, six weeks at least before the day fixed for the examination, give notice to the Judge of the District in which he resides of his intention to present himself at the ensuing examination, and shall establish to the satisfaction of such Judge that he possesses the qualifications declared by Rule 21 to be necessary for such candidates.

23. The Judge, if satisfied that the candidate possesses such qualifications, shall thereupon enter his name, the name of his father, his place of residence, and his age, in a register, with a certificate to the effect that the Judge has been satisfied that he possesses the necessary qualifications, and shall furnish the candidate with a copy of, or an extract from, the said register.

24. Before the date of examination every candidate for the lower grade shall pay a fee of Rupees 10 into the Government Treasury of the District. The candidate shall at the same time present to the Collector the copy of the register furnished to him under Rule 23, and the Collector's receipt for the fee shall be endorsed thereon. Every candidate for examination shall produce to the Examiners the copy of the register granted to him by the Judge, with the Collector's receipt endorsed thereon.

[*Government Gazette,* 5*th June* 1866.]

১১। ফৌজদারী আইন ও মোকদ্দমার কার্য্যবিধান	দণ্ডবিধির ১৮৬০ সা; ৪৫ আ. ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইন।

১৯। বঙ্গদেশের গবর্ণমেন্ট ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষক পদে নিযুক্ত করেন, তাঁহাদের সম্মুখে উক্ত গবর্ণমেন্ট ঐ পরীক্ষা কার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে।

২০। প্রার্থকের পরীক্ষোত্তীর্ণ হইবার সময়াবধি তিন বৎসরের মধ্যে কিম্বা কোর্ট বিশেষ কোন কারণে অধিক যে সময়ের অনুমতি দেন সেই সময়ের মধ্যে হাই কোর্টে গ্রাহ্য হইবার প্রার্থনা করিতে হইবে।

২১। দ্বিতীয় শ্রেণীর পরীক্ষা দিবার জন্যে কোন ব্যক্তি উপস্থিত হইবার যোগ্য হন এই নিমিত্তে প্রয়োজন যে,

(১) তিনি কলিকাতার কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষোত্তীর্ণ হওয়ার সংশিতপত্র কিম্বা গবর্ণমেন্টের এদেশীয় ভাষার ছাত্রবৃত্তি কি দ্বিতীয় শ্রেণীর ছাত্রবৃত্তির পরীক্ষোত্তীর্ণ হওয়ার সংশিতপত্র প্রাপ্ত হন।

(২) হৃদ্বোধজনক সুনীতিরীতির সংশিতপত্র প্রাপ্ত হন।

(৩) ২০ বৎসরের ন্যূন ও ৩৫ বৎসরের অধিক বয়স্ক না হন।

২২। দ্বিতীয় শ্রেণীর নিমিত্তে পরীক্ষাদানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার জজ সাহেবকে আগামি পরীক্ষা হইবার নিরূপিত দিনের পূর্ব্বে অতিন্যূন ছয় সপ্তাহ থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন। এবং বিধির ২১ ধারাতে ঐ পদাকাঙ্ক্ষিদের যেং যোগ্যতা প্রয়োজন প্রকাশ হইয়াছে তাহার সেই যোগ্যতা আছে জজ সাহেবের হৃদ্বোধমতে ইহা প্রতিপন্ন করিবেন।

২৩। জজ সাহেব ঐ পদাকাঙ্ক্ষির সেই যোগ্যতাগুণবত্তার বিষয় হৃদ্বোধমতে জ্ঞাত হইলে, তিনি রেজিষ্টরে এ ব্যক্তির ও তাহার পিতার নাম ও তাঁহার বাসস্থান ও বয়স লিখিবেন, ও তিনি প্রয়োজনানুসারে যোগ্যতাপ্রাপ্ত হইয়াছেন এই বিষয়ে আপন হৃদ্বোধ হওয়ার সংশিতপত্রও ঐ রেজিষ্টরে লিখিবেন, এবং ঐ পদাকাঙ্ক্ষিকে ঐ রেজিষ্টরের প্রতিলিপি কি তাহাহইতে উদ্ধৃত কথা দিবেন।

২৪। পরীক্ষা দিবার তারিখের পূর্ব্বে দ্বিতীয় শ্রেণীর পদাকাঙ্ক্ষি প্রত্যেক জন জিলার অন্তর্গত গবর্ণমেন্টের অর্থাগারে ১০৲ টাকা শুল্ক দিবেন। এবং ২৩ ধারামতে রেজিষ্টরের যে প্রতিলিপি পাইয়াছেন তাহাও তৎকালে কালেক্টর সাহেবের গোচর করিবেন, ঐ প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেব ঐ শুল্কের রসীদ লিখিয়া দিবেন। পরীক্ষাদানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি জজ সাহেবের দত্ত রেজিষ্টরের প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেবের রসীদ যুক্ত ঐ প্রতিলিপি পরীক্ষকদিগকে দেখাইবেন।

25. Candidates residing in Calcutta shall give the notice required by Rule 22, and make the payment prescribed by Rule 24 to the Judge and Collector, respectively, of the 24-Pergunnahs.

26. Any person who shall have passed for the lower grade under the preceding Rules, and who shall desire to be admitted, shall pay into the Government Treasury of the District in which he shall intend to practise Rupees 10, and shall, on presentation of the Examiner's certificate and of the Collector's receipt for the said sum of Rupees 10, be entitled to apply to the High Court for admission and enrolment.

27. The application, together with the certificate and receipt mentioned in Rule 26, shall be presented to the Judge of the District in which the applicant intends ordinarily to practise, and shall be forwarded by him to the Registrar of the High Court with any remarks which he may think fit to make thereon.

28. Upon the applicant's being admitted and enrolled by the High Court a certificate to that effect shall be forwarded by the Registrar of the High Court to the Judge of the District, who, upon the applicant's delivering and leaving with him a declaration in writing signed by the said applicant in conformity with the recital in the form of certificate given in the 2nd Schedule to Act XX of 1865, shall grant him a certificate as required by the said Act.

RULES FOR MOOKHTARS.

29. *1st.*—Any person qualified to be admitted as a Pleader of either grade shall be entitled to be admitted as Mookhtar.

2nd.—Any person qualified to present himself for examination for a pleadership of either grade may present himself for examination to be admitted as Mookhtar.

3rd.—Any person who can satisfy the Judge of the District that he possesses the following qualifications may be admitted to examination for the office of Mookhtar, *viz.:*—

A.—That he is a person of good moral character.

B.—That he has received a liberal education.

C.—That he is not above the age of 35 years, unless he has been previously practising as a Mookhtar, in which case no limit of age will be prescribed.

30. Every candidate for examination as a Mookhtar shall, six weeks at least before the day fixed for the examination, give notice to the Judge of the District in which he resides of his intention to present himself at the ensuing examination, and he shall at the time of giving such notice establish to the satisfaction of such Judge that he

২৫। কলিকাতা নিবাসি ঐ পদাকাঙ্ক্ষিরা চব্বিশ পরগনার জজ ও কালেক্টর সাহেবের নিকটে ২২ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ও ২৪ ধারার নির্দ্দিষ্ট টাকা দিবেন।

২৬। কোন ব্যক্তি দ্বিতীয় শ্রেণীর উকীলস্বরূপ পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ১০ টাকা দিবেন, এবং পরীক্ষকদের সংশিতপত্র ও কালেক্টর সাহেবের ঐ ১০ টাকার রসীদ দেখাইলে তিনি হাই কোর্টে গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইবার স্বত্ত্ববান হইবেন।

২৭। প্রার্থক সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিতে মনস্থ করেন সেই জিলার জজ সাহেবকে তিনি ঐ প্রার্থনা এবং এই বিধির ২৬ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ দেখাইবেন। এবং জজ সাহেব তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহার সহিত ঐ সংশিতপত্রপ্রভৃতি হাই কোর্টের রেজিষ্ট্রারের নিকটে প্রেরণ করিবেন।

২৮। প্রার্থক হাই কোর্টে গ্রাহ্য ও তাঁহার নাম ফর্দ্দে লেখা গেলে হাই কোর্টের রেজিষ্ট্রার সেই মর্ম্মের সর্টিফিকট জিলার জজ সাহেবের নিকটে প্রেরণ করিবেন। পরে ১৮৬৫ সালের ২০ আইনের দ্বিতীয় তফসীলের সংশিতপত্রের পাঠে যে কথা ব্যক্ত হইয়াছে প্রার্থক সেই কথা অনুযায়ি প্রতিজ্ঞাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া জজ সাহেবকে দিয়া তাঁহার নিকটে রাখিবেন, পরে জজ সাহেব তাঁহাকে উক্ত আইন অনুযায়ি সংশিতপত্র দিবেন।

মোক্তারদের বিধি।

২৯। (১) যে কেহ একতর শ্রেণীর উকীলস্বরূপ গ্রাহ্য হইবার যোগ্য হন তিনি মোক্তারস্বরূপে গ্রাহ্য হইবার স্বত্ত্ববান্।

(২) যে কেহ একতর ওকালতীর পরীক্ষা দানার্থে উপস্থিত হইবার যোগ্য আছেন, তিনি মোক্তারস্বরূপে গ্রাহ্য হইবার জন্যে পরীক্ষা দিতে উপস্থিত হইতে পারিবেন।

(৩) পশ্চাৎ লিখিত গুণ প্রাপ্ত হইয়াছেন, এই বিষয়ে যে কেহ জিলার জজ সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন তিনি মোক্তারের কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইতে পারিবেন। বিশেষতঃ

(ক) তিনি সুনীতিরীতির ব্যক্তি।

(খ) বিশিষ্টমতে বিদ্যাশিক্ষা করিয়াছেন।

(গ) ৩৫ বৎসরের ঊর্দ্ধ বয়স্ক নহেন। কিন্তু যদি পূর্ব্বে মোক্তারের কর্ম্ম করিয়া থাকেন, তবে বয়সের কোন সীমা অবধারিত হইবে না।

৩০। মোক্তারী কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার জজ সাহেবকে আগামি পরীক্ষা হইবার নিরূপিত দিনের পূর্ব্বে অতি ন্যূন ছয় সপ্তাহ থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন। এবং এই বিধির ২৯ ধারাতে ঐ পদাকাঙ্ক্ষিদের যেং যোগ্যতা প্রয়োজন প্রকাশ হইয়াছে তাঁহার সেই

possesses all the qualifications declared by Rule 29 to be necessary for such candidates.

31. The Judge, if satisfied that the candidate possesses such qualifications, shall thereupon enter his name, the name of his father, his place of residence, and his age, in a register, with a certificate to the effect that he possesses the necessary qualifications, and shall furnish the candidate with a copy of, or an extract from, the said register.

32. Before the date of examination every candidate shall pay a fee of Rs. 5 into the Government Treasury of the District. The candidate shall at the same time present to the Collector the copy of the register furnished to him under Rule 31, and the Collector's receipt for the fee shall be endorsed thereon. The applicant shall produce to the Examiners the copy of the register granted to him by the Judge, with the Collector's receipt endorsed thereon.

33. Candidates residing in Calcutta shall give the notice required by Rule 30, and make the payment prescribed in Rule 32 to the Judge and Collector, respectively, of the 24-Pergunnahs.

34. The examination shall be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners in pursuance of Section 6, Act XX of 1865, and according to such Regulations as shall be made by the said Government for conducting such examinations. The examination shall be in the following subjects:—

Code of Civil Procedure.
Law of Limitation.
Stamp Laws.
Small Cause Court Act.
Penal Code and Code of Criminal Procedure.

35. Any person who shall pass the examination as a Mookhtar, and who shall desire to be admitted, shall pay into the Government Treasury of the District in which he shall intend to practise Rupees 8, and shall, on presentation of the certificate of the Examiners and of the Collector's receipt for the said sum of Rupees 8, be entitled to apply to the High Court for admission and enrolment.

36. The application, together with the certificate and receipt required by Rule 35, shall be presented to the Judge of the District in which the applicant intends ordinarily to practise, and shall be forwarded by the Judge to the Registrar of the High Court with such remarks as he may think fit to make thereon.

37. Upon the applicant's being admitted and enrolled by the High Court a certificate to that effect shall be forwarded by the Registrar of the

যোগ্যতা আছে জজ সাহেবের হুবোধমতে ইহা প্রতিপন্ন করিবেন।

৩১। জজ সাহেব ঐ পদাকাঙ্ক্ষির সেই যোগ্যতাগুণবত্তার বিষয় হুবোধমতে জ্ঞাত হইলে, তিনি রেজিষ্টরে ঐ ব্যক্তির ও তদীয় পিতার নাম ও তাঁহার বাসস্থান ও বয়স লিখিবেন, ও তিনি প্রয়োজনানুসারে যোগ্যতাপত্রপ্রাপ্ত হইয়াছেন এই বিষয়ে আপন হুবোধ হওয়ার সংশিতপত্র ঐ রেজিষ্টরে লিখিবেন, এবং ঐ পদাকাঙ্ক্ষিকে ঐ রেজিষ্টরের প্রতিলিপি কি তাহাহইতে উদ্ধৃত কথা দিবেন।

৩২। পরীক্ষা দিবার তারিখের পূর্ব্বে মোক্তারের পদাকাঙ্ক্ষি প্রত্যেক জন জিলার অন্তর্গত গবর্ণমেণ্টের অর্থাগারে ৫৲ টাকা শুল্ক দিবেন। এবং ৩১ ধারামতে রেজিষ্টরের যে প্রতিলিপি পাইয়াছেন তাহাও তৎকালে কালেক্টর সাহেবের গোচর করিবেন। ও তাহার পৃষ্ঠে কালেক্টর সাহেব ঐ শুল্কের রসীদ লিখিয়া দিবেন। পরীক্ষাদানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি জজ সাহেবের দত্ত রেজিষ্টরের প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেবের রসীদ সুদ্ধ ঐ প্রতিলিপি পরীক্ষকদিগকে দেখাইবেন।

৩৩। কলিকাতা নিবাসি ঐ পদাকাঙ্ক্ষিরা চব্বিশ পরগনার জজ ও কালেক্টর সাহেবের নিকটে ৩০ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ও ৩২ ধারার নির্দ্দিষ্ট টাকা দিবেন।

৩৪। বঙ্গদেশের গবর্ণমেণ্ট ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষকের পদে নিযুক্ত করেন তাঁহাদের সম্মুখে ঐ গবর্ণমেণ্ট ঐ পরীক্ষা কার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে। পশ্চাৎলিখিত পুস্তকে পরীক্ষা হইবে যথা,

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন।
মিয়াদী আইন।
ইষ্টাম্পের আইন।
ক্ষুদ্র মোকদ্দমার আদালতের আইন।
দণ্ডবিধির আইন ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন।

৩৫। কোন ব্যক্তি মোক্তারস্বরূপ পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ৮৲ টাকা দিবেন এবং পরীক্ষকদের সংশিতপত্র ও কালেক্টর সাহেবের ঐ ৮৲ টাকার রসীদ দেখাইলে তিনি হাই কোর্টে গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইবার স্বত্ববান্ হইবেন।

৩৬। প্রার্থক সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিতে মনস্থ করেন, সেই জিলার জজ সাহেবকে ঐ প্রার্থনা এবং এই বিধির ৩৫ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ দেখাইবেন। এবং জজ সাহেব তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহার সহিত ঐ সংশিতপত্রপ্রভৃতি হাই কোর্টের রেজিষ্ট্রারের নিকটে প্রেরণ করিবেন।

৩৭। প্রার্থক হাই কোর্টে গ্রাহ্য হইলে ও তাঁহার নাম ফর্দ্দে লেখা গেলে হাই কোর্টের রেজিষ্ট্রার সেই মর্ম্মের সর্টিফিকট জিলার জজ সাহেবের নিকটে প্রেরণ করি-

High Court to the Judge of the District, who, upon the applicant's delivering and leaving with him a declaration in writing signed by the said applicant in conformity with the recital in the form of certificate given in the 2nd Schedule to Act XX of 1865, shall grant him a certificate as required by the said Act.

38. If any person having passed the examination entitling him to be admitted and enrolled as a Mookhtar shall fail to apply for such admission and enrolment for a period of three years, he shall not be admitted and enrolled, unless, by special order of the High Court, the time for such application shall be extended.

39. Provided that any person who, on the 1st January 1866, had been practising for the term of one year at least immediately preceding that date as a Mookhtar in a Criminal Court, and who shall satisfy the Judge of the District in which he ordinarily practised that he is a person of good moral character, and qualified by his knowledge of Law and Procedure to continue practising as Mookhtar shall be admitted to practise in any Criminal Court.

40. In any District in which there is a resident Magistrate and no resident Judge, it shall be sufficient for an applicant to satisfy the Magistrate that he possesses the qualifications mentioned in Rule 39.

41. The qualifications required by the foregoing Rules shall not be necessary for Pleaders or Mookhtars in the Non-Regulation Provinces under the Government of Bengal. Rules for the qualification, admission, and enrolment of such Pleaders and Mookhtars will be published hereafter.

42. If any person having been admitted and enrolled as a Pleader or Mookhtar shall neglect to take out a certificate, or, having obtained a certificate, shall fail to renew it for a period of three years, he shall be suspended, and shall not be entitled to receive a certificate, or to have his certificate renewed without further orders of the High Court.

43. Any person, who, having been admitted as a Pleader or Mookhtar, shall accept any appointment under Government, or shall enter into any trade or other business, shall give notice thereof to the High Court, who may thereupon pass such orders as the said Court may think fit.

44. Any person, who shall hold any appointment under Government, or shall carry on any trade or other business at the time of his application for admission as a Pleader or Mookhtar, shall state the fact in his application for admission.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৫ জুন।]

বেন। পরে ১৮৬৫ সালের ২০ আইনের দ্বিতীয় তফসীলের সংশিতপত্রের পাঠে যে কথা ব্যক্ত হইয়াছে, প্রার্থক সেই কথানুযায়ি প্রতিজ্ঞাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া জজ সাহেবকে দিয়া, তাঁহার নিকট রাখিবেন, পরে জজ সাহেব তাঁহাকে উক্ত আইন অনুযায়ি সংশিতপত্র দিবেন।

৩৮। যে প্রকারের পরীক্ষা দিলে কোন ব্যক্তি মোক্তারস্বরূপে গ্রাহ্য হইতে ও ফর্দ্দে নাম লেখাইতে পারেন সেই প্রকারের পরীক্ষোত্তীর্ণ হইলে পর যদি সেই ব্যক্তি তিন বৎসর পর্য্যন্ত তদ্রূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার প্রার্থনা না করেন, তবে হাই কোর্টের বিশেষ আজ্ঞাক্রমে সেই প্রার্থনা করিবার সময় বৃদ্ধি না হইলে তিনি গ্রাহ্য হইবেন না ও ফর্দ্দে তাঁহার নাম লেখা যাইবে না।

৩৯। পরন্তু যদি কোন ব্যক্তি ১৮৬৬ সালের ১ জানুআরি তারিখের পুর্ব্বে অতি ন্যূন এক বৎসর পর্য্যন্ত ফৌজদারী আদালতে মোক্তারস্বরূপে কর্ম্ম করিয়া আসিতেছেন, এবং সুনীতিরীতির লোক ও আইন ও কার্য্যবিধান বিষয়ক জ্ঞানদ্বারা মোক্তারস্বরূপে কার্য্য করিয়া থাকিতে ক্ষমতাপন্ন আছেন এই বিষয়ে তিনি সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করেন যদি সেই জিলার জজ সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন, তবে ফৌজদারী কোন আদালতে ব্যবহার করিতে গ্রাহ্য হইবেন।

৪০। যে জিলার মধ্যে জজ সাহেব বাস না করেন মাজিষ্ট্রেট সাহেব বাস করেন, সেই জিলাতে প্রার্থক ৩৯ ধারার লিখিত কর্ম্মযোগ্যতা বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধ জন্মাইলে প্রচুর।

৪১। পুর্ব্বোক্ত বিধিতে যে কর্ম্মযোগ্যতা নির্দ্ধারিত হইয়াছে তাহা বঙ্গদেশের গবর্ণমেন্টের অধীন আইনবহির্ভূত প্রদেশের উকীলদের কি মোক্তারদের জন্যে আবশ্যক নাই। ঐ উকীল ও মোক্তারদিগের কার্য্য ক্ষমতার ও গ্রাহ্য হওয়ার ও ফর্দ্দে নাম লেখাইবার বিধি পশ্চাৎ প্রকাশ হইবে।

৪২। যদি কোন ব্যক্তি উকীল কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইয়া ও ফর্দ্দে নাম লেখাইয়া সংশিতপত্র লইতে শৈথিল্য করেন, কিম্বা সংশিতপত্র প্রাপ্ত হইলেও তিন বৎসর পর্য্যন্ত ঐ পত্র নূতন করিয়া লইতে ত্রুটি করেন, তবে তাঁহার কর্ম্ম স্থগিত হইবে ও হাই কোর্টহইতে অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি সংশিতপত্র পাইতে কিম্বা নূতন করিয়া লইতে স্বত্ববান হইবেন না।

৪৩। কোন ব্যক্তি উকীল কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইলে যদি গবর্ণমেন্টের অধীন কোন কর্ম্ম গ্রাহ্য করেন কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে হাই কোর্টে তাঁহার সেই কথা জানাইতে হইবে ও ঐ কোর্ট যদ্রূপ আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

৪৪। কোন ব্যক্তি উকীল কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেন্টের অধীন কোন কর্ম্মে নিযুক্ত থাকেন, কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে গ্রাহ্য হইবার প্রার্থনাপত্রে তিনি সেই কথা জ্ঞাত করিবেন।

45. Any wilful violation of any of the above Rules shall subject a Pleader or Mookhtar to suspension or dismissal.

B. PEACOCK.
C. TREVOR.
H. V. BAYLEY.
J. P. NORMAN.
F. B. KEMP.
W. S. SETON-KARR.
LOUIS S. JACKSON.
SHUMBOONATH PUNDIT.
G. CAMPBELL.
J. B. PHEAR.
A. G. MACPHERSON.
F. A. GLOVER.

The 2nd May 1866.

The following are the rules prepared by the Board of Revenue under Section 23, Act XX of 1865, *to define what qualifications are required for a certificate entitling a person to practise as a Revenue Agent under that Act.*

1. ANY person who has obtained from the Judge a certificate that he is qualified to present himself for examination as a Mookhtar may present himself for examination for the office of Revenue Agent.

2. Any person who can satisfy the Collector of the District that he possesses the following qualifications may be admitted to examination for the office of Revenue Agent, *viz:*—

1st.—That he is a person of good moral character.

2nd.—That he has received a liberal education.

3rd.—That he is not under the age of twenty, nor above the age of thirty-five years, unless he has been previously practising as a Mookhtar, in which case no enquiry as to age is necessary.

3. Every candidate for examination for the office of Revenue Agent shall, at least six weeks before the day fixed for the examination, give notice to the Collector of the District in which he resides of his intention to present himself at the ensuing examination.

4. The Collector, if satisfied that the candidate is qualified for examination under Rule 1 or 2, shall thereupon enter his name, with a description

[*Government Gazette, 5th June* 1866.]

৪৫। কোন উকীল কি মোক্তার ইচ্ছাপূর্ব্বক পূর্ব্ব লিখিত কোন বিধি লঙ্ঘন করিলে তিনি কিয়ৎকাল কি চিরকালের নিমিত্তে পদচ্যুত হইবেন।

বি পীকক্‌।
সি ট্রেবর।
এচ বি বেলি।
জে পি নরমান।
এফ বি কেম্প।
ডবলিউ এস সীটনকার।
লুইস এস জ্যাকসন।
শম্ভুনাথ পণ্ডিত।
জি কাম্বেল।
জে বি ফিয়র।
এ জি মাকফরসন।
এফ এ গ্লবর।

১৮৬৬ সাল ২ মে।

JOHN ROBINSON, *BengaleeTranslator.*

১৮৬৫ সালের ২০ আইনমতে রেবিনিউ এজেন্ট-স্বরূপে কর্ম্ম করণার্থ সংশিতপত্র প্রাপণের স্বত্বের জন্যে কোন ব্যক্তির যেং গুণবত্তা থাকার প্রয়োজন তন্নিরূপণার্থ পশ্চাৎলিখিত সকল বিধি উক্ত আইনের ২৩ ধারামতে রেবিনিউ বোর্ড কর্ত্তৃক প্রণীত হইল।

১। মোক্তারের পরীক্ষাতে উপস্থিত হইবার যোগ্য এই মর্ম্মের সংশিতপত্র যে ব্যক্তি জজ সাহেবের স্থানে প্রাপ্ত হন তিনি রেবিনিউ এজেন্টর কর্ম্মের নিমিত্তে পরীক্ষাতে উপস্থিত হইতে পারিবেন।

২। পশ্চাৎ লিখিত গুণ প্রাপ্ত হইয়াছেন, এই বিষয়ে যে কেহ জিলার কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন তিনি রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইতে পরিবেন। বিশেষত :

(১) তিনি সুনীতির ব্যক্তি।

(২) বিশিষ্টমতে বিদ্যাশিক্ষা করিয়াছেন।

(৩) ২০ বৎসরের ন্যূন কি ৩৫ বৎসরের ঊর্দ্ধ বয়স্ক নহেন। কিন্তু যদি পূর্ব্বে মোক্তারের কর্ম্ম করিয়া থাকেন, তবে বয়সের কথা জিজ্ঞাসা করা আবশ্যক হইবে না।

৩। রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার কালেক্টর সাহেবকে পরীক্ষা হইবার নিরূপিত দিনের পূর্ব্বে অতি ন্যূন ছয় সপ্তাহ থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন।

৪। ঐ পদাকাঙ্ক্ষি ১ কিম্বা ২ ধারার মতে পরীক্ষা দিবার যোগ্য কালেক্টর সাহেব ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে ঐ পরীক্ষার্থির নাম, ও তাঁহাকে চিনি-

sufficient for identification, in a register, and shall furnish to the candidate a certificate to that effect.

5. Before the date of examination every candidate shall pay a fee of Rupees 5 to the Collector of the District, whose receipt for the same shall be endorsed on the certificate described in Rule 4.

6. Candidates residing in Calcutta shall give the notice, and pay the fees, prescribed in Rules 3 and 5, to the Collector of the 24-Pergunnahs.

7. The examination shall be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners under Section 24, Act XX of 1865, and according to such regulations as shall be made by the said Government for conducting such examination. The examination shall be in the following subjects:—

A. The permanent settlement; the Government lien on land; and the mode in which Estates can be brought to sale for arrears of revenue.	Regulations I, II, VIII, X, XI, XIV, XIX, XXXVII, and XLIV of 1793; Act XI of 1859.
B. The Law of under-tenures, and the mode in which the same can be brought to sale for arrears of revenue.	Regulations VIII of 1819 and I of 1820; Acts X of 1859 and VIII (B. C.) of 1865.
C. The Law for the Division of Estates.	Regulation XIX of 1814.
D. The relation of Landlord and Tenant.	Acts X of 1859 and VI (B. C.) of 1862.
E. The Law of Evidence.	Act II of 1855.
F. The Stamp Laws.	Acts X of 1862 and XVIII of 1865.

8. Any person who shall pass the examination, and who shall desire to be admitted as a Revenue Agent, shall pay into the Government Treasury of the District in which he shall intend to practise Rupees 8, and shall on presentation of the certificate of the Examiners, and of a receipt for the said sum of Rupees 8, be entitled to apply to the Collector of the District for, and to receive a certificate in, the form prescribed in Schedule 3, Act XX of 1865, and subject to the conditions of Sections 20, 21, and 22 of the said Act, which certificate shall be signed by the Collector of the District and delivered to the applicant.

9. The application, certificate, and receipt required by Rule 8 shall be forwarded by the Collector, to the Secretary of the Board of Revenue, with such remarks as he may think fit to make thereon.

বার উপযুক্ত বর্ণনা রেজিষ্টরে লিখিয়া তাঁহাকে সেই মর্ম্মের এক সংশিতপত্র দিবেন।

৫। পরীক্ষা দিবার তারিখের পুর্ব্বে· উক্ত পদাকাঙ্ক্ষি প্রত্যেক জন জিলার কালেকুটর সাহেবকে ৫৲ টাকা শুল্ক দিবেন। তাহার রসীদ ৪ বিধির নির্দ্দিষ্ট সংশিতপত্রের পৃষ্ঠে লিখিত হইবে।

৬। কলিকাতা নিবাসি ঐ পদাকাঙ্ক্ষিরা চব্বিশ পরগনার কালেকুটর সাহেবের নিকটে ৩ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ও ৫ ধারার নির্দ্দিষ্ট শুল্ক দিবেন।

৭। বঙ্গদেশের গবর্ণমেণ্ট ১৮৬৫ সালের ২০ আইনের ২৪ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষকের পদে নিযুক্ত করেন তাঁহাদের সম্মুখে ঐ গবর্ণমেণ্ট ঐ পরীক্ষাকার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে। পশ্চাৎ লিখিত পুস্তকে পরীক্ষা হইবে যথা,

A. চিরকালীন বন্দোবস্তের উপলক্ষে ও ভূমির উপর গবর্ণমেণ্টের দাওয়ার ও বাকী রাজস্বের জন্যে সম্পত্তির নীলাম যে নিয়মে হইতে পারে তদুপলক্ষে।	১৭৯৩ সা. ১, ২, ৮, ১০, ১১, ১৪, ১৯, ৩৭, ও ৪৪, আইন ১৮৫৯ সা. ১১ আইন।
B. পত্তনীতালুকের আইন ও তাহা বাকী রাজস্বের নিমিত্তে যে নিয়মে নীলাম হইতে পারে।	১৮১৯ সালের ৮ আইন ১৮২০ সা. ১ আ. ও ১৮৫৯ সা. ১০ আইন ১৮৬৫ সা. বঙ্গদেশীয় মন্ত্রিসভার ৮ আইন।
C. বাটওয়ারা বিষয়ক আইন।	১৮১৪ সা. ১৯ আ।
D. ভূম্যধিকারি ও প্রজার পরস্পর সম্বন্ধব্যবস্থা	১৮৫৯ সা. ১০ আ. ও ১৮৬২ সা. বঙ্গদেশীয় ৬ আ.
E. প্রমাণ বিষয়ক ব্যবস্থা	১৮৫৫ সা. ২ আ।
F. ইষ্টাম্পা বিষয়ক আইন।	১৮৬২ সা. ১০ আ। ১৮৬৫ সা. ১৮ আ.।

৮। কোন ব্যক্তি পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি রেবিনিউ এজেণ্টস্বরূপ গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ৮৲ টাকা দিবেন এবং পরীক্ষকদের সংশিতপত্র ও কালেকুটর সাহেবের ঐ ৮৲ টাকার রসীদ দেখাইলে তিনি জিলার কালেকুটর সাহেবের নিকটে ১৮৬৫ সালের ২০ আইনের ৩ তফসীলের নির্দ্দিষ্ট পাঠে এবং উক্ত আইনের ২০ ও ২১ ও ২২ ধারার নিয়মাধীনে সংশিতপত্র পাইবার প্রার্থনা করিতে স্বত্ববান হইবেন। সংশিতপত্র জিলার কালেকুটর সাহেবের দ্বারা স্বাক্ষরিত হইয়া প্রার্থককে [illegible] যাইবে।

৯। কালেকুটর সাহেব ঐ প্রার্থনা এবং এই বিধির ৮ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ ও তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহা লিখিয়া রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের নিকটে প্রেরণ করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৫ জুন।]

10. If any person, having passed the examination entitling him to be admitted and enrolled as a Revenue Agent, shall fail to apply for such admission and enrolment for a period of three years, he shall not be admitted and enrolled, unless, by a special order of the Board of Revenue, the time for such application shall be extended.

11. Provided that any person who, on the 1st January 1866, had been practising for the term of one year at least immediately preceding that date, as a Mookhtar in a Revenue Office, and who shall satisfy the Collector of the District in which he has ordinarily practised, that he is a person of good moral character, and qualified, by his knowledge of law and procedure, to continue practising as a Revenue Agent, shall be admitted to practise in any Revenue Office.

12. The qualifications required by the above Rules shall not be necessary for Revenue Agents in the Non-Regulation Provinces under the Government of Bengal. Rules for the qualification, admission, and enrolment of such Revenue Agents will be published hereafter.

13. If any person, having been admitted and enrolled as a Revenue Agent, shall neglect to take out a certificate, or having obtained a certificate shall fail to renew it for a period of three years he shall be suspended and shall not be entitled to receive a certificate, or to have his certificate renewed without further orders of the Board of Revenue.

14. Any person who, having been admitted as a Revenue Agent, shall accept any appointment under Government, or shall enter into any trade or other business, shall give notice thereof to the Board of Revenue, who may thereupon pass such orders as the said Board may think fit.

15. Any person who shall hold any appointment under Government, or shall carry on any trade or other business at the time of his application for admission as a Revenue Agent, shall state the fact on his application for admission.

16. Any wilful violation of any of the above Rules shall subject a Revenue Agent to suspension or dismissal.

A. Grote, }
V. H. Schalch, } *Members, Board of Revenue.*

১০। যে প্রকারের পরীক্ষা দিলে কোন ব্যক্তি রেবিনিউ এজেণ্টস্বরূপে গ্রাহ্য হইতে ও ফর্দ্দে নাম লেখাইতে পারেন সেই প্রকারের পরিক্ষোত্তীর্ণ হইলে পর যদি কোন ব্যক্তি তিন বৎসর পর্য্যন্ত তদ্রূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার প্রার্থনা না করেন, তবে রেবিনিউ বোর্ডের বিশেষ আজ্ঞাক্রমে সেই প্রার্থনা করিবার সময় বৃদ্ধি না হইলে তিনি গ্রাহ্য হইবেন না ও ফর্দ্দে তাঁহার নাম লেখা যাইবে না।

১১। পরন্তু যদি কোন ব্যক্তি ১৮৬৬ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে অতি ন্যূন এক বৎসর পর্য্যন্ত রাজস্বের কার্য্যালয়ে মোক্তারস্বরূপে কর্ম্ম করিয়া আসিতেছেন, এবং সুনীতিরীতির লোক ও আইন ও কার্য্যবিধান বিষয়ক জ্ঞান দ্বারা রেবিনিউ এজেণ্টস্বরূপে কার্য্য করিয়া থাকিতে ক্ষমতাপন্ন আছেন এই বিষয়ে তিনি সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিয়াছেন যদি সেই জিলার কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন, তবে রাজস্বের কোন কার্য্যালয়ে ব্যবহার করিতে গ্রাহ্য হইবেন।

১২। পূর্ব্বোক্ত বিধিতে যে কর্ম্মযোগ্যতা নির্দ্ধারিত হইয়াছে তাহা বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন আইনবহির্ভূত প্রদেশের রেবিনিউ এজেণ্টদের পক্ষে আবশ্যক নাই। ঐ রেবিনিউ এজেণ্টদিগের কার্য্যক্ষমতার ও গ্রাহ্য হওয়ার ও ফর্দ্দে নাম লেখাইবার বিধি পশ্চাৎ প্রকাশ হইবে।

১৩। যদি কোন ব্যক্তি রেবিনিউ এজেণ্ট স্বরূপ গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইয়া সংশিতপত্র লইতে শৈথিল্য করেন, কিম্বা সংশিতপত্র প্রাপ্ত হইলেও তিন বৎসর পর্য্যন্ত ঐ পত্র নূতন করিয়া লইতে ত্রুটি করেন, তবে তাঁহার কর্ম্ম স্থগিত হইবে ও রেবিনিউ বোর্ডহইতে অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি সংশিতপত্র পাইতে কিম্বা নূতন করিয়া লইতে স্বত্ববান হইবেন না।

১৪। কোন ব্যক্তি রেবিনিউ এজেণ্টস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্ম গ্রাহ্য করেন কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে রেবিনিউ বোর্ডে জ্ঞাত করিবেন ও উক্ত বোর্ডের সাহেবেরা যদ্রূপ আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

১৫। কোন ব্যক্তি রেবিনিউ এজেণ্টস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্মে নিযুক্ত থাকেন, কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে গ্রাহ্য হইবার প্রার্থনাপত্রে তিনি সেই কথা জ্ঞাত করিবেন।

১৬। কোন রেবিনিউ এজেণ্ট ইচ্ছাপূর্ব্বক পূর্ব্বলিখিত কোন বিধি লঙ্ঘন করিলে তিনি কিয়ৎকাল কি চিরকালের নিমিত্তে পদচ্যুত হইবেন।

এ গ্রোট, }
বি এচ শক, } রেবিনিউ বোর্ডের মেম্বর।

John Robinson, *Bengalee Translator.*

HOME DEPARTMENT.

No. 189.

The 21st April 1866.

Orders and Rules passed by the Governor General in Council under the provisions of the Post Office Act of 1866.

The following Orders and Rules passed by the Governor General in Council, under the provisions of Sections 19, 21, 22 and 63, of the Post Office Act of 1866, will have effect from the 1st of May next:—

[Insufficiently paid and unpaid letters how to be charged.]

I. Letters posted for despatch, on which the postage chargeable under Section VIII., has not been fully prepaid by means of a proper stamp or stamps, shall be forwarded to their destination.

Upon every such letter having affixed thereto a postage stamp or stamps, the value of which shall be less than the rate of postage to which such letter would be liable if duly and properly stamped when posted, there shall be charged a postage of double the amount of the difference between the value of the stamp affixed thereto, and the postage to which such letter would be liable, as aforesaid, if duly and properly stamped when posted.

And upon every such letter having no postage stamp affixed thereto, there shall be charged a postage at double the rate to which such letter would be liable, if duly and properly stamped when posted.

[Newspapers not to be forwarded by Letter Post, unless fully prepaid.]

II. No newspaper shall be forwarded by Letter Post, unless the postage thereof shall be fully prepaid by means of a proper stamp or stamps.

[Insufficiently paid books, &c., how to be charged.]

III. Books, packets of newspapers and other articles, not being fully prepaid by means of a proper stamp or stamps, as provided in Section XIII., but bearing nevertheless a stamp or stamps of the value of one rate, shall be forwarded to their destination charged with double the deficient book postage.

[Letters, newspapers, and book packets sent by sea, or partly by sea and partly by land, from one part of India to another, how to be charged.]

IV. The rates of postage to be charged on letters, newspapers and book packets transmitted by post, by sea, or partly by sea and partly by land, from one part or place in India to another,

দেশীয় ডিপার্টমেন্ট।

১৮৯ নম্বর।

১৮৬৬ সাল ২১ আপ্রিল।

১৮৬৬ সালের ডাকঘরের আইনের বিধানমতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকৃত অনুজ্ঞা ও বিধি এই।

১৮৬৬ সালের ডাকঘরের আইনের ১৯, ২১, ২২ ও ৬৩ ধারার বিধানমতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব নিম্নলিখিত অনুজ্ঞা ও বিধি করিয়াছেন, তাহা আগামি মে মাসের প্রথম তারিখঅবধি প্রবল হইবে।—

[যে পত্রের উপর ন্যূন মাসুল দেওয়া গেল কি মাসুল দেওয়া যায় নাই তাহার মাসুল আদায়ের কথা।]

১ ধারা। কোন পত্র প্রেরণার্থে ডাকে দেওয়া গেলে যদিও তাহার উপর ৮ ধারামত দাতব্য সম্পূর্ণ মাসুল উপযুক্ত ইষ্টাম্পদ্বারা না দেওয়া যায় তথাপি তাহা লক্ষিত স্থানে প্রেরিত হইবে।

তদ্রূপ কোন পত্র ডাকে দেওনকালে, তাহার উপর উপযুক্ত ও নিয়মিতরূপে যত মাসুলের ইষ্টাম্প বসাইতে হয়, যদি তদপেক্ষা ন্যূন মূল্যের ইষ্টাম্প দেওয়া যায়, তবে যে মূল্যের ইষ্টাম্প দেওয়া গেল, এবং নিয়মিত ও উপযুক্তরূপে ষ্টাম্প বসান গেলে যে মূল্যের বসান যাইত এই দুয়ের বিশেষ যত হয় তাহার দ্বিগুণ মাসুল লওয়া যাইবে।

এবং তদ্রূপ যে পত্রের উপর ডাক মাসুলের ইষ্টাম্প দেওয়া যায় নাই, তাহাতে নিয়মিত ও উপযুক্তরূপে ইষ্টাম্প দেওয়া গেলে যে মূল্যের ইষ্টাম্প হয় তাহার দ্বিগুণ মাসুল লওয়া যাইবে।

[সম্বাদপত্রের উপর সম্পূর্ণ মাসুল না দেওয়া গেলে তাহা পত্রডাকে না পাঠাইবার কথা।]

২ ধারা। সম্বাদপত্রের উপর উপযুক্ত ইষ্টাম্পদ্বারা সম্পূর্ণ মাসুল না দেওয়া গেলে, তাহা পত্রডাকে চালান হইবে না।

[পুস্তকাদির উপর ন্যূন মাসুল দেওয়া গেলে তাহা আদায়ের কথা।]

৩ ধারা। পুস্তকের এবং সম্বাদপত্র প্রভৃতি দ্রব্যের পুলিন্দার উপর, ১৩ ধারার বিধানমতে উপযুক্ত মূল্যের ইষ্টাম্পদ্বারা সম্পূর্ণ মাসুল দেওয়া না গেলেও যদি একহারা মাসুলের ইষ্টাম্প দেওয়া যায়, তবে [illegible] লক্ষিত স্থানে প্রেরিত হইবে ও তাহার উপর [illegible] অবশিষ্ট মাসুলের দ্বিগুণ ধার্য্য হইবে।

[যে পত্র ও সম্বাদপত্র ও পুস্তকপুলিন্দা সমুদ্রপথে কি অংশতঃ সমুদ্র অংশতঃ স্থলপথে পাঠান যায় তাহার মাসুল ধার্য্য হওয়ার কথা।]

৪ ধারা। পত্র ও সম্বাদপত্র ও পুস্তকপুলিন্দা ভারতবর্ষের এক স্থানহইতে অন্য স্থানে স্থলপথে প্রেরিত হইলে তাহার উপর যত মাসুল ধার্য্য হইয়াছে, সমুদ্রপথে কি অংশতঃ সমুদ্র অংশতঃ স্থলপথে প্রে-

shall be the same as those chargeable on such articles when conveyed, by land with the following exceptions, *viz.* :—

Letters and other articles transmitted from one part of India to another by the British Mail Packets under contract with Her Majesty's Post-Master General, or by the French Mail Packets under Convention with Her Majesty's Government, shall continue to be subject to the rates of postage now chargeable on such letters and other articles.

[Letters, &c. from or to any place beyond the limits of British India, how to be charged.]

V. Letters and other articles sent through the post from or to any part of Great Britain, or any British Colony, or any foreign country to or from any places in British India, shall continue to be subject to the rates of postage now chargeable on such letters and other articles.

[Letters, &c., to be received for despatch at all Post Offices, Receiving House, &c.]

VI. Letters, newspapers (if prepaid), book packets and parcels, shall be received for despatch by post to every part of India, at every Post Office, Receiving House, or other place which a Post-Master General may appoint, as well as at every Thannah or District Post Office.

At every Post Office or other place as aforesaid, letters and other articles shall likewise be received for despatch to any place beyond the limits of British India, with which there is a postal communication, subject to the postage rates and conditions in force for the postal communication with such place.

[Route by which letters, &c., shall be despatched.]

VII. Unless specially superscribed for first despatch by land or sea, or by some particular ship, letters and other articles, as aforesaid, shall be sent by such route as shall appear to the Post-Master to afford the means of most speedy and secure transmission.

[Letters, &c, for foreign countries, through Great Britain, to be addressed to an agent.

VIII. Letters and other articles required to be transmitted *via* Great Britain to foreign countries must, unless the pre-payment of postage from the United Kingdom to such countries be optional, be addressed to the care of an agent or other person in the United Kingdom, by whom the foreign postage demandable at the London General or other Post Office may be paid. Such postage cannot be received in this country; and unless it be paid through an agent in the United Kingdom, the letters, &c., are liable to be returned to India.

[*Government Gazette, 5th June* 1866.]

রিত হইলে ততই লওয়া যাইবে। কিন্তু বর্জ্জিত স্থল এই২।

শ্রীশ্রীমতী মহারাণীর পোষ্ট মাষ্টর জেনরল সাহেবের সঙ্গে নিয়মবদ্ধ ব্রিটিশ মেইল প্যাকেট দ্বারা কিম্বা শ্রীশ্রীমতীর গবর্ণমেণ্টের সহিত নিয়মবদ্ধ ফ্রান্সীয় মেইল প্যাকেট দ্বারা যে সকল পত্র ও অন্য দ্রব্য ভারতবর্ষের এক স্থানহইতে অন্য স্থানে প্রেরিত হয়, তাহার উপর যত মাসুল এইক্ষণে ধার্য্য হয় ততই আদায় হইতে থাকিবে।

[ব্রিটনীয় ভারতবর্ষের সীমার বহির্ভূত কোন স্থানহইতে পত্রাদি আইলে কি প্রেরিত হইলে তাহার যত মাসুল ধার্য্য হইল তাহার কথা]

৫ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষহইতে কি ভারতবর্ষে যে সকল পত্র ও অন্য দ্রব্য ডাকদ্বারা গ্রেট ব্রিটনে কি ব্রিটনীয় কোন উপনিবেশে কিম্বা কোন ভিন্ন দেশে কি তথাহইতে পাঠান যায়, তাহার উপর এইক্ষণে মাসুলের যে হার ধার্য্য আছে তাহা আদায় হইতে থাকিবে।

[ডাকঘরে কি পত্র গ্রহণের গৃহাদিতে পত্রাদি প্রেরণার্থে গ্রাহ্য হইবার কথা।]

৬ ধারা। পত্র ও (দত্তমাশুলের) সম্বাদপত্র ও পুস্তক পুলিন্দা ও অন্য পুলিন্দা ভারতবর্ষের কোন স্থানে ডাকযোগে চালান করিবার নিমিত্তে প্রত্যেক ডাকঘরে ও পত্রগ্রহণের ঘরে কি পোষ্ট মাষ্টর জেনরল অন্য যে স্থান নিরূপণ করেন সেই স্থানে, এবং প্রত্যেক থানায় ও জিলার প্রত্যেক ডাকঘরে গ্রাহ্য হইবে।

আর ব্রিটনীয় ভারতবর্ষের সীমার বহির্ভূত যে কোন স্থানে ডাকযোগে পত্রাদির অর্পন প্রেরণ হয়, সেই স্থানে চালান করিবার জন্যে পত্র ও অন্য দ্রব্য পূর্ব্বোক্ত প্রত্যেক ডাকঘরে কি অন্য স্থানে গ্রাহ্য হইবে। ঐ২ স্থানে পত্রাদি প্রেরণ হইলে ডাক মাসুলের যে হার ও যে নিয়ম চলিত আছে তাহাই প্রবল থাকিবে।

[পত্রাদি যে পথে প্রেরণ হইবে তাহার কথা।]

৭ ধারা। পত্রাদি স্থলপথে কি সমুদ্রপথে প্রথম সুযোগে, কিম্বা কোন বিশেষ জাহাজে প্রেরণীয়, এই কথা যদি পূর্ব্বোক্তরূপ পত্রের কি অন্য দ্রব্যের উপর স্পষ্ট লেখা না থাকে, তবে ডাকাধ্যক্ষের বিবেচনায় পত্রাদি যে উপায়ে ত্বরায় ও নির্ব্বিঘ্নে চালান হইতে পারে তিনি সেই উপায়ে প্রেরণ করিবেন।

[গ্রেট ব্রিটন দিয়া ভিন্নদেশে প্রেরণার্থ পত্র কোন এজেণ্টের নামে প্রেরণের কথা।]

৮ ধারা। যে সকল পত্র কি অন্য দ্রব্য গ্রেট ব্রিটন দিয়া ভিন্নদেশে পাঠাইতে হইবে, যদি ঐ সংযুক্ত রাজ্যহইতে ঐ দেশের ডাক মাসুল পূর্ব্বে দেওয়া কি না দেওয়া স্বেচ্ছাধীন না হইয়া থাকে, তবে ভিন্নাধিকার দেশীয় যে ডাক মাসুল লণ্ডন নগরের সাধারণ কি অন্য ডাকঘরে দাতব্য হইবে তাহা সংযুক্ত রাজ্যের মধ্যবাসি যে এজেণ্টের কি অন্য ব্যক্তির স্থানে আদায় হইতে পারিবে তাঁহার জিম্মা করিয়া ঐ পত্রাদি লিখিতে হইবে। ঐ ডাক মাসুল এই দেশে গ্রহণ হইতে পারিবে না। এবং যদি উপরের লিখিতমতে সংযুক্ত রাজ্যবাসি এজেণ্টের দ্বারা না দেওয়া যায়, তবে ঐ পত্র ভারতবর্ষে ফিরিয়া পাঠান যাইতে পারিবে।

[Name of sender of any letter, &c., not to be demanded.]

IX. The name of the sender of any letter or other article shall not be demanded in any Post Office, whether the postage be prepaid or not.

[Letters to be received at any station for delivery at such station.]

X. Letters, newspapers, book packets and parcels shall be received at any Presidency or Provincial Post Office, or Receiving House, for delivery at the same station within the ordinary range of delivery.

[Limitation as to weight of parcels.]

XI. Parcels exceeding 600 tolahs in weight shall not be received for despatch along any line of road on which the banghy parcels are carried by foot-runners; and no parcel exceeding 2,000 tolahs in weight shall be received at any Post Office for despatch by Banghy or Letter Mail, under any circumstances whatever.

[Parcels received from seaward in excess of maximum weight, how to be treated.]

XII. Parcels received by post from seaward, exceeding the weight which may be sent by Banghy Post, shall be made over to the Collector of Customs for publication in his Lists of Unclaimed Packages.

[Newspapers, &c., not to be detained for examination, but to be forwarded marked "doubtful."]

XIII. Newspapers, or other articles packed in open covers, or letters certified to be on the Public Service, respecting any of which there is reason to believe that the provisions of the Post Office Act have been infringed, shall not be detained for examination at the Despatching Office, but shall be forwarded marked "doubtful." The Post-Master receiving such letters, &c, by the Mail, shall then be guided by the instructions laid down in Section LX. of the Post Office Act; but unless for the causes specified above, and in Sections XXVIII. and LX. of the Post Office Act, and in Section L., Clause 8 of the Post Office Rules, all Post Office Authorities are prohibited from detaining any letter, paper, or packet received for delivery by post.

[Letters, papers and parcels, to be weighed at Office of Despatch.]

XIV. All letters, newspapers, or other articles received for despatch by Letter or Banghy Post shall be weighed at the Post Office of Despatch, and shall be stamped with the Office Stamp; and all letters, &c., the full postage on which has not been prepaid by stamps, shall have the postage to which they are severally liable marked on them. Banghy

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৫ জুন।]

[কোন পত্রাদি প্রেরকের নাম কহিতে আদেশ না হইবার কথা।]

৯ ধারা। কোন পত্র কি অন্য দ্রব্যের মাসুল পূর্ব্বে দেওয়া যাউক কি না যাউক যে ব্যক্তি তাহা পাঠাইয়াছে তাহার নাম কহিতে আদেশ হইবে না।

[কোন স্থানে বিলি করিবার নিমিত্তে সেই স্থানের ডাক ঘরে পত্র লওনের কথা।]

১০ ধারা। কোন রাজধানীর কি প্রদেশের ডাকঘর কি পত্র গ্রহণের ঘরের পত্র বিলি করণের যে সীমা নির্দ্ধার্য্য হইয়াছে সেই সীমার মধ্যে বিলি করণের জন্যে পত্র ও সংবাদপত্র ও পুস্তকের পুলিন্দা ও পুলিন্দা ঐ ডাকঘরে গ্রাহ্য হইবে।

[পুলিন্দার ওজন নিরূপণ।]

১১ ধারা। যে পথে বাঙ্গির পুলিন্দা ডাকের হরকরাদের দ্বারা চালান যায় এমত কোন পথে ৬০০ তোলার অধিক ওজনের পুলিন্দা চালান করিবার জন্যে লইতে হইবে না। এবং ২০০০ তোলার অধিক ওজনের পুলিন্দা বাঙ্গির দ্বারা কি পত্রের ডাক পুলিন্দার দ্বারা চালান হইবার নিমিত্তে কোন প্রকারের কোন ডাক ঘরে লওয়া যাইবে না।

[ঐ ঊর্দ্ধ ওজন হইতে অধিক ওজনের পুলিন্দা সমুদ্র পথে আইলে তাহা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

১২ ধারা। যত ওজনের পুলিন্দা বাঙ্গির ডাকে পাঠান যাইতে পারে তাহার অধিক ওজনের পুলিন্দা সমুদ্র পথে ডাকঘরে আনা গেলে কষ্টমের কালেক্টর সাহেবকে তাঁহার দাওয়া না হওয়া পুলিন্দার ফর্দ্দে প্রকাশ হইবার নিমিত্তে তাহা দেওয়া যাইবে।

[সংবাদপত্র প্রভৃতি অনুসন্ধানার্থ আটক না করিয়া "সন্দিগ্ধ" এই কথা লিখিয়া চালান করিতে হইবার কথা।]

১৩ ধারা। দুইদিগে খোলা খামে বদ্ধ সংবাদ পত্রের কি অন্য দ্রব্যের কিম্বা "রাজকার্য্যে প্রেরিত" এই নিদর্শনযুক্ত কোন পত্রের বিষয়ে ডাকঘরের আইনের বিধান লঙ্ঘন হইয়াছে যদি কোন হেতুতে এমত সন্দেহ হয়, তবে যে ডাকঘরে চালান হইবে সেই ডাকঘরে অনুসন্ধান হইবার জন্যে আটক করিতে হইবে না, কিন্তু "সন্দিগ্ধ" এই কথা তাহার উপর লিখিত হইয়া চালান হইবে। পরে যে ডাকাধ্যক্ষের নিকটে ঐ পত্রাদি ডাক পুলিন্দায় পঁহুছে তিনি ডাকঘরের আইনের ৬০ ধারার লিখিত আদেশ মতে কর্ম্ম করিবেন। কিন্তু সকল ডাকঘরের কার্য্যকারকদিগকে নিষেধ হইতেছে যে বিলি করিবার জন্যে তাঁহারা ডাকের দ্বারা যে কোন পত্র কি কাগজ কি পুলিন্দা পান তাহা উপরের নির্দ্দিষ্ট হেতু ভিন্ন এবং ডাকঘরের আইনের ২৮ ও ৬০ ধারার এবং ডাক-বিষয়ি বিধির ৫০ ধারার ৮ প্রকরণের লিখিত [illegible] ভিন্ন অন্য কোন কারণে আটক না করেন।

[চালাওনের ডাকঘরে পত্র ও কাগজ ও পুলিন্দা ওজন হইবার কথা।]

১৪ ধারা। ডাক কি বাঙ্গির ডাকে চালান হইবার জন্যে যে সকল পত্র কি সংবাদপত্র কি অন্য কাগজ[illegible] ও পুলিন্দা পাওয়া যায় তাহা যে ডাকঘর হইতে চালান হইবে তথায় ওজন করা যাইবে এবং তাহাতে ডাকঘরের ইষ্টাম্প বসান যাইবে, এবং যে সকল পত্র প্রভৃতির সম্পূর্ণ মাসুল ডাকমাসুলের ইষ্টাম্পদ্বারা পূর্ব্বে না দেওয়া গিয়াছে তাহার প্রত্যেকের যত মাসুল দেনা হয়

parcels shall, in all cases, be re-weighed on delivery. The re-weighing of private letters and other articles shall be at the discretion of the Officer in charge of the Delivery Office.

[Examination of Post Office Records not permitted to the public.]

XV. Persons not belonging to the Department shall not be admitted into the interior, nor permitted to examine the records of any Post Office, without the special permission of the Post-Master General, to whom, or to the Post-Master, applications for information or redress must be made, either in person, or in writing, by the party requiring the same.

[Hours of receipt at Post Offices.]

XVI. At all Post Offices registered letters and Banghy parcels will be received every day, Sundays excepted, for despatch, from 7 A. M. to 8 A. M., and from noon to 5 P. M.

[Letter-boxes to remain open day and night.]

XVII. Letter-boxes will remain open day and night; the hours at which each letter-box will be cleared will be marked upon it.

[Office hours for references.]

XVIII. Official references and personal applications to Post Office Authorities shall be made between the hours of 7 A. M. and 8 A. M., and between noon and 5 P. M., except on Sundays, when Post Offices will be open from 7 A. M. to 8 A. M., and one other hour.

[Notice of despatch and receipt of Mails to be placarded.]

XIX. A notice shall be conspicuously placarded, in English and the language of the place, outside every Post Office, giving information respecting the hours of attendance, the despatch of Mails, and the delivery of letters.

[Despatch of Mails.]

XX. The packets for all Mails to be despatched in the course of the night shall be closed at 6 P. M., but for Mails which usually pass in the course of the day the packets shall be made up half an hour before the time appointed for the arrival of such Mails. Notice of the hour at which each Mail is closed shall be hung up outside the Office, both in English and the language of the district.

[Late letters.]

XXI. Except when a Post-Master General shall deem a longer interval necessary, "late letters" will

তাহার চিহ্ন তাহার উপর দেওয়া যাইবে। বাঙ্গির পুলিন্দা পঁহুছাইয়া দেওন কালে সর্ব্বদাই পুনরায় ওজন হইবে। সাধারণ ব্যক্তিদের পত্র ও অন্য দ্রব্য পঁহুছিয়া দেওন কালে কার্য্যালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক স্বীয় বিবেচনামতে পুনরায় ওজন করিতে পারিবেন।

[ডাকঘরের কাগজপত্র সাধারণ লোকদের নিরীক্ষণ করিবার অনুমতি না থাকনের কথা।]

১৫ ধারা। যাঁহারা ডাকঘরের কর্ম্মবিভাগের লোক নহেন তাঁহারা পোষ্ট মাষ্টর জেনরল সাহেবের স্পষ্ট অনুমতি বিনা কোন ডাকঘরের ভিতরে যাইতে পারিবেন না, এবং কাগজপত্রও নিরিক্ষণ করিতে পারিবেন না। যে ব্যক্তি কোন সংবাদ পাইতে চাহেন কিম্বা কোন ক্ষতির প্রতিকার পাইতে চাহেন তিনি পোষ্ট মাষ্টর জেনরল সাহেবের কিম্বা ডাকাধ্যক্ষের নিকটে স্বয়ং গিয়া কি পত্র লিখিয়া তাহা প্রার্থনা করিতে পারিবেন।

[ডাকঘরে পত্র গ্রহণের সময়ের কথা।]

১৬ ধারা। প্রত্যেক ডাকঘরে রেজিষ্টরী পত্র ও বাঙ্গির পুলিন্দা চালান হইবার নিমিত্তে রবিবার ছাড়া প্রতিদিন পূর্ব্বাহ্ণ বেলা ৭ ঘণ্টা অবধি ৮ ঘণ্টা পর্য্যন্ত এবং বেলা দুই প্রহর অবধি অপরাহ্ণের ৫ ঘণ্টা পর্য্যন্ত লওয়া যাইবে।

[পত্রের বাক্স দিবারাত্র খোলা থাকিবার কথা।]

১৭ ধারা। পত্রের বাক্স দিবারাত্র খোলা থাকিবে। যে২ সময়ে তাহাহইতে পত্র বাহির করিয়া লওয়া যাইবে তাহা তাহাতে অঙ্কিত থাকিবে।

[কর্ম্ম বিষয়ক পত্র প্রেরণের সময়ের কথা।]

১৮ ধারা। ডাকঘরের কার্য্যকারকদের নিকটে কর্ম্ম সংক্রান্ত পত্র লিখিতে কিম্বা স্বয়ং তাঁহারদের নিকটে আবেদন করিতে হইলে রবিবার ছাড়া তাহা পূর্ব্বাহ্ণ বেলা ৭ ঘণ্টা অবধি ৮ ঘণ্টার মধ্যে এবং দুই প্রহর অবধি অপরাহ্ণ বেলা ৫ ঘণ্টার মধ্যে করিতে হইবে। রবিবারে পূর্ব্বাহ্ণ বেলা ৭ ঘণ্টা অবধি ৮ ঘণ্টা পর্য্যন্ত ও অন্য এক ঘণ্টা ডাকঘর খোলা থাকিবে।

[মেইল পাঠাইবার ও পঁহুছিবার সম্বাদ লটকাইবার কথা।]

১৯ ধারা। কর্ম্মকারকেরা যে২ ঘণ্টায় ডাকঘরে থাকিবেন এবং মেইল যে সময়ে পাঠান যায় ও পত্র যে সময়ে দেওয়া যায়, এই সকল সম্বাদসূচক পত্র ইংলণ্ডীয় ও স্থানের প্রচলিত ভাষায় লিখিত হইয়া প্রত্যেক ডাকঘরের বহির্ভাগে কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়া যাইবে।

[মেইল পাঠাইবার কথা।]

২০ ধারা। যে সকল পত্রপুলিন্দা রজনীযোগে প্রেরিত হইবে তাহার বাক্স অপরাহ্ণের ৬ ঘণ্টার সময়ে বন্ধ হইবে। কিন্তু যে২ পত্রপুলিন্দা দিনমানে চালান হয় সেই পুলিন্দা মেইল পঁহুছিবার নিরূপিত সময়ের আধ ঘণ্টা পূর্ব্বে বন্ধ করা যাইবে। প্রত্যেক মেইল যে সময়ে বন্ধ হইবে সেই সময়ের জ্ঞাপনপত্র ইংলণ্ডীয় ও জিলার প্রচলিত ভাষায় লিখিত হইয়া কার্য্যালয়ের বহির্ভাগে লটকান যাইবে।

[বিলম্বের পত্র।]

২১ ধারা। বিলম্বে যে পত্র ডাকে দেওয়া যায় তাহা মেইল পাঠাইবার পূর্ব্বে পঞ্চদশ মিনিট পর্য্যন্ত গ্রাহ্য হই-

[*Government Gazette* 5*th June* 1866.]

be received at any Post Office until fifteen minutes before the despatch of the Mails. But no late letter will be forwarded by the Mail preparing for despatch, unless fully prepaid by means of stamps, so as to include the ordinary postage and a late letter fee of half a Rupee.

N. B.—Late letters are such as are posted after the hour fixed for the closing of any Mail, and which, therefore, cannot be sent forward by the Mail then in preparation, unless extra payment be made. No Office shall be kept open merely for the reception of late letters after the usual hour of closing at night. Late letters can be posted only at a Post Office.

[Letters, &c, damaged not to be received.]

XXII. The Post-Master at any station, or person in charge of the Post Office, shall have power to refuse letters or other articles bearing the appearance of having been opened and re-closed, or otherwise improperly dealt with, unless the writer or sender thereof shall attest with his full signature that they were sent in that state. No parcel shall be received for transmission by Banghy Post, unless it be securely packed in cloth, or wax-cloth, or tin; and no such parcel, packed in cloth, or wax-cloth, shall be received unless seals, bearing distinct impressions of some device (not that of a current coin), be fixed at intervals not exceeding three inches along the lines of sewing by which the cover is secured.

[Post Offices not to receive valuables for despatch.]

XXIII. In order to protect, as far as possible the public Mails from the chance of robbery, Officers in charge of Post Offices shall not knowingly receive coin, bullion, precious stones, or jewels for despatch, either by Letter or Banghy Post.

[Registered letters.]

XXIV. Letters, newspapers and book packets will be registered on payment of a fee of four annas; and parties posting such letters, newspapers or book packets will be furnished with a receipt bearing the address of the letter and the Office stamp. The fee must, in all cases, be paid in stamps. On the delivery of a registered letter a receipt for the same must be given to the Delivery Peon.

[Receipts will not be given for letters, &c.]

XXV. Receipts will not be granted for any letters, or papers, or book packets received at any Post Office for despatch, except in the case of registered articles; and will be granted for parcels only when presented ready written, either in books

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৬১। ৫ জুন]

তে পারিবে। যদি পোষ্টমাষ্টর জেনরল সাহেব অধিক সময়ের বিধি করিতে চাহেন করিতে পারিবেন। কিন্তু পত্র বিলম্বে দেওয়া গেলে, যদি ইষ্টাম্পদ্বারা তাহার সম্পূর্ণ মাশুল না দেওয়া যায়, অর্থাৎ নিয়মিত মাশুল এবং বিলম্ব পত্রহেতুক আট আনার টিকিট তাহাতে না দেওয়া গেলে, যে মেইল প্রেরিত হইবার উদ্যত তদ্দ্বারা ঐ বিলম্ব পত্রের প্রেরণ হইবে না।

মন্তব্য। কোন মেইল বন্দ করিবার যে ঘণ্টা নির্দ্ধারিত হইয়াছে তাহার পশ্চাৎ যে পত্র ডাকে দেওয়া যায় তাহাকে বিলম্বপত্র বলে। তৎকালে চালান করিবার যে পত্রের পুলিন্দা বাঁধা যাইতেছে অতিরিক্ত মাশুল না দিলে ঐ পত্র সেই পুলিন্দায় চালান যাইতে পারিবে না। রাত্রিতে ডাকঘর বন্দ করিবার যে সময়ের নিয়ম হইয়াছে, সেই সময়ের পরে কোন বিলম্ব পত্র গ্রাহ্য করিবার জন্যে ডাকঘর খোলা থাকিবে না। বিলম্বপত্র কেবল ডাকঘরেই দেওয়া যাইতে পারিবে।

[যে পত্রাদির হানি হইয়াছে তাহা না লইবার কথা।]

২২ ধারা। যে পত্র কি অন্য দ্রব্য খোলা গিয়াছে ও পুনরায় আঁটা গিয়াছে, কিম্বা যৎসম্পর্কে কোন অনুচিত ব্যবহার হইয়াছে এমত পত্রাদি কোন স্থানের ডাকাধ্যক্ষ কিম্বা ডাকঘরের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক অগ্রাহ্য করিতে পারিবেন। কিন্তু ঐ পত্রাদির লেখক কি তৎপ্রেরক যদি লিখিয়া দেয় যে সেই পত্রাদি সেই অবস্থায় পাঠান গিয়াছে ও তাহাতে আপনার সম্পূর্ণ নাম স্বাক্ষর করেন, তবে অগ্রাহ্য করিবেন না। কোন পুলিন্দা কাপড়ে কি মোমজামাতে কি টিনে দৃঢ়মতে বদ্ধ না হইলে তাহা বাঙ্গিডাকে পাঠাইবার জন্যে গ্রাহ্য হইবে না। কাপড়ে কি মোমজামায় বদ্ধ হইলেও যে কাপড়ে বদ্ধ আছে যদি তাহার সেলাই হইবার স্থানে তিন২ ইঞ্চির অনধিক ব্যবধানে লাহা দিয়া চালিত টাকাপ্রভৃতি মুদ্রা ভিন্ন অন্য কোন মোহর বসান না যায়, তবে তাহা গ্রাহ্য হইবে না।

[ডাকঘরে কোন বহুমূল্য দ্রব্য চালান হইবার নিমিত্তে গ্রাহ্য না হইবার কথা।]

২৩ ধারা। রাজকীয় ডাকপুলিন্দা অপহরণ হইবার সম্ভাবনাহইতে সাধ্যমতে রক্ষা করিবার জন্যে ডাকঘরের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারকেরা পত্রের কি বাঙ্গির ডাকে চালান করিবার জন্যে জ্ঞানপূর্ব্বক মুদ্র কি স্বর্ণরূপ্যের চাক্তি কি বহুমূল্য পাতর কি আভরণ গ্রহণ করিবেন না।

[রেজিষ্টরী করা পত্রের কথা।]

২৪ ধারা। চারিআনা ফী দেওয়া গেলে পত্র সংবাদপত্র ও পুস্তকের পুলিন্দা রেজিষ্টরী করা যাইবে যাঁহারা তদ্রূপ পত্র কি সংবাদপত্র কি পুস্তকের পুলিন্দ ডাকে দেন তাঁহারদিগকে পত্রাদির শিরোনামা লিখিত কথা ও ডাকঘরের ইষ্টাম্পযুক্ত এক রসী দেওয়া যাইবে। ঐ ফী সর্ব্বদাই টিকটক্রমে দিত হইবে। রেজিষ্টরী করা পত্র পঁহুছাইয়া দেওয়া গেল যে হরকরা তাহা পঁহুছাইয়া দেয় তাহাকে ঐ পত্রে রসীদ দিতে হইবে।

[পত্রাদির রসীদ না দিবার কথা।]

২৫ ধারা। রেজিষ্টরী করা দ্রব্য ছাড়া অন্য যে প কি কাগজ কি পুস্তকের পুলিন্দা চালান হইবার নি মিত্তে কোন ডাকঘরে গ্রাহ্য হয় তাহার কোন রসী দেওয়া যাইবে না। এবং পুলিন্দার সঙ্গে যদি বহী কি স্বতন্ত্র এক থান কাগজে রসীদ লিখিয়া অ

or on separate slips of paper along with the parcels. Receipts so presented will be duly stamped.

[Master Attendant to notify intended departure of all vessels. Post-Master to publish weekly Lists.]

XXVI. The Master Attendant of each Presidency, Port, or such other Officer as may be directed by Government shall furnish the Post-Master with early intimation of the intended departure of all vessels to any part of the world; and the Post-Master shall cause a list of the vessels for which packets are open to be published weekly in the Official *Gazette* of his own Presidency.

[Post-Master to publish weekly Notice of packets despatched.]

XXVII. The Post-Master shall also cause to be published weekly in the Official *Gazette* of the Presidency a Notice of the several dates up to which packets have been despatched by each vessel carrying a Mail that may have left the Port.

[Public Despatches to be compactly made up.]

XXVIII. All Public Despatches are to be made up in the most compact form possible; and whenever two or more letters are despatched from any one Office to the same individual by the same day's post they are to be put up under one cover.

[When bulk of Mails exceeds regulated weight how to be disposed of.]

Lieutenant C. Hayter is vested with the powers of a Subordinate Magistrate of the First Class, and those of a Moonsiff in Assam.

Mr. L. R. Forbes is vested with the powers of a Moonsiff in Chota Nagpore.

The following Order issued by the Government of India, in the Foreign Department, is republished for general information :—

No. 425.

Political.

Simla, the 2nd May 1866.

Notification.

Baboo Doorga Persaud Ghose, late Deputy Collector in the Survey Department under the Government of Bengal, is permitted to retain the honorary title of Rai Bahadoor during life.

The following Notification issued by the Government of the North-Western Provinces is published for general information :—

No. 1540A.

GENERAL DEPARTMENT.

The 8th May 1836.

NOTIFICATION.

It having been brought to the notice of Government that letters directed to Budaon, in the Rohilkund Division, are frequently mis-sent to Burdwan in Bengal, and that great inconvenience is thereby caused to the Public Service; it is hereby requested that all Officers of Government will in future add the word "Rohilkund" to the direction of all letters intended for Budaon.

No. 958.

APPOINTMENTS.

The 19*th May* 1866.

Mr. J. E. A. Eyre, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Sewan, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class in Sarun. Mr Eyre is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

The 23rd May 1866.

Mr. C. P. Hobhouse to officiate temporarily as Additional Civil and Sessions Judge of the

[*Government Gazette, 5th June* 1866.]

শ্রীযুত আর এস রেনি সাহেব ... নওয়াখালীতে।
,, বাবু গোপালচন্দ্র দাস ... ত্রিহুতে।

লেপ্টেনেন্ট শ্রীযুত সি হেটর সাহেব আসামে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও মুনসেফের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত এল আর ফর্ব্বস সাহেব ছোট নাগপুরে মুনসেফের ক্ষমতা পাইয়াছেন।

ফরিন্ ডিপার্টমেন্ট ভারতবর্ষের গবর্ণমেন্টের যে আজ্ঞা প্রকাশ হয় তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে করা যাইতেছে।

৪২৫ নম্বর।

পলিটিকাল, সিমলা ১৮৬৬ সাল ২ মে।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের গবর্ণমেন্টের অধীন পরিমাপন কার্য্যবিভাগের ভূত পূর্ব্ব ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ যাবজ্জীবন সম্ভ্রমসূচক রায় বাহাদুর উপাধি প্রাপ্ত থাকিবেন।

উত্তরপশ্চিম দেশের গবর্ণমেন্টের প্রচারিত নিম্নলিখিত বিজ্ঞাপন সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৫৪০ A নম্বর।

সাধারণ কার্য্য বিভাগ।

১৮৬৬ সাল ৮ মে।

বিজ্ঞাপন।

রহিলখণ্ড খণ্ডের অন্তর্গত বদাওনে যে সকল পত্র প্রেরিত হয় তাহা ভ্রমক্রমে বঙ্গদেশের অন্তর্গত বর্দ্ধমানে পাঠান গিয়া থাকে ইহাতে রাজকীয় কার্য্যের অত্যন্ত অসুবিধা হইতেছে গবর্ণমেন্টে ইহা অবগত হওয়াতে এতদ্দ্বারা আদেশ করিতেছেন যে গবর্ণমেন্টের সকল কার্য্যকারকেরা ভবিষ্যতে বদাওনে যে সকল পত্র পাঠাইবেন তাহাতে "রহিল খণ্ড" এই কথা লিখিয়া দিবেন।

---

৯৫৮ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ১৯ মে।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ই এ আয়র্ সাহেব সেওয়ান শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং সারণে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান লইতে কিম্বা উক্ত সেশন আদালতের কিম্বা হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

১৮৬৬ সাল ২৩ মে।

শ্রীযুত সি পি হবহৌস সাহেব এইক্ষণে যে বিশেষ কর্ম্ম করিতেছেন তদতিরিক্ত কিয়ৎকালের নিমিত্তে

24-Pergunnahs, in addition to the special duty on which he is at present engaged.

Mr. C. D. Field to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade, but to continue to officiate as Judge of the Principal Court of Small Causes at Jessore, until further orders.

Baboo Lukheekant Roy, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Cox's Bazar, and to exercise the powers of a Magistrate in Chittagong.

Mr. G. C. Kilby to be a Municipal Commissioner for the Town of Chittagong.

Mr. W. H. Thompson, Assistant Magistrate and Collector, Backergunge, is transferred to Dacca, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class, and of a Deputy Collector in the latter District.

Sub-Assistant Surgeon Monohur Mookerjee was in Medical charge of the Civil Station of Chuprah from the 13th April to 11th June 1865.

The 28th May 1866.

Mr. W. E. Ward to officiate as Vice-Chairman of the Municipal Commissioners for the Town of Midnapore, during the absence, on leave, of Mr. T. J. C. Grant, or until further orders.

Mr. J. Birkmyre to officiate as an Assistant Commissioner in Cachar, during the absence, on deputation, of Mr. J. W. Edgar, or until further orders. Mr. Birkmyre will exercise the powers of a Subordinate Magistrate of the First Class, and the powers of a Deputy Collector and Moonsiff in Cachar.

Mr. P. Cosserat to be Sub-Deputy Opium Agent of the Fifth Grade in Hajeepore.

Mr. W. Francis to officiate as Sub-Deputy Opium Agent of Chuprah, during the absence, on leave, of Mr. S. Cooper, or until further orders.

The 29th May 1866.

Mr. Meyrick H. L. Beebee, B. A., Officiating Professor, Presidency College, is promoted to the Third Grade of the Bengal Educational Service.

Lieutenant H. M. Ramsay to officiate as District Superintendent of Police in Hooghly.

Mr. J. Patch to officiate as District Superintendent of Police in the Western Dooars of Bootan.

Mr. J. D. Maclean, Assistant Magistrate and Deputy Collector of Bettiah, is transferred to the Sudder Station of Chumparun.

Mr. W. H. Grimley to be an Assistant to the Magistrate and Collector of Chumparun, to have charge of the Sub-Division of Bettiah, and to

২৪ পরগনার আডিস্যনল সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি ডি ফিল্ড সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত যশোহরের প্রধান ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের কর্ম্ম করিতে থাকিবেন।

ডেপুটী মাজিষ্টেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু লক্ষ্মীকান্ত রায় কক্সবাজার শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং চট্টগ্রামে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি সি কিল্‌বি সাহেব চট্টগ্রাম নগরের মুনিসিপাল কমিস্যনর হইবেন।

বাকরগঞ্জের আসিস্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ তামসন সাহেব ঢাকায় নিযুক্ত হইয়াছেন, এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

সব-আসিস্টান্ট চিকিৎসক শ্রীযুত মনোহর মুখোপাধ্যায় ১৮৬৫ সালের আপ্রিল মাসের ১৩ তারিখঅবধি জুন মাসের ১১ তারিখ পর্য্যন্ত ছাপরার সিবিল মোকামের চিকিৎসা কর্ম্মের ভার প্রাপ্ত ছিলেন।

১৮৬৬ সাল ২৮ মে।

শ্রীযুত টি জে সি গ্রাণ্ট সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থাকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডবলিউ ই ওয়ার্ড সাহেব মেদিনীপুর নগরের মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতির কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে ডবলিউ এডগর সাহেবের রাজকীয় কর্ম্মোপলক্ষে গমন জন্য অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে বার্কমেয়র সাহেব কাছাড়ে আসিস্টাণ্ট কমিস্যনরের কর্ম্ম করিবেন, এবং তিনি কাছাড়ে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও মুনসেফের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত পি কসিরাট সাহেব হাজিপুরে আফীমের পঞ্চম শ্রেণীর সব-ডেপুটী এজেণ্ট হইবেন।

শ্রীযুত এস কুপর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডবলিউ ফ্রান্সিস্ সাহেব ছাপরার আফীমের সব-ডেপুটী এজেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২৯ মে।

প্রেসিডেন্সী কালেজের একটিং অধ্যাপক শ্রীযুত মেরিক্ এচ এল বিবি সাহেব বি, এ, বঙ্গদেশের শিক্ষা সংক্রান্ত কার্য্যের তৃতীয় শ্রেণী ভুক্ত হইয়াছেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত এচ এ রামসে সাহেব হুগলীর পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে পাচ সাহেব ভুটানের পশ্চিম দুয়ারের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

বেতিয়ার আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডি মাকলীন সাহেব চাম্পারণের সদর মোকামে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ গ্রিমলি সাহেব চাম্পারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইয়া বেতিয়া শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং ঐ

PUBLIC WORKS (RAILWAY) DEPARTMENT,—BENGAL.

Fort William, the 15*th May* 1866.

DRAFT DECLARATION UNDER SECTION 2 OF ACT VI. OF 1857.

NOTIFICATIONS.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up, at the public expense, for a public purpose, *viz.*, for Bungalows for the Engineers employed in constructing the Goalundo Extension of the Eastern Bengal Railway, it is hereby notified that, for the aforesaid purpose, a piece of land, situated about 1,000 yards north of the said line of Railway, in the Village Buzruckkora, Pergunnah Berhampore, Commercolly Sub-Division, Zillah Pubna, measuring twelve and a half beegahs, more or less, will be required.

The land is bounded on the North, South, and East by ground belonging to Baboo Debnath Thakur, and on the West by the towing-path on the east bank of the River Gorai.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

The 19*th May* 1866.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the construction of Bungalows on the new Chord Line from Seetarampore to Luckeeserai, it is hereby declared that, for the above purpose, several pieces of land, measuring in all 243*b.* 9*c.* 3*ch.*, more or less, situated in (Mouzah Roopnarainpore, Zillah Purulia,) (Mouzah Meeheejam, Mouzah Pearsollah, Mouzah Gaichand, Zillah Berbhoom,) (Mouzah Kallajurrea, Mouzah Sapaher, Mouzah Dhamna, Mouzah Kurmatar, Mouzah Bhojpore, Mouzah Robnee, Mouzah, Gurjorah, Sonthal Pergunnahs,) (Mouzah Peerpharee, Zillah Bhaugulpore,) is required. The plots are defined on the ground, and their boundaries are as stated below.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

Mouzah Roopnarainpore, (8bs. 15cs.)

The land is bounded on the—

North—By Sreemonto Manjhee's land and Baboo Shebnarian Singh's land.

South—By Sreemonto Manjhee and Doyal Ghose's land.

[*Government Gazette*, 5*th June* 1866.]

বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম ১৮৬৬ সাল ১৫ মে।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামত বিজ্ঞাপনের পাণ্ডুলিপি।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে, রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ইষ্টার্ণবেঙ্গল রেলওয়ের গোয়ালন্দ বর্দ্ধিত পথ প্রস্তুত করণার্থে নিযুক্ত ইঞ্জিনিয়র সাহেবদের বাঙ্গলাঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পাবনা জিলার অন্তর্গত কুমারখালী শাখাখণ্ডের বহরমপুর পরগনার বজরুকোরা গ্রামে উক্ত রেলওয়ের প্রায় ১০০০ গজ উত্তরে ন্যূনাধিক ১২।।০ বিঘা ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর, দক্ষিণ ও পূর্ব্বসীমা বাবু দেবনাথ ঠাকুরের অধিকৃত ভূমি পশ্চিম সীমা গোড়াই নদীর পূর্ব্বধারে গুণ টানিবার পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৬৬ সাল ১৯ মে।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ সীতারামপুর অবধি লক্ষীসরাই পর্য্যন্ত যে রেলপথ হইয়াছে তাহার স্থানেং বাঙ্গলা ঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পুরুলিয়া জিলার অন্তর্গত রূপনারায়ণপুর মৌজার, এবং বীরভূম জিলার অন্তর্গত মিহিজাম ও পিয়ারশোলা ও গৈচাঁদ মৌজার এবং সাঁওতাল পরগনার অন্তর্গত কালাজুরিয়া ও সাপাহড় ও ধাম্না ও করমাটর ও ভোজপুর ও রবনী ও গড়যোড়া মৌজার এবং ভাগলপুর জিলার অন্তর্গত পীরপাহাড়ী মৌজার নানা খণ্ড ভূমি অর্থাৎ সমুদয়ে ন্যূনাধিক ২৪৩।৫/ ভূমির প্রয়োজন। ঐ সকল ভূমি খণ্ডের চিহ্ন দেওয়া গিয়াছে ও তাহার সীমা পশ্চাৎ লেখা যাইতেছে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

মৌজে রূপনারায়ণ পুরে ৮৶০ কাঠা

উক্ত ভূমির সীমা এই২—

উত্তর সীমা শ্রীমন্ত মাঝির ও বাবু শিবনারায়ণ সিংহের ভূমি।

দক্ষিণ সীমা শ্রীমন্ত মাঝির ও দয়াল ঘোষের ভূমি।

East—By Sreemonto Manjhee and Baboo Shibnarian Singh's land.

West—By the public road from Seetarampore.

Mouzah Meeheejam, (8bs. 15cs. 10ch.)

The land is bounded on the—

North—By Mouzah Meeheejam and Rajah Doobraj Singh's land.

South—Ditto ditto.

East—Ditto ditto.

West—Ditto ditto.

Mouzah Pearsollah, (8bs. 2cs. 8ch.)

The land is bounded on the—

North—By Mouzah Pearsollah and the public road.

South—By the Chord Line.

East—By Mouzah Pearsollah and Rajah Doobraj Singh's land.

West—Ditto ditto.

Mouzah Gaichund, (23bs. 6cs. 10ch.)

The land is bounded on the—

North—By Mouzah Surkuldeb and Rajah Doobraj Singh's land.

South—By Mouzah Gaichund and Rajah Doobraj Singh's land.

East—Ditto ditto.

West—Ditto ditto.

Mouzah Kallajurreah, (12bs. 9cs. 2ch.)

The land is bounded on the—

North—By Gobind Mahtoh's field.

South—By Waste Land and a Tank.

East—By Waste Land.

West—By the Chord Line.

Mouzah Sapaha, Site No. 1, (31bs. 10cs. 13ch.)

The land is bounded on the—

North—By cultivated land of Mouzah Sapaha.

South—By the Kurburballee branch line.

East—By the Chord Line.

West—By Waste Land.

Mouzah Sapaha, Site No. 2, (14bs. 17cs. 4ch.)

The land is bounded on the—

North—By Narain Mahtoh's field.

South—Ditto ditto.

East—By Waste Land.

West—By the Chord Line.

Mouzah Dhamna, (16bs. 1c. 8ch.)

The land is bounded on the—

North—By Waste Land.

South—Ditto ditto.

East—By the Chord Line.

West—Mouzah Futtehpore and Sophal Chamar's land.

Mouzah Kurmatar, (13bs. 8cs. 5ch.)

The land is bounded on the—

North—By the Chord Line.

পূর্ব্ব সীমা শ্রীমন্ত মাঝির ও বাবু শিবনারায়ণ সিংহের ভূমি।

পশ্চিম সীমা সীতারামপুরহইতে যে রাজপথ যায় তাহা।

মৌজা মিহিজামে ৮৸০৷৷৶ ছটাক।

উক্ত ভূমির সীমা এই২—

উত্তর সীমা মৌজা মিহিজাম ও রাজা দুবরাজ সিংহের ভূমি।

দক্ষিণ সীমা ঐ ঐ

পূর্ব্ব সীমা ঐ ঐ

পশ্চিম সীমা ঐ ঐ

মৌজা পিয়রশোলার ৮/২৷৷০ ছটাক।

উক্ত ভূমির সীমা এই২—

উত্তর সীমা মৌজা পিয়রশোলা ও রাজপথ।

দক্ষিণ সীমা রেলপথ।

পূর্ব্ব সীমা, মৌজা পিয়রশোলা ও রাজা দুবরাজ সিংহের ভূমি।

পশ্চিম সীমা ঐ ঐ

মৌজা গৈচাঁদে ২৩।১৷৷৶ ছটাক।

উক্ত ভূমির সীমা এই২—

উত্তর সীমা মৌজা সর্কলদেব ও রাজা দুবরাজ সিংহের ভূমি।

দক্ষিণ সীমা মৌজা গৈচাঁদ ও রাজা দুবরাজ সিংহের ভূমি।

পূর্ব্ব সীমা ঐ ঐ

পশ্চিম সীমা ঐ ঐ

মৌজা কালাজুরিয়ায় ১২।৪৶ ছটাক।

উক্ত ভূমির সীমা এই২—

উত্তর সীমা গোবিন্দ মহতের ভূমি।

দক্ষিণ সীমা পতিত ভূমি ও পুষ্করিণী।

পূর্ব্ব সীমা পতিত ভূমি।

পশ্চিম সীমা রেলপথ।

মৌজা সাপাহায় ১ নং স্থান, ৩১৷৷০৮/ ছটাক।

উক্ত ভূমির সীমা এই২—

উত্তর সীমা সাপাহা মৌজার কর্ষিত ভূমি।

দক্ষিণ সীমা, করবরবালির শাখা পথ।

পূর্ব্ব সীমা রেল পথ।

পশ্চিম সীমা পতিত ভূমি।

মৌজা সাপাহায় ২ নং স্থান ১৪৮২৷০ ছটাক।

উক্ত ভূমির সীমা এই২

উত্তর সীমা নারায়ণ মহতোর ভূমি।

দক্ষিণ সীমা ঐ ঐ

পূর্ব্ব সীমা পতিত ভূমি।

পশ্চিম সীমা রেলপথ।

মৌজা ধামনায় ১৬/১৷৷০ ছটাক।

উক্ত ভূমির সীমা এই২—

উত্তর ভূমি পতিত ভূমি।

দক্ষিণ সীমা ঐ ঐ

পূর্ব্ব সীমা রেলপথ।

পশ্চিম সীমা ফতেপুর মৌজা ও সোফাল চামারের ভূমি।

মৌজা করমতারে ১৩।৩।/০।

উক্ত ভূমির সীমা এই২—

উত্তর সীমা রেলপথ।

exercise the powers of a Magistrate and Deputy Collector in that District.

Mr. A. C. Brett to be an Assistant to the Magistrate and Collector of Purneah, to have charge of the Sub-Division of Kishengunge, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class and of a Deputy Collector in that District. Mr. Brett is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

This cancels the appointment of Mr. F. Wyer to the Sub-Division of Kishengunge, notified in the *Calcutta Gazette* of the 9th instant. Mr. Wyer will continue to be in charge of the Sub-Division of Arrareah, until further orders.

LEAVE OF ABSENCE.

The 22nd May 1866.

Lieutenant G. C. Sconce, Officiating Agent for Transports and Assistant Master Attendant, for four months, without pay, under the Financial Notification dated 4th June 1864.

Mr. R. Falcon, Extra Assistant Commissioner, Durrung, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India dated 8th November 1865.

The 28th May 1866.

Baboo Koonjolall Banerjee, Principal Sudder Ameen of Hooghly, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the 26th instant, or any other date on which he may avail himself of the leave, making over charge of his duties to the Second Principal Sudder Ameen of the District.

The 29th May 1866.

Mr. E. S. Moseley, Assistant Magistrate and Collector, Purneah, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

NOTIFICATIONS.

The 28th May 1866.

Baboo Hem Chunder Kur, Deputy Magistrate and Deputy Collector of Gurbetta, having returned to his duties on the 28th of December last, the unexpired portion of the leave granted to him under orders of the 13th idem, and of which he availed himself on the 4th, is cancelled.

The Right Hon'ble the Secretary of State has, in his Financial Despatch No. 69, dated the 31st

জিলাতে মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ সি ব্রেট সাহেব পূরণিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইয়া কৃষ্ণগঞ্জ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং ঐ জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে এবং উক্ত সেশন আদালতের কি হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

শ্রীযুত এফ ওয়াইয়র সাহেবের কৃষ্ণগঞ্জ শাখাখণ্ডে নিযুক্ত হওনের যে কথা এই মাসের ১৫ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল, তিনি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত আরারিয়া শাখাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত থাকিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ২২ মে।

সৈন্য গমনার্থ জাহাজের একটিং এজেণ্ট ও আসিষ্টাণ্ট মাস্টর আটেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত জি সি স্কন্স সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৪ সালের ৪ জুন তারিখের বিজ্ঞাপনমতে বিনা বেতনে চারি মাসের ছুটী পাইয়াছেন।

দরঙ্গের আতিরিক্ত আসিষ্টাণ্ট কমিসনর শ্রীযুত আর ফাল্কন সাহেব ভারতবর্ষের মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৮ মে।

হুগলীর প্রধান সদর আমীন শ্রীযুত বাবু কুঞ্জলাল বন্দ্যোপাধ্যায় এই মাসের ২৬ তারিখ অবধি কিম্বা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন কর্ম্মের ভার ঐ জিলার দ্বিতীয় প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবেন।

১৮৬৬ সাল ২৯ মে।

পূরণিয়ার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ই এস মোসলী সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২৮ মে।

গরবেতার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হেমচন্দ্র কর গত ডিসেম্বর মাসের ২৮ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে ঐ মাসের ১৩ তারিখের আজ্ঞামতে দত্ত যে ছুটী তিনি ৪ তারিখ অবধি লইতে আরম্ভ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের গত মার্চ মাসের ৩১ তারিখের

March last, intimated the grant of an extension of leave for six months, on Medical Certificate, to Mr. W. K. Clementson, of the Uncovenanted Service.

NOTIFICATION.

The 30th April 1866.

It is hereby notified, for general information, that under the provisions of Section 35, Act III. (B. C.) of 1864, the Lieutenant-Governor is pleased to declare that, subject to the limitations therein contained, a tax shall be imposed upon all carriages, horses, and elephants kept within the limits of the Town of Silchar, in Cachar, within which the Act is in operation, at the rates specified in the Schedule annexed to the said Act.

NOTIFICATION.

The 15th May 1866.

It is hereby notified that, under the authority vested in him by Section 24, Act XIV., 1859, *(an Act to provide for the limitation of suits,)* the Lieutenant-Governor is pleased to extend the operation of that Act to the territories lately ceded by the Government of Bootan.

NOTIFICATION.

The 15th May 1866.

It is hereby notified that, under the authority vested in him by Section 445 of Act XXV. of 1861, or the Code of Criminal Procedure, the Lieutenant-Governor is pleased to extend the operation of that Act to the territories lately ceded by the Government of Bootan.

It is also notified that the Lieutenant-Governor, under the power vested in him by Section 196 of the above Act, is pleased to direct that in the aforementioned territories the evidence of witnesses shall be taken down by the Magistrate with his own hand and in his own vernacular language, unless he be prevented by any sufficient reason from taking down the evidence of any witness, in which case he shall record the reason of his inability to do so, and shall cause the evidence to be taken down in writing from his dictation in open court.

A. EDEN,
Secy. to the Gov'. of Bengal.

৬৯ নং পত্রক্রমে অচিহ্নিত কার্য্যসম্পর্কীয় শ্রীযুক্ত ডবলিউ কে ক্লেমেন্টসন সাহেবকে চিকিৎসকের সর্টিফিকটক্রমে অতিরিক্ত ছয় মাসের ছুটী দিয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৩০ আপ্রিল।

১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৩ আইন কাছাড় জিলার শিলচার নগরে প্রচলিত হইয়াছে তদুপলক্ষে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সর্ব্বসাধারণের জ্ঞানার্থে ৩৫ ধারার বিধানমতে সংবাদ দিতেছেন যে উক্ত আইনের নিষেধ বিধি দৃঢ় মানিয়া উক্ত আইনে সংযুক্ত তফসিলের নির্দ্দিষ্ট হারে ঐ নগরের সীমার মধ্যে যে সকল গাড়ী ও ঘোড়া ও হস্তী রাখা যায় তাহার উপর টাক্স বসাইবার অনুমতি করিতেছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৫ মে।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১৪ আইনের (অর্থাৎ মোকদ্দমার মিয়াদের বিধি করিবার আইনের) ২৪ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি উক্ত আইন সম্প্রতি ভোট গবর্ণমেন্টের দত্ত দেশে প্রচলিত করিবেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৫ মে।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬১ সালের ২৫ আইনের অর্থাৎ ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪৪৫ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি উক্ত আইন সম্প্রতি ভোট গবর্ণমেন্টের দত্ত দেশে প্রচলিত করিলেন।

আরো সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত আইনের ১৯৬ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি আজ্ঞা করিতেছেন যে পূর্ব্বোক্ত দেশে মাজিষ্ট্রেট সাহেব স্বদেশীয় ভাষায় স্বহস্তে সাক্ষিদের সাক্ষ্য লিখিয়া লইবেন, কিন্তু সেই মাজিষ্ট্রেট যদি উপযুক্ত কোন কারণে কোন সাক্ষির সাক্ষ্য লিখিতে না পারেন তবে তাহার অপারকতার কারণ লিখিবেন ও খোলা কাছারীতে আপনার কথনমতে ঐ সাক্ষ্য লেখাইবেন।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৫ জুন।]

South—By Mohan Mahtoh's land.
East—Ditto ditto.
West—Ditto ditto.

Mouzah Bhojpore, (8bs.)

The land is bounded on the—
North—By Waste Land of Mouzah Bhojpore.
South—By Maddan Singh's, Hoolas Mahtoh, and Manhodh Mahtoh's fields.
East—By the Chord Line.
West—By Thakooree Nawa's field and Waste Land.

Mouzah Rohnee, (71bs. 18cs. 1ch.)

The land is bounded on the—
North—By the garden of Jasroo Tetera, Bechoo Ojah, and Sona Roy.
South—By Amrao Kandoo, Sadoo Ojah, and Hurgowree Pershad's fields.
East—By Sona Roy and Beharree Ojah's fields.
West—By Mahtul Tewarrea and Lalloo Roy's fields.

Mouzah Gurjorah, (6bs. 5cs.)

The land is bounded on the—
North—By Pershad Manjhee and Jiroo Roy's fields.
South—By the public road from Rohnee.
East—By Muddoosoodan Singh, Pershad Rawat, Shunkar Shikdar, and Pershad Manjhee's fields.
West—By Jiroo Roy's field.

Mouzah Pearpharee, (20bs.)

The land is bounded on the—
North—By Waste Land and Jungle.
South—By Ditto.
East—By Waste Land.
West—By Waste Land and Jungle.

Declaration under Section 2, Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up, at the public expense, for a public purpose, *viz.*, for an Engineer's Bungalow on the Goalundo Extension of the Eastern Bengal Railway, it is hereby notified that, for the aforesaid purpose, a piece of land, situated at about 500 yards North of the line of Railway in Village Mahdabpoor, Pergunnah. Belgache, Zillah Fareedpoor, measuring three and a half beegahs, more or less, is required. The land is bounded on all sides by land belonging to Rohim Bux Chandari.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

Declaration under Section 2, Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up, at the public expense, for a public purpose, *viz.*,

দক্ষিণ সীমা মোহন মহতোর ভূমি।
পূর্ব্ব সীমা ঐ ঐ
পশ্চিম সীমা ঐ ঐ

মৌজা ভোজপুরে ৮ বিঘা।

উক্ত ভূমির সীমা এই২—
উত্তর সীমা ভোজপুর মৌজার পতিত ভূমি।
দক্ষিণ সীমা, মদন সিংহের ও হুলাস মহতোর ও মানহদ্ধ মহতোর ক্ষেত্র।
পূর্ব্ব সীমা রেলপথ।
পশ্চিম সীমা ঠাকুরী নওয়ার ক্ষেত্র ও পতিত ভূমি।

মৌজা রোহিণীতে ৭৸৶১/০ ছটাক।

উক্ত ভূমির সীমা এই২—
উত্তর সীমা জাসুক তেত্রার ও বেচু ওঝার ও সোনা রায়ের বাগান।
দক্ষিণ সীমা অমরাও কাণ্ডুর ও সাধু ওঝার ও হরগৌরী প্রসাদের ক্ষেত্র।
পূর্ব্ব সীমা, সোণা রায়ের ও বেহারী ওঝার ক্ষেত্র।
পশ্চিম সীমা মহতাল তেওয়ারির ও লালু রায়ের ক্ষেত্র।

মৌজা গড়যোড়ায় ৬।০ কাঠা।

উক্ত ভূমির সীমা এই২—
উত্তর সীমা প্রসাদ মাজির ও জিরু রায়ের ক্ষেত্র।
দক্ষিণ সীমা রোহিণীহইতে যে রাজপথ যায় তাহা।
পূর্ব্ব সীমা মধুসূদন সিংহের ও প্রসাদ রাওতের ও শঙ্কর শিকদারের ও প্রসাদ মাজির ক্ষেত্র।
পশ্চিম সীমা জিরু রায়ের ক্ষেত্র।

মৌজা পীরফাড়িতে ২০/ বিঘা।

উক্ত ভূমির সীমা এই২—
উত্তর সীমা পতিত ভূমি ও জঙ্গল।
দক্ষিণ সীমা ঐ ঐ
পূর্ব্ব সীমা পতিত ভূমি।
পশ্চিম সীমা পতিত ভূমি ও জঙ্গল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ইষ্টর্ণ বেঙ্গল রেলওয়ের গোয়ালন্দ বর্দ্ধিত পথে ইঞ্জিনিয়রের বাঙ্গলা ঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ফরিদপুর জিলার অন্তর্গত বেলগাছি পরগনার মাধবপুর গ্রামে রেলওয়ে পথের ৫০০ গজ উত্তরে স্থিত ন্যূনাধিক ৩।।০ বিঘা ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির চতুর্দ্দিগে রহিম বক্স চাঁদারির অধিকৃত ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ইষ্টারর্ণ বেঙ্গল রেলওয়ের গোয়ালন্দ বর্দ্ধি পথে ইঞ্জিনিয়রের বা-

for an Engineer's Bungalow on the Goalundo Extension of the Eastern Bengal Railway, it is hereby notified that, for the aforesaid purpose, a piece of land, situated at about 300 yards North of the line of Railway in Village Sutjeelpoor, Pergunnah Nosorut Shahi, Zillah Pubna, measuring nine and a half beegahs, more or less, is required. The land is bounded on the North, South, and East by Ram Rottan Roy's land, and on the West by Meer Mahamad Ali's land.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up, at the public expense, for a public purpose, *viz.*, for an Engineer's Bungalow on the Goalundo Extension of the Eastern Bengal Railway, it is hereby notified that, for the aforesaid purpose, a piece of land, situated at about 220 yards North of the line of Railway in Village Goral, Pergunnah Mahamad Shahi, Sub-Division Commercolly, Zillah Pubna, measuring three beegahs, more or less, is required. The land is bounded on the North by land held in putni by Gobindo Seel; on the East by land held in putni by Jogo Mohun; and on the South and West by land held in putni by Shama Shundari Dassi.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

By order of the Lieutenant-Governor of Bengal,

J. HOVENDEN, *Major, R. E,*
Asst. Secy. to the Govt, of Bengal,
P. W. D., Railway Branch.

ঙ্গলা ঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পাবনা জিলার অন্তর্গত নশরৎ শাহী পরগনার সৎজীলপুর গ্রামের প্রায় ৩০০ গজ উত্তরে স্থিত ন্যূনাধিক ৯॥০ বিঘা ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর ও দক্ষিণ ও পূর্ব্ব সীমা রামরতন রায়ের ভূমি, পশ্চিম সীমা মীর মহম্মদ আলীর ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ইষ্টার্ণ বেঙ্গল রেলওয়ের গোয়ালন্দ বর্দ্ধিত পথে ইঞ্জিনিয়রের বাঙ্গলা ঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পাবনা জিলার অন্তর্গত কুমারখালী শাখাখণ্ডের মহম্মদ শাহী পরগনার গোড়াল গ্রামে রেলপথের প্রায় ২২০ গজ উত্তরে স্থিত ন্যূনাধিক ৩৲ বিঘা পরিমিত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর সীমা গোবিন্দ শীলের পত্তনী ভূমি, পূর্ব্ব সীমা জগমোহনের পত্তনী ভূমি, দক্ষিণ ও পশ্চিম সীমা শ্যামসুন্দরী দাসীর পত্তনী ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

জে হবেনডেন মেজর আর ই,
রেলওয়ের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্টসেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা রাজশাহী।

এস্তেহারনামা কাছারী কালেক্টরী জেলা রাজশাহী এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা রাজশাহীর নীচের লিখিত মহাল মালগুজারির বাকী বাবৎ ইংরেজী সন ১৮৬১ সালের ১৪ জুন মোতাবেক বাঙ্গলা সন ১২৬৮ সালের ১ আষাঢ় রোজ বৃহস্পতিবার এই জেলার কালেক্টরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক সন ১৮৬১। তারিখ ৫ মেই মোতাবেক সন ১২৬৮ বাং তারিখ বৈশাখ।

প্রথম শ্রেণীর ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল।

৩৮১ নং। তরফ শিবরামপুর পঃ গোপীনাথপুর মালিক ঈশানচন্দ্র লাহিড়ী সদর জমা ৬৫৬৸৵০

P. A. HUMPHREY,
Offg. Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬১। ৫ জুন।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ বে বার্কো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, JUNE 5, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৫ জুন ।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপুর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপম্যান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জিলা নদীয়া।

ইস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা নদীয়া।

নিম্নের লিখিত মহাল যাহা গবর্ণমেণ্টের স্বত্বে আছে তাহা সন ১৮৬৬ সালের ২৩ জুন তারিখে নীলা বিক্রয় হইবেক অতএব এই এস্তেহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে এঃ চিহ্নিত মহালের জমার বিশ পণ ও বিঃ চিহ্নিত মহালের জমার দশ গুণ পণে লাখেরাজ স্বরূপ বিক্রয় হইবেক।

এই মহাল যাহারা ক্রয় করেন তাহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটা সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন, ইতি সন ১৮৬৬। ১১ মে।

নং রেজিষ্টরী।	নং তৌজী।	নাম মহাল ও পরগনা	যত একর পরিমাণ।	সদর জমা।	রোড ফণ্ড।	একুন।	বিশগুণ পণের কম বিক্রয় হইবেক না।	কৈফিয়ৎ
		এঃ						
১০১ নং	১৮৬৮ নং	মৌজেউলা তং মামজোওয়ানি ...	এঃ রুঃ পঃ ৪।২।৩০	৬।৶০	৵০	৬।৶০	১২৸০	
১৪৪ নং	২৬১৯ নং	মৌজে মিবাইপুর পং বাগোয়ান ...	৪।১।২০	২৲৮	৲৪	২৴০	৪৴৪	
১৫৯ নং	৩১৮৫ নং	মৌং দোগাছিয়া পং বাগোয়ান ...	১।১।৮	১৴৬	৲২	১৴৮	২৶০	
১৭৭ নং	১১১৭ নং	মৌং মহিষুড়া পং কৃষ্ণনগর ...	৮।২।২৬	৫৴০	৲১০	৫৴১০	১০৵০	
১৮১ নং	৮৬৯ নং	চর নিশ্চিন্দীপুর পং জাহাঙ্গীরাবাদ ...	২৬।২।০	১১৷০	৴১১	১১৷৴১১	২৲	
		বিঃ						
১০২ নং	১৮৭৬ নং	মৌং শোণডেঙ্গা পং বাগোয়ান ...	০।২।২৮	৷৶৯	০	৷৶৯	৫৸৴৬	
১৮৫ নং	১৬৩১ নং	মৌং নারায়ণপুর পং মাটীয়ারি ...	০।১।২	৶৭	০	৶৭	২৶১০	

H. Ulick Browne,
Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 12, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ১২ জুন।

HOME DEPARTMENT.

No. 2979.

Fort William, the 2nd April 1866.

NOTIFICATIONS.

With reference to the Notification No. 3226, dated the 1st July 1862, published in the *Calcutta Gazette Extraordinary* of the same date, promulgating the Act 24 and 25 Victoria, Cap. 104, "for establishing High Courts of Judicature in India," and the Letters Patent of the 14th May 1862, constituting the High Court of Judicature for the Bengal Division of the Presidency of Fort William; and with reference also to the Notification No. 1330, dated the 25th August 1865, published in the *Gazette of India* of the 26th idem, promulgating the Act 28 Victoria, Cap. 15, whereby the term for granting fresh Letters Patent for the High Courts in India was extended to the 1st day of January 1866, the Governor General in Council is pleased to direct the publication of the following Letters Patent for the High Court of Judicature at Fort William in Bengal, bearing date the 28th December 1865.

By order of the Governor General in Council,

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

হোম ডিপার্টমেণ্ট।

২৯৭৯ নম্বর।

ফোর্ট উলিয়ম ১৮৬৬ সাল ২ আপ্রিল।

বিজ্ঞাপন।

১৮৬২ সালের ১ জুলাই তারিখের অতিরিক্ত কলিকাতা গেজেটে ঐ তারিখের ৩২২৬ নম্বরের জ্ঞাপনপত্র প্রকাশ হয়। ঐ জ্ঞাপনপত্রে ভারতবর্ষের মধ্যে বিচারাধিপত্যযুক্ত হাই কোর্ট সংস্থাপনার্থ শ্রীশ্রীমতী বিকটোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায় এবং ফোর্ট উলিয়ম রাজধানী সংক্রান্ত বঙ্গদেশের নিমিত্তে বিচারাধিপত্যযুক্ত হাই কোর্ট সংস্থাপনার্থ ১৮৬২ সালের ১৪ মে তারিখের পেটেন্টপত্র প্রচারিত হইয়াছিল। আরো ১৮৬৫ সালের ২৬ আগস্ট তারিখের ইণ্ডিয়া গেজেটে ঐ মাসের ২৫ তারিখের ১৩৩০ নম্বরের জ্ঞাপনপত্র প্রকাশ হইয়াছিল। ভারতবর্ষস্থ হাই কোর্টের নিমিত্তে নূতন পেটেন্টপত্র প্রদানের সময় ১৮৬৬ সালের জানুয়ারি মাসের প্রথম তারিখ পর্যন্ত বিস্তৃত করণার্থ শ্রীশ্রীমতী বিকটোরিয়ার ২৮ বৎসরের আইনের ১৫ অধ্যায় ঐ জ্ঞাপনপত্রে প্রচারিত হয়। ঐ দুই জ্ঞাপনপত্রের উপলক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীতে বিচারাধিপত্যযুক্ত হাই কোর্টসম্পর্কীয় ১৮৬৫ সালের ২৮ ডিসেম্বর তারিখের পেটেন্টপত্র প্রকাশ করিতে আজ্ঞা করিয়াছেন।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে,

ই সি বেলি,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

Letters Patent for the High Court of Judicature at Fort William in Bengal, bearing date the 28th December 1865.

[Recital of Act 24 & 25 Vict., cap. 104.]

VICTORIA, by the Grace of God, of the United Kingdom of Great Britain and Ireland, Queen, Defender of the Faith, To all to whom these Presents shall come, greeting: Whereas by an Act of Parliament passed in the Twenty-fourth and Twenty-fifth Years of Our Reign, intituled "An Act for establishing High Courts of Judicature in India," it was amongst other things enacted, that it should be lawful for Her Majesty, by Letters Patent under the Great Seal of the United Kingdom, to erect and establish a High Court of Judicature at Fort William in Bengal, or the Bengal Division of the Presidency of Fort William aforesaid, and that such High Court should consist of a Chief Justice, and as many Judges, not exceeding fifteen, as Her Majesty might, from time to time, think fit to appoint, who should be selected from among persons qualified as in the said Act is declared: Provided always, that the persons who at the time of the establishment of such High Court were Judges of the Supreme Court of Judicature, and Permanent Judges of the Court of Sudder Dewanny Adawlut or Sudder Adawlut of the same Presidency, should be and become Judges of such High Court without further appointment for that purpose, and the Chief Justice of such Supreme Court should become the Chief Justice of such High Court, and that upon the establishment of such High Court as aforesaid, the Supreme Court and the Court of Sudder Dewanny Adawlut and Sudder Nizamut Adawlut at Calcutta, in the said Presidency, should be abolished:

And that the High Court of Judicature so to be established should have and exercise all such civil, criminal, admiralty, and vice-admiralty, testamentary, intestate, and matrimonial jurisdiction, original and appellate, and all such powers and authority for and in relation to the administration of justice in the said Presidency, as Her Majesty might by such Letters Patent as aforesaid grant and direct, subject, however, to such directions and limitations, as to the exercise of original civil and criminal jurisdiction beyond the limits of the Presidency town, as might be prescribed thereby; and save as by such Letters Patent might be otherwise directed, and subject and without prejudice to the legislative powers in relation to the matters aforesaid of the Governor General of India in Council, the High Court so to be established should have and exercise all jurisdiction, and every

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১২ জুন।]

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের নিমিত্তে পেটেণ্টপত্র। ১৮৬৫ সাল ২৮ ডিসেম্বর।

[মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়ের পুনরুক্তি।]

ঈশ্বরের অনুগ্রহক্রমে গ্রেট ব্রিটন ও ঐরলাণ্ড সংযুক্ত রাজ্যের রাণী ও খ্রীষ্টীয় ধর্ম্ম রক্ষিকা শুভানুধ্যায়িনী শ্রীশ্রীমতী বিক্টোরিয়া যাঁহাদের নিকটে এই প্রকাশিত বাক্য উপস্থিত হয়, তাঁহাদিগকে জ্ঞাত করিতেছেন। আমাদের রাজত্ব কালের চতুর্ব্বিংশ ও পঞ্চবিংশ বৎসরে "ভারতবর্ষের মধ্যে মোকদ্দমার বিচার করণার্থে হাই কোর্ট স্থাপন করিবার আইন" নামে পার্লিমেণ্টের এক আইন প্রচারিত হয়। তাহাতে বিধানান্তরের মধ্যে এই বিধানও হইয়াছিল যে শ্রীশ্রীমতী মহারাণী সংযুক্ত রাজ্যের বৃহৎ মোহরাঙ্কিত পেটেণ্টপত্রক্রমে বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীতে কিম্বা উক্ত কোর্ট উলিয়ম রাজধানী সংক্রান্ত বঙ্গদেশে মোকদ্দমার বিচারার্থ হাই কোর্ট রচনা ও সংস্থাপন করিতে ক্ষমতাপন্ন হইবেন। ও সেই হাই কোর্টে এক জন চীফ জষ্টিস সাহেব থাকিবেন, ও পঞ্চদশের অনধিক যত জন বিচারকর্ত্তাকে শ্রীশ্রীমতী সময়ে২ নিযুক্ত করা উপযুক্ত জ্ঞান করেন তাঁহারা নিযুক্ত থাকিবেন। এবং যে ব্যক্তিরা উক্ত আইনের বাক্যমতে যোগ্য হন তাঁহাদের মধ্যহইতে সেই বিচারকর্ত্তারা মনোনীত হইবেন। কিন্তু সেই হাই কোর্ট সংস্থাপন কালে, যাঁহারা উক্ত রাজধানীর সুপ্রীম কোর্টের জজ এবং ঐ রাজধানীর অন্তর্গত সদর দেওয়ানী আদালতের কি সদর আদালতের অবধারিত বিচারকর্ত্তা ছিলেন, তাঁহাদের নিযুক্ত হইবার অন্য কোন আজ্ঞা ব্যতিরেকে তাঁহারা সেই হাই কোর্টের জজ হইবেন। এবং সেই সুপ্রীম কোর্টের চীফ জষ্টিস সাহেব ঐ হাই কোর্টের চীফ জষ্টিস হইবেন। এবং পূর্ব্বোক্ত হাই কোর্ট সংস্থাপন হইলে উক্ত রাজধানীর অন্তর্গত কলিকাতার সুপ্রীম কোর্ট ও সদর দেওয়ানী আদালত ও সদর নিজামৎ আদালত রুদ্ধ হইবে।

আরো শ্রীশ্রীমতী মহারাণী পূর্ব্বোক্ত প্রকারের পেটেণ্টপত্র দ্বারা দেওয়ানী ও ফৌজদারী ও আডমিরালটী ও বৈস-আডমিরালটী ও উইল বিষয়ক ও যাঁহারা উইল না লিখিয়া মরেন তাঁহাদের সম্পত্তি বিষয়ক ও বিবাহ বিষয়ক প্রথমোপস্থিত ও আপীলী মোকদ্দমার বিচারার্থে যে ক্ষমতা, ও উক্ত প্রেসিডেন্সীর মধ্যে যথার্থ বিচারকরণার্থে ও তৎসম্পর্কে যে সকল ক্ষমতা ও শক্তি প্রদান ও আদেশ করেন সেই ক্ষমতা পূর্ব্বোক্তমতের সংস্থাপ্য হাই কোর্ট প্রাপ্ত হইবেন ও তদনুসারে কার্য্য করিবেন। কিন্তু উক্ত পত্রের মধ্যে রাজধানীর সীমার বহির্ভূতস্থানে দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমার প্রথমস্থলে বিচারকরণসম্পর্কীয় ক্ষমতার বিষয়ে যে আদেশ ও যে সীমা নির্দ্দিষ্ট হয় তাহা প্রবল থাকিবে। এবং উক্ত প্রেসিডেন্সীর উক্ত যে২ আদালত উক্ত আইনমতে রুদ্ধ হইয়াছে, তাহা রুদ্ধ হওন কালে সেই সকল আদালতের যে বিচারাধিপত্য ছিল, ও যে সকল শক্তি ও ক্ষমতা সেই২ আদালতে কোন প্রকারে অর্পিত হইয়া

power and authority whatsoever, in any manner vested in any of the Courts in the same Presidency abolished under the said Act at the time of the abolition of such last-mentioned Courts:

And whereas We did, upon full consideration of the premises, think fit to erect and establish, and by Our Letters Patent under the Great Seal of the United Kingdom of Great Britain and Ireland, bearing date at Westminster the Fourteenth day of May, in the Twenty-fifth Year of Our Reign, in the Year of our Lord One thousand eight hundred and sixty-two, did, accordingly, for Us, Our heirs and successors, erect and establish, at Fort Willam in Bengal, for the Bengal Division of the Presidency of Fort William aforesaid, a High Court of Judicature, which should be called the High Court of Judicature at Fort William in Bengal, and did thereby constitute the said Court to be a Court of Record; and whereas We did thereby appoint and ordain, that the said High Court of Judicature at Fort William in Bengal should, until further or other provision should be made by Us or Our heirs and successors in that behalf, in accordance with the recited Act consist of a Chief Justice and thirteen Judges, and did thereby, in addition to the persons who at the time of the establishment of the said High Court were Judges of the Supreme Court of Judicature, and permanent Judges of the Court of Sudder Dewanny Adawlut, in the said Presidency respectively, constitute and appointed certain other persons, being respectively qualified as in the said Act is declared, to be Judges of the said High Court.

And whereas on the Thirtieth day of January, One thousand eight hundred and sixty-three, We did in the manner in the said recited Act provided direct and ordain that the said High Court should consist of a Chief Justice and fourteen Judges:

[S. 17.]

And whereas by the said recited Act it is declared lawful for Her Majesty, at any time within three years after the establishment of the said High Court, by Her Letters Patent, to revoke all or such parts or provisions as Her Majesty might think fit of the Letters Patent by which such Court was established, and to grant and make such other powers and provisions as Her Majesty might think fit, and as might have been granted or made by such first Letters Patent:

[Title.]

And whereas by the Act of the Twenty-eighth of Our Reign, chapter fifteen, entitled "An Act

[*Government Gazette*, 12*th June* 1866.]

ছিল, পূর্ব্বোক্ত সংস্থাপ্য আদালতের তত্তুল্য বিচারাধিপত্য ও সেই সকল শক্তি ও ক্ষমতা থাকিবে ও তদনুসারে কার্য্য হইবে। কিন্তু যদি উক্ত পেটেন্টপত্রে প্রকারান্তরের অনুজ্ঞা থাকে, তবে তাহা প্রবল হইবে। এবং পূর্ব্বোক্ত বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্নর জেনরল সাহেবের ব্যবস্থা করণের যে ক্ষমতা আছে তাহা প্রবল থাকিবে ও কিছুমাত্র খর্ব্ব হইবে না।

আরো আমরা পূর্ব্বাপক্ষের সম্পূর্ণ বিচার করণ পূর্ব্বক, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীতে বিচারাধিপত্যযুক্ত হাই কোর্ট নামে যাহা খ্যাত হইবে উক্ত ফোর্ট উলিয়ম রাজধানী সংক্রান্ত বঙ্গদেশের নিমিত্তে বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীতে বিচারাধিপত্য যুক্ত হাই কোর্ট স্থাপন ও প্রতিপন্ন করা বিহিত বোধ করিয়া, ওয়েষ্টমিনষ্টরে আমারদের রাজত্বের পঞ্চবিংশ বৎসরের ও আমারদের প্রভু খ্রীষ্টের অব্দের এক সহস্র অষ্ট শত বাষট্টি সালের মে মাসের চতুর্দ্দশ দিবসে আমারদের ও অস্মদাদির পুত্রপৌত্রাদি ও উত্তরাধিকারিগণের পক্ষে গ্রেট ব্রিটন ও ঐরলণ্ড সংযুক্ত রাজ্যের বৃহৎ মোহরাঙ্কিত পেটেন্ট পত্রদ্বারা হাই কোর্ট স্থাপন ও প্রতিপন্ন করিয়াছি, ও তৎক্রমে সেই কোর্টকে রিকার্ডের কোর্ট করিয়াছি। আরো আমরা তদ্দ্বারা নিরূপণ ও নিষ্কার্য্য করিয়াছি, যে আমরা কি অস্মদাদির পুত্রপৌত্রাদি ও উত্তরাধিকারিগণ পূর্ব্বোক্ত আইনঅনুসারে যত কাল অধিক কি অন্য বিধান না করেন, তত কাল উক্ত হাই কোর্ট এক জন চীফ জষ্টিস ও ত্রয়োদশ জন বিচারকর্ত্তাকে লইয়া বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীতে বিচারাধিপত্য যুক্ত হইবে। আরো উক্ত হাই কোর্ট সংস্থাপনকালে যে ব্যক্তিরা উক্ত রাজধানীর অন্তর্গত সুপ্রীম কোর্টের জজ ও সদর দেওয়ানী আদালতের অবধারিত জজ ছিলেন, সেইং ব্যক্তি ভিন্ন আমরা উক্ত আইনের নিষ্কারণানুযায়ি সুযোগ্য অন্য কোনং ব্যক্তিদিগকে উক্ত হাই কোর্টের জজ করিলাম ও উক্ত পত্রদ্বারা তৎপদে নিযুক্ত করিলাম।

আরো আমরা ১৮৬৩ সালের জানুআরি মাসের ৩০ তারিখে উক্ত আইনের বিধানমতে আজ্ঞা ও বিধান করিয়াছিলাম যে এক জন চীফ জষ্টিস ও চতুর্দ্দশ জন বিচারকর্ত্তাকে লইয়া উক্ত হাই কোর্ট হয়।

আরো উক্ত আইনের ১৭ ধারাতে ব্যক্ত হইয়াছিল যে উক্ত হাই কোর্ট সংস্থাপিত হইবার পর তিন বৎসরের মধ্যে কোন সময়ে, শ্রীশ্রীমতীর যে পেটেন্ট পত্রদ্বারা ঐ হাই কোর্ট সংস্থাপিত হইয়াছিল তাহার যে কোন অংশ কি বিধান অন্যথা করা উচিত বোধ করেন শ্রীশ্রীমতী পেটেন্ট পত্রদ্বারা তৎসমুদয় কি কোন অংশ অন্যথা করিয়া অন্য যে ক্ষমতা ও বিধান উপযুক্ত জ্ঞান করেন ও সেই প্রথম পেটেন্ট পত্রদ্বারা প্রদান কি প্রচলন করিতে ক্ষমতাপন্ন হইতেন এমত ক্ষমতা প্রদান ও বিধান প্রচলন করিতে ক্ষমতাপন্ন হইবেন।

[আখ্যা।]

আরো "ভারতবর্ষের অন্তর্গত হাই কোর্টের পক্ষে নূতন পেটেন্টপত্র প্রদানের সময় বৃদ্ধি করণার্থ এবং

"to extend the Term for granting fresh Letters "Patent for the High Court in India, and to make "further provision respecting the territorial Jurisdiction of the said Courts," the time for issuing fresh Letters Patent has been extended to the First of January, One thousand eight hundred and sixty-six:

And whereas, in order to make further provision respecting the constitution of the said High Court, and the administration of justice thereby, it is expedient that the said Letters Patent, dated the Fourteenth of May, One thousand eight hundred and sixty-two, should be revoked, and that some of the powers and provisions thereby granted and made should be granted and made with amendments and additional powers and provisions by fresh Letters Patent:

[Revocation of Letters Patent of 1862.]

1. Now know ye that We, upon full consideration of the premises, and of Our especial grace, certain knowledge, and mere motion, have thought fit to revoke, and do by these presents (from and after the date of the publication thereof, as hereinafter provided, and subject to the provisions thereof) revoke Our said Letters Patent of the Fourteenth of May, One thousand eight hundred and sixty-two, except so far as the Letters Patent of the Fourteenth Year of His Majesty King George the Third, dated the Twenty-sixth of March, One thousand seven hundred and seventy-four, establishing a Supreme Court of Judicature at Fort William in Bengal, were revoked or determined hereby.

[High Court at Fort William to be continued.]

2. And We do by these present grant, direct, and ordain that, notwithstanding the revocation of the said Letters' Patent of the Fourteenth of May, One thousand eight hundred and sixty-two, the High Court of Judicature called the High Court of Judicature at Fort William in Bengal shall be and continue, as from the time of the original erection and establishment thereof, the High Court of Judicature at Fort William in Bengal for the Bengal division of the Presidency of Fort William aforesaid; and that the said Court shall be and continue a Court of Record, and that all proceedings commenced in the said High Court prior to the date of the publication of these Letters Patent shall be continued and depend in the said High Court as if they had commenced in the said High Court after the date of such publication, and that all rules and orders in force in

দেশসম্বন্ধে ঐ আদালতের বিচারাধিপত্য বিষয়ে অধিক বিধান করণার্থ আইন" নামক যে আইন, আমাদের রাজত্ব কালের অষ্টাবিংশ বৎসরের পঞ্চদশ অধ্যায়ে প্রচলিত হয়, সেই আইনদ্বারা নূতন পেটেন্ট পত্রদানের সময় ১৮৬৬ সালের ১ জানুআরি পর্য্যন্ত বৃদ্ধি হইয়াছিল।

আরো উক্ত হাই কোর্টের সংস্থাপন ও তদ্দারা বিচারকার্য্য সম্পাদন সম্বন্ধীয় অধিক বিধান করণার্থে ১৮৬২ সালের ১৪ মে তারিখের উক্ত পেটেন্টপত্র নিবর্ত্ত করা এবং তৎক্রমে দত্ত ও প্রণীত কোন২ ক্ষমতা ও বিধান সংশোধন ও বৃদ্ধি করণপূর্ব্বক নূতন পেটেন্ট পত্রদ্বারা প্রদান ও প্রণয়ন করা বিহিত।

[১৮৬২ সালের পেটেন্টপত্র নিবর্ত্ত করিবার কথা।]

১ ধারা। এই হেতুক সকলই জ্ঞাত হউন যে আমরা পূর্ব্বপক্ষের সম্পূর্ণ বিবেচনা করিয়া আপনারদের বিশেষ অনুগ্রহ ও বিশিষ্ট জ্ঞান ও স্ব ইচ্ছাক্রমে এই পত্র প্রকাশ হইবার তারিখঅবধি (এই পত্র লিখিত বিধানমতে ও সেই বিধানাধীনে) ১৮৬২ সালের উক্ত ১৪ মে তারিখের পেটেন্টপত্র নিবর্ত্ত করা বিহিত বোধ করিয়াছি ও এই পত্র দ্বারা নিবর্ত্ত করিলাম। কিন্তু উক্ত পত্রের যে অংশক্রমে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রীম কোর্ট সংস্থাপনার্থ তৃতীয় জর্জ্জ রাজার চতুর্দ্দশ বৎসরের ১৭৭৪ সালের ২৬ মার্চ তারিখের পেটেন্টপত্র নিবর্ত্ত কি রহিত করা গিয়াছিল তাহা প্রবল থাকিবে।

[ফোর্ট উলিয়ম রাজধানীতে হাই কোর্ট সংস্থাপিত থাকিবার কথা।]

২ ধারা। আরো এই পত্রদ্বারা এই অনুমতি দান করি ও এই আজ্ঞা ও নির্দ্ধার্য্য করি। ১৮৬২ সালের ১৪ মে তারিখের উক্ত পেটেন্টপত্র যদিও নিবর্ত্ত করা গিয়াছে তথাপি বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীতে হাই কোর্ট নামক বিচারাধিপত্য বিশিষ্ট যে হাই কোর্ট আছে, তাহা আদৌ নির্ম্মাণ ও সংস্থাপন কালাবধি যেমন আছে তেমনি উক্ত ফোর্ট উলিয়ম রাজধানীর বঙ্গদেশোপলক্ষে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট হইয়া থাকিবে। সেই আদালত রিকার্ড কোর্ট হইবে (অর্থাৎ বিচারসম্পর্কীয় সমস্ত কার্য্য লিপিবদ্ধ হইবে।) এবং এই পেটেন্টপত্র প্রকাশিত হইবার পূর্ব্বে ব্যবহারঘটিত যে সকল কার্য্য উক্ত হাই কোর্টে আরম্ভ হইয়া উপস্থিত আছে তাহা ঐ পত্র প্রকাশ হইবার তারিখের পর উক্ত আদালতে হওয়ার ন্যায় চলিবে ও উপস্থিত থাকিবে। এবং এই পেটেন্টপত্র প্রকাশ হইবার তারিখের অব্যবহিত পূর্ব্বে যে সকল বিধি ও আজ্ঞা উক্ত হাই কোর্টে প্রবল ছিল তাহার যে অংশ এই পত্রক্রমে মতান্তরিত না হইয়াছে

the said High Court immediately before the date of the publication of the these Letters Patent shall continue in force, except so far as the same are altered hereby until the same are altered by competent authority.

[Judges of the said High Court to be continued.]

3. And We do hereby appoint and ordain that the person or persons who shall immediately before the date of the publication of these Letters Patent be the Chief Justice and Judges, or acting Chief Justice or Judges, if any, of the said High Court of Judicature at Fort William in Bengal shall continue to be the Chief Justice and Judges, or acting Chief Justice or Judges, of the said High Court until further or other provisions shall be made by Us or Our heirs and successors in that behalf, in accordance with the said recited Act for establishing High Courts of Judicature in India.

[Clerks, &c., of the said High Court to be continued.]

4. And We do hereby appoint and ordain that every clerk and ministerial officer of the said High Court of Judicature at Fort William in Bengal, appointed by virtue of the said Letters Patent of the Fourteenth of May, One thousand eight hundred and sixty-two, shall continue to hold and enjoy his office and employment, with the salary thereunto annexed, until he be removed from such office and employment; and he shall be subject to the like power of removal, regulations, and provisions as if he were appointed by virtue of these Letters Patent.

[Declaration to be made by Judges.]

5. And We do hereby ordain that the Chief Justice and every Judge who shall be from time to time appointed to the said High Court of Judicature at Fort William in Bengal previously to entering upon the execution of the duties of his office, shall make and subscribe the following declaration before such authority or person as the Governor General in Council may commission to receive it:—

"I, *A. B.*, appointed Chief Justice [*or* a Judge] of the High Court of Judicature at Fort William in Bengal, do solemnly declare that I will faithfully perform the duties of my office to the best of my ability, knowledge, and judgment."

6. And We do hereby grant, ordain, and appoint that the said High Court of Judicature at Fort William in Bengal shall have and use, as occasion may require, a seal bearing a device and

সেই অংশ যাবৎ উপযুক্ত ক্ষমতাপন্ন কার্য্যকারক কর্ত্তৃক পরিবর্ত্তিত না হয়, তাবৎ বলবৎ থাকিবে।

[উক্ত হাই কোর্টের বিচারকর্ত্তারদের পদে থাকিবার কথা।]

৩ ধারা। আরো আমরা এতদ্দ্বারা নিরূপণ ও নির্দ্ধার্য্য করি যে ভারতবর্ষে বিচারাধিপত্য বিশিষ্ট হাই কোর্ট সংস্থাপনার্থ উক্ত আইন অনুসারে আমরা কি আমারদের পুত্রপৌত্রাদি কি উত্তরাধিকারিগণ যত কাল অধিক কি অন্য বিধান না করেন, তত কাল পর্য্যন্ত যে ব্যক্তি ও যে ব্যক্তিরা এই পেটেণ্টপত্র প্রকাশ হইবার তারিখের অব্যবহিত পূর্ব্বে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টের চীফ জষ্টিস ও বিচারকর্ত্তা ছিলেন কিম্বা একটিংরূপে কর্ম্ম করিলে যাঁহারা একটিং চীফ জষ্টিস কি বিচারকর্ত্তা ছিলেন তিনি ও তাঁহারা সেই হাই কোর্টের চীফ জষ্টিস ও বিচারকর্ত্তা কিম্বা একটিং চীফ জষ্টিস কি একটিং বিচারকর্ত্তা হইয়া থাকিবেন।

[উক্ত হাই কোর্টের ক্লার্ক প্রভৃতির স্ব২ পদে থাকিবার কথা।]

৪ ধারা। আরো আমরা এতদ্দ্বারা নিরূপণ ও নির্দ্ধার্য্য করি যে, ১৮৬২ সালের ১৪ মে তারিখের উক্ত পেটেণ্টপত্রের বলে যে সকল ক্লার্ক ও কর্ম্মচারিগণ বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর বিচারাধিপত্যবিশিষ্ট উক্ত হাই কোর্টে নিযুক্ত হইয়াছেন তাঁহারা যত কাল সেই পদ ও কর্ম্ম হইতে অপসৃত না হন তত কাল পর্য্যন্ত সেই পদ ও কর্ম্ম ধারণ ও তৎসংক্রান্ত বেতন ভোগ করিবেন। এবং এই পেটেণ্টপত্রবলে নিযুক্ত হইলে তাঁহাদের প্রতি অপসৃত হওনের যে ক্ষমতা ও যে বিধি ও বিধান বর্ত্তিত তাঁহারা সেই ক্ষমতা ও বিধানাদির অধীন থাকিবেন।

[জজ সাহেবদের যে প্রতিজ্ঞা করিতে হইবে তাহার কথা।]

৫ ধারা। আরো আমরা এই ধারাক্রমে নির্দ্ধার্য্য করি যে, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টের চীফ জষ্টিস সাহেব ও প্রত্যেক জন বিচারকর্ত্তা যে সময়ে নিযুক্ত হন, তাঁহারা আপন২ পদের কর্ম্ম নির্ব্বাহ করিতে প্রবর্ত্ত হইবার পূর্ব্বে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মনোনীত কার্য্যকারক কি ব্যক্তির সম্মুখে, পশ্চাৎ লিখিত প্রতিজ্ঞা করিয়া তাহাতে স্বাক্ষর করিবেন, যথা—

আমি অমুক বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের চীফ জষ্টিসের (অথবা বিচারকর্ত্তৃ) পদে নিযুক্ত হইয়া ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিতেছি যে আপন ক্ষমতা ও জ্ঞান ও বুদ্ধি সাধ্যমতে বিশ্বস্তরূপে স্বীয় পদসম্পর্কীয় কার্য্য নির্ব্বাহ করিব।

৬ ধারা। আরো এই ধারাক্রমে অনুমতি দিই ও আজ্ঞা ও নির্দ্ধার্য্য করি যে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টের এক মোহর থাকিবে, ও প্রয়োজনমতে তাহার ব্যবহার হইবে। তাহাতে, অস্ম-

impression of Our Royal arms, with an exergue or label surrounding the same, with this inscription, "The Seal of the High Court at Fort William in Bengal." And We do further grant, ordain, and appoint that the said seal shall be delivered to and kept in the custody of the Chief Justice, and in case of vacancy of the office of Chief Justice, or during any absence of the Chief Justice, the same shall be delivered over and kept in the custody of the person appointed to act as Chief Justice, under the provisions of Section 7 of the said recited Act; and We do further grant, ordain, and appoint that, whensoever it shall happen that the office of Chief Justice or of the Judge to whom the custody of the said seal be committed shall be vacant, the said High Court shall be and is hereby authorized and empowered to demand, seize, and take the said seal from any person or persons whomsoever, by what ways and means soever the same may have come to his, her, or their possession.

Seal.

[Writs, &c., to issue in name of the Crown, and under Seal.]

7. And We do hereby further grant, ordain, and appoint that all writs, summons, precepts, rules, orders, and other mandatory process to be used, issued, or awarded by the said High Court of Judicature at Fort William in Bengal shall run and be in the name and style of Us, or of Our heirs and successors, and shall be sealed with the seal of the said High Court.

[Appointment of Officers.]

8. And We do hereby authorize and empower the Chief Justice of the said High Court of Judicature at Fort William in Bengal from time to time, as occasion may require, and subject to any rules and restrictions which may be prescribed by the Governor General in Council, to appoint so many and such clerks and other ministerial officers as shall be found necessary for the administration of justice and the due execution of all the powers and authorities granted and committed to the said High Court by these Our Letters Patent. And We do hereby ordain that every such appointment shall be forthwith submitted to the approval of the Governor General in Council, and shall be either confirmed or disallowed by the Governor General in Council, and it is Our further will and pleasure, and We do hereby, for Us, Our heirs and successors, give grant, direct, and appoint that all and every the officers and clerks to be appointed as aforesaid shall have and receive respectively such reasonable salaries as the Chief Justice shall, from time to

দাদির রাজকীয় চিহ্ন অঙ্কিত থাকিবে ও চতুর্দ্দিগে The seal of the High Court at Fort William in Bengal (অর্থাৎ বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের মোহর) এই কথা খোদিত থাকিবে। আরো আমরা অনুমতি দিই ও আজ্ঞা ও নির্দ্ধার্য্য করি যে সেই মোহর চীফ জষ্টিস সাহেবকে দেওয়া যায় ও তিনি তাহা রক্ষা করেন। ঐ চীফ জষ্টিসের পদ শূন্য হইলে কিম্বা চীফ জষ্টিস সাহেব কোন সময়ে অনুপস্থিত থাকিলে যে ব্যক্তি পূর্ব্ব লিখিত আইনের ৭ ধারার বিধানমতে চীফ জষ্টিসের কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হন তাঁহাকে দেওয়া যাইবে ও তাঁহার নিকটে থাকিবে। আমরা আরো এই অনুমতি দিই ও আজ্ঞা ও নির্দ্ধার্য্য করি যে, চীফ জষ্টিসের পদ কিম্বা উক্ত মোহর যে জজ সাহেবের রক্ষণে অর্পিত হয় তাঁহার পদ যদি শূন্য হয়, তবে সেই মোহর যে কোন উপায়ে কি প্রকারে যাঁহার কি যাঁহাদের হস্তগত হয় এমত কোন ব্যক্তির কি ব্যক্তিদের স্থানে, উক্ত হাই কোর্ট উক্ত মোহর দাওয়া করিয়া ধরিতে ও লইতে ক্ষমতাপন্ন হইবেন।

মোহর

[পরওয়ানাপ্রভৃতি মহারাণীর নামোল্লেখে ও মোহরাঙ্কিত হইয়া বাহির হইবার কথা।]

৭ ধারা। আরো এই ধারাক্রমে অনুমতি দিই ও আজ্ঞা ও নির্দ্ধার্য্য করি যে, বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টদ্বারা যে সকল পরওয়ানা ও আহ্বানপত্র ও অনুজ্ঞাপত্র ও বিধি ও আজ্ঞা ও আজ্ঞাসূচক অন্য পত্র ব্যবহার কি প্রচারিত কি বিচারক্রমে দত্ত হয় তাহা আমাদের কিম্বা আমাদের পুত্রপৌত্রাদি ও উত্তরাধিকারিগণের নামে হইবে ও লেখা যাইবে ও উক্ত হাই কোর্টের মোহরাঙ্কিত হইবে।

[কর্ম্মচারিদিগকে নিযুক্ত করিবার কথা।]

৮ ধারা। আরো বিচারকার্য্য সম্পাদন হইবার নিমিত্তে এবং আমাদিগের এই পেটেণ্টপত্রক্রমে উক্ত হাই কোর্টে যে সকল শক্তি ও ক্ষমতা দত্ত ও অর্পিত হইয়াছে তদনুসারে উপযুক্তমতে কর্ম্ম নির্ব্বাহ হইবার নিমিত্তে যত জন ও যেং প্রকারের লেখক ও অন্য কর্ম্মচারিদিগকে নিযুক্ত করা আবশ্যক হয়, আমরা বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টের চীফ জষ্টিস সাহেবের প্রতি তাহাদিগকে প্রয়োজনমতে সময়েং নিযুক্ত করিতে শক্তি ও ক্ষমতাদান করিলাম, কিন্তু এতদ্বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে কোন বিধি কি নিষেধ করেন তাহা মান্য হইবে। আমরা এই ধারাক্রমে নির্দ্ধারণ করি যে উক্ত প্রকারে কোন ব্যক্তিকে নিযুক্ত করা গেলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনের জন্যে তাঁহাকে অবিলম্বে তদ্বিষয় জ্ঞাত করিতে হইবে। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই ব্যক্তির নিয়োগ দৃঢ় কি অগ্রাহ্য করিবেন। আরো আমাদিগের এই ইচ্ছা ও অভিমত এবং আমরা এই ধারাক্রমে আপনাদের পক্ষে ও পুত্রপৌত্রাদি ও উত্তরাধিকারিদের পক্ষে এই দান করি ও অনুমতি দিই ও আদেশ ও নির্দ্ধারণ করি যে পূর্ব্বোক্তমতে যে সকল

time, appoint for each office and place respectively, and as the Governor General in Council shall approve of: Provided always, and it is Our will and pleasure, that all and every the officers and clerks to be appointed as aforesaid shall be resident within the limits of the jurisdiction of the said Court, so long as they shall hold their respective offices; but this proviso shall not interfere with or prejudice the right of any officer or clerk to avail himself of leave of absence under any rules prescribed by the Governor General in Council, and to absent himself from the said limits during the term of such leave, in accordance with the said Rules.

Admission of Advocates, Vakeels, and Attorneys.

[Powers of High Court in admitting advocates, Vakeels, and Attorneys.]

9. And We do hereby authorize and empower the said High Court of Judicature at Fort William, in Bengal to approve, admit, and enrol such and so many Advocates, Vakeels, and Attorneys as to the said High Court shall seem meet; and such Advocates, Vakeels, and Attorneys shall be and are hereby authorized to appear for the suitors of the said High Court, and to plead or to act, or to plead and act, for the said suitors, according as the said High Court may by its rules and directions determine, and subject to such rules and directions.

[In making rules for the qualifications, &c., of Advocates, Vakeels, and Attorneys.]

10. And We do hereby ordain that the said High Court of Judicature at Fort William in Bengal shall have power to make rules for the qualification and admission of proper persons to be Advocates, Vakeels, and Attorneys-at-law of the said High Court, and shall be empowered to remove or to suspend from practice, on reasonable cause, the said Advocates, Vakeels, or Attorneys-at-law; and no person whatsoever but such Advocates, Vakeels, or Attorneys shall be allowed to act or to plead for, or on behalf of, any suitor in the said High Court, except that any suitor shall be allowed to appear, plead, or act on his own behalf, or on behalf of a co-suitor.

[*Government Gazette*, 12*th June* 1866.]

ও যে প্রত্যেক কর্ম্মচারী ও লেখক নিযুক্ত হইবেন চীফ জষ্টিস সাহেব সময়ে২ তাঁহাদের যে উপযুক্ত বেতন নিরূপণ করেন ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনুমোদন করেন তাঁহারা আপনং পদের ও স্থানের সেই বেতন প্রাপ্ত হন। পরন্তু এই বিধি করিলাম ও আমাদের এই অভিমত ও ইচ্ছা যে পূর্ব্বোক্তমতে যে সকল ও যে প্রত্যেক কর্ম্মচারী ও লেখক নিযুক্ত হন, তাঁহারা যত কাল স্বং পদ ধারণ করেন, তত কাল পর্য্যন্ত উক্ত আদালতের বিচারাধীন স্থানের সীমার মধ্যে বাস করিবেন। কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নির্দ্দিষ্ট কোন বিধিক্রমে কোন কর্ম্মচারির কি লেখকের ছুটী গ্রহণ করিবার এবং উক্ত বিধিঅনুসারে ঐ ছুটীর কাল পর্য্যন্ত উক্ত সীমার বাহিরে থাকিবার যে অধিকার থাকে তাহার সঙ্গে এই বিধির কোন সম্পর্ক নাই ও তাঁহার সেই অধিকারের কোন ব্যাঘাত হইবে না।

আডবোকেট ও উকীল ও টর্ণিদিগকে অনুমতি দিবার বিধি।

[আডবোকেট ও উকীল ও টর্ণিদিগকে অনুমতি দেওনসম্পর্কে হাই কোর্টের ক্ষমতার কথা।]

৯ ধারা। আরো আমরা এই ধারা ক্রমে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টকে এই শক্তি ও ক্ষমতা প্রদান করিলাম যে, উক্ত হাই কোর্ট যে প্রকারের যত জন আডবোকেট ও উকীল ও টর্ণি বিহিত বোধ করেন তাঁহাদিগকে গ্রাহ্য করেন ও অনুমতি দেন ও তাঁহাদের নাম লিখিয়া রাখেন। এবং উক্ত হাই কোর্ট আপনার বিধি ও আদেশক্রমে যদ্রূপ নির্ণয় করেন তদ্রূপে ও সেই বিধি ও আদেশানুসারে ঐ আডবোকেট ও উকীল ও টর্ণিগণ উক্ত হাই কোর্টে অর্থি প্রত্যর্থিগণের পক্ষে উপস্থিত হইতে এবং সেই অর্থি প্রত্যর্থিগণের পক্ষে উত্তর প্রত্যুত্তর কিম্বা সমর্থন করিতে অথবা উত্তর প্রত্যুত্তর ও সমর্থন করিতে ক্ষমতাপন্ন হইবেন ও এতৎক্রমে ক্ষমতাপন্ন হইয়াছেন।

[আডবোকেট ও উকীল ও টর্ণির গুণবত্তাপ্রভৃতির বিধি করণের ক্ষমতার কথা।]

১০ ধারা। আরো আমরা ইহাতে নির্দ্ধারণ করিলাম যে উক্ত হাই কোর্টের আডবোকেট ও উকীল ও টর্ণি হইবার জন্যে কোন ব্যক্তির যেং প্রকারের জ্ঞান গুণাদি থাকা প্রয়োজন বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্ট তদ্বিষয়ের ও উপযুক্ত ব্যক্তিদিগকে গ্রাহ্য করণের বিধি করিতে ক্ষমতাপন্ন হইবেন। এবং উক্ত আডবোকেট কি উকীল কি টর্ণিদিগকে উপযুক্ত হেতুতে আপনার কিম্বা কিয়ৎকালের নিমিত্তে তাঁহারদের ব্যবহার নিরস্ত করিতে ক্ষমতাপন্ন হইবেন। ও তদ্রূপ আডবোকেট কি উকীল কি টর্ণি ভিন্ন কোন ব্যক্তি উক্ত হাই কোর্টে বাদির কি প্রতিবাদির নিমিত্তে কি পক্ষে কার্য্য সম্পাদন কি সমর্থন করিতে পারিবেন না। কিন্তু কোন বাদী কি প্রতিবাদী আপনার পক্ষে কিম্বা আপনার সহ-বাদি কি সহ-প্রতিবাদির পক্ষে উপস্থিত হইয়া সমর্থন করিতে কি কার্য্য করিতে পারিবেন।

Civil Jurisdiction of the High Court.

[Local limits of the ordinary original jurisdiction of the High Court.]

11. And We do hereby ordain, that the said High Court of Judicature at Fort William in Bengal shall have and exercise ordinary original civil jurisdiction within such local limits as may from time to time be declared and prescribed by any law made by competent legislative authority for India, and until some local limits shall be so declared and prescribed within the limits declared and prescribed by the proclamation fixing the limits of Calcutta issued by the Governor General in Council on the Tenth day of September in in the year of our Lord One thousand seven hundred and ninety-four, and the ordinary original civil jurisdiction of the said High Court shall not extend beyond the limits for the time being declared and prescribed as the local limits of such jurisdiction.

[Original jurisdiction as to suits.]

12. And We do further ordain, that the said High Court of Judicature at Fort William in Bengal, in the exercise of its ordinary original civil jurisdiction, shall be empowered to receive, try, and determine suits of every description, if, in the case of suits for land or other immoveable property, such land or property shall be situated, or in all other cases if the cause of action shall have arisen, either wholly, or, in case the leave of the Court shall have been first obtained, in part, within the local limits of the ordinary original jurisdiction of the said High Court, or if the Defendant at the time of the commencement of the suit shall dwell, or carry on business, or personally work for gain within such limits; except that the said High Court shall not have such original jurisdiction in cases falling within the jurisdiction of the Small Cause Court at Calcutta, in which the debt or damage, or value of the property sued for, does not exceed One hundred rupees.

[Extraordinary original civil jurisdiction.]

13. And We do further ordain, that the said High Court of Judicature at Fort William in Bengal shall have power to remove, and to try and determine, as a Court of extraordinary original jurisdiction, any suit being or falling within the jurisdiction of any Court, whether within or without the Bengal division of the Presidency of Fort William, subject to its superintendence, when the said High Court shall think proper to do so, either on the agreement of the parties to that effect, or for purposes of justice, the reasons for so doing being recorded on the proceedings of the said High Court.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬১। ১২ জুন।]

হাই কোর্টের দেওয়ানী বিচারাধিপত্যের বিধি।

[হাই কোর্টের মোকদ্দমা আদৌ শুনিবার নির্দিষ্ট ক্ষমতার সীমার কথা।]

১১ ধারা। আরো আমাদের এই নির্দ্ধারণ যে, ভারতবর্ষের জন্যে ব্যবস্থাকরণের উপযুক্ত ক্ষমতাপন্ন সভাকর্ত্তৃক প্রণীত কোন আইনক্রমে স্থান সম্পর্কীয় যে সীমা সময়েং প্রকাশ ও নির্দ্দিষ্ট হয় সেই সীমার মধ্যে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ গ্রাহ্য করিবার সাধারণ ক্ষমতাবিশিষ্ট হইবেন, ও সেই ক্ষমতামতে কার্য্য করিবেন। এবং সেই সীমা যত কাল প্রচারিত ও নির্দ্দিষ্ট না হয় তৎকাল পর্য্যন্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৭৯৪ সালের সেপ্টেম্বর মাসের ১০ তারিখে কলিকাতার সীমা নিরূপণের যে বিজ্ঞাপন প্রকাশ করেন সেই বিজ্ঞাপনের প্রচারিত ও নির্দ্দিষ্ট সীমার মধ্যে উক্ত কোর্টের সেই ক্ষমতা থাকিবে। এবং সেই ক্ষমতার সীমা বলিয়া যে স্থান যে সময়ে নির্দ্দিষ্ট ও প্রচারিত হয় তাহার বহির্ভূত স্থানে উক্ত হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ গ্রাহ্য করিবার সাধারণ ক্ষমতা ব্যাপিবে না।

[মোকদ্দমাসংক্রান্ত উক্ত ক্ষমতার কথা।]

১২ ধারা। আমাদের আরো এই নির্দ্ধারণ যে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতানুসারে কার্য্য করত এই সকল প্রকারের মোকদ্দমা গ্রাহ্য ও বিচার ও নির্ণয় করিতে পারিবেন, বিশেষতঃ যদি ভূমি কি অন্য স্থাবর বিষয় উক্ত হাই কোর্টের আদৌ বিবাদ শ্রবণের সাধারণ ক্ষমতার সীমার মধ্যবর্ত্তি স্থানে থাকে, তবে সেই ভূমির কি সম্পত্তির মোকদ্দমা, অথবা স্থানান্তরে যদি নালিশের হেতু সম্পূর্ণরূপে কিম্বা কোর্টের অনুমতি হইলে ঐ হেতুর অংশ মাত্র হাই কোর্টের আদৌ বিচার করিবার ক্ষমতার সীমাবর্ত্তি স্থানের মধ্যে উত্থাপন হয় কিম্বা মোকদ্দমার আরম্ভকালে প্রতিবাদী ঐ সীমার মধ্যে বাস করেন কিম্বা কর্ম্ম চালান কি লভ্যের নিমিত্তে স্বয়ং কর্ম্ম করেন, তবে সেই মোকদ্দমা গ্রাহ্য করিতে পারিবেন। কিন্তু যে ঋণের কি ক্ষতিপূরণের দাওয়া হয় কি যে সম্পত্তির বিষয়ে নালিশ হয় তাহার মূল্য যদি এক শত টাকার অনধিক হইয়া কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ক্ষমতার মধ্যে আইসে, তবে ঐ হাই কোর্টের তদ্রূপ মোকদ্দমা আদৌ গ্রাহ্য করিবার ক্ষমতা থাকিবে না।

[দেওয়ানী মোকদ্দমা আদৌ গ্রাহ্য করিবার অতিরিক্ত ক্ষমতার কথা।]

১৩ ধারা। আমাদের আরো এই নির্দ্ধারণ যে, উক্ত ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বঙ্গদেশের অন্তর্গত কি বহির্ভূত কোন আদালতের ক্ষমতার মধ্যে যে কোন মোকদ্দমা থাকে কি আইসে যদি সেই মোকদ্দমার উভয়পক্ষীয় ব্যক্তি সম্মত হন কিম্বা যথার্থ বিচার হইবার জন্যে যদি হাই কোর্ট উপযুক্ত বোধ করেন, তবে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্ট মোকদ্দমা আদৌ শুনিবার অতিরিক্ত ক্ষমতাবিশিষ্ট আদালত স্বরূপে সেই মোকদ্দমা উঠাইয়া লইয়া আপনি তাহার বিচার ও নিষ্পত্তি করিতে ক্ষমতাপন্ন হইবেন। কিন্তু তাহা করিবার হেতু উক্ত হাই কোর্টের কাগজপত্রের মধ্যে লিপিবদ্ধ করিতে হইবে।

[Joinder of several causes of action.]

14. And We do further ordain, that where Plaintiff has several causes of action against Defendant, such causes of action not being for land or other immoveable property, and the said High Court shall have original jurisdiction in respect of one of such causes of action, it shall be lawful for the said High Court to call on the Defendant to shew cause why the several causes of action should not be joined together in one suit, and to make such order for trial of the same as to the said High Court shall seem fit.

[Appeal from the Courts of original jurisdiction to the High Court in its appellate jurisdiction.]

15. And We do further ordain, that an appeal shall lie to the said High Court of Judicature at Fort William in Bengal from the judgment (not being a sentence or order passed or made in any criminal trial) of one Judge of the said High Court, or of one Judge of any Division Court, pursuant to Section 13 of the said recited Act; and that an appeal shall also lie to the said High Court from the judgment not being a sentence or order as aforesaid of two or more Judges of the said High Court, or of such Division Court, wherever such Judges are equally divided in opinion, and do not amount in number to a majority of the whole of the Judges of the said High Court at the time being; but that the right of appeal from other judgments of Judges of the said High Court, or of such Division Court shall be to Us, Our heirs or successors, in Our or their Privy Council, as hereinafter provided.

[Appeal from Courts in the Provinces.]

16. And We do further ordain, that the said High Court of Judicature at Fort William in Bengal shall be a Court of Appeal from the Civil Courts of the Bengal division of the Presidency of Fort William, and from all other Courts subject to its superintendence, and shall exercise appellate jurisdiction in such cases as are subject to appeal to the said High Cout by virtue of any laws or regulations now in force.

[Jurisdiction as to Infants and Lunatics.]

17. And We do further ordain, that the said High Court of Judicature at Fort William in Bengal shall have the like power and authority with respect to the persons and estates of infants, idiots, and lunatics within the Bengal division of the Presidency of Fort William as that which was vested in the said High Court immediately before the publication of these presents.

[Provision with respect to the Insolvent Court.]

18. And We do further ordain, that the Court for relief of insolvent debtors at Calcutta shall be

[মোকদ্দমার অনেক হেতু সংযোগের কথা।]

১৪ ধারা। আমরা আরো নির্দ্ধারণ করিলাম যে প্রতিবাদির বিপক্ষে বাদির অভিযোগের অনেক হেতু থাকিলে, যদি ভূমির কি স্থাবর অন্য সম্পত্তির জন্যে অভিযোগের সেই২ হেতু না হয় এবং অভিযোগের তদ্রূপ কোন এক হেতু সম্পর্কে যদি উক্ত হাই কোর্টের আদৌ বিচার করণ ক্ষমতা থাকে, তবে ঐ অভিযোগের ভিন্ন২ হেতু একি মোকদ্দমায় সংযুক্ত না হয়, উক্ত হাই কোর্ট প্রতিবাদিকে তদ্রূপ আপত্তি দর্শাইতে আজ্ঞা করিতে পারিবেন, এবং তদ্বিচারের যে আজ্ঞা উক্ত হাই কোর্ট বিহিত বোধ করেন তাহা করিতে পারিবেন।

[আদৌ বিচার করিবার ক্ষমতাবিশিষ্ট আদালতের আজ্ঞার উপর আপীল শুনিবার ক্ষমতাবিশিষ্ট হাই কোর্টের নিকটে আপীল হইবার কথা।]

১৫ ধারা। আরো আমরা নির্দ্ধারণ করিলাম যে উক্ত হাই কোর্টের কোন এক জন বিচারকর্ত্তা কিম্বা পূর্ব্বোক্ত আইনের ১৩ ধারানুসারে উক্ত কোর্টের কোন খণ্ডের এক জন বিচারকর্ত্তা ফৌজদারী কোন মোকদ্দমার বিচারক্রমে যে দণ্ডের আজ্ঞা কি অন্য আজ্ঞা করেন তদ্ভিন্ন উক্ত বিচারকর্ত্তার অন্য নিষ্পত্তির উপর বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টে আপীল হয়। আরো উক্ত হাই কোর্টের কিম্বা তদ্রূপ খণ্ড কোর্টের দুই কি অধিক জন বিচারকর্ত্তার পূর্ব্বোক্ত দণ্ডের আজ্ঞা কি অন্য আজ্ঞাভিন্ন তাঁহারা যে নির্ণয়পাদ করেন, যদি তদ্বিষয়ে অর্দ্ধেকের এক মত ও অর্দ্ধেকের অন্য মত হয় এবং সকলের সংখ্যা উক্ত হাই কোর্টের তাৎকালিক সমূহ বিচারকর্ত্তার অধিকাংশের সংখ্যার তুল্য না হয় তবে উক্ত হাই কোর্টে ঐ নিষ্পত্তির উপর আপীল হইতে পারিবে। কিন্তু উক্ত হাই কোর্টের কি উক্ত খণ্ড কোর্টের বিচারকর্ত্তারদের অন্য নিষ্পত্তির উপর, পশ্চাৎ লিখিত বিধান মতে আমারদের কি অস্মদাদির পুত্রপৌত্রাদির কি উত্তরাধিকারিদের প্রিবি কৌন্সেলে আমাদের কি তাঁহাদের নিকটে হইতে পারিবে।

[প্রদেশীয় আদালত হইতে আপীলের কথা।]

১৬ ধারা। আরো নির্দ্ধারণ করিলাম যে ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বঙ্গদেশের সকল দেওয়ানী আদালতের ও তদধীন অন্য সকল আদালতের আজ্ঞার উপর বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্ট আপীল গ্রাহ্য করিবার আদালত হইবে, এবং অধুনা প্রচলিত কোন আইন কি ব্যবস্থার বলে যে সকল মোকদ্দমার উপর উক্ত হাই কোর্টে আপীল হইতে পারে সেই সকল মোকদ্দমা সম্পর্কে আপীল আদালতের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

[বালক ও ক্ষিপ্তব্যক্তিদের পক্ষে ক্ষমতার কথা।]

১৭ ধারা। আরো আমরা এই ধারাক্রমে নির্দ্ধারণ করিলাম যে এই পত্র প্রকাশের অব্যবহিত পূর্ব্বে বালকের ও জড় ও ক্ষিপ্ত ব্যক্তিদের ও তাহাদের সম্পত্তির বিষয়ে হাই কোর্টের প্রতি যে ক্ষমতা ও শক্তি অর্পিত ছিল, ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বঙ্গদেশের অন্তর্গত তদ্রূপ ব্যক্তিদের ও তদীয় সম্পত্তির বিষয়ে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টের তত্তুল্য ক্ষমতা ও শক্তি থাকিবে।

[যোত্রহীনের আদালত সম্পর্কীয় বিধান।]

১৮ ধারা। আরো এই ধারাক্রমে নির্দ্ধারণ করিলাম যে, কলিকাতার যোত্রহীন ঋণিদের উপকারার্থ বি-

held before one of the Judges of the said High Court of Judicature at Fort William in Bengal, and the said High Court, and any such Judge thereof, shall have and exercise, within the Bengal division of the Presidency of Fort William, such powers and authorities with respect to original and appellate jurisdiction and otherwise as are constituted by the laws relating to insolvent debtors in India.

Law to be administered by the High Court of Judicature at Fort William in Bengal.

[By the High Court in the exercise of ordinary original civil jurisdiction.]

19. And We do further ordain that, with respect to the law or equity to be applied to each case coming before the said High Court of Judicature at Fort William in Bengal, in the exercise of its ordinary original civil jurisdiction, such law or equity shall be the law or equity which would have been applied by the said High Court to such case if these Letters Patent had not issued.

[In the exercise of extraordinary original civil jurisdiction.]

20. And We do further ordain that, with respect to the law or equity and rule of good conscience to be applied to each case coming before the said High Court of Judicature at Fort William in Bengal, in the exercise of its extraordinary original civil jurisdiction, such law or equity and rule of good conscience shall be the law or equity and rule of good conscience which would have been applied to such case by any local Court having jurisdiction therein.

[By the High Court in the exercise of appellate jurisdiction.]

21. And We do further ordain that, with respect to the law or equity and rule of good conscience to be applied by the said High Court of Judicature at Fort William in Bengal, to each case coming before it in the exercise of its appellate jurisdiction, such law or equity and rule of good conscience shall be the law or equity and rule of good conscience which the Court in which the proceedings in such case were originally instituted ought to have applied to such case.

Criminal Jurisdiction.

[Ordinary original jurisdiction of the High Court.]

22. And We do further ordain, that the said High Court of Judicature at Fort William in Bengal shall have ordinary original criminal jurisdiction within the local limits of its ordinary original civil jurisdiction; and also in respect of all such persons, both

চারকার্য্য বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টের এক জন বিচারকর্ত্তার সমীপে হইবে এবং ভারতবর্ষস্থ যোত্রহীন ঋণিদের বিষয়ি আইনদ্বারা মোকদ্দমা আদৌ শুনিবার ও আপীলী মোকদ্দমা প্রভৃতি শুনিবার ক্ষমতা সম্পর্কে যে সকল শক্তি ও ক্ষমতা নির্দ্ধারিত হয় উক্ত হাই কোর্টের পূর্ব্বোক্ত কোন বিচারকর্ত্তা সেই সকল শক্তি ও ক্ষমতাপ্রাপ্ত হইয়া ফোর্ট উলিয়ম রাজ ধানীর সংক্রান্ত বঙ্গদেশের মধ্যে সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীতে বিচারাধিপত্যবিশিষ্ট হাই কোর্টে যে আইনমতে কার্য্য নির্ব্বাহ হইবে তদ্বিষয়ের বিধান।

[দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতাপক্ষে হাই কোর্টের যে ব্যবস্থা পালনীয় তাহার কথা।]

১৯ ধারা। আমাদের আরো এই নির্দ্ধারণ যে, এই পেটেন্টপত্র প্রচার না হইলে হাই কোর্টে যে ব্যবস্থা ও ন্যায় বিচারানুসারে কার্য্য করা যাইত দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করিবার সাধারণ ক্ষমতার উপলক্ষে যে২ মোকদ্দমা উক্ত আদালতে উপস্থিত করা যায় বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট সেই প্রত্যেক মোকদ্দমায় সেই ব্যবস্থা কি ন্যায় বিচারানুসারে কার্য্য করিবেন।

[দেওয়ানী মোকদ্দমার আদৌ বিচার করিবার অতিরিক্ত ক্ষমতাপক্ষে যে ব্যবস্থা পালনীয় তাহার কথা।]

২০ ধারা। আমাদের আরো এই নির্দ্ধারণ যে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টে দেওয়ানী মোকদ্দমার আদৌ বিচার করিবার অতিরিক্ত ক্ষমতার উপলক্ষে ঐ আদালতে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহার প্রত্যেক মোকদ্দমায় বিচারাধিপত্যবিশিষ্ট প্রদেশীয় আদালত যে ব্যবস্থা কি ন্যায় কি সদ্বিবেচনানুসারে বিচার করিতেন সেই ব্যবস্থা ও ন্যায় বিচারের ও সদ্বিবেচনার সেই বিধি উক্ত হাই কোর্টে বর্ত্তিবে।

[আপীলী মোকদ্দমা শুনিবার ক্ষমতাপক্ষে হাই কোর্টের যে ব্যবস্থা পালনীয় তাহার কথা।]

২১ ধারা। আরো আমাদের এই নির্দ্ধারণ যে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীতে বিচারাধিপত্যবিশিষ্ট উক্ত হাই কোর্টের আপীলী মোকদ্দমা শুনিবার ক্ষমতার উপলক্ষে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার প্রত্যেক মোকদ্দমা আদৌ যে আদালতে উপস্থিত করা যায় সেই আদালত যে ব্যবস্থা ও ন্যায় ও সদ্বিবেচনামতে বিচার করিতেন, ঐ হাই কোর্টেও সেই ব্যবস্থা ও ন্যায় ও সদ্বিবেচনামতের বিচার প্রচলিত হইবে।

ফৌজদারী সম্পার্কীয় ক্ষমতার বিধি।

[হাই কোর্টের মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতার কথা।]

২২ ধারা। আরো আমাদের এই নির্দ্ধারণ যে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমার আদৌ বিচার করিবার সাধারণ ক্ষমতা যে স্থানে ব্যাপ্ত হয় সেই স্থানের সীমার মধ্যে উক্ত হাই কোর্টের ফৌজদারী মোকদ্দমার আদৌ বিচার করিবার সাধারণ ক্ষমতাও থাকিবে। আরো ফোর্ট

within the limits of the Bengal division of the Presidency of Fort William, and beyond such limits, and not within the limits of the criminal jurisdiction of any other High Court or Court established by competent legislative authority for India, as the said High Court of Judicature at Fort William in Bengal shall have criminal jurisdiction over at the date of the publication of these presents.

[Jurisdiction as to persons.]

23. And We do further ordain, that the said High Court of Judicature at Fort William in Bengal, in the exercise of its ordinary original criminal jurisdiction, shall be empowered to try all persons brought before it in due course of law.

[Extraordinary original criminal jurisdiction.]

24. And We do further ordain, that the said High Court of Judicature at Fort William in Bengal shall have extraordinary original criminal jurisdiction over all persons residing in places within the jurisdiction of any Court now subject to the superintendence of the said High Court, and shall have authority to try at its discretion any such persons brought before it on charges preferred by the Advocate-General, or by any Magistrate or other officer specially empowered by the Government in that behalf.

[No appeal from High Court exercising original jurisdiction. Court may reserve points of law.]

25. And We do further ordain, that there shall be no appeal to the said High Court of Judicature at Fort William in Bengal from any sentence or order passed or made in any criminal trial before the courts of original criminal jurisdiction which may be constituted by one or more Judges of the said High Court. But it shall be at the discretion of any such court to reserve any point or points of law for the opinion of the said High Court.

[High Court to review on certificate of the Advocate-General.]

26. And We do further ordain, that on such point or points of law being so reserved as aforesaid, or on its being certified by the said Advocate-General that, in his judgment there is an error in the decision of a point or points of law decided by the court of original criminal jurisdiction, or that a point or points of law which has or have been decided by the said Court, shall be further considered, the said High Court shall have full power and authority to review the case, or such part of

[*Government Gazette*, 12*th June* 1866.]

উলিয়ম রাজধানীর অধীন বঙ্গদেশের সীমার অন্তর্গত ও সেই সীমার বহির্ভূত যে সকল ব্যক্তি অন্য কোন হাই কোর্টের কিম্বা ভারতবর্ষের পক্ষে ব্যবস্থাপন করিবার উপযুক্ত ক্ষমতা দ্বারা সংস্থাপিত অন্য আদালতের ফৌজদারী বিচারাধিপত্যের সীমার মধ্যে বাস না করেন কিন্তু এই পত্র প্রকাশের তারিখে যাঁহারদের উপর ফৌজদারী পক্ষে বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর বিচারাধিপত্য বিশিষ্ট হাই কোর্টের বিচারাধিপত্য থাকে সেই ব্যক্তিদের পক্ষে উক্ত ক্ষমতা বর্ত্তিবে।

[ব্যক্তি সম্পর্কে ক্ষমতার কথা।]

২৩ ধারা। আমাদের আরো এই নির্দ্ধারণ যে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টের ফৌজদারী মোকদ্দমার আদৌ বিচার করিবার ক্ষমতার উপলক্ষে আইনের নিয়মিত কার্য্যক্রমে যে সকল ব্যক্তিকে ঐ কোর্টের সম্মুখে উপস্থিত করা যায় উক্ত কোর্ট তাহাদের বিচার করিতে সক্ষম হইবেন।

[ফৌজদারী মোকদ্দমা আদৌ শুনিবার অতিরিক্ত ক্ষমতার কথা।]

২৪ ধারা। আমরা আরো এই নির্দ্ধারণ করি যে বঙ্গদেশের অন্তর্গত ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টের অধীন কোন আদালতের বিচার করণ ক্ষমতা যত দূর ব্যাপ্ত হয় সেই সীমার মধ্যে যে সকল ব্যক্তি বাস করেন তাঁহাদের সম্পর্কে উক্ত হাই কোর্টের ফৌজদারী মোকদ্দমা আদৌ শুনিবার অতিরিক্ত ক্ষমতা থাকিবে। এবং আডবোকেট জেনরল সাহেবের কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা গবর্ণমেণ্ট হইতে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের দ্বারা অভিযুক্ত হইয়া যে কোন ব্যক্তিকে উক্ত কোর্টে উপস্থিত করাণ যায় তাহার বিচার করিতে ঐ কোর্ট স্বীয় বিবেচনামতে ক্ষমতাপন্ন হইবেন।

[হাই কোর্ট মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাক্রমে কার্য্য করিলে তাহার নিষ্পত্তির উপর আপীল না হইবার কথা, ও আইনঘটিত বিষয় পশ্চাদ্বিচারার্থে রাখিবার কথা।]

২৫ ধারা। আমাদের আরো এই নির্দ্ধারণ যে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টের এক কি অধিক জন জজ সাহেবকে লইয়া ফৌজদারী মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন যে আদালত হয় তাঁহার সম্মুখে কোন ফৌজদারী মোকদ্দমার বিচার হইয়া যে দণ্ডের আজ্ঞা কি অন্য আজ্ঞা হয় তাহার উপর উক্ত হাই কোর্টে আপীল নাই। কিন্তু উক্ত কোর্ট স্বীয় বিবেচনামতে উক্ত হাই কোর্টের পশ্চাদ্বিচারার্থে আইনঘটিত কোন এক কি অধিক বিষয় অর্পণ করিতে পারিবেন।

[আডবোকেট জেনরল সাহেবের সংশিতপত্র প্রাপ্ত হইলে হাই কোর্টের পুনরালোচনার কথা।]

২৬ ধারা। আমাদের আরো এই নির্দ্ধারণ যে আইনঘটিত কোন এক কি অধিক বিষয় যখন পূর্ব্বোক্ত মতে পশ্চাদ্বিচারার্থে রক্ষিত হয়, কিম্বা ফৌজদারী মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপক্ষে উক্ত কোর্ট আইনঘটিত কোন এক কি অধিক বিষয়ের যে নিষ্পত্তি করেন তাহাতে ভ্রম হইয়াছে, কিম্বা উক্ত কোর্ট আইনঘটিত যে এক কি অধিক বিষয়ের নিষ্পত্তি করেন তাহার পুনর্বিবেচনা হইবে উক্ত আডবোকেট জেনরল সাহেব যখন আপনার এই বিচারের সংশিতপত্র দেন তখন উক্ত হাই কোর্ট সেই মোকদ্দমার কিম্বা

it as may be necessary, and finally determine such point or points of law, and thereupon to alter the sentence passed by the court of original jurisdiction, and to pass such judgment and sentence as to the said High Court shall seem right.

[Appeals from criminal courts in the Provinces.]

27. And We do further ordain that the said High Court of Judicature at Fort William in Bengal shall be a court of appeal from the criminal courts of the Bengal division of the Presidency of Fort William, and from all other courts subject to its superintendence, and shall exercise appellate jurisdiction in such cases as are subject to appeal to the said High Court by virtue of any law now in force.

[Hearing of referred cases, and revision of criminal trials.]

28. And We do further ordain that the said High Court of Judicature at Fort William in Bengal shall be a court of reference and revision from the criminal courts subject to its appellate jurisdiction, and shall have power to hear and determine all such cases referred to it by the session Judges, or by any other officers now authorized to refer cases to the said High Court, and to revise all such cases tried by any officer or court possessing criminal jurisdiction, as are now subject to reference to or revision by the said High Court.

[High Court may direct the transfer of a case from one Court to another.]

29. And We do further ordain that the said High Court shall have power to direct the transfer of any criminal case or appeal from any court to any other court of equal or superior jurisdiction, and also to direct the preliminary investigation of trial of any criminal case by any officer or court otherwise competent to investigate or try it, though such case belongs in ordinary course to the jurisdiction of some other officer or court.

Criminal Law.

[Offenders to be punished under Indian Penal Code.]

30. And We do further ordain that all person brought for trial before the said High Court of Judicature at Fort William in Bengal either in the exercise of its original jurisdiction, or in the

তাহার আবশ্যক কোন অংশের, পুনরালোচনা করিয়া আইনঘটিত উক্ত কোন এক কি অধিক বিষয়ের চূড়ান্ত নিষ্পত্তি করিতে, ও তদনুসারে আদৌ শুনিবার ক্ষমতা বিশিষ্ট ঐ কোর্টের প্রচারিত আজ্ঞা পরিবর্ত্তন করিতে এবং উক্ত হাই কোর্ট যে নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা ন্যায্য বোধ করেন তাহা করিতে সম্পূর্ণরূপে ক্ষমতাপন্ন ও শক্তিবন্ত হইবেন।

[প্রদেশীয় ফৌজদারী আদালতের আজ্ঞার উপর আপীলের কথা।]

২৭ ধারা। আরো আমাদের এই নির্দ্ধারণ যে ফোর্ট উলিয়ম রাজধানীর সংক্রান্ত বঙ্গদেশের সকল ফৌজদারী আদালতের এবং তাহার তত্ত্বাধীন অন্য সকল আদালতের নিষ্পত্তির উপর বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টে আপীল হইতে পারিবে, ও অধুনা প্রচলিত কোন ব্যবস্থার বলে উক্ত হাই কোর্ট যেং মোকদ্দমায় আপীল গ্রাহ্য করিতে পারেন, সেইং মোকদ্দমায় ঐ হাই কোর্ট আপীল গ্রাহ্য করিবার ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন।

[অর্পিত মোকদ্দমার বিচার ও ফৌজদারী মোকদ্দমার পুনর্ব্বিচার হইবার কথা।]

২৮ ধারা। আরো আমাদের এই নির্দ্ধারণ যে, ফৌজদারী যে সকল আদালতের নিষ্পত্তির উপর বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টে আপীল হইতে পারে সেই সকল আদালতহইতে উক্ত হাই কোর্টে মোকদ্দমার অর্পণ ও পুনরালোচনা হইতে পারিবে। এবং সেশন জজ সাহেবের দ্বারা কিম্বা হাই কোর্টের প্রতি অধুনা মোকদ্দমা অর্পণ করিবার ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারকদ্বারা যে সকল মোকদ্দমা উক্ত হাই কোর্টে অর্পিত হয় তাহা উক্ত কোর্ট শুনিয়া নিষ্পত্তি করিতে পারিবেন, এবং ফৌজদারী মোকদ্দমা শুনিবার ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকের কি আদালতের বিচারিত যে সকল মোকদ্দমা এইক্ষণে উক্ত হাই কোর্টে অর্পিত কিম্বা পুনরালোচিত হইতে পারে সেই সকল মোকদ্দমা উক্ত হাই কোর্ট পুনরালোচনা করিতে পারিবেন।

[এক আদালত হইতে অন্য আদালতে মোকদ্দমা সমর্পণ করিবার আদেশ করিতে হাই কোর্টের ক্ষমতার কথা।]

২৯ ধারা। আরো আমাদের এই নির্দ্ধারণ যে, উক্ত হাই কোর্ট ফৌজদারী কিম্বা আপীলী কোন মোকদ্দমা কোন আদালত হইতে উঠাইয়া সমান কি অধিক ক্ষমতাপন্ন অন্য কোন আদালতে অর্পণ করিতে ক্ষমতাপন্ন হইবেন, এবং কোন ফৌজদারী মোকদ্দমার অনুসন্ধান কি বিচারকরণক্ষম কোন কার্য্যকারকের কি আদালতের দ্বারা তাহার প্রথম স্থলের অনুসন্ধান কি বিচার করিবার আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হইবেন। যদিও সাধারণ নিয়মমতে সেই মোকদ্দমা অন্য কোন কার্য্যকারকের কি আদালতের ক্ষমতার মধ্যে আইসে তথাপি পূর্ব্বোক্ত আজ্ঞা করিতে পারিবেন।

ফৌজদারী আইন সম্পর্কীয় বিধি।

[ভারতবর্ষের দণ্ডবিধির আইনমতে অপরাধিদের দণ্ড হইবার কথা।]

৩০ ধারা। আমাদের আরো এই নির্দ্ধারণ যে ভারতবর্ষের দণ্ডবিধির আইন নামে খ্যাত ১৮৬০ সালের ৪৫ আইনেতে কিম্বা এই পত্র প্রকাশ করণের পূর্ব্বে উক্ত আইন সংশোধন কি বহির্ভূত কারি কোন আইন

exercise of its jurisdiction as a court of appeal, reference, or revision, charged with any offence for which provision is made by Act No. XLV of 1860, called the "Indian Penal Code," or by any Act amending or excluding the said Act which may have been passed prior to the publication of these presents, shall be liable to punishment under the said Act or Acts, and not otherwise.

Exercise of Jurisdiction elsewhere than at the ordinary place of sitting of the High Court.

[Judges may be authorized to sit in any places by way of circuit or special commission.]

31. And We do further ordain that whenever it shall appear to the Governor General in Council convenient that the jurisdiction and power by these Our Letters Patent, or by the recited Act, vested in the said High Court of Judicature at Fort William in Bengal should be exercised in any place within the jurisdiction of any court now subject to the superintendence of the said High Court, other than the usual place of sitting of the said High Court, or at several such places by way of circuit, the proceedings in cases before the said High Court at such place or places shall be regulated by any law relating thereto which has been or may be made by competent legislative authority for India.

Admiralty and Vice-Admiralty jurisdiction.

[Civil.]

32. And We do further ordain that the said High Court of Judicature at Fort William in Bengal shall have and exercise all such civil and maritime jurisdiction as may now be exercised by the said High Court as a Court of Admiralty, or of Vice-Admiralty, and also such jurisdiction for the trial and adjudication of prize causes and other maritime questions arising in India as may now be exercised by the said High Court.

[Criminal.]

33. And We do further ordain that the said High Court of Judicature at Fort William in Bengal shall have and exercise all such criminal jurisdiction as may now be exercised by the said High Court, as a Court of Admiralty, or of Vice-Admiralty, or otherwise in connection with maritime matters or matters of prize.

প্রচলিত হইলে তদ্দ্বারা যে২ অপরাধের বিধান হইয়াছে সেই২ অপরাধের অভিযোগে যদি কোন ব্যক্তিকে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টের আদৌ বিচার করিবার ক্ষমতার উপলক্ষে কিম্বা আপীল আদালত স্বরূপে কিম্বা অর্পিত বিষয়ের বিবেচনা কি পুনরালোচনা করিবার ক্ষমতাপন্ন আদালত স্বরূপে উক্ত কোর্টের বিচারার্থে অর্পণ করা যায় তবে তাহারা সেই আইন কি সেই২ আইনমতে দণ্ডনীয় হইবে অন্য আইনক্রমে নয়।

হাই কোর্টের অধিবেশনের নিয়মিত স্থানভিন্ন অন্য স্থানে স্বীয় ক্ষমতামতে কার্য্য করিবার বিধি।

[বিচারকর্ত্তারদের পরিভ্রমণ কালে কি বিশেষ কমিস্যনস্বরূপে কোন স্থানে উপবিষ্ট হইবার ক্ষমতার কথা।]

৩১ ধারা। আমাদের আরো এই নির্দ্ধারণ। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যদি কোন সময়ে এমত বোধ করেন, যে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্টের প্রতি আমাদের এই পেটেন্টপত্রে কিম্বা উপরের লিখিত আইনক্রমে যে সকল ক্ষমতা ও শক্তি অর্পিত হইয়াছে উক্ত হাই কোর্টের নিয়ত অধিবেশনের স্থানভিন্ন অধীন কোন আদালতের বিচারাধিপত্যের মধ্য কোন স্থানে কিম্বা পর্য্যটনক্রমে তদ্রূপ অন্য স্থানে উক্ত হাই কোর্টের সেই সকল ক্ষমতাক্রমে কার্য্য করা উচিত, তবে ভারতবর্ষের নিমিত্ত ব্যবস্থা করণের উপযুক্ত ক্ষমতাক্রমে তদ্বিষয়ের যে কোন আইন করা গিয়াছে কি করা যাইবে তদনুসারে সেই স্থানে কি সেই২ স্থানে উক্ত হাই কোর্টের সম্মুখস্থ ঐ মোকদ্দমার কার্য্য সম্পাদন হইবে।

আডমিরালটী ও বৈস আডমিরালটী সম্পর্কীয় ক্ষমতার বিধি।

[দেওয়ানী সম্পর্কীয় কথা।]

৩২ ধারা। আমাদের আরো এই নির্দ্ধারণ যে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্ট দেওয়ানী ও জাহাজসম্পর্কীয় কোন মোকদ্দমার আডমিরালটী কি বৈসআডমিরালটী কোর্ট স্বরূপে যে সকল ক্ষমতা প্রাপ্ত হইয়া কার্য্য করিতে পারেন, এবং ভারতবর্ষে উপস্থাপিত পুরস্কার বিষয়ক মোকদ্দমার ও জাহাজসম্পর্কীয় অন্যান্য বিষয়ের বিচার ও নিষ্পত্তি করিবার যে ক্ষমতা প্রাপ্ত আছেন উক্ত হাই কোর্ট তদ্রূপ ক্ষমতাবিশিষ্ট হইয়া তদনুসারে কার্য্য করিতে পারিবেন।

[ফৌজদারী কথা।]

৩৩ ধারা। আরো আমাদের এই নির্দ্ধারণ। আডমিরালটী কি বৈস-আডমিরালটী কিম্বা পুরস্কার বিষয়ক ও জাহাজসম্পর্কীয় অন্যান্য বিষয়ের কোর্ট স্বরূপ বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত হাই কোর্ট ফৌজদারী মোকদ্দমা সম্পর্কীয় যে ক্ষমতা এইক্ষণে প্রাপ্ত হইয়া কার্য্য করিতে পারেন তত্তুল্য সকল ক্ষমতা প্রাপ্ত হইয়া তদনুসারে কার্য্য করিতে পারিবেন।

Testamentary and Intestate jurisdiction.

[Testamentary and intestate jurisdiction.]

34. And We do further ordain that the said High Court of Judicature at Fort William in Bengal shall have the like power and authority as that which may now be lawfully exercised by the said High Court, except within the limits of the jurisdiction for that purpose of any other High Court established by Her Majesty's Letters Patent, in relation to the granting of probates of last wills and testaments, and letters of administration of the goods, chattles, credits, and all other effects whatsoever of persons dying intestate, whether within or without the said Bengal Divison, subject to the orders of the Governor General in Council as to the period when the said High Court shall cease to exercise testamentary and intestate jurisdiction in any place or places beyond the limits of the provinces or places for which it was established: Provided always, that nothing in these Letters Patent contained shall interfere with the provisions of any law which has been made by competent legislative authority for India, by which power is given to any other Court to grant such probates and letters of administration.

Matrimonial jurisdiction.

[Matrimonial jurisdiction.]

35. And We do further ordain that the said High Court of Judicature at Fort William in Bengal shall have jurisdiction, within the Bengal division of the Presidency of Fort William, in matters matrimonial between Our subjects professing the Christian religion: Provided always, that nothing herein contained shall be held to interfere with the exercise of any jurisdiction in matters matrimonial by any Court not established by Royal Charter within the said Presidency lawfully possessed thereof.

Powers of Single Judges and Division Courts.

[Single Judges and Division Courts.]

36. And We do hereby declare that any function which is hereby directed to be performed by the said High Court of Judicature at Fort William in Bengal, in the exercise of its original or appellate jurisdiction, may be performed by any Judge, or by any Division Court thereof, appointed or constituted for such purpose, under the provisions of the Thirteenth Section of the aforesaid Act of the Twenty-fourth and Twenty-fifth Years of Our reign; and if such Division Court is composed of two or more Judges and

চরমপত্রসম্পার্কীয় ও অকৃত চরমপত্র ব্যক্তির সম্পত্তি সম্পার্কীয় ক্ষমতার বিধি।

[চরমপত্রসম্পার্কীয় ও অকৃত চরমপত্র ব্যক্তির সম্পত্তিসম্পার্কীয় ক্ষমতার কথা।]

29. *1st.*—Any person qualified to be admitted as a Pleader of either grade shall be entitled to be admitted as Mookhtar.

2nd.—Any person qualified to present himself for examination for a pleadership of either grade may present himself for examination to be admitted as Mookhtar.

3rd.—Any person who can satisfy the Judge of the District that he possesses the following qualifications may be admitted to examination for the office of Mookhtar, *viz.:*—

A.—That he is a person of good moral character.

B.—That he has received a liberal education.

C.—That he is not above the age of 35 years, unless he has been previously practising as a Mookhtar, in which case no limit of age will be prescribed.

30. Every candidate for examination as a Mookhtar shall, six weeks at least before the day fixed for the examination, give notice to the Judge of the District in which he resides of his intention to present himself at the ensuing examination, and he shall at the time of giving such notice

সাহেবের রসীদ সুদ্ধ ঐ প্রতিলিপি পরীক্ষকদিগকে দেখাইবেন।

২৫। কলিকাতা নিবাসি ঐ পদাকাঙ্ক্ষিরা চব্বিশ পরগনার জজ ও কালেক্টর সাহেবের নিকটে ২২ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ও ২৪ ধারার নির্দ্দিষ্ট টাকা দিবেন।

২৬। কোন ব্যক্তি দ্বিতীয় শ্রেণীর উকীলস্বরূপ পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ১০ টাকা দিবেন, এবং পরীক্ষকদের সংশিতপত্র ও কালেক্টর সাহেবের ঐ ১০ টাকার রসীদ দেখাইলে তিনি হাই কোর্টে গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইবার স্বত্ত্ববান হইবেন।

২৭। প্রার্থক সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিতে মনস্থ করেন সেই জিলার জজ সাহেবকে তিনি ঐ প্রার্থনা এবং এই বিধির ২৬ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ দেখাইবেন। এবং জজ সাহেব তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহার সহিত ঐ সংশিতপত্রপ্রভৃতি হাই কোর্টের রেজিষ্ট্রারের নিকটে প্রেরণ করিবেন।

২৮। প্রার্থক হাই কোর্টে গ্রাহ্য ও তাঁহার নাম ফর্দ্দে লেখা গেলে হাই কোর্টের রেজিষ্ট্রার সেই মর্ম্মের সর্টিফিকট জিলার জজ সাহেবের নিকটে প্রেরণ করিবেন। পরে ১৮৬৫ সালের ২০ আইনের দ্বিতীয় তফসীলের সংশিতপত্রের পাঠে যে কথা ব্যক্ত হইয়াছে প্রার্থক সেই কথা অনুযায়ি প্রতিজ্ঞাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া জজ সাহেবকে দিয়া তাঁহার নিকটে রাখিবেন, পরে জজ সাহেব তাঁহাকে উক্ত আইন অনুযায়ি সংশিতপত্র দিবেন।

মোক্তারদের বিধি।

২৯। (১) যে কেহ একতর শ্রেণীর উকীলস্বরূপ গ্রাহ্য হইবার যোগ্য হন তিনি মোক্তারস্বরূপে গ্রাহ্য হইবার স্বত্ত্ববান্।

(২) যে কেহ একতর ওকালতীর পরীক্ষা দানার্থে উপস্থিত হইবার যোগ্য আছেন, তিনি মোক্তারস্বরূপে গ্রাহ্য হইবার জন্যে পরীক্ষা দিতে উপস্থিত হইতে পারিবেন।

(৩) পশ্চাৎ লিখিত গুণ প্রাপ্ত হইয়াছেন, এই বিষয়ে যে কেহ জিলার জজ সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন তিনি মোক্তারের কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইতে পারিবেন। বিশেষতঃ

(ক) তিনি সুনীতিরীতির ব্যক্তি।

(খ) বিশিষ্টমতে বিদ্যাশিক্ষা করিয়াছেন।

(গ) ৩৫ বৎসরের ঊর্দ্ধ বয়স্ক নহেন। কিন্তু যদি পূর্ব্বে মোক্তারের কর্ম্ম করিয়া থাকেন, তবে বয়সের কোন সীমা অবধারিত হইবে না।

৩০। মোক্তারী কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার জজ সাহেবকে আগামি পরীক্ষা হইবার নিরূপিত দিনের পূর্ব্বে অতি ন্যূন ছয় সপ্তাহ থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন। এবং এই বিধির ২৯ ধারাতে ঐ পদাকাঙ্ক্ষিদের

establish to the satisfaction of such Judge that he possesses all the qualifications declared by Rule 29 to be necessary for such candidates.

31. The Judge, if satisfied that the candidate possesses such qualifications, shall thereupon enter his name, the name of his father, his place of residence, and his age, in a register, with a certificate to the effect that he possesses the necessary qualifications, and shall furnish the candidate with a copy of, or an extract from, the said register.

32. Before the date of examination every candidate shall pay a fee of Rs. 5 into the Government Treasury of the District. The candidate shall at the same time present to the Collector the copy of the register furnished to him under Rule 31, and the Collector's receipt for the fee shall be endorsed thereon. The applicant shall produce to the Examiners the copy of the register granted to him by the Judge, with the Collector's receipt endorsed thereon.

33. Candidates residing in Calcutta shall give the notice required by Rule 30, and make the payment prescribed in Rule 32 to the Judge and Collector, respectively, of the 24-Pergunnahs.

34. The examination shall be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners in pursuance of Section 6, Act XX of 1865, and according to such Regulations as shall be made by the said Government for conducting such examinations. The examination shall be in the following subjects:—

Code of Civil Procedure.
Law of Limitation.
Stamp Laws.
Small Cause Court Act.
Penal Code and Code of Criminal Procedure.

35. Any person who shall pass the examination as a Mookhtar, and who shall desire to be admitted, shall pay into the Government Treasury of the District in which he shall intend to practise Rupees 8, and shall, on presentation of the certificate of the Examiners and of the Collector's receipt for the said sum of Rupees 8, be entitled to apply to the High Court for admission and enrolment.

36. The application, together with the certificate and receipt required by Rule 35, shall be presented to the Judge of the District in which the applicant intends ordinarily to practise, and shall be forwarded by the Judge to the Registrar of the High Court with such remarks as he may think fit to make thereon.

37. Upon the applicant's being admitted and enrolled by the High Court a certificate to that

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১২ জুন।]

যেৎ যোগ্যতা প্রয়োজন প্রকাশ হইয়াছে তাঁহার সেই যোগ্যতা আছে জজ সাহেবের হৃবোধমতে ইহা প্রতিপন্ন করিবেন।

৩১। জজ সাহেব ঐ পদাভিক্ষর সেই যোগ্যতাগুণবত্তার বিষয় হৃবোধমতে জ্ঞাত হইলে, তিনি রেজিষ্টরে ঐ ব্যক্তির ও তদীয় পিতার নাম ও তাঁহার বাসস্থান ও বয়স লিখিবেন, ও তিনি প্রয়োজনানুসারে যোগ্যতাপত্রপ্রাপ্ত হইয়াছেন এই বিষয়ে আপন হৃবোধ হওয়ার সংশিতপত্র ঐ রেজিষ্টরে লিখিবেন, এবং ঐ পদাকাঙ্ক্ষিকে ঐ রেজিষ্টরের প্রতিলিপি কি তাহাহইতে উদ্ধৃত কথা দিবেন।

৩২। পরীক্ষা দিবার তারিখের পূর্ব্বে মোক্তারের পদাকাঙ্ক্ষি প্রত্যেক জন জিলার অন্তর্গত গবর্ণমেণ্টের অর্থাগারে ৫৲ টাকা শুল্ক দিবেন। এবং ৩১ ধারামতে রেজিষ্টরের যে প্রতিলিপি পাইয়াছেন তাহাও তৎকালে কালেক্টর সাহেবের গোচর করিবেন। ও তাহার পৃষ্ঠে কালেক্টর সাহেব ঐ শুল্কের রসীদ লিখিয়া দিবেন। পরীক্ষাদানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি জজ সাহেবের দত্ত রেজিষ্টরের প্রতিলিপির পৃষ্ঠে কালেক্টর সাহেবের রসীদ সুদ্ধ ঐ প্রতিলিপি পরীক্ষকদিগকে দেখাইবেন।

৩৩। কলিকাতা নিবাসি ঐ পদাকাঙ্ক্ষিরা চব্বিশ পরগনার জজ ও কালেক্টর সাহেবের নিকটে ৩০ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ও ৩২ ধারার নির্দ্দিষ্ট টাকা দিবেন।

৩৪। বঙ্গদেশের গবর্ণমেণ্ট ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষকের পদে নিযুক্ত করেন তাঁহাদের সম্মুখে ঐ গবর্ণমেণ্ট ঐ পরীক্ষা কার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে। পশ্চাৎলিখিত পুস্তকে পরীক্ষা হইবে যথা,

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন।
মিয়াদী আইন।
ইষ্টাম্পের আইন।
ক্ষুদ্র মোকদ্দমার আদালতের আইন।
দণ্ডবিধির আইন ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন।

৩৫। কোন ব্যক্তি মোক্তারস্বরূপ পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ৮৲ টাকা দিবেন এবং পরীক্ষকদের সংশিতপত্র ও কালেক্টর সাহেবের ঐ ৮৲ টাকার রসীদ দেখাইলে তিনি হাই কোর্টে গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইবার স্বত্ত্ববান্ হইবেন।

৩৬। প্রার্থক সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিতে মনস্থ করেন, সেই জিলার জজ সাহেবকে ঐ প্রার্থনা এবং এই বিধির ৩৫ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ দেখাইবেন। এবং জজ সাহেব তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহার সহিত ঐ সংশিতপত্রপ্রভৃতি হাই কোর্টের রেজিষ্ট্রারের নিকটে প্রেরণ করিবেন।

৩৭। প্রার্থক হাই কোর্টে গ্রাহ্য হইলে ও তাঁহার নাম ফর্দ্দে লেখা গেলে হাই কোর্টের রেজিষ্ট্রার সেই মর্ম্মের

effect shall be forwarded by the Registrar of the High Court to the Judge of the District, who, upon the applicant's delivering and leaving with him a declaration in writing signed by the said applicant in conformity with the recital in the form of certificate given in the 2nd Schedule to Act XX of 1865, shall grant him a certificate as required by the said Act.

38. If any person having passed the examination entitling him to be admitted and enrolled as a Mookhtar shall fail to apply for such admission and enrolment for a period of three years, he shall not be admitted and enrolled, unless, by special order of the High Court, the time for such application shall be extended.

39. Provided that any person who, on the 1st January 1866, had been practising for the term of one year at least immediately preceding that date as a Mookhtar in a Criminal Court, and who shall satisfy the Judge of the District in which he ordinarily practised that he is a person of good moral character, and qualified by his knowledge of Law and Procedure to continue practising as Mookhtar shall be admitted to practise in any Criminal Court.

40. In any District in which there is a resident Magistrate and no resident Judge, it shall be sufficient for an applicant to satisfy the Magistrate that he possesses the qualifications mentioned in Rule 39.

41. The qualifications required by the foregoing Rules shall not be necessary for Pleaders or Mookhtars in the Non-Regulation Provinces under the Government of Bengal. Rules for the qualification, admission, and enrolment of such Pleaders and Mookhtars will be published hereafter.

42. If any person having been admitted and enrolled as a Pleader or Mookhtar shall neglect to take out a certificate, or, having obtained a certificate, shall fail to renew it for a period of three years, he shall be suspended, and shall not be entitled to receive a certificate, or to have his certificate renewed without further orders of the High Court.

43. Any person, who, having been admitted as a Pleader or Mookhtar, shall accept any appointment under Government, or shall enter into any trade or other business, shall give notice thereof to the High Court, who may thereupon pass such orders as the said Court may think fit.

44. Any person, who shall hold any appointment under Government, or shall carry on any trade or other business at the time of his application for admission as a Pleader or Mookhtar, shall state the fact in his application for admission.

[*Government Gazette, 12th June* 1866.]

সর্টিফিকট জিলার জজ সাহেবের নিকটে প্রেরণ করিবেন। পরে ১৮৬৫ সালের ২০ আইনের দ্বিতীয় তফসীলের সংশিতপত্রের পাঠে যে কথা ব্যক্ত হইয়াছে, প্রার্থক সেই কথানুযায়ি প্রতিজ্ঞাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া জজ সাহেবকে দিয়া, তাঁহার নিকট রাখিবেন, পরে জজ সাহেব তাঁহাকে উক্ত আইন অনুযায়ি সংশিতপত্র দিবেন।

৩৮। যে প্রকারের পরীক্ষা দিলে কোন ব্যক্তি মোক্তারস্বরূপে গ্রাহ্য হইতে ও ফর্দ্দে নাম লেখাইতে পারেন সেই প্রকারের পরীক্ষোত্তীর্ণ হইলে পর যদি সেই ব্যক্তি তিন বৎসর পর্য্যন্ত তদ্রূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার প্রার্থনা না করেন, তবে হাই কোর্টের বিশেষ আজ্ঞাক্রমে সেই প্রার্থনা করিবার সময় বৃদ্ধি না হইলে তিনি গ্রাহ্য হইবেন না ও ফর্দ্দে তাঁহার নাম লেখা যাইবে না।

৩৯। পরন্তু যদি কোন ব্যক্তি ১৮৬৬ সালের ১ জানুয়ারি তারিখের পুর্ব্বে অতি ন্যূন এক বৎসর পর্য্যন্ত ফৌজদারী আদালতে মোক্তারস্বরূপে কর্ম্ম করিয়া আসিতেছেন, এবং সুনীতিরীতির লোক ও আইন ও কার্য্যবিধান বিষয়ক জ্ঞানদ্বারা মোক্তারস্বরূপে কার্য্য করিয়া থাকিতে ক্ষমতাপন্ন আছেন এই বিষয়ে তিনি সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করেন যদি সেই জিলার জজ সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন, তবে ফৌজদারী কোন আদালতে ব্যবহার করিতে গ্রাহ্য হইবেন।

৪০। যে জিলার মধ্যে জজ সাহেব বাস না করেন মাজিষ্ট্রেট সাহেব বাস করেন, সেই জিলাতে প্রার্থক ৩৯ ধারার লিখিত কর্ম্মযোগ্যতা বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধ জন্মাইলে প্রচুর।

৪১। পূর্ব্বোক্ত বিধিতে যে কর্ম্মযোগ্যতা নির্দ্ধারিত হইয়াছে তাহা বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন আইনবহির্ভূত প্রদেশের উকীলদের কি মোক্তারদের জন্যে আবশ্যক নাই। ঐ উকীল ও মোক্তারদিগের কার্য্য ক্ষমতার ও গ্রাহ্য হওয়ার ও ফর্দ্দে নাম লেখাইবার বিধি পশ্চাৎ প্রকাশ হইবে।

৪২। যদি কোন ব্যক্তি উকীল কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইয়া ও ফর্দ্দে নাম লেখাইয়া সংশিতপত্র লইতে শৈথিল্য করেন, কিম্বা সংশিতপত্র প্রাপ্ত হইলেও তিন বৎসর পর্য্যন্ত ঐ পত্র নূতন করিয়া লইতে ত্রুটি করেন, তবে তাঁহার কর্ম্ম স্থগিত হইবে ও হাই কোর্টহইতে অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি সংশিতপত্র পাইতে কিম্বা নূতন করিয়া লইতে স্বত্ববান হইবেন না।

৪৩। কোন ব্যক্তি উকীল কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইলে যদি গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্ম গ্রাহ্য করেন কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে হাই কোর্টে তাঁহার সেই কথা জানাইতে হইবে ও ঐ কোর্ট যদ্রূপ আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

৪৪। কোন ব্যক্তি উকীল কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্মে নিযুক্ত থাকেন, কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে গ্রাহ্য হইবার প্রার্থনাপত্রে তিনি সেই কথা ব্যক্ত করিবেন।

45. Any wilful violation of any of the above Rules shall subject a Pleader or Mookhtar to suspension or dismissal.

B. Peacock.
C. Trevor.
H. V. Bayley.
J. P. Norman.
F. B. Kemp.
W. S. Seton-Karr.
Louis S. Jackson.
Shumboonath Pundit.
G. Campbell.
J. B. Phear.
A. G. Macpherson.
F. A. Glover.

The 2nd May 1866.

৪৫। কোন উকীল কি মোক্তার ইচ্ছাপূর্ব্বক পূর্ব্ব লিখিত কোন বিধি লঙ্ঘন করিলে তিনি কিয়ৎকাল কি চিরকালের নিমিত্তে পদচ্যুত হইবেন।

বি পীকক্।
সি ট্রেবর।
এচ বি বেলি।
জে পি নরমান।
এফ বি কেম্প।
ডবলিউ এস সীটনকার।
লুইস এস জ্যাকসন।
শম্ভুনাথ পণ্ডিত।
জি কাম্বেল।
জে বি ফিয়র।
এ জি মাকফরসন।
এফ এ গ্লবর।

১৮৬৬ সাল ২ মে।

John Robinson, *Bengalee Translator.*

The following are the rules prepared by the Board of Revenue under Section 23, Act XX of 1865, to define what qualifications are required for a certificate entitling a person to practise as a Revenue Agent under that Act.

1. Any person who has obtained from the Judge a certificate that he is qualified to present himself for examination as a Mookhtar may present himself for examination for the office of Revenue Agent.

2. Any person who can satisfy the Collector of the District that he possesses the following qualifications may be admitted to examination for the office of Revenue Agent, *viz*:—

1*st*.—That he is a person of good moral character.

2*nd*.—That he has received a liberal education.

3*rd*.—That he is not under the age of twenty, nor above the age of thirty-five years, unless he has been previously practising as a Mookhtar, in which case no enquiry as to age is necessary.

3. Every candidate for examination for the office of Revenue Agent shall, at least six weeks before the day fixed for the examination, give notice to the Collector of the District in which he resides of his intention to present himself at the ensuing examination.

4. The Collector, if satisfied that the candidate is qualified for examination under Rule 1 or 2, shall thereupon enter his name, with a description

১৮৬৫ সালের ২০ আইনমতে রেবিনিউ এজেন্ট-স্বরূপে কর্ম্ম করণার্থ সংশিতপত্র প্রাপণের স্বত্বের জন্যে কোন ব্যক্তির যেং গুণবত্তা থাকার প্রয়োজন তন্নিরূপণার্থ পশ্চাৎলিখিত সকল বিধি উক্ত আইনের ২৩ ধারামতে রেবিনিউ বোর্ড কর্ত্তৃক প্রণীত হইল।

১। মোক্তারের পরীক্ষাতে উপস্থিত হইবার যোগ্য এই মর্ম্মের সংশিতপত্র যে ব্যক্তি জজ সাহেবের স্থানে প্রাপ্ত হন তিনি রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষাতে উপস্থিত হইতে পারিবেন।

২। পশ্চাৎ লিখিত গুণ প্রাপ্ত হইয়াছেন. এই বিষয়ে যে কেহ জিলার কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন তিনি রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইতে পরিবেন। বিশেষত :

(১) তিনি সুনীতির ব্যক্তি।

(২) বিশিষ্টমতে বিদ্যাশিক্ষা করিয়াছেন।

(৩) ২০ বৎসরের ন্যূন কি ৩৫ বৎসরের ঊর্দ্ধ বয়স্ক নহেন। কিন্তু যদি পুর্ব্বে মোক্তারের কর্ম্ম করিয়া থাকেন, তবে বয়সের কথা জিজ্ঞাসা করা আবশ্যক হইবে না।

৩। রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার কালেক্টর সাহেবকে পরীক্ষা হইবার নিরূপিত দিনের পুর্ব্বে অতি ন্যূন ছয় সপ্তাহ থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন।

৪। ঐ পদাকাঙ্ক্ষি ১ কিম্বা ২ ধারার মতে পরীক্ষা দিবার যোগ্য কালেক্টর সাহেব ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে ঐ পরীক্ষার্থির নাম, ও তাঁহাকে চিনি-

sufficient for identification, in a register, and shall furnish to the candidate a certificate to that effect.

5. Before the date of examination every candidate shall pay a fee of Rupees 5 to the Collector of the District, whose receipt for the same shall be endorsed on the certificate described in Rule 4.

6. Candidates residing in Calcutta shall give the notice, and pay the fees, prescribed in Rules 3 and 5, to the Collector of the 24-Pergunnahs.

7. The examination shall be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners under Section 24, Act XX of 1865, and according to such regulations as shall be made by the said Government for conducting such examination. The examination shall be in the following subjects:—

A. The permanent settlement; the Government lien on land; and the mode in which Estates can be brought to sale for arrears of revenue.	Regulations I, II, VIII, X, XI, XIV, XIX, XXXVII, and XLIV of 1793; Act XI of 1859.
B. The Law of under-tenures, and the mode in which the same c[illegible] brought to sale fo[illegible]ears of revenue.	Regulations VIII of 1819 and I of 1820; Acts X of 1859 and VIII of 1865 (B. C.)
[illegible] The Law for th[illegible]sion of Estates.	Regulation XIX of 1814.
[illegible] The relation of La[illegible]lord and Tenant.	Acts X of 1859 and VI of 1862 (B. C.)
E. The Law of Evidence.	Act II of 1855.
F. The Stamp Laws.	Acts X of 1862 and XVIII of 1865.

8. Any person who shall pass the examination, and who shall desire to be admitted as a Revenue Agent, shall pay into the Government Treasury of the District in which he shall intend to practise Rupees 8, and shall on presentation of the certificate of the Examiners, and of a receipt for the said sum of Rupees 8, be entitled to apply to the Collector of the District for, and to receive a certificate in, the form prescribed in Schedule 3, Act XX of 1865, and subject to the conditions of Sections 20, 21, and 22 of the said Act, which certificate shall be signed by the Collector of the District and delivered to the applicant.

9. The application, certificate, and receipt required by Rule 8 shall be forwarded by the Collector, to the Secretary of the Board of Revenue, with such remarks as he may think fit to make thereon.

বার উপযুক্ত বর্ণনা রেজিষ্টরে লিখিয়া তাঁহাকে সেই মর্ম্মের এক সংশিতপত্র দিবেন।

৫। পরীক্ষা দিবার তারিখের পূর্ব্বে উক্ত পদাকাঙ্ক্ষি প্রত্যেক জন জিলার কালেক্টর সাহেবকে ৫৲ টাকা শুল্ক দিবেন। তাহার রসীদ ৪ বিধির নির্দ্দিষ্ট সংশিতপত্রের পৃষ্ঠে লিখিত হইবে।

৬। কলিকাতা নিবাসি ঐ পদাকাঙ্ক্ষিরা চব্বিশ পরগনার কালেক্টর সাহেবের নিকটে ৩ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ও ৫ ধারার নির্দ্দিষ্ট শুল্ক দিবেন।

৭। বঙ্গদেশের গবর্ণমেণ্ট ১৮৬৫ সালের ২০ আইনের ২৪ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষকের পদে নিযুক্ত করেন তাঁহাদের সম্মুখে ঐ গবর্ণমেণ্ট ঐ পরীক্ষাকার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে। পশ্চাৎ লিখিত পুস্তকে পরীক্ষা হইবে যথা,

A. চিরকালীন বন্দোবস্তের উপলক্ষে ও ভূমির উপর গবর্ণমেণ্টের দাওয়ার ও বাকী রাজস্বের জন্যে সম্পত্তির নীলাম যে নিয়মে হইতে পারে তদুপলক্ষে।	১৭৯৩ সা. ১, ২, ৮, ১০, ১১, ১৪, ১৯, ৩৭, ও ৪৪, আইন ১৮৫৯ সা. ১১ আইন।
B. পত্তনীতালুকের আইন ও তাহা বাকী রাজস্বের নিমিত্তে যে নিয়মে নীলাম হইতে পারে।	১৮১৯ সালের ৮ আইন ১৮২০ সা. ১ আ. ও ১৮৫৯ সা. ১০ আইন ১৮৬৫ সা. বঙ্গদেশীয় মন্ত্রিসভার ৮ আইন।
C. বাটওয়ারা বিষয়ক আইন।	১৮১৪ সা. ১৯ আ।
D. ভূম্যধিকারি ও প্রজার পরস্পর সম্বন্ধব্যবস্থা	১৮৫৯ সা. ১০ আ. ও ১৮৬২ সা. বঙ্গদেশীয় ৬ আ.
E. প্রমাণ বিষয়ক ব্যবস্থা	১৮৫৫ সা. ২ আ।
F. ইষ্টাম্প বিষয়ক আইন।	১৮৬২ সা. ১০ আ। ১৮৬৫ সা. ১৮ আ.।

৮। কোন ব্যক্তি পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি রেবিনিউ এজেণ্টরূপ গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ৮৲ টাকা দিবেন এবং পরীক্ষকদের সংশিতপত্র ও কালেক্টর সাহেবের ঐ ৮৲ টাকার রসীদ দেখাইলে তিনি জিলার কালেক্টর সাহেবের নিকটে ১৮৬৫ সালের ২০ আইনের ৩ তপসীলের নির্দ্দিষ্ট পাঠে এবং উক্ত আইনের ২০ ও ২১ ও ২২ ধারার নিয়মাধীনে সংশিতপত্র পাইবার প্রার্থনা করিতে স্বত্ববান হইবেন। সংশিতপত্র জিলার কালেক্টর সাহেবের দ্বারা স্বাক্ষরিত হইয়া প্রার্থককে দেওয়া যাইবে।

৯। কালেক্টর সাহেব ঐ প্রার্থনা এবং এই বিধির ৮ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ ও তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহা লিখিয়া রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের নিকটে প্রেরণ করিবেন।

[*Government Gazette*, 12*th June* 1866.]

10. If any person, having passed the examination entitling him to be admitted and enrolled as a Revenue Agent, shall fail to apply for such admission and enrolment for a period of three years, he shall not be admitted and enrolled, unless, by a special order of the Board of Revenue, the time for such application shall be extended.

11. Provided that any person who, on the 1st January 1866, had been practising for the term of one year at least immediately preceding that date, as a Mookhtar in a Revenue Office, and who shall satisfy the Collector of the District in which he has ordinarily practised, that he is a person of good moral character, and qualified, by his knowledge of law and procedure, to continue practising as a Revenue Agent, shall be admitted to practise in any Revenue Office.

12. The qualifications required by the above Rules shall not be necessary for Revenue Agents in the Non-Regulation Provinces under the Government of Bengal. Rules for the qualification, admission, and enrolment of such Revenue Agents will be published hereafter.

13. If any person, having been admitted and enrolled as a Revenue Agent, shall neglect to take out a certificate, or having obtained a certificate shall fail to renew it for a period of three years he shall be suspended, and shall not be entitled to receive a certificate, or to have his certificate renewed without further orders of the Board of Revenue.

14. Any person who, having been admitted as a Revenue Agent, shall accept any appointment under Government, or shall enter into any trade or other business, shall give notice thereof to the Board of Revenue, who may thereupon pass such orders as the said Board may think fit.

15. Any person who shall hold any appointment under Government, or shall carry on any trade or other business at the time of his application for admission as a Revenue Agent, shall state the fact on his application for admission.

16. Any wilful violation of any of the above Rules shall subject a Revenue Agent to suspension or dismissal.

A. GROTE, } *Members, Board of*
V. H. SCHALCH, } *Revenue.*

১০। যে প্রকারের পরীক্ষা দিলে কোন ব্যক্তি রেবিনিউ এজেন্টস্বরূপে গ্রাহ্য হইতে ও ফর্দ্দে নাম লেখাইতে পারেন সেই প্রকারের পরীক্ষোত্তীর্ণ হইলে পর যদি কোন ব্যক্তি তিন বৎসর পর্য্যন্ত তদ্রূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার প্রার্থনা না করেন, তবে রেবিনিউ বোর্ডের বিশেষ আজ্ঞাক্রমে সেই প্রার্থনা করিবার সময় বৃদ্ধি না হইলে তিনি গ্রাহ্য হইবেন না ও ফর্দ্দে তাঁহার নাম লেখা যাইবে না।

১১। পরন্তু যদি কোন ব্যক্তি ১৮৬৬ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে অতি ন্যূন এক বৎসর পর্য্যন্ত রাজস্বের কার্য্যালয়ে মোক্তারস্বরূপে কর্ম্ম করিয়া আসিতেছেন, এবং সুনীতিরীতির লোক ও আইন ও কার্য্যবিধান বিষয়ক জ্ঞান দ্বারা রেবিনিউ এজেন্টস্বরূপে কার্য্য করিয়া থাকিতে ক্ষমতাপন্ন আছেন এই বিষয়ে তিনি সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিয়াছেন যদি সেই জিলার কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন, তবে রাজস্বের কোন কার্য্যালয়ে ব্যবহার করিতে গ্রাহ্য হইবেন।

১২। পূর্ব্বোক্ত বিধিতে যে কর্ম্মযোগ্যতা নির্দ্ধারিত হইয়াছে তাহা বঙ্গদেশের গবর্ণমেন্টের অধীন আইনবহির্ভূত প্রদেশের রেবিনিউ এজেন্টদের পক্ষে আবশ্যক নাই। ঐ রেবিনিউ এজেন্টদিগের কার্য্যক্ষমতার ও গ্রাহ্য হওয়ার ও ফর্দ্দে নাম লেখাইবার বিধি পশ্চাৎ প্রকাশ হইবে।

১৩। যদি কোন ব্যক্তি রেবিনিউ এজেন্ট স্বরূপ গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইয়া সংশিতপত্র লইতে শৈথিল্য করেন, কিম্বা সংশিতপত্র প্রাপ্ত হইলেও তিন বৎসর পর্য্যন্ত ঐ পত্র নূতন করিয়া লইতে ক্রটি করেন, তবে তাঁহার কর্ম্ম স্থগিত হইবে ও রেবিনিউ বোর্ডহইতে অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি সংশিতপত্র পাইতে কিম্বা নূতন করিয়া লইতে স্বত্ত্ববান হইবেন না।

১৪। কোন ব্যক্তি রেবিনিউ এজেন্টস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেন্টের অধীন কোন কর্ম্ম গ্রাহ্য করেন কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে রেবিনিউ বোর্ডে জ্ঞাত করিবেন ও উক্ত বোর্ডের সাহেবেরা যদ্রূপ আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

১৫। কোন ব্যক্তি রেবিনিউ এজেন্টস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেন্টের অধীন কোন কর্ম্মে নিযুক্ত থাকেন, কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে গ্রাহ্য হইবার প্রার্থনাপত্রে তিনি সেই কথা জ্ঞাত করিবেন।

১৬। কোন রেবিনিউ এজেন্ট ইচ্ছাপূর্ব্বক পূর্ব্বলিখিত কোন বিধি লঙ্ঘন করিলে তিনি কিয়ৎকাল কি চিরকালের নিমিত্তে পদচ্যুত হইবেন।

এ গ্রোট, } রেবিনিউ বোর্ডের মেম্বর
বি এচ শক, }

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১২ জুন।]

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1011.

Appointments.

The 30th May 1866.

The following gentlemen to be Members of the Local Committee for the management of the Charitable Dispensary at Takee, *viz.:*—

The Sub-Divisional Officer of Busseerhaut.

The Native Doctor in charge of the Takee Dispensary.

Baboo Tarasunker Roy Chowdry.
„ Prosunno Chunder Roy Chowdry.
„ Hurrololl Roy.
„ Baneesunker Roy.
„ Rojonee Kant Bose.

Lieutenant A. N. Phillips, Assistant Commissioner, Golaghat, is vested with the powers of a Sudder Ameen in Assam.

Baboo Mohesh Chunder Borroah, Sudder Ameen of Kamroop, to officiate as Sudder Ameen and Moonsiff of Seebsaugor, during the absence, on leave, of Baboo Kessubram Surma Borroah, or until further orders.

The following Officers to be Deputy Registrars of Assurances of the Sub-Districts mentioned, *viz.:*—

Baboo Uma Churn Banerjee ... Sooree.
„ Juddoonath Bose ... Moteeharee.

The 31st May 1866.

Baboo Gobind Chunder Sandyal to officiate as Principal Sudder Ameen of Sarun, during the absence, on leave, of Baboo Gunga Churn Shome, or until further orders.

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Bhaugulpore, *viz.:*—

Mr. W. H. D'Oyly.
Baboo Brojomohun Thacoor.
Mr. J. DaCosta.
Baboo Girdharee Lall.

Baboo Purmanund Surma to be Secretary to, and the following gentlemen to be Members of, the Local Committee of Public Instruction at Gowalparah, *viz.:*—

Captain A. E. Campbell.
Mr. J. A. Floyd.
„ W. J. VonLintzgy, M. D.
Baboo Joygopal Roy.

The 1st June 1866.

Baboo Nobocoomar Banerjee to be Principal Sudder Ameen of Rajshahye.

Mr. E. A. Vines, Assistant Superintendent of Police, Eastern Dooars of Bootan, is transferred to Kamroop.

[*Government Gazette*, 12*th June* 1866.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১০১১ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ৩০ মে।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা টাকির দাতব্য ঔষধালয়ের কর্ম্ম সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

বশীরহাট শাখাখণ্ডের কর্ম্মকারক।

টাকির ঔষধালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত দেশীয় চিকিৎসক।

শ্রীযুত বাবু তারাশঙ্কর রায় চৌধুরী।
,, বাবু প্রসন্নচন্দ্র রায় চৌধুরী।
,, বাবু হরলাল রায়।
,, বাবু বাণীশঙ্কর রায়।
,, বাবু রজনীকান্ত বসু।

গোলাঘাটের আসিষ্টাণ্ট কমিস্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত এ এন ফিলিপস্ সাহেব আসামে সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু কেশবরাম শর্ম্মা বড়ুয়ার ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত কামরূপের সদর আমীন শ্রীযুত বাবু মহেশচন্দ্র বড়ুয়া শিবসাগরের সদর আমীন ও মুনসেফের কর্ম্ম করিবেন।

পশ্চাৎ লিখিত কার্য্যকারকেরা আপনং নামের পার্শ্বের লিখিত সব-ডিষ্ট্রিক্টে নিদর্শনপত্রাদির ডেপুটী রেজিষ্ট্রার হইবেন, যথা—

শ্রীযুত বাবু উমাচরণ বন্দ্যোপাধ্যায় সিউড়ীতে।
,, বাবু যদুনাথ বসু .. মতিহারীতে।

১৮৬৬ সাল ৩১ মে।

শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোমের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র সান্যাল সারণের প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা ভাগলপুর নগরের মুনিসিপাল কমিস্যনর হইবেন। অর্থাৎ

শ্রীযুত ডবলিউ এচ ডয়লী সাহেব।
,, বাবু ব্রজমোহন ঠাকুর।
,, জে ডাকস্টা সাহেব।
,, বাবু গিরিধারী লাল।

শ্রীযুত বাবু পরমানন্দ শর্ম্মা গোয়ালপাড়ার সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী এবং পশ্চাৎ লিখিত মহাশয়েরা উক্ত কমিটীর মেম্বর হইবেন। অর্থাৎ—

কাপ্তান শ্রীযুত এ ই কাম্বেল সাহেব।
শ্রীযুত জে এ ফ্লয়ড সাহেব।
,, ডবলিউ জে বনিন্‌গী সাহেব এম, ডি।
,, বাবু জয়গোপাল রায়।

১৮৬৬ সাল ১ জুন।

শ্রীযুত বাবু নবকুমার বন্দ্যোপাধ্যায় রাজশাহীর প্রধান সদর আমীন হইবেন।

ভুটানের পূর্ব্বদুয়ারের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ই এ বাইন্স সাহেব কামরূপে নিযুক্ত হইয়াছেন।

Mr. C. James, Assistant Superintendent of Police, Kamroop, is transferred to Mymensing.

This cancels the transfer of Mr. R. A. D. Bignell to Mymensing, notified in the *Calcutta Gazette* of the 16th ultimo.

The 2nd June 1866.

Mr. C. F. Worsley to be Vice-Chairman of the Municipal Commissioners for the City of Patna.

Dr. L. A. Kidd to be a Member of the Municipal Committee at Pubna.

The 4th June 1866.

Mr. J. S. Carstairs to be a Municipal Commissioner for the Suburbs of Calcutta.

LEAVE OF ABSENCE.

The 29th May 1866.

Major G. H. Thompson, Revenue Surveyor, Sixth Division, Lower Provinces, for six weeks, from the 2nd proximo, under Section 6 of the Covenanted Service Absentee Rules. Major W. S. Row, Assistant Revenue Surveyor, will remain in charge of the Office of the Revenue Surveyor, Sixth Division, during Major Thompson's absence.

The 30th May 1866.

Baboo Gunga Churn Shome, Principal Sudder Ameen of Sarun, for three months, from the 28th instant, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules. Baboo Gunga Churn Shome will make over charge of his Office to the Judge of Sarun.

Baboo Kessubram Surma Borroonh, Moonsiff of Seebsaugor, for three months, from the 24th ultimo, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

The 2nd June 1866.

Moulvy Syud Moazzim Hossein, Officiating Sudder Ameen of Chittagong, for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the date on which he may avail himself of the leave.

NOTIFICATION.

The 21st May 1866.

It is hereby notified that the tax levied within the Cantonment of Dum-Dum, under the operation of Act XX. of 1856, which Act was extended to that Cantonment by a Notification dated the 16th November 1865, published in the *Calcutta Gazette* of the 20th December following, shall be a rate on houses and grounds according to the annual value thereof. This cancels so much of the 2nd paragraph of the Notification referred to as applies to the Cantonment of Dum-Dum.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ । ১২ জুন ।]

কামরূপের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি জেমস সাহেব ময়মুন্‌সিংহে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত আর এ ডি বিগনেল সাহেবের ময়মুনসিংহে নিয়োগের যে কথা গত মাসের ২৯ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

১৮৬৬ সাল ২ জুন।

শ্রীযুত সি এফ ওর্সলী সাহেব পাটনা নগরের মুনিসিপল কমিসানরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

ডাক্তর শ্রীযুত এল এ কিড সাহেব পাবনার মুনিসিপল কমিটীর একজন মেম্বর হইবেন।

১৮৬৬ সাল ৪ জুন।

শ্রীযুত জে এস কার্ষ্টেয়র্স সাহেব কলিকাতার শাখানগরের এক জন মুনিসিপল কমিস্যনর হইবেন।

ছুটী।

১৮৬৬ সাল ২৯ মে।

বঙ্গপ্রভৃতিদেশের ষষ্ঠখণ্ডের রাজস্বের জরীপী কার্য্যকারক মেজর শ্রীযুত জি এচ তামসন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি মাসের ২ তারিখ অবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানে আসিষ্টাণ্ট রেবিনিউ সরবেয়র মেজর শ্রীযুত ডবলিউ এস রো সাহেব ষষ্ঠ খণ্ডের রাজস্বের জরীপী কার্য্যকারকের কার্য্যালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত থাকিবেন।

১৮৬৬ সাল ৩০ মে।

সারণের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ২৮ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যালয়ের কর্ম্মের ভার সারণের জজ সাহেবের প্রতি অর্পণ করিবেন।

শিবসাগরের মুনসেফ শ্রীযুত বাবু কেশবরাম শর্ম্মা বড়ুয়া অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত মাসের ২৪ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২ জুন।

চট্টগ্রামের একটিং সদর আমীন শ্রীযুত মৌলবী ছৈয়দ মোয়াজ্জিম হুসেন যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২১ মে।

১৮৬৫ সালের নবেম্বর মাসের ১৬ তারিখের যে বিজ্ঞাপন তৎপরের ডিসেম্বর মাসের ২৬ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশিত হয় তদনুসারে ১৮৫৬ সালের ২০ আইন প্রবল হইয়া দমদমার ছাউনি স্থানে ব্যাপ্ত হইয়াছিল, এইক্ষণে সম্বাদ দেওয়া যাইতেছে যে ঐ ছাউনি স্থানে উক্ত আইনমতে যে টাক্স আদায় হইবে তাহা বাটীর ও ভূমির বার্ষিক মূল্য ধরিয়া অবধারিত হইবে। অতএব উল্লিখিত বিজ্ঞাপনের ২ দফার যেং অংশ দমদমার ছাউনি স্থানের উপর বর্ত্তে সেইং অংশ ইহাতে রহিত হইল।

NOTIFICATION.

The 1st June 1866.

Notice is hereby given that the Lieutenant-Governor has withdrawn the restrictions imposed on recruiting operations under Act III. (B. C.) 1863, in the Districts of the Chota Nagpore Division and Midnapore by Notifications dated the 7th and 20th March last, published in the *Calcutta Gazette* of the 14th and 21st idem respectively.

NOTIFICATION.

The 30th May 1866.

It is hereby notified that the Small Cause Court of Bohor shall have co-ordinate jurisdiction with the Small Cause Court of Naraingunge, in Thannah Sreenuggur, and that the Small Cause Court of Naraingunge shall have co-ordinate jurisdiction with that of Bohor, in Thannah Rajabarree.

Under the provision of Section 14 of Act XI., 1865, the following Statement of the dates on which the Judge of the Small Cause Courts of Dacca, Naraingunge, and Bohor will hold his sittings in each of the above Courts is published for general information :—

Bohor.—From the 1st Monday of every month to the Saturday following.

Naraingunge.—Every Monday and Saturday, excepting those of the Bohor week.

Dacca.—The remaining days of the month.

No. 751.

The 11th May 1866.

The following Supplemental Rule has been passed by the Governor General in Council, under the provisions of the Post Office Act of 1866 :—

It is to be read between Clauses (3) and (4) of Rule XLIX. of the Rules notified under date the 21st of April.

"No book packet exceeding 120 tolas in weight can be received for despatch, and any packet exceeding that weight found in any letter box will be forwarded as a banghy parcel if addressed to any place in India."

The following Order issued by the Government of India, in the Foreign Deparement, is re-published for general information :—

No. 477.

The 10th May 1866.

Under Section 23 of Act VI. of 1863, His Excellency the Governor General in Council hereby prohibits the importation into British

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১ জুন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ছোট নাগপুর খণ্ডের ও মেদিনীপুরের সকল জিলাতে ১৮৬৩ সালের বঙ্গদেশীয় ৩ আইনমতে মজুর সংগ্রহের কার্য্য স্থগিত করণের আজ্ঞাসূচক গত মার্চ মাসের ৭ ও ২০ তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ২০ ও ২৭ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা এইক্ষণে রহিত করিলেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৩০ মে।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে রাজবাড়ী থানার অন্তর্গত বহরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের এবং শ্রীনগর থানার অন্তর্গত নারায়ণগঞ্জের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের সমান বিচারাধিপত্য হইবে। এবং নারায়ণগঞ্জের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ও বহরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের সমান বিচারাধিপত্য হইবে।

১৮৬৫ সালের ১১ আইনের ১৪ ধারার বিধানমতে ঢাকার ও নারায়ণগঞ্জের ও বহরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ যেই তারিখে উক্ত সকল আদালতে উপবিষ্ট হইবেন তাহার পশ্চাৎ লিখিত সংবাদ সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

বহরে—প্রতিমাসের প্রথম সোমবার অবধি শনিবার পর্য্যন্ত।

নারায়ণগঞ্জে—বহরে যে সপ্তাহে উপবিষ্ট হন তদ্ভিন্ন প্রতি সোম ও শনিবারে।

ঢাকায়—মাসের অন্যান্য দিনে।

৭৫১ নম্বর।

১৮৬৬ সাল ১১ মে।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৬ সালের ডাকঘরের আইনের বিধানানুসারে পশ্চাৎ লিখিত অতিরিক্ত বিধি প্রচলিত করিলেন।

২১ আপ্রিল তারিখে যে বিধি প্রকাশিত হয় তাহার ৪৯ বিধির ৩ ও ৪ এই দুই প্রকরণের মধ্যে এই বিধি পাঠ করিতে হইবে।

১২০ তোলার অধিক ওজনের কোন পুস্তকের পুলিন্দা প্রেরণার্থে গ্রাহ্য হইবে না। এবং তদধিক ওজনের কোন পুলিন্দা পত্রের বাক্সে পাওয়া গেলে যদি তাহার শিরোনামায় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানের নাম লেখা থাকে, তবে বাঙ্গির পুলিন্দার ন্যায় প্রেরিত হইবে।

ফরিন্ ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের যে আজ্ঞা প্রকাশ হয় তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

৪৭৭ নম্বর।

১৮৬৬ সাল ১০ মে।

১৮৬৩ সালের ৬ আইনের ২৩ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব প্রকৃত প্রস্তাবে শীকার করিবার রাইফল ভিন্ন অন্য কোন

India of rifles of every description, except such as are intended *bonâ fide* for sporting purposes. Licenses for the importation of sporting rifles may be obtained on application to the local Officers empowered to grant such licenses under Act XXXI. of 1860.

This Order will come into operation from the 12th August next.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS (RAILWAY) DEPARTMENT,—BENGAL,

Fort William, the 2nd June 1866.

DECLARATION UNDER SECTION 2 OF ACT VI. OF 1857.

NOTIFICATION.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government for a public purpose, *viz.*, for a Gate-keeper's Lodge at the level crossing on the Coal and Salt Branch of the East Indian Railway in Dobson's Lane, Howrah, it is hereby declared that, for the above purpose, a plot of land is required, measuring 1 cottah 9 chittacks, more or less, situated in the District of Howrah, Pergunnah Boro, Mouzah Sulkea. The land is bounded on the North by the line of Railway; on the South by a building belonging to Rajmohun Bose; on the West by a wall belonging to the Baptist community, and on the East by Dobson's Lane.

2. This Declaration is made, under the provisions of Act VI of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

J. HOVENDEN, *Major, R. E.,*
Asst. Secy. to the Govt, of Bengal,
P. W. D., Railway Branch.

প্রকারের রাইফল ব্রিটনীয় ভারতবর্ষে আমদানী করিতে দৃঢ় নিষেধ করিরাছেন। ১৮৬০ সালের ৩১ আইনমতে যে কার্য্যকারকেরা অনুমতিপত্র দিতে ক্ষমতাপন্ন আছেন তাঁহাদের নিকটে প্রার্থনা করিলে শীকার করিবার রাইফল আমদানী করিবার অনুমতিপত্র পাওয়া যাইতে পারিবে।

এই আজ্ঞা আগামি আগষ্ট মাসের ১২ তারিখ অবধি প্রবল হইবে।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

কোর্ট উলিয়ম ১৮৬৬ সাল ২ জুন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ইস্ট ইণ্ডিয়ান্ রেলওয়ের কয়লার ও নিমকের যে শাখা পথ হাবড়ার অন্তর্গত ডবসেনের লেনে আছে তাহার যে স্থানে রেল পথ রাজপথের উপর দিয়া যায় সেই স্থানে দ্বাররক্ষকের ঘর নির্ম্মাণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে হাবড়া জিলার অন্তর্গত বোর পরগনার শালিখা মৌজার ন্যূনাধিক /১।।/ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা রেলপথ, দক্ষিণ সীমা রাজ মোহন বসুর অধিকৃত বাটী পশ্চিম সীমা বাপ্টিষ্ট মতাবলম্বিদের প্রাচীর, পূর্ব্বসীমা ডবসনের গলি পথ।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পার্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

জে হবেনডেন, মেজর, আর, ই,
রেলওয়েসম্পার্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেন্টে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্টসেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১২ জুন।]

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT. ভুমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা রাজশাহী।

এস্তেহারনামা কাছারী কালেক্টরী জেলা রাজশাহী এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা রাজশাহীর নীচের লিখিত মহাল মালগুজারির বাকী বাবৎ ইংরেজী সন ১৮৬৬ সালের ১৪ জুন মোতাবেক বাঙ্গলা সন ১২৭৩ সালের ১ আষাঢ় রোজ বৃহস্পতিবার এই জেলার কালেক্টরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক সন ১৮৬৬। তারিখ ৫ মেই মোতাবেক সন ১২৭৩ বাং তারিখ বৈশাখ।

প্রথম শ্রেণীর ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল।

৩৮১ নং। তরফ শিবরামপুর পং গোপীনাথপুর মালিক ঈশানচন্দ্র লাহিড়ী সদর জমা ৬৫৬৸৵০

P. A. HUMPHREY,
Offg. Collector.

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

১৮৬৬ সালের ২০ আইন অর্থাৎ নিদর্শনপত্র রেজিষ্টরী করিবার আইন ও তৎসম্পর্কীয় সকল বিধি ও শুল্কপত্র একত্রে সংগৃহীত হইয়া পুস্তকাকারে শীঘ্র প্রকাশ হইবে। এই পুস্তক গ্রহণেচ্ছু মহাশয়েরা কলিকাতার বাঙ্গাল দফ্তরে গবর্ণমেণ্টের অনুবাদক সাহেবের আফিসে তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন, ডাক মাসুলসমেত মূল্য ।।০ মাত্র।

[*Government Gazette*, 12*th June* 1866.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এস জে বার্ণো সাহেবকর্ত্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, JUNE 12, 1866.

মঙ্গলবার ১৮৬৬ [illegible] ১২ জুন্‌।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কাবা কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রক্ষিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেট

নীলামের ইশ্‌তিহার।

জিলা নদীয়া।

ইস্তেহারনামা কাছারি কালেক্‌টরি জেলা নদীয়া।

নিম্নের লিখিত মহাল যাহা গবর্ণমেণ্টের স্বত্বে আছে তাহা সন ১৮৬৬ সালের ২৩ জুন তারিখে নীলামে বিক্রয় হইবেক অতএব এই এস্তেহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে এঃ চিহ্নিত মহালের জমার দ্বিগুণ পণে ও বিঃ চিহ্নিত মহালের জমার দশ গুণ পণে লাখেরাজ স্বরূপ বিক্রয় হইবেক।

এই মহাল যাহারা ক্রয় করেন তাহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন, ইতি সন ১৮৬৬। ১১ মে।

নং রেজিষ্টরি।	নং তৌজি।	নাম মহাল ও পরগনা	মত একর পরিমাণ।	সদর জমা।	রোড ফণ্ড।	একুন।	দ্বিগুণ পণের কম বিক্রয় হইবেক না।	কৈফিয়ত
		এঃ	এঃ রুঃ পাঃ					
১০১ নং	১৮৬৮ নং	মৌজেউলা ওং মামজোওয়ানি ...	৫।২।৩০	৬৸/০	/০	৬।৶০	১২৸০	
১৪৪ নং	২৬১৯ নং	মৌজে মিশাইপুর পং বাগোয়ান ...	৫।১।২৫	২৲৮	৲৪	২/০	৪/৪	
১৫৯ নং	৩১৮৫ নং	মৌং দোগাছিয়া পং বাগোয়ান ...	১।১।৮	১/৬	৲২	১/৮	২৶০	
১৭৭ নং	১১১৭ নং	মৌং মহিষুড়া পং কৃষ্ণনগর ...	৮।২।২৬	৫/০	৲১০	৫/১০	১০৵০	
১৮১ নং	৮৬৯ নং	চর নিশ্চিন্তীপুর পং জাঙ্গীরাবাদ ...	২৬।২।০	১১।০	/১১	১১।/১১	২৲	
		বিঃ						
১০২ নং	১৮৭৬ নং	মৌং শোণডেঙ্গা পং বাগোয়ান ...	০।২।২৮	।৶৯	০	।৶৯	৫৸/৬	
১৮৫ নং	১৬৩১ নং	মৌং নারায়ণপুর পং মাটীয়ারি ...	০।১।২	৶৭	০	৶৭	২৶১০	

H. ULICK BROWNE,
Collector.

বাঙ্গালা সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এম জে বার্লো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।